
# ক্রান্তদর্শী

তৃতীয় পৰ্ব

### The isolated





ডি. এম. লাইব্রেরী / কলকাতা-৭০০০৬

প্রকাশক:
শীত্মস্ল্যগোপাল মজ্মদার
ডি. এম. লাইবেরী
১২, বিধান সরণি
কলকাতা—৬

কপিরাইট: শ্রীমতী লীলা রায়

প্রচ্চদপট: প্রণবেশ মাইতি

প্রথম প্রকাশ: প্রাবণ ১৩৬৬

মূল্যঃ ৩০ টাকা

মূদ্রাকর:
শ্রীশ্রামলকান্তি বন্দ্যোপাধ্যার
শ্রমা প্রিণ্টার্স
৬৩এ/৩, হ্রিঘোষ ষ্ট্রীট
কলকাতা-৬

### শ্রী অরুণকুমার দত্ত করকমলেমু

### ভূমিকা

আমাদের জাতীয় জীবনের শ্বচেয়ে লজ্জাকর অধ্যায় ১৯৪৬ সালের দালাহালামা। প্রথমে কলকাতায়, তারপরে নোয়াথালীতে, তারপরে বিহারে। পরের বছর এর জের চলে পাঞ্চাবে। সেইখানেই চরম সীমা।

সেই লজ্জাকর অধ্যায় বাদ দিলে আমার এই উপন্থাসের সত্যতাহানি হবে।
আমি কিছুতেই বোঝাতে পারব না ভাবীকালের পাঠকদের কেন দেশভাগ
প্রদেশভাগ হলো। অথচ এর বিশদ বিবরণ লিখতে গেলে আমার স্বাস্থ্যহানি
হবে। এতই নিষ্ঠুর সে অধ্যায়। আটি এশ বছর পরেও আমরা প্রকৃতিস্থ হতে
পেরেছি কি-না সন্দেহ।

বাংলার তৎকালীন গভর্নর তৎকালীন সেক্রেটারি অভ্ সেট ফর ইণ্ডিয়াকে কলকাতার দাঙ্গার যে বিবরণ দিয়েছিলেন তাতে তিনি লিখেছিলেন যে প্রথম মহাযুদ্ধের সময় Somme-এর যুদ্ধে তিনি যে বীভৎসতা দেখেছিলেন কলকাতার দাঙ্গার বীভৎসতা তারই সঙ্গে তুলনীয়। তাঁর চোথের সামনেই একটা লোক খুন হয়ে যায়। রাস্তায় রাস্তায় গলিত শব। কেউ সংকার করছে না। মেণররাও ছোঁবে না। সৈনিকদের দিয়ে সংকার করাতে হয়। এমনি অনেক কথা।

গভর্নরের রিপোর্টের মতো আরো কয়েকজন বিশিষ্ট প্রত্যক্ষদর্শীর পত্রও প্রকাশিত হয়েছে। কয়েকটি বড়লাটকে লেখা। বড়লাট আসতে চেয়েছিলেন। গভর্নর তাঁকে বারণ করেন। সময় অয়প্যোগী। বড়লাট বিচলিত হয়ে গান্ধীজীকে ও জবাহরগালজীকে অয়ররোধ করেন ম্সলিম লীগকে কিছু কন্দেসন দিতে। তা না হলে লীগপন্থীরা ইন্টারিম গভর্নমেন্টে যোগ দেবেন না। ইন্টারিম গভর্নমেন্ট অঙ্গহীন হবে। তেমন একটা গভর্নমেন্ট গঠন করা সমাচীন হবে না। নেতারা বলেন, তা হলে আমাদের আমন্ত্রণ করার প্রয়োজন কীছিল ? কন্দেসন আমরা যা দিয়েছি তার বেশী দেওয়া আমাদের সাধ্য নয়। দাঙ্গা বাধিয়ে কন্দেসন আদার করা তো রাাক্মেল।

গান্ধী ও নেহক ব্রিটিশ প্রধানমন্ত্রী অ্যাটলীকে চিঠি লিখে আভিযোগ জানান। তথন অ্যাটলী ওয়েভেলকে নির্দেশ দেন যাঁরা ইচ্ছুক তাঁদের নিম্নে ইণ্টারিম গভর্নমেণ্ট গঠন করতে। যাঁরা অনিচ্ছুক তাঁরা আপাতত বাইরে থাকুন। ওয়েভেল অনিচ্ছাদত্বেও তাই করেন। লীগপস্থীরা বিনা কননেদনেই পরে যোগ দেন। কিন্তু একটা নতুন থেলা থেলেন। একজন তফশীলি হিন্দুকেও মুদলিম লীগের ভাগ থেকে একটা আদন দিয়ে কংগ্রেদের উপর টেকা দেন।

আমার উপত্যাদের এই পর্বাটতে ১৯৪৬ সালের শেষপর্যন্ত কাহিনীর গতি এগিয়েছে। কিন্তু কেউ যেন না মনে করেন যে আমি উপত্যাদের ছলে ইতিহাস লিখতে বসেছি। ইতিহাস আরো বেশী জায়গার দাবী রাখে। বিটিশ সরকার তাদের 'ট্রান্সফার অভ্পাওয়ার' নামক বারো খণ্ডে সমাপ্ত গ্রন্থে এই পর্বাটকে তুই খণ্ড দিয়েছেন। প্রত্যেকটির পৃষ্ঠাসংখ্যা বড়ো মাপের হাজারের মতো। বিষয়বস্ত অভ্যন্ত গোপনীয়। পঞ্চাশ বছরের আগে প্রকাশ করতে মানা। তবে ভারতের ক্ষেত্রে ব্যতিক্রম করা হত্তেছে। ত্রিশবছর পরে প্রকাশ শুক্র হয়েছে। নেতারা কে কী বলেছেন, কে কী চেয়েছেন এনব ভো আছেই, সরকারপক্ষে কে কী বলেছেন বা লিখেছেন ভাগু আছে।

এই ছই খণ্ডের দাম দেড় হাজার টাকার মতো। এর পরের চার খণ্ডের দাম পাঁচ হাজার টাকার মতো। আমার দামর্থ্য কী আমি এত হাজার টাকা থরচ করি? আমার বর্ বিশিষ্ট অ্যাডভোকেট শ্রীঅরুণকুমার দত্ত পুরো বারো খণ্ডের দেট কিনেছেন। তাঁরই দৌজভো আমি মাঝখানকার চার খণ্ড পড়ার স্থোগ পেয়েছি। এর পরে আরো ছ'খণ্ড বাকী। কী করে তাঁকে আমি আমার অন্তরের কৃতজ্ঞভা জানাব থ এই বইগুলি না পড়লে আমার চোথ ছুটত না। আমি একতরফা বিচার করত্ম।

জিয়া সাহেবের দিক থেকেও যথেষ্ট বলবার আছে। লওঁ ওয়েভেলের দিক থেকেও। বিচার যিনি করবেন তাঁকে দব দিক বিবেচনা করতে হবে। স্বহরাবদীও শয়তান ছিলেন না। আমাকে আমার অনেক ধারণা সংশোধন করতে হয়েছে। বাংলার লাট বারোজ দাহেবকে আমি ভূল বুঝেছিলুম। বড়লাট লওঁ ওয়েভেলকেও। বারোজ বাংলার পার্টিশন সমর্থন করেননি। ওয়েভেল বাংলার একাংশ হিন্দুদের দিয়ে যাবার কল্পনা করেছিলেন। দেটা ভিনি করতেন আলাপ আলোচনা ব্যর্থ হলে, অপদরণকালে। আন্চর্যের ব্যাপার দর্দার বল্লভভাই দেটার প্রস্তাব করেছিলেন ১৯৪৬ দালেই। ওয়েভেল ভথন রাজী হননি।

যেদৰ তথ্য ত্রিশ বছর আগে কেউ জানত না দেদৰ আমার উপ্যাদের

পাত্রপাত্রীরা জানত কী করে ? আর সকলের মতো তারাও ভূল ধারণার দারা চালিত হয়েছিল। ভূল ধারণা থেকে কত কী ঘটে! ঔপত্যাসিক কী করে তাকে অঘটিত করবে ? যদ্দৃষ্টং তল্লিথিতং। ঔপত্যাসিক তার যুগকে অতিক্রম করতে পারে না।

ওয়েভেল িজেই জানতেন না ব্রিটিশ সরকার শেষ পর্যন্ত কী সিদ্ধান্ত নেবেন। আরো পনেরো ঘছর ভারত শাদন করবেন না আরো আঠারো মাদের মধ্যে শাদন গুটিয়ে নেবেন ? ইউরোপীয় অফিসারদের অধিকাংশই ঘরম্থো। জাঁরা ফাতপুরণ আশা করেন। পেলে ভালো, না পেলেও তাঁরা যাবেনই। বেসরকারা ইউরোপীয়রা ব্যবসাবাণিজ্য ফেলে চলে যেতে উন্গ্রীব নন, কিন্তু জাঁদের পরিবারদের দেশে পাঠিয়ে দিচ্ছেন। সরকারও দিতে বলছেন। জিল্লা যদি জেহাদ ঘোষণা করেন তা হলে শ্বেতাঙ্গরাও রক্ষা পাবেন না। আর জয়প্রকাশ বালি শ্বেতাঙ্গরধের হুমকি দিয়ে রেথেছিলেন। বলা বাহুল্য শ্বেতাঙ্গরাও অপেক্ষাকৃত নিরাপদ স্থানে জড়ো হয়ে আ্বারক্ষা করতেন। ভারপর বদলা নিতেন।

ইণ্টারিম গভর্নমেণ্ট সচল হলেও কন্টিটুয়েণ্ট আন্নেম্বলী অচল হয়েছিল।
মাইনারিট যদি যোগ না দেয় তবে মেজরিটি কি তার হয়ে সিদ্ধান্ত নিতে পারে?
এই প্রশ্নের উত্তরে আন্টলা জানিয়ে দেন যে মেজরিটির তৈরি শাসনতন্ত্র তাঁর
সরকার অনিচ্ছুক অংশগুলির উপর চাপিয়ে দেবেন না। ফলে ভারত ভাগ
হয়ে যাবে। আমরা ডিসেম্বর শেষ করি ভারতভাগের সন্তাবনা নিয়ে, যদি
মুসলিম লাগ কন্টিটুয়েণ্ট আাসেম্বলীতে না যায়। ভাকে কিছু কন্সেমন যদি
দাও তা হলেই সে যাবে। কংগ্রেম তাতে নারাজ। এমব কথা পরের পর্বের
জন্তে হাতে রাখছি। সেটাই শেষ পর্ব।

অন্নদাশকর রায়

## ক্রাস্তদশী (তৃতীয় পর্ব)

#### || **এ**ক ||

প্যারিসের পতনের থবর শুনে স্থপনদা পুরো চব্বিশ ঘণ্টা কেঁদেছিলেন। তথন তাঁকে নিরন্ত করার জন্মে কেউ ছিলেন না। দীপিকাদির সঙ্গে বিয়ে হয়নি। পাঁচ বছর বাদে বালিনের পতনের সংবাদ পেয়ে তিনি সেই যে কাঁদতে শুকু করলেন চব্বিশ ঘণ্টা পরেও তার বিরাম নেই। বৌদি তো জেরবার।

"তুমি যে এক জন প্রচ্ছন্ন নাংশী তা যদি আমি জানতুম তা হলে তোমাকে বিয়ে করতুম না। হিটলার মরেছে, তাতে তোমার কী? কামরূপেতে কাক মরেছে, কাশীধামে হাহাকার!" বৌদি ব্যঙ্গ করেন।

'না, না, আমার এ শোক হিটলারের জ্বেল নয়। জার্যান জাতির জ্বেল। ওরা পরাজিত, পরাধীন বিধাবিভক্ত। বিসমার্কের ঐক্যমাধনা সমাপ্ত করতে এসে হিটলার সেটাকে ধ্বংস করে গেলেন। বৃদ্ধিমান হলে তিনি জানতেন কোথায় থামতে হয়। থামা উচিত ছিল মিউনিক চুক্তির পর। চেকোস্লোভাকিয়ার জার্মানভাষী অঞ্চলটা গ্রাদ করে দাঁড়ি টানা উচিত ছিল। ইতিমধ্যে অখ্রিয়া গ্রাদ করা হয়ে গেছে। তাহলে জার্মান জাতির এক্য সাধনার আর কী বাকী থাকতে পারে। তা নয়। মাথায় ঘুরছিল সাতশো বছরের স্বপ্রদাধ। 'ড্রাঙ্ক নাথ অস্টেন।' পূব মূথে অভিযান। পূব দিকে দিখিজয়। টিউটনিক অর্ডারের সন্ন্যাসীরা যা আরম্ভ করেছিলেন তাঁদেরই উত্তরস্থরী এক ব্রহ্মচারী তাই শেষ করবেন। হিটলার শুধু বিদমার্কের অসমাপ্ত কাজ সমাপ্ত করতে আসেননি, এসেছিলেন টিউটনিক অর্ডারের অসমাপ্ত কর্ম সমাধা করতে। বলটিক থেকে বলকান পর্যন্ত বিস্তার্ণ ভূথও টিউটনদের জন্মে চাই। স্লাভদের ভূমি কেড়ে নিতে হবে। স্লাভরা হবে স্লেভ। এই সাতশো বছরে তুই জাতিগোষ্ঠীর মধ্যে সংঘর্ষ বড়ো কম হয়নি। স্লাভরা এবার পশ্চিম মুথে অভিযান চালিয়ে বালিনসমেত পূর্ব জার্মানী গ্রাস করেছে। ওদের রাছগ্রাদের দক্ষে পাল। দিয়েছে ইন্স-মাকিনদেরও রাছগ্রাদ। এরা গ্রাদ করেছে পশ্চিম জার্মানী। গোটা জার্মানীর এবার পূর্ণ গ্রাদ। এমন এক রত্তি জায়গা নেই যেথানে জার্মানরা স্বাধীন ও সার্বভৌম। জার্মান রাষ্ট্রই নেই। জার্মান সরকারই নেই। তবে দন্ধি হবে কার দক্ষে কার? সন্ধি না হলে শাস্তি হবে কী করে ? শাস্তি বৈঠক বদবে কী করতে ? আমি তো চোথে আঁধার দেথছি, রাহা। ছেড়ে দাও গো, কেঁদে বাঁচি।'' স্থপনদা কাতর কঠে বলেন।

"বিসমার্ক পই পই করে বারণ করেছিলেন তুই ফ্রণ্টে লড়তে। কাইজার কর্ণপাত করেনি। হিটলারও না। মস্কো, লেনিনগ্রাড, স্টালিনগ্রাড কেড়ে নিতে গেলে বালিন, লাইপৎসিগ, ভাইমার হারাতে হয়। জার্মানরঃ সাতশো বছর ধরে স্লাভদের জ্বালিয়েছে। এবার তু'শো বছর ধরে স্লাভদের দ্বারা জ্বালাতন হোক। সন্ধি! কিসের সন্ধি! সন্ধির মর্যাদা কি জার্মানরা মানে? কাইজার বলেছিলেন, স্ক্র্যাপ অফ পেপার। হিটলার ভো তত্টুকুও স্বীকার করেনি। এই ভো জার্মান ঐতিহ্য! সন্ধি করলে সন্ধির খেলাপ হবেই। বিজয়ীরা নিজেদের মধ্যে জার্মানী ভাগাভাগি করে নিয়েছে। যতদিন না নিজেদের মধ্যে লড়াই বাধে ততদিন শান্তি অবধারিত।" বৌদি আখাস দেন।

স্থানদা বিলাপের স্বরে বলেন, "কেন বুখা স্তোক দিছে, রাস্ক? বাথে গোকতে ছদিনের সময় একঘাটে জল খায় বলে কি সব সময় একঘাটে জল খায়? পরে একদিন বাঘ ঝাঁপিয়ে পড়ে গোকর ঘাড়ে। গোক যদি মোয় হয়ে থাকে তবে সেও তার শিং দিয়ে বাঘকে জল করে। বাঘে মহিষে লড়াইয়ের স্ননেক কাহিনী আমি শুনেছি। সেইরকম একটা লড়াই একদিন বেধে যাধে তুই প্রতিবেশী শিবিরে। যদি না ইতিমধ্যে একটা বাফার স্টেটই খাডা হয় আর তুই শিবিরের সৈক্তদল জার্মানী পরিত্যাগ করে। বাফার স্টেটই এর সমাধান।"

বৌদি তর্ক করেন। "ওটা যে ভবিশ্বতে বাফার থাকবে এ গ্যারান্টি দেখে কে? একটা পার্টি যাবে, আরেকটা পার্টি আসবে, পার্টির বড়ো কর্তা নয়া নাৎদী বিটলার। তিনিও ছল্মনামে এক দৈল্যদল গড়ে তুলবেন। অল্য নামে অস্ত তৈরি করবেন। তুমি কি মনে কর প্রত্যেকবারেই কশ মার্কিন একজাট কবে? বিটলার একদিকেই বেশী করে ঝুঁকবেন। ফ্রান্সের সঙ্গে মথামাথি করবেন। ারটেনের সঙ্গে কোলাকুলি করবেন। মার্কিনের সঙ্গে গলাগলি করবেন। পলের বার তুই ফ্রন্টে লড়াই নয়। কেবল পূব মুখে অভিযান। রাশিরা কেন তেমন ঝুঁকি নেবে? আধখানা জার্মানী হাতে রাখাই ওর বিচারে

নিরাপত্তার গ্যারাণ্টি। বলা বাছল্য সেটা হবে কমিউনিস্ট শাসিত অংশ। হয়তো অত বেশী লালচে নয়।"

ত্মি দেখছি ক্রিপ্টো-কমিউনিস্ট। তা নইলে সোভিয়েটের দিকে টেনে বলতে না স্টালিনের উচিত ছিল নিজের জায়গা ফেরৎ পেয়ে সেইখানে দাঁড়ি টানা। বড়ো জাের পােলাগু অধিকার করে তাকে বাফার স্টেট করা। কিন্তু গ্রঁরও মাথায় ঘূরছে বিপ্লবকে জার্মানীতে রফতানী করা। জার্মান কমিউনিস্টদের মদত দেওয়া। তা নইলে বালিন পর্যন্ত ধাওয়া করার কী সার্থকতা থাকতে পারে ? রাশিয়ানরা ধাওয়া না করলে ইঙ্গ-মাকিনরাও ধাওয়া করত না। জার্মানার থানিকটা স্বাধীন ও সার্বভৌম থেকে যেত। স্বপনদার ধারণা।

"ওটা তোমার ভূল। ছুই শিবিরই একবাক্যে দাবী করেছিল বিনা শর্তে আর্মমর্পণ। দেটা মেনে নিলে স্বাধীন ও সার্বভৌম জার্মানী বলে কিছু থাকে না। তার ধড়টা আন্ত থাকতে পারত, কিছু তার হাড়-গোড় ভেঙে দেওয়া হতো। মিলিটারি ও আধা মিলিটারি হচ্ছে হাড়গোড়। ছুই শিবিরই পরস্পরের দক্ষে ভাগাভাগি করে দখলদার ফৌজ মোতায়েন করত। জার্মানরা ভাঙবে তবু মচবাবে না। পরাজিত হবে, তবু বিনা শর্তে আত্মমর্পণ করবে না। যা হবার তা হয়েছে। এতে শোক করবার কী আছে দু স্থী হবারই বা কী আছে দু জামি কাঁদবও না, হাসবও না। এই নরমেধ্যজ্ঞ যে শেয হয়ে এসেছে এই আমার কাছে যথেষ্ট। এখন দেখা যাক জাপান আর কতদিন খাড়া থাকে। ইটালী তো ইতিমধ্যেই কাৎ হয়েছে। মুদোলিনি নিপাত।" বৌদি বলেন।

নিচের তলায় একটা সোরগোল শোনা গেল। এল্ফ কাকে যেন চুকতে দিছে না, বেউ ঘেউ করছে। বাবলী বলছে, "এল্ফ, লক্ষ্মীট, ওজে পথ ছেড়ে দে। ও খাবার নিয়ে এদেছে।" বৌদি নেমে গিয়ে দেখেন ঘোড়ার গাড়ীথেকে নামানো হয়েছে মিষ্টির ভাঁড খার মাছের ঝাঁকা। বিরাট কাতলা মাছ। বাবলীদের ভেড়ীর মুটে বয়ে নিয়ে উপরে যেতে চায়, এল্ফ তাকে আগলে রাখছে।

"ৰৌদি, তুমি এল্ফকে বুঝিয়ে বলো দেখি পমেরানিয়া এখন আমাদের স্বংল। কাজেই এল্ফ এখন আমাদের কুকুর।" বাবলীর লজিক।

"ব্যাপার কী, বাবলী ?" বৌদি আশ্চর্য হন। এসব কেন ?" "কেন ? তুমি কি জানো না যে আমরাই জিত্তেছি ? এটা আমাদের ভিকট্রি দেলিব্রেশন। বালিন যার জার্মানী তার। তবে সবটা নয়, এই যা আফসোস। বর্বর, বনমাত্র্য, পাযত্ত, পাপিষ্ঠ, পিশাচ, রাক্ষস, শয়তান হিটলার নরকে গেছে। কিন্তু যাবার আগে আমাদের সঙ্গে শঠতা করে ইঙ্গ-মাকিন দেনাকে ডেকে এনে আধ্থানা জার্মানী ধরিয়ে দিয়ে গেছে। ওরাও জয়ের অংশীদার। কী অভায়।"

বৌদি কোনো মতে হাসি চেপে তাঁকে উপরে নিয়ে যান। তার সঙ্গের লোকটিকে নিচের তলায় দিয়ে যান চাকরদের জিমা। তাদেরই একজন উপরে নিয়ে যায় মিষ্টি আর মাছ।

উপহার দেখে তো স্বপনদা হতবাক। ইঙ্গিতে প্রশ্ন করেন, কেন ?

"আজ হমারা ঈদ হ্যায়। আজ আমাদের বিজয়া দশমা। আমরা মহিষাস্থরকে পরান্ত করেছি। মহিষাস্থর শুধু পরান্ত নয়, নিহত। শুনছি সহস্তে নিহত, কিন্তু সেটা বোধহয় মাকিন অপপ্রচার। সত্য বোধহয় এই যে সোভিয়েট বোমারু ওর গুহা তাক করে বোমা বর্ষণ করেছিল। অব্যর্থ লক্ষ্য। তবে ওর লাশ দাখিল করে প্রমাণ করতে পারা যাচ্ছে না যে বোমার ঘায়েই মৃত। ও তো কম ফন্দীবাজ নয়। ইতিহাসের জন্তে একটা ধাধা রেথে দিয়ে গেছে। জীবিত না মৃত। মৃত হলে কার হাতে নিহত।" বাবলী বকবক করে ধায়।

স্থানদা ধরা গলায় বলেন, "ছাখ, চকোলেট, কেউ মারা গেলে তার সহস্কে ছটো ভালো কথা বলতে হয়, স্থাপাতত মন্দ কথা বলতে নেই। এটাই সভ্য সমাজের রীতি। হিটলার এথন সব নিন্দাপ্রশংসার উধের। তিনি তার ভূমিকায় অভিনয় করে গেছেন, সেটা একটা ঐতিহাসিক নাটকের অক। ভাবীকালের উপরে ছেড়ে দাও সেই ভূমিকার বিচারভার। আমি আজ বিচার করব না, ভগু বলব হিটলার জার্মানীকে প্রথম মহাযুদ্ধের পরাজ্যের গ্লানি থেকে মৃক্ত করে জার্মানদের হৃদয় জয় করেছিলেন। কমিউনিস্ট বিপ্লবের ভয় থেকেও আণ করেছিলেন ভিনি। এর জন্মেও জার্মানরা তাঁর কাছে কৃতজ্ঞ। ব্যস্, এইপর্যস্ক। এর প্রের অধ্যায়টা সম্বন্ধে আমি মৌন।"

"কথাটা তুমি ঠিকই বলেছ, তবে আরো ঠিক হতো যদি বলতে যে কমিউনিস্ট বিপ্লবের ভয় থেকে বুর্জোয়াদের ত্রাণ করেছিল সে। কিন্তু নীট ফল কী হলো? আধখানা জার্মানী তো কমিউনিস্ট বিপ্লবীদের হাতে পড়ল। জার্মান বাসিন্দারা উপ্লেখাদে পালাছে। খালি পূর্ব জার্মানী থেকে নয়,

সোভিয়েট অধিকৃত পোলাও থেকেও, বলটিক থেকেও। তাদের স্বাই যে বৃর্জোরা তা নয়। শ্রমিক কৃষকরাও আতিহ্বিত। কারণটা শ্রেণীগত নয়, জাতিগত। এক জাতি অপর এক জাতির দাস হয়ে থাকতে রাজী নয়। হিটলার দেখিয়ে দিয়েছে কেমন করে অন্য জাতিকে দাস করতে হয়। শুধু কি তাই ? কেমন করে জেনোসাইড করতে হয়। স্লাভরা যদি এর বদলা নেয় তা হলেই হয়েছে!" বৌদি শক্ষা প্রকাশ করেন।

"ওটা তোমার ভ্রম, বৌদি। আমরা শ্রেণীশক্রকে থতম করতে পারি, কিন্তু জাতিকে জাতি নিকাশ করতে পারিনে। জার্মানরা যা করেছে তার প্রতিফলের ভয়ে পালাচ্ছে। আমরা তাদের তাড়িয়ে দিচ্ছিনে। ওরা থাকুক, মার্ক্সবাদের কলমা পড়ুক। তাতে আমাদেরি বল বাড়বে।" বাবলী অভয় দেয়।

স্থপনদা মৌনভঙ্গ করেন। "কিন্তু মার্শাল ফালিন তার জীবনের সব চেয়ে বড় ভুলটা করবেন যদি চার্চিল ও টু মাানকে বালিনের আধখানা ছেড়ে দেন। শুনছি সেইরকম চক্তি হয়েছে। চুক্তির খেলাপ করলেই লড়াই। না করলেও বাগড়াবাটি। ভাবা যায় না বালিন কী করে ভাগ হবে। লাইন টানা হবে কোথায়। আমার ভো ভাবতে গিয়ে কালা পাছেছ।" স্থপনদা চোখে ক্ষমাল দেন।

"ন্যাকামি রাখো। মালপোয়াতে ভাগ বদাও। নয়তো দব আমরা ছই বান্ধবীতেই দেবা করব। বৈঞ্বদের ভাষায়। ই্যা, ভাই, ভোমাদের গৃহদেবতা কি রাধাগোবিন্দ ?" বাবলীকে শুধান বৌদি।

"ক্ষীরচোরা গোপীনাথ। সঙ্গে রাধা আছেন বইকি। তিনিই তো প্রধানা গোপী। ঠাকুরঘরের ধারে কাছে মাছ মাংস চলে না। ওটা আমর। শতহন্ত দূরে বসে থাই। নিরামিষ হেঁসেল থেকে আমিষ হেঁসেলও ক্রেমনি দূরে। পুরনো বাড়ী, পুরনো প্রথা। জীবিকাটাও তো পুরোনো। আমি হচ্ছি দৈত্যকুলের প্রহলাদ। না, না, প্রহলাদকুলের দৈত্য।" বাবলী হেশে ওঠে।

'তা তোমাকে দৈতোর মতো দেখতে হলে তো? এত নরম মেয়ে কী করে এত ভয়ঙ্কর কর্ম করে তার মর্ম আমি আজও ব্রতে পারিনে। ক্ষীরের ছুরি বলে একটা কথা আছে। তুমি কি সেই ক্ষীরের ছুরি? সন্ত্রাসবাদী দলে ভিড়লে কেমন করে।'' বৌদি কৌতুহলী হন। "সে অনেক কথা, বৌদি।" বাবলী অন্তমনস্ক হয়ে যায়। "আচ্ছা, একট্থানি বলি। আমি রোমাণ্টিক প্রেমে পড়েছিলুম। প্রেমটা দেশপ্রেমের আকার নিয়েছিল। পাগলিনী কী না করতে পারে! সে পাগলামি এতদিনে সেরে গেছে। তিনি বিয়ে-থা করে সংসারী হয়েছেন। বুর্জোয়া সংসার। দেখে শিউরে উঠি। ভাগ্যিস, বিয়ে করিনি। এ সমাজে বিয়ে করলে আর কিছু করা যায় না। আমাকে বিয়ে করবেই বা কে!" বাবলী দেঁতো হাসি হাসে।

"কেন, তোমার কমরেডদের মধ্যে তেমন কেউ কি নেই ? স্বাই কি চিরকুমার থাকতে প্রতিজ্ঞাবদ্ধ ?" বৌদি প্রশ্ন করেন।

"না, সবাই নন। তাই যদি হতো আমাদের কমিউন্ভেঙে যেত না। গেল যত না সরকারী নেকনজরে তার চেয়ে বেশী নিজেদেরই ঘরসংসার করার বাসনায়। মেয়েদের ত্র্লতা কোথায়, জানো তো । ওরা বয়স থাকতে মা হতে চায়। এ সমাজে বিয়ে না করে মা হওয়া যায় না। দেশশুদ্ধ লোক কমিউনিস্ট হলেও এ সংস্কার কাটিয়ে উঠবে বলে মনে হয় না। কমিউনিস্ট কল্যারাও বিয়ের জল্যে আপস করবে। বরপণ দিয়ে বিয়ে করবে। যদি না এক সর্বশক্তিমান ভিকটেটর চরম দণ্ড দিয়ে ওসব বন্ধ করেন। আর, সব শিশুকে বৈধ বলে গণ্য করেন। আমাদের হবু ভিকটেটররা বোনের বা মেয়ের বিয়ের সময় সমাজের কাছে কেঁচো। তবে বলা যায় না, বিপ্লবের পরে নতুন হাওয়া বইতেও পারে। আগে তো মেয়েদের প্রত্যেককে জীবিকায় স্প্রতিষ্ঠিত করি। এমনভাবে স্প্রতিষ্ঠিত যে বিয়ে না করে মা হলে কারো জীবিকা যাবে না। সন্থানের জন্মেও স্ব্যবস্থা হবে। তথন ছেলেরাই ছুটবে কল্যাপণ দিয়ে বিয়ে করতে।" বাবলী স্বপ্ল দেখে।

ৰূপ নতে কাহিনী, এ নতে স্থপন, আদিবে সেদিন আদিবে।" ব্যাদি ভ্রসা দেন। "তথন তোমাকেও আমরা পাত্রস্থ করব, বাবলী।"

'ততদিনে আমার মা হবার বন্ধন পেরিয়ে গিয়ে থাকবে, বৌদি।" বাবলী বলে।

স্থপনদা ও প্রদক্ষ থামিয়ে দিয়ে বলেন, "মরার আগে হিটলার তাঁর ছই মহাশক্রুকেও মরণের মৃথে ঠেলে দিয়ে গেছেন। কান ধরাধরি করে বসে থাকুন ওঁরা ইউরোপের মধ্যিথানে যতদিন পারেন। কিন্তু একচুল এদিক ওদিক হলেই বেধে যাবে মহামারী । এটা একটা আন্সেবল ইকুইলিব্রিয়াম। ইতিহাসে

আর কথনো এমনটি দেশা যায়নি। এর থেকে বোঝা যায় হিটলার লোকটা কত বড়ো চালবাজ। এটা কার জিং ? হিটলারের না স্টালিন, চাচিল, টুম্যানের ? এর উত্তর তোমরা এই মৃহুর্তে পাবে না। পাবে ত্রিশ চল্লিশ কি পঞ্চাশ বছর বানে। যথন দেখবে তোমরা ওথানে বদে মাছো স্বেচ্ছায় নয়, হিটলারের ইচ্ছায়। হিটলার নেই, তাঁর ভূত আছে। সে ভূত পেছন থেকে ভবিল্যং নিল্লণ করছে। তোমাদের ফ্রা উইল একটা মাল। তোমাদের প্রত্যেকটি পলিসি আগে থেকে ডিটারমিনড! তথন বুঝবে যে গায়ের জোরে জেতাটাই জিং নয়। সত্যিকার জিং হচ্ছে যুদ্ধজয়ের পর শান্তিজয়। ভিকৃট্টি সেলিত্রেশনের দিন আসবে সেইদিনই যেদিন শান্তি স্থাপিত হবে। সে শান্তি মার্কিন সৈত্যদের ফেরং পাঠাবে আমেরিকায়, রুশ সৈত্যদের রাশিয়ায়। ব্রিটিশ দৈওদের ব্রিটেনে। ইউরোপের দব ক'টা রাষ্ট্রকে সংযুক্ত করে ইউনাইটেড স্টেট্ন অভ্ইউরোপ পত্তন করবে। রাশিয়া বাদে। তার আলাদা একটা ইউনিবন। সংযুক্ত ইউরোপ ধনতন্ত্র ও সমাজতন্ত্র উভয়ের একটা সমন্বয় খুঁজে বার করবে। গণতম্বই হবে মূলভিত্তি। চিন্তু নামকা ওয়ান্তে গণতম্ব নয়। বিশের দশকে আনরা যারা ইউরোপে বাস করছি এই স্বপ্নই ছিল তাদের জীবনের স্বপ্ন। ত্রিশের দশকে ঘোরতর স্বপ্নতন। চল্লিশের দশকে দেই ভাঙা প্ৰপন জোড়া লাগবে বলে মনে হয় না। তবে একটা স্থলক্ষণ দেখা যাচ্ছে। ইউনাইটেড নেশন্ম বলে একটা সংস্থা গড়ে উঠছে। লীগ অভ্নেশনস আমাদের বড়ো আশা দিয়েছিল। পরে হতাশ করে। ইউনাটটেড নেশনদ যদি তাবই অনুসরণ করে তবে আশা না রাথাই ভালো।"

বৌদি বাবলীর দিকে চেয়ে রঙ্গ করেন। "বিয়ে করলে বরের কাছে এইরকম লেকচার শুনতে হবে। শুনতে শুনতে একরকম ইমিউনিটি ভেয়াবে। এক কান দিয়ে চুকে আরেক কান দিয়ে বেরিয়ে যাবে। উনি এইথানে বসেই ইউরোপের ভাগ্য নির্ণয় করছেন। সে মহাদেশে আমিও কিছুদিন বাস করেছি। একদা ওদের মিলনের শত্র ছিল এক গ্রীন্ট, এক গ্রীন্টয় সজ্ব। রাষ্ট্র অন্থারণ করবে সজ্বকে। সম্রাট অন্থারণ করবেন সজ্বগুরুকে। কিন্তু শ্বপ্রের সঙ্গে বাস্তবের হাজারো গরমিল। ইউরোপ থণ্ড থণ্ড হয়ে যায় প্রথমে ধর্মের নামে, পরে ভাষার নামে। এখন হতে যাচ্ছে মতবাদের নামে বা সমাজবিত্যাদের নামে। সংযুক্ত ইউরোপ একটা কথার কথা। রোমান এম্পায়ার, হোলি রোমান এম্পায়ার, নেপোলিয়মের এম্পায়ার, হিটলারের

বর্ণচোরা এম্পায়ার, কোনোটাই টেকেনি। স্টালিন্ধের যদি তেমন কোনো পরিকল্পনা থাকে সেটাও বার্থ হবে। রাশিয়া ঠিক ইউরোপ নয়। ইউরেশিয়া—'

বাবলী বাধা দিয়ে বলে, 'আমরা আর জারগা বাড়াতে চাইনে। আমরা পশ্চিম জার্মানীর বা পশ্চিম ইউরোপের মাটি মাড়াব না। আমেরিকার ছায়া মাড়াব না। মহামতি স্টালিন প্রত্যেকটি চুক্তি মান্য করবেন। আমাদের জপমন্ত ওঁশাস্তিঃ শাস্তিঃ শাস্তিঃ।'' শুনে স্বাই হেসে খুন। এল্ফ পর্যন্ত।

এর পরে ওঠে জুলির প্রসঙ্গ। স্বপনদা বলেন, "শুনছি ক্যারামেল নাকি ছাড়া পেয়েছে। কই, আদে না ভো ?''

"আসবে কী করে ? ওর মা যে ওকে নজরবন্দী করে রেথেছেন। সেই শর্ভেই ওকে ছাড়া দেওয়া হয়েছে। ছাড়া দেবার প্রধান কারণ ওর মাথার একটা ইক্রপ ঢিলে হয়েছে।" বাবলী যতদূর জানে।

''বলো কী। মাথা থারাপ হয়েছে।'' স্বপনদা শিউরে ওঠেন।

''মাথা ওর কবে ভালো ছিল । তবে খারাপও ছিল না। এরপর যেতে হবে ওকে দেখতে। না দেটাও নিষেধ ?'' বৌদি স্থধান।

"না, না, সেটা নিষেধ নয়। আমি একদিন দেখা করে এসেছি। বলেছি, যা হবার তা হয়ে গেছে। মাফ করিস্, ভাই। জুলি তা শুনে খুলি হয়েছে। আমাকে জড়িয়ে ধরে বলেছে, জানিস্ না বোধ হয়, আমি এখন এন্গেজড়। যার সঙ্গে এন্গেজ্ড সে এখন জেলে। আমি ওকে বলেছি যে যুদ্ধ শেষ হয়ে আসছে, সরকার এবার কংগ্রেসওয়ালাদের ছেড়ে দিয়ে মিটমাটের কথাবার্তা চালাবে। তা শুনে জুলির সে কী রাগ! তথনি টের পাই যে ওর মাথার ইক্রুপ আলগা। বলে নিজের মা যদি শক্র হয় তবে মাহুষ কী করতে পারে! বেশ ডো ছিলুম আমি জেলে। সবাই আমাকে তোয়াজ করত। সাহেবরা পর্যন্ত! গান্ধীজীর 'ভারত ছাড়ো' আন্দোলন ব্যর্থ হওয়ার পরে ওদের মধ্যে একটা পিছুটান এসেছিল, কিন্তু আজাদ হিন্দ্ ফৌজ গঠন করে নেতাজী স্থভায় আসছেন শুনে ওদের চাপা উল্লাস। আমাকে দিনে দশবার প্রশ্ন করে, আর কত দেরি প আমি কেমন করে বলব কত দেরি প মনটা থারাপ হয়ে গেল শুনে যেইন্দল অবধি এসে ওঁরা ফিরে যান। কিন্তু ফিরে যাওয়া মানে তো বরাবরের জন্যে ফিরে যাওয়া নয়। আরো ভালো করে তৈরি হয়ে আবার এগিয়ে আসতেও তো পারেন। শুনামি ঠিক জানতুম যে নেতাজী রবার্ট ব্রুদের মতো

বার বার ট্রাই করবেন শেষে একদিন সফল হবেন। সেটা হবে দেশব্যাপী বিপ্লবের দিগনাল। বিপ্লবী জনতা এদে ইংরেছদের তৈরি এই বান্তিল তুর্গ ভেঙে আমাকে উদ্ধার করবে। আমি হাঁক দেব, ইনকিলাব জিলাবাদ। অমনি ওরাও প্রতিধ্বনি করবে, ইনকিলাব জিন্দাবাদ। আহা, দে কী উन्नामना। तम की উদ्দीপना। तम की शोबव। तम की गर्व। आमि বাংলাদেশের জোন অভ্ আর্ক। আমার নিজের মা আমাকে অসময়ে জেল থেকে ৰার করে এনে এই সৌভাগ্য থেকে বঞ্চিত করেছে। সরকার থেকে নাকি জানিয়েছিল যে আমার মাথার ঠিক নেই। কী করে ঠিক থাকবে শুনি ? ইন্ফল থেকে নেতাজী ফিরে গেলে কি মাগার ঠিক থাকে ? লেনিন মৃদি পেটোগ্রাড থেকে ফিনল্যাণ্ডে ফিরে যেতেন তোর মাথার ঠিক থাকত ? অবশ্য তুই তথন শিশু। আমার মা আমাকে চোথে চোথে রেখেছে। বেরোতে দিচ্ছে না। তবে বেশী দিন নয়। বিপ্লবী জনতা একদিন বান্তিল ভাঙার পর ্এ বাড়ীর দদর দরজাও ভাঙবে। আমাকে নিয়ে মিছিলে বেকোবে। ইনকিলাব জিন্দাবাদ। ইনকিলাব জিন্দাবাদ। জুলির মুথে এইদব শুনে আমি তো একেবারে থ ! ও যে কোন্ মূর্থের স্বর্গে বাদ করছে তা ও নিজেই জানে না।" বাবলী ত্রংথ করে।

"কাঁদিয়ে ছাডলে। আমাকে কাঁদিয়ে ছাডলে।" স্থপনদা আবার চোথে ক্ষমাল দেন। এবার ক্যারামেলেব জন্মে কানা।

''সভ্যি, কানা পাবার মতো ব্যাপার।'' বৌদিরও দৃষ্টি সজল।

"বিবাহ!" স্থপনদা বিধান দেন, "এই ব্যাধির একমাত্র ভেষজ বিবাহ। ক্যারামেলের বরকে জেল থেকে ছাড়িয়ে আনতে হবে। হিটলার হেরেছে, মুমোলিনি হেরেছে, ভোজো আর কদিন? বাধছে তো ওই বিনা শর্ডে আত্মমর্পণ নিয়ে। সেইজত্যে যুদ্ধশেষের বিলম্ব হচ্ছে। তার আগে কি ওরা কংগ্রেস ওয়ালাদের ছাড়বে? অসম্ভব নয়। জাপানী আক্রমণের সম্ভাবনা নেই। আজাদ হিন্দ্ ফৌজের দম দূরিয়ে গেছে। একবার জাপানীদের সঙ্গেলড়ে ও একবার ইংরেজদের অহুগত জওয়ানদের সঙ্গে লড়ে ওরা ক্লান্ত। যুদ্ধক্লেত্রে বীরত্বই যথেই নয়। দম। দম যদি না থাকে তবে থেল্ থতম। আমার মনে হয় কংগ্রেস নেতাদের কারামৃক্তি আসয়। ওঁরা বেরিয়ে এলে ওঁদের দলবলকেও বার করে আনবেন।"

সভাই জাপানের প্রাজয়ের ভল্যে অপেক্ষা না করে সরকার কংগ্রেস

নেতাদের মৃক্তি দেন। কথাবাত 1 যাতে হৃণম হয় তার জন্তে কংগ্রেদ কর্মীদেরও দফায় দফায় থালাদ করা হয়। সৌম্যকে যেদিন ছাড়ে তার আগে জাপানে প্রমাণু বোমা পড়েছে ও জাপান বিনাশতে আত্মসমর্পণ করেছে।

জুলি তো হাতে স্বর্গ পায়। তার মন থারাপ থেকেই মাথা থারাপ। মন এখন ভালো, তাই মাথা এখন ভালো। তবু আর আক্ষেপ, "কোথায় সেই জনতা যে আমাকে বান্তিল ভেঙে উদ্ধার করত আর আওয়াজ তুলত, ইনকিলাব জিন্দাবাদ ? ওরা বোধহয় অপেক্ষা করছে কবে বাবলীরা ডাক দেবে। আমরা ক্যাশনালিন্টরা প্রান্ত ক্লান্ত। ওরা কমিউনিন্টরা তরতাজা। জোয়ার এলে ওরাই তার স্থযোগ নেবে।"

সোম্য তাকে সান্তনা দেয়। ''আমাদের পক্ষে যা করা সন্তব আমর। তা করেছি। কাঁকি দিইনি। কলাকল আমাদের হাতে নয়। তগবানের হাতে। ভগবান না মানলে ইতিহাসের হাতে। জনগণ যদি আমাদেরকেই বেশী বিশ্বাস করে তো আমাদের আগে আর কেউ কিছু করতে পারবে না। যদি ওদেরকেই বেশী বিশ্বাস করে তেবে ওরাই আমাদের আগে স্বাধীনতা আনবে, বিপ্পব ঘটাবে। এতে আফসোদের কী আছে ? দেশের মুক্তি, দেশের জনগণের মুক্তিই তো আসল। আমরা নিমিত্তমাত্র। ওরাও তাই। মুক্তি যতদিন না আসে ততদিন আমাদের কর্তব্য আমরা করে যাব। যার ঘেমন নীতি। আমি নীতি পরিবর্তন করব না। সত্য আর অহিংসাতেই অবিচল থাকব। বছর তিনেক আগে যেসব ভূলভ্রান্তি ঘটেকে তার সংশোধন করতে হবে। এই তুই বছর আমি তাই নিয়ে খুব ভেবেছি। বাপুকে আমরা পুরোপুরি মান্য করিনি। সরকারকে অমান্য করতে গিয়ে তাঁকেও কতকটা অমান্য করেছি। এই ডবল অমান্য কথনো ফলপ্রস্থ হতে পারে না। তা হলেও আমাদের সাক্ষা আমরা নিক্রিয় বদে থাকিনি। দেখা যাকু দেশ কোন্টা বেশী পছনদ করে। আমাদের স্ক্রিয়তা না বাবলীদের নিক্রিয়তা।''

দেশের মৃক্তি, দেশের জনগণের মৃক্তি অপেক্ষা করতে পারে, কিন্তু নারীর রপযৌবন অপেক্ষা করতে পারে না। একদা মহাত্মার আপ্তবাক্য ছিল "এড়কেশন ক্যান ওয়েট, স্বরাজ ক্যান নট।" সৌম্য কি সেটা মান্ত করবে না অমান্ত করবে? জুলির মা প্রদক্ষটা পাড়লে দে বলে, "একবার বাপুর সঙ্গে কথা বলে আদি। দেখি তিনি কী বলেন। ইতিমধ্যে একবার আশ্রমেও ঘুরে

আসতে হবে। দেখি সেটা কী অবস্থায় আছে। জুলি কি পারবে সেখানে তিষ্ঠতে? আশ্রম ছেড়ে আমিই বা যাই কোথায়? বিহারের গণুগ্রামে? জুলি কি পালিয়ে আসবে না ?''

জুলি মৃথ খুলতে যাচ্ছিল, ওর মা কথা কেড়ে নেন। ''তা জুলিও তো সফ্ট নয়। কতরকম ছঃথকষ্টের ভিতর দিয়ে দীজন্ড। তোমার ছৃষ্চর তপস্থায় ও তোমার দাধী হবে।''

এই হির হলো যে গান্ধী জী অনুমতি দিলে বিয়ে একটি শুভদিন দেখে হবে। তা দে হিন্দু, রাহ্ম, দিভিল যে মতেই হোক। জুলি তা শুনে কাঁদতে বদে। আনন্দের কালা। ওর মা দৌম্যকে আড়ালে নিয়ে গিয়ে বলেন, "জুলি তোমার গলগ্রহ হবে না। ওর বাবা ওর জত্যে যথেষ্ট রেখে গেছেন। ওর মাও তো কিছু দেবে। তবে, হাা, ওর শশুর ওর মাদোহারা বন্ধ করবেন। বিয়ের পর তো জুলি ওর ছেলের বৌ থাকবে না। মাদোহারার টাকা জুলি নিজের জত্যে থরচ করত না। ওটা ওর রাজনৈতিক কার্যকলাপে লাগত। ওটা বন্ধ হলে খব রাজনৈতিক কার্যকলাপও বন্ধ হবে। আপদ যাবে। ও মেয়ে রাজনীতির জত্যে নয়। ঘরসংসারের জত্যে। তুমি দেখবে ওর ভোল ফিরে যাবে।"

"এই তো আমি চাই। ওর ভোল ফিরলেই আমি খুশি হব। রাজনীতি ওর স্বভাববিক্ষন। সন্দোধে ও সন্ত্রাসবাদা হয়েছিল। পবে হয়েছে বিপ্লবী নায়িকা। এটা ওর সতিকারের ভূমিকা। নয়! কিন্তু, মাসিমা, বিয়ে করলেও যে আমরা গৃহী হতে পারব তা নয়। স্থাদিনের জল্মে সব্র করতে হবে। কেজানে, আমাকে হয়তো শহাদ হতে হবে।" সৌম্য ভাবী শাশুড়ীকে একটা চমক দেয়।

''না, না। ওটা ভাবা যায় না। না, না। ওটা মুথে আনা যায় না। জুলিকে কথনো জানতে দিয়ো না। ও মারা যাবে। আমিও।'' তিনি কম্পানা।

স্থপনদা ও বৌদি আদেন দেখা করতে। বিয়ের কথাবার্তা চলছে শুনে স্থপনদা বলেন, ''শুভশু শীঘ্রম্। মহাত্মার অনুমতির কী দরকার ? নিজের ছেলের বিয়ের বেলা তো অমন কোনো শর্ত নির্দেশ করেননি যে আগে স্বরাজ তারপরে বিয়ে। দেবদাস যা পারে সৌম্যও তা পারে।''

বৌদি বলেন, ''এটা হলো ব্যারিস্টারের যুক্তি। কিন্তু গান্ধীঞ্চী আইন

অমাক্ত করতে করতে আইন কাহন সব ভূলে গেছেন। ওঁর কাছে ব্রভটাই বড়ো। দেবদাসের বোধ হয় ভেমন কোনো ব্রভ ছিল না। যেমন সৌম্যর।"

এর পরে কথাবার্তার মোড় ঘোরে। স্থপনদা বলেন, "তোমাদের যুদ্ধবিরোধী আন্দোলন সম্পূর্ণ বার্থ হয়েছে, সৌম্য। যুদ্ধ থেমেছে তোমাদের আন্দোলনের ফলে নয়, পরমাণু বোমা ব্যবহারের ফলে। আমি তো নিন্দাবাদের ভাষা খুঁজে পাইনে। ছি ছি! এ যে চ্ডাস্ক আমানবিকতা। ছিউমানিজমের যুগ যে শেষ হয়ে গেল। এ কোন্ যুগে আমরা পৌছলুম! অহিংসার নাম তো কেউ মুখেও আনতে চায় না। যেমন বিদেশে তেমনি এদেশে। একে তো পরমাণুর আঘাতে আমি শ্যাশায়ী, তার উপর এ কী অবিশাস্ত সংবাদ! এটা কি সতিয়!"

''কোন্ সংবাদের কথা বলছেন, স্বপনদা ?'' সৌম্য হকচকিয়ে যায়। ''আমার সহপাঠী স্থভাষ নাকি প্লেন অ্যাকসিডেন্টে মারা গেছে। ভাইপে জায়গাটা কোথায় ? গেলই বা কেন সেথানে ?'' স্বপনদার কঠরোধ'হয়।

জুলি চিৎকার করে ওঠে, ''সব ঝুট হায়! ব্রিটিশ প্রোপাগাণ্ডা!''

ওর মা ওকে টেনে নিয়ে যান শোবার ঘরে। সেখানে ও পাগলের মতো টেচামেচি করে। বৌদিও পিছু পিছু যান ওকে শান্ত করতে।

সৌম্য দায়ন্থতির মতো নির্বাক। স্থপনদা ওর হাতে হাত রাখেন। চাপ দেন।

### ॥ छूडे ॥

স্থপনদা ও দীপিকাদি জ্বলির থোঁজ নিতেই এসেছেন। জ্বলির সঙ্গেই গল্প করতে চান, তাই ওর মা ওকে ঠাণ্ডা করে ফিরিয়ে আনেন। তাঁর ভাবী জামাতাকে অক্ত ঘরে ডেকে নিয়ে গিয়ে বলেন, "শুনলে তো ওর কথা ? কেউ যদি বলে পাগল তা হলে কি ভুল বলবে ? গভন মেন্ট ওর দায়িত্ব নিতে নারাজ। আমার ঘাড়ে ঢাপিয়েছে। আমি ওকে দিনরাত পাহারা দিছিছ। পাছে ওর রাজনৈতিক গোষ্ঠার পাল্লায় পড়ে। তুমি এসেছ। খুব ভালো হয়েছে। পৃথিবীতে একটিমাত্র পুৰুষ আছে যে ওকে স্থী করতে পারে। স্থী হলেই ওর পাগলামি সেরে যাবে। আশ্রমে বা সেবাগ্রামে না গিয়ে তুমি এখানেই কিছুদিন থেকে যাও। রোজ ওকে নিয়ে বেড়াতে বেরোবে। কখনো স্থামারে করে। কখনো মোটরে করে। কখনো ট্রেনে করে! সারাদিন বাইরে কাটিয়ে সন্ধ্যাবেলা বাড়ী ফিরবে। তুপুরের খাবার টিফিন ক্যারিয়ারে সাজিয়ে দেব। আমার তো মনে হয় তোমার সন্ধ পেয়েই ওর মতিগতি বদলাবে। তুমি যেদিন বলবে আমি সেইদিন ওর বিয়ে দেব। যে মতে বলবে সেই মতে। ইতিমধ্যে যদি মহাত্মার অন্তমতি নিতে হয় তো চিঠি লিখতে পারো। সশরীরে সেবাগ্রামে যেতে হবে কেন ।"

সৌম্য এর উত্তরে বলে, "বিয়ে করলে আমার মন পড়ে থাকবে স্থীর কাছে, শরে ছেলেমেয়ের কাছে। অন্তত আধথানা মন তো পড়ে থাকবেই। সংগ্রামের সময় এগিয়ে যাব কা করে ? সত্যাগ্রহীর পক্ষে এটা একটা গুরুতর সিদ্ধান্ত। যিনি সত্যাগ্রহীদের সেনাপতি তিনি যদি নিকট ভবিয়তে সত্যাগ্রহের জন্মে আমাকে চান তা হলে বিয়ে পেছিয়ে দিতেই হবে। যদি তার দেরি থাকে তা হলে হয়তে সং তার অমত হবে না। বিয়ে আমি করবই। কথা যথন দিয়েছি তথন কথার নড়চড় হবে না। জুলি যদি রাজী হয় তো ওকেও আমি বাপুর কাছে নিয়ে যেতে পারি। তাতে স্থফল হতে পারে।"

''কোথায় উঠবে ওথানে ?'' মিদেদ দিনহা জানতে চান।

''আমি যেথানে উঠি। সোনাদির কুটীরে। কেশবন্ তার স্বামী। হু'জনেই বিলেতফেরং। গান্ধীজীর গঠনকর্মে যোগ দিয়েছেন। স্বরাজের রূপরেথা তৈরি করেছেন। আমাকে বিশেষ স্বেহ করেন।' সৌম্য জানায়।

"আচ্ছা, ভেবে দেখি। আমাকে ছ'তিন দপ্তাহ ভাবতে দাও। ইতিমধ্যে তোমার দক্ষগুণে জুলির অবস্থার রূপান্তর দেখি। ও মেয়ে যদি অপ্রকৃতিস্থ অবস্থায় গান্ধান্ধার দক্ষে দেখা করতে যায় তা হলে তাঁর মৃথের উপর কী যে বলে বদবে কে জানে! হয়তো বলবে, আপনার নেতৃত্বে পূর্ণ স্বাধীনতা পাঁচ বছর পরেও হবে না। কেন আমি পাঁচ বছর অপেক্ষা করব ?" জুলির মা আন্দাজে বলেন।

"ঠিকই বলেছেন, মাদিমা। পূর্ণ স্বাধীনতা পাঁচ বছর পরেও হয় কি না সন্দেহ। আমাদের বিচারে পূর্ণ স্বাধীনতা হচ্ছে যুদ্ধে জড়িয়ে না পড়ার স্বাধীনতা। তৃতীয় মহাযুদ্ধ কবে ৰাধবে, জানিনে। কিছু যদি বাধে তৰে আমরা ওর মধ্যে নেই। আমরা নিরপেক্ষ। ব্রিটেন কি আমাদের এই

স্বাধীনতা দেবে ? এর চেয়ে কম নিয়ে আমরা কী করব ? ব্রিলেরে জুনিয়র পার্টনার হব ? গান্ধী থাকতে তা সন্তব নয়। আমি থাকতেও সন্তব নয়। আমাকে শহীদ হতেই হবে। জুলির যথন শোনবার মতো অবস্থা হবে তথন একথা ওকে আমি বলব। ওর যদি আপত্তি থাকে আমাকে বিয়ে না করাই ভালো। বাগ্দানের বাধ্যবাধকতা থেকে ওকে আমি রেহাই দেব। ও হয়তো আর কাউকে বিয়ে করে স্থী হবে।" সৌম্য বলে তুঃথের সঙ্গে।

"তুমিও দেখছি আরেক পাগল। আবার এক মহাযুদ্ধ 📍 আবার ভারতকে জড়ানো! আবার তার বিরুদ্ধে সত্যাগ্রহ! কিন্তু, বাছা, দেটা তো পঁচিশ বছরের আগে নয়। ততদিনে তোমার বয়স হয়ে থাকবে আটবটি, জুলির ষাট। বিয়ে করে থাকলে তোমাদের ছেলেমেয়ে হয়ে থাকবে। তারা বিয়ে করে থাকলে তাদেরও ছেলেমেয়ে। সত্তর বছর বয়সে যদি কেউ শহীদ হয়— না হলেই ভালো--তবে এখন থেকেই ভয় পাইয়ে দেবার মতো কিছু নয়। জুলি আপত্তি করবে সেটা ঠিক, কিন্তু তাই বলে তোমাকে ছেড়ে অন্ত একজনকে বরণ করবে না। এখন খেকে এদব সম্ভাবনার কথা তুলে বিয়েটাকে কেঁচে যেতে দিয়ো না। তা হলে ও মেয়ে আর কোনোদিন প্রকৃতিস্থ হবে না। ফরাসী বিপ্লব আর রুশ বিপ্লবের সঙ্গে সিপাই বিদ্রোহের ঘেঁটে পাকিয়ে কী এক আজব তত্ত্ব বানিয়েছে ওর রাজনৈতিক গোগ্রী। আমি তো তার মাথামুণ্ডু বুবিনে। জুলির যে মাথা থারাপ হবে এর আশ্চর্ষ কী ? তুমি যদি ওকে দেৰাগ্রামে নিয়ে গিয়ে তোমার দোনাদির কাছে শিক্ষানবীশ করতে পারতে ডা হলে আমার আপত্তি কী ছিল? কিন্তু আমার একমাত্র শর্ত বিয়েটা তার আগে হওয়া চাই। মেয়েদের জীবনে বিয়ে একটা আমূল পরিবর্তন আনে। মাতৃত্ব আনে আরো গভীর পরিবর্তন। এসব অভিজ্ঞতার পরে তুমি পকে যা করতে বলবে ও ভাই করবে। স্বেচ্ছায় ও দানন্দে ভোমার কল্পরবা হবে। আমার মেয়েকে আমি ভালো করেই চিনি। তুমি আর গড়িমদি না করে ওকে একটা চান্স দাও। তোমাকে তো ও বেঁধে রাখছে না। তুমি যদি নিজেকে দায়গ্রস্ত মনে করে। তা হলে ওকে আমার কাছে থাকতে দিয়ো। আমি ওকে রাজনীতি করতে দেব না। দেবাকর্ম করতে एव। আমার নার্মণরি স্কুলের ছেলেমেয়েদের নিয়ে থাকবে। যতদিন না ওর নিজের ছেলেমেয়ে হয়।" জুলির মা প্রাণ খুলে বলেন।

"ও নিজেই দেটা পছল করবে না, মাসিমা। ও আমার সঙ্গেই থাকতে

চার। স্থে তৃ:থে আমার সাথী হতে চায়। মনে করুন আমি একজন সরকারী কর্মচারী। পূর্ববৃদ্ধই আমার কর্মস্থল। আমার স্ত্রী আমার কর্মস্থলেই বাদ করবে। সেবাকর্ম যদি করতে চায় দেইখানেই করবে। যেমন করছে আমার বন্ধু মানদের বৌ যূথিকা। জুলির বন্ধু মিলিকে আপনার মনে আছে নিশ্চয়। মিলি চলে গেছে ওর বরের সঙ্গে বিলেতে। ইংরেজদের সঙ্গে ব্যক্তিগত জীবনে ওর বেশ বনিবনা। জাতিগত জীবনে সংঘর্ষ। স্থকুমারের সঙ্গে বিয়ে হলে জুলিরও একই বরাত হতো। আমার সঙ্গে বিয়ে হলে আরেক রকম বরাত হবে। বেশ স্বাধীন হলেও আমার কাজ ফুরিয়ে যাবে না। নিচের থেকে ধাপে ধাপে অথরিটি গড়ে তুলতে হবে। উপরে উপরে ক্ষমতা হস্তান্তর আমার আদর্শ নয়। উপরে উপরে ক্ষমতা ক্যাপচার তো আমার আদর্শ নয়ই। জুলির দকে আমার আদর্শের অমিল আগেও ছিল, পরেও থাকবে। যেমন স্থুকুমারের দঙ্গে মিলির অমিল। স্থুকুমার লিখেছে লেবার পার্টি নির্বাচনে জিতে নিরক্ষ হয়েছে। ইণ্ডিয়াকে ওরা কানাডার মতো ডোমিনিয়ন ফেঁটাস দিতে প্রস্তুত, শুধু ভারতীয় নেতাদের একমত হতে হবে। ওরা খুব শীগগির দেশে ফিরছে। স্থকুমার আর মিলি। ইংলত্তের সঙ্গে সেতৃবন্ধনের চেটা করবে। মিলি ততটা না, স্বকুমার যতটা। কংগ্রেস নেতাদের হাত করতে বড়লাট ওয়েভেল দক্রিয়। তবে গান্ধীজীকে ভোলানো অত দহজ নয়। ভবী ভোলেনা। সৌম্ছাদে।

'মিঞা বিবি রাজী, কী করবে কাজী ? ইক কল রাজী, কী করবে গান্ধী ? লেবার পার্টি হাত বাড়িয়ে দিছে, কংগ্রেস পার্টিও হাত বাড়িয়ে দেশে। তারপরে হ'পক্ষের হাওশেক। অ্যামিকেৰল সেটলমেন্ট। জেলযাত্রা ঢের হয়েছে। আর নয়। মাহুযের ত্যাগশক্তিরও একটা সীমা আছে। সবাই তো আর মহাত্রা নয়। বলভভাই, রাজেনপ্রসাদ, ভবাহরলাল, 'এঁরা পচিশ বছর ধরে জেলে যাচ্ছেন আর আসছেন। এঁরা আর কদ্দিন বাচবেন ? মিটমাটের এই তো সময়। গান্ধীকা যদি এঁদের উপর দরাদরির ভার ছেড়ে দেন এঁরা দেশকে বিকিয়ে দেবেন না। অস্তত এইটুকু বিশাস এঁদের উপর থাকা উচিত। অভাভা দেশের পলিটিসিয়ানদের সঙ্গে তুলনায় এঁরা কেউ নিরেস নন। এঁরাও সমান যান। হিংসা অহিংসার প্রশ্ন এখন না ডোলাই ভালো। গভর্ন মেন্ট চালাতে গেলে কিছুটা ভায়োলেন্স তো দরকার হবেই। সেই ভয়ে যদি কংগ্রেস গভর্ন মেন্টের দায়িত্ব না নেয় তো ইংরেজই থেকে যাবে। কংগ্রেসকে

বান্তববাদী হতে হবে। আদর্শবাদ নিয়ে গান্ধী থাকতে চান থাকুন। তুমিও তাঁর দক্ষে। জুলিও ভোমার দক্ষে। আমি বান্তববাদী। তাই স্কুমারের প্রচেষ্টার দমর্থন করি। কবে আদছে ওরা ।" তিনি জিজ্ঞাদা করেন।

"জাহাজ পেলে নভেম্বরে। ওরা সম্ত্রপথেই আসতে চায়। সেটাই সন্তা। আরাম তাতেই বেশী। বাচচা আছে সঙ্গে।" সৌম্য মনে করিয়ে দেয়।

জুলির মা ডুয়িং ক্লমে ফিরে ষেতেই স্থপনদা বলে ওঠেন, ''শুভশু শীদ্রম্। আপনি আর দেরি না করে শাঁথ বাজিয়ে দিন। ওসব গান্ধী টান্ধী বাজে ওজর। উনি কি পোপ আর সৌম্য কি রোমান ক্যাথলিক ? জানেন তো, বিয়ের সময় রোমান ক্যাথলিকদের পোপের অন্তমতি নিতে হয়। ওটা অবশু একটা ফর্মালিটি। বিশপরাই পোপের হয়ে অন্তমতি দেন। পোপের এত সময় কোথায় যে কোটি কোটি ক্যাথলিকের বিয়ের কাগজপত্র দেখবেন ? আমরা হিউমানিদ্রা পোপ-টোপ মানিনে। গান্ধীজীর আশীর্বাদ অবশুই চাই। কিন্তু অন্তমতি ? যদি না দেন ? সৌম্য বাপের স্থপ্তের মতো আজ্ঞাবহ হবে। কিন্তু ক্যারামেল কেন সে অপ্যান সহ্য করবে ?''

"কিন্তু বাপুকে যে ও বাপের মতো মানে।" জুলির মা বলেন।

"পোপ কথাটার মানেও বাপু। তাঁকে বাপের মতে। মানতে মানতে ক্যাথলিকরা বিবাহের মতে। প্রাইভেট ব্যাপারে তাদের লিবাটি হারিয়েছে। গান্ধীভক্ত ভারতীয় জনগণেরও দেই দশা হবে না তো? আমি বলি, সৌম্য, তুমি চোথ বুজে ঝুলে পড়ো। আমি বাপুর কাছে আপীল করে অহমতি আনিয়ে নেব।" স্বপনদা হাদেন ও হাদান।

সৌম্য ব্ঝিয়ে বলে, "কাথিলিকদের দক্ষে তুলন। ঠিক নয়। গান্ধীজীর কাছে দবাই আশীর্বাদ চায়। অনুমতি চায় কেবল তারাই যারা কথা দিয়েছে যে দেশ মুক্ত না হলে বিয়ে করবে না। তথন তো জানা ছিল না যে দেশের স্বাধীনতার এত দেরি হবে। জানলে কথা দিতুম না। দিয়েছি যথন তথন তাঁর দক্ষে দেখা করে স্থাৰ আমার অনীকার থেকে আমি থালাদ পেতে পারি কিনা। জুলি যদি আমার দহকর্মী হতে রাজী হয় বাপু খালাদ দিতে রাজী হতে পারেন।"

''ভার মানে ক্যারামেলকে তার স্বাত্র্য বিসর্জন দিতে হবে। তুমি কি ভাতে রাজী **হবে, ক্যারামেল ?'' স্ব**ণন ∤1 প্রশ্ন করেন। ''ও যদি আমাকে গ্রহণ করে ওর জন্মে আমি সব কিছু বিসর্জ ন দিতে রাজী। স্বাভন্ন আবার কী গু' জুলি আবেগের সঙ্গে বলে।

স্থানদা তারিফ করে বলেন, ''মহাত্মা চৌধুণী, এই কক্সা একদিন তোমার কন্থরবা হবে। আমি দিব্যদৃষ্টিতে দেখতে পাচ্ছি তোমাদের ত্র'জনেরই পায়ের ধূলো নেবার জক্তে গ্রাম গঞ্জ থেকে বুলক প্লেনে করে হাজার হাজার মাহ্য আসবে। ক্যারামেল তোমার জক্তে সব কিছু বিস্কর্মন দিয়ে সীভা সাবিত্তীর পদাক্ষ অহুসরণ করতে রাজী। আর ওর বৌদিকে দেখছ তো ? বিয়ের প্রেও সমানে চাকরি করে যাচ্ছেন। কিছুতেই ছাড়বেন না।''

েবৌদি এটা প্রত্যাশা করেননি। শাক দিয়ে মাছ ঢাকার মতো হাসি দিয়ে রাগ চাপেন। বলেন, "এই প্রচ্ছন্ন হিটলারটির বন্ধমূল ধারণা নারীজাতির প্রকৃত স্থান হচ্ছে রান্নাখর, আঁতুড়ঘর আর ঠাকুরঘর। হাইকোর্টে আজকাল মহিলা ব্যারিস্টাররাও প্র্যাকটিসে নেমেছেন। তা দেখে এঁর যা আতঙ্ক। আমি অকৃদদোর্ডের ফাস্ট ক্লাস অনার্স পেয়ে নিজ গুণে চাকরি পেয়েছি। নিজ গুণেই চাকরি করে যাচ্ছি। এটা পতির পুণ্যে সতীর পুণ্য নয়। তাই এঁর যত আক্রোশ। নারীকে ইনি স্থনামা হতে দেবেন না। কিন্তু ইংলণ্ডে আজকাল পুরুষরাই স্তীর পদবী ধারণ করে যুক্তনামা। নতুন সেক্টোরী অভ স্টেট ফর ইণ্ডিয়া লর্ড পেথিক-লরেন্স বিয়ের আগে ছিলেন পেথিক। মিস্ লরেন্সের সঙ্গে বিয়ের পর থেকে হলেন পেথিক-লরেন্স।"

মিসেদ দিন্হা স্থানদার পক্ষ নিয়ে তর্ক করেন। ''বিয়ের পরে যদি স্বামী স্থী হু'জনেই চাকরি বা প্র্যাকটিদ করে বরসংসারে শ্রী থাকে না, ছেলেমেয়েরা আদর যত্র পায় না, চাকরবাকর লুটে পুটে থায়। স্বামীও তো দ্রীর জন্তে ত্যাগলীকার করছে, মাথার ঘাম পায়ে ফেলে রোজগার করে আদছে। ত্যাগটা একতরফা নয়। কিন্তু একালের মেয়েদের দোষ দেওয়া যায় না। বেশী লেথাপড়া শেথালে বড়ো চাকরির উচ্চাভিলায জাগবেই। যে মেয়ে ডক্টরেট পেয়েছে দে মেয়ে বিয়ের পরে ঘরে বদে কাঁথা দেলাই করবে না, স্ভের্নি রাঁধবে না। দেইজন্তেই তো আমি জুলিকে বেশী লেথাপড়া শেথাইনি। বিয়ে দিই স্ক্ল শেষ করার আগেই। তার ফল হয়েছে শোচনীয়।'

স্বপনদার মাথায় বুরছিল হিটলার। থাপছাড়া ভাবে বলেন, ''হিটলারকে খাটো করার চেষ্টা বুথা। তিনি ছিলেন জিতেক্রিয় পুরুষ। ত্রন্মচারী।''

ভা ভনে হাদাহাদি পড়ে যায়। দীপিকা বৌদি 'এবার তাঁর কত'ার

বক্তব্য বিশদ করেন। "বাজিনের পতন আর হিটলারের নিধন সংবাদ শুনেন উনি কালার ভেঙে পড়েন। বলেন, হেক্টরের নিধন। ট্রয়ের পতন। সেই যে উনি শয়া নেন তার পরে চিকিশ ঘণ্টা দরজা বন্ধ। মন্ধারেডিও, বি. বি. সি., ভয়েস অভ্ আমেরিকা আমি একাই শুনি। হিটলারের বুডদেহকে করর দেওয়া হয়নি, দাহ করা হয়েছে। সেইদকে দাহ করা হয়েছে তার দলিনী এফা ব্রাউনের বুতদেহকেও। হিটলারের অস্ত্যেষ্টিক্রিয়ার পূর্বে নাকি এফার সঙ্গে আইন অস্থারে বিবাহ। তা হলে আর ব্রন্ধার্য রইল কোথায়? কালাও পায়, হাসিও পায়। ওঁকে বলিনে। পাছে শক্ পান। কিছে বেশীদিন না বলেও থাকা যায় না। শুনে বলেন, যে মাহ্য মাছ খায় না, মাংস খায় না, মদ খায় না, তামাক খায় না, টাকা খায় না সে মাহ্য বামাচারী হতে পারে না। ওটা প্লেটোনিক সম্পর্ক। ব্রভসিদ্ধির পর ওদের যথারীতি বিবাহ হতো। পতির সক্ষে সভী একই চিতায় আরোহণ করেছেন। ব্রভসিদ্ধি হবার নয়। জয়ের আশা নির্মুল। পরাজয়ের গানি অসহ। নাটক হিসাবে বিশুদ্ধ ট্যাজেডী। রাজকিনী প্রেম নিক্ষিত হেম কামগন্ধ নাহি তায়।"

সৌম্য এতক্ষণ চূপ করে শুনছিল। বলে, "আমার মনে আছে এক মুদলমান ফকিরনীর কঠে শুনেছি 'চণ্ডিদাদ আর রছকিনী তারাই প্রেমের শিরোমণি, এক মরণে তৃ'জন মলো রে প্রেমপূর্ণ প্রাণে।' হাজার বছর পরে হিটলার আর এফা বাউন সম্বন্ধেও ওদেশের লোকসঙ্গীতে অহ্বরপ পদ শোনা বাবে।''

স্থানদা খুশি হয়ে বলেন, "লোকসঙ্গীতের ধারা ওদেশে এখনো শুকিয়ে যায়নি। ব্যালাভ সিঙ্গার এখনো নানা জায়গায় ঘুরে বেড়ায় আর বেহালা বা ম্যাণ্ডোলিন বাজিয়ে ব্যালাড শোনায়। জার্মানদের মধ্যে অশেষ বৈচিত্রা। তবে এমন ত্র্ভাগা জাতি আর নেই। অনেকটা আমাদেরই মতো। এবার তো ওরাও পরাধীন। আমরাও পরাধীন। আমরা একদিন ইংরেজের হাত থেকে মুক্ত হলেও হতে পারি, কিন্তু ক্লশের হাত থেকে ও মার্কিনের হাত থেকে জার্মানদের মুক্তি আমার দ্রদৃষ্টির বাইরে। সৌম্য, তৃমিও তো জার্মানী দেখে এসেছ। তোমার কী মনে হয়।"

সৌম্য একটু ভেবে নিয়ে বলে, "ভারত যদি গান্ধীজীর সভ্যাগ্রহের শক্তিতে শক্তিমান হয়ে মুক্ত হয় তবে জার্মানীও ভারতের দুকুরি মুক্তির সভ্যাগ্রহের শক্তিতে শক্তিমান হয়ে মুক্ত হবে। সভ্যাগ্রহই হচ্ছে যুদ্ধবিগ্রহের নৈতিক বিকল্প। বিদ্রোহ বিপ্লবেরও। এটা যদি ভারতের বেলা উপযোগী হয়ে থাকে ভো জার্মানীর বেলাও উপযোগী। আমরা যারা ভারতের মৃক্তি-সংগ্রামে গান্ধীপদ্ধা অনুসরণ করে চলেছি ভারা সারা বিশ্বের জন্মে পায়ের চিহ্ন রেথে যাচ্ছি।"

"দৃর পাগলা।" স্থপনদা ফ্ৎকারে উড়িয়ে দেন। "যারা এতকালের প্রীফ কৈ ছেড়েছে তারা একালের গান্ধীকে ধরবে ? কেন ওরা নতুন করে পেগান হতে গেল এ নিয়ে কথনো ভেবে দেখেছ ? আমি তো অন্ধকারে আলো খুঁজে পাচ্ছিনে। রাজনীতি অর্থনীতির ভিতরে এর উত্তর নেই : সমাজনীতির ভিজ্রেও না। দর্শনের ভিতর থাকলেও থাকতে পারে।"

প্রসঙ্গটা ঘ্রিয়ে দিয়ে দীপিকাদি বলেন, "কই, সৌম্য, তুমি ভো বললে না জুলির জন্মে তুমি কী বিদর্জন দেবে? না, বিদর্জনটা একতরফা হবে? যেমন ভোমার অপনদার ধারণা।"

সোমা এর উত্তরে বলে, "আমার যা কিছু ছিল সব কিছু আমি দেশের জন্তো বিদর্জন দিয়েছি। তার মানে ট্রান্টাদের হাতে দিয়েছি। জুলির থাতিরে ওদের একজন সরে যাবে। জুলিও একজন ট্রান্টা হবে। গ্রামে গিয়ে বসলে খাওয়া পরার কট্ট হবে না। পরিশ্রম করলে অচ্ছন্দেও থাকা যায়। কিছ শহরের মায়া কাটাতে হবে। গ্রামের ধন শহরে এনে থরচ করা চলবে না।"

স্থানদা দীপিকাদিকে মুখ খুলতে দেন না। বলেন, "আমার প্রশ্ন হলো হিটলার যদি পোগানই হবেন তা হলে মন্ত মাংস বর্জন করবেন কেন ? পোগানরা তো আন্ত ভয়োর পুড়িয়ে খেত। এখনো ইংরেজ অভিজাতরা তাই করে। আমার মতে হিটলার ছিলেন প্রচ্ছন্ন হিন্দু, হিন্দুদের মতো তাঁর অট্রিসংস্থার হলো। হিন্দুদের মডোই তাঁর বিবাহিতা পত্নী সতী হলেন।"

বৌদি হাসতে হাসতে বলেন, "তুমি দেখছি তেভিলস্ আাডভোকেট। আমি কিশ্ব জানিয়ে রাথছি আমি সহমরণে ণিয়ে সতা হব না। যদি তুমি আগে আও। পুরুষের মতো নারীও একটি ব্যক্তি। তার জীবন তার, মরণও তার।

দেদিন আলাপ আলোচনার পর এই স্থির হয় যে সৌম্য যাবে দেবাগ্রামে অহাত্মার অহমতি প্রার্থনা করতে। আগে অহমতিলাভ। তারপরে আর স্ব। কবে বিয়ে, কোন মতে। বিয়ের পর জুলি কোথায় থাকবে। আশ্রমে না খন্তরবাড়ীতে না মায়ের কাছে। অফুমতি না পেলে কিন্তু অচল অবছা। তথন কর্তব্য ছির করার জন্মে আবার বৈঠক বসবে। স্থপনদা ও দীপিকাদি আসবেন।

অমন সময় সৌম্য এক ফ্যাসাদ বাধায়। "আমার তো বাবা নেই, বাপুই' আমার বাবা। বাপের কাছে ছেলে মৃথ ফুটে বলে না, বাবা, আমি বিয়ে করতে চাই। এদেশের রেওয়াজ কন্যাপক্ষের একজন মৃক্তির গিয়ে বরকর্তার কাছে প্রস্তাবটা পাড়বেন। বর এমন ভাব দেখাবে যেন ভিজে বেড়ালটি। কিছুই জ্বানে না। এক্ষেত্রে মৃক্তবির হতে হয় কনের মাকেই। কিছু তাঁকে সেবাগ্রামে টেনে নিয়ে যাওয়া এক প্রকার অভ্যাচার। যদিও বাপু খ্ব খ্শি হয়ে রাজী হতেন। তার দিদি তো অস্কৃত্ব মান্তব। জুলির মৃক্তবির বলতে আমি একজনকেই দেখতে পাচ্ছি। তিনি স্বপন্দা।"

স্থপনদা কোঁস করে ওঠেন। "আমি যাব পোপের সঙ্গে অভিয়েন্স যাচ্ঞা করতে রোমে! পোপ যদি অন্নমতি না দেন আমার মুথ থাকবে?"

"তা হলে, চল, সৌম্য, আমিই তোমার মুক্ষবি হয়ে যাই। আমার আজি ভানে ভোমার বাপু কিছতেই 'না' বলতে পারবেন না। বললে আমি ধর্না দেব। জুলি যদি আমার সঙ্গে যেতে রাজী থাকে তো আরো ভালো। ওর মুখ দেখলে পাযাণও গলে যায়। সারা জীবন কেবলি একটার পর একটা ধাকা থেয়ে আসছে। শেষ ধাকা নেতাজীর আকস্মিক ত্য টনায় প্রাণভ্যাগ।" বৌদি সমবেদনার সঙ্গে বলেন।

"বিলকুল ঝুট হায়!" জুলি জ্বলে ওঠে। "ওটা আত্মগোপনের ছলনা। মাকিনদের চোথে ধুলো দিয়ে রুশ দথলী অঞ্চলে চলে গেছেন।"

বৌদি তা ভনে বলেন, "তা হলে জুলির না যাওয়াই ভালো। আমি ওসব বিত্তিত প্রশ্ন এড়িয়ে যাব।"

স্থানদা ঘোরতর আপত্তি করেন। "গৃহকর্তাকে একলা ফেলে গৃহিনী কথনো ফেরার হন ? আমি ফেরারি পরোয়ানা জারি করব না ? ধর্না! ধর্না দেবে তুমি! আমার মাথা কাটা যাবে না। কাগজে কাগজে চি চি পড়ে যাবে না ।"

জুলির মা হেসে বলেন, ''স্বপন ওর বৌকে কত ভালবাদে দেখছ তো। দেখে শেখ। একটা দিনও চোথের আড় করবে না।''

''না, মাসিমা, এর একটা প্র্যাকটিক্যাল কারণ আছে। রাজু না থাকলে

ওর কুকুর এল্ফকে আমি সামলাতে পারব না। তা হলে কুকুরকেও সেবাগ্রামে টেনে নিয়ে যেতে হয়। সে বেচারার উপর অত্যাচার।"

তথন এই স্থির হয় সেবাগ্রামে গিয়ে সৌম্য সোনাদিকে অন্থরোধ করবে কল্পাপক্ষের মুক্ষবিব হতে। সোনাদি সহায় হলে অন্থমতি সহজলভ্য।

জুলি বায়না ধরে দেও সৌম্যর দক্ষে দেবাগ্রামে যাবে। সোনাদিদের অতিথি হবে। ওর মা দেটা এককগায় থারিজ করেন। ''কনের দিক থেকে ঝোলাঝুলি লজ্জাকর ব্যাপার। আমাদেরও তো মানসম্ভ্রম আছে।''

আদল কারণ পুলিশকে তিনি কথা দিয়েছেন যে জুলিকে চোথে চোথে রাধবেন। যদিও তার আর দরকার নেই, জেলগুলো থালি হয়ে গেছে। গোলমাল যা তা ওই আজাদ হিন্দু ফৌজের তিন প্রধানের বিচার নিয়ে। এর মধ্যে রেকর্ড বেরিয়ে গেছে, 'কদম কদম বঢ়ায়ে যা।'' সরকারী কর্মচারীদের বাড়ীর ছেলেমেয়েরাও সে রেকর্ড বাজিয়ে কুচকাওয়াজ করছে।

সোনাদিকে সৌম্য চিঠি লেখে। যতদিন না তাঁর উত্তর আসে ততদিন সে কলকাতায় থাকবে। সোদপুর আশ্রমের কাজ সেরে নিয়ে বেড়াতে বেরোবে। ভাবী বরবধূ নিজেদের মধ্যে একটা বোঝাপড়ায় আসবে। যদিও তাদের পরিচয় পনেরো যোল বছরের তবু প্রাণ খুলে কথা বলার স্থযোগ কেউ কোনোদিন পায়নি। প্রেম নিবেদন তো দ্রের কথা। স্বরাজের জন্তে মুলতুবি রেথে দিয়েছে। এখন মনে হচ্ছে স্বরাজের খুব বেশী দেরি নেই। ইংরেজদের সঙ্গে কংগ্রেস নেতাদের কথাবার্তা ভক্ত হয়ে গেছে। এখন মুস্লিম লীগকৈ নিয়েই ভাবনা।

একদিন গন্ধা পার হওয়ার সময় জাহাজে তাঁর সন্ধে দেখা। ''চিনতে পারছেন ? সেই পুরনো পাপী। আপনাদের সিভিল সার্জন। কাপটেন ল। পরে মেজর ল। শেষ সাক্ষাৎ সিদ্ধাপুর যাত্রার আগে। তার পরে প্রায়ছ' বছর কেটে গেছে। এ কত্যাটি কে ? মঞ্জুলিকা সিন্হা ? সিভিল সার্জন ক্যাপটেন সিন্হার মেয়ে ? ক্যাপটেন মৃস্ডাফীর মেয়ে মধুমালতীর বান্ধবী ?''

সৌম্য চিনতে পারে। জুলি পারে না। ভদ্রলোক তার সহ্যাত্রিণীর সঞ্চে আলাপ করিয়ে দেন। "দিভিল সার্জন ডাক্তার ঘটকের কন্সা রুফ্চকলি। ঝরনা বলে জানে সকল লোক। বাপ মায়ের অমতে ওয়াকি হয়ে য়ৢদ্ধে যায়। য়ুদ্ধের শেষে দেশে ফিরে নিজের ঘরেই ঠুঁটে পাছের না। ওয়াকি বলে সমাজেও একঘরে। এখন থাকে ওর বান্ধবী সবিভার ওখানে। সেও ভিল ওয়াকি।

এরা ইক্বক। তাই এমন গোঁড়া নর। বৃদ্ধকালে ইংরেজের মেয়ে যদি अरमरम अग्रांकि रूट भारत वाडानीत स्मरत रूद ना कन ? अन्ना वीनाकना। তাই বীরপুক্ষকে দেখে এক আঁচড়ে চিনতে পারে। দিশাপুরে নেতাজী আমাকে ভাপানীদের বন্দিশালা থেকে উদ্ধার করে আজাদ হিন্দ ফৌজের চিকিৎসাভার দেন। মেজরকে বানিয়ে দেন ব্রিগেডিয়ার। ফৌজের সঙ্গে আমিও ফ্রণ্টে গেছি। আাকশন দেখেছি। জয় করে এগিয়ে এলে নেতাজী আমাকে মেলর জেনারেল বানাতেন। তুর্ভাগ্য! তাঁর ইচ্ছা ছিল আমরা আবার চেটা করব। ট্রায়, ট্রায় এগেন। ডিনি বলতেন, ডিফিট ইছ আ ওয়ার্ড নট ফাউও ইন মাই ডিক্সনারী। জাপানীরা যে আচমকা আত্মমর্পণ করবে এর জল্যে ভিনি প্রস্তুত ছিলেন না। কোথায় যে অন্তর্হিত হলেন কেউ দঠিক বলতে পারে না। মাঝথান থেকে আমি পড়ে যাই ফাঁপরে। ব্রিটিশ কর্তপক্ষের চোখে আমি একজন ট্রেটর। চেনা জানা সাহেবরা সাটি ফিকেট দেন যে চিকিৎসায় আমার হাত্যশ আছে বলে বিদ্রোহী ফৌজ আমাকে বন্দিশালা থেকে ধরে নিগে যায়। ডাক্তারের কর্তব্য হলো চিকিৎসা, তা সে শক্রবই হোক আর মিত্রেরই হোক। কাউকে তো আমি মারিনি, বরং কতকগুলি লোককে বাঁচিয়েছি। তারা হুই পক্ষের লোক। কোট মার্শাল থেকে রক্ষে পেয়েছি, কিন্তু চাকরিটি গেছে। র্যাক্ত কেডে নেওয়া হয়েছে। এখন আমি কাগজে কলমে ক্যাপটেনও নই। চাকরি গেছে ভার জন্মে ছঃখ নেই, লাহা পরিবার গরিব নয়। কিন্তু র্যাক্ষ কেড়ে নিয়েছে। কী অক্যায়। আমি যাচ্ছি বিলেতে আপীল করতে। মাতাল ফিলিপের কাছ থেকে অপ্রমত্ত ফিলিপের কাছে : বিটিশ জাস্টিসের উপর আমার আন্তা আছে।"

জুলি লাল হয়ে বলে, "মাফ করবেন, ব্রিটিশ জাস্টিস না ব্রিটিশ ইনজাস্টিস? আমার বাবা প্রথম মহাধৃদ্ধে টার্কদের হাতে বলী হয়েছিলেন। লয়ুদ্ধের ডেস্প্যাচে তাঁর নাম উল্লেখ করা হয়েছিল। কিন্তু ক্যাপটেনের উপরে তাঁকে উঠতেই দেওয়া হয় না। কী অপরাধে জানেন? জালিয়ানওয়ালা বাগ তিনি বরদান্ত করেননি। হজুর বাহাত্রদের ত্'কথা শুনিয়ে দিয়েছিলেন। আপনি বিলেত যাচ্ছেন, যান। কিন্তু দেশ স্বাধীন হলে আপনাকে আমরা নেতাজীর বিশ্বন্ত চিকিৎসক হিসাবে সম্মানের পদ দেব না। সার্জন জেনারল তো নয়ই, ইনস্পেকটর জেনারল তু প্রিজ্ঞল পদও আপনার কপালে নেই। ক্ষেমা বেলা করে আবার সেই সিভিল সার্জন।"

ভা বলে কি আমার জীবনের এই লাখটা অপূর্ণ থেকে বাবে ? মরার আগে একবার বিলেড দেখতে পাব না ? আর এই যে বীরাঙ্গনা এর কি এদেশে কোনো ভবিশ্বং আছে ? ভোমাদের হাতে ক্ষমতা এলে ভোমরা কি একে ছেই ছেই করবে না ? এ মেয়ে ওয়াকি হলেও নেতালীর পরম ভক্ত। আমি তাঁর বিশ্বন্ত সহযোগী বলে আমাকেও এ মেয়ে বীরপুরুষ বলে পূজা করে। আমার সম্বনা সভা যথন যেখানে হয় তথন সেখানে হাজির হয়। সভা তো লেগেই রয়েছে। লোকে নেতান্ত্রী আর আছাদ চিন্দ গৌলেব থবর ওনতে পাগল। আমি ছিল্ম তাঁর কাছের মাফুষ। হাঁডির ংবর জানত্য🚁 তা বলে তো হাটে হাঁভি ভাঙা যায় না। তাঁর অফুমতি নিতে হবে আগে। প্রথমে জানতে হবে তিনি এখন কোধায় আত্মগোপন করে রয়েছেন। ওই যে রটেছে প্লেন হুৰ্ঘটনা ওটা ভাহা মিথো। কিন্তু যা বলছিলুম এই যে বীর ভরুণী এর কী জানি কেন আমার মডো এক বুদ্ধকে ভালো লেগেছে। এককালে আমার স্বপ্ন ছিল বিলেড যাব, আই. এম. এম. হব মেম বিয়ে কবব, তার কোনো সম্ভাবনা দেখছিনে। তাই বৃদ্ধশু তরুণী ভার্যার কথা ভাবছি। ওব মাকিছতেই রাজীনন<sup>।</sup>। দোনার বেনের সঙ্গে বামুনের মেয়ের <sup>হি</sup>য়ে ! ওর বাবা আমাকে কানে কানে বলেছেন, ওয়াকিকে কেউ বিয়ে করবে না। ও মেয়ে ওল্ড মেড চবে। আমরা মারা গেলে ওকে দেখবে কে? ওর বান্ধবী সবিতাই বা কদিন আশ্রয় দেবে ? শুনছি সবিতারও পাত্র জুটেছে। আমরা যদি ঝরনাকে ভোমার হাতে সম্প্রদান করি আত্মীয়রা কেউ আসবে না। কিন্তু তুমি যদি ওকে নিয়ে পালিয়ে গিয়ে বিয়ে কর তা হলে আমরা হ'দিন গালমন করে পরে ঠাণ্ডা হব। তুমি যুদ্ধক্ষেত্র থেকে ফিরেছ, তুমি ক্ষত্রিয়। বারনাও যুদ্ধের আমুষঙ্গিক কাজ করেছে, দেও ক্ষত্রিয়াণী! ভোমাদের বিবাহ অসবর্ণ নয়। পালিয়ে যাওয়ার আইডিয়াটা তিনিই আমার মাথায় ঢুকিয়ে দেন। আমি সেটাকে একটু পল্লবিত করি। কলকাতা থেকে জাহাজে চড়ে দোজা লণ্ডন। সঙ্গে ঝরনা। বিয়ে তো জাহাজেও হতে পারে। ভবে ঝরনা যদি চায় জাহাজে ওঠার আগেই সেরে নিতে পারি। কী বলো, ডারলিং।" লাহা ওর দিকে সাহরাগে তাকান।

"বিশ্রী কালো মেয়ে, তিরিশের উপর বয়দ, ওয়াকি বলে অপবাদের পাত্রী, গুরুজন আমাকে পাত্রস্থ করার আশা ছেড়ে দিয়েছেন। আমিও বিলেও যেতে চাই। কোয়ালিফিকেশন আরো বাড়াব। বিয়ের কথা তার পরে ভাবা যাবে। যদি ওতদিন আপনার মেম বৌনামিলে থাকেন। জাহাজে আমি আপনার সন্ধিনী হব। জীবনসন্ধিনী হব কি না সেটা পরের কথা।" বরেনা দৃঢ়তার সঙ্গে বলে। ইস্পাতের ফলার মতো ঋজু দীম্বল গড়ন। ঈবং পুরুষালি চেহারা। টেনিস চ্যাম্পিয়ন।

লাহা ওর হাত ধরে বলেম, ''সৌম্য সাক্ষী, জুলি সাক্ষী, গদা সাক্ষী, অস্তরীক্ষ সাক্ষী, তোমার সঙ্গে আজ থেকে আমি এন্গেজড। যার কাছে আমি হীরো সেই আমার কাছে হীরোইন। গায়ের রং নিয়ে আমি কী করব? মনের ব্রুটোই আসল। ইউ আর আ লাভলী গার্ল। তিরিশ নয়, উনিশ।''

#### ॥ তিন ॥

স্থপনদার জন্তে আরো প্রচণ্ড শক অপেক্ষা করছিল। এটা তাঁকে একেবারে কাং করে দেয়। নাংসীদের কনসেনট্রেশন ক্যাম্পে বিনা বিচারে আবদ্ধ ইছদী, পোল ও জিপসীদের গ্যাস চেম্বারে পুরে গণহত্যা। সর্বমোট বাট লক্ষের মতো। যুদ্ধকালে এসব গোপন ছিল। পরে ক্রমে ক্রমে উদ্ঘাটিত হয়েছে। সভ্য জগং শিউরে উঠছে। যারা ঘটিয়েছে, যাদের উপর ঘটানো হয়েছে তারা তুই পক্ষই সভ্য। এ কেমনতরো সভ্যতা থানবিক না দানবিক ?

হিটলার সহক্ষে তাঁকে নতুন করে ভাবতে হয়। বোমার মুথে যার। পড়ে তারা নারীও হতে পারে, শিশুও হতে পারে, তাদের মৃত্যু ইচ্ছাকৃত খুন নয়। কিন্তু গ্যাস চেম্বারে পুরে যাদের মৃত্যু ঘটানো হয়েছে তারা বিভিন্ন দেশের বিভিন্ন শহরে, বিভিন্ন গ্রামে বাস করত। তাদের বাড়ী থেকে একে একে ধরে বেঁধে বা ভূলিয়ে ভালিয়ে নিয়ে আসা হয়েছে বলিদানের জন্তেই। লক্ষ্ণক্ষ বাল বৃদ্ধ বনিতা, তাদের আর কোনো দোষ নেই, তারা ইছদী বা পোল বা জিপদী। যুদ্ধের অ্যোগ নিয়ে এক একটা জাতির বংশলোপের অভিযান। যেমন মশককুল বিনাশের ভব্যে ডি ডি. টি. প্রয়োগ।

''ব্রহ্মচারী নয়, ব্রহ্মদৈত্য।'' স্বপনদা অফ্রুট স্বরে বলেন।

তা ভনে বৌদি মন্তব্য করেন, "চোধ একটু একটু করে ফুটছে। আরো ফুটবে। তবে হিটলারকে তুমি হিন্দু ঐতিছের মধ্যে পাবে না। পেতে পারো বরং প্রীস্তীয় ঐতিহে। হিটলারই সেই আ্যাণ্টিক্রাইস্ট যার আসার কথা প্রীস্তৌর পুনরাগমনের পূর্বে।"

বপনদা এস্টিয় থিয়োলজি পড়েননি। পড়তে আগ্রহ বোধ করেন না।
তাঁর অধ্যয়নের দীমা ইউরোপীয় দাহিত্য, দর্শন, ইতিহাস ও শিল্প অবধি।
দাহিত্যের ভিতর দিয়ে যেটুকু থিয়োলজি পান সেইটুকুই তিনি জানেন। যেমন
দাস্তের ডিভাইন কমেডির ভিতর দিয়ে। কিংবা মিলটনের 'প্যারা াইজ
লস্টে'র।

নেপথ্যে রিহার্সলের পর বিশ্বরক্ষাঞ্চে প্রকাশ্যে অভিনীত এক মহানাটক হচ্ছে মহাযুদ্ধ। হিটলার, মুসোলিনি, তোজো, চাচিল, রুজভেন্ট, স্টালিন, পেতাা, অ গল, স্থভাষ প্রভৃতি তার কুশীলব। প্রেক্ষাগৃহে বসে পাঁচ ঘটা ধরে উপভোগ করা যায়। আরু সব নাটকের মতো, উপন্তাসের মতো, আর্টের মতো এটাও হচ্ছে মায়া। মহাযুদ্ধ যথন, তথন মহামায়ার মায়া।

হিন্দুদের হুটি মহাতত্ত্ব আছে যা দিয়ে বিশ্বপ্রপঞ্চের অর্থ বোঝানো হয়। লীলাময়ের লীলা। মহামায়ার মায়া। যে নাটকে প্রেমের দৃশ্রু নেই লীলাময়ের লীলা বলে ভার ব্যাখ্যা করা চলে না। মহামায়ার মায়া বলে ব্যাখ্যা করলে তবু কতকটা বোধগম্য হয়।

স্থপনদার মুথে 'মহামায়ার মায়া' শুনে বৌদি জিজ্ঞাদা করেন, "কবে থেকে তুমি মায়াবাদী হলে ।"

"কেন? আমি কি বলেছি ব্রহ্ম সত্য, জগং মায়া ?" দাদা জ্বাব দেন, "আট মাত্রেই মায়া। আর এটা তো মহানাটকের বিষয়—এই মহাযুদ্ধ, যা সম্প্রতি শেষ হয়েছে। মায়া! মায়া! মহামায়ার মায়া! এ ছাড়া আর কোনো অর্থ হয় না। অর্থ এর রাজনীতিতে নেই, অর্থনীতিতে নেই, সমাজনীতিতে নেই, ধর্মনীতিতেও নেই। ওসব যেন আঁধার সেরে কালো বেডাল বেডাল, যে বেড়াল সেথানে নেই।"

বৌদি সহায়ভৃতির সঙ্গে বলেন, ''বুঝতে পারছি তুমি খুব কট্ট পাচ্ছ। কিন্তু তা বলে তুমি তোমার স্বধর্মভ্রষ্ট হবে কেন ? তুমি হিউমানিন্ট। তোমার ধর্ম হিউমানিজ্য। মহামায়ার মায়া তোমার ম্থে মানায় না। তোমার পক্ষে ওটা একটা পরাজয়। তৃমি কেন ডিফিটিন্ট হবে ।''

"ছাথ, রাহ্ন, বে কোনো একটা হত্যাকাণ্ডের বিবরণ পড়েই আমি মর্মে আবাত পাই। আর এ তো কোটি কোটি হত্যাকাণ্ড! তার মধ্যে লক্ষ্ণক্ষ নিরীষ্ট নারী ও শিশুর নিধন। একদিকে পরমাণু বোমা, আরেক দিকে গ্যাস চেষার। বৈজ্ঞানিক প্রতিভার ব্যভিচার। আসল খুনী সৈনিকরা নয়. বৈজ্ঞানিক আর রাজনীতিকরাই। মাহ্ম্যকে এরা হ্রথ আচ্চল্য কিছু দিয়েছে বইকি। কিন্তু কত দামে? পচিশ বছর অন্তর মহামারী। তাও বেছে বেছে ঠগ উজাড় নয়, ঠগ বাছতে গাঁ। উজাড়। গত শতালীর বৈজ্ঞানিকরা বলতেন, যোগ্যতমের উর্বর্জন। সারভাইভাল অভ্ ছা ফিটেন্ট। কিন্তু এই শতালীতে দেখা গেল যোগ্য অযোগ্য স্বাই এক নৌকায় ডুবেছে। আবার যদি মহাযুদ্ধ বাধে গোটা পৃথিবীটাই টাইটানিক জাহাজের মতো স্বাইকে নিয়ে ডুববে। যোগ্যতমের উর্বর্জন একটা ফ্যালাসী।" স্থপনদা অভিযোগ করেন।

"বেশ তো, ভোমরা দাহিত্যিকরা দে ফ্যালাদী শুধরে দাও। নাটক লেথ, উপন্তাস লেথ, গল্প লেখ। তুমি তো কেবলি ভাবছ আর ভাবছ। রদ্যার ভাবুকের মতো। কলম ধরে লিখছ না কেন? বৈজ্ঞানিক আর রাজনীতিকরা যে অনিষ্টটা করছেন তোমরা দাহিত্যিকরা দেটাকে ইষ্ট দিয়ে ন্ডাদিয়ে দিতে পারো। ইভিল যত প্রবল হোক না কেন গুড তার চেয়েও প্রবল হতে পারে। শয়তান যত শক্তিশালী হোক না কেন ভগবান তার চেয়েও শক্তিশালী। যদি ভগবানকে বাদ দিয়ে ভাবতে চাও তো শয়তানকৈও বাদ দিয়ে ভাবো। কোথাও যদি ভগবানের হাত দেখতে না পাও তো শয়তানের হাতই বা দেখতে যাও কেন? আজকের ছনিয়ায় যেসব ফোর্ম কাজ করছে হিটলার, ফালিন, চার্চিল, রুজভেণ্ট হচ্ছেন তাদের হাতের যয়। ওঁরা কেউ ব্যক্তিগত থামথেয়ালির খারা চালিত হয়ে মারাত্মক স্ব সিদ্ধান্ত নেননি। নৈৰ্ব্যক্তিক চাপ তাঁদের বাধ্য করেছে। প্রাইভেট লাইফে কেউ হয়তো খারাপ লোক নন। পাবলিক লাইফে প্রত্যেকেই কম বেশী খারাপ। বৈজ্ঞানিকরাও তাই, যদি রাষ্ট্রের অর্থ গ্রহণ করেন। তুমি স্বাধীন ব্যারিন্টার। ভোমার মভো স্বাধীনতা কার । তুমি ভোমার স্বাধীনতার সদ্ব্যবহার করো। অত্যের ব্যভিচার নিয়ে ওল্ড মেডদের মতো যত কুটকচালি করতে যাও কেন ?"

"আমি ওল্ড মেড !' স্বপনদা করুণ কঠে বলেন

"ওপ্ড মেড বলিনি। বলেছি ওপ্ড মেডদের মতো। বয়স গড়িয়ে যাচ্ছে, সেদিকে থেয়াল আছে? কবে লিখনে তোমার ক্লাসিক উপন্যাস? কবে থেকে ভনে আসছি তুমি এই লিখনে, ওই লিখনে, কিছু লিখতে তো হাত ওঠে না। মাদাম বোভারীর ব্যভিচারের মতো ব্যভিচারই তোমার প্রিয় বিষয় মনে হচ্ছে। লেখ না কেন একটা ম্থরোচক কেছা। তোমাদের ব্যারিন্টার মহলে তো পরকায়া প্রেমের অভাব নেই। পরকীয়াকে পরে স্বকীয়াও করা হচ্ছে। স্বকীয়াকে পরকীয়া।" বৌদি রসিয়ে রসিয়ে বলেন।

"লিখি আর তার্পরে লাইবেলের মামলার জড়িয়ে পড়ি। এদেশে 'মাদাম ওবাভারী' লেখার মতো ঝকমারি আর নেই।" অপনদা সহাত্যে বলেন।

''চিরস্তন ত্রিভূজ না হলে কি চিরায়ত দাহিত্য হয়? পশ্চিমের আদি কবি হোমারের 'ইলিয়াড' কি এর দেরা দৃষ্টান্ত নয়?" বৌদি পরিহাদ করেন।

"তা যদি বলো ভারতের আদি কবি বাল্মীকির রামায়ণও তাই। হেলেন, পারিস, মেনেলাউস। রাম. রাবণ, সীতা। রাবণ দীতার সতীত্বহানি করেনি, এই যা তফাং। তবে অযোধ্যার লোক সেটা বিশাস করল না। তাই শেষ পর্যস্ত ট্র্যাঙ্গেডী।" স্বপনদা দরদের সঙ্গে বলেন।

'মধ্যযুগেও তো একই থীম। এদিকে বিদ্যাপতি, চণ্ডিদাদ। ওদিকে দান্তে, পেআর্কা। পরকীয়া না হলে চিরায়ত দাহিত্যই হয় না। তার মানেই চিরস্তন ত্রিভ্জ। এ সমস্তা তিন হাজার বছর আগেও ছিল, তিন হাজার বছর পরেও থাকবে। তৃমি সমসাময়িক সমস্তা নিয়ে দিনরাত ভাবছ, কিন্তু এক আধ শতান্দী পরে এসব সমস্তা বাদী হয়ে যাবে। হিটলাবের আমলের কোনো চিহ্নই থাকবে না। চার্চিলকেও লোকে ভ্লে যাবে। স্টালিনের ডিকটেটরশিপ রাশিয়ানদের অসহ্ত হবে। ক্জভেন্টের নিউ ডীল তাঁর সঙ্গে লোপ পাবে। জাপান আবার মাথা তুলে দাঁড়াবে। কিন্তু তার এটুকু শিক্ষা হয়েছে যে পার্ল হারবারে বোমা ফেললে হিরোশিমায় বুমেরাং হয়। ওটা জার্মানদেরও শিক্ষার স্ত্র। স্কুল কলেজ ইউনিভার্দিটিতে পড়ে এ শিক্ষা হতো না। পরকে মেরে তার হাতে মরাও একপ্রকার পরোক্ষ আত্মহত্যা। ভৃতীয় মহাযুদ্ধে এটা আরো পরিষ্কার হবে।'' বৌদির বিশ্বাদ।

''তৃতীয় মহাযুদ্ধ কি সভিত্য বাধবে ?'' স্বপনদার সন্দেহ।

"বাধলে আশ্চর্য হব না। না বাধলে আনন্দিত হব। মানবজাতির উপরে তোমার যতথানি ভরসা আমার ততথানি নেই। তুমি ধরে নিয়েছ এ জাতি দিন দিন আরো বিজ্ঞ হবে। আমি কিন্ধ দেখছি যতবার নতুন কোনো যন্ত্র বা নতুন কোনো আর উদ্ভাবন করছে ততবার ধরাকে সরা জ্ঞান করছে। ফলে প্রগতিটাই হয়েছে তুর্গতির সক্ষে একাআ। এর যদি কোনো প্রতিকার খুঁজে বার করতে পারো তো সমসাময়িক বিষয় নিয়ে লেখ। নয়তো মন দাও চিরস্তন বিষয় নিয়ে চিরায়ত কাব্য নাটক উপত্যাস রচনায়। যদি সে ক্ষমতা থাকে।" বৌদি গুরুজনের মতো উপদেশ দেন।

"একেই বলে কান্তাদিমিত।" স্থাপনদা হাসেন। ''তুমি ছাড়া আর কে আমার উপর মান্টারি করবে? কিন্তু সমসাময়িক ঘটনাগুলো আমাকে এমনভাবে নাড়া দেয় যে আমি অথও মনোযোগ দিয়ে পাঁচ দশ পৃষ্ঠার বেশী লিখতে পারিনে। অসমাপ্ত পাঙুলিপিতে দেরাজ ভরে গেছে। একদিন না একদিন সমাপ্ত করব বলে সংরক্ষণ করছি। কিন্তু মনের মতো মৃড পাচ্ছিনে। ড্লটয়েভ্স্কির মতো যদি অরাভাব থাকত তা হলে পেটের জালায় সমাপ্ত করতুম আর প্রকাশকের হাতে দিয়ে প্রাণরক্ষা করতুম। বাবা যা রেখে গেছেন তা তোমার আমার পক্ষে ঢের। আর একজন কি ছু'ঙ্কন এলে অবশ্য গতর থাটিরে রোজগার করতে হবে। তার জন্মেই তো ব্যারিন্টার হয়েছি। বই লেখার চাড় নেই। ড্লটয়েভ্স্কির পদাক্ষ অনুসরণ করে অফুরস্ত স্পৃষ্ট করতে পারছিনে। যার অল্লাভাব নেই তার থাকে রবি ঠাকুরের মতো ড্রাইভিং ফোর্স। বিক্তমের ভিতরেও সে ফোর্স ছিল। কিন্তু ছিল না মাইকেলের ভিতরে। হয়তো থাকত ব্যারিন্টার না হলে।"

ইতিমধ্যে সৌম্যর চিঠি পেয়ে সোনাদি লৈখেছেন, "তোমরা বিয়ে করতে চাও শুনে পরম আনন্দিত হয়েছি। বাপু আজকাল কারো বিয়েতে বাধা দেন না। বিধবা বিবাহ সম্বন্ধে তিনি বিভাসাগরের চেয়েও উদার। অসবর্ণ বিবাহ সম্বন্ধে কেশবচন্দ্রের চেয়েও উৎসাহী। তিনি এত জোরে জোরে হাঁটছেন যে আমরা কেউ তাঁর সঙ্গে পালা দিতে পারছিনে। যেমন কায়িক অর্থে তেমনি মানসিক অর্থে। আগে ছিলেন কটার বর্ণাশ্রমী। এখন কাটলেস সোসাইটির প্রবন্ধা। অসবর্ণ বিবাহ ভিন্ন অন্ত কোনো বিবাহে তিনি আশার্বাদ করেন না। তাঁর সব চেয়ে পছন্দ বাহ্মণ হরিজন বিবাহ। হরিজনকে পুরোহিত করাও তাঁর আর একটি নীতি। এতে বাহ্মণদের মনোপলিতে হাত পড়ে। গৌড়া বাহ্মণদের ঘাঁটি পুণা। সেখান থেকে প্রায়ই হত্যার হমকি আসে।

বাপুকে সাবধান করে দিলেও তিনি গা করেন না। বলেন, মরতে তো একদিন হবেই। স্বধর্মে নিধনই শ্রেয়। আমার ধর্ম সত্য আর অহিংসা।"

এর পর আদল কথা। "তোমাদের বিয়েতে বাপু দানন্দে অনুমতি দিয়েছেন। তবে তুমি যদি দেশের মুক্তির জন্তে আবার লড়তে চাও তবে তোমাকে ব্রহ্মচর্য রক্ষা করতে হবে। নয়তো তৃজ্বনে মিলে গঠনকার্যে আজু-নিয়োগ করে।"

আকেল গুড়ুম। চিঠিখানা সৌম্য জুলিকে দেখায় না। তার মাকেও না। দটান চলে যায় স্থানদার কাছে।"

· "আঁ।!" স্থানদা চমকে ওঠেন। ছুটে আসেন বৌদি। চিঠি পড়ে তিনিও আঁতকে ওঠেন। "আঁা।"

''ওল্ড ম্যান গান্ধীর ওই এক অবদেদন। ব্রহ্মচর্য। এক বছরেই স্বরাজ হবে এই প্রতিশ্রতিতে বিশাস করে অনেকেই ব্রন্মচর্যে পালন করার প্রতিশ্রুতি দিয়েছিল। কোথায় এক বছর। কেটে গেছে পচিশ বছর। ত্রন্ধচর্যে অটল রয়েছে এমন সভ্যাগ্রহীর সংখ্যা ক'জন! তুমি যদি ভাদের একজন হতে চাও তা হলে বিয়ের জন্মে বাগ্দান করে ভূল করেছ। ইংরেজ কোন্ ছ: ধে ভারত ছাড়বে ! এখন দে আপদ্মুক্ত। আবার লডতে হবে। তবে অহিংসভাবে কি না সন্দেহ। গান্ধীর দিন গেছে। স্বভাষের দিন এখনো যায়নি। তবে স্থভাষ যদি না ফেরে কমিউনিস্টরাই সহিংসভাবে লড়বে। তৃমি গঠনের কাজ নিয়েই ব্যাপত থেকো। তা হলে একটি অনিচ্ছুক বধুর উপরে ব্রহ্মচর্য চাপিয়ে দিতে হবে না। ওর সম্মতি থাকলে অবশ্র অন্ত কথা। কিন্তু আমার বিশ্বাস হয় নাযে ও সম্মতি দেবে। মিলনবাসনার সঙ্গে রয়েছে মাতৃত্বের বাসনা। এসব বাসনা চরিতার্থ না হলে যা হয় তা ফ্রয়েড পড়লে अ।নতে পারবে। মানসিক অহুথের প্রধান কারণ রিপ্রেসন। এটা মেয়েদের বেলাই বেশী। পুরুষরা তো এদিক ওদিক চরে বেড়াতে পারে। মেয়েদের দে স্বাধীনতা নেই। জুলির মা গোপন করতে চাইলে কী হবে ? জুলি এখন অর্ধ পাগল। আন্ত পাগল হবে তৃমি যদি বিয়ের পরে ওর উপর ব্রন্ধচর্য চাপাতে যাও। হিটলারের মতো ব্রন্ধচারী আর কে ? কিন্তু তিনিও এফা ব্রাউনের উপর ব্রন্ধচর্য চাপাননি।" স্বপনদা অম্লানমুখে ৰলে যান।

বৌদি ফিক করে হাদেন। "তুমি কী করে জানলে ? তুমি কি ওদের বেড চেম্বারে আডি পেতেছিলে।" ''মৃত্যুর পূর্বক্ষণে হিটলার যে এফাকে বিয়ে করেন এটা রুডকর্মকে দামাজিক স্বীকৃতি দেবার জন্তেই। নেপোলিয়নের আক্রমণের দময় মৃত্যু আসম্ম ভেবে গ্যেটেও তাই করেছিলেন। অসাধারণদের সঙ্গে দাধারণদের তফাংটা এইখানে যে দাধারণরা আগে বিয়ে করে, তারপরে দহবাদ করে।" স্থানদা উত্তর দেন।

''আমি কেবল ভাবছি আমার দেশোদ্ধারের প্রতিজ্ঞার কী হবে। ওটা কি তবে ভীম্মের প্রতিজ্ঞা নয়? অন্যান্ত সত্যাগ্রহীরা জেলে যাবে, জরিমানা দেবে, জায়গা জমি হারাবে, কেউ কেউ প্রাণও হারাবে। আর আমি কিনা বিয়ে করে বৌ নিয়ে নিরাপদে ঘরসংসার করব । আশ্রমে বাস করে ঘরসংসার করা বিসদৃশ দেখাবে। আশ্রমের বাইরেই থাকতে হবে। বাইরে থেকে আশ্রম চালানো যেন বাড়ী থেকে আপিস আদালত চালানো। আশ্রম ওভাবে চালানো উচিত নম। আশ্রমেই বাস করতে হবে জুলিকে আর আমাকে। আলাদা একথানা কুঁড়ে ঘরে। কিছু আশ্রমের নিয়মই হচ্ছে ব্রহ্মচর্য পালন। বিবাহিত কর্মীদের ভাই করতে বলা হয়। যারা পারে না তারা যাইরে বাকা নেয়। তারা কেউ আশ্রমের পরিচালক নয়। আমাকে পরিচালকের দায়িত্ব চাড়তে হবে দেখছি। কিছু সে দাযিত্ব নেবে কে । মৃক্তিযুদ্ধেও থাকব না, আশ্রম পরিচালনাতেও থাকব না, এতদিন যে অভিজ্ঞতা অর্জন করল্ম সেটা কি তবে বুথা যাবেং। দেশ লাভবান হবে না।'' সৌম্য উচ্চস্বরে চিন্তা করে।

স্থানদা গন্তীরভাবে বলেন, ''সত্যাগ্রছ বিগিন্স অ্যাট হোম। সত্যটা একছে কৌ? সত্যটা এই যে তুমি একটি মেয়েকে বিবাহ করবে বলে বাগ্ দত্ত হয়েছ। দেশের স্বাধীনতা যদি আজ আদে তবে কাল তাকে তুমি বিয়ে করবে। তার পরে যথারীতি ফুলশ্যা। ব্রহ্মচর্যের প্রশ্ন উঠবে না। কিন্তু দেশের স্বাধীনতা কবে হবে কেউ জানে না। ছ'বছর পরেও হতে পারে, দশবছর পরেও হতে পারে। আরো একবার সংগ্রামের প্রয়োজন যদি হয় তবে সেটা যে গান্ধীজীর নেতৃত্বেই হবে এটা ভোমার কাছে স্বতঃসিদ্ধ। আমার কাছে নয়। জবাহরলাল তো ব্যারিস্টারের গাউন এটে আজাদ হিন্দ ফৌজের তিন স্পারের মামলার আসামী পক্ষের কৌস্থলী হয়েছেন। অমনি করে আন্তর্কাকেই তিনি আপনার করবেন। দরকার হলে ওদের নিয়ে লড়াইয়ে নামবেন। তথন কেথিয়ে গান্ধী আর কোথায় তুমি। সত্যাগ্রহই বা কোথায়।

তুমি যাও, মহাত্মাকে ব্ঝিয়ে বলো যে বিয়ের পরে ব্রহ্মচর্য স্থীর সম্মতি ছাড়া সম্ভব নয়। রাস্কিন তো তার অক্সতম গুল। রাস্কিনের বেলা কী হয়েছিল তিনি কি তা জানেন না শ

''কী হয়েছিল ?" বৌদি কণ্ঠক্ষেপ করেন।

"দে কী! তুমি জানো না?" অপনদা আশ্চর্য হন। "কিন্তু রাতের পর রাত যায়, মাদের পর মাদ যায়, বছরের পর বছর যায়, পাঁচ বছরেও বিয়ের জল পড়ে না। রাদ্কিনের বিশাদ ওতে নরনারীর দেহমনের পবিত্রতা নই হয়। বেচারি এফি অতিষ্ঠ হয়ে বিখ্যাত চিত্রকর মিলেদের সঙ্গে ইলোপ করেন। তার পরে রুজু হয় দেই প্রদিদ্ধ মামলা। পাঁচ বছরেও কনদামেশন হয়নি। রাস্কিন নাঁপুনেক। বিবাহ বাতিল। মিলেদের সঙ্গে এফির বিবাহ ফলপ্রস্থ হয়। সাবধান. সৌম্য! অশরীরী প্রেম দারা জীবন স্বায়ী হতে পারে, কিন্তু অশরীরী বিবাহ যে কোনো দিন আদালতের বিচারে বাতিল হবার যোগ্য। ক্যারামেল পরের হবে না, কিন্তু দেও একদিন গৃহত্যাগ করতে পারে। দেই যে একটা কথা আছে, ক্ষতি ঘরন্তীন হয়ে ধরণী ত্যাগ করতে হবে।"

সৌম্য এত কথা জানত না, ভনে তাজ্জব বনে।

স্থানদা সৌমার মৃথ দেখে দদয় হয়ে বলেন, "দব মেয়ে এফি নয়। বানার্ড শার সঙ্গে যথন শাল টের বিয়ের ঠিক হয় তথন শাল টিই জেদ ধরেন বিয়ের পরে তাঁর বর্দ্ধ যেন তাঁর গায়ে হাত না দেন। অর্থাৎ বিয়ের পরেও তাঁরা বর্দ্ধ ও বর্দ্দী। দথা ও সথী। সম্ভব, সম্ভব, এই সম্পর্কটাও সম্ভব। লোকে কীমনে করবে, তাই একসঙ্গে থাকতে হলে বিবাহ বলে একটা অফ্রান করতে হয়। একসঙ্গে থাকাটাই আদল, বিয়েটা লোক দেখানো। তা তোমরা ইচ্ছে করলে বিবাহিত বর্দ্ধ ও বর্দ্দী হতে পারো। যদি ক্যারামেল সম্মতি দেয়। বলা যায় না, দিতেও পারে। কিন্তু সেটা হয়তো মন থেকে নয়, শুধু বিয়ে করে একসঙ্গে থাকার আগ্রহে। ইউরোপে এর নাম কম্পানিয়নেট ম্যারেজ। এদেশেও এর নজীর আছে। কিন্তু ক্যারামেল যে রকম মেয়ে তার সম্মতিটা পরে অসম্মতিতে দাঁড়াতে পারে। ও কি মানা হয়ে স্থাী হবে ভেবেছ গ্রা

সৌম্য সামলে নিয়ে বলে, "ওর অদমতির আভাদ পেলে বাপুকে জানিয়ে তাঁর অত্মতি চাইব। কিন্তু এই মৃহুর্তে ওকে দোনাদির চিঠিখানা দেখাতে সাহস হচ্ছে না। ক্ষেপে গিয়ে বিদ্রোহ করতে পারে। তথন হয়তো আশ্রমে বাস করতে নারাজ হবে। গঠনের কাজে সহযোগিতা করবে না। স্বচেয়ে ভালো হতো ইংরেজরা যদি আজকেই ভারত ছাড়ত।"

"আহা। সেইখানেই তো গোল। সব চেয়ে যেটা ভালো সেটা কি কোথাও কথনো হয়েছে না হবে । মামুষকে অবস্থার সঙ্গে মানিয়ে নিতে হয়। অবস্থা অমুসারে ব্যবস্থা। ভগবানকে ধন্তবাদ দাও যে তুমি ও ক্যারামেল ত্'জনে তু'জনাকে ভালোবাসো। এ ভালোবাসা দীর্ঘ কালের পরীক্ষায় উত্তীর্ণ। আগুরপ্রাপ্তিও আর জেল এর ব্যাঘাত ঘটায়নি। এ ভালোবাসার জয় হবেই। দেশের স্থাধীনতা ইত্যাদির প্রশ্ন তুলে একে অমুখা ঘোরালো করার মানে হয় না। তোমার কৌমার্য ভঙ্গ হবে, অথচ ব্রহ্মচর্য ভঙ্গ হবে না এটা একটা অবাছব অন্তশাসন। তুমি এর বিক্লছেই সত্যাগ্রহ করো। পোপ কি অভ্যাস্ত । পোপের অমনভরো দাবীর বিক্লছে প্রোটেস্ট করতে গিয়েই প্রটেস্টান্ট সম্প্রদায়ের উৎপত্তি। এদেশেও ভাই হবে। গান্ধীজীর সঙ্গেও। তুমিই ভারতের মাটিন লুথার হতে পারো। তিনি ক্যাথলিক সন্ন্যাদী থাকতে অনিজ্পুক ছিলেন। প্রটেস্টান্ট হয়ে বিবাহ করেন। তথন থেকেই প্রটেস্টান্ট পান্দ্রীরা বিবাহ করে আসছেন।" স্বপনদা সৌম্যকে উস্কে দেন।

তা লক্ষ করে বৌদি বলেন, ''দৌম্য যদি স্বাধীনতা সংগ্রামের সংশ্রব ছেড়ে দিয়ে গঠনের কাজ নিয়ে থাকে তবে গান্ধীজী কৌমার্যভঙ্গের সঙ্গে সঙ্গের ব্রহ্মচর্যভঙ্গেরও অন্মতি দেবেন। ইচ্ছা করলে সে আর কারো নেতৃত্বে সংগ্রাম করতেও পারে, আর কেউ ব্রহ্মচর্যের উপর এতথানি জাের দেবেন না। তবে আমি যতদ্র বৃঝি বিবাহিত ব্রহ্মচারী একটা নতুন কনসেপ্ট। ক্যাথলিক বা প্রেটিটাণ্ট কোনাে সম্প্রদায়েই এ কনসেপ্ট নেই। থিওসফিট্টদের মধ্যেই এর চল দেখতে পাওয়া যায়। তাদেরই সমসাময়িক সভ্যবদ্ধ গোষ্টাদের মধ্যেও। পতিচেরী ও চন্দননগরেও এর পরীক্ষানিরীক্ষা চলছে। এ সাধনা স্বসাধারণের জন্তে নয়। বাছা বাছা স্বীপুক্ষ্যের জন্তে। দৌম্য আর জ্লি যদি তাদের পর্যায়ে পড়ে তো সভ্যতাকে এক ধাপ এগিয়ে দেবে।''

দরদী শ্রোতা পেয়ে সৌম্য বলে, "আমার যে কী সঙ্কট তা কেমন করে বোঝাব, দাদা, বৌদি! আমি ছিল্ম দেশের কাছে সত্যবদ্ধ, তার পরে হল্ম নারীর কাছে সত্যবদ্ধ। এক সত্যের সঙ্গে আরেক সত্যকে মেলাই কী করে? বিয়াল্লিশ সালে আমার দৃঢ় বিশ্বাস ছিল যে ইংরেজরা সেই বছরই ভারত ছাড়বে, তার মানে ভারত সরকার গদী ছাড়বে। জন রীডের 'টেন-ডেজ

ভাট **ত্ত**ক অ ওয়াল ড' পড়েছেন নি**ণ্ড**য়। আমার মাথায় তেমনি গুরছিল থাটি ডিজ ছাট শুক ছ ওয়ার্ল ড। সেই ধারণার বশে আমি জুলিকে বাগ্দান করি। তথন তো থেয়াল ছিল না যে জাপানীরা ভারতের দিকে পা বাড়াবে না, বার্মায় ভটস্থ থাকবে। এখন আমি কথা রাখতে গিয়ে সঙ্কটে পড়ে গেছি। আমার উদ্ধারের উপায় কী ? বাপুর বিরুদ্ধে সভ্যাগ্রহ ? কেন, তিনি এমন কী নতুন কথা বলেছেন ? রামক্বফদেব আর সারদামণি দেবী এঁরাও তো ছিলেন বিবাহিত ব্লচারী ও ব্লচারিণী। জুলি যদি রাজী হতো আমার তাতে আপত্তি থাকত না। তবে দেটা সারাজীবনের জত্তে নয়। আমারও ইচ্ছা করে ঘরুসংসার পাততে, সন্তানের পিতা হতে। আমার আদর্শ ব্রহ্মনিষ্ঠ গৃহস্থ। ব্রহ্মচর্ষব্রতধারী সন্ন্যাদী নয়। কিন্তু যার দেশ পরাধীন তাকে স্বাধীনতার জত্যে লড়তে হবে। লড়াই যতদিন না শেষ হচ্ছে ততদিন আরামে ঘরসংসার করা চলবে না। তাই বলে কি একটি মেয়ে তার জন্তে শবরীর মতো প্রতীক্ষা করবে ? যৌবন বয়ে যেতে দেবে ? জরাগ্রন্ত হবে ? সম্ভানের জননী হবে না ? স্বাভাবিক জীবন যাপন করবে না ৷ আাবনর্যাল হবে ৷ আমি বড়ো আশা করেছিল্ম যে জুলি স্থকুমার দত্তবিশাদকে বিয়ে করে স্থী হবে। তা তো হলো না। জুলির আমাকেই পছল। কোনোদিন ওকে আমি ভোলাবার চেপ্তা করিনি। বরং দাভিগোঁফ রেথে হোঁদলকুংকুতের মতো চেহারা করে ভন্ন পাইয়ে দিয়েছি। আমি যা থাই তা কি ও কোনোদিন থাবে ? আকাঁড়া চালের ভাত, অভ্হরের ডাল, কাঁচা আনাজ, সিদ্ধ তরকারির ঘেঁটে। জুলিকে নিবুত্ত করতেই চেয়েছি। কিন্তু কমলী নেহি ছোড়তি। বিয়ে ওকে করতেই হবে। বিমের পর বিমের স্থা দিতেই হবে। ত্রংথও যে দিতে হবে ন, তা নয়। বিরহের হৃঃথ। ওর যা মতিগতি ও কথনো গ্রামে বা আশ্রমে থাকবে না। কিছুদিন পরে পালিয়ে আদবে কলকাতা শহরে। ওর মায়ের কাছে। ওকে স্থী করার জন্যে আমিও আমার কর্মস্থল ছেড়ে চলে আদব নাকি ? তা হয় না। পুরুষের কাছে তার কর্মক্ষেত্রই যথাস্থান। শেষপর্যন্ত হয়তো দেখা যাবে তু'জনের তুই কর্মক্ষেত্র। সৈটা মেনে নিয়েই বিবাহিত জীবন। তাতেও আমি রাজী। তবে আপাতত আমরা একদঙ্গে থাকার কথাই ভাবছি। জুলি আপাতত আমার আশ্রমেই বা তার আশেপাশেই থাকবে। সোনাদি যেমন আছেন দেবাগ্রামে। তার আগেই বিয়েটা যেন চুকে যায়। কিন্তু আরো আগে দ্মামাকে একবার আশ্রমে গিয়ে সব ঠিকঠাক করতে হবে।"

বৌদি সহাত্বভূতির স্থরে বলেন, "ভেবো না, সৌম্য। সব আপনি ঠিক হয়ে যাবে। ঠিক করে দেবে প্রকৃতি। দে তোমার বাপুর চেয়েও বলবান। তার কাছে কত ঋষি মূনি হার মেনেছেন। তাঁদের আশ্রমে কী না হতো! প্রকৃতির সঙ্গে মাত্বকে আপন করতে হয়। তোমাদেরও করতে হবে। বাপুকে মাত্ত করতে গিয়ে প্রকৃতিকে অমাত্ত করলে তার ফল হবে মানসিক বিকার। এর মধ্যে আমি কোনো নৈতিক স্থলন দেখিনে। ছিলুদের গৃহস্ব আশ্রমে পতিপত্নীর সহবাসই স্থনীতি।"

শ্বপনদা জুড়ে দেন, ''রাজনীতি ছেড়ে দিলে বাপুও তোমাদের গৃহস্থের মতো আচরণ করতে বলবেন। তবে সংগ্রামের বেলা ডাকবেন না। কী আদে যায়?"

সৌম্য দীর্ঘাদ ফেলে। ''ভারতের শেষ স্বাধীনতা সংগ্রামে আমার অংশ থাকবে না! তপস্থা ব্যর্থ যাবে!"

স্থপনদা তাকে সান্থনা দেন। "ভারতের শেষ স্বাধীনতা সংগ্রাম এত বেশী ভায়োলেট হবে যে তাতে তোমার অংশ থাকতেই পারে না। যদি না তুমি স্ভাবের মতো জঙ্গী নেতা হও। তা যদি হও তবে তোমার বাপুর সঙ্গে তোমার বিচ্ছেদ অনিবার্য।"

"না, না। আমি কথনো আমার ম্লনীতি থেকে বিচ্যুত হব না। উদ্দেশ্য যেমন মহৎ হবে উপায়ও তেমনি বিশুদ্ধ হবে। মিলিটারিজমের সাহায্য নিলে পরে তার সঙ্গে লড়তে,পারা যাবে না। স্বাধীন ভারত মিলিটারিদট হলে দেটা কি আমার সহ্থ হবে ? আবার আমি জেলে যাব। বাপুর সঙ্গে আমার বিচ্ছেদ অসম্ভব। সত্য আর অহিংসা তো আমি বিসর্জন দিচ্ছিনে। সেখানে শ্বির থাকছি। অন্থিরতা কেবল ব্রহ্মচর্যের বেলা। আরো কিছুদিন লাগবে মনংশ্বির করতে। দেশকে ভালোবাসা আর নারীকে ভালোবাসার মধ্যে কোনো বিরোধ নেই। বাপুর সঙ্গে একদিন এ নিয়ে আমার বোঝাপড়া হবে। কিন্তু এখন নয়। এখন তিনি সিমলা বৈঠকের ব্যর্থতার পর বোমাইতে নিখিল ভারত কংগ্রেস কমিটির পলিসি নির্ধারণ নিয়ে ব্যস্তা। বড়ো বড়ো নেতাদেরই সময় দিতে পারছেন না। আমাকে দিলে কতটুকু সময় দেবেন ? বাপুর সঙ্গে বোঝাপড়া ধীরে স্ক্রেছ হবে। আপাতত জুলির সঙ্গে বোঝাপড়া তো হোক। আমি বেশ ব্রতে পারছি যে আমি যদি ওর হাত না ধরি ও সমুদ্রের অন্তঃশ্রেতির টানে তলিয়ে যাবে।" সৌয় উদ্বেগের সঙ্গে বলে।

"ঠিক বলেছ। সাধাশ।" বৌদি তারিফ করেন। "এবার আমার একটা পরামর্থ শোন দেখি। তুমি জঙ্গী নেতা হবে না। কিন্তু তার বদলে হবে জংলী নেতা। দাড়ি গোঁফের জঙ্গলে তোমার মূথ চোথ ঢেকে যাবে। সেটা কোন্বৌ পছন্দ করবে ? বিয়ের আগে হেয়ার কাটিং সেলুনে গিয়ে জঙ্গল সাফ করে এসো। তথন তোমাকে রাজপুত্রের মতো দেখাবে।"

সৌয্য হো হো করে হাসে।

স্বপনদা হাসি থামিয়ে বলেন, "দেশমাতার চল্লিশ কোটি সন্তান। তুমিই একমাত্র নও। কিন্তু ক্যারামেলের তুমিই একমাত্র বর। তুমি না থাকলেও সংগ্রাম দিব্যি চলবে, ফলাফলের এমন কিছু ইতরবিশেষ হবে না। কিন্তু তুমি না থাকলে ওই মেয়েটির ভবিশ্বং অন্ধকার। তা হলে বুবাতে পারছ তোমার উপস্থিত কর্তব্য ওর পাশে দাড়ানো। ওকে স্বাভাবিক জীবনে প্রতিষ্ঠিত করা। কোথায় থাকবে, কী থাবে, এদৰ প্রশ্ন গুরুতর নয়। তুমি দেখবে ও তোমার দক্ষেই আশ্রমে বা গ্রামে থাকবে। আকাড়া চালের ভাত আর অড়হরের ডাল থাবে। তবে হজম করতে পারবে কি না সন্দেহ। প্রেমে পড়লে বা প্রেমে পড়ে বিত্রে কবলে মেয়েরা সব তুঃথ সইতে পারে। সইতে পারে না কেবল স্বামীর ভালোবাপার শরিক। দেদিক থেকে তুমি ঠিক থাকলেই হলো। অন্ত কোনো নারী তোমার দিকে ফিরেও তাকাবে না। তোমার ওই कक्रनिष्टि अत्मत जर्म शहिरा प्रति। थवत्रमात, अपि माक कत्रराज स्वराम ना। রাজপুতুর হলেই তুমি গেছ। তোমাকে নিয়ে অশাস্তি স্পষ্ট হবে। তবে ক্যারামেল যদি তোমাকে দভ্য ভব্য করতে চায় দেকথা আলাদা। বৌরা নিজেরাই কাঁচি ধরে শিল্পকর্ম করে, জানো তো। তুমিও হয়তো একদিন একটি শিল্পকর্মে পরিণত হবে।" এই বলে স্বপন্দা শাসান ও হাসান।

## ॥ চার ॥

শিয়ালদা থেটশন। চিটাগং মেল। সৌম্যকে তুলে দিতে এসেছে জুলি, সঙ্গে বাড়ীর গাড়ীর ডাইভার। টেন ছাড়তেই জুলি ক্ষমাল নেড়ে বিদায় দেয়। সৌম্য কিছুক্ষণ বাইরে মাথা বাড়িয়ে তাকায়। তারপর সন্থ কেনা সংবাদপত্তে মুখ ঢাকে। একটু দ্রে বদেছিলেন এক পরিচিত সহযাত্রী, সস্তোষ সাধুর্থা। কুশল প্রশের পর তিনি কথাবার্তা জুড়ে দেন। "গান্ধী মহারাজের ওটা কি সন্তিয়কার অন্তব্ধ, না ডিপ্লোমাটিক অন্তব্ধ ? অল-ইণ্ডিয়া কংগ্রেম কমিটির মিটিংএ হাজির না থাকার অজুহাত ? আছেন বোদাইতে, যোগ দিয়েছেন ওয়াকিং কমিটির বৈঠকে, অথচ এ. আই. সি. সি'র বেলা অন্তব্ধ!"

সৌম্য জুলির কথা ভাবছিল। ভাবনায় ছেদ পড়ায় মনে মনে বিরক্ত হয়। বলে, ''আজকাল ভিনি কথায় কথায় গুরুদেবের গানের একটি পঙ্কি আওড়ান। 'যদি ভারে ডাক শুনে কেউ না আদে ভবে তুই একলা চল রে।' ওঁর ছেলেরা এখন দাবালক হয়েছে। বাপের কথায় ওঠে না, বদে না। মানে মানে দরে থাকাই বুড়ো বাপের পক্ষে শ্রেয়। দিদ্ধান্ত যা নেবার তা ওরাই নিজেদের বিবেচনায় নেবে। ফলাফলের জল্যে নিজেরাই দায়ী হবে। আপংকালে কংগ্রেম একটা দৈল্লল। অন্য সময় একটা গণতান্ত্রিক প্রতিষ্ঠান। একজনের নির্দেশ নয়, অধিকাংশের মতে কাজ করবে। আজকের পরিস্থিতিতে কংগ্রেম নেতারা দাবালক পুত্রের মতোই ব্যবহার করবেন। তাঁদের মধ্যেও দে রকম একটা ভাব লক্ষ করা যাছে। বিশেষ করে জবাহরলালের মধ্যে। মনে হছে তিনিই বাপের বড় ছেলে। যদিও বয়দে বল্লভভাই ও রাজেন্দ্রপ্রসাদের চেয়ে হোট। বাপু তো অনেক আগে থেকেই ঘোষণা করে বদে আছেন যে জবাহরলালই তাঁর উত্তরাধিকারী।"

সস্তোষবাবু তা শুনে বলেন, "জবাহরলালের নেতৃত্ব কি কংগ্রেসস্থদ্ধ স্বাই মেনে নেবে ? দেশস্থ্দ তো দূরের কথা।"

"তা যদি বলেন দেশস্ক লোক কি গান্ধীজীকেই মানে ? তাঁকে ভক্তি করে স্বাই, কিন্তু কেউ তাঁর একটি কথাও মানে না। উপায় হিসাবে অহিংসার উপরে কারো বিশ্বাস নেই। গত মহাযুদ্ধে জার্মান পক্ষে হ'কোটি আর কশ পক্ষে হ'কোটি লোক মারা গেছে। এ ছাড়া ইস্ক-মার্কিন পক্ষেও বছ লোক মরেছে। কিন্তু কোথাও কি হিংসার প্রেন্তিজ্ঞ কমেছে ? আমাদের এ দেশেও না। বাপু এখন রাশ ছেড়ে দিছেন। কংগ্রেস যদি স্বেচ্ছায় অন্ত পথ নিতে চায় নিতে পারে। তবে দেখেগুনে মনে হচ্ছে কংগ্রেস নিবাচনে নামবে। যদি ক্ষেতে আবার মন্ত্রিত্ব করার আহ্বান পেলে আবার মন্ত্রিত্ব করবে। অবশ্য জিল্লা লাহেব যদি বাগড়া না দেন। তিনি পাচবছর আগে থেকে শাসিয়ে রেখেছেন যে তুলকালাম কাও করবেন।" সৌম্য স্বরণ করে।

"বাপ রে, বাপ। জিলা সাহেব। গান্ধীজী সতেরো বার তাঁর দরবারে হাজির হয়েছেন। তিনি একবারও রিটার্ন দেনন। দ্বিতীয় এক বডলাট আর কী। বড়লাটকেও কি তিনি ভোয়াকা করেন। সিমলা বৈঠকটা ভো তাঁর জেদের জন্মেই ভেন্ডে গেল। ওয়েডেল চেয়েছিলেন লীগের বাইরে থেকে একজন ইউনিয়নিস্ট ম্পলমান। তাঁরা যুদ্ধে সাহায্য করেছেন। জিলা বাদ সাধলেন। লীগপন্থী ভিন্ন আর কেউ ম্পলিম প্রতিনিধি হতে পারে না। গার অনমনীয় জেদের কাছে রাজপ্রতিনিধি পর্যন্ত নতজায়। তিনি তুলকালাম কাণ্ড করলে কংগ্রেস নাচার।" সস্তোষবাবু বলেন।

তৃতীয় শ্রেণীর কামরা। সৌম্যর মাণায় গান্ধী টুপী দেখে জনভার ভিতর থেকে একজন মৌলবী বলে ওঠেন, "দাদাজী, এমন দিন ছিল যথন জিলা मार्टिवरे मराजाबीत्क वाँवावात जान द्वाचारे एथरक वातरजानी इति यान। তাঁর দৌরার জন্মেই তো দেবার গণ সত্যাগ্রহ শুরু হবার আগেই বন্ধ হলো। অসময়ের বন্ধুই তো আদল বন্ধ। তাঁর দক্ষে পরামর্শ না করে, তাঁর দলের লোকদের বাদ দিয়ে দাত আটটা প্রদেশে মন্ত্রীমণ্ডল গঠন করলে তাঁর মান থাকে কোথায় ? আরো আগে সাধারণ নির্বাচনের সময় মুসলমানদের জন্মে নির্দিষ্ট আসনগুলিতে লীগ প্রার্থী মুদলমানদের বিরুদ্ধে কংগ্রেদ প্রার্থী মৃসলমানদের থাড়া করা হয়েছিল। মৃসলমানে মৃসলমানে লড়াই বাধিয়ে দেওয়াটা কি ইংরেজ শাসকদের মতো হিন্দু শাসনপ্রত্যাশীদের ডিভাইড আাও ফল নয় ? গান্ধী মহাত্মাকে চেপে ধরলে তিনি বলবেন তিনি কংগ্রেসের সদপ্রও নন। কায়দে আজমের সঙ্গে কথাবাতার সময় তাঁর ওই একই কৈফিয়ৎ। তিনি কংগ্রেদের হয়ে কথা বলবার অধিকারী নন। আবার সাধারণ নির্বাচনের मिन जामरङ। जावात राज्यनि छाटेरा छाटेरा लाग्रेट टर्ज पार्टि । मानाजी, আপনি কি সেটা ভালো মনে করেন ? যদি না মনে করেন তো গান্ধী মহাত্মার দৃষ্টি আকর্ষণ করুন। মুদলিম লীগ যদি কংগ্রেদের দঙ্গে আপদে আদন ভাগ করে নের তা হলে তার হুর বদলে যাবে। সে আর পাকিস্তানের ধুয়ো ধরে নির্বাচনের কেল্লা ফতে করতে চাইবে না। আমরা মুসলমানরাও বুঝি যে পার্টিশন আমাদের পক্ষেও ভালো নয়। কিন্তু কংগ্রেদী মুসলমানদের কাছে হার মানতেও আমরা নারাজ। ওঁরা দেশের জন্যে জেলে গেছেন, অনেক ত্যাগ স্বীকার করেছেন, তা ঠিক। কিন্তু হিন্দুখানের মুসলিম সম্প্রদায়ের ভবিশ্বতের দিক থেকে চিন্তা করলে কায়দে আজমের মনোনীত বাক্তিদের বিক্লমে দাঁডানো

উচিত নয়। আমিও তো এক কালে কংগ্রেসে ছিলুম। জেলেও যে যাইনি তা নয়। কিন্তু এখন আমার বিচারে কায়দে আজমের হাত শক্ত করাই সব মুসলমানের কর্তব্য।"

সৌম্য হতবাক্। জাপানীদের আক্রমণের মুখে যাদের বাঁচাতে সে চৃড়াস্ত ঝুঁকি নিয়েছিল তারাই এত সহজে ভূলে গেল কংগ্রেসের কী ভূমিকা আর লীগেরই বা ভূমিকাটা কী। মহাত্মার কথা ইতিমধ্যেই ভূলে গেছে। যাক গে!

''দেখুন, মিঞা ভাই, আপনি নিজেই তো একদিন কংগ্রেসে ছিলেন। আপনার নিজেরও একটা দাবী আছে কংগ্রেস থেকে দাঁভাবার। দলে ভারী হলে মন্ত্রী হবার। উত্তরপশ্চিম সীমান্ত প্রদেশের পাঠানদের মতো নির্যাতন সহ্য করেছে কে ? থান্ আবহুল গফ্ফার খান্ নির্বাচনে বিশ্বাস করেন না, মিপ্রিডে বিশ্বাস করেন না। তিনিও গান্ধীজীর মতো নিঃস্পৃহ সত্যাগ্রহী। আমিও তাঁদের অহুগামী। কংগ্রেস যদি নির্বাচনে না লড়ত, মন্ত্রিত্ব না চাইত তা হলে সত্যাগ্রহ আরো ভালো জমত। দেশের স্বাধীনতা আরো গৌরবময় হতো। কিন্তু পলিসি স্থির করতে হয় পাটির নাড়ী টিপে। নির্বাচনে নামতে না দিলে কংগ্রেস ভেডে হ'খানা হতো। মন্ত্রিত্ব করতে না দিলেও তাই। ফলে যা হবার তা হয়েছে। গান্ধীজীর ক্রদয়ে মুসলমানদের প্রতি এককোটাও বিরাগ বা বিশ্বেস নেই। কংগ্রেস মুসলমানদেরও পাটি। যারা পাকিস্তান চান না তেমন মুসলমানের সংখ্যাও বড়ো কম নয়। মুসলমানরা একবাক্যে পাকিস্তান চাইলে তাঁদের গায়ের জোরে বাধা দেওয়া কংগ্রেস নীতি নয়। আপসও নয় কংগ্রেসের নীতি। কংগ্রেসের নীতি অহিংস অসহযোগ। মুসলিম লীগকে সিংহাসন ছেড়ে দিয়ে কংগ্রেস যাবে বনবাদে।'

মৌলবী সাহেব উচ্ছুসিত স্বরে বলেন, "অহিংস অসহযোগের বংশীধ্বনি তনে আমিও তো কুলত্যাগ করেছিল্ম, দাদাজী। কুলত্যাগ ব্বালেন না? স্কুলত্যাগ। মদের দোকান পিকেট করতে গিয়ে মাস ছয়েক বন্দীও ছিল্ম। সেসব দিন কি ভোলা যায়? তার পরে এল উল্টোরথের দিম। প্রায় সবাই স্কুড্সুড় করে স্কুলে কলেজে ফিরে যায়। আমিও। অহিংস অসহযোগের উপর বিশাস টলে যায়। নেতাদের অনেকেই কাউন্সিলে গিয়ে সরকারের সঙ্গে লড়বার নতুন কায়দা শেখান। মনে হলো সেইটেই ঠিক পথ। দেশবন্ধু চিত্তরঞ্জনের উপর আমার অগাধ আছা। ছিন্দু মুসলমানকে একজোট করতে

হলে চাই নির্বাচিত সদস্যদের তু'পক্ষের একটা চুক্তি। তার নাম বেঙ্গল প্যাক্ট। মৃদলমান দদভাদের কথা হলো শতকরা পঞ্চারটি চাকরি তো মুদলমানদের এমনিতেই পাওনা। তার উপর আরও পচিশটা দিতে হবে, যাতে তারা এগিয়ে থাকা হিন্দুদের ধরে ফেলতে পারে। তা হলে দাঁড়ায় শতকরা আশি। অবশ্য সাময়িকভাবে। দেশবন্ধুর দরাজ দিল। তিনি এককথায় রাজী। কিন্তু মুশকিল বাধায় হিন্দু জনমত। আশি দূরের কথা, পঞ্চারতেও হিন্দুদের আপতি। তার মানে হিন্দুরা বরাবর এগিয়ে থাকবে, মুদলমানরা কোনো দিন ভাদের ধরতে পারবে না। কংগ্রেদ লীগের লখনউ চুক্তি অত্নসারে বাংলাদেশের হিন্দুদের সংখ্যাত্মপাত কম বলে তারাই পাবে ওয়েটেজ। শতকরা পঞ্চাশের বেশী। তারা কম করে পঞ্চাশে রাজী হতে পারে। তার কমে নয়। বি. সি. চ্যাটাজির ফরমুলা হলো ফিফটি ফিফটি। মুসলিম প্রতিনিধিরা নারাজ। অমনি করে বেঙ্গল প্যাকট ফেঁসে যায়। হিন্দু মুসলিম একজোট হয় না। দেশবন্ধু কাউন্সিলের ভিতরে গিয়েও ভোটের জোরে সরকারকে হারাতে পারেন না। তাঁর পলিসি বার্থ হয়। তিনি মনের ছ:থে মারা যান। তথন থেকেই কংগ্রেদের উপর আমাদের অনাস্থা শুরু। ব্রিটিশ প্রধানমন্ত্রী ব্যামজে ম্যাকডোনাল্ডের রোয়েদাদের পর কংগ্রেদের মুখোদ খুলে গেছে। তা বলে দব মুদলমান লীগপন্থী বনে গেছে তা নয়। কিন্তু পাকিন্তানের প্রতিশ্রতি আর কোনো দল দিচ্ছে না। যে দল দিচ্ছে তারই ভোটে জেতার সম্ভাবনা বেশী। পাকিস্থান যদি হয় ভোটের জোরেই হবে। গায়ের জোরে নয়। সারা ভারতে মুসলমানদের ভোটের জোর হিন্দুদের তুলনায় কম, সারা ভারত পেলে মুদলিম লীগ ভোটের জোরে শাদন করতে পারবে না। ভাই ভারতের একটা অংশই চায়। সমস্তটা নয়। আপনারা তো তুই-তু:<ীয়াংশই পাবেন, তবে অহিংস অসহযোগ করতে বাবেন কোন্ ছংখে ?"

"বাঙালী হিন্দু, পাঞ্চাবী হিন্দু-শিখ, উত্তরপশ্চিমের পাঠান, এদের ইচ্ছার বিরুদ্ধে পাকিস্তান চাপিয়ে দিলে এরা তো বিদ্রোহ করবেই। করবে আসামের হিন্দু ও গ্রীন্টান সংখাগরিষ্ঠ জনগণও। যদি আসামকে পাকিস্তানের সামিল করা হয়। ব্রিদ্রোহ যাতে গৃহযুদ্ধের আকার না নেয় সেইজন্মেই তো আমাদের অহিংস অসহযোগ। আমাদের মানে গান্ধীজীর অহুগামীদের। কংগ্রেসের হয়ে আমি কথা বলতে পারব না। তিনি নিজেও পারবেন না। সেকালের বারা নো-চেঞ্চার একালে তাঁরাও হয়েছেন প্রো-চেঞ্চার। কাকে নিয়ে কাজ

করবেন গান্ধীজী ? জিল্লা সাহেব কি ব্রুতে পারছেন না যে গান্ধীর সঙ্গে কথাবার্তার চেয়ে জবাহরলাল, বল্লভভাই ও আব্ল কালাম আজাদের সঙ্গে কথাবার্তা আরো বেশী গুরুত্বপূর্ণ পাকিস্তান আপসে পেতে হলে এঁদের সঙ্গেই আপস করতে হবে। গান্ধীজী আপস করবেন না। দরকার হলে অহিংস অসহযোগ করবেন।"

"আপদ কে না চায়, দাদা?" মৌলবী দাহেব একান্ত আন্তরিকভাবে বলেন, "কিন্তু তার একটা পদ্ধতি আছে। চাই আর একটা কংগ্রেদ লীগ প্যাক্ট। যেমনটি হয়েছিল লখনউতে ১৯১৯ দালে। উল্লোক্তা হয়েছিলেন টিলক মহারাজ আর জিল্লা দাহেব। আহা, টিলক মহারাজ যদি থাকতেন তা হলে কি জিল্লা দাহেব পাকিস্তানের নাম উচ্চারণ করতেন! তেমনি চাই আবার এক বেঙ্গল প্যাক্ট। দেশবন্ধু যদি অকালে চলে না যেতেন তা হলে কি বাংলাদেশের হিন্দু ম্দলমানের আজকের এই হাল হতে। কাগজ খ্লানেই থিন্তি থেউড়! ম্দলমানমাত্রেই রাবণ, হিন্দু মাত্রেই রাম। কিংবা হিন্দুমাত্রেই শায়তান, ম্দলমানমাত্রেই ফেরেন্ডা। কই, আপনাকে তো শায়তানের মতো দেখায় না, আর আপনিই বলুন, আমিও কি রাবণের মতো দেখতে '''

সন্তোষ সাধুথা বলে ওঠেন, "আরে না, না, ভাই সাহেব। আপনাকে বরঞ্চ পীর সাহেবদের মতো দেখতে। আমরা হিন্দুরা পীরদের খুব মানি। আপনিই মিটিয়ে দিন না আজকের এই বুগা কলহ। হিন্দু কি মুসলমানকে ছেড়ে বাঁচতে পারে, না মুসলমান হিন্দুকে ছেড়ে প পাকিস্তানের প্রস্থাবটা তো পরস্পরকে এলিয়েন ক্বার পরিকল্পনা। মুসলমানের রাজ্যে হিন্দু থাকবে না, থাকলে এলিয়েন হিসাবে থাকবে। আর হিন্দুব রাজ্যে মুসলমান থাকবে না, থাকলে দে হবে এলিয়েন। হিন্দু মুসলমানের অতীতের সম্পর্ক।ক ছিল এলিয়েনের সঙ্গে এলিয়েনের সম্পর্ক । সিরাজের জন্যে হিন্দুরা যত কেঁদেছে আর কে তত কেঁদেছে । এই বিভেদ নবাবী আমলে ছিল না। এটা ইংরেজেরই স্পৃষ্টি। ইংরেজ বিদায় নিলেই এর বিলোপ ঘটবে। আপনি যাঁর সঙ্গে কথা বলছেন তিনি কে জানেন । তিনি প্রথম সারির গান্ধীবাদী কর্মী সৌম্য চৌধুরী। সম্প্রতি তু'বছর জেল থেটে ফিরছেন। ইংরেজকে ভারত ছাড়াতে গিয়ে এই তুর্ভোগ।"

''গোন্ডাকী মাক করবেন, দাদা।" মৌলবী সাহেব সশ্রদ্ধ হয়ে বলেন, "ছোট ভাইয়ের নাম গোলাম রহমান। আপনি বাইরে এসেছেন, ভালোই হয়েছে। বাইরে না এলে ব্রাতে পারতেন না পদ্মানদীর জল কতদ্র গড়িয়েছে। আপনাকে ৰাইরেই থাকতে হবে, আবার জেলে গেলে চলবে না। জেলে গেলে থেই হারিয়ে ফেলবেন। গান্ধী মহারাজও থেই হারিয়ে ফেলবেন। গান্ধী মহারাজও থেই হারিয়ে ফেলেছেন। সমস্তাটা শুধু ইংরেজদের থাকা না থাকা নিয়ে। হিন্দেরও থাকা না থাকা নিয়ে। মুসলমানদেরও থাকা না থাকা নিয়ে। সিরাজের আমল থেকে আমরা সবাই এখন বছৎ দ্রে সরে এসেছি। পরস্পরের উপর বিশাস চলে গেছে। ইংরেজদেরকে যেমন কংগ্রেসওয়ালারা ভারত থেকে সরতে বলছেন তেমনি কংগ্রেসওয়ালাদেরও লীগওয়ালারা বলছেন পাকিন্তান থেকে সরতে। ইংরেজরা ভারত ছাড়লে হিন্দুরাই সমগ্র ভারত পাবে, তাই মুসলমানরা চায় ভারতের একাংশ। মুসলিম ভারত বা পাকিন্তান। এই ভাগাভাগির থেকে পরিত্রাণের একমাত্র উপায় হচ্ছে কংগ্রেস লীগ প্যাকৃট আর বেন্ধল প্যাকৃট। জিল্লা সাহেবের সঙ্গে দরাদরি করতে হবে মহাত্মা গান্ধীকে। ছক্, নাজিম, স্বহরাবর্দীর সঙ্গে দরাদরি করতে হবে শরৎচন্দ্র, কিরণশঙ্কর, শ্যামপ্রসাদকে।"

সৌন্য অন্মনস্কভাবে বলে, "আমি আপনার সঙ্গে একমত। কিন্তু একটি শর্তে। আগে ইংরেজরা ভারত ছাড়বে, তারপরে নেতাদের মধ্যে দ্রাদ্রি বা ভাগাভাগি হবে। যাবার বেলা ওরা লীগনেতাদের হাতেই সারা ভারত সঁপে দিয়ে যাক।"

এবার আরো ক্ষেকজন তর্কে যোগ দেন। তর্ক করতে করতে স্বাই যথন অন্তমনস্ক তথন ট্রেন এসে দাঁড়ায় রানাঘাট ঠেশনে। বহু ঘাত্রী নেমে যায়; বহু যাত্রী ওঠে। হঠাৎ এ কী ! এ কে । জুলি।

"কেমন আছো, সৌমা ? কট হচ্ছে না তো গ্যাভিড়।" জুলি বলে। "তুমি এলে কোখেকে ?" সৌমা হকচকিয়ে যায়।

"মেরেদের কামরা থেকে। তোমার কাছ থেকে বিদায় ানয়ে আমি এক মিনিটের মধ্যেই মনঃশ্বির করি যে তোমার সঙ্গেই যাব। নইলে ভোমার জন্যে দিনরাত ভেবে মরব। ড্রাইভারকে বলি মাকে জানাতে। আর চেকারকে বলি প্লাটফর্ম টিকিট নিয়ে সেকেগু ক্লাস টিকিট দিতে। এথানে ট্রেন কতক্ষণ দাঁড়ায়? একটা টেলিগ্রাম করতে হবে মুস্তাফী মেসোমশায়কে যে, ভোমার সঙ্গে আমিও আসছি।" জুলি এক নিঃখাসে বলে যায়।

<sup>\*</sup>কী কাণ্ড! লোকে ভাবৰে ভোমাকে নিয়ে আমি ইলোপ করছি।<sup>\*</sup>

প্ল্যাটফর্মে নেমে টেলিগ্রাফ অফিসের থেঁাজে যেতে যেতে বলে দৌম্য। আর কেউ শুনতে পায় কি না কে জানে।

"সেটা ভুল। আমিই তোমার সঙ্গে ইলোপ করছি।" জুলি হাসে।

গাড়ী ছেড়ে দিচ্ছে দেখে হুড়মুড় করে ওরা ত্র'জনেই দৌম্যর কামরায় উঠে পড়ে।

জুলিকে উঠতে দেখে তিন চারজন পুরুষ জায়গা ছেড়ে দিতে উত্তত হন। সে হাত জোড় করে মাফ চায় ও ধন্তবাদ দেয়। আসন করে নেয় সৌম্যর পাশাপাশি। বলে, "পরের স্টেশনেই আমি নেমে যাব।"

পরের প্টেশনে গাড়ী অল্লক্ষণথামে। সেথানে নামা নিরাপদ নয়। এর পরে পোড়াদা জংশন। রিফ্রেশমেন্ট রুমে গিয়ে ওরা উপবাদ ভঙ্গ করে। তারপর যে যার কামরায় যায়।

গোয়ালন্দে নেমে ওরা চাঁদপুরের স্থীমারে ওঠে। এবার আর ঠাই ঠাই নয়। একদঙ্গেই মধ্যাহুভোজন। একদঙ্গেই ডেকের রেলিং ধরে দাঁড়িয়ে দাঁড়িয়ে পদা নদীর রূপ অবলোকন। গল্পগুজব। নানা কথা।

''রাইন ট্রিপ মনে পড়ে যায়। কিন্তু তুমি আমার সঙ্গে ছিলে না। ছিল স্থ্যার।'' জুলি বলে সসঙ্গোচে।

"আমারও মনে পড়ে। আমিও নি:দঙ্গ ছিলুম না। ছিলেন আমার এক বিদেশিনী বান্ধবী।" দৌয়্য বলে অসক্ষোচে।

"তা হলে তুমি ওঁকেই বিয়ে করলে পারতে ?" জুলির অভিমান।

"ক্ষেপেছ! তাঁর দক্ষে আমার তেমন সম্পর্ক নয়। বিয়ে করলে করতুম অলকাকে। কিছু তা হলে আমাকে ব্যারিন্টার হয়ে কিরতে হতো। আমার জীবনের ধারাভঙ্গ হতো। অলকার ভালো বিয়ে হয়েছে। ও স্থেই আছে।" সৌম্য তাকে ভোলেনি।

ত্ত্বিল ক্ষাৰ্থ কৰিছে বাইন ট্ৰিপ কৰলে না কেন তাই ভাবছি। তোমাৰ মতে। স্বদেশী মানুষের কেন বিদেশিনী বান্ধৰী ? জুলি কটাক্ষ কৰে।

\*উনিও ভারতভক্ত আর শান্তিবাদী। আমাদের শাস্ত্রেই বলেছে বহুবৈধব কুটুম্বকম্। আমি তো লঘুচেতা নই যে একে আপন ওকে পর ভাবব। স্বাধীনভার জন্তে লড়েছি, আবার লড়ব, কিন্তু শক্রভাবে নর, বন্ধু ভাবেই। সৌম্য বলে।

"দেইখানেই তো তোমার দক্ষে আমার মতভেদ ও পথভেদ। তোমার

বিশ্বাদ ইংরেজদের অন্তঃপরিবর্তন হবে। যেন প্রত্যেকেই এক একটি অ্যাণ্ড্রুজ্ব সাহেব বা মীরা বেন। গান্ধীজীর ওই এক ধারণা। অন্তঃপরিবর্তন অবশ্রস্তাবী। তার জন্মে কট্ট যা দইবার তা আমাদেরই দইতে হবে। ওদের নয়। কেন, ওদের নয় কেন গ সত্যি, ভগবানের কী অবিচার। রাশিয়া আর জার্মানী ধ্বংস হয়ে গেল, ইংলণ্ডের গায়ে অাঁচড়টি লাগল না। যেটুকুলাগল সেটুকু ধর্তব্যই নয়। কী ভাগ্যবান ওরা। জিতে গেল শঠতার জোরে। কমিউনিস্ট রাশিয়া, তার সঙ্গে ক্যাপিটালিস্ট ব্রিটেনের আঁতাত। অবিকল প্রথম মহাযুদ্ধের মতো। যেন বিপ্লবটা মায়া। দেখে ভনে গা জ্বালা করে। বাবলীটা জিতে গেল।" জ্বলির ক্ষোভ।

"ওসব হলো উচ্চ রাজনীতি। কার সাধ্য বোঝে! স্বাই তোধরে
নিয়েছিল চেম্বারলেন প্রধানমন্ত্রী থাকবেন। জার্মানীকে লড়তে দেবেন
রাশিয়ার সঙ্গে। রাশিয়াকে জার্মানীর সঙ্গে। ব্রিটেন দাঁড়িয়ে দাঁড়িয়ে মজা
দেথবে। শিস্তু চার্চিল হলেন প্রধানমন্ত্রী। তাঁর নতুন শত্রু হিটলারকে টিট
করতে পুরনো শত্রু কালিনের সঙ্গে হাত মেলালেন। মান অপমান তুচ্ছ করে
ছুটে গেলেন মস্কোতে, থোসামোদ করলেন, 'মার্শাল স্টালিন!' 'মার্শাল
স্টালিন!' যেন কতঞালের ইয়ার। খানাপিনার বহর কত! চার্চিলের পেট
টাইটম্বর। একটা আন্ত ভয়োর ছানাকে রোস্ট করে এনে চার্চিলের সামনে
রাখা হয়। পেটে তিল ধারণের ঠাই নেই। খেলে গোটা খেতে হতো। কেটে
নিলে চলত না। চার্চিল মাফ চান। তথন স্টালিন সেটাকে নিজের পাতে
টেনে নিয়ে অমানবদনে গলাধঃকরণ করেন। চার্চিল তো হাঁ! ওদিকে হিটলার
হলেন পরম নিরামিষাশী। সন্সেজটুকুও মুখে তুলবেন না। যেটা শশার মতো
স্বে জার্মান কামড়ে কামড়ে খায়।" সৌম্য নিজে নিরামিষভোজী।

"ভগবানের কী অবিচার! নিরামিষ খায় যে হাতী তারই হয় হার। আমিষ খায় যে সিংহ তারই হয় জিং। তুমি ভাবছ গান্ধী জিতবেন। সরকার হারবে। ত্রাশা! সেটা তোমাদের ত্রাশা।" জুলি সহামুভূতির স্বরে বলে।

"গান্ধী জিতবেন কেন বলছ ? সত্যাগ্রহ জিতবে। সত্য আর অহিংসা মিলে যে অস্ত্র তার নাম সত্যাগ্রহ। এ অস্ত্র বাজয় জানে না ও মানে না। তবে এর জয় যুদ্ধক্ষেত্রে জয় নয়, যা সকলের চোথ ধণীধিয়ে দেয়। এর জয় প্রতিপক্ষের হদয়কন্দরে। প্রতিপক্ষ হাত বাড়িয়ে দিয়ে বলে, হাত মেলাও। আর ঝগড়া নয়। এখন থেকে সদ্ভাব। গান্ধী আরউইন চুক্তি। তেমনি একটা চুক্তি হতে পারত লিনলিথগোর সঙ্গে। হলো না। হতে পারে গুয়েভেলের সঙ্গে। হচ্ছে না। হতে পারে তাঁর পরে যিনি আসবেন তাঁর সঙ্গে। এখন থেকে আশা ছাড়বেন কেন । বাপু চিরকাল আশাবাদী।'' সৌম্যও তাই।

"গান্ধী-বড়লাট চ্চ্চি ওই একবারই হয়েছিল। আর হয়নি, হবেও না।
ওটা ব্রিটিশ পলিসি নয়। ওরা জিলাকেও গান্ধীর সঙ্গে বন্ধনীভূক্ত করতে
বন্ধপরিকর। জিলা দেটা জানেন বলেই গোঁ ধরে বদে আছেন তাঁর পাকিস্তান
চাই। তাতে গান্ধীর জয় নয়, পরাজয়। আমি তো আশাবাদের লেশমাত্র কারণ দেখছিনে। লড়তে আবার হবেই। আর সেটা অহিংসমতে নয়। কিন্তু
আমি আর লড়তে চাইনে। বিয়ে করে ঘরসংসার পাততে পারলেই ধন্য হব।"
জুলি আস্তারিকতার সঙ্গে বলে।

"তোমাকে আমি আর লড়তে বলব না। কিন্তু আমি লড়তে চাইলে তুমি যেন বাধা না দাও।" সৌম্যর আকুল মিন্তি।

"বাধা দেওয়া দূরে থাক আমি তোমার সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে লড়ব। যদি না থোকাখুকুরা বাধা দেয়।" জুলি স্মিত হেসে ৰলে।

"তার মানে কি ছটি ?" সৌম্য কৌতৃক করে।

"ছটি না হলে ভাইবোনের জুটি হয় না। সেটাই তো কাম্য। তবে কে বলতে পারে কী হবে না হবে ?" জুলি গঞ্জীর হয়ে যায়।

"আমি চাইনে যে আমার ছেলেমেয়েরা ব্রিটিশ প্রজাহয়। তোমারও চাওয়া উচিত নয়। সবুর করতে হবে।" সৌম্য দৃঢ়তার সঙ্গে বলে।

শব্র করতে করতে মা হবার বয়দ পার হয়ে যাবে। যারা জন্মাতে চায় ভারা জন্মাতে পারবে না। এ কী রকম অহিংদা! আমি ভো মনে করি ব্রহ্মচর্যও একপ্রকার হিংদা।" জুলি বেপরোয়া ভাবে বলে।

সৌম্য চমকে ওঠে। "কই, একথা তো কোনদিন শুনিনি। তোমার মুথেই প্রথম শুনেছি। কোথায় পড়েছ? কে লিথেছে?" সৌম্য জানতে চায়।

"কোধাও পড়িনি। কেউ লেখেনি। এটা আমার মৌলিক চিন্তার ফল। আৰার বলছি, ব্রহ্মচর্যও, একপ্রকার হিংসা। যারা জন্মাতে চায়, জন্মাতে পারত, তাদের প্রতি হিংসা।" জুলিও দৃঢ়তার সঙ্গে বলে। "যাদের অন্তিত্ব নেই ভারা জন্মাতে চাইবে কী করে? ওটা তোমার সন্তান-কামনার কল্পরূপ।" সৌম্য হেসে উড়িয়ে দেয়।

"তৃমি কি ধলতে চাও যে জন্মের আগে তোমার অন্তিম্ব ছিল না? আমার অন্তিম্ব ছিল না? বলতে পারো দাকার অন্তিম্ব ছিল না, কিন্তু নিরাকার অন্তিম্ব থেমন পরমান্মার।" জুলি চেপে ধরে।

সৌম্য স্বীকার করতে বাধ্য হয় যে আত্মা থাকলে তার অন্তিত্বও থাকে। সাকার ভাবেই হোক আর নিরাকার ভাবেই হোক।

''আত্মার অন্তিত্ব যদি থাকে তবে নিরাকার আত্মা সাকার হতে চাইবে, তোমার আমার কল্যাণে সাকার হবে, এতে আশ্চর্য হবার কী আছে ? আমি তো স্পষ্ট অন্তত্তব করি যে অজাত শিশুরা জন্মানোর অপেক্ষায় আছে। কী করবে, বেচারিরা অসহায়! একটি মা থাকাই যথেষ্ট নয়, একটি বাপও থাকা চাই। বাপ না থাকলে মা-ও অসহায়। পৃথিবীতে কত রকম হৃঃথ আছে। এটাও এক রকম হৃঃথ।'' জুলি করুণ-কঠে বলে।

"তুমি আমাকে ভাবিয়ে দিলে, জুলি। তোমাকে যার। পাগলী বলে তারাই পাগল। জোমার যুক্তি খণ্ডন করতে পারা কঠিন। তোমার মতো বুদ্ধিমতী নারী ওই একজনই ছিলেন। সাবিত্রী। যমকেও তর্কে হারিয়ে দিলেন। তুমি কি পূর্ব জ্বন্মে সাবিত্রা ছিলে?" সৌম্য সবিস্থায় ও সকৌতুকে হুধায়।

"সব মেয়েই সাবিজী। কেউ কম, কেউ বেশী। সবাই তো আর শতপুত্র চাম না। কাঁরো কারো একটিই যথেষ্ট।" জুলি উত্তর দেয়।

সৌম্য হেসে বলে, "হিসেব করে দেখছি ক'বার যমজ, ক'বার ত্রন্ধী, ক'বার চতুষ্টয় জন্মালে পঞ্চাশ বছর বয়সের মধ্যে শতপুত্র হয়। সাবিত্রীদের শুধু দি ঘ জীবী নয়, দীর্ঘ যৌবনা হতে হবে।"

"পোড়া কপাল! মেয়ের। কি কুকুর বেড়াল যে একদক্ষে এতগুলির জন্ম দেবে ? পয়োধর তো মোটে ঘুটি।" জুলিও হাদে।

বিবাহিত জীবনের স্বপ্ন দেখতে দেখতে ওরা চাঁদপুরে পৌছে যায়। ততক্ষণে অন্ধকার নেমেছে। নদীর জলে লক্ষ তারা।

া বাকাটুকু রেলপথে আবার। ট্রেনে ওঠার আগে ত্'জনে মিলে ভোজনাগারে নৈশ আহার দেরে নিতে যায়।

"টেলিগ্রাম ওঁরা পেয়েছেন কি নাকে জানে! তোমার জন্মে তৈরি

থাকবেন, হয়তো আমার জন্মে নয়। কেন ওঁদের বিব্রত করা? তার চেয়ে কিছু থেয়ে নেওয়া ভালো। কী বলো, সৌম্য?" জুলিই অর্ডার দেয়।

"এমনিতে পৌছতে দেরি হবে। সময়ে আহার বিধেয়। কিন্তু বেশী নয়। ওঁদের ওথানে না থেলে ওঁরা ক্ষুগ্ন হবেন।" সৌম্য অহুমান করে।

ট্রেনে ওঠার সময় চেকার বলেন, "আপনার তো সেকেও ক্লাস টিকিট। আপনি থার্ড ক্লাসে কেন।"

''পড়েছি মোগলের হাতে, থানা থেতে হবে সাথে। তেমনি, পড়তে যাচ্ছি গান্ধীবাদীর হাতে, থার্জ ক্লানে যেতে হবে সাথে। তবে এতে যদি কোনো থার্ড ক্লান যাত্রীর জায়গায় টান পড়ে তবে আমাকে স্বস্থানে যেতে হবে।'' এই বলে জুলি আসন ছেড়ে দাঁড়ায়।

"না, না, আপনি বস্থন। এমন অভুত কথা কথনো শুনিনি, ম্যাডাম। এঁকে তো আমরা বছবার দেখেছি। ইনি কোথায় এতদিন ছিলেন। বেশ কয়েক বছর দেখিনি মনে হয়।" চেকার জিজ্ঞান্ত হন।

"দেখবেন কী করে ?" দৌম্য উত্তর দেয়। "গান্ধীজী থাকবেন জেলে আর আমরা থাকব বাইরে, এটা কি ভালো দেখায় ? ইনিও জেলথানায় আটক ছিলেন।" দৌম্য জুলির দিকে থাকায়।

"আমার কী সৌভাগ্য!" চেকারের উক্তি প্রতি কঠে প্রতিধ্বনিত হয়। ''অমন করলে আমি কিন্তু সেকেও ক্লাসেই পালাব।'' জুলি শাসায়।

''না, না, আপ্নারা আরাম করে বস্থন। আপ্নারা এঁদের আরো একট্থানি জায়গা ছেড়ে দিন।'' সহ্যাত্রীদের বলে চেকার নেমে যান।

গল্প করতে করতে সময় কেটে ুযায়। লোকের যা স্বভাব, অচেনার দক্ষেও চির চেনার মতো আলাপ জমায়।

স্টেশনে সৌম্যকে ও জুলিকে অভ্যর্থনা করতে এসেছিলেন স্বয়ং ক্যাপটেন মুস্তাফী। সঙ্গে ও কে ? ও যে মিলি!

"মিলি? সত্যি তুই ?'' জুলি ওকে চুমুতে চুমুতে অস্থির করে তোলে। "কই, বেবী কই ? কী যেন ওর নাম ?''

"রণ। যুদ্ধের সময় জন্ম। ইংরেজদের মুখেও উচ্চারণ করা সহজ। রণকে যুম পাড়িয়ে এসেছি। ঠিক সময়ে খায়, ঠিক সমধে শোয়। আমি এসব বিষয়ে ইংরেজদের মতোই কড়া।" মিলি জুলিকে জড়িয়ে ধরে।

''ভায়পর, সৌম্য, কবে শুভক্ম সম্পন্ন হবে ? আর কোনখানে ? আমর। সপরিবারে যোগ দেব।'' মৃস্তাফী বলেন।

"চাল নেই, চুলো নেই, বিয়ে! যেন ঢাল নেই, তলোয়ার নেই, লড়াই। গান্ধীবাদীরা একটা করে, আরেকটা করে না। যতদিন না দেশ মুক্ত হচ্ছে। কিন্তু জুলির মা অপেক্ষা করতে চান না। আমার বাপুও অনুমতি দিয়েছেন। এখন একটা আন্তানার জন্তেই আটকাচ্ছে।" সৌম্য জানায়।

''আচ্ছা, দে ভার আমার উপর ছেড়ে দাও।'' তিনি আখাদ দেন।

"না, স্থকুমার আদেনি। পরে আদবে। আমি প্রেন ধরে পালিয়ে এসেছি।" মিলি বলে জুলির জিজ্ঞাদার উত্তরে।

## ॥ और ॥

মহাযুদ্ধ শেষ হরেছে। তার হিদাবনিকাশ করতে বদে মানস দেখছে বাংলাদেশ যদিও যুদ্ধক্ষেত্রে পরিণত হয়নি তবু এখানে ত্রিশ লক্ষের মতো মারুষ মারা গেছে। এত মারুষ ইংলণ্ড বা ফ্রান্স বা আমেরিকায় মারা যায়নি। এমন কী, ভারতীয় দৈনিকদের মৃত্যুসংখ্যাও এত বেশী নয়। আর সবাই মারা গেছে যুদ্ধবিগ্রহে, বাঙালীরা মারা গেছে ঘূভিক্ষে। ওদের তবু সান্থনা আছে, ওরা ফাসিট অহ্রদের পরান্ত বা নিপাত করেছে। বিশ্বকে করেছে তাদের হাত থেকে উদ্ধার। ওদের প্রাণদান সার্থক। কিন্তু এদের কী সান্থনা!

এই ত্রেশ লাথ লোক তো দেশের মৃক্তির জন্তে সংগ্রামে নেমে প্রাণ দিতে পারত। তা হলে অন্তত একটা প্রদেশ তো স্বাধীন হতে পারত। এদের প্রাণিদান সার্থক হতো। এদের গৌরব গাথা গান করতেন গায়করা, গ্রথিত করতেন কবিরা। চিত্রকররা আঁকত্তেন এদের বীরত্বের ছবি। ভাস্কররা গড়তেন এদের বীরোচিত মৃতি। এদের নিয়ে লেখা হতো নাটক ও যাত্রা। কিন্তু এদের মৃত্যুর জন্তে কোথায় সেই গৌরববোধ ? তুঃখ, শোক, করুণা, বিবেকের দংশন ও অসহায়তার জন্তে লক্ষ্ণা, এছাড়া যদি আর কিছু থাকে সেটা সরকারের অব্যবস্থার উপরে অভিশাপ। এ সরকার খুনী সরকার। শয়তান সরকার। স্থাটানিক গভন মেট। কথাটা হামিদের।

বছর তৃই আগে কলকাভার রান্তায় হামিদের সঙ্গে দেখা। তিনি তাঁর এক সঙ্গীকে নিয়ে ট্রাম থেকে নামেন। বলেন, "কোথায় যাচ্ছেন ? চলুন, আপনার সঙ্গে যাই। অনেকদিন পরে দেখা। কিছু বলতে চাই।"

ই্যা, তিনবছর বাদে দেখা। হামিদ ও তার সন্দীর পরণে থাকসারদের মতো থাকি পোশাক। হাতে বেলচা নেই। এই যা তফাৎ।

"এইমাত্র ইন্তফাপত্র পেশ করে আসছি।" হামিদ মানসকে চমকে দেন।

"চীফ সেক্রেটারি নিতে চান না। আমি বলি নিতেই হবে। এ সরকারের
ছকুম আমি তামিল করতে পারিনে।"

মানদ জানতে উদ্গ্রীব। "ব্যাপার কী, হামিদ!"

"আমার মহকুমায় কেউ না থেয়ে মারা যায়নি। আমি যেমন করে পারি তাদের বাঁচিয়ে রেখেছি ও রাখতুম। সরকারের এতে এক পয়সা থরচ হয়নি ও হতো না। কিন্তু আমার ব্যবস্থাটা ওঁদের পছন্দ নয়। যাতে ব্যাপারীদের ম্নাফা সেটাই ওঁদের পছন্দ। মাহুষের প্রাণ ওঁদের কাছে তুচ্ছ। আমার উপরে রাগ আমি ব্যাপারীদের কড়া হাতে নিয়ন্ত্রণ করেছি। লোকে আমার উপর খুশি, সরকার অথুশি।" হামিদ একনিঃখাদে বলে যান।

তা বলে আপনি ইন্তফাপত্র দিতে গেলেন কেন ? ছুটি চাইতে পারতেন। কিংবা অন্ত কোনো পদে বদলী।" মানস তাঁর মঙ্গলের জন্তেই বলে।

"না, জজ। তা হয় না। ছডিক্ষের জন্মে সরকারী কর্মচারী মাত্রেই দায়ী। আপনিও। প্রত্যক্ষভাবে না হোক, পরোক্ষভাবে। আপনারও উচিত ইস্তফাপত্র দেওয়া। ছুটি নিয়ে বিবেককে এড়ানো যায় না।'' হামিদ চলতে চলতে বলেন।

মানস তৃ: থ করে বলে, "আমার বরু ব্যথা পাবেন।"

কিছ ওঁরা অবুঝ। ওঁদের নিয়ম ওদের মানতে হবে।

হামিদকে জেরা করে মানস জানতে পেরেছিল যে তাঁর বিরোধটা বাঁর সক্ষেতিনি থাতামন্ত্রী শহীদ স্থহরাবদী। কিন্তু দোষটা পুরোপুরি মন্ত্রীরও নয়। বর্ধনের কাছে মানস শুনেছিল যে মার্চ মাদের শেষের দিক কলকাতার বাজারে ধানচাল মন্তুত ছিল মাত্র দশদিনের উপযোগী। অগত্যা নিয়ন্ত্রণ তুলে দিতে হয়, মফ: হল থেকে অবাধে ধান চাল কলকাতায় আসে। মফ: হলের অফিলারদের নির্দেশ দেওয়া হয় ধানচালের চলাচলে বাধা না দিতে। বাধা দিতে গেলে শান্তি। মফ: হলে টান পড়লে সরকার থেকে ধান চাল 'ডাম্প' করা হবে। ধান চালের বান বইয়ে দেওয়া হবে। ব্যাপারীদের ভয় দেখানো হয়, মন্তুত করেছ কি আঙুল পুড়িয়েছ। কে কার কথা শোনে। ওরা যে-কোনো দামে কেনে। যে-কোনো দামে বেচে। দাম আরো বাড়বে বলে ধরে রাথে, লুকিয়ে রাথে। গোপন মন্তুত্দার কে নয়? যে নিজের বাড়ীর জন্তে ছ'মাসের থোরাক কিনে রাথে দেও দোষী। ওদিকে আরেকজন ছ'দিনের থেরোক কিনতে পাচ্ছে না। যাদের ক্রয়শক্তি কম, যারা একসঙ্গে বেশীদিনের থাত কিনতে পারে না তাদের সংখ্যাই তো বেশী। সরকার তাদের জন্তে রেশন ব্যবস্থা করেননি। সেটাই হলো গোড়ায় গলদ।

বাংলাদেশের অবস্থা দেখে সাবধান হন যুক্তপ্রদেশের সরকার। গভর্নর হালেট তথন সর্বের্গা। মন্ত্রীরা জেলে। তিনি একটা ইকনমিক বোর্ড গঠন করেন। তার সেক্টোরি করেন বিশিষ্ট অর্থনীতিবিদ্ ডক্টর রুদ্রকে, রুদ্র তাঁর বিশ্ববিভালয়ের কাজ ছেড়ে বোর্ডের কাজ নিয়েই থাকেন। আর হালেট স্বয়ং বোর্ডের সাপ্তাহিক অধিবেশনে সভাপতিত্ব করেন। বোর্ড গম চালের গতিবিধির খুঁটিনাটি থবর রাখে। বাছা বাছা আই. সি. এস. অফিসারদের জেলার শাসনকার্য থেকে সরিয়ে এনে খাভনিয়ন্ত্রণের কাজে লাগিয়ে দেওয়া হয়। তাঁরা ব্লভগের মতো পাহারা দেন। ব্যাপারীরা চোরাবাজারি বা মজুত করতে গেলে খ্যাক করে কামড় দেন। গম চাল স্বাই স্ব সময় কিনতে পারে, মজুত করার দ্রকার হয় না! মানস্ব যে সময় ছুটিতে ছিল দে সময় যুক্তপ্রদেশেও অন্নাভাবের আশক্ষা দেখা দিয়েছিল; কিন্তু স্বকার সতর্ক থাকায় ব্যাপারীদের পৌষমাস আর সাধারণ ক্রেতাদের স্বনাশ হয়নি।

ছুটি থেকে ফিরে হামিদের মুখে তার অভিজ্ঞতার বৃত্তান্ত শুনে ও লক্ষ লক্ষ
মান্থবের প্রাণ নিয়ে ছিনিমিনি খেলা দেখে মানসও বিবেকের জালায় দগ্ধ হয়।
কিন্তু চাকরি ছেড়ে দিলেই কি এর প্রতিকার হবে ? একটি মান্থবও কি প্রাণে
বাঁচবে ? হামিদকে একথা বোঝায়, নিবৃত্ত হতে বলে। ইন্তুফাপত্র ফেরৎ
নিতে পরামর্শ দেয়। হামিদ বলেন, "না, জজ। এরা নরঘাতক, এরা
মহাপাপী। আমি কেন পাপের ভাগী হব ?"

উচ্চতর পদগুলিতে তথন মুসলিম অফিসারদের প্রভৃত চাহিদা। তু'দিন বাদে পদোরতি। হামিদকে ছাড়তে চায় কে? কিন্তু তিনি কেবল নিয়মনিষ্ঠ নন, নীতিনিষ্ঠ মুসলমান। তিনি শয়তানী সরকারের সদ্দে আপস করেন না! চাকরি ছেড়ে দিয়ে চলে যান আলীগড়ে। সেখানে তালা তৈরি করেন। বেকার সমস্থার সমাধান করতে তাঁর যেটুকু সাধ্য। হিংসা অহিংসা ব্যতীত আর সব বিষয়ে গান্ধীবাদীদের সদ্দে তাঁর মিল। মানসকে তিনি একজন গান্ধীবাদী মনে করেন বলেই তার সদ্দে এমন সাযুজ্য। কিন্তু অহিংসায় তাঁর অবিশাস।

শতমারী ভবেৎ বৈছা, শত সহস্রমারী ভবেৎ ধয়স্তরি। রেশন প্রথা প্রবৃতিত হ্ওয়ার সঙ্গে সঙ্গে অবস্থার উন্নতি হয়। তার জত্যে দরকার হয় প্রোকিয়োরমেণ্ট ব্যবস্থার। যুদ্ধ শেষ হরে যাবার পরেও এ ছটি রহিত হয়িন, হবেও না কলকাতার ক্ষ্মা আর কলকাতার লোকের ক্রয়শক্তি অব্যাহত থাকতে। মানস চিন্তা করে কলকাতার বিকেন্দ্রীকরণের। আবার বিদ ময়ন্তর হয় গ্রামের লোক এসে কলকাতা লুট করবে। বিপ্লব ভেকে আনবে কলকাতার অপ্রমিত ভোগ।

জিশ লক্ষ মাস্থবের অপশ্বত্যুর অভিশাপ মানসকে ত্'বছর কাল বিষাদগ্রন্থ করে রেখেছে। অর্থনৈতিক পরিকল্পনার অভাবে যে ত্রবস্থায় পড়তে হয়েছে তার পুনরাবৃত্তি প্রতিহত করতে হলে চাই অর্থনৈতিক পরিকল্পনা। ইতিমধ্যে হাতে এসেছিল টাটা বিড়লার পরিকল্পনা। তার কিছুদিন পরে গান্ধীজীর পরিকল্পনা। সেও তার নিজস্ব পরিকল্পনা নিয়ে মেতে ওঠে। যেন কত বড়ো অর্থনীতিবিদ্! স্বরাজই যথেষ্ট নয়। চাই নিউ অর্ডার। নতুন শৃঙ্খলা। নতুন করে বঁচা।

ত্রিশ লক্ষ মাহ্নবের শোচনীয় মৃত্যু বৃথা হবে না, যদি ভাদের দেশের লোক নতুন করে বাঁচতে পারে। অর্থনীতির সঙ্গে রাজনীতি জড়িয়ে আছে, রাজনীতির সঙ্গে সমাজনীতি, সমাজনীভির সঙ্গে নীতিধর্ম। নিছক অর্থনৈতিক পরিকল্পনা থেকে মানস আরো গভীরে যায়, ভার থেকে আরো গভীরে। তার প্রতীতি দৃঢ় হয় য়ে আধুনিকভম অস্ত্রশস্ত্রের থাতে যে ব্যয়টা হবে সেটা বন্ধ না হলে বা খুব কম না হলে সাধারণ মাহ্নবের অনে বস্ত্রে শিক্ষায় চিকিৎসায় বাসস্থানে টান পড়বেই। রাষ্ট্রকে বন্দুক আর মাথন এ ছটোর মধ্যে একটাকে বৈছে নিতে হবেই। বন্দুক বেছে নিলে মাথনের অভাব হবেই। মাথন

দ্রের কথা, ক্লটিও পর্যাপ্তভাবে মিলবে না। মাহ্য আধপেটা খেয়ে তিলে তিলে ময়বে।

কিছ্ক বন্দুক বেছে না নিলে দেশরক্ষার বেলা সৈনিকরা কি থালি হাতে লড়বে? সৈনিকরা হেরে গেলে নাগরিকরা কি অসহযোগ ও গণসভ্যাগ্রহের জোরে আত্মরক্ষা করতে পারবে? স্বাধীন ভারতকে এই প্রশ্নগুলির উত্তর দিতে হবে। উত্তরগুলি যদি গভামুগতিক হয় তবে দরিদ্রতম দেশবাসীর ভাগ্যে আবার ক্রয়শক্তির অভাব ও তার থেকে অলাভাব আছে।

মানস গান্ধীবাদীদের সঙ্গে একমত হয় যে ভারতের গ্রামগুলিকে অন্নে বস্ত্রে স্বাবলম্বী করতে হবে। যাতে তাদের ওসব কিনতে না হয়। আলো হাওয়া জল তো কেউ কেনে না। তেমনি, মোটা চাল আর মোটা কাপড়ও কেউ কিনবে না। নিজেদের শ্রম দিয়ে নিজেরাই উৎপাদন করবে ও নিজের প্রয়োজনের উব্ ও হলেই বিক্রী করবে। ফাঁপা টাকার লোভে বিক্রী করলে পরে পশতাতে হবে। মন্বন্তর থেকে যদি লোকে এইটুকু শিখে না থাকে তবে লোকশিক্ষার জন্যে আবার মন্বন্তর অবতীর্ণ হবে। যুদ্ধও তো সেইরকম এক লোকশিক্ষা। গত তুই মহাযুদ্ধ থেকে তুনিযার লোক যদি নিরন্ত্রীকরণের আবশ্রকতা শিখে না থাকে তবে তাদের শিক্ষার জন্যে যুদ্ধও আবার অবতীর্ণ হবে। ভারতের লোক দীর্ঘ কাল যুদ্ধবিগ্রহ দেখেনি! না দেখলে শিখবে কী করে ?

তিনবছর আগেকার যুদ্ধবিরোধিতা ছিল অক্গভীর। কংগ্রেসনেতারা যদি বড়লাটের পরিষদে যেতেন ও যুদ্ধ চালাধার ভার নিতেন যুদ্ধবিরোধিতার রূপান্তরিত হতো যুদ্ধোন্মাদনায়। সেটা জাপানের বিক্ষে। কিন্তু ওদিক থেকে নেতাজী স্থভাষচন্দ্র যদি আজাদ হিন্দ্ ফৌজ নিয়ে ভারতের অভ্যন্তরে প্রবেশ করতেন তা হলে যুদ্ধোন্মাদনার মোড় ঘুরে গিয়ে হতো ব্রিটিশবিরে:ধী। কোথায় অহিংসা আর কোথায় তার প্রেফিজ প জনমানসে তার শিকড় কোথায় প

জনগণকে যদি অসামরিক প্রতিরোদের জন্যে প্রস্তুত না রাখা হয়, যুদ্ধের দিন তাদের ক্ষুধার অন্ধ ও পরিধানের বস্থ না জোটে তা হলে তারা কি দেশের স্বাধীনতা রক্ষার জন্যে বহিঃশক্রর বিক্লদ্ধে সংগ্রামে সহযোগিতা করবে, না স্বদেশী সরকারের হাত থেকে ক্ষমতা ছিনিয়ে নেবার জন্যে বিদ্রোহ বা বিপ্লব করবে ? আগস্ট অভ্যুত্থান ইংরেজদের হটাতে ব্যর্থ হলেও ভবিশ্বতের জন্মে পথ দেখিয়ে দিয়ে গেছে। ইংরেজ সরকার না হয়ে কংগ্রেদ সরকার যদি যুদ্ধে নামে

আর লক্ষ লক্ষ নাগরিককে অভুক্ত রেখে পরলোকে পাঠায় তা হলে কেরেনক্ষি সরকারের মতো সে সরকারেরও পতন হবে। ক্ষমতার হস্তাস্তর বলতে যদি বোঝায় অক্ষমতারও হস্তাস্তর তা হলে দেশের লোক যেমন ইংরেজকে ক্ষমা করতে না তেমনি কংগ্রেসকেও ক্ষমা করবে না।

তবে দোষটা পুরোপুরি ইংরেজদের নয়। কলকাতার নাগরিকদেরও।
তাদের ক্রয়শক্তি দিয়ে তারা গ্রামবাসীদের মৃথের গ্রাস কিনে নিয়েছে।
বোকার মতো ওরা কাঁচের বদলে কাঞ্চন বেচে দিয়েছে। টাকা নিয়ে মাছ্র্য করবে কী, দে টাকা দিয়ে যদি স্থায়্য দামে খাবার কিনতে না পাওয়া যায়।
যদি খাবার কিনতে গিয়ে সর্বস্বাস্ত হতে হয় । শহর ও গ্রামের মধ্যে এটা
স্বাভাবিক সম্পর্ক নয়, এটা শোষক শোষিত সম্পর্ক। এর জল্পে ইংরেজকে
দায়ী করা আত্মপ্রবঞ্চনা। যদি স্বাধীনতার পরেও শোষক দোষিতের সম্পর্ক
থাকে তা হলে শোষিতরা একদিন দলবদ্ধ হয়ে শোষকদের বিরুদ্ধে বিদ্রোহ
বা বিপ্লব বাধাবেই। সেটা অহিংসার থেকে হিংসার মোড় নিতে পারে।

ইংরেজরা তো একদিন না একদিন যাবেই, তার আভাদও পাওয়া যাচ্ছে, কিছ কলকাতার যদি বিকেন্দ্রীকরণ না হয় তবে বিপত্তি অনিবার্য। শরীরের সমন্ত অক প্রত্যক্ষের রক্ত যদি মাথায় ওঠে তবে মরণ অবশুস্তাবী। তেমনি, সারা বাংলাদেশের বিভব যদি কলকাতায় কেন্দ্রীভূত হয় তবে গ্রামগুলো মরবে, গ্রামবাদী জনগণ মরার আগে মারবে। সমস্রাটা য়ুদ্ধকালেই দলীন হয়, শান্তিকালে নয়। তাই শান্তিকালে স্বাই নাকে সরষের তেল দিয়ে ঘৄয়য়। সময়ে সাবধান হলে এই ময়ন্তর নিশ্চয়ই এড়ানো যেত। যে পরিকল্পনা এটা এডাতে শেখায় সেই পরিকল্পনাই শ্রেয়।

মহস্তরের সময় দেশী ক্যাপিটালিস্টদের মতিগতি দেখে মানদের মোহভঙ্গ হয়েছিল। বিদেশী ক্যাপিটালিস্টদের মতোই তারা মুনাফা উপাসক। সৎ অসৎ যে কোনো উপায়ে তাঁরা মুনাফা লুটবেনই। অমনি করে কাপিটাল বাড়াবেন। রাজনৈতিক ক্ষমতা যদি কংগ্রেসের হাতে হস্তাস্তরিত হয় তবে অর্থনৈতিক ক্ষমতা হবে দেশীয় ধনপতিদের হাতে হস্তাস্তরিত। গান্ধীজী বলছেন বটে ধনপতিদের স্বেচ্ছায় ট্রাপ্তী হবার কথা, কিছু কেউ যদি স্বেচ্ছায় না হন তবে তাঁর উপর জোর করে ট্রাপ্তীশিপ চাপিয়ে দেওয়া যাবেনা। একপ্রকার না একপ্রকার রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ প্রয়োজন হবে। নইলে সোশিয়াল জাস্টিস বা সামাজিক ভায়ে প্রতিষ্ঠা হবে না। কংগ্রেসেক বুর্জোয়া অপবাদ বহন করতেই

হবে। বিদেশী আমলাতম্বের জায়গা নেবে বুর্জোয়া গণতম্ব। মানদ এর পক্ষেও নয়, বিপক্ষেও নয়। পক্ষে নয় এইজন্মেই যে এতে ধনদম্পদ বিকেন্দ্রীকৃত হবে না, গরিবের পেট ভরবে না। বিপক্ষে নয় এইজন্মেই যে দছ্য স্বাধীন দেশের জীবনের প্রাথমিক কর্তব্য হচ্ছে গণতম্ব প্রবর্তন, তা না করে একলক্ষে দমাজতম্বে উদ্ভীর্ণ হতে গেলে ডিকটেটরদের কবলে পড়তে হবে। তারা দিভিলও হতে পারে, মিলিটারিও হতে পারে।

স্বাধীনতার পর যা হবার হবে, আগে তো দেশ স্বাধীন হোক। ছুই শতকের বিদেশী শাসন তো অপস্ত হোক। বিদেশী সৈলাদেরও যেতে হবে, নইলে বিদেশী শাসন প্রকারান্তরে থেকেই যায়। গান্ধীজীর প্রথম শর্তই হলো विराम रेम ग्राप्त विभाग निर्णे श्राप्त थात विजीय मर्ज विराम मीरामत पर्छ দেশীয় দৈল্যদলকেও ভেঙে দিতে হবে। এ কান্ধটা কিন্তু ক্ষমতা হন্তান্তরের পর্বায়ে পড়ে না। যাদের হন্তান্তর করা হবে তাদের অন্তিত্ব অক্ষুণ্ণ রাথতে হবে। এটা যেমন দিভিল দাভিদের বেলা তেমনি আমি নেভী এয়ার ফোর্দেরও বেলা। ব্রিটেন যদি ক্ষমতা হস্তান্তর না করেই ভারত ত্যাগ করে তা হলে যারা দিংশানা অধিকার করবে তারা বিদেশীদের স্বষ্ট দিভিল দাভিদ তথা আমি নেভী এয়ার ফোর্স বিলোপ করতে পারে। ক্ষমতার হস্তান্তর বলতে বোঝায় এক মালিকের হাত থেকে অপর এক মালিকের হাতে তুলে লওয়া। আর ক্ষমতার হস্তান্তর না করে সিংহাসন ত্যাগ করা বলতে বোঝায় ব্রিটিশ সরকারের বারা নিযুক্ত সামরিক ও অসামরিক যাবতীয় কর্মচারীর চাকরি থতম। তাদের মধ্যে যারা বিদেশী তারা বিদেশে গিয়ে ক্ষতিপুরণ ও পেনসন দাবী করবে। যারা ভারতীয় হলেও ব্রিটিশ সরকারের সঙ্গে চ্স্তিবদ্ধ তারাও ব্রিটেনে গিয়ে ক্ষতিপূরণ ও পেনসন দাবী করতে পারে। কিন্তু ক্ষমতার গ্রান্তর হলে তাঁদের চাকরি থতম হবে না। পূর্ব শর্ত সংরক্ষিত হলে চাকরির ঞের চলবে।

কলকাতা থেকে সিভিলিয়ান বন্ধু প্রমোদকুমার পুরকায় হ তাঁর বিভাগীয় কাজে মানসের স্টেশনে এসেছিলেন। তাঁর কাছে শোনা গেল যে ইংরেজ অফিসাররা সদলবলে স্বদেশে প্রভ্যাবর্তনের কথাই ভাবছেন। কিন্তু তার আগে তাঁদের দিতে হবে ক্ষতিপূরণ ও আত্মণাতিক পেনসন। পেনসনের হার গণনা করা কঠিন নয়, দেটা একটা আইনে গণনা করে রাথা হয়েছে। সেটা এতদিন ইংরেজদের বেলাই খাটত, এবার ভারতীয়দের বেলাও খাটবে। মানস চাইলে যথন খুশি আম্পাতিক পেনসন নিয়ে সুরে পড়তে পারবে। কিন্তু

ইংরেজ সরকার যদি ক্ষমতার হস্তান্তর না করে ভারত ত্যাগ করে ভবে মানসকেও বিলেতে গিয়ে আমুণাতিক পেনসন আদায় করতে হবে। আর যদি ক্ষমতার হস্তান্তর করে যায় তবে স্বদেশে থেকেই নতুন সরকারের কাছ থেকে আমুণাতিক পেনসন পাবে।

মানস বলে, ''থাসা থবর। কিন্তু ক্ষতিপূরণের কী হবে ?"

পুরকারস্থ বলেন, "প্রথম মহাযুদ্ধের পর ইংরেজ অফিসাররা যথন ঈজিপ্ট থেকে বিদার হন তথন যে হারে ক্ষতিপূরণ পেয়েছিলেন সেই হারে ক্ষতিপূরণ চাইবেন কি না তা নিয়ে নিজেদের মধ্যে আলাপ আলোচনা করছেন। ইনফ্লেনের দক্ষন বর্ধিত হারে চাইতে পারেন। কিন্তু লাগে টাকা দেবে কোন্সেন ? বিটিশ সরকার না ভারত সরকার ? চুক্তি অহুসারে দিতে বাধ্য বিটিশ সরকার। কিন্তু সেই বাধ্যতাটাকেও বিটিশ সরকার হন্তান্তরিত করতে পারেন, যদি বন্ধুত্বপূর্ণ ভাবে ক্ষমতার হন্তান্তর হয়। বন্ধুত্বপূর্ণ হন্তান্তরের প্রত্যোশার ইংরেজরা এখন কংগ্রেসের সঙ্গে আর ঝগড়াঝাটি করতে চান না। তাড়াতাড়ি ইংলণ্ডে ফিরে গেলে আজকাল নতুন চাকরি পাওয়া যায়। যুদ্ধের পর অনেক পদ থালি আছে। দেরি করলে সেসব পদ ভতি হয়ে যাবে। তাড়াটা ইংরেজ অফিসারদেরই। ওরা হদম্প্রম করছেন যে ভারতে ওঁদের রাজত্ব গায়ের জ্যেরে টিকিয়ে রাখা যাবে না। ভেদনীতির সাহায্যেও না। মুসলমানরাও অধীর। হিন্দুদের তো কথাই নেই।'

পুরকায়স্থ এর পরে যা বলেন তা শুনে মানস তো হাঁ। বাংলাদেশ নাকি ছ`ভাগ হবে। কলকাতা, চব্বিশপরগণা আর বর্ধমান বিভাগ মিশে যাবে বিহারের সঙ্গে। বাদবাকী সামিল-হবে পাকিস্তানের।

'দ্র! বাজে কথা। এটাও কি ইংরেজদের মূথে শোনা?'' মানস অংধায়।

"না, এটা ওদের মুখে নয়। একজন কংগ্রেস নেতার মুখে। তিনি মুসলিম লীগ নেতাদের সঙ্গে কথাবার্তা চালিয়ে একটা আপদের স্ত্র খুঁজে বার করতে চেষ্টা করছেন। ইংরেজ কথনো কংগ্রেসের হাতে সারা ভারত সমর্পণ করবে না। মুসলিম লীগকেও তো কিছু দেবে। কিন্তু সারা বাংলা, সারা পাঞ্জাব, সারা আসাম দিলে কংগ্রেস বাকীটা নেবে না। আবার গণ আন্দোলন করবে। আবার জেলে যাবে। ইংরেজ অফিসারদের ভারতে আটকে রাখবে। শুরা যদি থাকতে না চান তো আপস করবেন। এক হাতে কংগ্রেসের

সকে, আরেক হাতে লীগের সকে। তার মানেই হলো পাটি শন। সব দিক রক্ষা করতে গেলে বাংলাদেশে পাটি শন চাই। যেমন হয়েছিল আমাদের ছেলেবেলায়। চাকা ঘূরতে ঘূরতে আবার সেই বিন্দৃতে এসেছে। যাকে বলে পূর্ণ বৃত্ত। তবে সেবার পূর্বক ভারতেই ছিল। এবার যাবে পাকিস্তানে। ফলে বাকা দেশটার নাম হবে হিন্দুয়ান।" পুরকায়ত্ব যতদ্র জানেন।

''না, না, তা কিছুতেই হতে পারে না।'' মানদ চেঁচিয়ে ওঠে। তা শুনে যুথিকা ছুটে আদে। তার চোথে মুথে জিজাদা।

মানদের উত্তর শুনে দে হেদে কুটি কুটি। ''কালনেমির লঙ্কাভাগ। কারা এঁরা? কে এঁদের পোঁছে ? গায়ে মানে না আপনি মোড়ল। বাংলাদেশ কখনো ভাগ হতে পারে ? অসম্ভব ় অবাস্তব ় গাঁজা!''

মানীদ উত্তেজিত হয়ে বলে, "শুধু তাই নয়, বিহারের দঙ্গে মার্জার !"

পুরকায়স্থ ওদের ঠাণ্ডা করে বলেন, "বিহারে যতরকর্ম থনিজ আছে আর কোণাও তত নেই। সেসব খুঁড়ে বার করলে আরো চার পাঁচটা জামশেদপুর গড়ে উঠবে। মার্জার হলে বাঙালীরই লাভ। পূর্বক্ষে আছে কাঁ ৫ চা, পাট, মাছ। ওর থেকে আর কভটুকু লাভ হবে ৫

মানদ মেনে নিতে পারে না। "পূর্ববঙ্গে আছে পদ্মা, যম্না, মেখনা, তিন্তা, মহানন্দা, গোরাই, মধুমতী, ইছামতী। পূর্ববঙ্গে আছে বাংলাদেশের প্রাণ। বাংলাদেশের হাটল্যাণ্ড। 'কলকাতা', 'কলকাতা' করে তোমরা পাগল। কলকাতার মায়ায় মৃশ্ধ হয়ে তোমরা পূর্ববঙ্গ বিকিয়ে দেবে। কলকাতায় আছে কী ? আফিস, আদালত, সওদাগরী কোম্পানীর হাউদ। স্বই তোইংরেজের কীতি। তোমাদের গর্ব করবার মতো কী আছে ? ওটা একটা ব্যাড বার্গেন। ওতে রাজী হওয়া মানে মুসলিম লীগের কাছে যুদ্ধে ই'র মানা। ওরা যেন যুদ্ধে জিতে কংগ্রেসগুয়ালাদের উপর পাটিশন চাপিয়ে দিছে। কংগ্রেস কি হেরে গেছে ? লীগ কি জিতে গেছে ৷ হোক না গৃহযুদ্ধ। দেখা যাক না কে হারে কে জেতে। জিতলে সমন্তটাই কংগ্রেস পাবে। সমন্ত ভারত, সমন্ত বঙ্গ। আর নয়তো দেশ ও প্রদেশ ভাগ হয়ে যাবে তলোয়ারের ধারে।

যুথিকা উৎসাহ দিয়ে বলে, 'বিনা যুদ্ধে নাহি দিব স্থচাগ্র মেদিনী। এটা কিন্তু কৌরব পক্ষের কথা নয়, পাণ্ডব পক্ষের কথা। যারা দেশের স্বাধীনতার জন্মে লড়ল না তারা কোন স্থবাদে দেশের এক ভাগ চায়।'

পুরকায়ত্ব হাসেন। "শুনেছিলুম আপনারা ত্'জনে অহিংসাবাদী, গান্ধীশিশু।
কিন্তু আপনাদের জঙ্গী চেহারা দেখে মনে হচ্ছে ঢাল তরোয়াল পেলে
আপনারাও লড়াইয়ে নেমে পড়বেন, ইংরেজকে তাড়াতে নয়, মুসলমানকে
হারাতে।"

"ওমা, মুসলমানকে হারাতে কে বলেছে ?" যথিকা অহুযোগ করে। "আমরা মুসলমানদের পর ভাবিনে, ওরাও আমাদের আপন। কথা হচ্ছিল পাকিন্তানপন্থীদের নিয়ে। যারা পাকিন্তানপন্থী নয় তাদের নিয়ে নয়।"

"আছকের পরিস্থিতিতে তুই অভিন্ন হয়ে উঠছে, মির্দেদ মল্লিক। অশিক্ষিতদের কথা বলতে পারব না, কিন্তু শিক্ষিতরা প্রায় সকলেই পাকিস্থানপন্থী। থারা নন তাঁরা ব্যতিক্রম। প্রত্যেকটি আফিদেই এক একটি পাকিস্থান ব্লক। এ এক অভুত মেণ্টালিটি। এ দের সঙ্গে যুক্তি বুখা, তর্ক বুথা। এঁদের ইনস্থিট এঁদের বলছে যে ইংরেজ আর বেশীদিন থাকবে না, তথন কংগ্রেমই রাজা হবে। দিল্লীতে কংগ্রেম রাজা হলে বাংলার গভন রও হবেন কংগ্রেসের আজ্ঞাবহ। মুসলিম লীগ মন্ত্রীরাও তাঁর বশংবদ হবেন। স্থযোগ স্থবিধা হিন্দুরাই বেশী পাবে। কারণ কংগ্রেদ কার্যত হিন্দুদেরই প্রতিষ্ঠান। হ'চারজন মৃদলমান আছেন বলে কি কংগ্রেদ অসম্প্রদায়িক প্রতিষ্ঠান? তার কাছে অপক্ষপাত প্রত্যাশা করা যায় না। তা ছাড়া মুদলমানদের প্রতি পক্ষপাতই যে দরকার। ওরা বছকাল থেকে পশ্চাৎপদ। কী করে এগোবে যদি প্রত্যেকটি ক্ষেত্রে হিন্দুদের পেছনেই থাকে ? চাকরির প্রতিযোগিতায় হিন্রাই জিতবে। প্রমোশন হিন্রাই পাবে। যে প্রদেশে ম্সলমানরাই সংখ্যাগুরু দে প্রদেশেও চাকরিবাকরিতে তারা হবে সংখ্যালঘু। ইংরেজ চলে গেলে হিন্দুর পাদোরতি হবে, মুসলমানের তাতে কী ? পাকিস্থান বানিয়ে দাও, দেখবে মুদলমানেরও পদোমতি হবে। এই যাদের মেণ্টালিটি তাদের সঙ্গে মারামারি করে কী হবে ? ভাগাভাগি করাই শ্রেয়। একভাবে না একভাবে করতেই হবে ভাগাভাগি। দেশ ভাগ না করলে ক্ষমতা ভাগ। ক্ষমতা ভাগ না করলে দেশ ভাগ। দেশ ভাগ করলে প্রদেশ ভাগ। আমি তো রাজী হব না পাকিস্থানে চাকরি করতে। মল্লিকের কথা আলাদা। উনি তো চাকরিই করবেন না।"

"না, আমি চাকরিই করব না। আমার জীবনে অন্ত কাজ আছে। কিন্তু আমাকে অবাক করছে এই ভাগাভাগির জল্পনা করনা। কেন, মিলে মিশে কাজ করতে পারা যাবে না কেন? কোয়ালিশন মন্ত্রীমণ্ডল কেন সম্ভব হবে না? দিল্লীতে সম্ভব হলে কলকাতায়ও হবে। কলকাতায় হলে দিল্লীতেও হবে। গভর্নর হবেন নিরপেক্ষ স্থযোগ্য ব্যক্তি। কোনো একটি দলের আজ্ঞাবহ নন। তিনি একজন পার্শী বা থ্রীস্টানও হতে পারেন। আমাদের আদর্শ হিন্দু মুসলমান শিথ থ্রীস্টান পার্শীর সমন্বয়। মহামানবের সাগরতীরে। ভারত মহাসাগরকে যেমন ভাগ করা যায় না ভারতবর্ষকেও তেমনি ভাগ করা যায় না। বলোপসাগরকে যেমন ভাগ করা যায় না বাংলাদেশকেও তেমনি ভাগ করা যায় না। মুসলিম লীগের পার্টিশন প্রস্তাব আমি মেনে নিতে পারিনে। কিন্তু মুসলিম অফিসার ক্লাস যদি একবাক্যে পাকিছান দাবী করেন তা হলে তো আমি বন্দুক নিয়ে তাঁদের সঙ্গে লড়তে পারব না। হিন্দু অফিসার ক্লাস যদি রণবিমুথ হন তা হলে তো আফিসে আফিসে গৃহযুদ্ধের কথাই ওঠে না। তার আগে আমি চাকরিই ছাড়ব।" এই বলে মানস দীর্ঘনিংখাস ছাডে।

যুথিকা রাগ করে বলে, "তুমি ডিফিটিন্ট। মুদলিম অফিসার ক্লাদ সমগ্র মুদলিম সম্প্রদায় নয়। দেশভাগ চাকুরেদের স্বার্থ হতে পারে, চাষীদের স্বার্থ নয়, মজুরদের স্বার্থ নয়। সকলের বৃহত্তর স্বার্থেই দেশের ঐক্য রক্ষা করতে হবে। যুদ্ধ করতে হবে।"

"দেশের বৃহত্তর স্বার্থে দেশের ঐক্য রক্ষা করতে হবে, এইপর্যস্ত আপনার সঙ্গে আমি একমত, দিদি। কিন্তু তার জন্মে যুদ্ধ করতে হবে, এতদূর যেতে আমি নারাজ। ইউরোপের দিকে চেয়ে দেখুন যুদ্ধের কী পরিণাম। কোথায় জার্মানীর ঐক্য! প্রোলিটারিয়ানরা গ্রাদ করেছে আধথানা জার্মানী। ওদের হাত থেকে কেড়ে নিতে যদি আবার যুদ্ধ বাধে তবে হয়তো ওরাই কে.ড় নেবে বাকী আধথানা। মুদলমানদের অধিকাংশই প্রোলিটারিয়ান। ওরা যদি একধার থেকে কমিউনিস্ট বনে যায় ভারতের একভাগ তো জয় করে নেবেই, বাংলাদেশের বেশীর ভাগই ওদের দখলে যাবে। যুদ্ধ না করে দদ্ধি করে মুদলিম লীগকে দিলে ক্ষতি কী ? আমি তো মনে করি মুদলিম লীগই লেদার ইভিল।" পুরকায়স্থ বলেন।

"একমত হতে পারছিনে।" মানস কণ্ঠক্ষেপ করে। "মৃসলিম লীগ হচ্ছে ঘোরতর প্রতিক্রিয়াশীল। আর কমিউনিস্ট পার্টি গণতম্ব না মানলেও সামান্ধিক ক্যায় মানে, স্থতরাং একদিক থেকে প্রগতিশীল। স্থতরাং লেসার ইভিল।" "আপনি কি জানেন যে মুসলিম লীগের সকে কমিউনিস্ট পার্টির সেয়ানে সেয়ানে কোলাকুলি হচ্ছে ? কমিউনিস্টরা পাকিস্তানের পক্ষে। ওদের লক্ষ্য জমিদারি উচ্ছেদ, ফসলের তেভাগা ইত্যাদি। পাকিস্তানে সেসব স্থগম হবে।" পুরকায়ত্ব স্থনেছেন।

"মুসলিম লীগ কারে। বন্ধু নয়। কমিউনিস্টদেরও একদিন সায়েন্তা করবে। একবার ইসলাম বিপন্ন বলে শোর তুললেই মুসলিম চাষীরাই হিন্দু কমিউনিস্টদের কান্তে নিয়ে কোপাবে আর মুসলিম মজুররাই হাতুড়ি দিয়ে পেটাবে। মুসলিম কমিউনিস্টরাও পার পাবে না, নান্তিক বলে কাঁসীকাঠে ঝুলবে। মুসলিম শাসনে নান্তিকের ক্ষমা নেই। পৌতলিকের থাকলেও থাকতে পারে।" মানস বলে।

যুথিকা রাগ করে বলে, ''ইভিল তো ইভিল, তার আবার লেদার কী? গ্রেটার কী? তার দঙ্গে দন্ধি কিদের? মাহুষ তোমরা নও তো, মেষ! তোমাদের কেউ দন্মান করবে না।''

এই বলে রামাঘরে যায়। অতিথির জলো রাধতে। তুই বন্ধুতে অব্য প্রসঙ্গে কথাবার্তা বলে। সরকারী বদলী ও প্রমোশন।

"ইংরেজরা কেউ যুদ্ধের সময় হোমে যায়নি। অনেকেই সাত আট বছর হলো হোম থেকে নির্বাসিত। জানেন তো ওরা হোম বলতে অজ্ঞান। আমাকে জিজ্ঞাসা করেছিল হোম আমার কেমন লাগল। হা হা! ইংলগু কি আমার হোম? এখন যুদ্ধ শেষ হয়েছে। ওরা স্বাই এখন ঘরমুখো। কিন্তু ছুটি দিছে কে । একসঙ্গে পাঁচুশো কি ছ'শো অফিসারকে ছুটি দিলে শাসন চলবে ঠিকই, কিন্তু সেটা ব্রিটিশ শাসন হবে না। তা বলে স্বাইকে জোর করে আটকে রাখাও যায় না। ছুটি নিয়ে বছ ইংরেজ যাছেছ। তাদের জায়গায় বছ পদ খালি হছে। এই তো বর্ধন প্রমোশন পেয়ে দিল্লী চলল। 'দিল্লী চলো' স্লোগানটা এখন আমাদের মুখে মুখে। আমি ভাবছি দিল্লীকা লাড্ডু পাইলেই খাইব। আপনি গ' পুরকায়স্ব স্থান।

"না, ভাই। আমার দাঁত ভেঙে যাবে। পেটে সইবে না। আমি বাংলায় লিখি। যেথানে লেখক, পাঠক ও প্রকাশক দেখানেই আমার স্থান। যেথানে বাংলাদেশের মাটি, জল, মান্ত্র্য সেথানেই আমার স্থিতি। 'দিল্লী চলো' নয়, 'পল্লী চলো' এই আমার স্লোগান। যাক, বর্ধনের জল্পে আমি আনন্দিত।" মানস যুথিকাকে খবরটা দৈয়।

## ॥ হয় ॥

অনেকদিন বাদে সৌম্যদার চিঠি। সে আশ্রমে ফিরে গিয়ে জীর্ণসংস্কার করছে, সেই দক্ষে তৈরি করছে একটি কুটির। সেখানে জুলির দক্ষে সংদার পাতবে। বাপু অন্থমতি দিয়েছেন। তবে একটা শর্ত আছে, দেটা মুখে বলবে। ভাবনায় পড়েছে। আপাতত বিবাহ স্থির। স্বরাজের জন্মে অপেক্ষা করছে পারে না। জুলির মা আর ওকে সামলাতে পারছেন না। তাঁরও তোবয়স হয়েছে।

"আপাতত আমরা মৃষ্টাফীদের অতিথি। জুলি মিলিকে ও তার বাচ্চাকে দক্ষ দেয়। আমি বেশীর ভাগ সমর আশ্রমে ও ভাণ্ডারে কাটাই, মাঝে মাঝে পরিদর্শনে যাই! বিয়েটা কোনো একটা আশ্রমে হবে। সেবাগ্রামে তো যেতে পারছিনে, তার বদলে সোদপুরে যাবার কথা ভাবছি। এতে জুলির মায়ের ভার হালকা হবে। তা ছাড়া যে মেয়ের বিয়ে তারা ঘটা করে একবার দিছেছেন সেই মেয়ের আবার বিয়ে দেওয়া তাঁদের কর্তব্য নয়। যাকে একবার দহ্যেদেন কেই মেয়ের আবার বিয়ে দেওয়া তাঁদের কর্তব্য নয়। আকে একবার সম্প্রদান করা হয়েছে তাকে বিতীয়বার সম্প্রদানের প্রশ্ন ওঠে না। জুলি এখন স্বাধীনা নারী। আমরা দিভিল ম্যারেজের আগে কোয়েকারদের প্রথা অন্থারণ করব। ওদের সোনাইটিতে একটা ঘর থাকে। সেই ঘরে গিয়ে ওরা বিবাহের বইতে নাম সই করে। আমরাও তাই করব। তবে অংশ্রমের কর্মীদের মিষ্টিমৃথ করাব। ধর্মীয় অন্থর্চান হবে না। কিন্তু জুলির ইচ্ছায় রবীন্দ্রদলীত আর আমার ইচ্ছায় লালনগীতি হবে। তার উপর যদি আরেকটি গান যোগ করতে হয় তো বাপুর প্রিয় গান "লীভ কাইগুলি লাইট"। ও গান আমাকেও বিচলিত করে। আমি মনে মনে জপ করি 'ওয়ান স্টেপ্

জুলির মা বলেছেন তিনি তাঁর বাড়ীতে একটা পার্টি দেবেন। তাঁর আত্মীয় স্বজনদের সঙ্গে আমাদের পরিচয় করিয়ে দেবার জন্মে। আমি বলেছি বর সাজতে পারব না। আমি যা পরি তাই পরব। গায়ে থদ্ধরের পাঞ্চাবী পায়জামা জওহর কোট। মাথায় গান্ধী টুপী। পায়ে বিভাসাগরী চটি বা কোলহাপুরী চপ্পল। কী বলো ? খুব খারাপ দেখাবে ? হংসো মধ্যে বকো যথা। ইক্বক ব্যারিস্টার ভাক্তার অধ্যাপকের সভায় ইতর জন। যাক, জীবনে একবার ভো ? জুলিকে খুশি করার জন্মে আমি রাজী হয়েছি।

এখন এক আজব সমস্তা দেখা দিয়েছে। আমরা জানতুম না যে মিলি স্কুমারকে ফেলে তার ছেলেকে নিম্নে আগে ভাগে আদবে। মা বাবাকে দেখবার জন্যে আর তাঁদের নাতি তাঁদের দেখাবার জন্যে সে প্লেনে জায়গা পাওয়া মাত্রই চলে আদে। স্থকুমার ছুটির অপেক্ষায় আর সেইদক্ষে জাহাজের অপেক্ষায় লণ্ডনে থেকে যায়। মন্দ কী ? অমন তো কত হয়। কিন্তু মিলি তো জুলিকে এখানে প্রত্যাশা করেনি। জুলির উপস্থিতি প্রথম দিকে ও আনন্দের সঙ্গেই গ্রহণ করেছিল। কিন্তু যতই দিন যাচ্ছে ততই ওর ব্যবহারে একটা শীতলতা লক্ষ করা যাচ্ছে। সেটা জুলির বেলা। আমার বেলা নয়। ষামার বেলা উফতা। আমি তোমার মতো মনন্তত্ত্বিদ্ নই। নারীচিত্ত আমার কাছে রহস্তময়। আমার মনে হয় মিলির বিশাস জ্বলি এখনো সুকুমারকে ভালেবাদে। আর জুলির বিশ্বাদ মিলি এখনো আমাকে। এদের সম্পর্কটা অহেতুক ঈর্ধার। একদিন একটা বিক্ষোরণ ঘটবে, তার আগে সরে পড়াই শ্রেয়। আতিথ্যেরও একটা অলিথিত মেয়াদ আছে। কিন্তু আমাদের কুটির এখনো বাসযোগ্য হয়নি, হলেও আমরা বিয়ের আগে সেখানে থাকতে পারিনে। বিয়ে তোসেই অগ্রহায়ণে। জুলির মা ইক্বক হলেও পাজি মানেন।

এখানে আমায় বন্ধুর অভাব নেই। তাঁদের দরজা খোলা। কিছু এক বাড়ীতে হু'জনের জন্মে হুটো ঘর কোথায় ? তা হলে আমাদের ঠাঁই ঠাঁই হতে হয়। তাতে জুলির বিষম আপত্তি। জুলিকে আমি কলকাতা ফিরে যেতে বলি। কিছু আমাকে সে একলা ফেলে যাবে না। এখন থেকেই সম্পত্তির মতো দখল নিচ্ছে। বিয়ে না হতেই এই। বিয়ের পরে আমাকে বোধহয় সিন্দুকে পুরবে ও সিন্দুক পাহারা দেবে। কিছু একদিন বাগ্দান করার পর আর পেছিয়ে যাওয়া চলে না। এগিয়েই যেতে হবে, যা থাক কপালে। বাপু আমাকে দিয়েছেন গঠনের কাজ। তিন বছর অবহেলা করেছি রাজনীতির ঝড়ঝাপটার থপরে পড়ে। জনগণের সেবা করা হয়নি। তাদের হুর্দশাও বেড়ে গেছে। জনসেবাও এক ইর্বাপরায়ণ নারী। রাজনীতির তার সপত্নী। তারেশর জুলির মা দিয়েছেন জুলির ভার। তাকে রাজনীতির

মন্ততা থেকে সামলাতে হবে। রাজনীতিও ক্রমণ হিংসাপরায়ণ হয়ে উঠছে।
একদল হাতিয়ার শানাচেছ ইংরেজকে ভারতছাড়া করতে। আরেক দল
হাতিয়ার শানাচেছ হিন্দুকে ভিটেছাড়া করতে। একদলের লক্ষ্য স্বাধীনতা।
আরেক দলের লক্ষ্য পাকিস্তান। এ রাজনীতি জুলির জল্যে নয়। আমার
জল্যে তো নয়ই।

বিয়ের পর জুলিকে নিয়ে যেতে চাই তার শুশুরবাড়ী। সেখানে ওরা যদি ওকে বধূরূপে বরণ করে তা হলে গ্রামশুদ্ধ স্বাইকে নিমন্ত্রণ করে বৌভাত হবে। স্বাইকে বসিয়ে দেওয়া হবে পঙ্কিভোজনে। হিন্দু মৃদলমান ব্রাহ্মণ হরিজন ভেদ মানা হবে না। যারা মানে তারা বাদ পড়বে। তাদের কিছু চালকলা দিয়ে কিদায় করে দেওয়া হবে। জুলি রায়ার কাজে পটুনয়। তরু গোটা ছ্'তিন পদ রাঁধবে। যদি দেখি সর্যের ভিতরেই ভূত, পরিবারের ভিতরেই আপত্তি, তা হলে বৌভাতের আয়োজন করব না, গ্রামের পাঠশালার জল্মে কিছু চাদা ধরে দিয়ে চলে আসব। পরে যদি কখনো আগ্রহ দেখি তথন যাব। তথন হবে বিলম্বিত বৌভাত। সমাজ সংস্কার তড়িংগভিতে হবার নয়। মহাত্মা গান্ধীও এক্ষেত্রে অসহায়। তবু তিনি যা করেছেন তা অবিশাশু। ব্রাহ্মণ হরিজন বিবাহ। অপরের বিবাহে হরিজনের পৌরোহিত্য। মহারাট্রের মতো রক্ষণশীলদের ত্রেণ।

জুলির ও আমার আশা যুথিকা ও তুমি আমাদের শুভকর্মে যোগ দেবে।
কিন্ত এই দামাল্য কারণে ছুটি নিতে যেয়ো না। তারিখটা কবে পড়বে ঠিক
হয়নি। দে সময় ছুটি থাকলে এসো। গ্রামের বাড়ীতে যদি যাই তা হলে
ফেরবার সময় তোমাদের ওখানে ঘুরে আসতে পারি। তোমাদের অস্থবিধে না
হলে ছ'একদিন থেকে যেতেও পারি। দীপক আর মণিকাকে দেখতে খুব
ইচ্ছে করে।\*

যুথিকা চিঠিখানা কেড়ে নিমে পড়ে। হাসতে হাসতে বলে, "যেমন মিলি তেমনি জুলি। বিপ্লববাদীই হোক, আর রাজবলীই হোক, মেমেলি ঈর্বা যাবে কোথায়! এ তো ভারী মজার কথা। দৌম্যদাকে নিমে ত্রিভুজ! জুলিকে ও বাড়ী থেকে সরাতেই হবে। আর কোথাও যদি জায়গা না থাকে আমাদের এখানে আছে। গভন মেন্ট কি আমাদের সন্দেহ করবে? তোমার কোনো ক্ষতি হবে না তো ? বিয়ে তো এখানেও হতে পারে। এখানেও গান্ধীবাদীদের আশ্রম আছে।"

''কিন্তু সৌম্যদা যদি তার স্থান ত্যাগ করে গঠনের কাজে আরো একবার चरहिना हरत। गठेरनत कोछ हरिष्ठ मःगठेरनते । किःमे जारिः में जोरिनते । আবার যদি সংগ্রামে নামতে হয় তবে অহিংসাত্মক সংগঠনের প্রয়োজন হবে। মন্ত্রিত্ব করতে গিয়ে কংগ্রেদ গঠনের কাব্দে মন দেয়নি, মন্ত্রিত্ব ত্যাগের পরেও আপিদের ভাবনাই ভেবেছে, আর নয়তো সংগ্রামের ভাবনা। যথন সত্যি সত্যি পালে বাঘ পড়ল, গণ সভ্যাগ্রহের ডাক এল, তথন দেখা গেল সংগঠন বলতে বিশেষ কিছু নেই। যে যেমনভাবে পারে লড়েছে। সংহতভাবে একটা সৈতাদল ষেমনভাবে লড়ে তেমন ভাবে নয়। এটাকে মরাল ইকুইভালেণ্ট অভ্ ওয়ার বলা শক্ত। বাপু বন্দিশালা থেকে মৃক্তি পেয়ে এটার দায়িত্ব অস্বীকার করেছেন। দৌম্যদাও বোঝে রেল লাইন ভেঙে, টেলিগ্রাফের তার কেটে যা হয় তা একপ্রকার বিদ্রোহ, তা অত্যপ্রকার যুদ্ধ নয়। লোকের মন এখন যুদ্ধের নৈতিক বিকল্পের দিকে নয়, আদল যুদ্ধের দিকে ঝুঁকছে। আজাদ হিন্দ্ ফৌজের মতো প্রেষ্টিজ 'ভারত ছাড়ো' আন্দোলনের বিদ্রোহী জনতারও নেই । ওই যে শাহ্নওয়াজ, সায়গল আর ধিলন ওদের সম্মান এখন সর্বভারতীয় বাদ দিলে প্রাদেশিক কংগ্রেদ নেতাদের চেয়েও বেশ:। একদল জাতীয়ভাবাদী যদি ইংরেজদের ভারতছাড়া কবার জন্মে হাতিয়ারে শান দেয় তবে আশ্চর্য হবার কী আছে ? কিন্তু অবাক হচ্ছি শুনে যে আরেকদল হাতিয়ারে শান দিচ্ছে হিন্দুদের ভিটেছাড়া করে পাকিন্তান হাসিল করতে।" মানস উদ্বেগের সঙ্গে বলে।

"বেশ তেন, পলাশী আর পাথিপথ ত্টোই পর পর হয়ে যাক। দেখা যাক কে ছেতে কে হারে।" যুথিকা পরিহাদ করে।

"এসব হলো দারুণ সীরিয়াস ব্যাপার। ঠাটা তামাশার বিষয় নয়। কত মারুষ মরবে, কত মারুষ ঘরছাড়া হবে, কত মারুষ সম্বল সম্পত্তি হারাবে ভাবতে গেলে মাথা ঘুরে যায়। এ তো শুধু রাজায় রাজায় যুদ্ধ নয়, প্রজায় প্রজায় যুদ্ধ।" মানস প্রমাদ গণে।

"তোমার মতো স্বপ্নদ্রাদের কপালে স্বপ্নভদ্ধ আছে। তুমি কি ব্বাতে পারছ না যে ইংরেজদের দঙ্গে লড়াই সারা হলে মুসলমানদের দঙ্গে লড়াই শুক হবে। সেটা হবে পাণিপথের কাছাকাছি কোনোখানে। যেখানে আফগানরা মারাঠাদের হারিয়ে দিয়েছিল। কংগ্রেস যদি হেরে যায় দিল্লী আগ্রা হারাবে। পাঞ্জাব সিন্ধু তো হারাবেই দ বাংলাদেশেও একটা বলপরীক্ষা হবে। কোথায় কবে বলতে

পারব না। এইটুকু বলতে পারি যে ইংরেছদের যারা সশস্ত্র সংগ্রামে হারাবে তারা সশস্ত্র মুদলমানদের কাছে হার মানবে না। যুদ্ধ হলে তাতে তুই পক্ষেরই বছ মান্থ্য মরে, ঘরছাড়া হয়, বছ মান্থ্য সম্বল সম্পত্তি হারায়। ইহাই নিয়ম। দেশের লোক যদি অহিংসার চেয়ে হিংসা পছন্দ করে তো তার লজিকসন্মত পরিণামের জন্মেও প্রস্তুত থাকতে হবে। তু'শো বছর পরাধীনতার পরেও মুদলমান প্রবানদের মানসিক পরিবর্তন হয়নি। আবার দেই মুদলিম রাজ্য ফিরিয়ে আনতে চান। একটা দিনও সব্র করবেন না। ইংরেজরা যাবার আগেই তাদের মদনদে বদিয়ে দেবেন। আর হিন্দুরাও যে মারাঠা রাজ্য ফিরিয়ে আনতে চান না তা নয়। এবার অন্য নামে। এইটুকু যা পরিবর্তন হয়েছে।"

মানদ থেই হাতে নিগে বলে, ''বিক্টোরণ তো আমাদের জীবনে একবার ঘটেছিল। বাধানা পেয়ে আমরা তথন বোদ দম্পতীর অতিথি। কী একটা ভূচ্ছ কারণে থাবার টেবিলে মিদেদ বোদের সঙ্গে তোমার বচদা বেধে যায়। মিদেদ বোদের দঙ্গে মিটমাট হলোনা। পরের দিন ওদের বাড়ী থেকে বিদায়। বিদাহকাণেও মুখ দেখাদেখি বন্ধ। তুচ্ছ কারণের পেছনে ছিল একটা গুপ্ত কারণ। মিদেদ বোদের দন্দেহ বোদ তোমাকে প্রজা করেন। যোদের অতীভটি তার স্থীর মনে সন্দেহ জাগাবার পক্ষে যথেষ্ট ছিল। ও রকম ঘটনা জুলি মিলির বেলাও ঘটতে পারে। সৌম্যদার যাবার জায়গা আছে, দে দেখানে গিগ্নে থাকতে পারে। জুলির দঙ্গে একবাড়ীতে থাকতেই হবে এমন কী কথা আছে ? ওটা বিলেতের বোডিং হাউদ নয়। জুলি কলকাতায় ওর মায়ের কাছে ফিরে যাক, বিয়ের নোটিস দিক, শাড়ী শাখা আংটি কিন্তক। সৌম্যদা নিজের আশ্রমে গিয়ে কুটির নির্মাণ শেষ করুক। বিয়ের ড।রিথ জানতে পেলে আমরা ভেবে দেখব যোগ দিতে যাব কি না। কিন্তু বর্ধন যদি দিল্লী চলে গিয়ে থাকে ওর ওথানে ওঠা হবে না। উঠতে হবে স্বপনদার ওখানে, যদি বৌদি রাজী হন। তোমার দঙ্গে ওঁর এখনো দেখা হয়নি। তা ছাড়া আমরা গেলে দীপক আর মণিকেও তো নিয়ে ষেতে হবে। অভিথিসেবার ভার বেড়ে যাবে। বিলেতফেরং অধ্যাপিকার উপর এত বেশী ভার চাপানো কি ঠিক হবে ? উদিতার কথা আলাদা। ওর বিয়েতে আমার •একটু হাত ছিল। সেটা ও ভোলেনি।"

মুথিকা সেই পুরাতন বিস্ফোরণের কথা ভাবছিল। তার ধেয়াল হয়নি যে

ওর মূলে ছিল মেয়েলি ঈর্ষা। লক্ষায় রাঙা হয়ে বলে, "আমারই বোঝা উচিত ছিল যে মিদেদ বোদের পক্ষে ওটা স্বাভাবিক। বোদের প্রনো ডায়েরি উনি পড়েছিলেন। তাতে বহু বান্ধবীর উল্লেখ। না, বিক্ফোরণের ঝুঁকি নেওয়া উচিত নয়। কেন ওয়া ও বাড়ীতে এতদিন আছে? একদক্ষে থাকার আনন্দ তো দারাজীবন ধরে পাবে। সৌমাদাকে একটু ঘ্রিয়ে ফিরিয়ে লেখ মে বিয়ের আয়েয়েল করার জন্মে জুলির উচিত কলকাতায় এদে মায়ের কাছে থাকা। কিংবা আমাদের কাছে। এখানেও আশ্রম আছে, ম্যায়েজ রেজিয়্রার আছেন। তা হলে আমাদের আর কোথাও গিয়ে আর কারো অতিথি হতে হবে না। তুমি হবে বরের বেস্ট ম্যান, আমি হব কনের রাইডদ্মেড। কী মজা! ওয়া শান্তিনিকেতনে গিয়ে মধুমাদ কাটাবে। যাকে ইংরেজীতে বলে হানিম্ন। ম্ন মানে এখানে চাদ নয়। মান। মধুচন্দ্র ভুল অয়্বাদ।"

"বা:। কলকাতার মায়ের ওথানে ওয়েডিং পার্টি। সেটা হবে না ।'' মানস মনে করিয়ে দেয়।

''যা বলেছ। আমাদের বেলা সেটা হয়নি। পনেরো বছর কেটে গেছে। কী কঠিন প্রাণ!'' যুথিকার চোখে জল আসে।

"ও প্রসঙ্গ থাক।" মানস ওটা ধামাচাপা দেয়। ওর খণ্ডর শাশুড়ী এখনো ভুলতে পারেননি যে তাঁরা বারেন্দ্র ব্রাহ্মণ। রানী ভবানীর কী যেন হন। ওদিকে প্রচণ্ড সাহেব। থানাপিনা সাজপোশাক চালচলন বিলকুল সাহেবী।

যৃথিকা তার বাপ মায়ের একমাত্র মেয়ে। একান্ত আদরের ধন। ছেলেবেলা থেকে মনে মনে স্থির করে রেথেছে দীতা, দাবিত্রী, দময়ন্তী, স্থভদার মতো দেও স্বয়ংবরা হবে, নিজের পতি নিজে নির্বাচন করবে। বাপ মা এতে রাজী হবেন কেন । তাঁরা মেয়ের বিয়ের জন্যে যথারীতি উল্লোগী হন। মেয়ের যোল বছর বয়দ থেকেই শুরু হয়ে যায় পাত্র অয়েয়ব। যতদিন না বিয়ে হচ্ছে ততদিন বাড়ীতে বদে না থেকে দে কলেজে পড়ুক। দিল্লীতে তাকে মিরানা হাউদে দেওয়া হয়। দক্ষণেষে বা সক্ষপ্তনে দেও হয়ে ওঠে একজন ফেমিনিস্ট। আইনসভায় প্রতিনিধি নির্বাচনের মতো বিশহে পতিনির্বাচনের অধিকারও নারীর সহজাত অধিকার। এর জন্মেও দরকার হলে লড়তে হবে। লড়াইটা নিজের

গুরুজনের সংক্ষ। দেশের স্বাধীনতার জত্যে যারা লড়বে তারা কি জীবনসকী মনোনয়নের স্বাধীনতার জত্যে লড়বে না ? জীবনটা কার ? তাদের না তাদের মা বাপের ? মেয়ে ভূল করবে। অসম্ভব নয়। কিন্তু বাপ মাও কি ভূল করেন না ? তাঁদের ভূলের জত্যে কত মেয়ের জীবন নই হচ্চেছ।

ধনপতি রায়চৌধুরী কড়া মেজাজের লোক। তার স্ত্রী শৈলবালার মেজাজও চড়া। তাঁরা মেয়ের মতামতকে এক কড়াও দাম দেন না। তাঁদের চোথে মেয়ের দেই গৌরীদান কি রোহিণীদানের বয়স। আট কি নয় বছর। ও যেন কলেজের মেয়ে নয়, পাঠশালার মেয়ে। চাকরবাকরদের মতে। দেও যোত্তুম। তাঁরা তাঁদের ফরমাস মতো পাত্তের অন্বেষণে ঘটক লাগান। তার পেছনে পাঁচ হাজার টাকা থরচ করেন। ফরমাস মতো পাত হবে বারেন্দ্র ব্রাহ্মণদের মধ্যেও কুলীন। বনেদী জমিদারবংশীয়, যদিও জমিদারি বলতে এখন গুঁড়ামাত্র আছে। বিলেতফেরৎ ব্যারিস্টার বা সিভিলিয়ান, নিদেনপক্ষে रेक्षिनीयात । मारहवरमत मरजा धवधरव फतमा, हेश्टतकी वलरव मारहवी होरन । পদার আড়ানে থা ০০ল বাঙালী বলে চিনতে পারা যাবে না। লাফ, বাট নট লীফ, কাতিকের মতো রূপবান। এক এক করে অনেকগুলি পাত্রকে থারি**জ** করে শেষপর্যন্ত গাঁকে পছন্দ হয় তিনি কলকাতা হাইকোর্টের উঠতি ব্যারিস্টার. কলকাতায় তাঁদের নিজম্ব বাড়ী আছে, নাটোর মহকুমায় পৈত্রিক ভদ্রাসন। কিন্তু চাঁদেরও কলঙ্ক আছে। তাঁরও আছে পানদোষ, জুয়ার আদক্তি, মাঝে মাবো তিনি অন্তত্ত রাত কাটান। তাঁর বৌ তা সহ্য করতে না পেরে বাপের বাডী ফিরে গেছেন। আর আসবেন না। ওঁরাও বড়লোক।

যুথিকা ঘুণার সঙ্গে এ সম্বন্ধ থারিজ করে। এমন স্থামীর সঙ্গে জীবন কাটানো থেন একটা ত্রারোগ্য ব্যধি নিয়ে বেঁচে থাকা। মারাগ করেন, বাবা বকেন। অভিমানী মেয়ে থাওয়াদাওয়া বন্ধ করে। তথন ওঁরা বলেন, "আচ্ছা, তূই নিজেই কাকে বিয়ে করবি স্থির কর। কিন্তু মনে রাখতে হবে বারেন্দ্র রাজ্মণদের মধ্যে কুলীন, বনেদী জমিদার বংশীয়,জমিদারি লাটে উঠলেও চলে, বিলেতফেরং ব্যারিস্টার বা সিভিলিয়ান বা আর কিছু, সাহেবদের মতোধবধ্বে ফরসা, উচ্চারণ সাহেবদের মতো, পদার আড়াল থেকে কথা ভনে বাঙালী বলে চিনতে পারা যাবে না, সব শেষে কাভিকের মতো রাজপ্ররাই রাজকভার থোঁজে সাত সমুজ তেরো নদী পার হয়। আমি ভার জতো

অপেক্ষা করব।'' বি. এ. পরীক্ষা দেবার ঠিক আগে তাজমহল দেখতে গিয়ে মানসের সঙ্গে পরিচয়। প্রথম দর্শনেই প্রেম। বিপাক্ষিক। পালিয়ে গিয়ে বান্ধবীর বাড়ীতে গোপনে বিবাহ।

ধনপতিবাবুরা তথন দিমলায়। যুথিকা তার বরকে নিয়ে তাঁদের প্রণাম করতে যায়। শৈলবালা দেবী পা সরিয়ে নিয়ে বলেন, "আমি এইমাত্র স্নান করে উঠেছি। ভদ্রটা আমার পা ছুঁয়ে দিল।" ধনপতিবাবু সাহেবী কেতায় হাণ্ডশেক করে বলেন, "মিন্টার মালিক, ইউ মে রাইজ টু বি আ কমিশনার সাম ডে। অর আ হাইকোট জজ পরহাপস। আই উইশ ইউ লাক। বাট ইউ আর নো ম্যাচ ফর মাই হাই-বন ডটার।" মানস তো হাঁ। তাকে প্রকারান্তরে বলা হলো লো-বর্ণ। ক্রোধে তার সর্বশরীর জ্বলে যায়। শে থর থর করে কাঁপে। তার পরে তোৎলাতে তোৎলাতে দেয় মুথের মতো জ্বাব। "আমি ইংরেজীতে কথা বলি ইংরেজের সঙ্গেই। বাঙালীর সঙ্গে নয়। আপনি যা বলেছেন তা ফিরিয়ে নিন।" তিনি ক্ষেপে গিয়ে বলেন, "আই কল আ স্পেড আ স্পেড। অ্যান আপ্রদাট অ্যান আপ্রটাট।"

যৃথিকার মূথ তথন রক্ত রাঙা। শিবকে এই কথা বলেছিলেন দক্ষ। দে কি সতীর মতো দেহত্যাগ করবে । মানদের দিকে বিহ্বলভাবে তাকায়। মানস আপনাকে সামলে নিয়ে বলে, "আমরা তিনশো বছর ধরে বাদশাহী! তালুক ভোগ করে এসেছি। মোগল সরকারকে এক পয়সা থাজনা দিইনি! ব্রিটিশ সরকারকেও না। বংশমর্যাদায় আমরা কারো চেয়ে থাটো নই। আপনি ষদি মনে করে থাকেন যে আমি জাতে উঠতে চাই বা আপনার অকমাত্র কন্তাকে বিবাহ করে অর্থেক রাজত পেতে চাই তা হলে সেটা আপনার ভূল। আমাদের বংশে কেউ কথনো পণ যৌতুক নেয়নি। আমিও নেব না।"

ধনপতিবাবু বলেন, ''বাট ইউ ক্যান নট বি আ' ব্রাহ্মিন। ইয়োর সন উইল বি আ চণ্ডাল।'' তারপর যুথিকার দিকে ফিরে গন্তীরভাবে বলেন, ''চুন্ধ বিটুইন ইয়োর ফাদার অ্যাও ইয়োর দো-কলড হাজব্যাও।''

যৃথিকাও তেমনি তেজী মেয়ে। বলে, ''চুজ বিটুইন ইয়োর ডটার অ্যাণ্ড ইয়োর সো-কলড হাই কাফ ।''

ওরা যেমন হাতু ধরাধরি করে এদেছিল তেমনি হাত ধরাধরি করে বেরিয়ে যায়। মা চেঁচিয়ে বলেন, "চলে যাবার আগে গয়নাগুলো ফিরিয়ে দিয়ে যা।" যৃথিকা এক এক করে সব খুলে দেয়, আংটি ছাড়া। সেটা মানসের দেওয়া।
একটা দৃশ্য হয়ে যায়। বাড়ীর চাকরবাকর 'হাঁ' হাঁ' করে ছুটে আসে। কোন
পক্ষ নত হয় না। ধনপতিবাবুকে বিমর্থ দেখায়। এতটা তিনি চাননি।
কিন্তু তাঁরও তো মান আছে। তিনিও নত হন না। কিন্তু মানসকে ডেকে
নিয়ে শাসান, ''আমি কোর্টে গিয়ে মামলা করব যে আপনি আমার নাবালিকা
কল্যাকে বলপূর্বক অপহরণ করে তার ইচ্ছার বিরুদ্ধে বিয়ে করেছেন। সে
বিয়ে বাতিল হবার যোগ্য। আমি তার গার্জেন। বাতিলের প্রার্থনা করছি।"

মানদ আশ্চর্য হয়ে বলে, ''দে কী। যুথিকা তো বিয়ের সময় ডিক্লেয়ার করেছে তার বয়দ বিশ বছর।"

"দেটা চাপে পড়ে। ম্যাট্রিক সাটি ফিকেটে মেয়েদের বয়স লেখা থাকে না। আমার মেয়ে আমারই মতো জিনিয়াস। ও তেরো বছর বয়সে ম্যাট্রিক পাস করে। এখন ওর বয়স সতেরো। আমি হোরোস্কোপ দেখাতে পারি।" ধনপতিবাবু বলেন।

"তা হলে আদালতেই আপনার সঙ্গে মোকাবিলা হবে।" মানস পান্টা দেয়।
এবার যুশিলা তেওঁ পড়ে। 'বাবা, তুমি আমাকে ত্যাগ করতে চাও
ত্যাগ করো। তোম।র সম্পত্তি আমি চাইনে। কিন্তু আমার বিয়েটা
বাতিল কবতে যেয়ো না। একবার বিয়ে হয়েছিল শুনলে আর কেউ আমাকে
বিয়ে করবে না। ভোমার সেই ব্যারিফার স্থপাত্র মিফার সাক্যালও না।
মানসের কী । সে পুরুষ মান্তুষ। সে হয়তো আরো ভালো বৌ পাবে।
আমি কি ওকে এত সহজে কেডে দিতে পারি । কডি দিয়ে কিনিনি, কিন্তু দড়ি
দিয়ে বেঁধেছি। আদালতে দাঁড়িয়ে বলব যে আমিই অগ্রনী হয়ে বিয়ের
নোটিস দিয়েছি। আর আমার দেওয়া বয়সের অন্ধ যদি মিথ্যা হং থাকে
আমাবই তো সাজা হবে। এ বিবাহ তোমাদের ইচ্ছার বিরুদ্ধে, কিন্তু আমার
ইচ্ছার বিরুদ্ধে নয়। আর ত্'দিন বাদে যে গ্রাজ্যেট হবে তার নিজের ইচ্ছার
কি কোনো মূল্য নেই ?''

'ৰাগুন হয়ে বাপ বারে বারে দিলেন অভিশাপ।'

ভারপর থেকে দেখা সাক্ষাং চিঠিপত্র বন্ধ। যেমন দেবা ভেমনি দেবী। নাতি হয়েছে খবরের কাগঙ্গে দেখেও তাঁর মন নরম হয়নি। ও যদি ছুঁয়ে দেয় তা হলে তো তাঁকে দিনে দশবার স্নান করতে হবে। নাতনি হয়েছে দেটাও থবরের কাগজে দেখে থাকবেন। কিন্তু সম্পূর্ণ উদাসীন। ওঁরা সিমলা থেকে অবদর নিয়ে কলকাতায় বাড়ী কিনেছেন। ছেলেরা বিলেতে পড়াশুনা করে লায়েক হয়েছে। একজন তো মেম বিয়ে করেছে। তাতে জাত যায়নি। সে যে ছেলে। তৃ:থের বিয়য় ওরাও বোনের থোঁজ নেয় না। য়্থিকাও গায়ে পড়ে স্বামীর জন্মে অপমান ডেকে আনতে চায় না। শিবের জন্মে দতীর মতো সে দেহত্যাগ করেনি, পার্বতীর মতো পুত্রকগ্রানিয়ে ঘর সংসার করছে। পুরনো প্রসঙ্গ উঠলে মানসকে মনে করিয়ে দেয়, ''তোমাকে আমি ছাড়িনি। ছাড়ব না। বাপ মাকেও কি ছেড়েছি ? না, তারাই আমাকে ছেড়েছেন।"

এশব দেখে শুনে মানসের বিশাস হয় না যে বিপ্লব কথনো এমন দেশে হবে যেখানে মাহ্ম এই বিংশ শতাব্দীতেও বর্ণান্ধ। বিপ্লব যদি হয় তবে সেটা শ্রেণীযুদ্ধ নয়, বর্ণযুদ্ধ। হাই-বর্ণ বনাম লো-বর্ণ। হাই-বর্ণকে সম্পূর্ণরূপে নতশির করতে হবে, আর লো-বর্ণকে আত্মসম্মানে উচ্চশির। জন্মগত কারণে কেউ উপরে নয়, কেউ নিচে নয়। একটি বিশেষ জাতে জন্মছে বলে কতক লোক চিরকাল উপরে, কতক লোক চিরকাল নিচে এর ওলট পালটই বিপ্লব। এটা ঘটবে যথন লোকে ব্রাতে পারবে যে কেউ পূর্বজন্মের স্ফুতির ফলে ব্যাহ্ম জন্মায় না, কেউ পূর্বজন্মের তৃদ্ধতির ফলে শুদ্দ হয়ে জন্মায় না। প্রচলিত সমাজব্যবস্থাকে সনাতন বলে চালাবার জন্মে কর্মবাদ বা জন্মান্তরবাদকে ব্যবহার করা অন্থচিত। বর্ণাশ্রমীরাই এটা করেছে, বৌদ্ধরা এটা করেনি।

আহত হয়ে মানস বলেছিল যুথিকাকে, 'জুঁই, তুমি ধীবরকতা। সত্যবতী হলেও আমি তোমাকে বিয়ে করতুম। তোমার পরিচয় তুমি।"

''তা হলে আমি ত্যাজ্য কলা না হয়ে তুমি ত্যাজ্যপুত্র হতে। আমি কি তাতে স্থী হতুম ?" যুথিকা দরদের দঙ্গে বলে।

মানস স্বীকার করে হিন্দু সমাজের ধাপের পর ধাপ। উচ্চতর নিয়তর অসংখ্য পইঠা। ওর বাবা একসময় শক্ষিত হয়ে স্থধিয়েছিলেন, "তুই নাকি গয়লানী বিয়ে করতে যাচ্ছিস?" না, সে চেয়েছিল চাযানী বিয়ে করতে। বলে না।

মানদের মা নেই, বাবা তাঁর বৌমাকে দাদরে গ্রহণ করেন। তাতে কিস্ক প্রমাণ হলো না যে যুথিকা যদি গোপী হতে। তিনি তেমনি উদার হতেন। মানদ মনে প্রাণে ব্রাহ্ম, কিন্ধ হিন্দু দমাজভূক্ত। দমাজকে দে ভিতর থেকেই সংস্কার করতে চায়। জাতের বিচার একদিনে দূর করতে পারা যাবে না, কিন্তু অসবর্ণ বিবাহ ব্যাপক হলে তার থেকে হুল চলে যাবে। খণ্ডর শাশুড়ির কাছে তাকে হেনতা হতে হবে না।

তার বিণাছ যেমন প্রতিলোম বিবাহ সৌম্যাদার বিবাহও তেমনি অন্থলোম বিবাহ। ওর আত্মীয়রা কি জুলিকে সাদরে গ্রহণ করবে। হয়তো মানদের মতো অবমাননা হবে বেচারির। এই পনেরো বছরে সমাজ অনেকটা বদলেছে। তবে শহর অঞ্চলেই।

শেষ্ট্রের বিয়েতে মানস যোগ দিতে পারে না। দায়রার মামলায় আটকে পড়েছিল। তা ছাড়া স্থপনদাকে লিখতে তার মনে দ্বিধা ছিল। টেলিগ্রাম করে ক্ষমা চায় ও অভিনন্দন জানায়। আশা করে অফুঞ্চান স্থচারুরপে সম্পন্ন হবে।

সৌম্যর পরিকল্পিত বিবাহ পদ্ধতি জ্বুলির অন্থমোদন পায় না। অন্থ ছান আশ্রমেই হয়, কিন্তু সংক্ষেপিত হিন্দু মতে। শালগ্রাম বাদ, কিন্তু সংস্কৃত মন্ত্র বাদ নয়। স্থা আচার বাদ, কিন্তু হোম বাদ নয়। স্প্রালান বাদ, কিন্তু পরস্পরকে বরণ বাদ নয়। সাত পাক বাদ, কিন্তু সপ্তপদী বাদ নয়। সঙ্গীত বাদ, কিন্তু শঙ্খধ্বনি বাদ নয়। দর্শকদের সকলের মিষ্টিমুথের প্রয়োজন ছিল। জ্বলিই জনে জনে মিষ্টান্ন বিতরণ করে। এর পরে ওরা বেজিন্তি অফিনে যায়।

জুলির ম। বাড়ীতে পার্টিনা দিয়ে হোটেনেই ডিনার দেন। জুলির কথায় নিমন্ত্রিতদের সংখ্যা সংক্ষেপিত করেন। স্থপনদা, দীপিকাদি, বাবলীও নিমন্ত্রিত। স্থপনদা বাবলীকে বলেন, "চকোলেট, এর পর তোমার পালা।" বাবলা হেসে উড়িয়ে দেয়। "বিয়ে একটা বুর্জোয়া ব্যাপার।"

সৌমা তার কাকার কাছ থেকে যে চিঠি পেয়েছিল তা একজন বান্তববাদীর লেখা। "রাষ্ট্রে তোমরা যেদব পরিবর্তন ঘটাতে চাও দেসব লোকে সমর্থন করতে রাজী, কিন্তু সমাজের বেলা তারা ঘোর রক্ষণশীল। জাত ভেঙে বিয়ে করলে সমাজও ভেঙে যায়। বিধবার বিয়ে তো পাপ। তোমরা আপাতত বাইরেই থাকো, আমি এখানকার জনমত পরিবর্তনের জ্বন্তে চেষ্টা করি। সাধারণ নির্বাচনে আমাদের দল যদি জেতে আর মন্ত্রিত্ব গ্রহণ করে তা হলে আমি একজন মন্ত্রীকেই এখানে ধরে নিয়ে আদব আর তিনিই তোমাদের অভ্যর্থনা করবেন।"

দেশের বাড়ীতে যাওয়া হয় না। শাস্তিনিকেতনে দিন তিনেক থাকার ব্যবস্থা করা হয়। দেখানে মানসও সপরিবারে গিয়ে রবিদারটা কাটায়। জুলি কি আর সেই জুলি ? লজ্জানম লক্ষী বৌ। ঠিক যেন একটি পল্লীবধৃ। উড়নচণ্ডী বিপ্লবী নায়িকা নয়। জোন অভ আর্ক নয়। সিঁথিতে সিঁত্র। কপালে জ্ঞাল্ডলে টিপ। বদনে আনন্দের উদ্ভাস। বিয়ের জ্ঞল পড়ে স্লিশ্ব।

সৌম্যকেও আগের মতে। শুক্ক কাষ্ঠ মনে হয় না। তারও পরিবর্তন হয়েছে। অনুমান করা কঠিন নয় যে রগের আখাদন পেয়েছে।

যুথিকা মানসের কানে কানে বলে, 'জুলি এখন বিজয়িনী। সৌম্যদা বিজিত। শিব আর পার্বতী।"

## ॥ সাত ॥

যুথিকা ও জুলি ছেলেমেয়েদের নিয়ে বেডাতে যায়। সৌম্যর সঙ্গে গল্প করে মানস। বিবাহের প্রসঙ্গ যেন ফুরোতে চায় না।

"দেশ যতদিন না মুক্ত হয়েছে ততদিন আমাকে ভীল্পের মতো প্রতিজ্ঞা পালন করতে হবে। এ ছাড়া আমি আর কোনো ক্যা ভাবিনি, মানস। কিন্তু দেথলুম বিয়াল্লিশ সালের সংগ্রামে আমাদের জিং হলো না। আরো একবার লডতে হবে। কবে, কতদিন পরে কেউ বলতে পারে না। বাপু বেঁচে আছেন আরো একবার লড়বেন বলে। একশো বছর বয়দ পর্যন্ত বাঁচার কথাও বলছেন। ভার মানে পরের বারের সংগ্রামের ভত্তে আরো পাঁচশ বছর সময় নিচ্ছেন। তা বলে আমিও কি বিবাহের জন্মে আরও পচিশ বছর সময় নিতে পারি ? জুলির হতাশা আমাকে ভাবিয়ে তোলে। তার আশা ছিল গান্ধীজী যা পারলেন না নেতাজী তা পারবেন। কিন্তু ইদ্দলে তার আজাদ হিন্দ ফৌজের জিং হয়নি। ইংরেজকে তা হলে তাড়াবে কারা ? কমিউনিস্টরা ? এ চিন্তা ওকে পাগল করে তোলে। ও বিপ্লব বলতে বোঝে রাষ্ট্রবিপ্লব, সমাজ বিপ্লব নয়। এখন ওর সব আশাভরসা নিমূল। ওর মা আমাকে ওর ভার নিতে বলেন। মানা বললেও আমি ওর অবস্থা বিবেচনা করে আপনা থেকে নিতৃম। এদেশে বিয়ে না করে একসঙ্গে থাকা যায় না। ওদেশে অবশ্য দেরকম নজীর আছে। সেটা তোমাদের সাহিত্যিক ও শিল্পীদের মধ্যে। ভালোকরেই বুঝতে পারি যে জুলিকে বিয়ে না করলে ওর অবস্থা আরো থারাপ হবে। নোনাদিকে লিখি, তিনি বাপুর সঙ্গে কথা বলে তাঁর অমুমতি গ্রহণ করেন্। কিন্তু-"

মানদ দৌম্যর মূথে ছট্টু হাদি দেখে বলে, "কিন্তু কী ?"
"কিন্তু শৰ্ড আছে।" দৌম্য স্বটা একনিঃখাদে বলেন না।
"শৰ্ড। কী শৰ্ড।" মানদ কৌতৃহল দম্ম করতে পারে না।

"তোমার মাথায় ঢ়কবে না। সাধারণ মাত্রবের মাথায় ঢ়কবে না। আমিও কি ভাবতে পেরেছি ?" সৌম্যর চোথে মুখে হাসি।

"আরে বলোই না। অত ধানাই পানাই কেন ১" যানস অধৈর্য হয়। "বিবাহের শর্ত ব্রহ্মচর্য।" সৌম্য গম্ভীরভাবে বলে। মানস আর সইতে পারে না। "গান্ধীজী একটা কিল্-জয়।"

সৌম্য গান্ধীজীর পক্ষ নেয়। "আমরা গান্ধী পরিচালিত সত্যাগ্রহীরাও একটা ফৌজ। ফৌজে থাকতে হলে কতকগুলো কাহ্নন মানতে হয়। এটাও সেইসব কাহ্ননের একটা। যদি গঠনেব কাজ নিয়ে থাকি, সত্যাগ্রহে যোগ না দিই. তা হলে বিবাহের পর ব্রহ্মচর্যের বাধ্যবাধকতা নেই। গঠনের কাজও দেশেব কাজ। গঠন পেকেই সংগঠন গড়ে উঠবে। সংগঠন ছাড়া গণ সত্যাগ্রহ সম্ভব নয়। এবার সেটা আমরা হাড়ে হাড়ে ব্রোছি। অসংগঠিত জনতা যা করেছে তা গণ সত্যাগ্রহ নয়। তার ব্যর্থতা গণ সত্যাগ্রহের ব্যর্থতা নয়। গান্ধীজীর ব্যর্থতা তো নয়ই। আমি আপাতত গঠনকর্মেই আত্মনিয়োগ করছি। তাই বিবাহের পর ব্রহ্মচর্য পালন করছিনে। কিন্তু সত্যাগ্রহের সময় যথন আদ্বে তথন গু'

''আবার ব্রহ্মচর্য অবলম্বন করবে।'' মান্স উপহাস করে।

"তুমি কি মনে করেছ আমি পারব না?" সৌম্য কঠোরভাবে বলে।

"এটা কি তৃমি ব্বাতে পারছ না যে তৃমি ব্রহ্মচারী হলে তোমার স্বীও ব্রহ্মচারিণী হতে বাধ্য হয় ? কেন ওকে তৃমি বাধ্য করবে । কী মধিকার আছে তোমার । তৃমি ওর অন্নমতি চাইতে পারো, কিন্তু ও যদি অন্নমতি না দেয় ? অবশ্য সেও যদি সত্যাগ্রহে যোগ দিতে চায় সে কণা আলাদা স্বামীস্প্রীর সম্পর্ক জোর জবরদন্তির সম্পর্ক নয়। এক জন আরেকজনের উপর ব্রহ্মচর্ষ বা সত্যাগ্রহ চাপিয়ে দিতে পারে না। ভূলে যেয়ো না যে নারীরও ক্ষুধা তৃঞ্চা আছে। তাকে ক্ষুধিত তৃষিত রাথলে সে কই পায়। তোমার অন্তরে প্যাশন নেই, তা আমি জানি। কিন্তু কম্প্যাসন তো আছে। কী করে তৃমি একটি নারীকে ক্ষুধিত তৃষিত রাথবে । কই দেবে ।" মানস জিজ্ঞাদা করে।

সৌম্য থপ করে কথা কেড়ে নিয়ে বলে, "কী করে তুমি জানলে আমার অন্তরে প্যাশন নেই, শুধু কম্পাদন আছে ? আমার প্যাশন আমি সাবলিমেট করেছি। দেশের মৃক্তির জন্তেই সে প্যাশন। নারীর মধুর রদের জন্তে নয়। গান্ধী, জবাহরলাল, স্থভাষ এঁদের অন্তরেও প্যাশন আছে। সে প্যাশন দেশের মৃক্তির জন্তে। নারীর দক্ষে মিলনমাধুরী তাকে লক্ষ্যভ্রষ্ট করেনি। আমার আশক্ষা আমি লক্ষ্যভ্রষ্ট হব।"

মানদ তাকে আশাদ দেয় যে দ্বাই ব্রহ্মচারী না হলেও দেশ স্বাধীন হবে। আমেরিকা হয়েছে, ইটালী হয়েছে, আয়ারল্যাও হয়েছে। কোথাও ব্রহ্মচর্বের এমন মাহাত্ম্য নেই। দংগ্রামের নেতারা কেউ মহাত্মা নন। শুধু ভারতের বেলাই প্রত্যাশা করা হচ্ছে যে দংগ্রামের নেতাদের মহাত্মা হতে হবে। আর মহাত্মা হতে হলে ব্রহ্মচারী হতে হবে। এ দেশের জনগণ বাহ্মান বলতেই অজ্ঞান, দর্যাদী বলতেই মন্ত্রম্থা। নেতারাও হয় বাহ্মান, নয় সন্যাদী। দেইজল্যেই তাদের এত প্রেক্টিজ। তবে মুসলমান বা শিখদের মধ্যে এ কুদংস্কার নেই। তাদের মধ্যে যে কেউ ৰীরপুরুষ হয়নি তা নয়। বীরপুরুষরা বরং বহুভোগী। দেশকে মুক্ত করা বীরপুরুষ ও বীরাঙ্গনাদের কাজ। তাদের নিয়েই মহাকাব্য বা নাটক রচিত হয়।"

"সে কথা ঠিক।" সৌম্য স্থীকার করে। "জুলিকেও আমি ব্রহ্মচারিণী হতে বলিনে। কিন্তু আমি যদি ব্রহ্মচারী হই, ও যদি ব্রহ্মচারিণী হতে না চায়, তবে সে এক মহা অশান্তির ব্যাপার হবে। বাপু কলকাতা আদবেন ভনেছি। তাঁকে একলা পেলে জিজ্ঞাদা করব এহেন সমস্থার সমাধান কী।"

"নারীকেই আত্মবলি দিতে হবে, এ ছাডা আর কী । কন্তরবাকে তিনি আত্মবলি দিতে প্রণোদিত করেছেন। জুলিকেও কন্তরবা হতে বলবেন। কিন্ত ও কেন ভনবে গ তুমি কি বিয়ের আগে ওকে গান্ধীজীর শর্ভের কণা জানিয়েছ।" মানস সৌম্যকে বেকায়দায় ফেলে।

"না, ভাই! জানালে ও হয়তো মারতে আসত। ওর প্রথম বিবাহে ফুলশ্য্যা হয়নি। ও ব্রহ্মচারিণী থেকে গেছে। বিতীয় বিবাহেও তাই হলে ও কি ক্ষমা করবে? দেশের নেডারা ওকে নিরাশ করেছেন। আমি ওর স্বামী হয়ে যদি ওকে নিরাশ করি ও কি মারম্থী হবে না?" সৌম্য কৈফিয়ৎ দেয়।

এর পর মানদ চিক্তা করে বলে, "গাছীজীর উচ্চাভিলায তিনি দেক্সলেদ

হতে চান। তার মানে একজন বোধিসত্ত। অবলোকিতেশব কি মঞ্শী। তাঁর পালায় পড়ে তুমিও আরেকজন বোধিসত্ত। ক্ষিতিগর্ভ কি সামস্তভত্ত। তোমার পালায় পড়ে বেচারি জুলি যে কী হবে তাই ভাবছি।" মানস রহন্ত করে।

সৌম্য হেনে ওঠে। ''আমার পালায় পড়ে ও মা হতে চায়। একটি ছেলের ও একটি মেয়ের। এর পরে তো ওর কোনো চাহিদ। থাকার কথা নয়। দেকা ব্যাপারটা তো সন্তানার্থে। মাহ্য তার উপর আরো কিছু আরোপ করতে পারে, কিছু প্রকৃতির উদ্দেশ্য তো প্রজনন। সমাজেরও অভিপ্রায় পৌর্বাপ্য রক্ষা। যাকে বলে পিতৃঝণ শোধ। ঝণমুক্ত হবার পর আমাদের উভয়েরই কর্ত্ব্য মিলনকামনাকে কায়িক তার থেকে আত্মিক তারে উন্নীত করা। যৌবন তো ফুরিয়ে আসছে। আর কয়েক বছর পরে আমার হবে বানপ্রস্থের বয়স। আর জুলির চেঞ্চ অভ্লাইফ। এমনিতেই দাঁড়ি টানতে হবে।"

"বিরতি হয়তো একদিন আপনি আসবে। কিন্তু জোর করা বিরতির পরিণাম ভয়াবহ। যে প্রকৃতির দোহাই তুমি দিয়েছ দৈই প্রকৃতিই কামনাপরণের প্রথতিনা দেয়, সন্তান থাকা সত্তেও। স্ত্রী নারাজ হলে স্বামী ভয়ত্র যায়, স্বামী নারাজ হলে স্ত্রী অশান্ত হয়। সব চেয়ে ভালো হচ্ছে হ'জনের পায়ে পা মিলিয়ে চলা। শয্যা সংক্রান্ত ব্যাপারে একতরফা সিদ্ধান্ত নেওয়া মহা অনর্থকর। একবার বিয়ে করলে তারণর থেকে তুমি আর ফ্রান্ত। তোমার ফ্রীডম আসবে জুলি বেদিন স্বেচ্ছায় ও স্বতঃস্কৃতভাবে তোমাকে বলবে, আর চাইনে। কামনার কোনো বয়ঃসীমা নেই। সন্তানধারণের বয়স পার হয়ে গেলেও নারী পুরুষকে আকর্ষণও করতে পারে, তার দ্বাবা আরুইও হতে পারে। তথন আর অন্তঃসত্তা হবার ভয় ওর থাকে না। স্বত্রণ নিশ্চিত্ত হয়ে আরো অনেকদিন ভোগস্থ চাইতে পারে। যদি না রোগে শোকে জর্জর হয়।" মানস যতদ্র জানে।

শোম্য কী যেন ভাবছিল। বলে, "বেদ উপনিষদে ব্ৰহ্মকে বলা হয়েছে ন স্থী, ন পুমান্। ব্ৰহ্ম শক্তি ক্লীবলিক। ভোমরা ব্রাহ্মরা তাঁকে বানিয়েছ পুংলিক। যিনি পুরুষও নন, নারীও নন তাঁর সঙ্গে মিলিত হতে হলে ন স্থী ন পুমানু হতে হবে। এটাই ভো লজিক। এদিক থেকে বাপুই লজিকাল। তিনি আগে বলতেন ভগবানই সভ্য। আজকাল বলেন সভ্যই ভগবান। সভ্য শক্তি ব্ৰহ্ম শক্তির মতো ক্লীবলিক। ক্লীবলিকের সংক্ষ একাত্ম হতে হলে ক্লীবলিক্সই হতে হয়। সেটাই এখন তাঁর কাছে আধ্যাত্মিক সাধনা। সভ্য আর অহিংসা আর ব্রহ্মচর্য তিনটিই তাঁর কাছে এক, একটিই তিন। আমার কাছে এখনো হয়নি, কবে হবে তা নির্ভর করছে দীর্ঘ জীবনের উপরে। পরের বারের সংগ্রামে যদি যোগ দিই তবে জেলে যেতে হবে না, সেটা সকলে পারে। ব্লেটের সামনে বৃক পেতে দিতে হবে কিংবা পেছন থেকে ছোরা থেতে হবে। সভ্যাগ্রহ মানে জেলযাত্রা নয়। আগুরগ্রাউণ্ডে যাওয়া নয়। বাপু আমাকে গঠনের কাজে নিযুক্ত রেথে বাঁচিয়ে দিতে চান, কিন্তু আমার ভিতরে একজন সৈনিক আছে, সে তোমার মতো নীরব সাক্ষী হতে নারাজ। সে ঝাঁপিয়ে পড়বে, সম্ভবত মার থেয়ে মরবে।"

"গড ফরবিড।" মানস বলে ওঠে। "তুমি এখন বিবাহিত গৃহস্থ, তুমি আর স্বাধীন নও। জুলির অন্নমতি না নিখে তুমি প্রাণ দিতে পারবে না। ওকে বিধবা করার কী অধিকার আছে তোমার ? ও ক বার বিধবা হবে ? যদি ছেলেমেয়ের মা হয় তবে বিধবা হয়ে আরো কই পাবে। তোমাকে বাপু গঠনের কাজে একনিষ্ঠ হতে বলেছেন। তোমাকে তার নির্দেশ মানতে হবে।"

এর পর ওঠে মিলির প্রদক্ষ। একান্ত কুণ্ঠা আর সঙ্কোচের সঙ্গে গৌম্য মানদকে বিশ্বাদ করে বলে, ''একচফু হরিণের মতো আমি একটা দিকই দেখেছি, আরেকটা দিক দেখিনি। জুলির দিকটা দেখেছি, মিলির দিকটা দেখিনি। এখন ব্রতে পারছি একই বাড়ীতে ছই নারী থাকতে পারে না। এমন কী. একই শহরেও না। মিলির বিলেত ফিরে যাবার অপেক্ষায় আছি, কিন্তু মিলি নাকি স্থির করেছে যে ওর ছেলেকে স্বদেশেই মাত্র্য করবে, বিদেশে নয়। ওদিকে স্কুমার লণ্ডনের শহরতলা ত্রেণ্টে সন্তায় পেয়ে বাড়ী কিনেছে, দেইখানেই দেটল করবে। ছেলেকে বিলেতের ভালো প্রাইভেট স্কুলে পড়াবে! তার পর অকৃসফোর্ড বা কেমবিজে। ছেলে যথন দেশে ফিরবে তথন সে একজন কেষ্ট বিষ্টু হয়ে ফিরবে। যেমন শ্রীত্মরবিন্দ। স্কুকুমারের মটো হচ্ছে বেস্ট এড়কেশন, নট স্বদেশী এড়কেশন। মিলির মটো ঠিক বিপরীত। ছেলে দেশের পড়া দাক করে বিদেশে যাবে। যেমন নেতাজী স্থভাষ্চন্দ্র। মিলি তার ছেলের মঙ্গলের জন্মে দেশে থেকে যেতে চায়, স্বামীর মঞ্গলের জন্মে বিলেতে বসবাস করতে নারাজ। এই নিয়ে ওদের মধ্যে মনোমালিকা দেখা দিয়েছে। স্থকুমার দেশে ফিরে কা করবে । ভেরেণ্ডা ভাজবে । তবে ও তুথোড় লোক। কৃষ্ণ-মেননের দক্ষে যোগাযোগ রক্ষা করে চলেছে। আর

কৃষ্ণ মেনন তো জবাহরলালের ভক্ত। লেবার পার্টিতে ওঁর যথেষ্ট প্রভাব। এখন তো লেবার পার্টি ক্ষমতায় এসেছে। কংগ্রেসের সঙ্গে মিটমাটের সম্ভাবনা নিকটবর্তী। জবাহরলাল ইচ্ছে করলে মেননকে আর মেনন ইচ্ছে করলে স্বকুমারকে দেশে ফিরিয়ে এনে স্বপ্রতিষ্ঠিত করতে পারেন। মিলি কিন্তু তুড়ি মেরে উড়িয়ে দেয়। চার্চিল এখন গভর্ন মেণ্টে নেই, তবু অপোদ্ধিশনে তো আছেন। ভারতসংক্রান্ত প্রশ্নে ব্রিটিশ জনমত চার্চিলের মুথের দিকে তাকিয়ে, অ্যাটলীর মুথের দিকে নয়। চার্চিলের পার্টির সঙ্গে জিলার পার্টির সম্পর্ক তেমনি নিবিড় যেমন লেবার পার্টির সঙ্গে নেছেকর পার্টির। কংগ্রেদ যদি লীগের দঙ্গে মিটমাট না করে ব্রিটিশ গভর্নমেণ্ট কংগ্রেদের দক্ষে মিটনাট করবে না। কংগ্রেস কী করে পার্টিশনের ভিত্তিতে দেশকে স্বাধীন করবে ? পাকিন্তান তো ত্রিটেনের তাবেদার হবে। বোমা রিভলভারের দিন আবার আদছে। স্টেন গান, গ্রেনেড ইত্যাদিও জোগাড় করতে হবে। মিলিকেও আবার আদরে নামতে হবে। প্রকুমারের দঙ্গে রাজনৈতিক প্রশ্নেও তার বিরোধ! ইংরেজরা আর সব বিষয়ে ভালো, কিন্তু হাড়ে হাড়ে সাম্রাজ্যবাদী। সাম্রাজ্য ওরা কিছুতেই ছাড়বে না। ছাড়লেও মুসলিম লীগের বকলমে ভারতের মাটিতে এক পা রাথবে। তার নাম কি স্বাধীনতা ? কখনোনয়। প্রকৃত বাধ,নতা হচ্ছে আমেরিকার স্বাধীনতা। তার জ্যে মিপাইদের নিয়ে লড়তে হবে। দশ বছর দেরি হবে ? হোক না দশ বছর দেরি ? নেতারা ততদিন বাঁচবেন না। নাই বা বাঁচলেন ? নতুন নেতার উদয় হবে।"

মানস অবাক হয়ে শোনে। জিলা চাচিল আাকসিদ আর নেংক লেবার আাকসিস ছটোই সত্য। কী করে এদের মধ্যে মিটমাট হবে ভগবান জানেন। গান্ধীজী অবশ্য চুপ করে থাকবেন না, হয় জেলে ফিরে যাবেন, নয় মরণপণ অনশন করে মর্গে চলে যাবেন। সৌম্য যদি গান্ধীর নিয়তির নিজের নিয়তির সঙ্গে সংযুক্ত করে তবে তার ভবিশ্যৎ অনিশ্চিত। জুলি কি তার সঙ্গে পা মিলিয়ে নিতে পারবে? আর ওই যে মিলি ওই বা কেন আসমান থেকে নেমে এসেছে ঠিক এই মৃহুর্তে? সৌম্যকে কেন মৃশকিলে ফেলেছে? তুই নারীর মাঝথানে পড়ে বেচারা কি ও শহরে তিঠতে পারবে? ওর হাতে গড়া আশ্রম ওকে ছাড়তে হবে।

যুথিকা ও জুলি দীপক ও মণিকাকে নিয়ে ফিরে আঁদে। জুলি উচ্চুসিত

হয়ে বলে, ''আহা, এমন না হলে আশ্রম! কী নেই এথানে। নাচ, গান, বাজনা, চিত্র, ভাস্কর্ধ, স্থাপতা। নাচের ক্লাস চলছিল, অত্যমতি নিয়ে অমিও একটু নাচলুম। ওঁরা বলেছেন আমি যদি এথানে থাকি আমাকেও নাচের ক্লাসে ভতি করে নেবেন। কে একজন দক্ষিণী মন্তব্য করেন, ইউ আর আ বর্ন ভালার। এই আশ্রম আর ওই আশ্রম! কার সঙ্গে কার তুলনা! এই, তুমি কেন ওখান থেকে এখানে চলে এস না? আলাদা একটা বাড়ী করে তোমার কাজ তুমি করবে, আমার কাজ আমি করব। নাচ, গান, ছবি আঁকা এইসব আমার কাজ। আফসোস হচ্ছে আগে কেন এখানে আসিনি, নাচ গান ছবি আঁকা শিথিনি। বিবাহিতা ছাত্রীও দেখলুম। কারো কারো বয়স আমারই মতো। এই, তুমি কেন আমাকে এখানে ভতি করে দাও না। উত্তরায়ণে গিয়ে রখীদা ও বৌঠানের সঙ্গে আলাপ করে এসেছি। ওঁরা আমাকে পেলে খুব খুশি হবেন। থিয়েটারে একটা পার্ট দেবেন। আহা, থিয়েটার! কী চমৎকার! বললেন আমাকে যা মানাবে। কার পার্টে, জানো? 'রক্তকরবী'র নন্দিনীর পার্টে। ই্যা, আশ্রমে যদি থাকতে হয় তো এই হচ্ছে সেই আশ্রম। মহর্ষিও মহাকবির স্বপ্ন।'

শুজুলি যা বলছে তা ভেবে দেখবার মতো। এটাও আশ্রম। এখানে এলে বা এর কাছাকাছি নতুন একটা আশ্রম প্রতিষ্ঠা করলে তোমার কোনো ক্ষতি হবে না, ওর সর্বাঙ্গীন বিকাশ হবে। তুমি বাপুকে চিঠি লিখে ওঁর অনুমতি নাও। জুলিকে যদি রাজনীতি ভূলিয়ে দিতে চাও এই দেই পরিবেশ।" মানসের পরামর্শ।

সোম্য গন্তীরভাবে বলে, ''জুলিকে নয়, মিলিকে। ওর ছেলের পড়াশুনার পক্ষে এই পরিবেশই আদর্শ। জুলির যদি ছেলেমেয়ে হয় ওরাও একট্ বড়ো হলে এখানে আদবে। তখন জুলিও আদবে তাদের নিয়ে থাকতে। কিন্তু আমায় কি সে সাধীনতা আছে ? ওখানে আমি হাজার জন কাটুনীকে দিয়ে হতো কাটাই, তাদের পেছনে আমার বছরে খরচ হয় লাড়ে তিন লাখ টাকা। তারপর স্থানীয় তাঁতীদের দিয়ে কাপড় বুনিয়ে নিই। তাতেও খরচ হয় লাখ দেড়েক টাকা। ছুভোর, কামার, রংরেজদের পেছনেও অনেক টাকা খরচ হয়। তা ছাড়া আশ্রমেব কর্মীরা আছেন। ভাগার চালাতেও খরচ হয়। এখানে যদি আসি আবার গোড়া থেকে শুক্র করতে হবে। আবার সেই চলি চলি পা পা। কতকাল লাগবে তত বড়ো আকার দিতে। সেই সময়টা

ভথানে দিলে ওথানকার আশ্রম বিগুণ বড়ো হতে পারে। আমাকে ওখানে পাঠানো হয়েছে পূর্ববেদর হিন্দু মুসলমানের মধ্যে সদ্ভাব রক্ষা করতে। গঠনকর্মের মাধ্যমে। আমি যে থরচটা করি তার সিংহের ভাগ পায় মুসলমানরা, তারাই স্থানীয় সংখ্যাগুরু। ব্যয়ের চেয়ে আয় অনেক কম। ফী বছর লোকসান দিতে হয়। থাদি এখনো আত্মনির্ভর হয়ি। সভ্য থেকে ভর্তু কি দেয়। এই উপলক্ষে হিন্দু মুসলম'নের যে একা গড়ে তুলেছি সেটা মুসলিম লীগ তথা হিন্দু মহাসভা উভয়েরই চক্ষুশ্ল। পালিয়ে এলে চলেরে না, লেগে থাকতে হবে। আমাদের বিরুদ্ধে কী রকম প্রোপাগাণ্ডা হচ্ছে, জানো? বার্রা দেশের জত্যে জেল খাটছেন, তারা দেশকে ভালোবাসেন। কিন্তু দেশকে ভালোবাসলে কী হবে, দেশের মাম্ব্রকে যে ভালোবাসেন না। মুসলমানকে তাঁরা ক্ষমতার অংশ দেবেন না। ইংরেজকে তাড়াবার সঙ্গে স্ক্রমানকেও তাড়াবেন। ইংরেজও বিদেশী, মুনলমানও বিদেশী। ইংরেজও বিজেতা, মুসলমানও বিদ্বেতা। এক ঢিলে ছই পাথী মারবেন। পাকিস্তানই একমাত্র রক্ষাকবচ।'

মানদ গভারভাবে বিচলিত হয়। বলে, "তোমাকে কাদাবিয়াল্কার মতো ওই জাহাজের ডেকেই দাঁড়িয়ে থাকতে হবে, দৌম্যদা। চারদিকে আগুন ধরে গেলেও। পলায়ন বুদ্দিমানের কাজ, কিন্তু সত্যাগ্রহীর কাজ নয়।"

জুলি কেপে গিয়ে বলে, "তা হলে তুমিই বা কেন ওথানে বদলী হয়ে যাও না ? তুমিও তো হিন্দু মুদলমানের ঐক্য চাও।"

মানস এর জন্মে প্রস্তুত ছিল না। বলে, "আমি তো চাকরি থেকে অকালে অবসর নিতে যাচ্ছি।"

"তার মানে তুমি এস্কেপিটে। ছি ভি, মানসদা।" জুলি িকারি দেয়।

এবার যুথিকা তার স্বামীর পক্ষ নেয়। "ওর এই সিদ্ধান্তটা পাঁচবছর আগে নেওয়া হয়ে গেছে। শুধু যুদ্ধশেষের অপেক্ষা। আর আফ্পাতিক পেনসনের।"

"সে কী, মানসদা, তুমি আমাদের বিষম বিপদের মূথে ফেলে নিজে নিরাপদ হতে চাও। যদিও তোমরা আমাদের শত্রুপক্ষের লোক তবুও তোমরা থাকলে আমরা নিরাপদ বোধ করি।" জুলি অস্তর থেকে বলে। ,

"এতকাল তো দেশপ্রেমিকদের কাছ থেকে ইটপাটকেল থেয়ে এদেছি,

আজ হঠাৎ ফুলের তোড়া কেন? কবে থেকে আমাদের কদর বেড়ে গেল ।" মানস স্থায়।

"হিন্দু অফিনার একটি কমলে হিন্দুর রক্ষকও একটি কমে। দেখছ না পরিস্থিতি কেমন ঘোরালো হয়ে আদছে ? ইংরেজকে তাড়াতে গিয়ে শুনছি মুদলমানকেও তাড়াতে যাচ্ছি। যা স্থপ্নেও ভাবিনি। মুদলমান হচ্ছে ফ্লেশ অভ্ মাই ফ্লেশ, রাড অভ মাই রাড। কিন্তু এখন ওদ্দের শেখানো হয়েছে যে ওরা আলাদা একটা নেশন, ওদের জন্মে আলাদা একটা দেশ চাই, যে তাতে নারাজ হবে দেই তার শক্র। আমরা কি নারাজ না হয়ে পারি ? গোটা বাংলাদেশটাই নাকি ওদের পাওনা। না দিলে ইংরেজকে ছেড়ে আমাদেরকেই ওরা তাড়াবে। আরু নয়তো স্থলতানী আমল ও নবাবা আমলের মতো পদানত করে রাখবে। আমরা কি ইংরেজকে বিদায় দিতে যাচ্ছি মুদলমানের প্রজা হতে ?' জুলির মোক্ষম প্রশ্ন।

"কিন্তু লোমার ওটা ভূল যে আমি একজন হিন্দু অফিলার। না, আমাকে ধর্ম দেখে চাকরিতে নেওয়া হয়েন। যোগ্যতা দেখে নেওয়া হয়েছে। ধর্ম দেখে যাদের নেওয়া হয়েছে তারা ম্ললমান। তাদের তুমি ম্ললিম অফিলার বলতে পারো। কিন্তু আমরা ইণ্ডিগান অফিলার। আমরা ইণ্ডিয়ানদের লবাইকার রক্ষক। হিন্দু ম্ললমান ভেদ বিচার করব না। অপরাধ নির্বিশেষে দণ্ড দেব। ম্ললিম লীগ আমাদের খুব বেকায়দায় ফেলেছে সন্দেহ নেই, কিন্তু বৃহত্তর ম্ললিম সমাজ এখনো আমাদের বিশাদ করে। আমি কি তাদের জন্যে কম ভেবেছি, কম করেছি? নোম্যালাও ওদের জন্যে কম ভাবেনি, কম করেনি। তুমিও কম ভাবেনে না, কম করবে না। বৃহত্তর ম্ললিম সমাজের দঙ্গে সম্পর্ক যেমন প্রীতিপূর্ণ ছিল তেমনি প্রীতিপূর্ণ থাকবে। বৃহত্তর ম্ললিম সমাজই পূর্বক্রবাদী সংখ্যালঘু হিন্দুর রক্ষক।" মানদ উত্তর দেয়।

"পশ্চিমবঙ্গে বদে তুমি তো ওকথা বলবেই। যেতে যদি পূর্ববঙ্গে আর দেখতে যদি কী অবস্থা তবে তোমার মত বদলে যেত। তা তো নয়, তুমি চাকরি ছেড়ে পালাবাব তালে আছো।" জুলি আবার টিটকারি দেয়।

এবার সৌম্য মৃথ থোলে। "সপ্তপদী আমি চাইনি, জুলিই চেয়েছিল। বেচারিকে এখন আমার সঙ্গে পা মিলিয়ে পূর্ববঙ্গে ফিরে যেতে হবে। বিপদের ভয়ে আমি কি পেছপা হতে পরি ? আমি যে গান্ধীজীর সৈনিক। বিপদের সঙ্গে আ্যার জোরে সঙ্ব। জুলি থাকবে আমার পাণে। জুলিই আমার শক্তি।" "আচ্ছা, দৌম্যদা," যুথিকা স্থায়, "সপ্তণদী হয়েছে বলে কি স্থীকেই স্থামীর দক্ষে পা মিলিয়ে নিতে হবে, স্থামীকে স্থীর দক্ষে নয়, কন্তরবাকেই গান্ধীজীর অহুসরণ করতে হবে, গান্ধীজীকে কন্তরবার নয়? আমাদের বিয়েতে সপ্তপদী হরনি। তার জল্মে আমার মনে থেদ ছিল। কিন্তু এখন দেখছি সপ্তপদী না হয়ে ভালোই হয়েছে। আমি জুলির চেয়ে স্থাধীন। ও বেচারিকে তোমার মতো দৈনিকের সঙ্গে যুদ্ধক্ষেত্রে যেতে হবে।"

"ও না হলে আমাকে শব্ধি জোগাবে কে ?" সৌম্য শহাস্তে পান্টা স্থায়। "কেন¶ এতদিন কে জুগিয়েছিল ?" যুথিকা জেরা করে। সৌম্য এর উত্তরে বলে, "ভারতমাতা। বন্দে মাতরম।"

্রতা হলে ভারতমাতাই আবার জোগাবেন। জুলিকে তুমি শাস্তিনিকেতনে থাকতে দাও। পরে ওর সঙ্গে পা মিলিয়ে নেবে।" যুথিকা বাজিয়ে দেখে।

তেবে তাই হোক। আপাতত আমার আশ্রম আমাকে টানছে। আমাকে যেতেই হবে। জুলি, তুমি কালকেই নাচের ক্লাদে ভতি হয়ে পড়ো।" সৌম্য গন্তীরভাবে বলে।

জুলির মুথ ভকিরে শায়। ''রাগ করলে নাকি? আমি কি তোমাকে ছেড়ে থাকতে পারি? তুমি যেখানে যাবে আমি সেখানে যাব।''

মানস হেসেবলে, "রাশিয়াতে একটা প্রবাদ আছে, ছুঁচ যেদিকে যায় স্থতো সেইদিকৈ যায়। স্বামীপ্রীর সম্পর্ক যেন ছুঁচ স্থতোর সম্পর্ক। ছুঁচ না হলে স্থতো অকেজো। স্থতো না হলে ছুঁচ অকেজো। তবে ছুঁচই আগে আগে যায়। স্থতো অক্সরণ করে।"

তা ভনে যুথিকা ফোড়ন কাটে। "শোন, শোন। এই ছুঁচটির শিছু পিছু এই স্তোটিকেও বাংলাদেশের কাঁথাখানা একোঁড় ওকোঁড় করতে হয়েছে। কোখাও কি হটো বছর থাকতে দিয়েছে? একবার বাদে। জুলি, ভোমার ভাগ্যে বদলী নেই। তুমি ভাগ্যবতী।"

"দে তো আরো ভাবনার কথা। সারাজীবন ওখানেই কাটাতে হবে নাকি ? যাবজ্জীবন দীপান্তর !" জুলি আঁতকে ওঠে।

"কেন ইংরেজ মিশনারির। কি সারাজীবন ভারতে কাটান না? গান্ধীবাদী গঠনকর্মীরাও আরেক রকম মিশনারি। কোথাও একটা স্কুল, কোথাও একটা হাসপাতাল, কোথাও একটা কুষ্ঠদেবাশ্রম নিয়ে মিশনারিরা বসে যান। ভোমরাও ভেমনি বসে যাবে। তা হলেই ভো লোকেঁর উপর ভোমাদের নৈতিক প্রভাব পড়বে। খাদির কাজ একটা বিজনেস নয়। লোকে যদি দেটাকে টাকা পয়সার নিরিখে বিচার করে তবে মূল উদ্দেশ্যই ব্যর্থ হয়। মূল উদ্দেশ্য হচ্ছে শোষণহীন সমাজ সংখাপন। নইলে আথিক লোকদান দিতে দিতে তোমরা একদিন দেউলে হবে। তথন আশ্রম গুটিয়ে নিয়ে অহাত্র যাবে।" মানস যেমন অনুমান করে।

"নেহাৎ ভূল বলেনি মানস।" সৌম্য স্থাকার করে। "আমরা এখনো লোকের মনের মধ্যে গভার ভাবে শিকড় গাড়তে পারিনি। গভন মেন্ট পব ভছনছ করে দিরেছে। লোকে 'হাঁ, হাঁ' করে ছুটে আসেনি। পুলিঞ্জার সামনে হুয়ে পড়েনি। বেসব কর্মী আন্দোলনে বাঁপ দিয়েছিল তাদের বাদ দিয়েও আরো কয়েকছন কর্মী ছিল গঠনকর্মে রভ। তারা নিঃশন্দে সরে সড়ে। ক্রথে দাঁড়ায় না।"

"মানসদা," জুলি নিবেদন করে, "আমি কিন্তু গান্ধীবাদীও নই, মিশনারিও নই। মতবাদের দিক থেকে দৌম্য যেমন স্বাধীন আমিও তেমনি স্বাধীন। তবে কার্যকলাপের বেলা আমাকে সতর্ক হতে হবে, যেন গঠনকর্ম বা সত্যাগ্রহ বাধ্য না পায়। আপাতত আমি রাজনীতি থেকে সরে দাঁড়াচ্ছি। এ রাজনীতি আমাকে স্বন্তি দিচ্ছে নঃ। আমি চাই বৈপ্রবিক রাজনীতি, অথচ কমিউনিস্ট পার্টির ডিকটেটরশিপ নয়। রাশিয়ায় ওরা ধনিকদের মালিকানা রাষ্ট্রপাং করেছে, কিন্তু শ্রমিকদের মালিকানা বা মালিকানার অংশ দেয়নি। তারা শ্রম দেয়, পারিশ্রমিক পায়, যেমন বাড়ীর চাকর। চাকরে মালিকে অনেক তফাং! রাষ্ট্রের চাকুর বলে পরিচয় দেওয়াটা কি খুব গৌরবের স্বর্মকারী চাকুরে হিসাবে তুমি, মানসদা, কি খুব একটা গৌরব বোধ করো? কংগ্রেদ ক্ষমতায় এলেও কি তোমার গৌরব বৃদ্ধি পাবে ? শ্রমিকরা যেদিন জানবে যে তাদের কার্থানার তারাই মালিক, প্রত্যেকেই মালিকানার অংশীদার, দেইদিনই সত্যিকার সমাজতন্ত্র। তার জন্তে যদি আমার ডাক পড়ে আমি আবার রাজনীতিতে যোগ দেব। কিন্তু স্বামীর সম্বৃতি নিয়ে।"

যৃথিকা রঙ্গ করে। "সন্তানের সম্মতি নেবে না? না তুমি সন্তান এড়াতে চাও ? না তুমি ওদেরকে বাপের ঘাড়ে চাপাতে চাও ।"

"কী যে বলো, যুণীদি! আমি কি কথনো মা না হয়ে পারি ? আশা করি ওরা ততদিনে বড়ো হয়ে থাকবে। কোথায় বিপ্লব! তার কোনো লক্ষণই আমার চোৰে পড়েই না। বিশ্ব পরিস্থিতি তার অমুকুল ছিল তিন বছর আগে। যুদ্ধের মারাথানে। আবার কবে যুদ্ধ বাধবে, তার জন্মে অপেক্ষা করতে হবে। এলোপাথাড়ি নরহত্যায় কোনো ফল হবে না। ভায়োলেন্দ ফর ভায়োলেন্দা দেক আমার মটো নয়। সমষ্টি যেথানে ঘূমিয়ে রয়েছে গোষ্ঠী সেথানে সফল হতে পারে না। তা দিয়ে হয়তো কতক লোককে কতক সময়ের জন্মে জাগানো যায়। কিন্তু তারা আবায় ঘূমিয়ে পড়ে। সৌম্য আমাকে অহিংদায় দীক্ষা দেয়নি। তবে আমি নিজেই উপলব্ধি করছি যে এদেশে সভ্যবদ্ধ হিংদা সন্তব নয়, যদি না আমিকে তার মধ্যে ধরি। অথচ আমি বে ক্ষমতা হাতে পেয়ে হাতছাড়া করবে এটা বিশ্বাস করা শক্ত।"

মানদ বলে, "দৌম্যদা, জুলি তোমার মতো পজিটিভ গান্ধীবাদী না হলেও নেগেটিভ গান্ধীবাদী। হাস্তকর শোনায়, কিন্তু আমরা অনেকেই তাই। যারা হ'বেলা 'অহিংদা' 'অহিংদা' করে তারাই যে গান্ধীবাদী তা নয়। যারা হ'বেলা হিংদাকে এড়িযে চলে তারাও গান্ধীবাদী। আর. বোন জুলি, তোমাকেও একটা কথা বলি। চরকা প্রভৃতি কুদ্র যন্ত্রের মালিক আর শ্রমিক একই লোক। কেউ শোষকও নয়, কেউ শোষিতও নয়। যে ক্যাপিটাল জোগায় দে শ্রমও জোগায়। এই হলো থিয়োরি। প্র্যাকৃটিদে কিছু অদল বদল ঘটতে পারে। যে দেশে কোটি কোটি মাহুষ বেকার বা অর্ধ বেকার দে দেশে চরকা প্রভৃতি কুদ্র যন্ত্রের সাহায্যে উংপাদনের পরিমাণ বিপুল হতে পারে। তবে ভারী শিল্পের বেলা এ ব্যবস্থা খাটবে না। চাই প্রচ্র যুলধন, স্থদক্ষ শ্রমিক, অভিজ্ঞ ইঞ্জিনিয়ার করিংকর্মা মাানেজার, দ্রদর্শী ডাইরেক্টর। রেল, জাহান্ধ, প্রভিত্ত ইঞ্জিনিয়ার করিংকর্মা মাানেজার, দ্রদর্শী ডাইরেক্টর। রেল, জাহান্ধ, করেতে হবে। নিয়ন্ধণ রাষ্ট্রের হাতেই থাকুক, কিন্তু মালিকানা যতদ্র সম্প্র ছড়িয়ে দেওয়া যাক। শ্রমিকরাও শেয়ার হোলডার হোক। যেই শ্রং ফ দেই আংশিকভাবে মালিক। গান্ধীজীকে ব্রিয়ে রাজী করাতে হবে।'

## ॥ আঠি ॥

ওদিকে তুই বন্ধুতে তর্ক করতে করতে পৌছে যায় পরমাণু বোমার বিক্ষোরণে। মানস বলে, "তীর ধন্থকের যুগ কবে শেষ হয়েছে। এবার কামান বন্দুকের যুগও গেল। শুরু হলো পারমাণবিক অস্তের যুগ। এথনও তোমরা অহিংসার স্বপ্ন দেখবে, সৌম্যাদা ? বাস্তবের দিকে তাকাবে না।" ''পরমাণ্ অস্ত্র নতুন। অহিংসা চিরস্তন। ইটার্নাল ভেরিটির অক্সতম। এর পরীক্ষা নিরীক্ষা আমরা যা করেছি তাই শেষ নয়, ভবিশ্বতে আরো কত পরীক্ষা নিরীক্ষা হবে। কেবল ভারতে নয়, আমেরিকায়, রাশিয়ায়, জার্মানীতে, জাপানে, ইংলণ্ডে, আফ্রিকায়। মহাত্মা থাকবেন না, আরো কত সাধক জ্মাবেন। মিলিটারিন্টরা মঞ্চ জুড়ে থাকবে, এ কথনো হতে পারে না। নিজেরাই মারামারি করে নিপাত যাবে। এরা যদি বাঁচে তে। অহিংসার কল্যাণেই বাঁচবে। অহিংসার ভবিশ্বৎ পার্মাণবিক অস্ত্রের চেয়ে স্থল্রপ্রসারী। আমরা বার বার বার বার্থ হব, কিন্তু সেই বার্থতাও সিদ্ধির সোপান।" সৌম্যানিক্ষতরপে জানে।

''হাা, কিন্তু পারমাণবিক অস্ত্রের সঙ্গে তোমরা মোকাবিলা করবে কেমন করে ?" মানস জানতে চায়।

"দেশকে সম্পূর্ণরূপে নিরস্থ করে। যার হাতে যে অস্থ আছে, সে দূরে ছুঁড়ে ফেলে দেবে। মরতে যদি হয় তো নৈতিক প্রতিরোধ করতে গিয়ে নিহত হবে। টলস্টয় হলে বলতেন অপ্রতিরোধ। গান্ধী কিন্তু অপ্রতিরোধের নয়, আত্মিক প্রতিরোধের শিক্ষাই দিয়ে যাচ্ছেন। নৈতিক প্রতিরোধ আর আত্মিক প্ৰতিরোধ একই কথা। প্রমাণৰিক অস্ত্র যার হাতে আছে তার কি ভুধু হাতই আছে ? হৃদয় নেই, বিবেক নেই, আত্মা নেই ? বোমা ফেলবার আগে দে দশবার ভাববে। নেহাৎ পাষাণ হয়ে থাকলে ফেলতেও পারে। তার জক্তে আমরা তৈরি। আমরা মরে গিয়ে তাকে সারাজীবন অমৃতাপের আগুনে জালিয়ে রেখে যাব। তার নিজের আত্মীয় স্বজনরাই তার নিন্দা করবে। তার দেশের লোক তার জন্মে লজ্জিত হবে। তার দেশের সরকার তার নামটা পর্যস্ত চাপা দেবে। সে নিজেও যে চিরদিন বাঁচবে তা নয়। সেও একদিন মরবে। তার দে মৃত্যু আমাদের মৃত্যুর মতো গৌরবের হবে না। এক ঢিলে এক লক্ষ পাখী মারার যে বাহাছবি সেই বাহাছবি নিয়ে সে কতক লোকের কাছে বীরপুরুষ বলে গণ্য হবে। রাষ্ট্রও তাকে ভিক্টোরিয়া ক্রন বা সেই জাতীয় পদক দিয়ে সম্মানিত করবে। কিন্তু মাহুষ হিদাবে সে ঠিক সেই পরিমাণে নেমে যাবে। রাক্ষদের দঙ্গে তার কোনে। তফাৎ থাকবে না।'' সৌমা উত্তর দেয়।

"হাা, কিন্তু তোমাদের হাতেও যদি পরমাণবিক অন্ত্র থাকত তোমরা কি এত সহজে চু'ডুে ফেলে দিতে রাজী হতে? না ভোমরাও পান্টা আঘাত করতে ? ওদের দেশের এক লক্ষ পাথী মেরে ওদের ছুরন্ত করতে ? থাকত যদি জাপানীদের হাতেও ও রকম একটা প্রমাণবিক বোমা তা হলে হিরোশিমা ও নাগাদাকির প্রতিফল মার্কিনরাও পেতো। হয়তো প্রতিফলের আশঙ্কায় হিরোশিমা ও নাগাদাকিতে বোমাবর্ষণই করত না। এইবার দেখবে দেশে দেশে প্রমাণবিক বোমা তৈরির হিড়িক পড়ে যাবে। যেমন প্রথম মহাযুদ্ধের পর ট্যাঙ্ক তৈরির হিড়িক পড়ে যাবে। যেমন প্রথম মহাযুদ্ধের পর ট্যাঙ্ক তৈরির হিড়িক পড়ে বায়। স্বাধীন ভারত অন্তর্শস্ত নির্মাণ করতে লেগে যাবে। ইণ্ডাঞ্জিরালিস্টরা দেই লাভজনক ব্যবসায়ে মূলধন থাটাবেন। শানদ অন্ত্রমান করে।

দেই মা তার দাড়িতে হাত বুলোতে বুলোতে বলে, "মিলিটারিজমের সঙ্গে সংক্রেই প্রাপ্তিরালিজমও এদেশে খুঁটি গাড়বে। যে মুদ্রার এপিঠ মিলিটারিজম শেই মুদ্রারই ওপিঠ ই গুপ্তিরাজিলম। স্বাধীন ভারতের মতিগতি হবে স্বাধীন ইংলণ্ডের মতোই। গান্ধীজীর মূশন শুধু দেশকে স্বাধীন করা নয়, দেশকে একটা পৃথক পথ দেখানো। দেটা মুদ্ধবিরোধিতা, স্কুতরাং মিলিটারিস্টদের বিরোধিতা। কন্তু স্বাধীনতা যতই নিকটবর্তী হয়ে আসতে মিলিটারির উপর নির্ভরতা ততই বেড়ে যাচ্ছে। আর মিলিটারিকে যুদ্ধোপকরণ দ্ববেশহ করার জল্মে কলকারখানার উপর নির্ভরতাও সেই পরিমাণে বেড়ে চলেছে। আমাকে একদিন আমার নিজের দেশের মিলিটারি-ই গুপ্তিরাল কমপেক্সের বিরুদ্ধে সত্যাগ্রহ করতে হবে। সেদিন আমি জুলিকেও সঙ্গে পাব কি-না কে জানে। ও আমাকে ভালোবাদে বলে আমার ব্রতকেও ভালোবাদে এমন কথা বলতে পারব না। আমরা ক্রেউ কারো মতবাদে হন্তক্রেপ করতে চাইনে।"

ছেলেমেয়েদের তাদের সমবয়সীদের সঙ্গে থেলা করতে ছেড়ে দিয়ে ছুই ৰাদ্ববীতে বাক্যালাপ চলছিল অক্ত এক ঘরে। শেষের কথাগুলো জ্বলির কানে যায় না।

"ওকে আমি একলা ছাড়তে পারিনে, যুথীদি। ওথানে গেলেও মিলির পালায় পড়বে। মিলি দেখতে আরো টকটকে হয়েছে।" জুলি বিশাস করে বলে।

"কিছ সৌম্যদা তো তোমাকেই বেছে নিয়েছে। মিলির দিকে ও ফিরে তাকাবে কেন? তোমার কি সন্দেহ—" যুথিকা কী যেন বলতে চায়।

''আবে, না, না। ওরকম কিছু নয়।" জুলি তাড়াতাড়ি থামায়।

''সৌম্যকে মুগ্ধ করতে পারে এমন অপ্সরা ভূভারতে নেই। থাকলে অনেকদিন আগেই ওর তপোভঙ্গ হতো। কিন্তু মিলি যে ওকে ভালোবানে এটা তো নির্জনা সত্য। আমার কাছে অপ্রিয় সত্য। মিলি আর বিলেত ফিরে যেতে চায় না। ও কী বলে, ভনবে ?" জুলি গলা থাটো করে।

"কী বলে ? প্রাণেশর ? হদয়বল্লভ ?" যুথিকা জুলিকে ক্যাপায়।

"দ্র!" জুলি ক্ষেপে যায়। "স্কুমারদা নাকি স্বপ্লে বলে ওঠে, 'জুলি! জুলি!' তাও একদিন কি ছ'দিন নয়। পাঁচবছরে পাঁচিশ দিন। কোন্বৌ এতটা দহ্য করবে? মিলি আমাকে খোঁটা দেয়। আমার নাকি ওকেই বিয়ে করা উচিত ছিল। তা হলে মিলি বিয়ে করতে পারত সৌমাদাকে। আমি নাকি ওকে বঞ্চিত করেছি। আমার এমন রাগ হয়!"

''রাগ করতে নেই। এর একটা মোক্ষম দাওয়াই আছে।" যথিকা হাসতে হাসতে বলে, "হুকুমার আবার যথন স্বপ্নে বলে উঠবে, 'জুলি। জুলি।' তথন মিলিও স্বপ্নে বলে উঠবে, 'দৌমা। দৌমা।' এমন হুরে বলবে যাতে ওর স্বপ্ন ছুটে যায়। ও স্পষ্ট ভনতে পায়। বুনো ওলের ওয়ুর বাঘা তেঁতুল। দেখবে ও আর স্বপ্নে মিলির নাম মুথে আনবে না।

"যাঃ! তোমার স্বতাতেই ঠাট্টা! মিলিকে আমি বলতে যাব আমার বরের নাম মৃথে ধরতে! স্বপ্নে মহড়া দিতে দিতে বাস্তবেও ধরবে। ও যদি আর বিলেতে ফিরে না যার স্কুমারদা স্বপ্নে কার নাম বলে ওঠে তা আর শুনতে হবে না। সেপারেশন আপনি হয়ে যাবে। বেচারা স্কুমারদার জন্যে আমার ছংথ হয়। ও একজনকৈ হারিয়েছে। আরেকজনকেও হারালে ওর বৃক ফেটে যাবে। মিলির উচিত ওর কাছে ফিরে যাওয়া।"

"কান টানলে মাথা আদে। মিলি ফিরে না গেলে সুকুমারও ফিরে আদে।
চেই। কললে চাকরি বাকরি এদেশেও মিলবে। শুনছি ইংরেজদের এদেশ
থেকে মন উঠে গেছে। মানসের এক বন্ধুকে তাঁর ইংরেজ বন্ধু নাকি বলেছেন,
বিশাস করুন, এদেশে আমরা আর একদণ্ডও থাকতে চাইনে, কিন্তু থাকতে
বাধ্য হচ্ছি। মাইনরিটিদের প্রতি আমাদের একটা বাধ্যবাধকতা আছে।
আমার মনে হয় স্কুমারও এদেশে থেকে যাবে। সেপারেশন হবে না।
তোমাকেও যতরকম আবোল ভাবোল বকতে হবে না।" যুথিকা একট্
কড়া হয়।

"আমি কিন্তু আমার মাতুষ্টিকে একলা ছেডে দেব না।" জুলি আবার বলে।

"কক্ষনোছেড়ে দিয়োনা। চোথে চোথে রেখো। আমি যা পনেরে। বছর ধরে করে এসেছি। ছুঁচ যেখানে যাবে স্থতো স্থানে যাবে। আশ্রম উঠে আসবে কেন? আশ্রম যেখানে আছে সেখানে থাকবে। সৌম্যানা ওখানে গিয়ে থাকবে। তৃমিও আশ্রমের সংলগ্ন কুটিরে গিয়ে থাকবে। শিকড় না গাড়লে কোনো স্থানী কাজ হয় না। আমাদের দেখছ তো ? কোথাও শিকড় গাড়বার জো নেই। প্রত্যেকটি জায়গায় নতুন করে শুরু করতে হয়। কাজের মাঝাখানে বদলীর হকুম। এই হলো সরকারী চাকরির অভিশাপ। এতে সব চেয়ে কট ছেলেমেয়েদের। ওরা ওদের সহপারী আর খেলার সাগীদের কাছ থেকে বার বার বিচ্ছিন্ন হয়। ছাডাছাড়ির বেদনা ভূলতে পারে না। আর বাগান গ্রানান করেছ কি বদলী হয়েছ। ইংরেজ অফিসার মহলে একটা পরিহাস আছে, বাগান শুরু করে।, আর বদলা হয়ে যাও। কী যন্ত্রণা বলো দেখি? তোমাদের এ মন্ত্রণা পোহাতে হবে না। হাঁা, তোমাদের ছেলেমেয়ে হলে ওদের ভইখানেই মাহ্য করবে। বেড়ালছানার মতো ঠাইবদল করবে না। এসব কথা মনে রেখা।" যুথিকা উপদেশ দেয়।

তদিকে মানদ বলছে দৌম্যকে, ''তুমি থেমন নাতিগতভাবে শস্ত্রবিরোধী আমিও তেমনি শাস্ত্রবিরোধী। শাস্ত্রের দাপট সৃষ্ঠ করতে না পেরে কত হিন্দু মুদলমান হয়ে গেছে। হতে হতে সংখ্যাগরিষ্ঠ হয়েছে। এখন সংখ্যাগরিষ্ঠ ভার জােরে দাবা করছে পাকিস্তান। বাকা আছে যারা তারাও ক্রমে ক্রমেউনিস্ট হয়ে য়াবে। এ য়্গের চাঁদ হলাে কাস্তে'। মার্কদবাদই এ য়্গের ইসলাম।''

সৌম্য হেসে বলে, "মুসলমানদেরও শাস্ত্র আছে, তারও দাপট আছে।
আর কমিউনিস্টদেরও কি শাস্ত্র নেই? তারও কি দাপট নেই সাহ্ব্য এক
শাস্ত্রের থর্পর থেকে বাঁচতে গিয়ে আরেক শাস্ত্রের থর্পরে পড়েছে। আমরা
গান্ধী শিগুরা নতুন কোনো শাস্ত্র প্রচার করিনে। পুরনো শাস্ত্রেই নতুন
ব্যাখ্যা দিই। এই যে হরিজন আন্দোলন চলেছে সেটাও নতুন ব্যাখ্যা দিয়ে।
ওরা অস্পৃত্য নয়, কারণ ওরা হরিজন। যেমন বৈক্ষবজন। বৈক্ষবজনের আবার
জাত বিজাত কী? সমাজ মামুষকে নানা ভাগে বিভক্ত করে। ভগবান তা
করেন না। ত্রন্ধার নামে শাস্ত্র যা চালিয়েছে তা যদি প্রক্রিপ্তানা হয়ে থাকে
তো ত্রান্ধাণদেরই বানানো। ত্রান্ধানয়া মাথাও নয়, ক্ষত্রিয়রা বাছও নয়, বৈত্ররা
উক্রও নয়, শ্রেরা পা-ও নয়। তাতেও অস্পৃত্যতার ব্যাখ্যা হয় না। পা থেকে

ষদি কায়স্থরা হয়ে থাকে, নবশাথরা হয়ে থাকে, কই, তারা তো কেউ অস্পৃত্য নয়? অস্পৃত্যরা তা হলে এল কোথা থেকে? যুদ্ধে পরাজয় বা দেইরকম কোনো ছবিপাক থেকে। দক্ষিণ আফ্রিকায় ভারতীয়রাও খেতাঙ্গদের কাছে অস্পৃত্য।''

''তোমরা শাস্ত্রকে বর্জন করবে না, দে সাহস তোমাদের নেই। শাস্ত্রের বিক্লন্ধতা করবে না, দে সাহসও তোমাদের নেই। শাস্ত্রের বাক্য অক্ষুপ্প রেথে অর্থ পরিবর্তন করবে, এইপর্যন্ত তোমাদের দৌড়। তোমরাও সনাতন হিন্দু, তবে সনাতন ঠিক পুরাতন নয়। অতীতের সঙ্গে বিচ্ছেদ আমিও চাইনে, তার সঙ্গে অন্বয় রক্ষা করতে আমিও চাই, কিন্তু এ যা হচ্ছে তা পুরনো এমারতের এখানে ওখানে একটুআঘটু মেরামত করে বাইরের চুনকাম ফেরানো। হরিক্লন বা বৈষ্ণবন্ধন তো সকলেই, তুমিও, আমিও। ভগবান যদি মানি তো আমরা সবাই ভগবানের লোক। তা হলে শুধু ওই কয়েকটি জাতের মান্থ্যকে হরিদ্ধন বলে চিহ্নিত করা কেন? বর্ণগবিতরা একভাবে যাদের চিহ্নিত করছে ভোমবাও তাদের অক্যভাবে চিহ্নিত করছ শুধু নামট। আরো মোলায়েম শোনাছে। পেশা যেমনকে তেমন থাকবে, স্টেটাস যেমনকে তেমন থাকবে, শুধু ছোঁওয়াছুঁইর বালাই থাকবে না। চণ্ডাল ব্রাহ্মণের পাছুঁতে পারবে।" মানস ঠেস দিয়ে বলে।

"সেবাগ্রামের আশ্রমে তো আজকাল ব্রাহ্মণীর সঙ্গে হরিজনের বিবাহও দেওয়া হচ্ছে। বিবাহের পর হরিজন ব্রাহ্মণীর গা ছুঁতেও পারবে। এটা কি একটা বৈপ্লবিক পরিবর্তন নয় ?'' সৌম্য জিজ্ঞাসা করে।

"কি**ন্ত** ব্রাহ্মণ হরিজন ভেদ তো গেল না।" মানদ উত্তর দেয়।

"যাবে। বাপুর আদর্শ কাণ্টলেস সোসাইটি। জাতিভেদশ্র সমাজ।
সেই আদর্শের দিকেই তিনি ধীরে ধীরে চলেছেন। এত ধীরে যে তোমরা
টের পাচ্ছনা। এটাও একপ্রকার সমাজবিপ্রব। শাস্ত্রে অফুলোম বিবাহের
অফুমোদন আছে। প্রতিলোমের নেই। তবে তুটো একটা নজির পাওয়া
যায়। আমরা প্রতিলোমটাকে জলচল করে দিচ্ছি। অফুলোমেও উৎসাহ
দিচ্ছি। তুমি কি মনে কর মন্ত্র্যাংকি প্রকাশ্রে থারিজ করলে ফল এর
চেয়ে ভালো হবে? না স্বাইকে ব্রাক্ষ দীক্ষা দিতে হবে?" সৌম্য
চেপে ধরে।

''আরে, না, না। বান্ধ দীক্ষা আমিও নিইনি। আমরা কেউ কারো

ধর্মবিশ্বাস বদলাইনি বা ছাড়িনি। কিন্তু আমরাও জানিনে ছেলেমেয়েরা কী বলে পরিচয় দেবে। শুবুমাত্র হিন্দু, না কায়স্থ বা ব্রাহ্মণ। এর চেয়ে ব্রাহ্ম আনক সোজা। ব্রাহ্মণ হরিজন বিবাহের সন্ধানদের বেলা পরিচয় দেওয়া আরো শক্ত হবে। এই সমস্থার সমাধান করতে গিয়ে বোইম বলে একটি জাতের প্রবর্তন হয়েছে। ধর্ম সম্প্রদায় থেকে জাত। গান্ধীজীও হয়তোতেমনি একটি জাত প্রবর্তন করে যাচ্ছেন না তো। শামনস সংশ্যাধিত।

"না, না। নতুন একটা জাত তাঁর অষ্টি নয়। বিয়ে যারা করছে তারা কেউ কারো জাতের পরিচয় দিচ্ছে না। তাদের সস্তানরাও দেবে না। তারা হিন্দু, তারা ভারতীয়। তারা মাহ্য। এ ভাবেও পরিচয় দেওয়া যায়। ম্সলমান বা প্রীন্টানদের তো তার চেয়ে বেশী কিছু বলতে হয় না। হরিজনদেরও আমরা শেখাব হরিজন বলে পরিচয় না দিতে। নয়তো একটা হীনম্মন্ততা থেকে যাবে। কিন্তু ম্শকিল হচ্ছে, পেশা বদল করা সহজ নয়। ম্সলমান হয়েও, প্রীন্টান হয়েও যারা পেশা বদল করেনি তারা চিহ্নিত হয়ে রয়েছে। ম্সলমানদের মধ্যেও তাঁতীরা মোমিন নাম নিয়েছে। জেলেরা ধাওয়া বলে পরিচয় দেয়। দক্ষিণ ভারতে বাহ্মণ প্রীন্টান ও অবাহ্মণ প্রীন্টানে ত্তুর ভেদ। সকলের এক পেশা সম্ভব নয়। আমরা চিন্তিত।" সৌয়া স্বীকার করে।

ওদিকে যুথিকা বলচে জুলিকে. "আশ্রমের জীবন যে রসক্ষ বজিত হবে এমন কী কথা আছে। কই, রবীন্দ্রনাথের আশ্রম তো তেমন নয়। পণ্ডিচেরীতে দিলীপকুমার তো গানের ধারা অব্যাহত রেখেছেন। তুমিও গাইবে, বাজাবে। বোলপুরে আজ্কাল গ্রামোফোনের রেকর্ড পাওয়া যাচ্ছে। চল, তোমাকে একসেট নুভানাট্যের রেকর্ড কিনে দিই। আমার উপহার।"

জুলিকে ইতিমধ্যে শাড়ী উপহার দেওয়া হয়েছিল। তাই সে বেকর্ড
নিতে কুঠা বোধ করে। যুথিকা ওর আপত্তি কানে তোলে না। ওকে
বোলপুরে নিয়ে যায়। 'চিত্রাঙ্গনা', 'ছামা', 'তাসের দেশ' ও 'চণ্ডালিকা' এই
ক'টার সেট মজুত ছিল। আরো কয়েকখানা খুচরো রেকর্ডও জুলির জল্যে
কেনা হয়। নিজের জল্যেও খান কতক। জুলি টাকা বার করতে গেলে যুথিকা
ওর হাত চেপে ধরে। হেসে বলে, "মণির বিয়ের সময় দিয়ো।"

"খ্ব মনে করিয়ে দিয়েছ। মণির জন্মেও ছ' একথানা রেকর্ড কিনতে হবে।" জুলি খুঁজে বার করে রবীন্দ্রনাথের ও কাজী নজরুলের ছ'থানা রেকর্ড। তার একথানা দীপকের জন্মে, একথানা মণিকার জন্মে।

"কাজী নজফলের রেকর্ড তুমি নিজের জন্মেও কিনতে পারতে, জুলি। তোমার আশ্রমে মৃদলমানদের আকর্ষণ করতে হলে নজফল গীতিকার মতে। আর কী আছে? আব্বাসউদ্দীন? হাা আব্বাসউদ্দীনেরও থানকয়েক রেকর্ড নিয়ে যেয়ো।" যুথিকা পরামর্শ দেয়। জুলি বেছে বেছে কেনে।

কেনাকাটা সেরে ওরা যথন ফেরে তথন মানস বলে, "কোথায় হারিয়ে গেছলে তোমরা ? আমরা তো দিশেহারা।

"জুলির আশ্রমবাদকে দরদ করার জন্মে বেকর্ডেব দন্ধানে অভিয'ন। নইলে আশ্রমে ওর মন টিকবে না। দৌমাদা কি ওকে বেঁধে রাখতে পারবে ? নিজে তো শুকনো কাঠ। কঠোপনিষদ্ আওড়াবে।" যুথিকা তার ও জুলির কেনা রেকর্ডগুলো দেখায়।

"এর পরে জুলি চাইবে নাচের রেকর্ড। দেশী নাচের রেকর্ড হয় না। বিলিতী কিনতে হবে। সেকেলে ওয়ান্টজ না একেলে জ্যাজ ? বিলিতী নাচ তো পার্টনার না হলে হয় না। পার্টনার হবে কে ?" দ্যৌম্য সকৌতৃকে স্থায়।

''কেন ? তুমি হবে না ?'' যূথিকা সৌম্যকে থেঁাচায়।

"আমি! আমি ওর লাইফ পার্টনার হয়েছি, ডাব্স পার্টনার হইনি। এ বয়সে আর মানাবে না, বোন।" সৌম্য আফসোদ জানায়।

''তোমার ওই নকল দাড়িগোঁফ খুলে ফেললে দিব্যি মানাবে। তোমার বয়সও দশ বছর কমে যাবে।'' যথিকা আখাদ দেয়।

'নৌম্যদা, ভোমাকে হ শিয়ার করে দিচ্ছি। ঘুম থেকে জেগে একদিন আবিদ্ধার করবে যে ভোমার গোঁফ দাড়ি নিমূল। জানো ভো, জুলি অহিংসা মানে না। অসিধারণের তার আপত্তি নেই। কাঁচি ধারণ বা ক্ষুর ধারণ তো তার কাছে ছেলেথেলা।" মানস ভয় দেখায়।

"তুমি তো আমাকে বিলেতে দেখেছ। তথন কি আমার গোঁফ দাড়িছিল? যন্মিন্ দেশে যদাচার:। মুদলমানদের দঙ্গে তাদেরই একজন হয়ে মিশতে হলে এ ছাড়া আর কী উপায় আছে? যেখানে জনগণ বলতে বোঝায় সাধারণত মুদলমান দেখানে তাদের জাগাতে হলে নান্য পদ্ধা:।" সৌম্যর চোখে হাসি।

জুলি এতক্ষণ চুপটি করে শুনছিল। এবার ফিক করে হেসে বলে, "আমার ছেলেৰেলায় বেল্চিয়ানে অমন অনেক মৃসলমান দেখেছি। কিন্তু যেখানে যাচ্ছি সেথানে কি কেবল মৃসলমানই আছে ? হিনুও নেই ?'' "ওটাই তো আজকের দিনের সব চেয়ে বড়ো ধাঁধা। বাংলাদেশটাকে যারা বেলুচিছানের সঙ্গে জুড়তে চায় তারা কি জানে না যে এথানে হিন্দুও বাস করে? তা হলে কেন বলে পাকিন্তান ?" মানস আশ্চর্য হয়।

''ভাথ, 'দৌম্যদা'', যূথিকা যোগ দেয়, ''মৃসলমানকে বাঙালী বানিয়েছে যে দেশ তাকেই ওরা বানাতে চাইছে বিতীয় এক বেলুচিম্বান। এর পরে ওরা ভাত ছেড়ে লুচি ধরবে।''

''না, না, লুচি নয়। ওই যে বলেছে বেলুটি। ছেলেবেলায় ওথানে তোমরা কী থেতে, জুলি গু' মানদ জেরা করে।

"অত কি আমার মনে আছে ? নান কটি বোধ হয়। ভাত থেয়েছি কি-না মনে পড়ে না। বাবা যথন বাংলাদেশে বদলী হয়ে আদেন তথন সাহেবিয়ানা ছেড়ে বাঙালিয়ানা ধরেন। তবে ভাত থুব বেশী থেতেন না। একবেলা ক্ষেক চামচ। রাত্রে চাপাটি। আশ্রমে সেই অভ্যাস বজায় রাথব। সৌম্যুক্ত আমাকে আপ কৃচি থানার স্বাধীনতা দিয়েছে। আমিও ওকে থানাপিনার স্বাধীনতা দিয়েছি। ওর দাভি গোঁকও আমার চক্ষুশ্ল নয়। কেনই বা হবে গ রবীল্রনাণেরও তো দাড়ি গোঁক ছিল। না থাকলে কি ঋষির মতো দেখাত ? আমার কাছে সৌম্যু একজন ঋষি কি ম্নি। ম্সলমানদের কাছে যদি পীর কি ফ্কির হয় ভবে মন্দ কী ?" জুলি সগরে বলে।

দৌম্যই এ বিতর্ক মিটিয়ে দেয়। ''পশ্চিমবঙ্গে থাকলেও আমি দাড়ি রাখতুম। কারণ দেশী ক্ষ্রকে আমি ভয় করি। দাড়ি কামাতে বললে হয়তো ছাল উতরে নেবে। আর বিলিতী ক্ষ্র তো আমরা বয়কট করেছি। নিরাপদ খদেশী ক্ষ্র যেদিন বাজারে বেরোবে সেদিন আমি গোঁফ দাদি মৃড়িয়ে মানদের মতো চিরভক্রণ হব।''

যুথিকা ওটাকে গায়ে পেতে নিয়ে বলে, "ঋষিবাক্য কি সভ্য না হয়ে যায় १ দশবছর বাদে মানসকে দেখে লোকে ভাববে তরুণ আর আমাকে দেখে তরুণশু বৃদ্ধা ভার্যা। আর নিরাপদ স্বন্দশী ক্ষুর যদি তথনো না বেরোয় তবে সৌম্যদাকৈ দেখে লোকে ভাববে বৃদ্ধ আর জুলি যদি নৃত্য গীতের অর্শীলন করে তবে তাকে দেখে বলবে বৃদ্ধস্য তরুণী ভার্যা।"

জুলি তার গালে একটি থাপ্পড় বদিয়ে দিয়ে দক্ষে দক্ষে চুমো খায়। "এ মেয়েটা এত মিথ্যে বকতে পারে! দশবছর বাদেও আমি থাকব তরুণী। আমার থকু ততদিনে মণির মতো বড়ো হয়ে থাকবে।" মণি কোথায় ছিল, ছুটে এনে বলে, "মা, বাড়ী চল। রেকর্ড বাজিয়ে শুনব।" সারাদিন হৈ চৈ করে ক্লান্ত।

শ্রা, এইবার বিদায় নিতে ও দিতে হবে, জুলি আর সৌম্যদা। আবার কবে দেখা হবে কে জানে। তবে বেলুচিন্তানে আমরা আর কোনোদিন যাচ্ছিনে। মানে পূর্ববঙ্গে। দিল্লীতে পড়াশুনা করে উর্ঘু যেটুকু শিথেছিল্ম বাংলাদেশে বাস করে সব বিলকুল ভূলে গেছি। আবার নতুন করে শিথতে এ বুড়ো বয়সে তকলিফ হবে।" যুথিকা ভারাক্রাস্ত খরে বলে।

গুরুদেৰের থাতিরে শাস্তিনিকেতনের উপরে মানস ও যুথিকার একটা মায়া ছিল। অবসর নিয়ে সেথানে এসে শিকড় গাড়বার আশায় এক টুকরো জমি কিনে রেথেছিল। সেটা এক বন্ধুপুত্তের নির্বন্ধে। সে বেচারি অকালে মারা যায়, অক্য দিক থেকেও বাধা আসে। তাই ওরা আপাতত-ওমুখো হতে চায় না।

জুলি বলে, "কই, তোমাদের কোথায় কী আছে দেখাতে নিয়ে গেলে না যে ? কে জানে আমরাও হয়তো একদিন বেল্চিন্তান থেকে এদে জুটব। কিনতে চাইব তোমাদের কাছাকাছি এক রতি জমি।"

হিরণ্যদাকে থবর দিতেই তিনি বাডীর ভিতর থেকে বেরিয়ে আদেন। "আরে, আপনারা! আদছেন শুনলে আমি আপনাদের জ্বত্যে রতন কুঠিতে ব্যবস্থা করতুম। উঠেছেন কোথায় ? থাকা হবে কদিন ? একদিন এথানে শাকার ভোজন করতে আপত্তি আছে ?"

"না, হিরণ্যদা। দেটা সম্ভব হবে না। এঁরা আমাদের বন্ধু ও বাশ্ববী।
সৌমা ও মঞ্জ চৌধুরী। সম্প্রতি বিয়ে করে এথানে মধুমাস কাটাতে এসেছেন।
কিন্তু একমাস থাকবেন না, এঁদের নিজেদের আশ্রমে ফিরে যাবেন। সে আশ্রম
চলে গান্ধীজীর ধারায়। সেটাকে গুরুদেবের আশ্রমের সঙ্গে মিলিয়ে নেওয়া
যায় কি-না এঁরা ভেবে দেখছেন। অনেকদিন সাক্ষাং হয়নি, তাই আমরাও
এসেছি এঁদের সঙ্গে একটা দিন কাটাতে। সৌম্যদার গান্ধীবাদী বন্ধু স্বধীর নন্দীর
দোতালাটা খালি পড়ে আছে। সেথানেই এঁরা উঠেছেন। আহারাদি যথন
যেখানে স্ববিধে। আর আমরা তো সকালে থেয়ে বেরিয়েছি, সন্ধ্যায়
বাড়ী ফিরে থাব। তুপুরের টিফিন সঙ্গে করে এনেছিল্ম। আপনাকে থবর
দিলে আপনারা সাড়ন্থরে ভ্রিভোজন করাতেন। তার চেয়ে বড়ো কথা
আপনার অফিস কামাই হতো। রবিবার আমার ছুটি, আপনার তা নয়।"
মানস কৈফিয়ং দেয়।

"ছি ছি! আপনি আমাকে এত পর ভাবেন, মানদবাবৃ। আমার ছেলে-মেয়েরা যে আপনাকে কাকাবাবৃ বলে ডাকে। চলুন, ভিতরে চলুন। যুথিকা দেবী, আপনিই আগে। আর আপনারা, সৌম্যবাবৃ ও মঞ্জু দেবী, আপনারা যে কারা তা আমার জানতে ৰাকী নেই। এখানে গা ঢাকা দিয়ে আছেন। ছাত্ররা টের পেলে আপনাদের রক্ষা নেই। ধরে নিয়ে গিয়ে সম্বর্ধনা দেবে। গভন মেন্টকে ওরা ভয় করে না। কর্তাদেরও না। গান্ধীজী কিছুদিন পরে এখানে আসছেন, জানেন নিশ্চয়।'

"আমি তো ওটা গোপনই রেখেছিলুম। আপনি কী করে জানলেন।" সৌম্য অবাক হয়। জুলিও।

''সেবাগ্রামে সোনা থাকে না ? আমি যে ওর একটি দাদা। মাঝে মাঝে চিঠি লেখে।'' হিরণ্যবারু বলেন।

জমি দেখা ছেড়ে গল্পলেই সময় কেটে যায়। হিরণাবাবু একটি গল্পের বুড়ি। ধেমন গুরুদেব সম্বন্ধে তেমনি গান্ধীজী সম্বন্ধ তিনি না জানেন এমন কাহিনী নেই। স্থাযচন্তেরে কাছে গান্ধজীর টেলিগ্রাম শান্তিনিকেতনে যথন পৌছয় তিনি ছিলেন স্থভাযের সঙ্গে। স্থভাষ কী উত্তর দেন তাও তিনি দেখেছিলেন। টেলিগ্রামেই উত্তর।

চা জলথাবার না রীতিমতো নৈশভোজ ? বিরজা দেবীর স্বপাক। "কাকিমা", নোটন জানতে চায় "আপনারা কবে বাড়ী করছেন ?" "তোমার কাকাবাবুকে জিজ্ঞাসা করো।" যুথিকা উত্তর দেয়।

মানদ বলে, "এই জেলায় আমার দেড় বছর হয়েছে। আরো দেড় বছর তো এ জেলায় আছি। এর মধ্যে মনঃস্থির করলে চলবে। ভাবছি বদলীর ভুকুম পেলে আর কোথাও যাব না, পূর্বক্ষে তো নয়ই। অকার্ অবসরের দরখাত করে দেব। শুনছি আমুপাতিক পেনদন মিলবে। ইউরোপীয়ানরা যদি ক্ষতিপূরণ পায় আমরাই বা পাব না কেন ? অবশ্য যদি ক্ষমতার হন্তান্তর হয়। ক্ষতিপূরণ না পেলে প্রোভিডেণ্ট ফাণ্ডের টাকায় বাড়ী করা বৃদ্ধিমানের কাজ হবে না। না, আমার যে অন্ত কোনো দঞ্য নেই। গোটা কতক লাইফ ইনশিওরান্দ পলিদি বাদে। দেগুলোর ম্যাচিয়োর হতে অনেক দেরি।'

"मिल्ली मृत व्यष्ठ।" भखवा करतन हित्रशामा।

"তার মানে কী হলো, বাবা।" নোটন ভেবে পায় না।

"কংগ্রেস কবে দিল্লী পৌছবে, ইংরেজ কবে দিল্লী ছেড়ে যাবে, আই. সি. এস.

অফিসা দের ভাগ্যে কবে ক্ষতিপূরণের শিকে ছিঁড়বে, তার পর বাড়ী তৈরি হবে। ইতিমধ্যে নির্মাণের থরচ দিন দিন বেড়ে যাচ্ছে।" হিরণ্যদা হৃঃথিত। ম্থফোড় বলে তাঁর নে াম ছিল। কিন্তু কথাটা তো সত্যি।

এমনি করে রাজনীতি এদে পড়ে। সৌম্য বলে, "গান্ধীজীর মনোভাব যত টুকু জানিতিনি শর্তাধীন স্বাধানতা গ্রহণ করবেন না। তোমাদের পেনসন ও ক্ষতিপ্রণ দেওয়া তো একটা শর্ত। এদেশের গরিব করদাতারা তোমাদের হাতীর থোরাক জোগাবে কেন? দেটা যদি জোগাতে হয় ওদেশের করতদাতারাই জোগাবে। কংগ্রেদ যদি গান্ধীজীর কথা শোনে দিল্লী থেকে দ্রেই থাকবে। যতদিন না ইংরেজ বিনা শর্তে স্বাধীনতা দিতে উত্তোগী হয়। উত্তোগটা ওদেরই গরজ। ওদেরই তো দায়িত। ওধু যে নির্মাণের থরচ দিন দিন বেড়ে যাচ্ছে তাই নয়, সব কিছুর থরচ বেড়ে যাচ্ছে। এর দক্ষন আপনি ঘটবে এক বিস্ফোরণ। একটা মিউটিনি কি জেনারল স্টাইক।"

জুলি থেতে থেতে বলে "একটা রেভোলিউশন।"

হিরণ্যদা টিপ্পনী কাটেন, ''তার পরের দিন হিন্দু ম্সলমানের দালা।'
জুলির মুখে কথা জোগায় না। সৌম্যও মৃক। মানস বলে, ''ওয়ার
অভ সাক্ষেদন। সিংহাদনের উত্তরাধিকার নিয়ে দ্বন।''

বিদায়কালে জুলি একটা বেধাপ্লা প্রশ্ন করে। ''হিরণ্যবাবু, বললেন না তো সেই ছটি ে<sup>ন</sup> লিগ্রামের বয়ান কীছিল।''

হিরণ্যবাব শারণ করে বলেন, "মছায়ার টেলিগ্রামের মর্ম ছিল, স্থভাষ, তুমি কংগ্রেদ সভাপতি পদের জন্মে নির্বাচনে দাড়িয়ো না। আর স্থভাষবাবুর টেলিগ্রামের মন ছিল, মহায়াজী, আশীর্বাদ করুন আমি যেন নির্বাচনে জয়ী হই। এদব হলো ১৯০৯ দালের গোড়ার দিকের কথা।"

পুরনো কাস্থলি ঘেঁটে কার কী লাভ! জুলি কী যেন বলতে যাচ্ছিল, সৌম্য ভাকে থামিয়ে দেয়। মোটরে করে ওদের নন্দীদের বাড়ীতে নার্মিয়ে দিয়ে মানস সপরিবারে স্বন্ধানে ফিরে যায়। পথে যেতে যেতে মণি স্থায়, "মাসিমা কেমন করে জ্যাঠাইমা হলেন।" আর দীপক জ্বাব দেয় "জ্যাঠামশায়েরই মেসোমশায় হওয়া উচিত ছিল।" বেখানে বাঘের ভয় সেখানেই সন্ধ্যা হয়। একমাস যেতে না যেতে সরকারী চিঠি আনে। বদলীর হুকুম। আবার পূর্বকে। বালোয় পদোরতি হুয়েছে। তিনি আর অপেক্ষা করতে পারছেন না। মানস যেন পত্রপাঠ তাকে রিলিভ করে।

"থাবার পূর্বকে।" যুথিকার মাধায় বাজ পড়ে। "আমার সেই জেলায়। মৌমাদা আর জুলি যেথানে।" মূথে হাসির আমেজ।

'না, এবার ওর চেয়ে বড়ে। জেলা। ওর চেয়ে বড়ো পদ। ওর চেয়ে বেশী দায়িত্ব। খুব সানিয়র না হলে কাউকে ওথানে পাঠানো হয় না। বোধহয় লোকের অভাব, তা না হলে আমাকে পাঠানো হতো না। ইংরেজরা এথন একে একে সরে ঘাচেছ।" মানসের আন্দাজ।

''কিন্তু তৃমি যে বলছিলে এখান থেকে বদলী করলে অবসরের দরখান্ত করবে।'' যুথিকা মনে করিয়ে দেয়।

'কিন্তু এখন নয়, আরো দেড় বছর কি তৃ'বছর বাদে। ক্ষতিপূরণের প্রশ্ন এখন শিকেয় ঝুল রংয়ছে। ইউরোপীয়ানরা না পেলে তো আমরা পেতে পারিনে। ওরা পেলে আমাদের একটা ক্রেম হয়, তবে দে ক্রেম গ্রাহ্ম হবে কিনা কে বলতে পারে! জিল্লা সাহেব বাগড়া না দিলে এতদিনে কিন্তু দিল্লীতে বডলাটের শাসন পরিষদের আমূল পরিবর্তন হতো। এবার তাতে একজনও ইংরেজ থাকতেন না। ডিফেন্সও হস্তান্তরিত হতো। ক্ষতিপূরণের প্রশ্নটারও একটা কিনারা হতো। আমি তো অসময়ে আধারে ঝাঁপ দিতে পারিনে। যারা তৃ'তিন বছর অপেক্ষা করবে তারা ক্ষতিপূরণ পাবে, আর আমি আগে ভাগে গেছি বলে পাব না, এমন কী তাড়া আছে আমার !" মানস গ্রেজ

"তাহলে তৃমি আবার পদ্মাপার হচ্ছ?" যৃথিকা খুশি নয়।

"তুমি যদি পদ্মা পার হতে না চাও তোমাকে এ পারেই রেখে যাব। এবার কিন্তু আমাকে তিন বছরের আগে বদলী করবে না। যদি না ইতিমধ্যে ইংরেজ রাজত্ব শেষ হয়ে যায়।" মানস অতটা নিশ্চিত নয়।

"পাগল! তোমাকে আমি একলা ছেড়ে দিতে পারি । তুমি যেথানে . আমি দেথানে। ছুঁচ আর স্থতো।" যুথিকা ছায়ার মত অহুগতা।

ভাবনা ছেলেমেয়েদের পড়াশুনা নিয়ে। কিন্তু সরস্বারী চাকরির দাবী যে

তাদের দাবীর চেয়ে বড়ো। যাদের পক্ষে সম্ভব তারা তাদের ছেলেমেয়েদের দাজিলিং-এর মিশনারি স্কুলে পাঠায়। কিংবা কলকাতার হস্টেলে রেথে পড়ায়। মানস ও যুথিকা তাদের সম্ভানদের কাছে রাথতে চায়ী যতদিন না তাদের কলেজে যাবার বয়স হয়।

গভর্নমেন্টকে লিখে আরো কিছুদিন সময় চেয়ে নেয় মানস। এরই মধ্যে একদিন শাস্তিনিকেতনে গিয়ে গান্ধীজীর সঙ্গে সাক্ষাৎ করে। তাঁকে অল্প কথায় বোঝায় যে মন্বস্তরের জন্ম প্রধানত দায়ী কলকাতার ক্ষ্পাও ক্রয়শক্তি। তিনি বলেন আরো কেউ কেউ একথা তাঁকে জানিয়েছে। তিনি আরো খ্র্টিনাটি জানতে চান। মানস যদি তাঁর সঙ্গে কলকাতায় দেখা করে তা হলে তিনি আরো সময় দিতে পারবেন।

কলকাতা মানসের পথে পড়ে। গান্ধীজীর একান্ত সচিব প্যারেলালের সঙ্গে কথা বলে দিন স্থির হলো, কিন্তু ক্ষণ স্থির হলো না। কলকাতায় গিয়ে টেলিফোনে জানা গেল ক্ষণ নির্দিষ্ট হয়েছে গান্ধীজীর প্রার্ভভ্রমণের সময়। বালীগঞ্জ থেকে সোদপুরে গিয়ে শীতকালের ভারে ছ'টার সময় তাঁর সঙ্গে পাল্ল। দিয়ে হাঁটতে হাঁটতে—মানে, ছুটতে ছুটতে—অর্থনীতি আলোচনা করা মানসের পক্ষে অসম্ভব হতো না, কিন্তু তার ইচ্ছা ছিল যথিকাকেও সঙ্গে নিয়ে যেতে। তাই আবার টেলিফোন করে অভ্যসময় চায়। কিন্তু রাজকুমারী অমৃত কওর বলেন, অসম্ভব। কাভেই মানসও অক্ষমতা প্রকাশ করে।

বর্ধন থাকলে মানস সপরিবারে তারই অতিথি হতো। অগত্যা অপনদার উপর আতিথেয়তা চাপাতে হয়। তিনি বলেন, "জায়গার টানাটানি নেই। তোমরা তু'খানা ঘর নিতে পারো। কিন্তু কলকাতায় রেশনিং হবার পর থেকে আমরা মহা মৃশকিলে পড়েছি। রেশনে যেটুকু দেয় সেটুকুতে আমাদেরই কুলোয় না। বাধ্য হয়ে চোরাবাজারে কিনতে হয়। আমরা কি চোর। ত্যায্য দাম দিয়ে বরাবর কিনেছি, এখনো পারি। কিন্তু সরকার থেকে দর যেমন বেঁধে দিয়েছে পরিমাণও তেমনি বেঁধে দিয়েছে। এখন যার দরকার সেপায় না, যার দরকার নেই সেপায়। তারপর সেকালোবাজারে বেচে। কী করব। বাধ্য হয়ে কিনি।"

মানস বেশ অস্বন্ধি বোধ করে। বলে, "আমরা রাতের বেলা ভাত খাইনে। দিনের বেলা খুব কম খাই। তার জল্মে তোমাকে চোরাবাজারে চাল কিনতে হবে নী। আমরা রেস্ট্রান্টে গিয়ে লাঞ্চ থেয়ে আসব।" দীপিকাদি স্থপনদার উপর চটে যান। বলেন, "এটা তোমার এলাকা নয়. আমার এলাকা। আমিই এ বাড়ির গৃহিণী। আমি অতিথি অভ্যাগতের জন্ম রোজ একটু একটু করে যথেষ্ট চাল জমিয়েছি। তৃপুরে স্বাইকে ভাত পরিবেশন করা হবে। চাইলে রাত্রেও। কালোবাজারে কিনতে হবে না। ভবে বাড়ীতে পাটি থাকলে অন্য কগা।"

"পাটি তো দিতেই হবে। যুথিকার খাতিরে। যুথিকা এই প্রথম আমাদের বিয়ের পর এল। একটা ভোজ তো ওর পাওনা। গান্ধীজীর সঙ্গে সাক্ষাৎ করতে সৌমাও কলকাতায় এসেছে। ওর সঙ্গে ওর বৌ ক্যারামেলও। ওদিকে ওদের বান্ধবা মধুমালতী ও তার স্বামী স্কুমার দত্তবিশাদও কলকাতায় উপস্থিত। এদের স্বাইকে ডাকলে চকোলেটকেও ডাকতে হয়। ওর কমরেড চান্থই বা বাদ যায় কেন ? কী বলো, রাম্থ টেবিলে ধরবে তো? নয়তো বুফে ডিনার।" স্বপন্দার প্রস্থাব।

দীপিকাদি সমত। "বুফেই আরো ভালো। ওটাই আজকাল চলতি। যে যার পছন্দমতো গাবার তুলে নিয়ে যেথানে খুশি দাঁড়িয়ে দাঁড়িয়ে খাবে। ঘুরে ঘুরে থেডে । রে। বসে বসে থেতে চায় তো সেটাও চলবে, তবে বিনা টেবিলে। যুদ্ধের দৌলতে এসব পার্টি ইনফরমাল হয়েছে। পোশাকের দিক থেকেও তাই। একটার পর একটা যুদ্ধ এসে একটার পর একটা কনভেনশন ভেঙে দিয়ে যাচেছ।'

স্থপনদা ক্ষুক্ত স্বরে বলেন, "এদিকে খোরাকের রেশনিং পোশাকের রেশনিংও হয়েছে। বিলেতে আজকাল ওয়েস্টকোট কেউ পরে না। কোটই বা পরতে পায় ক'জন ? এটা বৃশ শার্টের যুগ। অভাবে স্বভাব নষ্ট। নইলে ইংরেজদের মতো ফর্মাল কে ? পাহাড়ে পর্বতে জন্পলে গিয়েও ওরা এলা একা ডিনার জ্যাকেট পরে খাবে। খাবে নয়, খেত।"

যৃথিকা সৰিনয়ে নিবেদন করে, ''দেখুন, দিদি, আমার থাতিরে এত বড়ো আয়োজন করতে হবে না। আমি অপ্রতিত হব। আপনার যেমন একটা নিজস্ব পরিচয়় আছে আমার তেমন কিছু নেই। আপনি একজন বিছ্মী ও অধ্যাপিকা। আমি বি. এ. পাদও করিনি। স্বামীর পরিচয়েই আমার পরিচয় । কিছু তিনিও তো আর চাকরি করতে চান না। শুধু লেখা নিয়ে থাকতে চান। এদেশে লেথকের সন্মান কোথায় ? লেথকের স্থীর তো দ্রের কথা। আমি যদি নিজে একটা কিছু করতে পারত্য। আমি কি একটি

ব্যক্তি নই ? আমার কি ব্যক্তিসতা নেই ? আমিও কি যৎকিঞ্চিৎ উপার্জন করতে পারিনে ? অফিদার শ্রেণীর মহিলারা স্বামীদের মর্যাদার ধার করা আলোকে আলোকিত। আমিও দেইরকম একজন। একজন কেরানীর স্ত্রীও আমার চেয়ে স্থোগ্য। অথচ আমার দলে মিশতে কুন্তিত। স্বাইকে নিয়ে কাজ করতে চেটা করি, কিন্তু তলে তলে এমন ঈর্যাণ্ডেয় যে স্থোগ্যদের সহযোগিতা পাইনে! যারা আসে তারা একটা না একটা ফেভার চাইতে আদে। স্ব রকম বাধাবিদ্ন সত্ত্বে কিছু না কিছু কাজ করতে পারা যায়, যাতে পাঁচজনের উপকার হয়, কিন্তু বদলীর জ্বালায় কাজ আধ্যানা হয়ে পড়ে থাকে। জজের কাজ জজের পদাধিকারী চালিয়ে যেতে পারেন, কিন্তু জজ্ গৃহিণীর কাজ পরবর্তী জজ্গৃহিণীর বারা হ্বার নয়। এত থারাপ লাগে হাতে গড়া প্রতিষ্ঠান ফেলে আসতে! আমার পিয়ানো বাজানোর শথ ছিল। বিয়ের পর ক্রমাগত বদলী হতে হতে সে শথেও জলাঞ্জলি দিতে হয়েছে। টিউন নই হয়ে যায়, টিউনার পাওয়া যায় না।"

"পত্যি! এর মতো ছংথের কথা আর নেই। কত বড়ো একটা বিছা বন্ধসঙ্গীত। আমার তো দে বিছা নেই। যার আছে তাকে আমি শ্রদ্ধা করি। তা, ভাই, আপনারা কলকাতায় বদলী হয়ে আদেন না কেন । এখানে টিউনার পাওয়া যায়। নিবিদ্ধে বাজাতে পারবেন।" দীপিকাদি সহাহভূতি জানান।

"কলকাতায় বদলী!' যুথিক। জভঙ্গী করে বলে, ''কলকাতা চাইলে চাটগাঁয় পাঠায়। অস্তত আমাদের অভিজ্ঞতা তাই। 'কলকাতা', 'কলকাতা' করে দবাই পাগল। আমরা কিন্তু মফংবলেই ভালো থাকি। বড়ো বড়ো বাড়ী, বিশাল হাতা, চারদিকে খোলা মেলা জায়গা! বাতাদে নিংখাদ নিয়ে স্থথ আছে। এখানে তোদম বন্ধ হয়ে আদে।''

দীপক আর মণিকা এল্ফকে নিয়ে জমে গেছে। এতদিন পরে দেও ত্'জন গুণগ্রাহী পেয়ে থোশ মেজাজে রকমারি থেলা দেখাছে। মূথে করে নিয়ে আসছে একটার পর একটা জিনিস। জুতো, ছাতা, ঝাঁটা, পেয়ালা, পিরিচ, চামচ। বই, থাতা, পেনসিল, কলম। স্থানদা দেখতে পেয়ে হৈ হৈ করে ছুটে আসেন। এল্ফ থাটের তলায় আশ্রয় নেয়। সেথানে একখানা প্রনো হাড় লুকনো ছিল। সেথানা চিৰোয়। তাতে দীপকের তীব্র আপত্তি। ''এল্ফ কোন্ জাতের কুকুর, জ্যাঠাইমা )'' সে দীপিকাদিকে স্থায়।

"পমেরানিয়ান। পমেরানিয়া এখন রাশিয়ার অধীনে চলে গেছে। বেচারি
এলফ বোধহয় সেইজন্মে আজকাল বিমর্ধ।'' দীপিকাদি বলেন।

"তা নয়।" স্বপনদা হাদেন। "ওর এখন বিয়ের বয়স হয়েছে, আমরা ওর জুড়ি খুঁজে পাচ্ছিনে। ও এখন আমার বই থাতা লুটপাট করে বিদ্রোহ প্রকাশ করছে। দেখি, ওর বৌ যদি কোথাও মেলে।"

ব্লাক আউট উঠে গেছে। কলকাতা এখন আবার আলো বালমল। অপনদার বাড়ীর জানালাগুলো থেকে কালো পর্দা সরানো হয়েছে, কিন্তু শাশির কালো রং এখনো মুছে যায়নি। জানালা খোলা রেখে মানস রান্তার দৃশ্য দেখছিল। অপনদা তার পাশে আসন নিয়ে বলেন, ''তোমার দঙ্গে কতকাল কথাবার্তী হয়নি। তুমি আজকাল কী লিখছ? কই, কোথাও তো তেমন চোখে পড়ে না।''

"চিত্রকলায় যামিনী রায় যা করছেন শাহিত্যে আমিও সেইরকম কিছু করতে চেষ্টা করছি। রস আছে মাটির ভিতরে। পীপলের অন্তরে। পীপলের সঙ্গে অকাত্ম না হলে ২০ অনুমগন হতে পারা যাবে না। বিদগ্ধ সাহিত্য তো তের হয়েছে। আর কেন ?" মানস জিজ্ঞাসা করে।

'বামিনীদার ছবি আমারও ভালো লাগে। কিন্তু তাতে বিংশ শতাক কৈ পাইনে। আমি বিংশ শতাকীর মান্ত্র। আমারও তো একটা অন্তর আছে। সে অন্তরও তো নীরদ নয়। আমাকে বাদ দিয়ে পীপল নয়। পীপলের তেমন ব্যাথ্যা সাহিত্যকে একদিন বন্ধ্যা করবে। যেমন করেছে সোভিয়েট রাশিয়ায়। এর নাটের গুরু অবশ্য টলগ্টয়। কোক আট নিশ্চয়ই ভালো আট । কিন্তু বড়ো আট নয়। পরে আমাদের দেশেও একটা ক্লাদিশাল সাহিত্য ছিল, সেটা সংস্কৃত ভাষায় রচিত। আমাদের দেশের ঘড়ির কাটা বহু শতাকী ধরে বন্ধ ছিল। ইউরোপের ঘড়ির কাটা বন্ধ ছিল না। তাই ওদেশের ঘড়ির দঙ্গে এদেশের ঘড়ির দিতে হয়েছে। অনেকটা মিলেও গেছে। আমাদের কর্তব্য ওদের দঙ্গে সমানে পালা দিয়ে বিংশ শতাকীর সাহিত্য স্বাধি করা। লোকদাহিত্য তোমার সহায়ক হতে পারে, কিন্তু নিয়ামক নয়। যামিনীদাকে এ তত্ব বোঝানো যাবে না। তাঁর স্থানজান টনটনে, কালজ্ঞান তেমন নয়। অমন করলে ঘড়ির কাটা আবার বন্ধ হবে।" অপন্দা সাবধান করে দেন।

মানদের দৃষ্টি জনগণের উপরে। মাহ্য কেবল ফটি খে্রে বাঁচে না, তাকে ক্ষার অন্নের সন্দে সন্দে হথা জোগাতে হবে। নয়তো সে হ্বরা পান করবে। হথা কী ? যা তার হৃদয়কে স্পান্দিত করে। হৃদয়ের লক্ষ্য ভেদ করে। হৃদয়ের বিধৈ থাকে। সে ভূলতে পারে না। এই যেমন ছড়া, ব্যালাড, রূপকথা, উপকথা। কালের ছাপ তার উপর পড়ে না, তা নয়। কিন্তু সে কালজয়ী। টলস্টয়ের 'তেইশটি উপকথা'র অনেকগুলি যেমন।

"কিছ পরেও তো তিনি আরো লিখেছিলেন।" স্থপনদা বলেন। "নিজের তত্ব নিজে অহুসরণ করেছিলেন কি ? করেননি, কারণ 'রেজারেকশন' ওভাবে লেখা যেত না। ওই ধরনের উপন্তাস রূপকথা বা উপকথা মার্গীয় নয়। ওটাও একটা বলবার মতো কাহিনী। জরুরি। না বললে নয়। যা একমাত্র টলস্টয়ই বলতে পারতেন। জনগণ আজ ব্রুতে না পারে কাল ব্রুবে। কোনো স্পষ্টই রুসিকের জন্তে অপেক্ষা করে না। রিসক পরে আসে, আবিষ্কার করে, উপভোগ করে। গরম গরম লুচি ভেজে পাতে দিলে পেট ভরে, কিছ প্রাণ ভরে না। পীপলকে নিয়ে পপুলার বই কি কম লেখা হচ্ছে ? টলস্টয়কে বা রবীন্দ্রনাথকে সে কান্ধ করতে হবে কেন ? তাঁরা লিখবেন 'গোরা'। তুমিও কি তেমনি কোনো বিরাট বিষয়, মহৎ বিষয়, খুঁজে পাচ্ছ না ? ওসব চুটকি লিখে যাদের সঙ্গে তকান্ম করেছেন। চঙিদাসও।"

মানস জানতে চায় স্বপনদা কী লিখছেন।

"আমি! আমি কী লিথছি!" স্বপনদা হকচকিয়ে যান। "ভাগ, মাহ্ন, আমি পপুলার লেথক নই। হতেও চাইনে। আমি নিঃসঙ্গ লেথক। নিঃসঙ্গই থাকতে চাই। যতবার চেটা করি গোটা বা গ্রুপ গঠন করতে ততবারই ব্যর্থ হই। এটা প্যারিস নয়। সেথানে 'ট্র্যানজিশন' পত্রিকার লেথকগোটাতে আমিও ছিলুম। কিন্তু সে রকম একটা পত্রিকাও এদেশে হয় না, সে রকম একটা লেথক গোটাও না। একক লেথককেই তার নিজস্ব থিয়োরি, তার নিজস্ব মতবাদ তার নিজস্ব ধরনে ও নিজস্ব আছিকে পরিবেশন করতে হয়। এর জন্মে চাই দারুণ মনের জার। স্বৃদ্ আত্মবিশাস। প্রতিদিন রেওয়াজ। ব্যান কল্লাভার। আমার কি তেমন মনের জার আছে গ আত্মবিশাসও নড়বড়ে। আর ক্রেটিদিন রেওয়াজের সময় কোথায় গ'

"কিছ তোমার তো বলবার মতো কাহিনী ছিল। তুমি যদি না বলে যাও

আবার কে বলবে ? শিল্পীর কাছে এটা একটা দায়। তুমি দায়মুক্ত হবে কী করে ?'' মানদ চাপ দেয়।

"আমি কাফকা বা জয়েদ নই। সেইখানেই আমার তুর্বলতা। নইলে আমার হাতে যে মালমশলা আছে তা দিয়ে কত কী গড়া যায়! না, আমি ছাড়া আর কেউ পারবে না।" স্বপন্দা দীর্ঘশাদ ফেলেন।

"তুমি যদি লাভাবধণ না করে। কেউ বিশাস করবে না যে তুমি একটি জীবিত আগ্নেমগিরি। ভিস্তভিয়াস কি এটনা। একদা তুমি লাভাবধণ করেছিলে এটাই তোমার একমাত্র পরিচয়। তোমাকে সক্রিয় হতে হবে। এদেশে তুমি মনের মতো গোষ্ঠা কোনো দিনই পাবে না। ওদেশের তুলনা এদেশে অচল। ওদেশে গোষ্ঠা গড়ে ওঠে একটা তত্তকে ঘিরে। যেমন ইমপ্রেসনিস্ট, এক্পপ্রেসমিস্ট, স্থ্রবিয়ালিস্ট, এগ্জিস্টেনশিয়ালিস্ট। এদেশে তেমন কোনো পরিজার পার্থকা নেই। লেথকেরা দল বাঁদেন ব্যক্তিগত পছন্দ অপছন্দের ভিত্তিতে। কিংবা রাজনৈতিক মতবাদের ভিত্তিতে। তা বলে তুমি নিজ্যি হবে কেন ?" মান্স তর্ক করে।

শাটক লিখতে চাই। কিন্তু নেড়েরে সঙ্গে সম্পর্ক নেই। এদেশে যদি
মস্বো আট থিয়াটার থাকত তা হলে আমিও কি চেকভের মতো 'চেরি
অরচার্ড' লিখতে পারতুম না গদেট। আমারও একটা প্রিয় বিষয়। মাড়োয়ারিরা
বাঙালী জমিদারদের আম বাগান ও গোলাপবাগ কিনে নিচ্ছে। বাগানবাড়ী
কিনে নিয়ে কারথানা তৈরি করছে।" অপনদা আঞ্চেপ করেন।

"তা হলে তে। অবশ্রুই লিখতে হয় 'বাগানবাড়ী' বলে একটা নাটক। না, 'চেরি অরচার্ডে'র মতো দেটিমেণ্টাল হলো না।" মানস ফরমাস দেয় ।

স্থানদা অনেকক্ষণ নীরব থাকেন। তারপর বলেন, "এই যুদ্ধ অং র সর্বপ্রকার মোহভঙ্গ করে গেছে। মান্ত্র মরেছে, মান্ত্র আবার জন্মাবে, বাড়ীঘর ভেঙেছে, বাড়ীঘর আবার গড়ে উঠবে। কিন্তু সেই যুগটাকে তুমি পাবে কোথায় যে যুগে তুমি আমি ইউরোপে ছিলুম । এ যুগে আমি জল বিনা মীন। তুমি কী তা আমি জানিনে। বোধ হয় গান্ধাজীর উপর আশা রেখে নিশ্চিন্তে আছো। ভাবছ গান্ধীই ভারত, ভারতই গান্ধী। ইংরেজ চলে গেলে কী হবে সেটা রঙিন চশমা দিয়ে দেখছ। খোলা চোথে যখন দেখৰে তখন গ্রেম্ব হবে।"

ভারতের ঐক্য বলতে বোঝায় প্রথমত ইংরেন্ধের দেওয়া শ্রক্য, বিডীয়ত

গান্ধীন্দীর দেওয়া ঐক্য। তৃতীয় কোনো ঐক্য নয়। ইংরেজ থাকবে না, দেটা ধরে নিতে পারি। কিন্তু গান্ধীও থাকবেন না, তিনিও সদলবলে বিদায় হবেন, এটা যদি মেনে নিই তো ভারত কি আর এই ভারত থাকবে ? বলকানে পরিণত হবে।" মানদের কাছে দেটা একরকম স্থনিশ্চিত।

"বলকান হয়েও কি বাংলার ঐক্য থাকবে ? যে রকম লক্ষণ দেখছি জিন্নাঃ সাহেবের ছই নেশন থিয়ারির হাড়িকাঠে বাংলা দ্বিখণ্ডিত হবে। জিন্নার কথা হলো তিনি হিন্দুর একাধিপত্য দহা করবেন না। আর গান্ধীর একাধিপত্য কি-না হিন্দুর একাধিপত্য। তিনি যদি একটু কম হিন্দু হতেন তা হলে মিটমাটের আশা ছিল। কিন্ধু হিন্দুকে তিনি কম হিন্দু হতে, মুসলমানকে কম মুসলমান হতে, শিথকে কম শিথ হতে বলবেন না। অতি মাজায় ধর্মপ্রাণ হলে কী হয় তা জার্মানীর ইতিহাসে দেখেছ। ক্যাথলিক প্রটেন্টান্ট মিলে মারামারি করে দেশ ভাগ করে নেয়। রবীন্দ্রনাথ নাকি একবার বলেছিলেন যে দ্বাই যদি মুসলমান হয়ে যায় তাহলে এ সমস্তার একটা সমাধান হয়ে যায়। সেটাও তো ধর্মীয় সমাধান। স্বাই মুসলমান হয়ে গেলেও শিয়া স্থার বিরোধ থাকবে। ধর্মীয় নয়, এমন সমাধান যদি চাও আমেরিকার দিকে তাকাও। আর নয়তে। রাশিয়ার দিকে। আমেরিকার ধর্মকে রাজনীতির আদরে নামায় নি। আর রাশিয়া তো গির্জা থেকেও ভাড়িয়েছে। সেকুলার স্টেট না হলে ভারত তার ঐক্য রাথতে পারবে না।" স্থাননার বিশাদ।

"তা না হলে বাংলাই বা তার ঐক্য রাথবে কী করে? হিন্দুর প্রাধান্ত মুসলমান সইতে পারে না, মুসলমানেং প্রাধান্ত হিন্দুর কাছে অসহনীয় । গান্ধীর প্রভাব, কংগ্রেসের প্রভাবও ক্ষাণ। স্থভাবের প্রভাবই প্রবল। কমিউনিস্টরাও তলে তলে প্রভাব বিস্থার করে যাচ্ছে। শুনছি তেভাগা নাকী যেন একটা ইম্মতে লডাই করেব। তা হলেও বাঙালী বাঙালীই। হিন্দু মুসলমান কমিউনিস্ট নিবিশেষে। কাল সকালে তোমাকে মীর সাহেবের ওথানে নিয়ে যাব।" স্বপন্দা প্রস্তাব করেন।

মানদ রাজী হয়ে যায়। ওঁর সক্ষে তার পত্রালাপ ছিল।
''আফ্ন, আফ্ন। কবে এলেন '' মীর সাহেব মানদকে স্থাগত করেন।
''কালকেই। এবার বদ্লীর পথে।'' মানদ উত্তর দেয়।
''কই, লেশী তো তেমন দেখিনে।'' তিনি অফ্যোগ করেন।

"পুরনো ধরনে লিখতে চাইনে। নতুন ধরনে লেখার কথা ভাবছি, কিন্তু কাজে দেখাতে পারছিনে। দেশের জন্মেও চিস্তিত।" মানস জানায়।

"চিন্তার কারণ আছে বইকি! জিল্লার নাম বাঙালী মুসলমানরা কেউ কোনোদিন করত না। এখন সকলের মুখে মুখে। হিন্দু আর মুসলমান তুই ধর্ম বলে জানতুম। এখন শুনছি তুই নেশন। শিক্ষিতরাই এ তত্ত্বপ্রচার করে অশিক্ষিতদের মাথা থাচ্ছেন। ইংরেজদের কাছ থেকে এরা নাকি গোটা বাংলাদেশটাই এ দের ভাগে পাবেন। তাও শ্বতন্ত্রভাবে নয়। পাকিস্তানের অঙ্গ হিসাবে। এ দের মতে ভারত বিভাজ্য, বাংলাদেশ অবিভাজ্য। এ রা ভূলে গেছেন যে চল্লিশ বছর আগে ইংরেজরাই বাংলাদেশকে ত'ভাগ করেছিল। একীকরণটা ইংরেজদের ইচ্ছায় হয়নি। হিন্দু মুসলমানের মিলিত ইচ্ছাতেই হয়েছে। বিজাতিতত্ব সে সময় চালু থাকলে মিলিত ইচ্ছা থাকত না। এই আন্ধন্তবি তত্ত্বর ফলে মিলিত ইচ্ছা বলে কিছু থাকবে না। বাঙালী বিভক্ত হবে। বাংলা বিভক্ত হবে।'' মীর সাহেব অতিথিচর্গা করতে বলেন।

মানদ জানতে চায় মীর দাহেব এর বিরুদ্ধে কিছু লিখছেন কিনা। একজন বিশিষ্ট ইনটেলেকচুয়াল হিদাবে মুদলিম সমাজকে নেতৃত দেওয়া কি তাঁর কর্তব্য নয় ?

"লিখছি বইাক। মনে করিয়ে দিচ্ছি বঙ্গভদেব সময়কার কথা। তথনকার দিনের সাম্প্রদায়িকতাবাদী বছ মুসলমান নেতা মুসলিম সম্প্রদায়ের জন্তে বিশেষ স্থ্যোগ স্থিবা দাবা করলেও ঢাকার নবাবের মতো বঙ্গভঙ্গ সমর্থন করেন নি। তাঁদের ইন্থাহারে বলেন ছই সম্প্রদায়ে বিভক্ত হলেও বাঙালীরা এক নেশন। স্বতরাং বাংলাদেশ ছ'ভাগ হওয়া উচিত নয়। দেদিন যদি বাঙালীরা এক নেশন না হতো তাহলে কাটা বাংলা অত সহজে জোড়া লাগত না। আর তাতে মুসলমানদেরই মেজরিটি হত না। তোমরা মেজরিটি পেয়েও, মেজরিটির জোরে সরকার চালাতে পারছ, আপাতত না হলেও কালক্রমে সরকারী চাকরিতেও তোমাদেরই মেজরিটি হবে। মেজরিটি পেয়েও তোমরা সম্ভন্ত নও। তোমরা চাও টোটালিটি। বাঙালী জাতির হোমল্যাও ছবে মুসলিম জাতির একার হোমল্যাও। সেথানে অমুসলমান থাকবে না। যেমন মুসলিম নির্বাচনকেন্দ্রে অমুসলমান ভোটদাতা থাকে না। গোটা প্রদেশটাই হবে দেপারেট ইলেকটোরেট। শুধু মুসল্কানদের জতো। তোমরা

ভেবেছ হিন্দ্রজিত বাংলাদেশে কেবল তোমরা বাঙালী মুসলমানরাই থাকবে।
কিন্ধ দে ধারণা ভুল। হিন্দ্রান থেকে বিতাড়িত হয়ে কোটি কোটি উর্ভ্ ভাষী
মুসলমানও এসে ভাগ বসাবে। তারাও মুসলিম জাতি বা নেশন। তোমরা
তাদের ফেরাতে পারবে না। পাকিন্তান বলতে যদি বাংলাদেশের সঙ্গে পাঞ্জাব,
সিন্ধু, বেলুচিন্তান ও সীমান্ত প্রদেশের ফেডারেশন বোঝায় তো পাঞ্জাবী পাঠান
সৈক্তদলও এসে হাজির হবে। মিলিটারি পাওয়ার তো তাদেরই হাতে,
তোমাদের হাতে নয়। সিভিল পাওয়ারও যে তোমাদেরই হাতে থাকবে তেমন
নিশ্চয়তা কে দেবে ? মুসলিম লীগ হাইকমাণ্ড তো অবাঙালীদের হাতে।
কেন্দ্রীয় সরকার তাঁরাই চালাবেন। বাংলাদেশ সরকারও তাদেরই নিয়ন্ত্রণ
চলবে। যারা তোমাদের প্রতিবেশী, তোমাদের স্থ্য ত্থের সাগী, তাদের সঙ্গে
বাগড়া করে তোমরা থাল কেটে কুমীর ভেকে আনতে চাণ্ড। জলে বাস করে
কুমীরের সঙ্গে বিবাদে বাধবে না ? তথন কে তোমাদের বাঁচাবে ? বাঙালী
হিন্দুরাও কি নিবিবাদে তাদের হোমল্যাণ্ড ছাড়বে ? আধ্রধানা কেটে নেবে
না ?' মীর সাহেব সিগারেট বাডিয়ে দেন।

"নো, থ্যাক্ষস। আমি সিগারেট খাইনে।" মানস বলে, "কিন্তু আপনার কথা থেকে মনে হয় আপনার মতে বাঙালীরা একটা নেশন। তা হলে ভারতীয়রা কী ? ভারত কি একটা নেশন-স্টেট না একটা নেশন সমবায় ?"

"ভারত শাসন আইনে নেশনের কোনো স্বীকৃতি নেই। কন্টিটুয়েণ্ট আ্যাসেম্বলি যদি ডাকা হয় সেইখানেই এর একটা হেন্ডনেন্ড হবে। ইণ্ডিয়ান আশনাল কংগ্রেস অবশ্য ইণ্ডিয়ান নেশনকেই স্বতঃসিদ্ধ বলে ধরে নিয়েছে। অল-ইণ্ডিয়া মুসলিম লীগ কিন্তু তা করেনি। ভারতীয় মুসলমানরা প্রথমে ভারতীয় না প্রথমে মুসলমান এ প্রশ্ন এখনো অমীমাংসিত। জিল্লার মতো যাঁরা কংগ্রেসে ছিলেন তাঁদের অনেকেই ডিগবাজি থেয়েছেন গান্ধীর উপরে রাগ করে। তিনি আগে ইংরেজদের সঙ্গে সেটলমেণ্ট না করে আগে মুসলমানদের সঙ্গে সেট্লমেণ্ট করবেন না। জিল্লা চান আগে মুসলমানদের সঙ্গে সেটলমেণ্ট, পরে ইংরেজদের সঙ্গে সেটলমেণ্ট। এখনো অনেকের ধারণা মুসলমানরা হিন্দু নয় বলে ভারতীয় নয়।" মীর সাহেব হাসেন।

স্থানদার মৌনভঙ্গ হয়। তিনি সায় দেন। "এইটেই সব কথার সার কথা। ভারতীয় হিন্দুরা খাগে হিন্দু কি আগে ভারতীয় এতে কিছু আসে যায় না। কারণ তাদের আর∠কানো হোমল্যাও নেই। কিন্তু ভারতীয় মুসল্মানরা যদি ভারতকে আপনার হোমল্যাণ্ড মনে করত তা হলে পাকিন্তানের চিন্তাই তাদের মাথায় আদত না। ভারত হোমল্যাণ্ড নয়, অতএব ভারতের যে অংশটা মৃসলিমপ্রধান সেই অংশটাই হোমল্যাও। সেটা বাংলাদেশ না হয়ে যুক্ত-প্রদেশও হতে পারত। এর মধ্যে জন্মভূমির প্রতি মমতা নেই। আছে সংখ্যার জোরের উপর নির্ভরতা। হিন্দু মৃদলমানে গৃহষুদ্ধ বাধলে মৃদলিন প্রধান অঞ্জ্ঞ জিই হবে মুসলিম পক্ষের ঘাঁটি আর হিন্দুপ্রধান অঞ্জ্ঞ জি হিন্দুপক্ষের খাঁটি। একপক্ষ অপর পক্ষকে ঘাঁটিচ্যুত করতে না পাররে ঘাঁটিভাগই হবে চিরস্থায়ী বন্দোবন্ত। জার্মানীর ইতিহাসে তিন শতাকী পূর্বে এই জিনিসটি ঘটে। ক্যাথলিক ও প্রাটেন্টাণ্ট তিন দশক ধরে লড়াই করে এইভাবে এক চিরস্থায়ী বন্দোবন্ত করে। তবে মাথার উপরে থাকেন এক নির্বাচিত সম্রাট। তাঁর ক্ষমতা দীমাবদ্ধ। যতবার দম্রাট নির্বাচন হয় ততরার ক্যাথলিক প্রার্থীই সমাট হন। কিন্তু কালক্রমে বলীয়ান হন প্রটেফ্টাণ্ট অধ্যুষিত অঞ্চলগুলির রাজন্মগ্রী। বন্দোবন্ত ভেল্ডে যায়। বিদমার্কও সমগ্র ভার্মানীকে ঐক্য দিতে পারেন না। ক্যাথলিক অষ্ট্রিয়া ও প্রটেটাট প্রাসিয়া এক নেশন হলেও একাকার হয় না। একজনের জায়গায় তু'জন সম্রাট হন। একজন হাঙ্গেরিসমেত অপ্তিয়ার, অন্যজন প্রাসিয়াকে বাডিয়ে নিয়ে জার্মানীর। এর পরে আদে হিটলারের পালা। তিনি হন একচ্ছত্র অধিনায়ক। এটা কিন্তু সম্ভব হতে। না, যদি তিনি ক্যাথলিক বলে পরিচয় দিতেন। তিনি না ক্যাথলিক, না প্রটেস্টার্ট। তিনি থ্রীন্টানই নন। তিনি পেগান। কে প্রটেস্টার্ট, কে ক্যাথলিক এ ভেদবৃদ্ধি ছেড়ে জার্মানরা স্বাই না হোক বেশীর ভাগই জড়ো হয় হিটলারের পতাকাতলে। জার্মান এক্যের প্রাথমিক শর্ত হয় ব্যাথলিক প্রটেন্টান্ট ভেদবৃদ্ধির উধেব ওঠা। হিটলারের স্বৈরতান্ত্রিক জোর ্লুমের আমি সমর্থন করিনে, কিন্তু ক্যাথলিক হয়েও প্রটেন্টান্টদের প্রিয়তম নেতা একমাত্র তিনিই হয়েছিলেন, কারণ একমাত্র তিনিই জার্মানীকে ক্যাথলিক প্রটেস্টা**ন্ট দ্বন্দের উ**ধ্বে তুলে এক নেশন করতে পেরেছিলেন।"

মীর সাহেব সন্ত্রন্ত হয়ে বলেন, "সর্বনাশ। আপনি হিন্দুকে হিন্দুক আর
ম্সলমানকে ইসলাম ভুলিয়ে দিতে চান নাকি । পারেন তো হিন্দুকে
ম্সলমানের সঙ্গে ও ম্সলমানকে হিন্দুর সঙ্গে যুক্ত করুন। কিন্তু হিন্দুকে
হিন্দুজের থেকে ও ম্সলমানকে ম্সলমানতের থেকে বিযুক্ত করতে পারবেন না,
গুপু সাহেব।"

"আমি ধর্ম ত্যাগ করতে কাউকে বলব না, কিছা রাষ্ট্রকে বলব সেকুলার হতে। রাষ্ট্র হবে হিন্দু মুসলমান ভেদবৃদ্ধির উধের্ব। ভারতবর্ষের একতার আবার কোনো স্থত্ত নেই। যদি না দে হয় চির পরীধীন।" স্থপনদা স্থনিশ্চিত।

"আপনি দেখছি কমিউনিস্টদের মতো কথা বলছেন। ওরাধর্ম মানে না, ঈশব বা আলাহ্মানে না। ওদের রাষ্ট্র সেকুলার।'' শিউরে ওঠেন মীর সাহেব।

"সোভিয়েট ইউনিয়নের মতো আমেরিকার যুক্তরাষ্ট্রও সেকুলার। তা বলে ওথানকার লোকজন ধর্মহীন নয়। ঈশ্বরবিশাসহীন নয়। হিন্দু মুসলমানের যদি তাতেও আপত্তি থাকে একদিন কমিউনিস্টরাই সমগ্র ভারতকে এক্যবদ্ধ করবে। বাহুবলে, এই যা হুঃখ।" স্বপনদা শেষকথা বলেন।

## || ज्रा

একই গাডীতে এনেছিল জুলি আর মিলি, মিলির ছেলে রণ, সৌম্য আর স্কুমার। মিলিকে পেছনে ফেলে জুলি এগিয়ে যায়, তার হাত ধরে রণ আর তাদের পথ দেখিয়ে এলফ।

ওদিকে দীপক আর মণি অপেক্ষা করছিল। মণি ছুটে এসে রণকে কেড়ে নেয়। মিলি তা দেখে বলে, ''চোরের উপর বাটপাড়ি।"

তথন জুলি ঘৃথিকার কাছে নালিশ করে। "রণ যদি আমাকে বেশী পছন্দ করে দেটা কি আমার অপরাধ ?"

যৃথিকা রণকে ডেকে বলে, ইংরেজীতে, ''কাকে তোমার বেশী পছন্দ। মাকে না মাদীকে ?"

রণ একবার এদিকে একবার ওদিকে তাকিয়ে বলে, "মাসীকে।"

মিলি শক পাবার ভাগ করে বলে, ''বাপ যাকে পছন্দ করে ছেলেও তাকে পছন্দ করে ? জুলি কি জাতু সানে ।''

স্কুমার তা ভনে বলে, "মায়ের চেয়ে মাসীর বেশী দরদ। কে না জানে? কিন্তু আমাকে এর মধ্যে টেনে আনা কেন? জুলি তে। অনেকদিন আমাকে কিক আউট করেছে। আমি ফুটবলের মতো গড়াতে গড়াতে মিলির গোলে চুকেছি। লাথি থাবার সে যে জালা তা কি আমি কথনো ভূলতে পারি থ মাঝে মাঝে তুঃস্বপ্ন দেখি। বলে উঠি, 'জুলি। জুলি। তুমি আমাকে পদাঘাত করলে।' মিলি স্বটা শুনতে পায় না, তাই আমাকে ভূল বোঝো'

যুথিকার শিক্ষা জুলির মনে ছিল। সে মিলির দিকে চোথ টিপে বলে, ''মিলিও তো মাঝে মাঝে স্থস্বপ্ন দেখে। বলে ওঠে, 'দৌম্য! দৌম্য! তুমি কবে তোমার ভীশ্মের প্রতিজ্ঞা ভঙ্গ করবে ?' কিন্তু স্ব: হলো স্বপ্ন। তা নিয়ে মন খারাপ করতে নেই। আমি তো কিছু মনে করিনে।''

মিলি কপট কোপ দেখায়। "আমি স্বপ্নে কীবলি নাবলি তোর তা জানার কথা নয়। বল, বল, কে তোকে বলেছে ?"

"কেন? ওটা কি তোর মনের কথা নয়? অবচেতন মনে যে যা চায় সেইটেই স্বপ্ন হয়ে দেখা দেয়। যাক, তোর বিয়ে হয়ে গেছে, আমারও বিয়ে হয়েছে। এখন আর ওসব কথা নয়। রণ যা বলেছে তা শুনে তোর মনে কষ্ট হয়েছে। আচ্ছা, রণকে আমি জিজ্ঞাসা করছি। রণ, কাকে তুই বেশী ভালোধানিদ শুমাকে না নাসীকে শু জুলি প্রশ্ন করে।

রণ উত্তর দেয়, ''মাকে।'' প্রশ্ন আর উত্তর ইংরেজীতে।

"সাবাস ! এতেই তো প্রমাণ হয়ে গেল ওর বাপও ওর মাকে বেশী ভালোবাসে। বাপকা বেটা। বেটাকা বাপ।" যুথিকা রসিকতা করে।

স্থানদা স্থকুমারকে ধরে নিয়ে যান তার দ্যাভিতে। বলেন, "বছদিন ইউরোপে যাইনি। যেতে ইচ্ছে করে, কিন্তু পারিনে। বিয়ে করলে মান্থ্য আর স্বাধীন থাকে না। আমার উনি ইংরেজদের উপর হাড়ে চটা। ওরা নাকি মুসলিম লীগের বকলমে ভারতের উপর অস্কুশ রাথতে চাল ভোমার ভোলেবার পাটির হাঁড়ির থবর জানা। তুমি কি মনে করো গাঁহা টোরি তাঁহা লেবার ? যাঁহা চাঁচিল ভাহা আটেলী ?

স্কুমার পাইপ টানতে টানতে বলে, "ব্রিটেনে একট। নিংশদ বিপ্লব ঘটে গেছে, স্বপনদা। লেবার পার্টির রংটা লাল নায়, গোলাপী। তার যে প্রোগ্রাম দেটাও দেই রঙের। এখন থেকে ওয়েলফেয়ার ফেট। তাতে একজনও নাগরিক বেকার থাকবে না। স্বাই কাজ পাবে। এখন থেকে কেউ অচিকিৎসিত থাকবে না, ওমুধপত্রও বিনা ধরতে বা নামমাত্র থরতে পাওয়া যাবে। শিল্প, বাণিজ্য, ব্যাহ্ক, ইনশিওরান্স এভূক্তির উচ্চত্রম শৃক্তুলি রাষ্ট্র

কর্তৃক অধিকৃত হবে। তাতে সামাজিক নিরাপত্ত। বাড়বে। একলক্ষে এর চেয়ে বেশী এগানো যায় না। লেবার পার্টির নেতারা বাত্তববাদী। টোরি দলের দশা এখন প্রথম মহাযুদ্ধের পরে লিবারলদের মতো। তাঁদের যুগ গেছে। তাঁরা যে আর কোনোদিন ফিরে আসবেন একথা বিশ্বাস করা শক্ত। তবে লেবার যদি তুর্বলতা দেখায় তার পক্ষপাতীরা তাকে ভোট না দিতেও পারে। গণতত্ত্ব কেউ চিরস্কন নয়।"

''কিন্তু আমি জানতে চেয়েছিলুম ভারত সম্পর্কে লেবার পলিদি কি একই রকম না আমাদের পক্ষে আশাপ্রদৃ?' স্বপনদা জেরা করেন।

"थुवरे जामाश्रम। त्नवात भाषि अञ्मन विरमय किছू कब्राज भारति, কারণ যুদ্ধকালে ওটা ছিল দর্বদলীয় দরকার। চার্চিলই বড়ো কর্তা। অ্যাটলী ছোট কর্তা। ক্রিপদ বিফল হয়ে ফিরে গেলেন। ছুর্ভাগ্য! আবার তাকে পাঠাবার কথা হচ্ছে। এবার যেন তাঁকে বিফল হতে না হয়। বিটেনের সর্বশ্রেণীর রাজনীতিকরা উপলব্ধি করছেন যে সাম্রাজ্য রাথতে হলে তাকে क्यन अधिनाथ क्रभास्त्र कि कराज हात। क्रमन अधिनाथ विरोधना स्थाना কিন্তু কানাডা বা অস্ট্রেলিয়া বা দক্ষিণ আফ্রিকা ব্রিটেনের হাতের পুতুল নয়। এই যুদ্ধে দেখা গেল আমেরিকার দঙ্গেই অর্ফে লিয়ার নিকটতর দম্পর্ক। আমেরিকাই তাকে রক্ষা করতে পারে, ব্রিটেন নয়। কানাডার বেলা একখা আরো বেশী প্রযোজ্য। ভারতকে রক্ষা করা যে মোটেই সহজ নয় তা তো জাপানী আক্রমণের সময় প্রমাণিত হলো। ভারতায়রাই যদি জাপানকে স্বাগত জানাত তা হলে তো ভারতরক্ষা অসম্ভব হতো। দে কাজটা তারা করেনি। কংগ্রেসের আন্দোলন আাণ্টিব্রিটশ হলেও প্রো-জাপানীজ ছিল না। কর্তারা তথন বিশ্বাস না করলেও পরে বিশ্বাস করেন যে কংগ্রেস জাপানকে ডাকেনি, ডাকত না। সরকারের ভার পেলে জাপানকে রুখত। এর থেকে দিদ্ধান্তে পৌছনো গেল যে কংগ্রেদ দরকারের ভার পেলে দোভিয়েট রাশিয়াকে ডাকবে না, কথবে। কংগ্রেস নেতারা বিখাসযোগ্য। তাদের সঙ্গে কথাবার্ডা চালানো যায়। তাঁদের হাতে ক্ষমতা হস্তান্তর করা যায়। কিন্তু তাই বলে যারা ব্রিটেনের পুরাতন দথা বা দহবোগী তাদের তো পথে বদানো যায় না। পরিস্থিতিটা কতকটা প্রথম মহাযুদ্ধের পর আয়ারল্যাণ্ডের মতো। আইরিশ ন্ত্যাশনালিফদের হাতে হস্তান্তঃ ততদূর পর্যন্ত শমীচীন যুত্দুরপর্যন্ত আলস্টরের প্রটেস্টান্টরা সমত। ওঁরাও একটা প্রয়োজনীয় পক। এক্ষেত্রে মুসলীয় লীগ।

কংগ্রেস যদি এটা মেনে নেয় তবে ক্ষমতার হতান্তর অযথা বিলম্বিত হবে না।
কিন্তু গান্ধীজী কি এটা মানবেন ? ক্রিপস বা কেন্ট ভবিগ্রবাণী করতে পারেন
না। গান্ধী তাঁদের কাছে একটি ধাঁধা। নেহক তেমন নন। তবে সব চেয়ে
মৃশকিল জিলাকে নিয়ে। এটা তাঁরা হাড়ে হাড়ে ব্ঝেছেন, তব্ তাঁকে
প্রশ্রেষ দিয়ে যাচ্ছেন। নইলে টোরি সমর্থন পাওয়া যাবে না। চার্চিল
বিরূপ হবেন।"

"জিয়া কথনো কংগ্রেসকে একমাত্র উত্তরাধিকারী। হতে দেবেন না। আর গান্ধী কথনো ছই উত্তরাধিকারী স্বীকার করবেন না। বুথা চেষ্টা।" স্থপনদা বলেন "আচ্ছা, গান্ধীকে বাদ দিয়ে কি কংগ্রেসের সঙ্গে আর জিয়াকে বাদ দিয়ে কি মুসলিম লীগের সঙ্গে মিটমাট সম্ভব নয় ?" স্থকুমার আশ্চর্য হয়। "ব্রিটিশ প্রতিনিধিদের কেন এই ছই বুদ্ধের দারস্থ হতে হবে ?"

"এই তুই বুদ্ধকে অনায়াদেই বাদ দেওয়া যায়। কিন্তু কংগ্ৰেদ হাইকমাও আর লীগ হাইকমাণ্ডকে বাদ দেওয়া অসম্ভব। ক্ষমতা হস্তান্তরের পর কেন্দ্রীয় সরকার চালাবেন যারা তাঁরা এ দেরই মনোনীত সদস্ত। কিন্তু একমত হয়ে চালাতে না পারনে স্বদেশী নরকার একবছর কি হ'বছর বাদে ভেঙে যাবে। তথন সেই বড়লাটই নিজের হাতে সরকারের ভার নেবেন। যেমন গভন ররা নেন কংগ্রেসের মন্ত্রীদের প্রাদেশিক সরকার পরিত্যাগের পর। বিভিন্ন প্রদেশ গভন রের শাসন চলেছে ছ বছর ধরে। তেমনি বড়লাটেরও শাসন চলবে কে জানে ক'বছর ধরে। সেটা অবশ্য স্বদেশী শাসন নয়, তবু অরাজকভার চেয়ে ভালো। বড়লাট যদি গদী ছেড়ে দেন তা হলে যে শৃক্ততা স্বষ্ট হবে তার স্থযোগ নিয়ে জনতা উন্মাদ হবে। নিরীহ নাগরিকদের কে রক্ষা করবে ? পুলিশের আহুগত্য কার প্রতি । আমির মাথা কে । জঙ্গীলাটও তো থাকবেই না। শৃত্যতা পুরণের শক্তি কি একা কংগ্রেসের আছে না একা লীগের আছে ? থাকতে পারে তুই পার্টি যদি একজোট হয় তবে সেই জোটের। এই কথাটাই জিল্লা শাহেব বলে আনছেন পঁচিশ বছর ধরে। তার মতে হিন্দু মুদলমানের একতাই হচ্ছে স্বরাজ। অর্থাৎ কংগ্রেস লীগ চুক্তিই হচ্ছে স্বরাজ। সে রকম একটা চুক্তি হয়েছিল ১৯১৬ দালে। তারই ভিত্তিতে প্রাদেশিক দরকারের আংশিক স্বায়ত্তশাসন লাভ হয়। এবার যেটা চাই সেটা কেন্দ্রীয় স্বায়ত্তশাসন। এবার আংশিক নয়, পূর্ণ। গোড়ার দিকে ইংরেজ বড়লাট থাকবেন। পরে বড়লাট নিযুক্ত হবেন কংগ্রেদ লীগ মন্ত্রীমগুলীর স্থপারিশে। 🛮 🖝 মতা বলতে তাঁর বিশেষ কিছু থাকবে না। যেমন নেই ব্রিটেনের রাজার। প্রায় সম্দায় ক্ষমতাই কংগ্রেস লীগ মন্ত্রীমণ্ডলীর। বলা বাহুল্য প্রত্যেক প্রদেশেই কংগ্রেস লীগ মন্ত্রীমণ্ডলী গঠিত হবে। প্রকৃত ক্ষমতা নির্বাচিত মন্ত্রীদেরই, লাটদাহেবদের নয়। এরই নাম ভারতের স্বাধীনতা তথা ভারতের ঐক্যা পরে রাজন্তরাও কেন্দ্রীয় মন্ত্রীতে প্রজাপ্রতিনিধি পাঠাবেন। আরো পরে শাসনতন্ত্র প্রণয়ণ ও প্রজাতন্ত্র প্রতিষ্ঠা। বছর পাচেক তো লাগবেই। কিন্তু মূল কথা হলোকংগ্রেস লীগ সমঝোতা। তার মানে হিন্দু মুসলিম একতা। সেটা ইংরেজরা উপর থেকে চাপিয়ে দিতে পারে না। আমাদেরই নিচের দিক থেকে গড়েত্রতে হবে। এ কাজ গান্ধী জিলা ভিল্ল আর কাদের নেতৃত্বে হতে পারে ? বিশ্বছর পূর্বে যে ভূমিকা ছিল টিলক ও জিলার তেমনি এক ভূমিকাই এখন গান্ধী ও জিলার। না, এ দের বাদ দেওয়া যায় না। না গান্ধীকে, না জিলাকে। বিশুদ্ধ কংগ্রেস শাসন বা বিশুদ্ধ লীগ শাসন কোনোটাই ধোপেটকবে না। হাত মেলাতেই হবে। যে কোনো সম্মানজনক শর্চে।" স্বপনদা একজন প্রাফেটের মতো ভবিশ্বদাণী করেন।

"কিন্তু তা যদি সম্ভব না হয়।" স্কুমার সংশয় প্রকাশ করে।
"ইংরেজর দেওয়া স্মাওয়ার্ড কি উভয়পক্ষের গ্রহণযোগ্য হবে না ?'

"হলে তো ভালোই হয়। কিন্তু সেটা যেন বাপ-মায়ের দেওয়া বিয়ে। ভালোবাসার বিয়ে নয়। টিকে যেতেও পারে। বলা যায় না। কিন্তু না টিকলে কী হবে, জানো তো? সেপারেশন ও ভিভোর্স। পার্টনারশিপ কার্যকর না হলে পার্টিশন বা সিসেসন। সেটা অশুভ চিক্তা।" স্থপনদা জিব কার্টেন। টেবিলে হাত ঠেকিয়ে বলেন, "টাচ উভ।"

ওদিকে দৌমার দঙ্গে মানদের কথাবার্তা। মানণ জানতে চায় গান্ধীজীর দক্ষে দেখা হয়েছে কি-না।

"হয়েছে বইকি। সেইজন্মেই তো কলকাতায় আসা।" সৌম্য জানায়। "সেই প্রসন্ধটা তুলেছিলে ?" মানস ইন্ধিত করে।

''কোনটা ?'' দৌম্য না বোঝার ভাণ করে।

''বিবাহিত ব্ৰহ্মচৰ্ষ।'' মানস মূথ ফুটে বলে।

"পনেরো বছর প্রতীক্ষার পর আমরা বিয়ে করেছি শুনে বাপুনরম হন। জুলির মুথ দেখে ওঁর মায়া হয়। আমরা অক্ষচর্য রক্ষা করতে পারিনি শুনে তিনি বুহু হাদেন। বঞ্জান, তোমরা গঠনের কান্ধ নিয়েই থেকো। তাতেই দেশের মৃক্তি হবে। দেশ মানে তো দেশের গরীব তৃঃথী।" সৌম্য বিবরণ দেয়।

"তাহলে তুমি এখন ভীম্মের প্রতিজ্ঞা থেকে মৃক্ত।" মানস প্রীত হয়।

''কিছ দলে দলে সভ্যাগ্রহের দায় থেকেও মৃক্ত। আবার যথন সভ্যাগ্রহের দিন আসবে বাপু আমাকে ডাক দেবেন না। সেদিন কংগ্রেস ওয়াকিং কমিটি মিটিং-এ তিনি যা বলেছেন সদস্যদের মূথে তা শুনে আমার মাথা হেঁট। রেললাইন ওপড়ানো, ট্রেন ডিরেল করা, টেলিগ্রাফের হার কাটা, সাঁকো ওড়ানো, ফেশন পোড়ানো, থানা দখল, আদালত দখল, কাচারি দখল, জাতীয় সরকার গঠন করে দগুদান প্রভৃতি যা নিয়ে আমাদের গর্ব তা তিনি ভায়োলেন্সের প্রয়োগ বলে না-মঞ্জুর করেন। তাব আমরা যে সেদিনকার পরিস্থিতিতে হাত ওটিয়ে বদে থাকিনি এর জল্যে পিঠ চাপড়ে দেন। তার তাৎপর্ব কাপুরুষবতার চেয়ে ভায়োলেন্স ভালো।' সৌম্য ব্যাখ্যা করে।

''ভোমার কি ধারণা আবার বড়ো মাপের সভ্যাগ্রহের দরকার হবে?' তা যদি না হয় তবে ছোট মাপের সভ্যাগ্রহে তুমি নাই বা যোগ দিলে। বিয়ে করেছ। দংসার হন্দেছ। এখন স্থিতি চাই।'' মানসের মতে।

''নেতাদের সঙ্গে কথাবার্তা বলে মনে হলোনা তাঁরা সত্যাগ্রহের জন্তে তৈরি থাকছেন। বরং তৈরি হচ্ছেন সাধারণ নির্বাচনের জন্তে। সামনের সাধারণ নির্বাচন যুগান্তকারী হবে। কারণ মুসলিম লীণ মুসলিম নির্বাচকদের কাছে পাকিন্তানের একখানি মনোহর প্রাণচিত্র তুলে ধরবে। গুজরাতী বণিক র্ঝাণাভাই থোজানীর পুত্র মহম্মদ আলী ঝীণা তাঁর পিতৃনামকেই করেছেন তাঁর পদবী। সেটি এমনভাবে লেখা হয় যাতে ইংরেজের মুথে জিনা আর ভারতীয়ের মুথে জিনা। এখন মুসলমানের মুথে হয়েছে জিন্নাহ। ভনলে মনে হবে ারবী ভাষার শক্ষ। যেমন আলাহ্। ইসলামের থলিফাদের মতো ইহলোকের আদর্শ রাষ্ট্রে নিয়ে যাবেন স্বাইকে পাকিন্তানের রাজা ধরে। কংগ্রেস এবার বিন্তর মুসলিম ভোট হারাবে। কংগ্রেস যে হিন্দু মুসলমান শিথ খ্রীস্টানের ধর্ম নির্বিশেষে প্রতিনিধি এ দাবী তুর্বল হবে।'' সৌম্য চিন্তিত।

"তার ফলে কি কংগ্রেদ লীগের বোঝাপড়া ব্যাহত হবে ?'' মানদ হ্বায়।
"বোঝাপড়া মানে গিভ অ।।ও টেক। কংগ্রেদ থালি দেবে, লীগ থালি
নেবে, এর নাম বোঝাপড়া নয়। লীগকেও কিছু দিতে হবে। তা হলেই
কংগ্রেদও কিছু দেবে। পাকিন্তানও বাপু দিতে পারেন, ারু বিনিময়ে যদি পান

ভিনটি বিষয় পরিচালনার জন্মে গঠিত একটি কেন্দ্রীয় সরকার।'' সৌম্য উত্তর দেয়।

''সেটা কোথাও ধোপে টেকেনি।'' মানস মনে করে অবান্তব।
পাশের ঘরে যুথিকা স্থায় মধুমালতীকে, ''এটা কি ঠিক যে তুমি আর
বিলেতে ফিরে যেতে চাও না ? রণকে এ দেশের ছেলে করবে ?"

''হ্যা, ভাই। সেইরকমই ভাবছি। কিন্তু ওর বাবার ভিন্ন মত। ওর বাবা লগুনের শহরতলীতে আমার নামে বাড়ী কিনেছে। আমার বাবাও ওর সঙ্গে একমত। আমার বাবা বলেন দেশে এখন গগুগোল চলবে। ছুশো বছরের সাম্রাজ্য হঠাৎ ভেঙে গেলে অরাজকতা অনিবার্য। আমরা যে বাংলাদেশে থাকতে পারব তাই বাকে জাের করে বলতে পারে? মুসলিম লীগ নাকি লােক বিনিময় করবে বলে শাসাছেছ। আমাদের ঘর-বাড়ী নাকি দখল করবে বিহারী মুসলমান। আর আমরা নাকি ঘর-বাড়ী পাব বিহারে। কলকাতার ভাগ্য অনিশ্চিত। হয়তা দীপিকাদিদেরও যেতে হবে পাটনায়। পাটনা থেকে কোনাে মুসলিম ব্যারিস্টার এসে বসবেন এখানে।'' মিলি উত্তর দেয়।

দীপিকাদি পাশের সোফা থেকে শুনতে পেয়ে বলেন, ''দেখব এ বাড়ী থেকে আমাকে সরায় কোন গভন মেণ্ট। তার আগে ফেনগান জোগাড করব।"

"আপনার স্টেনগান কোন কাজে লাগবে, দীপিকাদি, গোরা সৈতারা যাবার আগে যদি পাঞ্জাবী মৃদলমান দৈতাদের ফোর্ট উইলিয়ামে বদিয়ে দিয়ে যায় আর তাদের হাতে কামান বন্দুক ট্যাঙ্ক ইত্যাদি যাবতীয় মারণাস্থ ধরিয়ে দিয়ে যায়? দেখবেন কলকাতা শহর সাতদিনের মধ্যেই তিনভাগ খালি হয়ে যাবে। বাঙালীতে ছেয়ে যাবে বিহার, ওড়িশা, মধ্যপ্রদেশ, যুক্তপ্রদেশ, আর তাদের জায়ণা ভরে যাবে অবাঙালী মৃদলমানে। কলকাতায় থাকার ইচ্ছে যদি থাকে তবে ভালো ছেলের মতো কমনওয়েলথে যোগ দিতে হবে। তাহলে বাংলাদেশের এক টুকরো রাখতে পারা যাবে। ফোর্ট উইলিয়ামে শিখ সৈত্য মোতায়েন হবে।" মধুমালতী ভরসা দেয়।

"এরই নাম স্বাধীনতা ? ধ্যেত্তেরি !" দীপিকাদি মৃথ ফিরিয়ে নেন।
"তা হলে ফোর্ট উইলিয়াম ক্যাপচার করার সংকল্প নাও। বিহার থেকে
হিন্দু সৈন্ত এসে লড়াই করে দথল নেবে। সত্যিকার স্থাধীনতার মূল্য
গৃহযুদ্ধ। রাদ্ধী ?" মিলিকে দেখে মনে হয় দে সিরিয়াস।

"গৃহযুদ্ধ কেন? বিপ্লব কেন নর।" বাবলী বলে ওঠে এক কোণ থেকে। "রান্তায় রান্তায় ব্যারিকেড। রেডিও স্টেশন, রেল্ স্টেশন, পোর্ট অধিকার। গভন মেন্ট হাউন, রাইটার্স বিল্ডিং, লাল বাজারের উপর লাল নিশান। পাঞ্জাবী মুদলমান দৈক্তরাও লাল নিশানের মহিমা বোঝে। ওরা আমাদের দিকেই চলে আসবে।"

মিলির নজর পড়ে জুলির উপরে। "তুই চুপ করে আছিল যে।"

"বিপ্লব যদি **অহিংদ হ**য় আমি অংশ নেব, নয় তো নয়।" জুলি উত্তর দেয়। "দে কীরে। তুই কবে থেকে অহিংদাবাদী হলি।" মিলি বিশ্বিত হয়।

"বিয়ের পর থেকে। ও আমার জন্তে ব্রহ্মচর্য ত্যাগ করেছে। আমি ওর জন্তে হিংদা ত্যাগ করেছি। বাপু আমারও বাপু। কাল দর্শন করে এলুম। তিনি আমাদের আশীবাদ করলেন।" জুলির মুখ উজ্জ্ব হয়ে ওঠে।

মিলি হো হো করে হেদে ওঠে। ''ব্রহ্মচর্যত্যাগ একটুও কঠিন নয়। হিংসা ত্যাগ একটুও সহজ নয়। তুই ঠকে গেছিস, জুলি। বোকা মেয়ে।''

যুথিকা জ্বলির পক্ষ নেয়। "পনেরো বছর অপেক্ষার পর বিয়ে। ওর বিয়েটা ভেঙে গেলে কাং কী লাভ ? ভেঙে যাবেই ওর বর যদি লত্যাগ্রহী হয় আর ও হত্যাগ্রহী। জুলি ঠকে যাবে তথনি। আশা করি ঠকবে না।"

"না, না। বিয়ে ভেঙে যাবে না। আমি আবার ভায়োলেণ্ট হলে ও আবার ব্রহ্মচারী হবে।" জুলি সরল মনে বলে।

মিলি, যুথী, বাবলী স্বাই ছেসে ওঠে। দীপিকাদি গভীরভাবে বলেন, ''পুরুষের হাতে ওটাও একটা অস্ত্র। ফেমিনিস্টদের জেনে রাথা উচিত।''

হংলো মধ্যে বকো যথা লে ঘরে একমাত্র পুরুষ ছিল চাহ। সে পুরুষদের পক্ষ নেয়। "না, দিদি, ওটা একটা অস্ত্র নয়। স্বাই কি দৌম্য চৌধুরী ?"

ওদিকে দৌম্য বলছিল মানসকে, "ইংরেজীতে একটা কথা আছে না, ডেস্পারেট ডিজিজেস কল ফর ডেস্পারেট রেমিডিজ। আমাদের এদেশের ডেস্পারেট ডিজিজে হচ্ছে সাম্প্রদায়িকতা। ইংরেজ থাকতে এর ম্লোচ্ছেদ্ হবে না। স্থতরাং ইংরেজকেই সর্বাগ্রে উচ্ছেদ্ করতে হবে। ওরা দেশ ছেড়েচলে যাক এটা কেউ চায় না। ওরা গদী ছেড়ে দিক এইটেই গান্ধীজী চান। শ্রুতা প্রণের জন্মে ওরা যদি ম্সলিম লীগকে গদীতে বদিয়ে দেয় তাতেও তাঁর আপত্তি নেই। ছুশো বছরের ইংরেজ রাজত্ব যদি হাওয়া হয়ে যায় পাঁচ দশ বছরের মৃদলিম লীগ রাজত্ব ধোঁয়া হয়ে যারে। তবে ম্সলিম

মাইনরিটির জব্মে কডকগুলো সেফগার্ড স্তিট্ট আবশ্যক। ওরা যদি মাইনরিটি স্টেটাসে সম্ভূষ্ট হয় তা হলে ওদের জন্মে ও ওদের মতো মাইনরিটিদের জন্মে বিশেষ ব্যবস্থা করতে হিন্দু মেজরিটিকে তিনি পরামর্শ দেবেন। মেজরিটির উপরেও কড়া নিয়ন্ত্রণ চাই। তানা হলে দেও অত্যাচার করবে। হিন্দুরা যে দেবতা তা নয়। মুদলমানরা যে শয়তান তাও নয়। কিন্তু সম্প্রতি মুসলমানদের মধ্যে একটা পরিবর্তন দেখা যাচ্ছে। ওর: মাইনরিটি স্টেটাস চায় না। চায় মেজরিটি স্টেটান। নারা ভারতে নয়, ভারতের মুদলিম-প্রধান প্রদেশগুলিতে ও দেগুলিকে একত্র করে স্বতন্ত্র একটি রাষ্ট্রে, যার নাম পাকিন্তান। জিলা সাহেব দশ বছর আগেও পাকিন্তানের বিপক্ষে ছিলেন। এখন তিনি পক্ষপাতী ভধু নন, ঘোর পক্ষপাতী। ইংরেজদের অস্তঃপরিবর্তনের লক্ষণ দেখা যাচ্ছে, কিন্তু জিল্লার বা মুসলিম লীগের নয়। বরং ঠিক উল্টোটি। মুসলমানদের মধ্যে যাঁরা উদার ছিলেন তাঁরাও হয়ে উঠছেন অফুদার। এক্ষেত্রে ডেসপারেট রেমিডি হচ্ছে ইংরেজের গদীতে জিল্লাকে বসানো। তিনি দেশের মঙ্গলের জন্যে সহযোগিতা চাইলে সহযোগিতা পাবেন। দেশের অমঙ্গল তথা হিন্দুর অমঙ্গল করলে পাবেন অহিংস অসহযোগ। যতদিন না অন্তঃপরিবর্তন হয়।"

"ডেসপারেট রেমিডি বলতে কি বোঝায় এমন এক গভর্নমেণ্ট যা আশনালও নয়, ডেমোক্রাটিকও নয় ? দেশের লোক যা চাম তা কেবল বিদেশী শাসনেরই নয়, অগণতান্ত্রিক শাসনেরও অবসান। সারা ভারতের উপর মুসলিম লীগের কত্ব কি হবে গণভান্ত্রিক কত্বি ? কাদের কাছে ওদের জ্বাবিদিহি ? সব নাগরিকের কাছে, না কেবলমাত্র নিজের সম্প্রদায়ের কাছে ? যারা কর দেবে ভারা যদি বলে ভাদের প্রতিনিধিদের হারা ধার্য না হলে কর দেবে না তা হলে জিল্লা সাহেব কেমন করে কর আদায় করবেন ? কর আদায় করতে না পারলে সৈভাদের মাইনে দেবেন কী করে ? হিন্দু ও শিথ সৈভারা কি বিল্রোহ করবে না ? জিলা সাহেব একথা জানেন বলেই সারা ভারত চান না, আধ্যানা ভারত চান ৷ তিনি কনফেডারেশনে রাজী হলে গান্ধীজীও পাকিন্তানে রাজী হবেন, ভারতের ঐক্য বজায় থাকবে ৷ কিছু গোড়া কেটে আগায় জল ঢাললে যা হয় ভাই হবে ৷ ব্রিটেনের গণভন্তের ভিত্তি যৌথ নির্বাচন পদ্ধতি, ভোটকেন্দ্রে জাতের বিচার বা ধর্মের বিচার নেই ৷ ভারতে বজন্ত্র নির্বাচন পদ্ধতি ৷ জাতেরও বিচার আছে, ধর্মেরও বিচার আছে ৷ ফল

হয়েছে এই যে বাংলার মুদলিম মন্ত্রীরা কেবলমাত্র তাঁদের সম্প্রদায়ের নিৰ্বাচকদের কাছেই দায়ী। একই কথা খাটে মুসলমান ৰাদ দিয়ে আর সৰ সম্প্রদায়ের 'সাধারণ' নির্বাচন কেন্দ্র থেকে নির্বাচিত মন্ত্রীদের বেলায়ও। অর্থাৎ হিন্দুদের বেলায়ও। আইনসভাকে চুটি বিচ্ছিন্ন কক্ষে বিভক্ত করলে মন্ত্রীমণ্ডলীকেও ছুটি বিচ্ছিন্ন কক্ষে বিভক্ত করতে হয়। লিবারল কনসারভেটিভ হতে পারে, কনদারভেটিভ লিবারল হতে পারে, কিন্তু হিন্দু মুদলমান হতে পারে না, মুসলমান হিন্দু হতে পারে না। বর্তমান শাসনতথ্রের বিসমিলায় গলদ। এমন একটি মন্ত্রীমণ্ডলী গঠন করতে পারা যায় না যার উপর উভয় সম্প্রদায়ের আন্তা আছে। নয়তো একটা গোটা সম্প্রদায়ই বিরোধীপক্ষে পরিণত হয়। বাংলাদেশে তারা হিন্দু, বিহারে তারা মুসলমান! সারা ভারতে যদি কংগ্রেদ মেজরিটি শাসনভার পায় তবে সারা ভারতেও বিরোধীপক্ষ হবে মুসলমান ? ডেসপারেট রেমিডি হিসাবে মুসলিম লীগকে সারা ভারতের শাসনভার দিলে হিন্দু সম্প্রদায় হবে বিরোধীপক্ষ। সেই সঙ্গে শিখ, গ্রীফান প্রভৃতি সম্প্রদায়গুলিও। এর নাম পার্লামেণ্টারি ভেমোক্রাসী নয়। এটা একপ্রকার ভেদ্পটিজম। त्याचा कथा देश्दतकता त्यागनरहत्रहे यमनरह विमास हिरस यादा। जा तहत्व মারাঠা, রাজপুত, শিথ বিদ্রোহ করবে। ভারত থণ্ড বিথণ্ড হবে। এটা একটা সমাধানই নয়। এটা একটা একুসপেরিমেণ্ট। মুসলিম লীগ বিপাকে পড়ে কংগ্রেসকে দাধবে তার সঙ্গে মদনদে বদতে। কিন্তু মেজরিটি হতে দেবে না, নিজেও মাইনরিটি হবে না। ওরকম জোড়াতালি দেওয়া সরকার হ'দিনেই ভেঙে যাবে। তথন কংগ্রেদ যদি শাদনভার নেয় লীগ হবে বিরোধীপক্ষ। সেই সঙ্গে মুসলিম সম্প্রদায়ও। একমুঠো কংগ্রেসী মুসলিম কি মুসলিম বিজোছ ঠেকাতে পারবে । কংগ্রেম সরকার কি অহিংমভাবে বিদ্রোহ দম্ম করতে পারবে ? আবার সেই পদত্যাগ। এবার লীগ মদনদে বদবে না। ইংরেজও না। দেশ আপনাথেকে ৰলকান হয়ে যাবে। মানস আশক্ষা করে।

ওদিকে মিলি বলছিল যুথিকাকে, "ভাই, আমি যদি এদেশে থেকে যাই তো আমার বরও এদে চাকরি জুটিয়ে নিয়ে বদবে। তথন শুরু হবে আবার জুলির সঙ্গে প্রেম। তাই ভাবছি আবার ওদেশে ফিরে যাব।"

জুলি তথন অক্ত ঘরে বাচচাদের খাওয়া দেখছে। শুনতে পায় না। যুথিকা বলে, "ভাই, ভোমার এ সন্দেহ অমূলক। জুলি এখন ওর বর আার ঘর নিয়ে ভাবে ভোর। ও এখন ওর বরের সঙ্গে পা মিলিয়ে নিচ্ছে। হিংসা ছেড়েছে, ভবে অহিংসা মন থেকে মেনে নিতে পারেনি। ওর অতীতের সঙ্গে ওর সম্পর্ক চুকে গেছে। ওর সাবেক শুলুর ওকে মালোহারা পাঠাতেন, ওর বিয়ের পরেও পাঠাতে ভোলেন নি। ও ফেরং দিয়ে মাফ চেয়েছে। স্থকুমারদার দিকে ও ফিরেও তাকায় না। তবে ভোমাকে ও সন্দেহ করে। সৌম্যদাকে নিয়ে।"

"দূর! আমি ওকে আমার প্রতিশ্বদী ভাবি নাকি ? আমিও ওর প্রতিশ্বদী নই। কিন্তু স্ক্মার যে কিছুতেই জুলিকে ভূলতে পারছে না। বছর বছর স্থা দেখছে একে। স্বপ্রে কথা বলছে। আমার তো সমৃদ্রেপথে আসারই কথা। আকাশপথে উড়ে এলুম কেন ছেলেকে নিয়ে । ওর স্থারে জালায়ই তো ?" মিলি কবুল করে।

ওদিকে স্কুমার বলছিল স্থপনদাকে, "এই মরা দেশে আপনার মতো জীয়ন্ত শাহিত্যিক পড়ে আছেন কী করতে ? এখানে কে আপনাকে চিনবে ? চলুন ওদেশে, লিখুন ইংরেজীতে, থাকুন রুমদবেরীর আশেপাশে। পাব-এ আডা দ্ন। মেম্বার হোন অ্যাথীনিয়াম ক্লাবের। আপনাকে নিয়ে কাড়াকাড়ি পড়ে যাবে। এদেশ কি বাঁচবে ? ইংরেজরা চলে গেলে তাদের পরেই প্লাবন। হিন্দু মুসলমানে চতুর্থ পাণিপথের যুদ্ধ। বিপ্লবের বুলি আওড়াচ্ছে একদল টিয়াপাথী। জানে না যে বিপ্লবের প্রথম শর্তই হচ্ছে হিন্দু জনগণের টিকিচ্ছেদ আর তাদের পুরোহিত কুলের উপবীতদাহ। টিকিও থাকবে, পৈতেও থাকবে, সাম্যও হবে, এর মতো আত্মপ্রবঞ্চনা আর নেই। আর মুসলমানরা যদি পণ করে থাকে যে প্রত্যেকটি বালককে সারকামদাইজ করবেই তা হলে হিন্দুদের দঙ্গে ওদের দাম্য কোনোদিনই হবে না। ওদের বেলা বিপ্লবের প্রথম শর্ডই रुक्क चुक्र हिन्न नम्, चुक्रक्य । अठी अत्र भारत्य हिन्सी एनत को इ थिएक। ইছদীরা বিপ্লবী হওয়া সত্ত্বেও আদিম সংস্কার ছাড়বে না। সোভিয়েট রাশিরাতেও এরা এথন বেথাপ। জার্মানীতে তো বেথাপ ছিলই। জায়নিস্টরা প্যালেন্টাইনে ফিরে যাবার আয়োজন করছে। ওরা ফিরে যাবে ছ'হাজার বছর পূর্বে। তুমি আমি বিংশ শতাব্দীর সস্তান, আমরা মনে করি মধ্যযুগের মুদলিম রাষ্ট্রেবা গুপুষ্ণের হিন্দুরাষ্ট্রেবা হ'হাজার বছর পূর্বের ইত্দী রাষ্ট্রে ফিরে যাওয়ার চেয়ে ইংলওে বা ফ্রান্সে বদবাদ করা ভালো।"

স্থানদা ফরাদী ধরনে ছই কাঁধ তুলে বলেন, ''বিবাহের পর কেউ স্বাধীন নয়। তুমিও না আমিও না। এখন আমরা বনের পাথী নই, থাঁচার পাথী।'" ওঁরা নিচে নেমে এদে দেখেন বুফে ডিনার শুরু হয়ে গেছে। "এই যে চকোলেট। কখন এলে। এই যে কমরেড চাছ। মকোর কী হালচাল। এস, ইণ্ট্রেডিউস করিয়ে দিই। স্কুমার দত্তবিশ্বাস। লগুনের লোশিয়ালিফ। কমরেড অপরাজিতা সেন, ওরফে বাবলী, ওরফে চকোলেট। কমরেড প্রণব লাহিড়ী, ওরফে চাছ। মস্কোর কমিউনিফ। সম্প্রতি এরা অর্থেক ইউরোপ, অর্থেক জার্মানী, আর অর্থেক বালিন জয় করেছেন।" স্বপনদা একটা প্রেট হাতে করে বুরে বুরে আলাপ করেন।

"বড়ো আনন্দিত আমি দেখে আপনাদের।" স্কুমার ইংরেজী থেকে তর্জমা করে বলে, "আমার হংপিওটাও লাল। আমি সতেরো আঠারো বছর হলো ব্রিটেনবাসী। ইদানীং বি. বি. সি. তে চাকরি করি। লাল ক্সাকড়াকে কন ূব্ল ভরায়। তবে আমার পার্টির সম্প্রতি জয় হয়েছে। আমি ওদেরই মতো গোলাপী।"

স্থানদা ওকে সাবধান করে দেন। "এদের সঙ্গে ইয়াকি কোরো না, স্কুমার। ইংরেজরা যদি চলে যায় আর হিন্দু মুসলমানে গৃহযুদ্ধ বেধে যায় তবে এরাই ফোর্ট উইলিয়াম ক্যাপচার করবে। লালবাজার তো লাল হয়েই রয়েছে। রাইটার্স বিভিঃও লাল। ওদিকে রেড রোডও লাল রঙের নাম বহন করছে। এক এক করে সব কিছু লাল হয়ে যাবে। গভর্নমেণ্ট হাউস, রেডিও স্টেশন, হাওড়া স্টেশন, শেয়ালদা স্টেশন, এয়ারপোর্ট, রিভার পোর্ট। সবশেষে দিলীর লাল কেলা। সর্বত্ত উড়বে লাল বাণ্ডা।"

"কক্ষনো না।" প্রতিবাদ করে জুলি। "লালকেল্লা নেতাজীর লক্ষ্য। আমরাই দেখানে ত্রিবর্ণ পতাকা ওড়াব। তবে ফোট উইলিয়াম দহক্ষে আমার দন্দেহ আছে। দেখানে হয়তো মুদলিম লীগের সবুজ নিশান উড়বে। আমাদের মুদলিম ভাইদের সঙ্গে তো আর আমরা মারামারি করতে ারিনে। লিভ আতি লেট লিভ।"

দীপিকাদি দৃঢ়কঠে বলেন, "ফোট উইলিয়াম আমরাই জিতে নেব।" মিলি হাততালি দিয়ে বলে, ''আমরাই। আমরাই। আমি দেশেই থেকে যাব। রণগু থাকবে। স্কুমার, তুমিই বিলেতে ফিরে যাও।"

যুথিকা রদ করে, "গো ব্যাক, সাইমন।"

স্কুমার কোণঠাদা হয়ে বলে, "আমি নেহরু বলে একটি ঘোড়ার উপর বাজী রেখেছি। বাজী জিতলে এই দেশেই চাকরি নিয়ে বদে যাব।"

## ॥ এগারো॥

ভিনারের পর বিলিভী কেতা মেনে মহিলারা অন্ত ঘরে যান। পুরুষর । স্বচ্ছন বোধ করেন। স্থপনদা রিফ্রিজেরাটর থেকে একটি বোতল বার করে, বলেন, "বোর্দো। আমার সমবয়সী। বিশ বছর আগে ফ্রান্সে কেনা। আরো তিনটে ছিল, থরচ হয়ে গেছে, এটই এখন সবে ধন নীলমণি। এরও ভোপ্রায় শেষ দশা। বিশিষ্ট অতিথি না হলে খুলিনে। স্থকুমার আজকের দিনের চীফ গেন্ট।"

তা ভনে স্কুমার উঠে দাড়িয়ে পানপাত্র হাতে টোস্ট প্রস্থাব করে। 'টু ছা হেলথ অভ ছা লাস্ট রোমাটিক অভ বেঙ্গলী লিটেরেচার, স্বপনমোহন গুপ্তা,"

স্থানদা তথনো তার পরিবেশন দারা করেন নি। "দৌম্য তো মহারা হতে চলেছে। মানসও আমাদের মতো ছ্রাত্মা নয়। এই ছুর্ল ভ পানীয় আমি অপাত্রে অপচয় করব না। কমরেড চাত্র, তুমি তো ভডকা ছাড়া আর কিছু ঠোট দিয়ে ছোবে না। তোমার জন্তে এখন ভডকা পাই কোথায় দ ভোমাদের তিনজনকে কফিই দিছিছ। কারো আপত্তি আছে দু"

সৌম্য আর মানদ আপত্তি করে না। চাতু স্বপনদার দিকে এমন সতৃষ্ট দৃষ্টিতে তাকায় যে তাঁর মায়া হয়। তাঁর মনে পড়ে যায় যুদ্ধক্ষত্তে আহত দৈনিকের সতৃষ্ট দৃষ্টি। সার ফিলিপ সিডনীর মতো তিনি নিজের প্লাসটা ওর দিকে বাড়িয়ে দিয়ে বলেন, "দাই নীড ইজ গ্রেটার ছান মাইন।"

চাহ্ন সক্ষোচের সক্ষে তুলে নিয়ে মুখে দেয়। এদিক ওদিক তাকায়। বাবলী দেখছে না তো?

স্থপনদা নিজের জক্তে আরেক প্লাস ঢেলে চাহ্নর দিকে চেয়ে বলেন, "তোমার পাটি তোমাকে নির্ঘাত পার্জ করবে। যদি টের পায় যে তুমি প্রোলিটারিয়ানদের প্রিয় পানীয় ভডকা ছেড়ে বুর্জোয়াদের মতো ক্ল্যারেট ধরেছ। পাবেই, চকোলেট তোমার মুখের গন্ধ থেকে টের পাবে।"

ৰেচারা চাহ্ন বাবলীর ভয়ে তেটা ভূলে যায়। স্থপনদার দয়া হয়। তিনি তাকে অভয় দিয়ে বলেন, "প্রাণ ভরে পান করো। গুটুকুতে নেশা হবে না। বাবলী ভালোঁ করেই জানে যে অনেকেই ভূবে ভূবে জল থায়।" এর পর তাঁর থেয়াল হয় যে টোস্টের উত্তরে কিছু বলতে হয়। "য়কুমার আমাকে যে কমপ্রিমেন্ট দিয়েছে আমি তার যোগ্য নই। এই তো মানস রয়েছে। এ কি কম রোমান্টিক ? চায়্দের দলেও রোমান্টিক কবি আছেন। তবে তাঁরা বর্ণচোরা রোমান্টিক। আগেকার দিনে প্রেমে পড়ার বয়স হবার আগেই বিয়ে হয়ে যেত। রোমান্সের অবকাশ ছিল না। এখন তো মেয়েরাও ছেলেদের কলেজে যাছে। কো-এডুকেশনও বিশ্ববিভালয়ে চালু হয়েছে। রোমান্টিক প্রেমের এই শেষ নয়, শুরু। কার কী মতবাদ সেটা তুচ্ছ। কার কী অয়ভৃতি সেইটেই আসল। মেয়েরা এখনো নির্ভয়ে প্রকাশ করতে পারছে না। যথন পারবে তখন দেখবে রোমান্টিকতায় সাহিত্য প্রাবিত হবে। যেমন হয়েছিল ইউরোপে গত শতান্দীর প্রথম পর্যে। ইউরোপের বিচারে আমিই হয়তো লাফ, কিন্তু এদেশের বিচারে তা নই। ধয়্যবাদ, য়কুমার। আমিও তোমার স্বাস্থ্য পান করি।"

প্রসঙ্গর ঘূরিয়ে দিয়ে মানস স্থায় স্থ্মারকে, "এত নেতা থাকতে নেহরুর উপর বাজী রেথেছ কেন ?"

"কংগ্রেদ যেটাকে স্বাধীনতা বলছে দেটা ক্ষমতার হস্তান্তর ছাড়া আ**র কী** ! হ**ন্তান্তর যারা করবে ভারাই হির করবে কার হাতে হন্তান্তর করা** যায়। **নেহ**রু ছচ্ছেন হ্যারো আর কেমব্রিজে শিক্ষিত। ইংরেজদের কাছে তাঁদেরই একজন। সোশিয়ালিফদের কাছেও তেমনি একই পালকের শাখী। বিলেতফের্ডা অবশ্য আরো আছেন, তাঁদের বেশীর ভাগই ভাগুমাত্র ব্যারিফার। এই যেমন গান্ধী, জিন্না, বল্লডভাই, ভুলাভাই, লিয়াকৎ আলী। তাঁদের কারো হাতে ভারতের ভার দিলে ব্রিটেনের সঙ্গে কালচারাল ইউনিটি থাকবে না। জানো তো, আমি ফেবিয়ান সোদাইটির বহুদিনের সভ্য। লেবার গভর্নমেটের কয়েক নও তাই। আমি তাশনাল লেবার ক্লাবেরও বছদিনের মেম্বর। ক্লাবে গিয়ে প্রথম কাজ ৰার থেকে এক পেয়ালা মদ কেনা, কেউ দক্ষে থাকলে তাকেও কিনে দেওয়া। তারপর লাউঞ্জে বদে মদ হাতে আড্ডা দেওয়া। লেবার পার্টির কেটবিষ্টুদের সঙ্গে আলাপ হয়। লেবার গভন মেন্টের রাজা উজীরদের সঙ্গেও পরিচিত হই। ভিতরের থবর জা**নতে পারি। আসছে, আসছে, অবিলম্বে আ**রো এক কিন্তি রিফর্মস আসছে। এবার সেন্টারে। পুরোপুরি ভারতীয় মন্ত্রীদের নিয়েই সেন্ট্রাল গভন মেন্ট হবে। পরে তাদের হাতেই ক্ষমতা হস্তান্তর ঘটবে। প্রত্যেক গভর্মেণ্টের একজন প্রধানমন্ত্রী বা প্রেসিড়েন্ট থাকেন। ভারতের বেলা প্রেসিডেন্টের কথা ভাবা যায় না। তা যদি হয় ব্রিটেনের রাজা ভারতেরও রাজা হতে পারেন না। ইংরেজরা সবাই রাজভক্ত। মায় শ্রমিক শ্রেণী। রাজাকে রাজাচ্যুত করার মতো মহাপাপ তাদের বারা হবে না। কিছ রাজাকে নামে মাত্র রাজা করতে তাদের বাধে না। কার্যত প্রধানমন্ত্রীই সর্বেস্বা। তেমন লোক ভারতে নেহক ভিন্ন আর কে? তবে এর পেছনে একটা প্রছল্প শর্ত আছে। মুসলিম লীগকেও সঙ্গে নিতে হবে। ভা নইলেটোরি অপোজিশন বাগড়া দেবে। চার্চিল থাকতে মুসলমানদের ড্বিয়ে দেওয়া চলবে না। তাঁর কাছে মুসলমান মানেই লীগপন্থী মুসলমান। কাজেই বেশ কিছু অনিশ্চয়ভা থেকে যাছে। কেউ বলতে পারছেন না শেষপর্যন্ত কী হবে। জিপস কী যেন মুসাবিদা করছেন। তাঁর পেট থেকে কিছু বার করা অসম্ভব। তিনি মদ স্পর্শ করেন না। নিরামিষাশী।" স্কুমার একনিঃশাসে বলে যায়।

স্থানদা ছই কাঁধ উঁচু করে বলেন, ''এ জগতে সব কিছুই অনিশ্চিত, কিন্তু একটি বিষয় স্থানিশ্চিত। জিলাকে নিয়ে কেউ গভন মেণ্ট চালাতে পারবেন না। জিলা হচ্ছেন কেই দিলীকা লাড্ডু যাকে খেলেও পশ্তাতে হয়, না খেলেও পশ্তাতে হয়। নেহক যদি গভন মেণ্ট গঠনের দায়িত্ব নেন তাঁকেও পশ্তাতে হবে।''

মানস তর্ক করে, ''কেন ? ইংরেজরা কি পলিসি পরিবর্তন করতে পারে না ? সরকার মনোনীত সদস্তদের গোষ্ঠী যদি নিরপেক্ষ থাকে কেন্দ্রীয় আইনসভায় কংগ্রেসেরই তো মেজরিটি । ব্রিটিশ পার্লামেন্টারি প্রথা অফুসারে যে দলের মেজরিটি সেই দলের দলপতিকেই তো গভন মেন্ট গঠন করতে বলা হয়। আপাতত ভুলাভাই দেশাই করতে পারেন, পরে উপনির্বাচনে জিতে জবাহরলাল করবেন।''

"তা হলে তো জিয়া কোনো দিনই প্রধানমন্ত্রী হতে পারবেন না। তাঁর দল কোনো কালেই মেজরিটি হবে না। সেই জন্মেই তো তিনি পাকিন্তান দাবী করছেন। পাকিন্তান হলে সেখানেই প্রধানমন্ত্রী হতে পারবেন। মুসলিম লীগ হবে মেজরিটি পার্টি। মুসলমান সম্প্রদায় হবে মেজরিটি সম্প্রদায়। সম্প্রদায়কে নেশন বলা অবশ্য একটু বাড়াবাড়ি। কিন্তু তার কনজীর আছে। ইহদীরাও সেই কথা বলে ইহুদীস্থান দাবী করছে। ইংরেজয়া এখন দোমনা। না পারে আরবদের চটাতে, না ইহুদীদের। এক্ষেত্রেও তাই। না পারে হিন্দের চটাতে, না মুসলমানদের।" স্কুমার ইংরেজদের পক্ষ নেয়।

এবার সৌম্য মৃথ থোলে। "দেইজন্তেই বাপু বলেন, ডোমরা হয় কংগ্রেদের হাতে ক্ষমতা দিয়ে যাও, নয় মৃদলিম লীগের হাতে। আর নয় তো কারো হাতে ক্ষমতা না দিয়ে অমনি ভারত ছেড়ে যাও। দিনকতক অরাজকতার পর যে পারে সে গভন মেন্ট গঠন করবে। প্রাদেশিক ন্তরে গভন মেন্ট গঠনে কোথাও কংগ্রেস, কোথাও লীগ, কোথাও অন্যান্ত দল এগিয়ে আলবে। কেউ বাধা দেবে না। গোলমাল যা হবে তা কেন্দ্রীয় ন্তরেই। দেটাও মিটে যাবে, কংগ্রেস যদি জিলাকেই প্রধানমন্ত্রীর পদ দেয়। নেহককে সব্র করতে হবে।"

"তা হলে আমার বাজী রাখা নিফল।" স্কুমার হতাশার ভাণ করে।

: "ব্রিটিশ কর্তারা জিলা সাহেবের হাতে একটা ভীটো ধরিয়ে দিয়েছেন।
তিনি বছলাটের উপরেও ভীটো প্রয়োগ করে সিমলা বৈঠক বানচাল করলেন।
এরপরে সেক্রেটারি অভ ফেটেরে উপরেও তাই করবেন। ক্রিপস কেন মিছিমিছি আসছেন? জিলার হাতে ভীটো যতদিন থাকবে গান্ধীজী ততদিন সব্র
করবেন। বয়স বাড়তে বাছতে যদি একশো বছর হয় তা হলেও তিনি ধৈর্য
ধরবেন। এমন দিন আসবে যেদিন ব্রিটিশ কর্তারাই অধর্য হবেন। সে কথা
ভেবে বাপু আর নতুন কোনো আন্দোলনের কথা বলছেন না। তা হলেও
আমাদের প্রস্তুত থাকতে হচ্ছে। যদি ভাক আসে তবে সাড়া দিতে হবে।
গঠনের কাজই সেই প্রস্তুতি। তবে কংগ্রেস আপাতত নির্বাচনে নামবে ও
সফল হলে প্রাদেশিক স্তরে মন্ত্রিম্ব গ্রহণ করবে।" সৌম্য যতদুর জানে।

মানস তাকে সতর্ক করে দের। "জিলা সাহেব বলেছেন কংগ্রেস যদি আবার মন্ত্রিত্ব গ্রহণ করে ও তাঁর দলকে বথরা না দেয় তবে তিনি কুলকালাম কাণ্ড করবেন। এদিকে আমাদের এথানকার কংগ্রেস নেতারাও প্রত্যাশা করছেন যে এথানকার প্রাদেশিক মন্ত্রীমণ্ডলের তাঁরাও শরিক হবেন। নয়তো তাঁরাও সহু করে যাবেন না। কারো কারো মাথায় প্রদেশ ভাগের চিন্তাও ঘুরছে। বাপু কি এসব জানেন না? তাঁর একশো বছর বয়স মানে তো আরো পচিশ বছর। কে ততদিন ধৈর্য ধরবে? বাংলা আর পাঞ্জাব তো বিপ্রবীদের লীলাক্ষেত্র।"

"ট্রাজেডী ঘনিরে আসছে।" স্বপনদা বেদনার স্বরে বলেন, "কর্ম থেকে কর্মফল এটাই তো সাধারণ নিয়ম। কল্পেকে এফেক্ট। কিন্তু ইতিহাস পড়লে মনে হয় এফেক্ট আগে থেকে নির্ধারিত হয়ে থাঝে। কল্ভার দিকে শনিবার্যভাবে এগোর। যেমন চুম্বকের টানে লোহা। যুদ্ধ বলো, বিপ্লব বলো, এক একটা চুম্বক। ঘটনার লোহা অপ্রতিরোধ্য গতিতে ভার দিকে এগিয়ে যায়। দেশ গৃহযুদ্ধের অভিমুখে চলেছে, আমি নীরব দর্শক।''

"আমি নীরব দর্শক হতে নারাজ।" মানস দৃপ্তকণ্ঠে বলে।

"আমিও কি নিক্ষিয় দর্শক হয়ে থাকতে পারি? আমি সভ্যাগ্রহী। প্রতিরোধই আমার কর্তব্য। সত্যাগ্রহীর অভিধানে অপ্রতিরোধ্য বলে কোনো শব্দ নেই। মানব ইতিহাসের আদিপর্ব থেকেই অন্তায়ের বিরুদ্ধে কতক মাহ্ব প্রতিরোধ করে আসছে। সহিংসভাবেই বেশী, অহিংসভাবে কম। আজকের দিনে তাদের কর্তব্য যুদ্ধের বিরুদ্ধে প্রতিরোধ। গৃহযুদ্ধও তো যুদ্ধ। তার বিরুদ্ধেও প্রতিরোধ চাই। দেশ যে গৃহযুদ্ধের অভিমুথেই অগ্রসর হচ্ছে এর কি কোনো সন্দেহ আছে ? মরণকালে বিপরীত বুদ্ধি। কতরকম আজব তত্তই না ভনছি। মুসলিম লীগ নেতারা বলছেন হিনূ আর মুসলমান ছই নেশন। যেমন ইংরেজ আরে আইরিশ। হিন্দু মহাসভার নেভারা বলছেন हिन्तुतां विकास तमान, जात मुननमानता विनियम। यमन देश्यकता এলিয়েন। ভফাতের মধ্যে এই যে মুসলমানরা রেদিডেন্ট এলিয়েন। এসব কথা ভনলে কার না গাজালা করে ? কে নামারমূখো হয় ? হিনুস্থানে একটা রাষ্ট্র ছাপন করলেই মামলা মেটে। নরতো মামলায় লড়ো। হামলায় পড়ো। ইংরেজরাই বিচারক হয়ে একটা রোমেদাদ দিয়ে নিস্পত্তি করুক। আমরা একটা রোয়েদাদ দেখেছি। আরেকটা দেখতে চাইনে। জানি যে ইংরেজরা অপক্ষপাত নয়। কংগ্রেস তাদের শক্র, লীগ তাদের মিত্র। শক্রর চেয়ে মিত্রের দিকেই ওরা ঝুঁকবে। দেটাই স্বাভাবিক। শেষকালে দেখা যাবে হিন্দুর হাতে ম্সলমানের কান আর ম্সলমানের কানে হিন্দুর কান ধরিয়ে দিয়ে ওরা ক্ষমতার হয়। ত্তর করেছে। ক্ষমতা পেয়ে আমাদের প্রথম কাজই হবে কৌরবে পাণ্ডবে কুরুক্ষেত্রের যৃদ্ধ। কেউ কি অমন একটা কৃত্রিম দীমান্ত নিমে সম্ভষ্ট থাকবে ? বাংলা আর বিহারের মধ্যে কোথার প্রাকৃতিক দীমান্ত ? পাঞ্জাব আর যুক্তপ্রদেশের মধ্যেই বা কোথায় ? রোয়েদাদ মেনে নেওয়ার চেয়ে গৃহযুদ্ধই শ্ৰেয়, কিন্তু সেটাই ৰা অবশ্ৰস্তাবী হবে কেন ? একপক্ষ যদি বলে, আমরা যুদ্ধ করব না, ভার বদলে সভ্যাগ্রহ করব, ভোমরা যদি একভরফা যুদ্ধ করতে চাও তো করো, তা হলে তেমন একতরফা যুদ্ধ আপনি থেমে যাবে।

মৃশকিল হচ্ছে এইখানে যে এই কয়েক বছরে হিংসার প্রেপ্টিজ, সামরিক শক্তির প্রেপ্টিজ বহুগুণ বেড়ে গেছে। জঙ্গী মনোভাব সর্বত্ত। লোকের ধারণা অহিংসা হচ্ছে ত্র্বলের অন্ত্র। সবলের অন্ত্র হিংসা। হিন্দুদের মধ্যেও একটা জঙ্গী মনোভাব ব্যাপক। শিখদের মধ্যে তো কথাই নেই। আর মুসলমানদের তো জঙ্গী ঐতিহ্য। আমরা কোন্ পক্ষকেই বা বলব যুদ্ধের বদলে সভ্যাগ্রহ করতে? নৈতিক প্রতিরোধ করতে? হই পক্ষকে নিবৃত্ত করতে গিয়ে আমরাই মাঝখানে গাড়িয়ে তুই পক্ষের মার খেয়ে প্রাণ হারাব।" সৌম্য আবেগের সঙ্গে বলে।

"এই পাগলের সঙ্গে ক্যারামেলের বিয়ে দেওয়া ভুল হয়েছে। এখন আর সংশোধনের উপায় নেই। মেয়েটা আবার বিধবা হবে ভাবতেও কট হয়।" অপনদা উত্তেজিত হয়ে বলেন।

"ঘটনার গতি ভালোর দিকেও যেতে পারে। সব চেয়ে খারাপট। আমরা ধরে নেব কেন ? ইংরেজরা সকলেই কি লীগের তুই নেশন তত্ত্বের সমর্থক ও পর্টিশনের াশাতী ? লেবার পার্টি সেটা পরিহার করতেই চেষ্টা করছে ও করবে। গৃহযুদ্ধও ইংরেজরা কেউ চায় না।" স্থকুমার বিশাস করে।

"ভাথ, স্থকুমার, ইংরেজরা কী চায় না চায় দেটা তাদের বিদায় মৃহর্তে অবান্তর। ভারতীয়রা কী চায় না চায় দেইটেই বড়ো কথা। ভারতীয়দের অধিকাংশ চায় অবিভক্ত ভারত। কিন্তু আরেক অংশ পণ করেছে কিছুতেই হিন্দুদের আধিশত্য বা প্রাধান্ত স্থীকার করবে না। দেশকে ত্'ভাগ করে একটা ভাগের উপর মৃদলিম আধিশত্য বা প্রাধান্ত প্রতিষ্ঠা করবে। তার জন্তে যদি দরকার হয় গৃহযুদ্দে নামবে। গৃহযুদ্দ এড়াতে হলে তৃতীয় পক্ষেরত মধ্যতা চাই। তৃতীয় পক্ষ যতই লায়নিষ্ঠ হোক না কেন কোনো পক্ষের দাবী প্রোপুরি মঞ্জুর করবে না, করতে পারে না। এটা এথিকলৈ প্রশ্ন নয় যে একপক্ষে লায়, অপর পক্ষে অলায়। এটা পলিটিকাল প্রশ্ন। অল্কেপ প্রশ্নে জার্মনী একদা তৃভাগ হয়েছে। জার্মনী আর অপ্রিয়া। নেদারল্যাণ্ডদ একদা তৃভাগ হয়েছে। হলাণ্ড আর বেলজিয়াম। আয়ারল্যাণ্ডণ এই শতান্দীতেই তৃ'ভাগ হলো। আইরিশ ফ্রা স্টেট আর উত্তর আয়ারল্যাণ্ড। ক্যাথলিক আর প্রেটেন্টান্ট তো একই ত্রাণকর্তার উপাসক। তাদের মধ্যে কভটুকু পার্থক্য প্রিক্ আর মৃদলমান তাদের তুলনায় অনেক বেশী গৃথক। এই পার্থক্যের উপর রাষ্ট্র প্রতিষ্ঠা করতে গেলে আছে না হোক কাল, কাল না হোক পরশু ভারত

বিধণ্ডিত হয়ে যাবেই। ইংরেজ থাকতেও যা, না থাকতেও তাই। এটাই
আমাদের ঐতিহাসিক নিয়তি। ইংরেজরা যদি না আসত এইরকমই হতো।
ইণ্ডিয়ান ইউনিটি ইজ আ লস্ট কজ্। আমরা এ নিয়ে কারাকাটি করতে
পারি, কিন্তু মারামারি করতে গেলে বার্থ হব। বুথা রক্তক্ষয়। তেমনি
একতর্মা সত্যাগ্রহ আর আত্মবলিও বুথা। শহীদ হতে হলে এই ইস্থাতে নয়।
অক্স কোনো ইস্থাতে। যার একদিকে ক্যায়, অপর দিকে অক্যায়। তার সময়
হয়তো পরে আসবে।" স্থানদা প্রত্যায়ের সঙ্গে বলেন।

"কী যে বলো, স্থপনদা।" মানস স্থির থাকতে পারে না। "তুমি কি ডিফীটিটঃ মুসলিম লীগের কাছে বিনা যুদ্ধে আদ্মসর্পণ করবে ? ওরা কি পব মুসলমানের প্রতিনিধি ? তার প্রমাণ কী ? সামনের সাধারণ নির্বাচনে জিততে পারবে ? পাঠানরা ওদের দিকে নয়, পাঞ্জাবের ইউনিয়নিস্ট মুসলমানরা ওদের দিকে নয়, বাংলার কৃষক প্রজা মুসলমানরা ওদের দিকে নয়। অথচ ইংরেজরা ধরে নিচ্ছে যে সব মুসলমান ওদের দিকে। এটা ইংরেজদের অন্ধতা। ইচ্ছাকৃত অন্ধতা। নেলসনের মতো কানা চোথে টেলিস্ফোপ লাগানো। রোয়েদাদ কথনো নয়। দরকার হলে লড়তে হবে। হিংসা অহিংসা উভয়েরই আশ্রম নিতে হবে। ফাইট ইট আউট।"

"আমিও বলি রোয়েদাদ কখনো নয়। কিন্তু আমি এটাও বলি, হিংসা কখনো নয়। লড়তে যদি হয় তবে দেটা অহিংস পদ্ধতিতে। অবশ্য এই মূহুর্তে আমরা কেউ তার জন্মে প্রস্তুত নই। ইংরেজদের সঙ্গেও না। লীগপন্থী মুসলমানদের সঙ্গেও না। আমরা মিটমাটের জন্মেই প্রাণপণ চেষ্টা করব। যতদিন পারি গৃহযুদ্ধ ঠেকিয়ে রাথব। বেধে গেলে মাঝখানে দাঁড়াব। ফলাফল আমাদের হাতে নয়। ভগবানের হাতে।" সৌম্য চোথ বুজে ধ্যান করে।

''তার আগে তোমাদের ক্ষমতার মায়া কাটাতে হবে। ইংরেজদের সর্বাস্থাকরণে বলতে হবে যে তোমরা ক্ষমতা চাও না। ওরা যাকে ইচ্ছে তাকে দিয়ে যাক। নয়তো শৃত্যতা স্থি করে যাক। তার পর যার ইচ্ছে দে ক্ষমতা দথল করুক। কিছু সেটা সম্ভবপর নয়। যেটা সম্ভবপর দেটা হচ্ছে এক একটা প্রদেশের ভার এক একটা দলকে দিয়ে যাওয়া। তথন গড়ে উঠবে কংগ্রেসের একটা কেডারেশন, মুসলিম লীগ ও অন্যান্ত মুসলিম দলের একটা কেডারেশন, রাজন্তদের একটা ফেডারেশন। পরে হয়তো সকলের সম্মতি নিয়ে কনফেডারেশন গড়ে উঠবে। কিছু কোথাও দে ব্যবস্থা স্থামী হয়নি, হয়ে

থাকলে হয়েছে অত্যন্ত ক্ষমতাশালী এক কেন্দ্রীয় সরকারের অধীনে। এদেশে তার সন্তাবনা অতি ক্ষীণ। যতদূর দৃষ্টি ধায় ইংরেজ চলে গেলে এক্যন্ত চলে যাবে। ইণ্ডিয়ান ইউনিটি ইজ আ লস্ট কজ্। চুম্বক বেমন লোহাকে টানে, আগুন বেমন পভলকে টানে, এফেক্ট ডেমনি কজ্কে টানে। সব নদী যেমন সমুদ্রের পানে ধায় সব কারণ তেমনি বিচ্ছেদের পানে। গান্ধীলী যদি বিচ্ছেদকে মিলনে রূপান্তরিত করতে পারেন তা হলেই ইংরেজ চলে গেলেও এক্য বন্ধায় থাকবে। সে আশা আমি রাখিনে। তবে এখনো বিশাস করি যে ভারত ভেঙে গেলেও বাংলা ভেঙে যাবে না। ইণ্ডিয়ান ইউনিটি ইজ আ লস্ট কজ্, বাট বেললী ইউনিটি ইজ নট। কিন্তু কে জানে, সেটাও হয়তো লস্ট কজ্। ট্যাজেডীর উপর ট্যাজেডী।" স্বপনদার কঠে বিযাদ।

ত্মি আর একটি ক্যাসাণ্ডা।" মানস জলে ওঠে। "কেবল ট্রাজেডীর ভবিয়্রদাণী করতেই জানো। তুমি ডিটারমিনিন্ট, ডিফীটিন্ট, পেসিমিন্ট। তোমাকে হিউমানিন্ট বলে মনে হয় না। হিউমানিন্ট হলে তুমি বলতে ভারতের ঐক্য বছ শতকের বিবর্তনের ফল। বিবর্তনের চাকা মধ্যযুগের দিকে ঘ্রতে পারে না। মুসলিম লীগ বাগডা দিতে পারে, টোরি পার্টি ধাধা দিতে পারে, কিছু বিবর্তনের স্ত্রে যে ঐক্য এসেছে সেটা ইংরেজ বিদায়ের পরেও আপনার পথ আপনি করে নেবে। গৃহযুদ্ধ অসম্ভব নয়, কিছু গৃহযুদ্ধ লিঙ্কনেরই জয় হয়, জেফারসন ডেভিসের নয়। এদেশেও নেহকর জয় হয়ে, জিয়ার নয়। বাপুর নাম করছিনে, তিনি তো যুদ্ধবিরোধী। লড়তে হবে নেহক্ষকেই। কিছু হবৈই বা কেন গৃহযুদ্ধ? ব্রিটিশ প্রধানমন্ত্রী আ্যাটলী যদি নেহক্ষকেই একমাত্র উত্তরাধিকারী মনোনীত করেন, বাপু যেমন ফরেছেন। নইলে যেটা হবে সেটা ওয়ার অভ্ সাকসেসন। কংগ্রেস গোড়ায় বিমন্ হলেও আথেরে সফল হবে।" মানসের ভবিয়্রঘাণী।

"না, ভাই, আমরা যারা আন্তর্জাতিক যুদ্ধের বিরোধী তারা কথনো গৃহযুদ্ধ বা উত্তরাধিকারের যুদ্ধ সমর্থন করতে পারিনে। তবে আহিংস সংগ্রাম আমরা করতে পারি, যদি উপায়াস্তর না থাকে। কিন্তু সেটা বিদেশী শাসকদের সঙ্গেই, অদেশবাসী মুসলমান ভাইদের সঙ্গে নয়। জিল্লা সাহেব আমাদেরই এক ভাই, তাঁর অহুগামীরাও আমাদের কয়েক লক্ষ কয়েক কোটি ভাই। অর্জুনের মতো আমাদেরও দোটানা। সংগ্রাম করব, না করব না ? অহিংস সংগ্রামও ক্রমে হিংসার বদলে প্রতিহিংসায় পথভাই হতে পারে। জনায়াসেই পরিণত হতে পারে হিন্দু ম্সলমানের দাদায়। সাম্প্রদায়িক ঐক্য বিনষ্ট হবেই, আর সাম্প্রদায়িক ঐক্য বিনষ্ট হলে মিলন হবে কী করে? বিচ্ছেদই তো তার অনিবার্য পরিণাম। আমরাই ডেকে আনব পার্টিশন। ভারতেরও, বাংলারও। এক্যাত্রায় পৃথক ফল হয় না। ঐক্য যাবেই, ঐক্য গেলে স্বাধীনতাও আসবে না। ঐক্য আর স্বাধীনতা একই ম্প্রার এপিঠ ওপিঠ। ইংরেজ্রাই থেকে যাবে। যেতে চাইলেও চারদিক থেকে রব উঠবে, 'তুমি যেয়ো না এখনি, এখনো আছে রজনী।' না, অরাজকতার সামনে দাঁড়াবার মতো শক্তি আমাদের নেই। জাপানী আক্রমণের মুধে যেটা মন্দের ভালো ছিল হিন্দু-মুসলিম বিরোধের মুথে দেটা মন্দ।" সৌম্য স্থনিশ্বিত।

ওদিক দীপিকাদির কফির আসরে ৰলে সিগারেটের ধেঁায়া ছাড়তে ছাড়তে ' মিলি বলছিল জুলিকে, "এই একটা বদ অভ্যাদ ওদেশে গিয়ে আমি পেয়েছি, किन्छ ज्यात मरहे मन ज्याम। ज्याम मृद्धानायक कौरन ज्यामात्मत अत्मर्भ কোথায় ? আমরা না জানি ঠিক সময়ে খেতে, না ঝি চাকরকে বিরাম দিতে, ना वाहरत निरत्न वाकात कतरक, ना निरक्षताहे वरत्न चानरक। चशक मूर्य ৰিপ্লবের বুলি। কাজের সময় কাজ, আড্ডার সময় আড্ডা। কাজে কাঁকি দেওয়া কাকে বলে ওরা জানে না। কাজের সময় মূথ বুজে কাজ করে যায়, বড়ো জোর একটু আবহাওয়া নিয়ে মন্তব্য করে। আর আমরা? গল্প করতে পারলে আর কিছু চাইনে। যাক, ওসৰ বলে তোকে ৰোর করছি না তো? তুই নিজেও তো ওদেশে ছিলি। ভোকে নতুন কথা আর শোনাৰ কী? ই্যা, একটা কথা সভিয় শোনাবার মতো। যুদ্ধকালে ইংরেজদের যে সভ্যবদ্ধতা, যে ডিসিপ্লিন, যে আদেশ ৰা নির্দেশ মেনে চলা, যে কত ব্যক্তান তার তুলনা আমাদের দেশে কোথায় ? আমরা দৰাই রাজা, কেউ কারো অধীনে কাজ করব না। দল ভেঙে টুকরো টুকরো হয়ে যায়। নীতিগত কারণে নয়। সেটা একটা মুখোশ। কারণটা বাক্তিগত। ইংরেশ্বরা যে আমাদের চেয়ে বেশী বৃদ্ধিমান বা বেশী দাহসী তা আমি মানব না। কিন্তু তারা জানে কেমন করে বিপদ কালে মাথা ঠাঙা রেখে তাদের নেতাদের নিয়ন্ত্রণে কর্তব্য পালন করতে হয়। ওদের অগ্নিপরীকার প্রহরে আমি ওদের দেখেছি। যাকে বলে ইংলওের ফাইনেট আওয়ার। যথন নাৎদীরা আকাশ থেকে বোমা বর্ষণ করে লগুন গুঁজিয়ে দিচ্ছে। একজনও ভের পায়নি, পালায়নি। নাৎসীদের মার খেয়ে অটল থেকেছে বা অকাতরে মরেছে। নাৎসীরা ভেবেছিল ফ্রান্সের

মতো ইংলগুকেও কাবু করবে। জানত না চার্চিল কেমন দৃঢ়প্রতিজ্ঞ। আর সেই সঙ্গে কৌশলী। মামার দেশ আমেরিকাকে নামিয়ে দিয়েছেন যুদ্ধে, তার অনিচ্ছাসত্তেও। যা কেউ কখনো পারত না সোভিয়েট রাশিয়াকেও করেছেন ক্যাপিটালিস্ট ইংলগুর মিতা। ইংরেজরা যে জিতে গেল তার অর্থেক কারণ তো তাদের ডিপ্লোমেদী। বাকীটা তাদের মনোবল। যাকে বলে মরাল। ছ'বছর ধরে আমি সব দেখেশুনে যা শিখেছি তা হাজার পুঁথি পড়ে শেখা যেত না। না রে, ডিগ্রী আমি পাইনি। ছেলের মা হয়ে পড়াশুনায় মন দেব কীকরে। রণই আমার ডিগ্রী।"

জুলি পরিহাস করে বলে, "তোর আর আশা নেই, মিলি। ঝাঁসীর রাণী হওয়া তোর ভাগ্যে নেই। রাণীর তো সম্ভান ছিল না। ই্যা, ছিল। তার নাম ঝাঁসী। ফাইনেট আওয়ার ভারতেরও আসবে। বিজ্ঞাহী সিপাহীরা তোর দিকে ফিরেও তাকাবে না।"

মিলি পান্টা দেয়। "তোরও আশা নেই, জুলি। জোন অভ আর্ক হওয়া ভোর অদৃষ্টে নেই। তার বদলে হবি কম্বরবা গান্ধী। দিশাহী বিদ্রোহের দিন তোর কোনো ভূমিকা থাকবে না। ইংরেজরা ভোকে ভূলেও ধরবে না, শোড়ানো দূরে থাক। তবে জনতা ভোকে দেবী বলে ভক্তি করবে।"

দীপিকাদি ওদের মান্নথানে না ৰসলে ওরা হয়তো হাতাহাতি করত।
তিনি রণকে আদর করতে করতে বলেন, "ততদিনে রণ বড়ো হয়ে থাকবে।
ও-ই সিপাহীদের পরিচালনা করবে। সিপাহী বিদ্রোহের ঢের দেরি আছে,
মিলি আর জুলি। তার আগে হিন্দু মুসলমানের একজোট হওয়া চাই। তার
লক্ষণ কই ?

"সভিয় বলেছেন, বৌদি। এ সমস্যা তো ইংলণ্ডে ছিল না। াকলে ওরাও একজোট হতো কি-না সন্দেহ। নেভাঙ্গী স্থভাষ জাপানের যুদ্ধবলীদের একজোট করতে পেরেছিলেন, সেটা কিন্তু ভারতের বাইরে। দেশে ফিরে এসে তারা আবার বিভক্ত হয়ে গেছে। কডক চলে গেছে মুসলিম শিবিরে। লড়লে ভারা লড়বে ইংরেজের সঙ্গে নয়, হিন্দুর সঙ্গে। ভারতের আজাদীর জত্যে নয়, পাকিন্তানের স্বাডয়েয়র জত্যে। লক্ষণ শুভ নয়।" মিলি আফসোস করে।

"আমি, ভাই, সিপাহী বিদ্রোহের উপর নির্ভর করা ছেড়ে দিয়েছি। ওরা মাসিনারি। যার নিমক খায় তার বিহুদ্ধে লড়বে না, লড়লে ৩ই চবি টবি একটা কোনো অরাজনৈতিক ইস্থাতে লড়বে। আমি নির্ভর করি জনগণের বভঃপ্রন্ত বিজ্ঞাবের উপরে। তবে তার জন্মেও চাই দীর্ঘ কাল ধরে প্রস্তৃতি। হাতিয়ার হাতে নয়, শুধু হাতে। এমন কোনো ইস্থাতে লড়তে হবে যেটা হিন্দু মুদলমান নির্বিশেবে দকলের কাছে জীবন মরণের ব্যাপার। দেটা ঠিক এই মুহুর্তে পরিষ্কার নয়। বাপু আমাদের নেতৃত্ব করে এদেছেন, তিনিই নেতৃত্ব করবেন। তাঁকে তো আমরা আরো পঁচিশ বছর পাচ্ছি। তিনি একশো বছর বয়দ অবধি বাঁচবেন। ইতিমধ্যে তাঁর মনের মতো একটা ইস্থ্য পাওয়া যাবে নিশ্রম। আমরা অপেক্ষা করব। ক্ষমতার জল্মে যারা লোলুপ তাঁরাই আপদের কথা ভাবছেন। আর আপদের সম্ভাবনা দেখা দিলেই জিলা তার স্থযোগ নেবার জল্মে মৃথিয়ে আছেন। কংগ্রেদ কিছু পেলে তো লীগও কিছু খাবে। হিন্দুছান বলে একটা রাষ্ট্র হলে তো পাকিস্তান বলে একটা রাষ্ট্রও হবে। কিছু হিন্দুছান হতে দেব না আমরা। পার্টিশন হতে দেবই না। আমরা জাতীয়তাবাদী।" জুলি উদ্দীপ্ত ম্বরে বলে।

"ঘটনা ডোদের জন্তে অপেক্ষা করবে না, জুলি। আটেলী চার্চিল নন। তিনি ক্ষমতা হস্তাস্তর করতে রাজী। কিন্ধ কয়েকটা শর্ড আছে, তাই নিয়ে কথাবার্তা চালাতে চান। তা হলেও আমাদের মনে রাখতে হবে যে চার্চিল শেষমূহতে জিল্লার মূখ চেয়ে কাঁচিয়ে দিতে পারেন। তখন আমাদের লড়াই না করে উপায় থাকবে না। আর সে লড়াই তোদের বাপুর থাতিরে অহিংল হবে না। কিন্ধ আমার বোধহয় ঝাঁলীর রাণী হওয়া চলবে না। রণ কবে বড়ো হবে, ততদিন কি লড়াই বন্ধ থাকবে।" মিলি গালে হাত দিয়ে বদে।

"এৰার রোজা লুকসেমবুর্গ কী বলেন শোনা যাক।" দীপিকাদি বাবলীর দিকে তাকান। বাবলীর কোলে এল্ফ ছিল। তার দিকেও।

এল্ফের ম্থে একখানা ক্যাকার ধরিয়ে দিয়ে বাবলী বলে, "ও কী, বৌদি, আপনিও পরিহাদ শুরু করলেন ? কার দক্ষে কার তুলনা! আমি কি বোজা ল্কদেমর্দের মতো অদাধারণ মনবিনী নারী! তবে আজকের ভারতে আমাদেরও একটা ভূমিকা আছি। আমরাও জনগণের মধ্যে দক্রিয়। দেশ যতদিন না দত্যিকার বিপ্লবের জন্মে তৈরি হয়েছে, বুর্জোয়া বিপ্লবের জন্মে নয়, ততদিন আমরা মার্ক টাইম করব। তার মানে ছোটখাটো দংগ্রামের পায়চারি। এই যেমন তেভাগা আন্দোলন। আমাকে যে-কোনোদিন কলকাতার বাইরে পিয়ে আন্দোলনে নাইতে হবে। গ্রেপ্ডার যদি না করে তবে আমার ঠিকানা

অনিণিষ্ট। এটা ঠিক ইংরেজদের বিরুদ্ধে নয় বলে অনেক কটু কথা ভানতে হবে। মিলি আর জুলি আমাকে দেশদ্রোহীও বলতে পারে। কিন্তু আপনি যেন বিশ্বাস করেন যে আমাদের লক্ষ্য সভিত্যকার বিপ্লব।"

## ॥ বারো ॥

পরের দিন বিদায় নেবার সময় মানস বলে স্থপনদাকে, ''তোমার ৰাড়ীতে তোমাকেই আমি কাল যা তা বলে অপমান করেছি। ক্ষমার অযোগ্য অপরাধ। ক্ষমা যদি করো তো নিজ গুণেই করবে।"

"দূর পাগলা! ভোমার দলে আমার যে সম্পর্ক তাতে মান অপমানের প্রশ্নই ওঠে না। তুমি এমন কী বলেছ যে আমার মানহানি হবে ? তোমার বৌদি তো বলেন আমি একজন প্রচ্ছন্ন মুদলমান। হাহাহা! হাদব না কাদব ! আরে বাবা, যাদের সঙ্গে ছুশো বছর একসঙ্গে কাটিয়েছি ভাদের কি কেবল ঘুণাই করেছি, ভালোবাদিনি ? তারাও কি কেবল ঘুণাই করেছে, ভালোবাদেনি ? তেমনি, বাদের সঙ্গে সাতশো বছর একসঙ্গে কাটিয়েছি ভাদের কি কেবল গুনাই করেছি, ভালোবাসিনি ? তারাও কি কেবল ঘুণাই করেছে, ভালোবাদেনি ? তুমি আমি রাজনীতির লোক নই, আমরা সাহিত্যিক। অর্ধদত্য নিয়ে আমাদের কারবার নয়। আমরা পূর্ণদত্যের পুজারী। পূর্ণ সভ্যটা এই যে ইংরেজদের সঙ্গে আমাদের সম্পর্কটা শুধুমাত শাসিক শাসিতের নয়। কিংবা শুধুমাত্র শোষক শোষিতের নয়। ওরা এদেশ থেকে মহাপ্রস্থান করলেও একই পৃথিবীতেই বাস করবে। ওদের সঙ্গে মিত্র সম্পর্ক আত্মীয় সম্পর্ক বজায় রাখতে হবে। ঘুণার চেয়ে ৰলবান হবে প্রেম। প্রেমই ওদের আপন করবে। আপন করবে আমাদেরও। আমি যদি হৃদীর্ঘ অতীতের চেয়ে স্থানীর্ঘতর ভবিষ্যতের কণা ভেবে কান্ধ করি তবে আমি একজন প্রচহন ইংরেজ হইনে, হই একজন প্রকৃত ভারতীয়। একই কথা থাটে মুদলমানদের বেলাও। ওরাও ভাবগতিক দেখে মহপ্রস্থানের তালে আছে। কিন্তু আরবে ইরানে মধ্য এশিয়ায় নয়। ভারতেবই একটা ভাগ কেটে নিয়ে সেই ভাগ<sup>্ৰা</sup>কে আন্ত একটা রাষ্ট্রের আকার দিয়ে সেই আহব স্থানে। ধার আনকোরা নাম পাকিস্তান। আদমের পান্ধরের হাড় থেকে হাওয়ার স্ষ্ট।

থ্রীস্টানরা যাকে বলে ইভ। আমাদের পাঁজরের একথানা হাড় কেটে নিলে আমাদের কট হবে বইকি। আদমেরও হয়েছিল। কিন্তু পরে তার থেকেই তো আসে মধুর রদ। এবারেও তাই হবে। ওরাও আমাদের আপন হবে, আমরাও ওদের আপন। কেউ কাউকে ছেড়ে বাঁচতে পারবে না। তবে একটু আঘটু ফার্ট করবে বইকি পরনারী বা পরপুরুষের সঙ্গে। এক যেখানে ছই হয়েছে সেখানেই এই রদ্ধ। আর এইজন্তেই তো স্বাধীনতা। আমরা কেন ধরে নেব যে পাকিন্তান হিন্দুখানের চিরশক্র হবে ? না, হিন্দুখান নামটা আমি পছন্দ করিনে। ইণ্ডিয়া কী দোব করল ? ভারতের কী দোষ ? বিনা দোবে ওদের তালাক দিতে নেই।"

মানস আশ্চর্য হয়। ''বাংলাদেশ তা হলে পাকিন্তানে যাচ্ছে! তুমিও যাচছ দেই স্থাদে! ভারতের হয়ে কথা বলার এক্তার তো তোমার নয়।"

"না, না, বাংলাদেশ পাকিন্তানে না যেতেও পারে। দে একাই একটা দাধীন রাষ্ট্র হতে পারে। এই অপশনটা তাকে দিতে হবে। আমরা বাঙালীরা হচ্ছি ভারতবর্ষের ফরাদী। ফ্রান্স যেমন অবিভাজ্য বাংলাদেশও তেমনি। বিপ্লব আমাদের রক্তে। হিন্দু মুসলমানের লড়াই আমাদের বিপ্লব ভূলিয়ে দেবে। কলকাতা আমাদের গ্যারিস্। এখানেও যদি ওখানকার মতো ধর্মের জত্যে সেন্ট বার্থলোমিউজ্ ডে ম্যানাকার হয় তবে সব মাটি। বাংলাদেশও ভাগ হয়ে যাবে।" স্বপনদা অন্য ত্'এক কথার পরে বলেন "Au revoir!" পুন্দিশনায় চ।

ট্রেনের কামরায় মানসর। চারজন ছাড়া আর কেউ ছিল না। গুছিয়ে বদে যুথিকা স্থায় মানসকে, "ভোমাকে অমন মনমরা দেখাচ্ছে কেন? পূব বাংলায় ফিরতে তুমি চাওনি, তবু যেতে হচ্ছে। এইজন্তেই কি ।"

''না, জুই। তা নয়। পশ্চিম বাংলার চেয়ে পূব বাংলাই আমি পছন্দ করি। কিছু এই ছ'বছরে একটা ত্রেক হয়ে গেছে। জ্যোড় মেলাতে সময় লাগবে। সেসৰ পরের কথা। যা নিয়ে আমি চিন্তিত তা স্বপনদার সঙ্গেও আমার ত্রেক ঠিক নয়, তবে পায়ে পা মিলছে না।"

"ভাই নাকি ? ব্যাপার কী ?" যুথিকা বিচলিত হয়।

''ৰপনদা হাল ছেড়ে দিয়ে ৰসে আছেন! যা হৰার তা হবেই। কেউ ঠেকাতে পারবে না। আর আমি যদি মনে করি সেটা ভূল পদক্ষেপ আমার তো কর্তব্য সেটা নিৰারণ করা। তা না করলে পরের পদক্ষেপগুলোও ভূল পদক্ষেণ হবে। তথন নিবারণ করা আরো কঠিন হবে। স্থপনদার কী? এতিহাসিক নিয়তি বা গ্রীক ট্যাজেডী বলেই তিনি সব সহু করবেন। আর্ আমি ইমণোটেণ্ট হয়ে ছটফট করব। আমাদের ত্ই বন্ধুর সম্পর্কে চিড় ধরেছে, কুঁই।"

''কিন্তু ব্যাপারটা কী? খুলে বলছ না কেন ?'' যুথিকা কৌতৃহলী হয়।

"আহা, ধৈর্য ধরো। ব্যাপারটা সংক্ষেপে এই যে ইংরেজরা চলে গেলে তোরত কি আন্ত থাকবে, না ভাগ হয়ে যাবে ? স্বপনদা ধরে নিয়েছেন যে দেশটা ভাগ হয়ে যাবে, সেটাই নাকি ভারতের নিয়তি। কিন্ত বাংলাদেশের বেলা আরো একটা অপশন আছে। বাংলাদেশ হতে পারে তৃতীয় এক স্বাধীন রাষ্ট্র। কারণ আমরাই এদেশের ফরাসী, ফ্রান্সের মতো বাংলাদেশ ও অবিভাজ্য। আর বিপ্লব নাকি আমাদের রক্তে। তবে তিনি আশক্ষা করেন যে কলকাতায় যদি প্যারিদের মতো সেন্ট বার্থলোমিউজ ডে ম্যাসাকার পুনরভিনীত হয় তা হলে বাংলাদেশ ভাগ হয়ে যাবে।" মানস শক্ষিত স্বরে বলে।

"বটে? কিন্তু এই যে কী ডে বললে ওটাতে কী হয়েছিল। আমার ইতিহাসের জ্ঞান তোমার মতো ব্যাপক নয়।" যুথিকা জিজ্ঞান্ত।

"ফরাসীদের ইতিহাসে অবিশ্বরণীয় রক্ষাক্ত দিবস। তারিখটা ১৫৭২ সালের .২৪শে আগস্ট। রাজমাতার প্ররোচনায় রাজার আদেশে সেই রাত্রেযে নিধন পর্ব শুরু হয় তা দিনের পর দিন কয়েকদিন ধরে চলে ও প্যারিসের বাইরেও ছড়িয়ে পড়ে। শত শত প্রটেস্টাণ্ট নিহত হয়।" মানস বর্ণনা করে।

যুথিকা শিউরে ওঠে। ''ও প্রদক্ষ থাক। বাচচারা এখনো ঘুণে মনি। রাত্রে হঃস্বপ্ন দেখবে।'' দে অক্য প্রদক্ষ পাড়ে।

"শোন, কাল কেমন মজা হলো। আমরা পাঁচজনে বদে একটা নতুন আবিজার করলুম। থেলাটার নাম কোণঠাশা। পাঁচজনের তিনজন জেল-ফেরতা—বাবলা আর মিলি আর জুলি। বৌদি আর আমি কোণঠাশা। পাঁচজনের তিনজন বিলেতফেরতা—বৌদি আর জুলি আর মিলি। বাবলী আর আমি কোণঠাশা। পাঁচজনের চারজন বিবাহিতা—বৌদি আর মিলি আর জুলি আর আমি। বাবলী কোণঠাশা। পাঁচজনের হ'জন মা হয়েছে—মিলি আর আমি। আমরাই কোণঠাশা। পাঁচজনের একজন হ'বার মা হয়েছে—আমি। আমিই কোণঠাশা। অনার্স ভাগ করে নিই বাবলী আর

আমি। এ তোমার দেশভাগ প্রদেশ ভাগের চেয়ে ভালো খেলা।'" যুথিকা হাদে।

দীপক আর মণি ঘ্মিয়ে পড়েছে অহমান করে যুথিকাই আবার কথাবাত রি ধেই হাতে নেয়। "তোমরা ভারতবর্ষের ফরাদীও নও, ইংরেজও নও, তোমরা ভারতবর্ষের পোল।"

উপরের বার্থ থেকে দীপক বলে ওঠে, "নর্থ পোল না সাউথ পোল ?"

"না, বাবা। পোল মানে এখানে পোলাণ্ডের লোক। বৈমন মাদাম কুরী। যেমন শোপা।" যুথিকা ভার পিয়ানোয় শোপান বাজিয়ে ভানিয়েছে।

"মাদাম কুরী তো রেডিয়াম আবিন্ধার করেছিলেন'। আমিও ভাবছি দেই রকম একটা কিছু আবিন্ধার করব।" দীপক ইতিমধ্যেই ভাবুক হয়েছে।

"আগে তো বড়ো হও, তার পরে ওকথা ভাববে।" যথিকা আখাদ দেয়। "ততদিনে দ্বাই দব কিছু আবিষ্কার করে থাকবে। আমার জন্মে কিছু বাকী থাকলে তো?" দীপক ওক কঠে বলে।

মানদ তা ভনে গুরুদেবের কবিতা আওড়ায়, 'ভয় নাই, ওরে ভয় নাই, কিছু নাই তোর ভাবনা। নিংশেষ হয়ে যাবি ষবে তুই ফাগুন তথনো যাবে না।"

দীপক ঠাণ্ডা হলে যুখিকা আবার খেই ধরে, ''তোমাদের মধ্যে রবীক্র অরবিন্দ, জগদাঁশ, অবনীক্র হয়েছেন। পোলদের চেয়ে তোমরা কিদে কম ? কিন্তু তাদের মণ্ডোই তোমরা আত্মকলহে জর্জর, তেমনি বিপ্লবপ্রেমিক। তাই তেমনি ভাগ্যহত। ওরা তেভাগা হয়ে যায়, ওদের দেশ ভাগ করে নেয় য়াশিয়া, প্রাদিয়া আর অন্ত্রিয়া। আর তোমরা তো পলাশীতে যে রেকর্ড দেখালে সেটা বিশ্ব রেকর্ড। একমুঠো ইংরেজের হাতে হেরে গিয়ে তিন তিনটে প্রদেশ হারালে। দেটাও একরকম তেভাগা। পোলরা প্রায় দেড়শো বছর পরাধীন হয়ে কাটিয়ে দিল। তোমরাও তো দেড়শো বছর কাটালে, আর কন্দিন কাটাবে কে জানে! স্বাধীন হলেও যে অবিভক্ত হবে তাও নয়। কেউ কেউ এখন থেকেই লর্ড কার্জনের সিদ্ধান্তে ফিরে যাবার কথা ভাবছেন। কিছ যতই চেষ্টা করো ভারতের রাজধানী আর কলকাতায় ফিরবে না। যতদিন ভোমরা ভারতের রাজধানীর লোক ছিলে ততদিন রাজনীতিক্ষেত্রেও ভোমাদের নেতৃত্ব ছিল। ধন নেতৃত্ব ভোমরা বরাবরের মতো হারিয়েছ। একজন-দেশবন্ধু কি একজন নেতাজী সেই শৃক্তমান প্রণ করতে পারেন না।" মানস ঠেস দিয়ে বলে, ''তুমি তো প্রায় আজন্ম দিল্লী ওয়ালী। তোমার নিজের তো আমাদের মতো অবনতি বা অধোগতি হয়নি।''

'ব্যক্তিগত প্রসঙ্গে আমি আদতে চাইনি, তুমি যথন কথাটা তুলেছ তথন শোন। দিলীতে বদলীর বছর এগারো বারো পর্যন্ত বছলাটের দিলীর বা দিমলার বাড়ীতে যথনি বড়গোছের পাটি হয়েছে আমার বাবাকেই তার তত্ত্বারধান করতে হয়েছে। আর আমাকেও তিনি দেখানে সঙ্গে করে নিয়ে গেছেন। দেই স্থত্তে বহু সাহেব মেম ও বিশিষ্ট ভারতীয় অতিথির সঙ্গে পরিচয় হয়েছে। বার বার দেখাসাক্ষাতের ফলে আলাপও হয়েছে। বার বার আলাপের ফলে ঘনিষ্ঠতাও হয়েছে। এখনো বারা বেঁচে আছেন তাঁদের মধ্যে অগ্রগণ্য মিস্টার জিনা।''

.উপর থেকে দীপক বলে ওঠে, ''জিরা।''

''না, বাবা। জিনা। সাহেবী উচ্চারণ। তুমি এখনো জেগে। যাও, বুমবাৰুর দেশে যাও। ওখানে খুব মঞা।''

মানস উৎকর্ণ হয়ে শুনছিল। আরো শুনতে চায়। যুথিকা শোনায়। ''জিনার মধ্যে যে আত্মদন্মানবোধ দেখেছি তা আর কারো মধ্যে নয়। मार्टिवर्षात्र मर्द्ध जिनि मयारन मार्टिव। कारता ८५८म् थार्टी। नन। वज्रनार्टिव পঙ্গে তিনিও বড়লাট। নজকলের ভাষায় বলতে হয়, চির উন্নত মম শির। শির নেহারি আমারি নতশির ওই শিখর হিমাদ্রির। দেখে আনন্দ হয় যে সরকারী বা আধা-সরকারী মহলে এমন একজন ইণ্ডিয়ান আছেন যাঁকে লাট বেলাটরাও সমীহ করেন। গোথলেকে যখন প্রথম দেখি তখন আমার বয়স পাঁচ ছয়। আবছা মনে পড়ে। সাহেব নন, তুর্ধ খদেশী। জিনার বৈশিষ্ট্য হলো তিনি সাহেব হয়েও দুর্ধর। তার চেয়ে আমার আরো ভালো লাগত মিসেস জিনাকে। তিনি কিন্তু মেম্পাছেৰ ছিলেন না, ছিলেন আক্ৰমণশীল োতীর। বড়লাটকে দিয়ে নমস্কার করিয়ে নেন। বলেছি দে কাহিনী। যে কথা বলিনি তা শোন। স্মামাকে দেখে তিনি এত খুশি হয়েছিলেন যে বাবাকে किछाना करतन, इंखत छिति ? वांना बरलन, हेरप्रम, मि रल्छी। माहे ওনলি ডটার। গাদের স্বামীরা লড বা নাইট নন তেমন কোনো মহিলাকেই বাবা মি লেডী বলতেন না। মিদেস জিনাই একমাত্র ব্যতিক্রম। বাবার বোধহয় বিশ্বাস ছিল যে মিন্টার জিনা শীগগিরই নাইট হতে যাচ্ছেন। ঠিক জানিনে, তবে জিনাকে বার বার অতি উচ্চ পদ বা সম্মান অফার করা হয়েছিল। তিনি গ্রাহ্ম করেননি। সেটা কিছ তিনি অসহযোগী বলেনয়। তাঁর নীতি ছিল আমি আপনারে ছাড়া কারেও করি না কুনিশ। সম্রাট বা তাঁর প্রতিনিধির হাত থেকে কিছু নিলে তো নত হতে হয়। যাক, মিসেস জিনার কথাই হোক। সেদিন তিনি আমাকে দেখে বলেন, আমারও যদি এইরকম একটি মেয়ে হতো। ঈশ্বর বোধ হয় আড়ি পেতে শোনেন। তাঁর মনস্বামনা পূর্ণ করেন।"

উপর থেকে আওয়াজ আসে, ''তোমার মতো একটি মেয়ে হয় ?"

"রুষ্ট্র ছেলে। এখনো তুমি ঘুমবাবুর দেশে যাওনি।" মিষ্টি করে ধমক দেন তার মা। তার পর বলেন, "আহা বেচারি রতনপ্রিয়া! অকালে মারা यान। किनात भातिवातिक कीवान आत की बाकी ब्रहेन? उहे कन्नाहे তাঁর নয়নের মণি। তাঁর জন্মে আমি বেদনা বোধ করি। কিন্তু বুঝতে পারিনে হাসব না কাঁদ্ব যথন শুনি যে তাঁর কতা৷ তাঁকে না জানিয়ে বিয়ে করে চলে গেছে বিলেত। বর দার নেদ ওয়াডিয়ার ছেলে নেভিল। নেভিল কিন্তু ডেভিল নয়। সে তাঁর ধনকুবের পিতার উত্তরাধিকারী হলে কী হবে, মুদলমান নয়, পার্শী এীস্টান। বলা বাছল্য, জিনার মাও ছিলেন পার্শী। রক্তেরও তো একটা টান আছে। আর বিয়ের বয়স হয়ে থাকলে মেয়ের কি স্বাধীন ইচ্ছা বলে কিছু নেই ? জিনাকে বোঝায় কে ? আগুন হয়ে বাপ বারে বারে দিলেন অভিশাপ। অবিকল আমার বাবার মতো। ভূলে গেলেন যে নিজেও তিনি রতনপ্রিয়াকে সার জাহাঙ্গীর পেতিতের অমতে বিয়ে করে নজীর রেখেছিলেন। সেইদিনই আমি প্রথম উপলদ্ধি করি যে জিনা আর সেই সেকুলার ইণ্ডিয়ান বা প্রায় ইউরোপীয়ান নন, নেতা হতে গিয়ে তিনিও হয়ে উঠেছেন গোড়া মুসলমান। সেই জিনা কথনো দেশভাগের কথা কল্পনাও করতেন না। এই জিনা শাইলকের মতো ছুরি আফালন করছেন। এক পাউও মাংস কেটে নেবেন। যেমন দৃঢ়প্রতিজ্ঞ পুরুষ, তার দাবী তিনি আদায় করে নেবেনই।'' যুথিকা স্থনিশ্চিত।

মানস আত্মগত ভাবে বলে, ''তা হলে বাপু আর প্রাণে বাঁচবেন না। অনশনে দেহত্যাগ করবেন। তাতে যদি লীগপন্থীদের অন্তঃপরিবর্তন হয়।"

"বর্ণান্ধ ইংরেজ আমার ধর্মান্ধ ম্সলমান একই ধাতুতে গড়া। সে ধাতু ইস্পাত। তাদের অন্তঃপরিবর্তন ঘটানো মহাত্মারও সাধ্য নয়। গতবারের অনশনে তো লক্ষ করলে। লড় লিনলিথগোর বা মিন্টার জিনার কি বিদ্যাত শহাস্থৃতি প্রকাশ গেলো। তাঁরা সম্পূর্ণ নির্বিকার ও নির্মম। জিনা তাঁর সমস্ত শক্তি সঞ্চয় করে রেখেছেন, বার বার জেলে গিয়ে অপচয় করেননি। কংগ্রেস নেতারা যেমন করেছেন। এঁরা শাস্ত ক্লাস্ত নিংশেষিত। তিনি একদম তাজা। বড়লাট যদি তাঁর দিকে বেলৈকেন তা হলে কি আর রক্ষে আছে? একমাত্র ভরদা আ্যাটলী। কিন্তু তাঁর বিপরীত দিকে চার্চিলও তো বিভ্যমান। ব্যাপারটা এমনভাবে জট পাকিয়ে রয়েছে যে হাত দিয়ে জট খুলতে পারা যাবে না। কাঁচি দিয়ে কাটতেই হবে: তার মানে পার্টিশন। তা বলে শুধুমাত্র ভারতের নয়। লীগপস্থাদের সমঝিয়ে দিতে হবে যে পাঞ্জাবের তথা বাংলারও। তাতে যদি তাঁদের অন্তঃপরিবর্তন হয়। তবে ইংরেজকে তাড়াতেই হবে। যত নছের গোড়া ওদেরই ডিভাইড আ্যাণ্ড রুল পলিসি। তার থেকেই এসেছে জিনার ডিভাইড আ্যাণ্ড কুল পলিসি। তার থেকেই এসেছে জিনার ডিভাইড আ্যাণ্ড কুইট।'' যুথিকা নিদ্রার উল্ডোগ করে।

"তা হলে জিল্লাকেই দিল্লীর মসনদে বসিয়ে দিয়ে বড়লাট বিদায় হোন। এই একমাত্র সমাধান। আমরা ঝুঁকি নেব।" ইতি মানস।

"মরি ম্রি কী চমৎকার সমাধান! মুসলিম শাসনের পর ব্রিটিশ শাসন, ব্রিটিশ শাসনের পর বেটিশ শাসন, ভারতের ভাগ্যে যেন আর কোনো বিকল্প নেই। কিন্তু শিথ বলে এথনো একটা সম্প্রদায় রয়েছে। শিথেরা যথনক্ষেপে গিয়ে যুদ্ধ টুদ্ধ বাবিয়ে দেবে তথনি হবে সমন্ত তর্কের অবসান।" ইতি যথিকা।

সকালবেলা স্থীমারযাত্রা। দীপককে তার নতুন জ্যাঠাইমা একজোড়া বাইনোকুলার কিনে দিয়েছেন, তাই চোখে লাগিয়ে দে নদীর ত্র'ধারের প্রামে গঞ্জে কত কী আবিন্ধার করছে। আর মণিকাকে তিনি কিনে দিয়েছেন একটা মিহি নীল শাড়ী। তাই পরে দে ফুর ফুর করে পরীর মতো উড়ে বেড়াচ্ছে। ডেকের উপর পায়চারি করতে করতে তাদের মা তাদের ত্র'জেনের উপর তুই চোখ রেখেছেন।

গুদিকে মানস জমে গেছে সহযাত্রী এক মুসলিম অফিসারের সঙ্গে। তিনি নানা স্থানে টুর করে বেড়াচ্ছেন। মানসের চেয়ে সিনিয়র, কিন্তু অন্ত সাভিসের। তাঁর কাছে মানস শুনছে, "মক্ষম্বলে আজকাল ইউরোপীয় অফিসার আপনি বিশেষ দেখতে পাবেন না। একধার থেকে বদলী হয়ে চলে যাচ্ছেন কলকাতায়। যাঁদের জায়গায় যাচ্ছেন তাঁবা যাচ্ছেন দিল্লী। নিত্য নতুন পদ স্থান্তি হচ্ছে তাঁদের থাতিরে। এর পেছনে কী বে রহস্ত তা আপনার হয়তো জানা আছে, আমার অজানা। একজন ইনটেলিজেন্স অফিসারের কাছে গোপনে একটা ক্লু পেযেছি। সাহেবরা আশক্ষা করছেন যে সিপাহী বিশ্রোহের মতো একটা কিছু ধোঁ মাছেছে। আমরা টের পাচ্ছিনে, ওঁরা পাছেল। যেথানে যত ইংরেজ আছে এক রাত্রেই সব ক'টাকে নিকেশ করবে। সবই তো আছে ছড়িয়ে ছিটিয়ে। কে কাকে রক্ষে করবে? তাই সাবধানের মার নেই। দিল্লী, কলকাতা, বম্বের মতো বড়ো বড়ো শহরে ওরা রাালি করছে। হয় প্লেন ধরবে, নয় জাহাজ ধরবে। যারা পালাবার স্থ্যোগ পাবে না তারা দলবদ্ধ হয়ে লড়বে। তার আগে ক্ষমতা হন্তান্তরের জন্তে কথাবার্তা চালিয়ে যাবে, দেশবাসীদের আশায় আশায় রাখবে।"

মানস বিশ্বিত হয়। "না, আমি তেমন কোন ক্লু পাইনি। তবে আমিও ধবর পেয়েছি যে ইংরেজরা পেনসন ও ক্তিপ্রণের হিসেব কষছে। এর থেকে অন্থান হয় কেল্পে একটা রদবদল হতে যাচ্ছে, নতুন সরকার প্রনো সরকারের দায়দায়িত্ব হাতে তুলে নেবেন। ক্ষমতার হন্তান্তর মানে দায়িত্বের হন্তান্তর, দায়ের হন্তান্তর। তাই যদি হয় তবে ক্ষমতা কেড়ে নেবার জল্যে বিদ্রোহ কেন? আর তার আশক্ষায় বড়ো বড়ো শহরে র্যালি করা কেন? যারা আপনি যাচ্ছে তাদের তাড়াতে গেলে তারাও তো ঘ্রে দাঁড়াতে পারে, আত্মরক্ষার জল্যে, আত্মস্মানের জল্যে। বিল্রোহীরা কি মনে করে ইংরেজরা এত তুর্বল হয়ে পড়েছে যে গায়ের জোরে লাল কেলা বা মসনদ দথল করা অতি সহন্ত।"

"ঠিকই বলেছেন। তবে এটাও ঠিক যে বছ লোকের হাতে বন্দ্ক, রিভলভার, ফেনগান ইত্যাদি কী জানি কেমন করে এদেছে। বছ লোক যুদ্ধবিগ্রহের তালিমও পেয়েছে। তাদের ধারণা জন্মছে তারা না জানি কত বলবান। আগামী জুলাই কি আগফে ঘটতে পারে একটা রাইজিং। যেমন আগ্রারল্যাণ্ডের ঈফার রাইজিং। দে রকম একটা সম্ভাবনার বিরুদ্ধে প্রস্তুতির আন্ধ হিসেবে সরকার এখন নানা জাগ্রগায় নতুন নতুন জেলখানা তৈরি করে রাখছেন। কিংবা পুরনো জেলখানার নতুন ওয়ার্ড। বিদ্রোহের আঁচ পেলেই সন্দেহভাজন ব্যক্তিদের ফাটকে পুরবেন।" ভদ্রলোক ফিস ফিস করে বলেন।

''ভার মানে ইংরেছরা ডানকার্কের মতো দৌড় দেবে না। আক্রমণের সম্মুখীন হবে। কিন্তু মানে মানে ক্ষমতার হস্তান্তর যদি হয়ে যায় তার কোনো দরকার হবে না, খান সাহেব। তবে আমি ভাবছি ক্ষমতার হন্তান্তরে পাকিন্তানের দাবী নিয়ে মৃদলিম লীগ বাদ সাধবে না তো? জানিনে আপনি লীগপন্থী কি-না। হয়ে থাকলে মাফ করবেন।'' মানস জিভ কাটে।

''আজকাল মুদলিম অফিদারদের মধ্যে লীগপন্থীনন কজন ? এখন কি কংগ্রেসের বা কৃষক প্রজাপদ্বীদের তেমন প্রভাব আছে? মহাত্মা গান্ধীর উপরেও তেমন ভক্তি নেই। এখন কায়দে আজমের উপরে অগাধ বিশাস। আর পাকিন্তান তো মুদলমানদের কাছে খেলাফতের পরিবর্ত। এতে তাদের ধর্মীয় ইমোশন পরিতৃপ্ত হয়। এটা যুক্তিতর্কের ব্যাপার নয়। কংগ্রেদের পক্ষে যুক্তিতর্কের কমতি নেই, কিন্তু ধর্মীয় ইমোশন কোথায় ? কেন আমরা ভারতরাষ্ট্রে চিরস্থায়ী মাইনরিটি হব, যদি পাকিন্তান রাষ্ট্রে চিরস্থায়ী মেজরিটি হতে পারি ? ভারতমাতা বলতে আপনারা যেমন ভাবাবেগে আপ্লুত হন আমরা তেমন হইনে। তা ছাড়া আরো একটা জিনিদ আছে যেটা আবেণের পর্যায়ে পড়ে না গণনার পর্যায়ে পড়ে। ইংরেজরা দরে গেলে যত উচ্চতর পদ থালি হবে দব আপনাদের ভাগ্যেই জুটবে, কেননা আপনারা দিনিয়র। আমরা চাই আমাদের ভাগেও পড়ুক। যদিও আমরা জুনিয়র। পাকিন্তান হলে আমরা চোথ বুজে তিনভাগের এক ভাগ পাই। মিলিটারিতে আরো বেশী। এককথায় বলতে পারি, স্বাধীনতা বলতে আপনারা বোঝেন ইংরেঞ্চের অধীনতা থেকে মুক্তি খাব আমরা বুঝি হিন্দু মেজরিটির গ্রাদ থেকে মুক্তি। এর জত্যে আলাদা একটা মৃক্তিযুদ্ধের প্রয়োজন নেই। ইংরেজরা যাবার সময় ভাগ বাঁটোয়ারা করে দিয়ে যেতে পারে। চাই শুধু কংগ্রেদের দম্মতি।" থান শাহেব নিবেদন করেন।

মানস দুঃখিত হয়ে বলে, ''আপনারা যদি ভারতীয় হতে না পারেন আমরাও পাকিস্তানী হতে পারব না। কংগ্রেস কী করে সম্মতি দেং ?''

খান সাহেব মুখ ফিরিয়ে একটু হাদেন। তারপর বলেন, "কংগ্রেস কী করবে তার নজীর আমরা দেখেছি। সেই নজীর থেকে বলতে পারি কংগ্রেসের নীতি হচ্ছে 'না গ্রহণ ও না বর্জন'। কার্যত গ্রহণ। পার্টিশন সে গ্রহণও করবে না, বর্জনও করবে না। কার্যত গ্রহণ করবে। তামাম বাংলাদেশ হবে পাকিন্তানের সামিল। আপনার যদি পাকিন্তানে থাকতে আপত্তি থাকে আপনি হিন্দুখানে বদলী হয়ে যাবেন। আপনার এমন কী হানি হবে ?"

মানদ বিশ্বাদ করে না যে কংগ্রেদ অমন কিছু করবে। কিন্তু ইংরেজদের

হাত থেকে ক্ষমতা নেবার সময় যে দরাদরিটা হবে সেটা যে পার্টিশনের ভিত্তিতে হবে না তা কি সে জোর করে বলতে পারে? আর পার্টিশনের ভিত্তিতে যদি হয় তবে প্রদেশও ভাগ হয়ে যেতে পারে।

"হিন্দু মৃদলমান যদি তৃই নেশন হয়ে থাকে তা হলে বাংলাদেশও তৃই নেশনের মধ্যে ভাগ হয়ে যেতে পারে, খান সাহেব। তামাম বাংলাদেশ কি শুধুমাত্র মৃদলমানদের হোমল্যাণ্ড । হিন্দুদেরও নয় । বাঙালী হিন্দুদের হোমল্যাণ্ড তা হলে কোন্খানে । আমার মতো কয়েকজন অফিদার অল্ল প্রদেশে বদলী হয়ে যেতে পারেন, কিন্তু বাঙালী হিন্দুরা ঝাড়ে মূলে বদলী হতে পারে না। তেমন ব্যাপার যদি ঘটে তবে সমানসংখ্যক মৃদলমান্ও উত্তর ভারত থেকে ঝাড়ে মূলে বদলী হয়ে আদবে। তাতে বাঙালী মৃদলমানের আঞ্বের লাভ হবে না ক্ষতি হবে ।" মানদ ভদ্রলোককে ভাবনায় ফেলে।

তিনি হাওয়া হয়ে যান।

যূথিকা এদে স্থায়, "এই অচেনা অজানা মাহুষটির সঙ্গে কী এত কথাবার্তা হচ্ছিল ? তোমার যা স্বভাব। স্বাইকে বিশাস করে পেটের কথা বলবে। আমার তো সন্দেহ উনি গোয়েন্দা বিভাগের কেউকেটা।"

মানস অপ্রতিভ হয়ে বলে, "হতেও পারেন। কিন্তু আমিও এমন কিছু ফাঁস করিনি যা খুবই গোপনীয়।"

এর পরে স্থীমার থেকে ট্রেন। ঘটাখানেক পরে ট্রেন থেকে মোটর। মোটর থেকে জজ কুঠি। বালেন থালি করে দিয়ে গেছেন। একদিন বিশ্রামের পর জজ কোটে গিয়ে মানস চার্জ নেয় ও কাজকর্মের মধ্যে ভূবে যায়।

রাত্রে শুতে যাবার সময় একটা কথা তার মনে পড়ে যায়। যুথিকাকে শোনায়। ''ওই লোকটির দেওয়া থবর যদি নির্ভরযোগ্য হয় তবে এই বছর জুলাই কি আগস্ট মাদে একটা রাইজিং প্রত্যাশা করা যায়। আয়ারল্যাণ্ডের যেমন ইস্টার রাইজিং।"

''ওমা! ভাই নাকি?'' যুথিকা চমকে ওঠে।

"তথন থেকেই আমি ভাবছি এর পেছনে কে থাকতে পারে? তুমি অফুমান করতে পারো?" মানস চোথ টেপে।

"কে ? স্থভাষচন্দ্ৰ ?'' যুথিকা আন্দাজে বলে।

"স্তাষচন্দ্র এখন কোথায় কে জানে ? ধরা পড়লে ওয়ার ক্রিমিনালস টায়াল। আমার সন্দেহ আরেকজনকে।" মানস রহস্টাকে ঘোরালো করে। "বলো না গো, কে ?" যুথিকার সবুর সয় না।

''জুলির বান্ধবী মিলি। মধুমালতী মৃস্তাফী। ও যে বিলেত থেকে এসেছে সেটা এই উদ্দেশ্য নিয়ে।'' মানস সন্দেহ করে।

"মধুমালতী দত্তবিশাস।" যূথিকা সংশোধন করে। "কিন্তু তোমার সন্দেহটা অহেতুক। মিলি মা হয়েছে। অমন আ্যাডভেঞার করবে না।"

এর মাসথানেক বাদে বোম্বাইতে রয়াল ইণ্ডিয়ান নেভীতে মিউটিনি। মানস থবরটা শুনে যুথিকাকে বলে, ''হাউ ম'াউ থাউ। মিলির গন্ধ গাঁউ।''

যুথিকা বলে, "তুমি ভুল ঠাউরেছ। মিলি নয়, অশোকা।"

"মিলি খুব সম্ভব অশোকার দলেই ভিড়েছে। তুমি কলকাতার বৌদকে চিঠি লিথে মিলির থোঁজ নাও।" মানদ প্রামর্শ দেয়।

বৌদি উত্তর দেন, "মিলির দাদা বোম্বাইতে থাকেন। মহারাষ্ট্রকন্তা বিয়ে করেছেন। একটি বাচ্চাও হয়েছে। মিলি দেখা করতে গেছে।"

মানস বলে, ''আমি ঠিকই অনুমান করেছিলুম সে এখন বোদাইতে। বাকীটা ভর্কদাপেক।''

কিছুদিন পরে স্কুমারের চিঠি। সে তার বৌ আর ছেলেকে সঙ্গে নিয়ে বিলেত থাছে। এবার জাহাছে। ইতিমধ্যে একটা ফাঁড়া কেটে গেছে। মিলি কী জানি কেমন করে মিউটিনির সঙ্গে জড়িয়ে পড়ে। পুলিশ তাকে ধরে নিয়ে আটক করে। স্কুমার তথন দিলাতে। বোম্বাই থেকে মিলির দাদার ট্রাঙ্ক কল পেয়ে বোম্বাই ছুটে যায় ও সরাসরি গভন রের সঙ্গে সাক্ষাং করে। মিলি মুদ্ধের সময় ইংলণ্ডে ছিল ও নানা ভাবে সাহায্য করেছিল। লাট সাহেব তাকে ছেড়ে দেন ও ডেকে পাঠান। বলেন, ''অবোধ বালিকা, এই নেভী আমরা সঙ্গে করে নিয়ে যাব না, তোমাদের হাতেই দিয়ে যাব। তথন তোমরা একে শাসন করবে কী করে, যদি এই রেটিংদের অবাধ্য হতে শেথা হ ? আমি বা নেভী বা পুলিশ ট্রেড ইউনিয়ন নয়। এরা যদি অবাধ্য হয় তবে সর্বনাশ।''

'ঠিকই তো।'' মানদ বলে, 'দিপাইদের যাবা বিদ্রোহী হতে শেখায় তারা পরে আর তাদের শাদন করতে পারে না। সেই বিদ্রোহীরাই পরে হয় শাদক। মিলিটারি ভিকটেটরশিপ অমনি করেই কায়েম হয়। ব্রিটিশ শাদনের পরিবর্তে মিলিটারি ভিকটেটরশিপ কি কারে। কামা । যাক, মিলি ফিরে গিয়ে ভালোই করেছে।''

'ভালো ওর সংসারের দিক থেকেও। স্বামী এক দেশে, স্ত্রী আরেক

দেশে, ছেলে যে কার কাছে তাও অনিশ্চিত। ওরা ছাড়াছাড়ির অভিম্থেই যাচ্ছিল। ই্যা, ফাড়া কেটে গেছে।" যুথিকা স্বস্তির নিঃখাস ফেলে।

''আমি অতটা জানতুম না।'' মানস বলে।

"তুমি কতটাই বা জানো? মিলি বেশীদিন এদেশে থাকলে ওর নিজের ঘর তো ভেঙে যেতই, জুলির ঘরও ভেঙে দিত। সৌম্যাদাকে ও ভুলতে পারেনি। ওর দৃঢ় ধারণা সৌম্যাদা ওরই হতো, যদি না জুলি আর স্থকুমার হঠাৎ কোন্থান থেকে এসে হাজির হতো। মাহুষের ভাগ্য অমনি করেই উলটো পালটা হয়ে যায়। কিছু একবার অদল বদল হয়ে গেলে পরে আর জোড় মেলানো যায় না। সৌম্যাদার দক্ষে মিলির ও স্থকুমারের সঙ্গে জুলির আর কোনোদিনই মিলন হ্বার নয়। জুলির ত্ব্ জি হবে না, মিলির স্থকু ছি হলেই বাঁচি। বেশ বোঝা যায় মেয়েটা অবোধ নয়, অস্থী।" যুথিকা দীর্ঘনিঃখাস ছাডে।

"মিলিও ভালো, জুলিও ভালো, বাবলীও ভালো, দীপিকাও ভালো, কিছু স্বার চাইতে ভালো যে আমার দরের আলো—জুই।" মানস ওকে বার বার চমুখায়।

## ॥ তেরো॥

এই ফেইশনে মানসের একমাত্র চেনা অভিসার রমণীরঞ্জন নাগ। ন'বছর আগে অক্তাত্র যিনি পুলিশ স্থপারিনটেণ্ডেণ্ট ছিলেন এখন তিনি এখানকার আাডিশনাল এস. পি.। এ কেমন কথা ?

এর উত্তরে তিনি বলেন, "বাঙালীকে বাঙালী না মারিলে কে মারিবে ? নাম করব না, আপনারই দাভিদের এক জেলা ম্যাজিস্টেট আমার নামে কনফিডেনশিয়াল রিপোর্ট দেন, নাগ ইজ আ গুড দারোগা, বাট আ উইক পুলিশম্যান। শুহুন কথা! আমি রোজ দ্যাণ্ডো করি, আমার ওছন একশো আশি পাউগু। আমি কিনা উইক পুলিশম্যান!" এই বলে মাসল ফোলান।

অন্তরঙ্গ মহলে অপারিনটেওেও অফ পুলিশকে বলা হয় 'ছ পুলিশম্যান'। সেই পদে নিযুক্ত হয়ে কেউ যদি কোনো একটি পরিস্থিতিতে তুর্বলতা দেখান ভবে তাঁকে 'উইক' বলে অভিহিত করা ঐ শব্দীর অপপ্রয়োগ নয়। মানস্তার সিনিয়রের পক্ষ নিতে পারত, কিন্তু নেয় না। বলে, "আমাদের এই জেলা ক্রাইমের দিক,থেকে সর্বপ্রধান ত্ই জেলার অন্ততম। এখানে একজন ভালো তদস্তকারী অফিসারের দরকার। তিনি হিন্দু হলে আরো ভালো, কারণ হিন্দুরা এখানে সংখ্যালঘু। স্তরাং নার্ভাস।"

"নার্ভাস যদি বলেন ইউরোপীয়ানর। এখন আরো নার্ভাস। বার্লো আপনার পূর্ববর্তী।, তিনি কলকাতা বদলী হয়ে গেছেন। হামিলটন আমার বস, তিনিও শুনছি দিল্লী যাচ্ছেন। ইউরোপীয়ান বলতে একজনও থাকবেন না। অথচ ওঁদের পক্ষে এটা ছিল একটা প্রাইজ স্টেশন। কালে কালে কী না হয়! আপনার কি মনে আছে? আপনি যথন ডি. এম. ছিলেন আর আমি এস. পি. তখন আপনাকে আমি একবার গোপনীয় র্যালিং প্রেণ্ট প্ল্যান দেখিয়েছিলুম! দিপাহী বিজ্ঞোহের পর থেকে সে রকম একটা প্ল্যান প্রত্যেক জেলাতেই রয়েছে। মিউটিনির ওয়াারলেদ মেদেজ পাওয়ামাত জেলার যেখানে যত ইউরোপীয়ান ও উচ্চপদস্থ ইণ্ডিয়ান আছেন তাঁদের স্বাইকে রাভারাতি থবর দিয়ে পুর্বনিটিও একটি স্থানে জড়ো করতে হবে। সেখানেই তাঁরা পুলিশের হেফাজতে থাকবেন। পুলিশ তাঁদের রক্ষা করবে। বিচ্ছিন্নভাবে থাকলে নির্ঘাত মৃত্যু। সেখানেও যদি তাদের বাঁচানো অসম্ভব হয় তবে তাঁদের মিলিটারি প্রোটেকশন দিয়ে বুহত্তর র্যালিং পয়েণ্টে পাঠাতে হবে। অবশ্য সব চেয়ে বৃদ্ধিমানের কাজ হবে মিউটিনির সম্ভাবনা আঁচতে পেরে আগে ভাগেই মহিলা ও শিশুদের বিলেত পাঠিয়ে দেওয়া। আর নিজেরাও কলকাতা বা দিলাতে বদলা হয়ে সেথানেই দলকারের সময় র্যালি করা। কিন্তু আমি ভাবছি এদব তো হলো ইউরোপীয়ানদের বেলা व्यानश्कालीन वावशा, आमारमंत्र मर्जा উচ্চनमञ्च देखिशानरमंत्र विना की হবে ।" নাগ উদ্বেগের সঙ্গে স্থান।

ঁকেন, আপনি কি আশক্ষা করছেন আরেকটা মিউটিনি আগন্ধ? কই, কাগজে তো কোথাও তার আভাগ নেই।" মানস যতদ্র জানে।

'প্যানিকের ভয়ে ওরা জানলেও জানাবে না। দেশের অবস্থা এথন অগ্নিগর্ভ। আমরা একটা আগ্নেম্বগিরির শিথরে বদে আছি। বামপদীরা এর স্থযোগ নিয়ে মিউটিনি বাধাবার ফিকিরে আছে। আর লীগপস্থী মুসলমানরা দাকা বাধাবার।'' নাগ উত্তর দেন। দেশের অবস্থা যে অগ্নিগর্ভ এটা আরো একজনের মুখেও মানস শোনে।
তিনি নিয়মিত ক্লাবে আসেন, টেনিসের পার্টনার হন। দেবাদিদেব গুহ।
কেমব্রিজের র্যাংলার। না কলকাতা বিশ্ববিত্যালয়, না ঢাকা বিশ্ববিত্যালয়,
না বাংলাদেশের সরকার কেউ তাঁকে তাঁর উপযুক্ত পদ দেননি। তাই
তিনি অভিমান করে বাড়ীতে বসে আছেন। কবে ডাক আসবে সেই
আশায়। বয়স বাড়তে বাড়তে পঞ্চাশের কাছাকাছি। অবলম্বন পৈত্রিক
অমিদারি। বিয়ে করেছিলেন, স্ত্রী মারা গেছেন, সন্তানাদি নেই। ঝাড়া
হাত পা। থাকেন ইঙ্গবঙ্গ ফাইলে। থেলার জন্মে ক্লাফোর বই কাগজ
কেনাও পড়া। বিত্যার জাহাজ। তাঁর শথ হচ্ছে যত রাজ্যের বই কাগজ
কেনাও পড়া। বিত্যার জাহাজ। কথনো কোনো রেফারেন্সের প্রয়োজন
হলে কলেজের অধ্যাপকরাও তার বারহ হন। জজ ম্যজিস্টেটরাও বাদ যান
না। কী ইউরোপীয়ান, কী ইওিয়ান। পরিসংখ্যান তাঁর নথদর্পণে। অত
আধুনিক লাইব্রেরী এখানে আর কারো নেই।

মানস নতুন বইয়ের সন্ধানে তাঁর লাইত্রেরীতে যায়। তিনি খুশি হয়ে বই দেখান। বলেন, "আপনি সর্বদাই স্বাগত। মনে করুন এটা আপনারই লাইত্রেরী।"

বলা বাহল্য তিনিও আদেন মানসের কুঠিতে। যুথিকার দক্ষে আলাপ হয়। পিয়ানো ভনতে চান। বাজালে শোনেন।

"ইউরোপ থেকে চলে এপেছি কবে! তবু তো ইংরেজ ছিল, তাই ওথানকার জীবনধারার দক্ষে যোগস্ত্র ছিল। ওরাও তো শুনছি বাবার মুখে। দেশের অবস্থা অগ্নিগর্ভ। ভারতে দবশুদ্ধ নকাই হাজার ইউরোপীয় আছে। শতকরা একজনও নয়। সময় থাকতে যদি না পালায় তো আগুনে পুড়ে মরবে। তবে ওরা যেমন তুখোড় পলিটিসিয়ান ভারতীয়দের লেলিয়ে দেবে ভারতীয়দের গায়ে আর নিজেরা সালিশী করবে। বাধাবেও ওরা,মেটাবেও ওরা। আর লড়ে মরবে হিন্দু মুসলমান শিখ।" গুহু অসুমান করেন।

"গান্ধীজী থাকতে লড়াইই বা বাধবে কেন, বাধলে তিনিই বা থামাতে পারবেন না কেন ? সালিশী যদি করতে হয় পাশীরা করবে। কিন্তু ইংরেছ কেন ? ওরা কবে থেকে নিরপেক হলো?" যুথিকা ভেবে পায় না।

"মৃদলমানদের কথা হলো ওরা এদেশের রাজা ছিল, রাজত হারিয়ে নাহর ইংরেজের প্রকা হয়েছে। তা বলে কি ইংরেজ চলে গেলে হিন্দুর প্রজা হবে ? তাদের রাজ্য তাদের ফিরিয়ে দিতে হবে, পুরো না দিলে তার অর্থেক দিতে হবে, কিন্তু গণতন্ত্রের নিয়ম অন্নপারে হিন্দু মেজরিটিকে সমগ্র ভারত দেওয়া চলবে না। গণতত্ত্ব ব্যাপারটা মুদলমানরা তো নয়ই হিন্দুরাও যে মনে প্রাণে মেনে নিয়েছে তা নয়, বছ হিন্দু ডিকটেটরশিপ পছন করে। কংগ্রেদকে দেখছেন তো । কংগ্রেদ হাই কমাণ্ডই কংগ্রেদ। আর কংগ্রেদ হাই কমাণ্ড বলতে ৰোৱায় তিন প্রধান নেতা। যানের গুরু গান্ধীজী। ওদিকে মুদলিম লীগও একটা হাই কমাও থাড়া করেছে, তার একজনমাত্র মেম্বর। তিনিই দর্বেদর্বা। জিল্লা দাহেব একদা কংগ্রেদ লীগ উভয়ের মধ্যে মেল বন্ধন করেছিলেন। এথন সে আশা ত্যাগ করেছেন। মেলবন্ধন লক্ষ্য নয় বলেই তিনি ডিভাইড অ্যাও কুইট মন্ত্র উদ্ভাবন করেছেন। তাঁর একমাত্র ভরদা প্রস্থানকালে ইংরেজ সরকার রাজ্যভাগ করে একভাগ তাঁর हार् ि मिरत्र यार्यन। ना मिरल एक्टाम रवायना कतर् हरव। हेः रत् छ कः ध्वम উভয়েরই বিরুদ্ধে। ইংরেজ কী করবে আপনিই বলুন, মিদেদ মল্লিক: শামি তো দেখছি এর একমাত্র প্রতিকার ইংরেজকে যেতে না দেওয়া। ওরা থাকুক আরো দশ বিশ বছর। ইতিমধ্যে আমাদেরও গণতন্ত্র শিক্ষা হোক। তু'বছর মন্ত্রিত্ব করে ছ'বছর বনবাস গণতন্ত্র শিক্ষার সম্যুক উপায় নয়। মল্লিক পাহেব কী বলেন ?'' গুহ মানসের দিকে ভাকান।

"শুধু গণতন্ত্র নয়, জাতীয়তাবাদকেও আয়ো মজবৃত করা চাই। আমাদের জাতীয়তাবাদ পুরোপুরি ভারতীয় জাতীয়তাবাদ নয়, এর অনেকথানি হচ্ছে হিন্দু জাতীয়তাবাদ। মুদলমান বরুরা তো বলবেনই, তোমাদের জাতীয়তাবাদ যথন অনেকথানি হিন্দু তখন ভারতের অনেকথানিই তোমরা নাও, বাফী স্থান আমাদের দাও। সেই বাকী স্থান হোক পাকিজান। আমাদের সেই স্থানে আমরা মুদলিম জাতায়তাবাদ প্রতিষ্ঠা করব। ইংরেজের ম্থানেকা হতে হবে না। কেনই বা ইংরেজকে ধরে রাথতে চাওয়া দ স্বাধীনতা দশ বছর বাদে নয়, বিশ বছর বাদে নয়, এক বছরের মধ্যেই হবে। আমি তাঁদের মুথের মতো জবাব দিতে পারিনে। এটা তো সত্য যে 'বন্দে মার্তরম'ই আমাদের জাতীয়তাবাদের মূল হয়। আর মুদলমানরা কেউ ভুলেও সেহ্রর গুল গুল করে না। ত্যাশনালিজম আইডিয়াটাই ইসলামের সঙ্গে ব্যোপ। তবে ইদানীং একটা পরিবর্তনের হাওয়া শালে লেগেছে। ওরাও ত্যাশনালিফ হবে, যদি মুদলিম ত্যাশনালিফ বা পাকিন্ডানী ত্যাশনালিফ বলে

পরিচয় দিতে পারে। না, ন্যাশনালিট মৃদলিম নয়, মৃদলিম শ্যাশনালিট। ন্যাশনালিট মৃদলিমরা ভারত ভাগ করতে চায় না, মৃদলিম ন্যাশনালিটরা ও ছাড়া আর কিছু চায় না। লোকের ধারণা দব মৃদলমান একমত। দেটা একটা ভূল ধারণা। জিলা সাহেব হয়তো অধিকাংশ মৃদলমানের প্রবক্তা। কিন্তু দব মৃদলমানের প্রতিনিধি নন।' মানদ রায় দেয়।

"কিন্তু জিল্লা সাহেব যদি শয়তান হয়ে থাকেন তবে শয়তানকেও তার পাওনা দিতে হবে। গোটা কয়েক প্রদেশ তাঁকে ছেড়ে দেওয়াই বিজ্ঞতা। দেখানেই মুসলিম কাশনালিজমের তথা পাকিস্তানী আশনালিজমের পত্তন হোক। কঙ্গে সঙ্গে গণতন্ত্রের চর্চা। জিল্লার মতো অমন একজন প্রতিভাশালী পুরুষের প্রতিভার সন্থাবহার হচ্ছে না, সবাই মিলে তাঁকে কোণঠাসা করেছে। কোণটাসা হলে একটা বেড়ালও আঁচড়ায় কামড়ায়, চোঝের মণি উপড়ে নেয়। জিল্লার প্রত্যেকটি প্রস্থাবে আপত্তি না করলে কি নয় প আশনালিফ মুসলিম থেকে উনি মুসলিম আশনালিফ হয়ে দাঁড়িয়েছেন এটা আমাদের ত্র্ভাগ্য। গোড়ায় তিনি ডেমোক্রাটই ছিলেন, ইদানীং মেজরিটির উপর মাইনরিটির ভীটো প্রয়োগই তাঁর পলিসি। তাতে ব্যর্থ হলে পাকিস্তান অর্জন। এখন ইংরেজরা কী করে দেখা যাক।" গুহু যুথিকার দিকে তাকান।

"ওরা এই আগ্রেয়গিরি আগলে রেথে কার কী উপকার করবে, মিন্টার গুহ ? আরো দশ বিশ বছর কি লাভাবর্ধণ ক্ষান্ত থাকবে ? ওরা ডিভাইড না করেই কুইট করুক। সিভিল ওয়ার বাধবে না, আশা করি। মুসলিম লীগকে ভার পাওনা সংখ্যার অহপাতে দেওয়া হবে। উচ্চতর পদও ওরা পালা করে পাবে। আর যদি দেশ ভাগ অনিবার্ধ হয় তবে প্রদেশ ভাগও সেই সক্ষে হবে। হিন্দুরাই বা কেন ফের মুসলমানদের প্রজা হবে ? 'বন্দে মাতরম্' ওদের কঠে শোনা যায় না। 'আল্লা হো আকবর'ও হিন্দুদের কঠে মানায় না। কিন্তু আগে ইংরেজ যাক। তার পরে আমরা ভাইয়ে ভাইয়ে সম্পত্তি ভাগ করে নেব। পাকিন্তান ইংরেজের হাত থেকে নয়, ভাইয়ের হাত থেকেই ওরা পাবে।" যুথিকা ফয়সালা করে।

মানস বলে, "আমি কিন্তু দেশভাগ প্রদেশভাগ কোনোটাই সমর্থন করিনে। ভাগাভাগি ওই চাকবিবাকরির উপর দিয়েই যাক। নইলে আবার লোক জাগের প্রশ্ন উঠবে। কব হিন্দু এক গোয়ালে, সব মুসলমান এক থোঁয়াড়ে। ঐতিহাসিক বিবর্তনিটাই উন্টে যাবে। অমার্জনীয়।"

যুথিকা চুপ করে থাকে। গুহ বলেন, "আচ্ছা, আপনাদের আমি পরিসংখ্যান শোনাই। তার পরে বিবেচনা করবেন। সারা বাংলা আর আসাম জ্ডলে ম্সলমানদের সংখ্যান্থপাত শতকরা একান্ন ছাড়িয়ে উনসত্তর শতাংশ। আর অম্সলমানদের সংখ্যান্থপাত শতকরা আটচলিশ ছাড়িয়ে পঁয়ত্তিশ শতাংশ। তা হলে ম্সলমান অম্সলমানকে দাবিয়ে রাথে কী করে? একটা ভোটে জিতে কেউ ক্থনো নিজের সিদ্ধান্ত অপরের উপর চাপিয়ে দিতে পারে? লডতে হয় তথনি লড়া যাবে। তার আগে কেন? নিক না ওরা গোটা বাংলা আর গোটা আসাম। সেটা আমাদেরও নেওয়া। এমন সময় আসবে যথন ছিন্দু ম্সলমান নির্বিশেষে পূর্ব পাকিস্তানের লোক পশ্চিম পাকিস্তানবাসীদের উপর আধিপত্য করবে। পশ্চিমাদের মোট সংখ্যা হিন্দু ম্সলমান শিথ মিলিয়ে তিন কোটি যাট লক্ষের চেয়ে কিছু বেশী। আর পূরবিয়াদের সংখ্যা হিন্দু ম্সলমান টাইবাল মিলিয়ে দাত কোটির চেয়ে একটু বেশী। একদিকে তুই তৃতীয়াংশ, আরেক দিকে এক তৃতীয়াংশ। আমরা যা বলব তাই হবে। কলকাতা হবে সমগ্র পাকিস্তানের রাজধানী।"

মানদ হেদে ওঠে। "মাফ করবেন, মিণ্টার গুহ, আপনার এই স্বপ্ন কোনোদিন সাথক হবার নয়। মুসলিম নেশনের জত্তে যাঁরা পাকিভান রাষ্ট্র উদ্ভাবন করেছেন তাঁর৷ কোনোদিনই বাঙালী হিন্দু মুসলমানকে ছই-তৃতীয়াংশ ভোটে জিততে দেবেন না। তাঁদের উদ্ভাবনী শক্তি এমন এক ফর্ম্লা উদভাবন করবে যাতে সভ্যিকার ক্ষমতা থেকে যায় পশ্চিমা মৃদলমানদের হাতে। বাংলাভাষাকে তাঁরা আমল দেবেন না, বাংলার রাজধানী কলকাতাকেও ক্ষমতার কেন্দ্র করবেন না। শাসনতন্ত্র প্রণয়নের সময় আট্বাট এমনভাবে বাঁধবেন যে ওয়েটেজ, ভীটো, প্যারিটি ইত্যাদি মন্ত্রগুলি পশ্চিমাদের স্বার্থেই ব্যবহৃত হবে। কিছুতেই কিছু না হলে মাইট ইঞ্চ রাইট তো তাঁদের পিকেই। কারণ পাঞ্জাবী মুনলমানদের হাতেই মিলিটারি পাওয়ার। ব্যালটের চেয়ে বুলেটের জোর বেশী। তার সঙ্গে মোলাদের যোগদাঞ্জন। জিলা দাহেব ব্রিটিশ ঐতিহের ভিতর দিয়ে এদেছেন বলেই দিভিল পাওয়ারের মর্যাদা বুঝেছেন, পাকিন্তান হাসিল করে মুসলিম ঐতিহের ভিতরে ফিরে গেলে মোলা আর মিলিটারিতে মিলে তাঁকে কাঁদিয়ে ছাড়বে। পাকিন্তান এসেছে ইসলামের ইভিহাস থেকে। ব্রিটেনের বা ব্রিটিশ ভারতের ইভিহাস থেকে নয়। যে ইতিহাসে জিলা সাহেবের জন্ম। আপনার ও আমার জন্ম। পাকিস্তানে

আমরা দম বন্ধ হয়ে মারা যাব, মিন্টার গুহ। যারা বাঁচবে তারা কচ্ছপের মড়ো খোলার ভিতর হাত পা গুটিয়ে নিয়ে বাঁচবে।''

"তা হলেও আমি গৃহষ্দের পক্ষপাতী নই, মিন্টার মল্লিক। এ প্রদেশে বাদের মেন্দরিটি তারা যদি পাকিন্তানে থাকতে চায় তো আমিও তাদের সঙ্গে থাকব। তাদের অদৃষ্টে যা ঘটবে আমার অদৃষ্টেও তাই ঘটবে। তারাই তো আমাকে থাইয়ে পরিয়ে বাঁচিয়ে রেখেছে। আমার আয় তো তাদের পরিশ্রম থেকেই আদে। তারা তো আমাকে ছাড়েনি, আমিও তাদের ছাড়ব না। আপনার কী ? আপনি আদ্ধ এখানে আছেন, কাল বদলী হয়ে চলে যাবেন। আমি এ বয়সে বেছইন হতে নারাদ্ধ।" গুহু মাথা নাড়েন।

যুথিকা বিশ্বিত হয়ে বলে, "সে কী! পাকিস্তান যদি হয় আপনি এই পাণ্ডবৰজিত দেশে বাস করবেন ?"

"মিদেস মল্লিক, রাজা বদল ইতিহাদে কতবার হয়েছে। তা বলে কি প্রজারা সাতপুরুষের ভিটেমাটি ছেড়ে পালিয়েছে ? তবে এবারকার ব্যাপারটা একটু অন্তরকম মনে হচ্ছে। তুর্ক আর মোগল আমলে ছোটলোকরা দলে দলে मुमलभान इराय याय । इनानीः मुमलभानता एटल एटल भाकिन्छानी इराय याटक । ওটা মুসলিম রাজ প্রতিষ্ঠার মোহে না হিন্দুদের জায়গাজমি বেদখল করার লোভে তা বলা শক্ত ৷ আজ যারা দলে দলে পাকিন্তানী হচ্ছে পরে তারা দলে দলে কমিউনিণ্ট হবে। দোভিয়েট প্রতিষ্ঠা করবে। আমাকে যদি কেউ তাড়িয়ে দেয় দেটা আমি কাফের বলে না আমি জমিদার বলে তা কী করে জানব ? হিন্দু মুদলমানের বিবাদ কি ধর্মীয় বিবাদ না রাজনৈতিক বিবাদ না অর্থ নৈতিক বিবাদ না সামাজিক বিবাদ ? হয়তো সব ক'টা বিশেষণই ঠিক। শেশের লোক ভিতরে ভিতরে প্রস্পারের কাছে প্র হয়ে যাচ্ছে। এই যে এস্ট্রেলমেন্ট এটা আপনারা সরকারী মহলে আঁচ করে থাকবেন। আমরা ৰাইরেও অহ্ভব করছি। ইংরেজদের ছেড়ে যাওয়া তথ্তে কংগ্রেস বসৰে এটা ভারতের মুসলমান মনে প্রাণে গ্রহণ করতে পারছে না। তেমনি ইংরেক্সের ছেড়ে যাওয়া মদনদে মৃসলিম লীগ বদৰে বাংলার হিন্দু এটা মেনে নিতে পারছে না। এই হলো এস্ট্রেগ্নমেন্টের হেতু।" গুহ অহমান করেন।

জব্দ কুঠির মালী একদিন জিজ্ঞাসা করেছিল, "আচ্ছা, মা, ওই যে ওরা বলছে পাকিস্তান হথে দেটা কী ?" যুথিকা উত্তর দিয়েছিল, "পাকিস্তান হলে মুসলমানদের আপনার ৰলতে একটা রাজ্য হবে।"

"সে রাজ্যে আপনারা থাকবেন ন। ?" মালী প্রশ্ন করেছিল। "কেমন করে থাকব, বলো ? আমরা যে হিন্দু।" যুথিকার উত্তর। "না, মা, এটা ভালো নয়।" মালী ছুঃখিত হয়।

এর কিছুদিন পরে মালী এদে নালিশ করে, "মা, মোল্লারা আমাকে ভন্ন দেখাচ্ছে আমি যদি পাকিস্তানকে ভোট না দিই তবে আমি মারা গেলে আমাকে কেউ কাঁধ দেৰে না। তা হলে কী হবে, মাণ আমার দাফন হবে না।"

সাংঘাতিক নালিশ। কিন্তু যুথিকা নিক্ষপায়। মানসও তাই।

মালী ভোট দিয়ে এল ঠিকই। কাকে দেকখা মানস বা যুখিকা জানতেও চায়নি, দেও জানায়নি। ভোটের ফলাফল যখন জানা গেল তখন দেখা গেল লীগ প্রার্থীরে। অন্য সব মুসলিম প্রার্থীদের পরান্ত করে বাংলার আইন সভার ১২৬টি মুসলিম আসনের ১১৫টি জয় করেছেন। কংগ্রেসের আসন-সংখ্যা ৬২টি।

মূদলিম লী এই ওফদীলভুক জাতি ও অন্যান্তদের দক্ষে হাত মিলিয়ে সরকার গঠন করবে বোধ হয়।

এর পরে একদিন কামানউদ্দীন আহমদ থলে এক ভদ্রলোক সাক্ষাং করতে আদেন। "আমাকে চিনতে পারছেন। কলকাতায় মীর সাহেবের ওথানে আলাপ। লিবারল হিউমানিস্ট গ্রুপ। মনে পড়ে?"

"বুঝেছি। কুষক প্রজা দলের মুখপাত্র। তাদের এক পত্রিকার সম্পাদক। তা আপনি এখানে কেন । পার্টির কাজে এসেছেন ।" মানদ জানতে চার।

"আমি এই জেলারই লোক। কলকাতার কর্মোপলকে থাকা। হৃণজ্জা উঠে গেছে। এখন সামার পেশা ওকালতী। কিন্তু আজ আমি উকীল হিসাবে আসিনি। মার সাহেব চিঠি লিখে দেখা করতে বলেছেন। আলাপ করতে এসেছি।" কামলেউদ্ধান বলেন।

একখা দেকথার পর নিবাচনের প্রসঙ্গ ওঠে। "কাজী নজরুল লিখেছেন, কামাল, তুনে কামাল কিরা, ভাই। আপনি কি কামাল করেছেন ?" মানস স্থায়।

"এ বড়ো নিষ্ঠুর রদিকতা! আমার জামানত বাজেয়াপ্ত হতে যাচ্ছে।

শুধু তাই নয়, আমি যে মুদলিম লীগের বিরুদ্ধে দাঁড়িয়েছি এর মানে আমি দাচচা মৃদ্দমান নই, আমাকে বয়কট করা হবে, আমি উকীলহিদাবেও মুদলমানদের মামলা চালাতে পারৰ না। আমাকে বাধ্য হয়ে ছিন্দুর উপর নির্ভর করতে হবে। তথন শুনতে হবে আমি একজন প্রচ্ছন্ন হিন্দু। কামাল তো নয়, কমল।" তিনি উত্তর দেন।

মানস তৃ:খিত হয়। "কিন্তু কৃষক প্রজা পার্টির অমন ভরাড়ুবি হলো কেন ? ছিল কংগ্রেসের পরে সব চেয়ে যড়ো দল, এখন সব চেয়ে ছোট। মাত্র পাঁচটি আসন।"

"এর জব্যে দায়ী র্যামজে ম্যাকডোনালড ছ সেকেও। প্রথম জন কমিউনাল এ্যাওয়ার্ড জারি করে বাংলার কংগ্রেদের দফা রফা করেছেন। কংগ্রেস কোনো কালেই বাংলাদেশের আইনসভায় মেজরিটি পাবে না, স্থতরাং এককভাবে দরকার গঠন করতে পারবে না। বিতীয় জন ক্রমক প্রজাদলের প্রসাদে প্রধানমন্ত্রী হয়ে মুসলিম লীগের লাহোর অধিবেশনে পাকিস্তান প্রস্তাব পেশ করে আদেন। ভেবেছিলেন দেশভাগ হলে বাংলাদেশের জত্তে আলাদা একটা পাকিস্তান হবে, তিনিই সেথানকার প্রেসিডেন্ট বা প্রধানমন্ত্রী হবেন। তাঁর কোনো উপরওয়ালা থাকবে না। লাহোরের সেই প্রস্তাবের উপর থোদকারি করে জিল্লা সাহেব যা খাড়া করেছেন তা একাধিক নয়, একটিমাত্র পাকিন্তান। বাংলাদেশ তার অন্তর্ভ প্রদেশ ছাড়া আর কিছু নয়। হক সাহেব পাকিন্তানের উচ্চতম ক্ষমতার অধিকারী হবেন না। জিলা সাহেব তাঁর উপরওয়ালা হবেন। হক সাহেবের জিলাবিরোধী ভাব দেখে মুদলিম লীগ তাঁকে পরিত্যাগ করে। কিন্তু ক্লুখক প্রজা দলের চরিত্র আর অসাম্প্রদায়িক থাকে না। হিন্দুরা তাদের মুদলিম দাথীদের অবিখাদ করে। ক্রমশই মুদলিম জনমত পাকিন্তানের অভিমূথে যায়। কৃষক প্রজা দল পাকিন্তান চায় না ভনে মুসলমান কৃষক প্রজারাও দলের উপর আছা হারায়। তাদের ধারণা পাকিন্তান হচ্ছে তাদের বার্থরক্ষার জন্তে। মুসলমান হিসাবে স্বার্থরক্ষা। দলপতির সঙ্গে দলের বিচ্ছেদ ঘটে। তিনি এবারেও আসন লাভ করেছেন বটে, কিন্তু দলের টিকিটে নয়। লেবার পার্টির র্যামন্তে ম্যাকডোনালডের মতো নিঃশঙ্গ। ৰোধহয় ভাবছেন মুসলিম লীগ তাঁকে নেভা করে নেবে। কিন্ধ নেতা এখন প্রহরাবলী। প্রধানমন্ত্রী হবেন তিনিই। হক সাহেবকে

স্মরণ্যবাস করতে হবে। যে নিজের দলকেই ডোবায় কেউ তাকে বিশাস করে না।'' কামালউদ্দীন তিজ্জস্বরে বলেন।

"একজন নেতার বিশাস্থাতকতার জন্মে এত বড়ো বিপ্রয় তো বিটেনেও হয়নি, কামাল সাহেৰ। নিশ্চয়ই অন্ম কোনো কারণ আছে।" মানস সন্দেহ করে।

"পাকিন্তানের হজুগ। লাগপন্থীদের ছল বল কৌশল। ইস্পাহানীর টাকা। ছভিক্ষের মরস্থমে তো কম রোজগার করেনি। কিন্তু সকলের উপর জিলা সাহেবের হাত্যশ। এক ঢিলে তিনি ছই পাৰী নয়, পাঁচ পাঁচটা পাথী মেরেছেন। প্রথমে মেরেছেন মুদলিম লীগ ব্যতীত মুদলমানদের বা শুসলমানযুক্ত যতগুলো দল আছে সৰ ক'টা দল। কৃষক প্ৰজা, ইউনিয়নিষ্ট, কংগ্রেদ মুদলিম, ন্যশনালিস্ট মুদলিম, আহরার ইত্যাদি। তার পরে মেরেছেন জমিদার ও ক্যাপিটালিস্ট শ্রেণীর শ্রেণীশক্রদের। কমিউনিস্টরা পর্বস্ত এথন মারের ভয়ে পাকিন্তানের কলমা পাঠ করছে। পাকিন্তানে কোনো দিনই ওরা মাথা তুলতে গারুবে না। বিপ্লবের পাথীটিকে খতম করে দিয়েছেন জিলা। তার পরের ঘায় ইণ্ডিয়ান ক্যাশনালিজম জ্থম। ইণ্ডিয়ান নেশনের পা ছটো কেটে নিয়ে পাকিস্তান বানানো হবে। ইণ্ডিয়ান নেশন দাঁড়াবে কিসের উপরে ? এর পরের ঘায়ে ডেমোক্রাসী থতম। গণতন্ত্রে বিরোধী পক্ষ থাকে, ৰিরোধী পক্ষই পরে নির্বাচনে জিভলে সরকার পক্ষ হয়। পাকিস্তানে বিরোধী পক্ষ বলে কেউ থাকবে না। ক্বমক প্রজা, ইউনিয়নিষ্ট প্রভৃতি তো হারাম। কংগ্রেদ দল তো হিন্দু নেশনের সামিল, স্তরাং এলিয়েন। চারটে চিড়িয়ার পরে আরো একটা থাকে। বাংলা দেশে : .লিম নেশনের নিশান উড়িয়ে অবাঙালী মুদলমানরা আদবেন বাংলাদেশ জয় করতে। তারাই হবেন দিভিল ও মিলিটারি অফিদার। ধনিকও তাঁরাই, উচ্চতন পর্যায়ের রাষ্ট্রপতি, দলপতি ও দেনাপতিও তাঁরাই। আরবী, ফারসা, উদ্ শিথে তাঁদের দক্ষে প্রতিযোগিতায় দফল হতে না পারলে ৰাঙালী মুদলমানের ভবিষাং থাকবে না। কিন্তু তাঁরা তো তথন আর বাঙালী মুসলমান নন, তারা পাকিস্তানী আশনাল।"

মানদ স্বীকার করে কায়দে আজমের বাহাত্রি আছে। কিন্তু মুদলিম নির্বাচকমগুলীতে অক্যাক্ত নুদলিম দলগুলিকে ছারিয়ে দিলেই তো ভারতের কেন্দ্রীয় আইনদভার অক্যাক্ত দলগুলিকেও ছারিয়ে দেওয়া হয় না। দেখানে যদি পাকি তান প্রত্যাব তোলা হয় অধিকাংশ ভোটে পরাজিত হবে। শেষপর্যস্ত দেখা যাবে নির্বাচনই ভবিষ্যং জয় নিয়ামক নয়।

"তা হলে কি গৃহযুদ্ধ ।" কামাল সাহেব জিজ্ঞাহ।

"তাখাড়া আর কী । পাঁচ পাঁচটা চিড়িয়ার মঙ্গে লড়তে হবে। উত্তর-পশ্চিম সীমাস্ত প্রদেশের পাঠান, পাঞ্চাবের হিন্দু ও শিথ, আসামের হিন্দু ও ট্রাইবাল, বাংলাদেশের তথাকথিত বর্ণ হিন্দু, দর্ব ভারতের কংগ্রেদ। গৃহযুদ্ধে এদের স্বাইকে হারিয়ে দিলে ভার পাকিস্তান কেন, তামাম হিনুস্থান কায়দে আজমের পদানত হবে। মোগল আমল আবার ফিরে আসবে। আমর: হিন্মাতেই আবার জিজিয়া কর দেব। যাদের উপর কর বদানো হবে তাদের প্রতিনিধিদের মতামত শুনতে হবে না। আইন সভা তুলে দিলেও চলবে। জিলা দাহেবকে আমরা ডেমোক্রাট বলেই জানতুম। তিনি কোথায় নেমে গেছেন দেৰে তুঃৰ হয়। তিনি যথন ইতিপেত্তেট পার্টির নেতা ছিলেন তথন তাঁর দলে হিন্দুও ছিলেন, পাশীও ছিলেন। দলটি ছোট, কিন্তু ভার হাতে ব্যালান অভ্পাওয়ার। দে কখনো সরকারকে জিতিয়ে দেয়, কখনো কংগ্রেসকে। সেই দল ভেঙে দিয়ে তিনি হয়েছেন মুসলিম লাগের নেতা। এথন তাঁর হাতে ব্যালাকা অভ্পা**ও**য়ার নেই। যা নেই ভাকে ফিরিয়ে আনতে চান প্যারিটির ছল্লবেশে। কংগ্রেদ কেন রাজী হবে? তার শেষ ভরদা ত্রিটিশ প্রধানমন্ত্রীর নতুন এক রোয়েদাদ। এবার তার রূপ হবে হিন্দুখান আর পাকিস্তান। কিন্তু কংগ্রেদ যদি প্রত্যাখ্যান করে তা হলে আইন অন্ত্ৰারে দেশভাগ হবার নয়। হলে হবে বেআইনী ভাবে। তলোয়ারের জোরে। শুনছি পাঞ্জাবে তার তোড়জোড চলছে। মুসলিম মেয়েদেরও হাতিয়ারের তালিম দেওয়া হচ্ছে। শিথরাও কম যায় না। বুনো ওল আর বাদা তেঁতুল। অবখা যে অবিগর্ভ তা আঁচ করতে পারছি। বাংলা-দেশের মুদলমানরা লড়াই করে পাকিন্তান নিতে চায় তো দশ আনা পেতে পারে, ধোল আনা নয়। আদামে পেতে পারে ছয় আনা। তাতে কি ভাদের মন ভরবে ? বাংলা ভাগ, আদাম ভাগ কে চায় ?" মানস ভো চায় না।

"না, না, বাংলা ভাগ নয় আদাম ভাগ নয়। ভাবতেই পারা যায় না।
মুসলিম লীগ যদি ভাতে রাজী হয় পরের বার নির্বাচনে হেরে যাবে। অবশ্র নির্বাচন যদি আবার হয়। অকারণে হিন্দুদের ফেপিয়ে দেওয়া হচ্ছে। ক্ষেপে গেলে তারা যে কতদ্র যেতে পারে তা তো চটগ্রাম অস্থাগার' লুগ্ঠনের সময়ই প্রমাণ হয়েছে। না, বাংলাদেশকে আমরা যুক্ষকেত্র হতে দেব না। হিন্দু মুসলমান একমত হয়ে যেটা করবে সেটাই হবে। কংগ্রেদ লীগ একমত হবে কি-না সন্দেহ। কিন্তু তারাই তো সব নয়। সংধারণ হিন্দু ও সাধারণ মুসলমান শাস্তিপূর্ণ মীমাংসা চায়।" কামাল এবার ওঠেন।

কলার বিবাহ উপলক্ষে মুদলিম লীগ নেতা খানু বাহাত্র মনিকজ্জামান মান্দকে নিমন্ত্রণ করেছিলেন। পাশে বসিয়ে বলেন, "চোথ বুলিয়ে দেখুন আজকের অতিথিদের অর্ধেক হিন্দু অর্ধেক মুসলমান। ব্যক্তিগত জীবনে আমার ভেদবৃদ্ধি নেই। আমার বন্ধদেরও অর্ধেক হিন্দু অর্ধেক মুদলমান। কিন্তু রাজনীতি কবতে গেলে ভেদজান করতে হয়। নইলে ভোট মেলে না। এবার তো আমাকে মন্ত্রী করা হবে। দেটা নির্ভর করবে মুসলিম ভোটের উপরেই। কীকরি, বলুন। এখানকার হিন্দুরাও তো চান যে আমি মন্ত্রী হয়ে জেলার কিছু উপকার করি। আমাকে দিয়ে যেটুকু সম্ভব সেটুকু নিশ্চয়ই করব। তাতে হিন্দু মুদলমান উভয়েরই লাভ। পাকিন্তানের স্লোগান দিয়ে ভোটে জিতেছি বটে, কিন্তু পাকিস্তান আমার অন্তরের কথা নয়। ওটা একটা বার্গেনিং কাউণ্টার। ওর বিনিময়ে কংগ্রেস নেতারা কী দেবেন দেখা যাক। য'দ সারবান কিছু হয় তবে পাকিস্তান মূলুতুবি রাখা হবে। দৃশ বছর শিকেয় তোলা থাকলেও কেউ তাড়া দেবেন না। পাকিস্তান চাই বলেছি। কবে চাই তা তো বালিনি। ধকন, কংগ্রেদের সঙ্গে লাঁগের যদি সব ক'টি প্রদেশে কোয়ালিশন হয়ে যায়-- একটি বাদে —ভা হলে কেনই বা লাগ পাকিন্ডানের জন্মে চান দেবে ?'

"একটি বাদে ? কোন্টি বাদে ?' মানস কৌতুহলী হয়।

উত্র-পশ্চিম সামান্ত প্রদেশ। কংগ্রেস মুদলিমদের সঙ্গে লীগ মুদলিমবা এক টেবিলে বদবে না। কংগ্রেস ম্দলিমদের সরে যেতেই হবে। ইাা, অন্যান্ত প্রদেশেও। আর কেন্দ্রে যদি কোয়ালিশন হয় তবে কেন্দ্রেও। কায়দে আজমের আরো কয়েকটা শর্ত আছে, কিন্তু আমরা তাঁকে বৃনিয়ে স্থানিয়ে নিরস্ত করব। কংগ্রেদের উপর বেশী চাপ দিলে কোয়ালিশনই হবে না, কোয়ালিশন না হলে পার্টিশনই আমাদের মতে একমাত্র বিকল্প। কিন্তু এই মুহুর্তে পার্টিশনের জন্তে আমরা ব্যব্দ নই। তার চেয়ে ব্রিটিশ শাসিত কেন্দ্রই ভালো। ইংরেজরাচলে যাক এটা আমাদের অন্তরের কামনা নয়।'' খান বাহাত্র কবুল করেন।

মানস হেলে বলে, "কিন্তু ওরা তো আপনি চলে যাচছে। বালে। চলে গেছেন, হ্যামিলটন বদলীর হকুম পেয়েছেন। আপনি কোথায় আছেন্ খান্ বাহাত্র? একদিন লাট সাহেবও চলে যাবেন, তারপর চলে যাবেন জঙ্গীলাট আর বড়লাট। হিন্দু মুসলমানে ভাগাভাগি একটা হবেই। আপনারা সেইরকম একটা স্কীম তৈরি করে কংগ্রেস নেতাদের দিন। জিলা সাহেবকে বড়লাট পদ দিতে কংগ্রেস রাজী হতে পারে। গান্ধীজী ওপদ নেবেন না। কোনো পদই নেবেন না। জঙ্গী লাট পদটা একজন শিখ নেতাকে দিতে হবে। তিনি হবেন ডিফেন্স মেম্বর। প্রধান মন্ত্রী বলে একটা নতুন পদ স্বষ্টি করতে হবে নেহকর খাতিরে। মওলানা আবুল কালাম আজাদকে কিন্তু ক্যাবিনেট থেকে বাদ দিলে চলবে না।"

খান বাহাত্র তৃই কানে আঙুল দেন।

## ॥ ट्रिक्

দেদিন থান বাহাত্ব তার ভাতৃস্ত্র আথতারউজ্জামানের দক্ষে পরিচয় করিয়ে দিয়েছিলেন। কিন্তু আলাপের অবকাশ হয়নি। আলাপের জন্মে একটা দিন ফেলা হয়েছিল। সেই অফুসারে তিনি দদ্ধ্যাবেলা ক্লাবে এদে বিলিয়ার্ড থেলায় যোগ দেন। বিলেতফের্তা ব্যারিস্টার। কলকাতায় প্র্যাকটিস করেন কিন্তু নিবাদ এই শহরেই। সেইস্ত্রে ক্লাবের মেম্বর।

থেলার পর ড্রিঙ্কদ হাতে নিয়ে নিভূত ককে আলাপ। মানসের হাতে সফুট ড্রিঙ্ক। তার হাতে ছোটা পেগ।

চাচাজান প্রভাব করেছিলেন আমি বেন তাঁর কন্সারত্নকে উদ্ধার করি আর তাঁর প্র্যাকটিদের উত্রাধিকারী হই। তিনি এখন থেকে মৃসলিম লাগের কাজে আত্মনিয়োণ করবেন। কায়দে আজম তাঁকে বিশেষ করে চেয়েছেন। কিন্তু আমি কি সহজে ধরাছোঁয়া দিই। বিলেভ থেকে ফিরে আমি কলকাতায় বদেছি। এখনো এক বছর হয়নি। হাা, যুদ্ধের সময়

আটকা পড়েছিলুম। আমি ক্যালকাটা হাইকোটের বার লাইব্রেরীর মেম্বর। অ'মার জাতই আলাদা। আমি কি বার এদোসিয়েশনের মেম্বরের মেয়েকে সাদী করতে পারি । হলোই বা প্রভীন আমার দোদর চাচাতো বোন।" তিনি মশগুল হয়ে বলেন।

"দোদর চাচাতো বোন।" মানস ভুল ধরে।

"আহা! এদিককার লোক দেইরকমই বলে। আদালতে শুনে থাকবেন। বলতে চায় আশন চাচাতো বোন। মুদলিম সমাজে অতি উত্তম সম্বন্ধ। কিন্তু ওই যে বলেছি আমার জাতই আলাদা। আমি বিলেতফের্ডা ব্যারিস্টার। আমাকে তো আমার ব্যারিস্টার সমাজে সমানভাবে মেলামেশা করতে হবে। পরঙীন আমার আদরের বোন। কিন্তু ওকে আমি মদ ধরাতে পারব না। ক্লাবে নিয়ে এদে টেনিদ খেলাতে পারব না। মফঃস্বলের মুদলিম সমাজ আমাদের বয়কট করবে। কলকাতার জীবন অত্যন্ত ব্যয়বহুল। চাচাজানকে বলেছি আমি পাঁচ হাজারী মনসবদার না হয়ে সাদী করব না। লাগে লাগবে পাঁচ বছর।"

' চাচাজান ততদিন সবুর করবেন কেন ।'' মানস মন্তব্য করে।

"জানতুম। তিনি লোকাল বারের এক ছ' হাজারী উকীলের দক্ষে বিয়ে দিয়েছেন। বয়সটা একটু বেশী। আগেও তাঁর একবার বিয়ে হরেছিল। ছাড়াছাড়ি হয়ে গেছে। পরজীনের যেমন ভাগ্য। কাঁদছে। বিয়ের পর মেয়েরা অমন একটু আঘটু কাঁদবেই। পরে সব সয়ে যাবে। চাচাজান যদি মন্ত্রী হন তাঁর দামাদ উকীল সরকার হবেন। তার পরে জেলা বোর্ডের চেয়ারম্যান। বৌকে সোনা দিয়ে মুড়ে দেবেন। ওদিকে আমা নিজস্ব একটা লাইব্রেরীই নেই। মিটার শরং বোস দ্যা করে তাঁর লারব্রেরীতে বসে পড়তে দিয়েছেন। ওয়ান অভ্ন্য বেস্ট। নিজেও তিনি অগাধ পণ্ডিত। তাঁর রোরিং প্র্যাক্টিস। পলিটিকসের জন্মে সময় কথন দু নইলে নেহক্ষর সঙ্গে টকক্র দিতেন।" আথতার মুক্তকণ্ঠে প্রশংসা করেন।

''দেশের ভবিশ্বৎ দম্বন্ধে তিনি কী ভাৰছেন।''' মানস স্থধায়।

"বাংলাদেশের হিন্দু মুসলমান তাঁর মতে এক মায়ের সস্কান। আক্ষরিক অর্থে। ধর্মটাই পৃথক, আর সব এক। কাজেই বাংলাদেশ ত্'ভাগ করা চঃবে না। হিন্দুরা যদি শাকিস্তানে থাকতে না চার আর মুসলমানদের যদি অথও ভারতে আপত্তি থাকে তবে স্বতম্ভ ও স্বাধীন বন্ধ কেন নয় ? কিছু কেউ তেমন

সাড়া দিচ্ছেন না। আমিই বোধ হয় তাঁর একমাত্র সাগরেদ। তবে তিনি এবার সেণ্ট্রাল লেজিসলেটিভ অ্যাসেশ্বলীতে যাচ্ছেন, দিল্লীই হবে তাঁর কর্মক্ষেত্র। কংগ্রেস থেকে তাঁকে পার্নামেণ্টারি লীডার করার প্রস্তাবও এসেছে। তিনি আপ্রাণ চেষ্টা করবেন দেশ যাতে অথও থেকে যায়। তার জন্মে অবশ্য মুসলিম লীগের সঙ্গে শমকোতা চাই। তার মানে জিল্লা সাহেবের সঙ্গে। তিনিই তো মুসলিম লীগ। আর স্বাই তার ডিটো।" ব্যারিস্টার বলেন।

"আপনি কি আশাবাদী ?" মানদ প্রশ্ন করে।

"দেদিন লক্ষ করলেন না মওলানা সাহেবের নাম উল্লেখ করায় চাচাদ্ধান কেমন, কানে আঙুল দিলেন? আদ্ধাদ থাকতে দ্বিলা কংগ্রেদের দক্ষে কথা বলবেন না। গান্ধীজীর দক্ষে কথা ইতিমধ্যেই বন্ধ হয়েছে। তা হলে কি নেহকর সঙ্গে তিনিও তেমনি নাছোড্বান্দা। আদফ আলীকে, কিদ্ওয়াইকে, ডাক্তার খান্ সাহেবকে তিনি বর্জন করবেন না। এঁরা থাকতে কোয়ালিশন হয় কী করে? তবে বাংলাদেশে তেমন কোনো ক্যাশনালিফ ম্দলিম নেতা নেই যাঁকে বর্জন করার কথা উঠতে পারে। নওশের আলী তো নির্বাচনে হেরে গেছেন। কংগ্রেদ লীগ কোয়ালিশন সহজেই হতে পারে, আদ্ধাদ আর দিলা যদি অক্মতি দেন। দেটা আবার নির্ভর করছে কনন্টিটুয়েটে অ্যাসেমরী আর ইনটারিম গভনমেন্ট গঠনের উপরে। আপনার পক্ষে আশার একটা কারণ আছে।" আথভার বলেন।

"কী কারণ ?" মানদ জানতে চায়।

"বিটিশ প্রধান মন্ত্রী থোবণা করেছেন যে মেজরিটির শাসনতান্ত্রিক প্রগতিতে মাইনরিটি ভীটো দিতে পারবে না। ভীটো দেবার ক্ষমতা কারো হাতে নেই। নৌসেনাদের বিজ্রোহের পিঠ পিঠ এই বোষণার মর্ম বিটেন আর দান্ত্রিত্ব কইতে চায় না! ঘাড থেকে যত শীগগির পারে বোঝা নামাতে চায়। কিন্তু মিফটার জিলার তো ভীটো ছাড়া আর কোনো অন্ত নেই। ইন্টারিম গভন মেন্টে যদি কংগ্রেস মুসলিম যান লীগ মুসলিম সেখানে বাবেন না। কন্তিইটুয়েন্ট অ্যাদেশ্বলীতে যদি কংগ্রেস মুসলিম যান লীগ মুসলিম সেখানেও যাবেন না। তাঁর মানে একটা পা যদি অচল হয় আরেকটা পা চলতে পারে না। অচল অবস্থার স্কেই হবে। অগত্যা জিলাকে তাঁর দাম দিতে হবে। দে দাম পাকিন্তান ও হতে পারে, তার বিকল্পও হতে পারে। যেথানে কংগ্রেস লীগ সদস্তেরের স্মান ওজন।" আধতার ইন্ধিত করেন।

"কাউন্সেল অভ্ ডেদ্পেয়ার। আরো হটো একটা বিজ্ঞাহ না হলে কারো হঁশ হবে না। আগ্রেয়গিরির লাভাবর্যণ।" মানস হাল ছেড়ে দেয়।

''কংগ্রেদ লীগ দদশুদের দমান ওজন হলে কি অন্তায় হবে ?'' আথতার বিশ্বিত।

হিবে না ? পৃথিবীতে এমন কোন গণতন্ত্র আছে যার পার্লামেণ্টে শতকরা বাইশ জনকে শতকরা পঞ্চাশটা আদন দেওয়া হয়। তা হলে অপর পক্ষের শতকরা আটাশটা আদন জোর করে কেটে নেওয়া হয়। যাদের আদন কাটা যাবে তারা বিদ্রোহ করবে না ? কংগ্রেসের ভিতরে অন্তবিদ্রোহ ঘটবে। হিন্দুদের ভিতরেও। ওজন তো ইভিমধ্যেই যথেষ্ট দেওয়া হয়েছে। সেটাকে আরো বাড়িয়ে প্যারিটি করা কারো সাধ্য নয়। অমন করলে কংগ্রেসও ইন্টারিম গভন মেন্টে বা কনস্টিটুয়েন্ট আ্যাসেম্বলীতে যাবে না ম্সূলনিম লীগ গেলে খোলা মাঠে গোল দেবে। তাই হোক। মানদ বিরক্ত হয়।

'ভা হলে বিকল্প নেই, মিন্টার মল্লিক।" আথতার ক্লুল হন।

মান্দ ৃত্তীবভাবে বলে, ''কত কাল পরে স্বাধীনতার স্থােগ এল। স্বাধীন হয়েই যদি মুদলমানরা স্বাধীনভাবে দিদ্ধান্ত নেন যে তাঁদের অংশের নাম হবে পাকিন্তান খার পাকিন্তানী মানে মুদলিম ও মুদলিম মানে পাকিন্তানী তবে थक अन छ हिन्दू शांकि छात्न वाम कत्रत्व ना । वांश्लादमृत्येत मर्विष्टे यिनि পাকিস্তানের দামিল হয় তবে পৌনে তিন কোটি বাঙালী হিন্দু বাংলাদেশ ছেড়ে বিহারে, ওড়িশায়, যুক্ত প্রদেশে ও মধ্য প্রদেশে আশ্রয় নেবে। তাদের শূতাতা পূরণ করবে ওইদব প্রদেশের সমসংখ্যক উদ্ভাষী মৃদলমান। ওরাই হবে শতকরা পীয়তাল্লিশ। আসাম জুড়লে শতকরা আটচল্লিশ তথ্য কটাহ থেকে আপনারা ছিটকে পড়বেন জলস্ত আগুনে। বাংলার লীগপন্থী নেতারা আগুন নিয়ে থেলা করছেন। কাগজে লিথেছে, লর্ড ে থিক-লরেন্স জিন্না সাহেবকে জিজ্ঞাসা করেন, মিন্টার জিনা, আপনি কি ইণ্ডিয়ান নন ? তিনি তৎক্ষণাৎ উত্তর দেন, না, আমি ইণ্ডিয়ান নই। তিনি হিন্দু নন বলে যে ইণ্ডিয়ানও নন এটা একটা বৈপ্লবিক পরিবর্তন। এই মনোভাব যদি নয় কোটি ভারতীয় মুসলমানের হয় তবে লোকবিনিময় রোধ করা যাবে না। এটা একটা সর্বনেশে থিওরি। ইংরেজ চলে যাচ্ছে বলে কোটি কোটি হিন্দু ও কোটি কোটি মুসলমানও যে যার ঘরবাড়ী ক্ষেত্থামার মন্দির মস্ত্রিদ ছেড়ে চলে যাবে এটা তো সাধীনতার সন্ম্যবহার নয়, অপব্যবহার।"

হকচকিয়ে যান আথতার সাহেব। এত কথা তিনি জানতেন না। বলেন, "যে যেথানে আছে সে সেথানে থাকবে। কেউ বাংলার বাইরে যাবে না, কেউ বাইরে থেকে আসবে না! তৃঃস্বপ্ন! নাইটমেয়ার! জিল্লা, লিয়াকং আলী এলেও আমরা তাঁদের ফেরং পাঠাব। ইচ্ছা করলে তাঁরা পশ্চিম পাকিস্তানে যেতে পারেন।"

''কিন্তু তার। যেখানে যাবেন সেইখানেই তো হবে রাজধানী। তাতে কলকাতার কী লাভ ? আমাদের পক্ষে দিল্লীই তো নিকটতর, লাহোর দ্র অন্ত। যদি জানতুম যে কলকাতাই রাজধানী হবে, তার পূর্ব মহিমা ফিরে আসবে, তা হলে না হয় পাটিশন সমর্থন করতুম। তবে ওই নামটা নয়। ওটা পালটে দিতে হতো।'' মানস ইন্ধিত করে।

সম্ভবপর নাম নিয়ে কিছুক্ষণ আলোচনা হয়। কোনোটাই হু'জনের পছন্দ হয় না। আপাতত পাকিস্তানই মেনে নিতে হয়।

'ধন্তবাদ, মল্লিক সাহেব। আপনি আজ আমার চোৰ ফুটিয়ে দিলেন। এবার আমিও আপনাকে এমন কিছু বলব যাতে আপনারও চোৰ ফোটে।'' আৰতার বলেন।

''সে কেমন কথা ?'' মানস আশ্চর্য হয়।

'পাত বছর আগে আমরা বাঙালী মুসলমান ছিলুম। ইতিমধ্যে এমন কা হলে। যার ফলে আমরা আজ পাকিন্তানী মুসলমান হয়েছি বা হতে চাইছি? সেটা আর কিছু নয়, কায়দে আজম আমাদের আশা দিয়েছেন যে বাঙালী মুসলমান হিদাবে ভুধুমাত্র দীলেট নয়, পাকিন্তানী হিদাবে অসমীয়াভাষী ব্রহ্মপুত্র উপত্যকা ও পার্বত্য অঞ্চল সমেত সমগ্র আসামই আমরা পাব। আমাদের ভূমিহীন চাষীরা সেথানে গিয়ে বসবাস করতে পারবে। দশ বিশ বছরের মধ্যে আসাম প্রদেশও মুসলমানপ্রধান ও বাঙালীপ্রধান হবে। তাতে আপনাদেরও তো লাভ। কিন্ত ওই যে আপনি বললেন, পাইকারী হারে লোকবিনিময় যদি হয়ে যায় তবে উদ্ভাষী মুসলমান এনে বাংলাভাষী মুসলমানদের কিন্তিমাং করবে।'' আবতার স্বীকারোক্তি করেন।

"গুড গড, মিন্টার জামান।" মানস মাথায় হাত দিয়ে বসে। "এক ঢিলে ক'ট। পাথী আপনারা মারবেন? পাঁচটা মেরেও সম্ভষ্ট নন। আব্যো একটা মারবেন ? আসামশ্য

' পांठि। পाथी की दलह्ब, द्वार् भारत्य ना।" आथजात दलन।

কামালউদ্দীন পাহেবের সঙ্গে যে কথাবার্তা হয়েছিল মানস তার বিবরণ দেয়। ''কামালউদ্দীনও জানতেন না যে আরো একটা পাথী মরবে।''

আথতার লজ্জিত হন। "কংগ্রেদ কক্ষনো এতগুলো দাবী মানবে না। একমাত্র ভরদা ইংরেজ। তাদেরই বা এমন কী গরজ যে মুদলিম লীগের পক্ষ নিয়ে কংগ্রেদের দক্ষে লড়তে যাবে । বিশেষত যাবার মুখে। যদি সতিয় স্তা যায়!"

"না গেলে মুসলিম লীগের সাহায্যে একটার পর একটা মিউটিনি দমন করতে হবে। তুভিক্ষেরও পদধ্বনি শোনা যাচেছ। তুভিক্ষকে দমন করার উপায়ও নিশ্চয় মুসলিম লীগ ৰাতলে দেবে। যেমন তেতাল্লিশ সালে দিয়েছিল। আমি তো বলি জিলা দাহেবকে দিল্লীর দিংহাদনে বদিয়ে দিয়ে ইংরেজরা তাঁর মাথার উপরে রাজছত্ত ধরুক। কংগ্রেস দ্বেলে ফিয়ে যাক। মহাত্মা সেদিন কাকে যেন বলেছেন, জ্বাহরলাল কেন ওদের চোয়ালের ভিতর ঢোকার জ্বত্যে ছুটে যাচ্ছেন ? ব্যক্তভাটা জ্বাহারলাল আর আজাদেরই বেশী। গান্ধীজীর (७) नग्रहे, वल्लाङ्गाहरायत्व नग्न। विक्रांतिकहे और कार्य क्रूंटिंक हरते, এ দেরকে বড়লাটের কাছে নয়। আগ্রেমগিরি শিখরে বসে বড়লাট কতদিন লাভাবর্ষণ ঠোকম্মে রাখতে পারেন দেখা যাক। লর্ড ওয়েভেল দিলাপুর, মালয়, বার্মা থেকে অপুসরণ করেছেন, এবার ভারত থেকেও অপুসরণ করবেন। যদি দব দিক সামলাতে না পারেন। ওদিকে ইউরোপীয় অফিসাররা ঘরমূথো। তাঁদের ক্ষতিপূরণ ও পেনদন দম্বন্ধে দিন্ধান্ত নৈবান জন্মেও একটা ইণ্টারিম গভন মেণ্ট প্রয়োজন। সেটা গঠন করা জিলা সাহেবের প্রথম কর্তব্য হবে, যদি তিনি ৰড়লাটের আমন্ত্রণ পান। এক ঢিলে ছয় পাথী মারা তো পরের কথা।" মান্দ উপহাদ করে।

"আপনি কি মনে করেন কংগ্রেদ আবার জেলে ফিরে যাবে ? শাট আটটা প্রদেশের মন্ত্রীপদ ত্যাগ করবে ? কেন্দ্রে অর্ধেক রাজত্বের প্রস্তাব উপেক্ষা করবে ? আজাদকে বর্জন করলে এমন কী ক্ষতি হবে ?" আথতার ভেবে পান না।

"আজাদ সেই প্রথম মহাযুদ্ধের দময় থেকেই বন্দী হয়ে আসছেন। দামাক্ষ্যবাদের বিরুদ্ধে তাঁর সংগ্রাম গান্ধীজীরও পূর্বের। নৈতিক বলুন, রাজনৈতিক বলুন তাঁর দাবী কারো চেয়ে কম নয়। সাম্প্রদায়িক কারণে তাঁকে বন্ধুন করলে কংগ্রেদ তার নিজের মুধে চুণকালি মাথবে। এর পরে যদি সংগ্রামের দরকার হয় একজনও মুসলমান কংগ্রেসের ডাকে সাড়া দেবে না। মুসলিম নির্বাচকদের ভোট কংগ্রেস প্রার্থীরাও বহু ক্ষেত্রে পেয়েছেন, তবে বছল পরিমাণে নয়। কংগ্রেসের প্রতি আহুগত্য হিন্দু মুসলমান শিখ খ্রীস্টান সকলেরই আছে, তাই কংগ্রেস শুধু হিন্দুর প্রতিষ্ঠান নয়। কংগ্রেস চায় সেকুলার স্টেট, আমেরিকা যার আদর্শ। তুংথের বিষয় ইংরেজদের এটা বিশাস হচ্ছে না, পাছে তাঁদের মুসলিম মিতাদের মামলা তুর্বল হয়। বেশ তো, তাঁরা তাঁদের মুসলিম মিতাদের নিয়ে যতদিন চালাতে পারেন, চালান। কে তাঁদের পায়ে ধরে সাধছে যে কংগ্রেসকেও সঙ্গে নিতে হবে, ভার জন্মে আজাদকে বিসজন দিতে হবে। এটা ক্রিকেট নয়। কংগ্রেসকে ডাকলে সেকংগ্রেস হাই ক্যাণ্ডের তিনজন নেতাকেই নেহকর সাখী করবে।" মানস্যভদ্র জানে।

"কিছু মনে করবেন না, মল্লিক সাহেব। আজাদের মহত্ত আমিও মানি। কিন্তু ভারতের নিয়তি নিভার করছে কংগ্রেদ লীগ মীমাংসার উপরে। জিলাকে বাদ দিয়ে সে মীমাংসা হতে পারে না। আজাদকে বাদ দিয়ে হতে পারে। তিনি যদি শরে দাড়ান মীমাংসা স্থাম হয়।" আথতার বলেন।

মানস হেদে বলে, "কিন্ধ তিনি সরে গেলেও তো ভারতের কেন্দ্রীয় আইন সভা থেকে কংগ্রেদের ক্রট মেজরিটি সরে যাবে না। সরকার মনোনাত সদস্তরা যদি নিরপেক্ষ থাকেন। জিয়ার মাথাব্যথার কারণ কংগ্রেদের ওই ক্রট মেজরিটি। কংগ্রেদ যেমন ব্রিটিশ সরকারের ক্রট ফোর্দের কাছে সারেগ্রার করবে না জিয়া সাহেবও তেমনি কংগ্রেদের ক্রট মেজরিটির কাছে সারেগ্রার করবেন না। তাঁকে নিক্ষণ্টক করতে হলে কংগ্রেদের ক্রট মেজরিটিকেও সরাতে হবে। তথু আজাদকে নয়। ওয়েটেজ, প্যারিটি ইত্যাদি কত রকম দাবী ওর ঝুলিতে। সেসব একে একে বেরোবে। কংগ্রেদ একে একে প্রত্যেকটি থারিজ করবে, কারণ তার মেজরিটির পায়ের ভলায় রয়েছে ছাব্রিশ সাতাশ বছরের অফুরস্ক সংগ্রাম। লক্ষ লক্ষ মাহ্মযের কারাবরণ। হাজার হাজার কর্মীর ত্যাগ ও সেবা। নেতাদের পারিবারিক জীবনের বিপর্যর। দীর্ঘ কালের ঐকান্তিক সাধনার ফলে সে যদি মেজরিটি পেয়ে থাকে তবে সেটা জনসাধারণের আছার জোরে। গায়ের জোরে বা মন্তের ফোরে নয়। কংগ্রেদের সেই কটাজিত মেজরিটিকে ক্রট মেজরিটি বা হিন্দু মেজরিটি বলে থাটো করতে গেলে মীমাংসা কারো সক্রেই হবার নয়। না

মুদলিম লীগের সঙ্গে, না বিটিশ সরকারের সঙ্গে। আজাদের অবশ্য সরে যাবার সময় হয়েছে। তিনি ছ'বছর ধরে কংগ্রেস প্রেসিডেন্ট।''

"কিন্তু আমি বলছিলুম ইনটারিম গভন মেণ্ট ও কনষ্টিটুয়েণ্ট আাদেম্বলী থেকে সরে দাড়ানোর কথা। মীমাংসা তো সেই ছটি ফোরামেই হবে। সেছটি ফোরামে যদি আজাদ থাকেন তবে জিলা থাকবেন না বলেই আমার ধারণা। আর জিলাই তো হ্যামলেট নাটকের প্রিন্স অভ্ ডেনমার্ক। তিনি না থাকলে নাটক জমবেনা।" আথতার ভবিগ্রন্থাণী ক্রেন।

মানস চমকে ওঠে। সে কখনো এ লাইনে ভাবেনি। "কিন্তু এই আগ্নেয়গিরির শিথরে বসে বড়লাট কী করে সরকার চালাবেন ? কতদিনই বা চালাতে পারবেন ? মীমাংসা জরুরি। মীমাংসা হবেই। নয়তো লাভাবর্ধণের সময় বিনা মীমাংসায় অপসরণ করতে হবে।" মানসও ভবিশ্বস্থাণী করে।

'বাঁশের চেয়ে কঞ্চি দড়। গান্ধীর চেয়ে জিলা দড়। এ বছরট। জিলার বছর। যেমন ১৯৪২ সালটা ছিল গান্ধীর বছর। জিল্ল। ডাক দিলে তুলকালাম কাণ্ড বাধবে।'' আথভার আশকা করেন।

"তা যদি হয় তবে শাপে বর হবে। ইংরেজরা আরো আগে কুইট করবে। ডিভাইড করারও সময় পাবে না। আজাদও বাদ নন, জিলাও বাদ নন, ব দলাটই বাদ। ত্রিভূ, জর একটা ভূজ বাদ গেলে বাকী হুটোর মধ্যেই মীমাংসা হবে। এক দফা গৃহযুদ্ধের পর দক্ষি। সে হুটো ভূজও বড়ো আর ছোট। মেজরিটি আর মাইনরিটি। মীমাংসা যেটা হবে দেটা সমানে সমানে নয়, অসমানে অসমানে। মুসলিম লীগ কলকাতা পাবে না, দিল্লী পাবে না, লাহোর পাবে কি-না সেটা নির্ভর করবে শিখ মাইনরিটির উপরে, হিন্দু মেজরিটের উপরে নয়।" মানস সেটা অনিশ্বিভ রেখে দেয়।

"কিছু মনে করবেন না, মলিক শাহেব, দেই যে একটা কথা আছে না, ৰারো হাত কাঁকুড়ের তেরে। হাত বাঁচি। তেমনি এক কাঁকুড় হচ্ছে সারা বাংলাদেশ আর তেমনি এক বাঁচি হচ্ছে কলকাতা মহানগরী। বাঙালী হিন্দুর মাথায় চুকেছে যে বারো হাত কাঁকুড়ের চেয়ে তেরো হাত বাঁচির গুরুত্ব বেশী। তাই সে কলকাতার জন্মে লড়বে, শারা ৰাংলার জন্ম লড়বে,না। কী করে এদের বোঝাৰ যে সারা বাংলার রক্ত চুষে কলকাতা আজ ফুলে কেঁপে উঠেছে। সারা বাংলার থেকে ৰিচ্ছিন্ন হলে তার রক্ত শুকিয়ে যাবে, সেটা হবে একটা মরা

শহর। এই ঐতিহাসিক মৃহুর্তে প্রকৃত সমাধান হচ্ছে সারা বাংলার জন্মে স্বতন্ত্র 📽 স্বাধীন এক রাষ্ট্র। যার রাষ্ট্রপতি একজন হিন্দু ও প্রধানমন্ত্রী একজন মুসলমান। কিংবা রাষ্ট্রপতি একজন মুসলমান ও প্রধানমন্ত্রী একজন হিন্দু। শাসনতত্ত্ব এমনভাবে প্রস্তুত হবে যাতে এই ব্যবস্থাই হয় পার্যামেন্ট সেটলমেন্ট। তথন দেখবেন মুদলমানরা পাকিস্তান চাইবে না, পূর্ব পাকিস্তান তো কিছুতেই না। যে সমস্তা শরৎ বোদ আর স্বহরাবদী মিলে মিটিয়ে দিতে পারেন তার জন্মে নিখিল ভারত কংগ্রেস ও নিখিল ভারত মুসলিম লীগের মুখের দিকে ভাকিয়ে থাকা কেন ৷ ওঁরা কি বাংলার নাড়ী ভানেন ৷ বাঙালীর মন বোঝেন? লর্ড কার্জন দেটা জানতেন না। তাই একটা ঐতিহাসিক অপদিখান্ত গ্রহণ করেছিলেন। সেটা রদ করার জন্তে কলকাতার স্থরেন্দ্রনাথ, ময়মনসিংহের আনন্দমোহন, বর্ধমানের আবুল কাসেম, কুমিলার আবহুল রস্থল এককাটা হয়েছিলেন। উপায়াম্বর নেই দেখে ঢাকার নবাব মুসলিম এড়কেশনাল কনফারেন্সের অধিবেশনের শেষে সমবেত অবাঙালী মুসলমানদের নিয়ে রাতারাতি একটা পলিটিকাল সংস্থাপত্তন করেন। নাম রাখা হয় অল ইণ্ডিয়া মুসলিম লীগ। হাঁা, মুসলিম লীগ হঠাং ভূই ফুঁড়ে ওঠে। যেখানে ওঠার কথা নয় দেইখানে, ঢাকায়। তেমনি পাকিস্তানও হঠাৎ ভূঁই ফুড়ে উঠছে। যেখানে ওঠার কথা নয় সেইখানে, বাংলাদেশে। পাকিন্তান শন্দটি তো বিভিন্ন প্রদেশের নামের আত অক্ষর জুড়ে জুড়ে বানানো। কই, তার মধ্যে বেঙ্গলের বি কই 🔈 ওর একটা ধর্মীয় ব্যাখ্যা দিয়ে বাঙালী মুসলমানকে ভোলানো হয়েছে। এরাও পাইকারিভাবে ভোট দিয়েছে। কিন্তু সত্যি কি ওটা বাঙালী মুসলমানের चार्थ ? दांडानी हिन्द चार्थ एड। नशहे। दांडानी हिन्दू मुमनमारनंद चार्थ মতন্ত্র ও মাধীন রাষ্ট্র প্রতিষ্ঠা। যার রাষ্ট্রপতি হিন্দু হলে প্রধানমন্ত্রী হবেন মুসলমান। কিংবা প্রধানমন্ত্রী হিন্দু হলে রাষ্ট্রপতি হবেন মুসলমান। ক্ষমতার বন্টন হবে এমন ভাবে যে কোনো সম্প্রদায়ই প্রভু সম্প্রদায় হবে না। যেটা পাকিন্তান হলে অনিবার্য, অথও ভারত হলে তো অবশুস্ভাবী। ইংরেজরা যাচ্ছে যাক, কিন্তু দেটা শাপে বর না হয়ে চিরস্থায়ী অভিশাপ হবে, যদি বাঙালী হিন্দু মুদলমান ক্ষমতা ভাগাভাগি না করে বাদভূমি ভাগাভাগি করে। কিছু মনে করবেন না, সার। আমি তো আপনার তুলনায় শিশু। এই সেদিন বিলেড থেকে ফিরেছি। দেশের রাজনীতির খেই হারিয়ে ফেলেছি। কে জানে আমিই হয়তো ভ্রাপ্ত।" আথতার সাহেব এক নি:খাসে বলে যান।

"না, না, আপনি ভ্রাস্ত নন, মিন্টার জামান। কিন্তু ব্যাপারটা ঘোরালো। পার্টিতে পার্টিতে কোয়ালিশন যদি না হয় হিন্দু রাষ্ট্রপতি আর মুদলিম প্রধানমন্ত্রী আগ্রেয়গিরির লাভাবর্ষণ রোধ করতে অক্ষম হবেন। পার্টিশন আপনাআপনি ঘটে যাবে।" মানস আশকা করে।

"কিন্তু পার্টিশন হলে তো প্রদেশকে ভিত্তি করেই হবে।" আথতারের ধারণা।

তেমন কী কথা আছে? অঞ্চলকে ভিত্তি করে কেন নয়? হিন্দুদের ক্রট মেজরিটির ভয়ে যদি ভারত ভাগ হয় তবে মুসলমানদের ক্রট মেজরিটির ভয়ে বাংলা ভাগ হবে না কেন ? আমি কিন্তু কোনোটারই পক্ষপাতী নই। ক্রট মেছরিটি আমার উক্তি বা আমার যুক্তি নয়। জিলা সাহেবই এর জনক। মেজরিটি হলেই দে ত্রুট হবে, এটা ধরে নেওয়া ভুল। উত্তর-পশ্চিম দীমান্ত প্রদেশে মুসলমানদের মেজরিটি, কিন্তু হিন্দুরা তার জত্যে ভীত নয়, তাদের মূথে শোনা যায় না যে মেজরিটি হচ্ছে ক্রট মেজরিটি। বাংলাদেশেও আমরা মুসলিম মেজরিটিকে ভয় করিনে, ক্রট মেজরিটি বলিনে। কিন্তু মুসলিম লীগের দক্ষে কোয়ালিশন ঘদি না হয়, তার পরিবর্তে যদি হয় পাটিশিন, তা হলে প্রদেশের ভিত্তিতে নয়, অঞ্চলের ভিত্তিতে পার্টি শনের দাবী উঠবেই। দেটা তেরো হাত বীচির নোচে নয়, হুই নেশন থিওরির আহুযঙ্গিক মিগ্যা ও মিথ্যার আত্নযঞ্চিক হিংদার প্রতিবাদে। দারা বাংলাদেশটাই হিন্দুর হোমল্যাও। তাকে মৃসলিম হোমল্যাও বলে পাকিন্তানের সামিল করতে গেলে এই হবে তার উত্তর। এটা বাদের পছন্দ নয় তারা প্রশ্নটা তুলে নিন। ভারত অবিভক্ত থাকলে বাংলাদেশও অবিভক্ত থাকবে। মুসলিম মেজরিটি প্রদেশ শাসন করলে হিন্দুরাও তা মেনে নেবে। এতদিন তো মেনে িয়েছে। আমার ক্যা যদি বলেন আমি মন্ত্রীদের জাত ধর্ম বিচার করিনে, পশিসি বিচার করি। অফিসারণের জাত ধর্ম বিচার করিনে, যোগ্যতা বিচার করি। রাইট ম্যান, রাইট পলিদি এইদ্বই বিচার্য। মদলিম লীগের যেদ্ব পলিদি আয়দঙ্গত সেস্ব প্রিসি আমি সমর্থন করি। মুস্লিম অফিসারদের মধ্যে হাঁরা হিন্দ মদলমান সকলের উপকার করেন আমি তাঁদের প্রশংসা করি। কেন তাঁরা পর হয়ে যাবেন, কেন আমাদের পর মনে করবেন, এর কোনে। দঙ্গত কাবণ चामि कानित्न। देश्दबक्ता हरन याद वरल मुमलमानदा छ हरल यादव अहै। कि ইতিহাদের নির্দেশ ? না ছই নেশন থিওরির পরিণাম ? সব চেয়ে ছঃথের

বিষয় সাধারণ নির্বাচনে এই থিওরি অধিকাংশ মৃদলমানের ভোট পেয়ে জিরা সাহেবের উপর আছা প্রমাণ করেছে। তিনি এখন সেঁই ভোটের জোরে পাকিন্তান দাবী করবেন, না পেলে গায়ের জোরে তুলকালাম কাণ্ড করবেন। করা সহজ, কারণ দেশের অবস্থা এখন অগ্নিগর্ভ। ক্যাবিনেট মিশন যদি তাঁকে নিরন্ত করতে গিয়ে নতুন এক এ্যাক্যার্ড দেয় তা হলে কংগ্রেস তা এবার সরাসরি বর্জন করবে। নয়তো তিনিই প্রকারান্তরে ভীটো দেবেন। আমি এই নাটকের নীরৰ দর্শক। এ নাটক বিয়োগান্ত না হলেই রক্ষা।'' মানস চিন্তাকুল।

"আমার নিজের মতে ছই নেশন থিওরি হচ্ছে ঝুটা আর পাকিন্তান হচ্ছে ফাঁকিন্তান। বাঙালী মুদলমান একদিন এটা হদয়ক্ষম করবেই। কিন্তু ব্যাপার একদ্র গড়িয়েছে যে এখন আর মোড় ঘ্রিয়ে দিতে পারা যাবে না। তার জন্মে চাই আরো একটা দাধারণ নির্বাচন। আমাদের এখন দেখতে হবে যাতে কংগ্রেদ লীগ কোয়ালিশন অন্তত আমাদের এই প্রদেশে হয়। বাংলাদেশ আজ যা করে অবশিষ্ট ভারত কাল তা করে। গোখলের দেই উক্তি কি মিখ্যা হবে । আমি তলে তলে চেষ্টা করে যাব। ইনশা আলা, যদি সফল হই তবে বাকী ভারত ভাগ হয়ে গেলেও বাংলাদেশ ভাগ হবে না. স্বতন্ত্র ও স্বাধীন হবে। শরং বোদ প্রেসিডেন্ট, স্বহরাবর্দী প্রাইম মিনিস্টার। খোদা হাফেজ।" আখতার বিদায় নেন:

বাড়ী ফিরতে দেরি হয়েছিল। খাদি কর্মী বক্ষিম কর তার জন্যে প্রতীক্ষা করছিলেন। সৌম্যদার বন্ধু। একসদে জেল খেটেছেন।

"সৌম্যদার চিঠি পেয়েছি। ওরা ভালোই আছে। কিন্তু ওদের কুঁড়েঘর এখনো বাসযোগ্য হয়নি। বৌদি চান কলকাতার মতো বাথকম ও টয়লেট। শহরের ক'জন বডলোকের বাড়ীতে তা আছে। কুঁড়েঘরে তো একেবারেই বেমানান। তার সঙ্গে ঘু'খানা পাকা ঘর জুড়তে হবে। টাকা অবশ্য বৌদিই জোগাবেন, তার অর্থের অভাব নেই। কিন্তু লোকে বলবে কী।"

মানস যুথিকার দিকে তাকায়। "এক আজৰ সমস্তা।"

"সমস্তা না ছাই । জনগণের সঙ্গে একাল্ম হতে হবে ৰলে কি তাদেরি মতো মাঠে জগলে ছুটতে হবে ? শৌচের ব্যবস্থা যার যে রকম কচি। এ ক্ষেত্রে জোর জবরদন্তি করা অহিংসা নয়। সে অধিকার জনগণেরও নেই। সৌম্যদা যদি জনগণের কাছে নত হয় তা হলে জানব স্বাধীন ভারতে ৰ্যক্তিমাধীনতা রলে কিছু থাকবে না।" যুক্তি জুলির পক্ষ নেয়। "যশ্মিন্ দেশে যদাচার:। ইংরেজরাও তো বলে, ছোয়েন ইউ আর ইন রোম ডু আ্যাজ ভ রোমানশ ডু।" বঙ্কিমবাৰু দাফাই নেন।

"কী, জজদাহেব ? ভোমার রায় কী।" যথিকা কৌতুক করে।

"শরৎচন্দ্র তাঁর 'পল্লীসমান্ত' উপন্থাদে এর উত্তর দিয়ে গেছেন। তুমি যদি লোকের উপকার করতে যাও তো তাদের একজন হতে হবে। তার জ্বন্থে তাদের লেভেলে নামতে হবে। গান্ধীপন্থী কর্মীর। যদি বিদেশী মিশনারীদের মতো বাস করে তবে উপকারও তেমনি ভাদা ভাদা হবে। তারা যথন চলে যাবে তথন কেউ তাদের শিক্ষা মনে রাথবে না। সৌম্যদাও কি ওথানে বরা র থাকবে। তা তো মনে হয় না। স্বরাজের পর কাজ ফুরিয়ে যাবে। দক্ষে সংহর্ষমিশীরও।" মানস যতদূর বোবো।

শান্ধীপন্থী কর্মীদের কান্ধ সরাজের পরেও ফুরোবার নয়, জঙ্গ সাহেব।
সরাজ একটা অবশ্য প্রয়োজনীয় প্রথম পদক্ষেপ। আমাদের লক্ষ্য সর্বোদয়।
আমরা শেষ মাণ্ডাই পর্যন্ত যাব। তাকে দারিদ্র্য থেকে উদ্ধার করব, কর্মহীনতা থেকে উদ্ধার করব, অজ্ঞতা থেকে উদ্ধার করব, তুর্বলতা থেকে উদ্ধার করব।
সে অন্থায়ের বিক্লমে থালি হাতে লড়তে পারবে। তার মতো লোকদের মত
না নিয়ে কেউ রাজা হতে পায়বে না, তাদের উপর খাজনা ধার্য করতে পারবে
না, তাদের ইচ্ছার বিক্লমে তাদের ধরে নিয়ে গিয়ে যুদ্দক্ষেত্রে পাঠাতে পারবে
না। এই হচ্ছে স্বরাজের তাৎপর্য। কে কার হাতে ক্ষমতা হস্তান্তর করল
না করল সেটা গৌণ। দেখছেন তো তাদের সর্বপ্রধান সেবক গান্ধীজীর সঙ্গে
নেগোশিয়েশন না চালিয়ে ব্রিটিশ ক্যাবিনেট মিশ্র ভার অফুরা ও
প্রতিশ্বনীদের সঙ্গে চালাচ্ছেন। গান্ধীজীকে বাদ দেওয়া মানে পীপলকে বাদ
দেওয়া। হস্যান্তর যেটা হবে সেটা উপরে উপরে হবে। সব নিচের মান্থাটি
পর্যন্ত পৌছবে না। কাজেই সৌম্যানাকে থাকতে হবে সেই মান্থ্যটির কাছে।
তাকে ছেড়ে গেলে চলবে না। আর বৌদি যদি সমস্ত জেনেশুনে বিয়ে করে
থাকেন তবে তাকেও অনুব্রতা হতে হবে।" বিজ্যবারুর মতে।

"দাদা, আপনি কি বিয়ে করেছেন ?'' যুথিকা দন্দিগ্ধ স্বরে স্থায়।

"থার সঙ্গে আমার বিয়ে হয়েছিল ভিথারী স্বামীকে তিনি ত্যাগ করেছেন। আমিও মৃক্ত, তিনিও মৃক্ত।" বঙ্কিমবাবু দীর্ঘনিংশাস ধ্যে সন্।

## ॥ পনেরো॥

জাহাজে ওঠার আগে মিলি চিঠি লেখে জুলিকে। বলে, "আমি আবার অক্লে ভাদল্ম রে! জীবন আমাকে যেখানে নিয়ে যাবে দেখানেই আমার স্থান। বাদীর রানী হতে চাইলেই কি হওয়া যায়, ভাই । তোকেও ব্বাতে হবে যে জোন অভ্ আর্ক হতে চাইলেই হওয়া যায় না। নৌদেনা বিদ্রোহ বা দিপাহী বিদ্রোহ কোনোটাই এদেশে জমবে না। তার আগেই এদেশ স্থাধীন হবে। আমারল্যাণ্ডের মতো স্থাধীন। তার পরেও যদি কেউ আইরিশ রেপাবলিকান আমির মতো অথগু ভারতীয় দেনা গঠন করতে চায় করতে পারে। কিস্কু আমি তার মধ্যে নেই। যারা আমাদের নয় তারা আমাদের নয়। জোর করে তাদের আপন করা যায় না। ওরা যদি আলাদা হতে চায় আলাদাই হোক। শুধু দেখতে হবে যেন আমাদের ভাগ থেকে কলকাতা বাদ না পড়ে! ইংরেজদের ঘটে ওটুকু বৃদ্ধি আছে। ওরা যদিও পিটারকে বঞ্চিত করে পলকে দিতে ওতাদ তব্ ভারত ত্যাগের সময় পিটারকে চিরশক্র করতে সাহস পাবে না। বাণিজ্য তো পিটারের সঙ্গেই। আর ওরা বণিক জাতি।"

এর পর মিলি আদে আদল কথায়। ''জুলি, আমার বিশেষ অন্থবোধ যতদিন না তোর নিজের কুটার হয় ততদিন আমাদের বাড়ীই তোর বাড়ী, আমার মা বাবাই তোর মাদিমা মেদোমশায়। তুই ওঁদের কাছেই থাকিস্। তাতে ওরা আমাকে কাছে না পাওয়ার হৃঃধ ভূলবেন। তুই ওঁদের আরেকটি মেয়ে। শুধু মনে রাথিস্ যে ওঁরা রাজনীতির লোক নন, রাজনীতি এড়িয়ে চলেন। ওঁদের পক্ষে ওটাই নিরাপদ পলিসি। জলে বাস করে কুমীরের সঙ্গে বিবাদ সাজে না। ওঁদের কাছে এটা স্পষ্ট যে ওঁদের বাসস্থানটা কুজারীস্থান হতে যাছে। যদি না কংগ্রেস লীগ কোয়ালিশন হয়।''

মিলির নৌসেনাবিদ্রোহে জড়িয়ে পড়ার বিশদ বিবরণ সে নিজে লেখেনি। লিখেছেন তার দাদা। জুলিকে নয়, ওর বাবাকে। ক্যাপটেন মৃত্যাফী সেটা শোনান ওর মাকে। ওর মা শোনান জুলিকে। আর জুলি সৌম্যকে। সৌম্য তা শুনে বলে, "ওর ভিতরে যে আগুন ছিল তা দেখছি এতকাল পরেও নিবে যায়নি। ধলি মেয়ে।"

জুলির তা ভনে কী অভিমান! "তোমার সঙ্গে ঠিক মানাত। আমি তো কবে নিবে গেছি, যদি আদৌ জলে থাকি।"

"না, না, তোমার জিতরেও আগুন আছে, জুলি। দে আগুন তুমি লক্ষ
লক্ষ নরনারীর জীবনে ধীরে ধীরে ও অলক্ষে সঞ্চারিত করবে। বাক্য দিয়ে
নয়, ব্যক্তিত্ব দিয়ে। জন জাগরণ না হলে আমরা ক্ষণস্থায়ী অগ্নিকাণ্ড নিয়ে কী
করব! আমরা যাকে গঠনের কাজ বলি তা জনজাগরণের হত্য। দেখতে
নাটকীয় নয় বলে বামপন্থীরা বিম্থ। দক্ষিণপন্থীদেরও চাড় নেই, কারণ তাঁরা
আইনসভায় গিয়ে মর্মা হতে চান। এবার বড়লাটের শাদনপরিষদের সদস্থ হয়েই
তাদের ইক্রত্বপ্রাপ্তি। যার জন্তে আজীবন ত্কর তপস্থা। এর পরে একদিন
শুন্বে তাঁরা পদত্যাগ করে ফিরে এসেছেন। আমাদের পথ তেমন পথ নয়।
আমরা জনগণের কাছে যাই ভোটের জন্তে নয়। ওদের ভিতরে আগুন সঞ্চার
কবতে। যে আগুন হিংসার আগুন নয়, তেজন্বিতার আগুন।" সৌম্য
জুলিকে বোঝায়।

ইনটারিম গ্রন্থে থেকের প্রসঙ্গ ওঠে। সৌম্য বলে, "জ্বাহরলাল ও আজাদ অত্যধিক ব্যপ্ত। তাদের মতে ওটা নাকি প্রোভিজনাল গ্রন্থেট। বিপ্লবের পর যেমন হয়। বিপ্লব কবে হলো যে প্রোভিজনাল গ্রন্থেটা হবে ধ কোদালকে কোদাল কলাই ভালো। ওটা বড়লাটের নিয়ন্ত্রণাধীনই থাকবে, নেহরু নামক প্রধানমন্ত্রীর নয়। প্রধানমন্ত্রী পদটাও কবিকল্পনা। বড়লাট বা মুসলিম লীগ কেউ সেটা মেনে নেবে না। উপ্রতিন দায়িত্ব ব্রিটিশ ক্যাবিনেট তথা ব্রিটিশ পালামেণ্টেরই থাকবে। ভারতের কেন্দ্রীয় আইনসভার নয়। অনাস্থা প্রযাব পাশ করে আইনসভা কাউকে পদচ্যুত করতে পার্বেন না। বড়লাট অসন্ত্রই হলে কিন্তু তা করতে পারবেন। আর মুসলিম আক্রের না। বড়লাট অসন্ত্রই হলে কিন্তু তা করতে পারবেন। আর মুসলিম আক্রের না। ওরা সহযোগিতা না করলে বড়লাট কংগ্রেসকেই বলবেন ওদের মানভঙ্গন করতে। বাপু কী করবেন ও জ্বাহর ও আজাদকে টেনে রাথবেন না যেতে দেবেন ও ভিতরে ভিতরে এটা গান্ধী বনাম জিল্লা। বাইরে থেকে মনে হর ব্রিটেন বনাম ভারত।"

মিলির অন্থরোধে নয়, মৃগ্যাফীদের অন্থরোধেই ওরা তাঁদের ওখানে থাকে। আশ্রমে ওদের হত্যে স্বতন্ত্র বন্দোবত হলে সেখানে উঠে যাবে।

মৃত্যাফীরা প্রত্যেক শুক্রবার বিনিভ করতেন। <sup>\*</sup>সন্ধ্যাবেলা তাঁদের

বৈঠকথানায় আসতেন শহরের গণ্যমান্ত উকীল, ডাক্তার, অধ্যাপক ও সরকারী কর্মচারী। সবরকম বিষয়েই আলাপ আলোচনা হতো।

রায় বাহাছর বাহুদেব হালদার বলেন, "কেবল ইংরেজদের দঙ্গে নয় মুসলমানদের সঙ্গেও একটা হততাপূর্ণ সম্পর্ক চাই। যেটা শাসক শাসিতের নয়, শোষক শোষিতের নয়, উচচ নীচের নয়। স্বীকার করতেই হবে যে ইংরেজদের কাছ থেকে আমরা যে সমানভাব প্রত্যাশা করি অথচ পাইনে আমাদের কাছ থেকে মুসলমানরাও সেই সমানভাব প্রত্যাশা করে অথচ পায় না। তাই মুসলিম লীগের প্রথম শর্ত হলো তাকে কংগ্রেদের সঙ্গে সনান মর্যাদা ও সমান ওজন দিতে হবে। যাকে বলে প্যারিটি। কিন্তু তার মানে দাঁড়াচ্ছে একই সিংহাসনে তুই রাজা। যার নাম বৈরাজ্য। ত্রিটিশ রাজের ছই উত্তরাধিকারী সমান ক্ষমতা ও দায়িত্ব নিয়ে একই সিংহাসনে বসবে এটা কী করে সম্ভব ? সঙ্গে দজে গৃহযুদ্ধ বেধে যাবে না? দারা শিকোবনাম আওরংজেব। আধুনিক আওরংজেবের দামর্থ্য থাক্লে তিনি আধুনিক দার: শিকোকে সম্পূর্ণ পরাও করে সমগ্র সামাজ্য অধিকার করতেন। তেমন সামর্থ্য त्ने इक्ष्या अप्तर्भत विभिन्नी अप्तर्भ मानी कत्रह्म। अधिक একপ্রকার প্যারিটি। গান্ধী জীর কথা **ভনে মনে হ**য় তিনি বিনা বলে ছয়টা প্রদেশ ছেড়ে দেবেন, কিন্তু একটি শর্তে। সোভরেনটি থাকরে উধর ভয় গরে ফেডারল গভন মেতের হাতে। সে তিনটিমাত্র বিষয় পরিচালনা করবে। দেশরক্ষা, পররাষ্ট্রনীতি, যোগাযোগ। জিল্লা সাহেবের এতে প্রবল আপতি: সোভরেনটি তিনি কিছুতেই ছাড়বেন না। তা হলে গিভ আছে টেক হয় কী করে ৷ গিভ আগণ্ড টেক বিনা কি কংগ্রেস লীগ চুক্তি সম্ভবপর ! কংগ্রেস লীগ চুক্তি না হলে কংগ্রেম লীগ সংঘর্ষ রোধ করবে কে ? ইংরেজ ? ইংরেজ কি চিরস্থায়ী ? ওরা তো এখন যাই যাই করছে।"

এর উত্তরে সৌম্য মুখ খোলে। "গান্ধীজী তো একথাও বলছেন যে, হয় কংগ্রেসকে নয় লীগকে কেন্দ্রের ভার দিয়ে ওরা এক্ষুণি বিদায় হোক।"

প্রথাত উকীল মোহিনীমোহন ধর রাজনীতিতেও ধুরন্ধর। তিনি চোথ বুজে ভনছিলেন। চোথ মেলে বলেন, "জিল্লার মতো তুথোড় পলিটিদিয়ান এদেশে আর জ্লাননি। গান্ধী চলেন ডালে ডালে তো জিল্লা চলেন পাডায় পাডায়। ক্যাবিনেট মিশনকে তিনি আগেই জানিয়ে রেখেছেন যে দীর্ঘ-মেয়াদী সমাধানের আঁখাদ না পেলে ব্রথেয়াদী সমাধানে তার আগ্রহ নেই।

পাকি থান হবে কি হবে না সেইটেই প্রথম কথা। ইনটারিম গভন মেণ্ট ভার পরের কথা। আর পাকিস্তান বলতে তিনি কেবল সেপারেট নয়, সোভরেন দেউটও বোঝেন। বাংলাদেশ হবে তার একটা প্রদেশ। আসামও আরেকটা। সেটাও নাকি মুসলিম নেশনের অংশ। ক্যাবিনেট মিশনকে তিনি ধাঁধায় ফেলেছেন। ইংরেজরা শান্তিপূর্ণ হস্তান্তবের পক্ষপাতী। অশান্তিপূর্ণ হস্তান্তর কংগ্রেমও চায় না। কিন্তু মুসলিম লীগ যদি বলে, আমরা পাকি স্থানের জন্মে লড়তে তৈরি, মরুক না লাথে লাথে হিন্দু মুসলিম শিথ তা হলে অশান্তির চ্ডান্ত হবে। এই নির্বাচনেই তো দেখা গেল মুসলিম নির্বাচনকেন্দ্রে মুসলিম লীগের জয়জয়কাব। 'জারের যম জারমলীন। হিন্দুব যম জুরুদ্দীন। হুৰুদ্দীনকে ভোট দিন। পাকিস্তান জিতে নিন।' বিপুল ভোটাধিক্যে মুধলিম লীগের জয়। কুষক প্রজার জামানত বাজেয়াপ্ত। জিলা সাহেব এখন থেকেই পাকিস্তানের বাদশা বনে বদে আছেন। অশান্তিকে তিনি ডরান ন।। কেহাদ বলে একট। অস্ত্র আছে তাঁর তুণে। গান্ধাঞ্জীর সত্যাগ্রহের চেয়ে চের বেশী োরালো। দেশের জন্মে যাবা প্রাণ দিতে অনিচ্ছুক ধর্মের জন্মে তারা প্রাণ দিতে ও প্রাণ নিতে প্রস্তত। গান্ধীজীর পরামর্শে দারা ভারত যদি মুধলিম লীগের হাতে ধরিয়ে দিয়ে ইংরেজরা বিদায় হয় তা হলে তার পরের দিনই পানি বথের যুদ্ধ। হিন্দু মহাসভা অথও ভারতের জন্মে লড়বে। দিন দিন তারও প্রভাব বাড়ছে। সমান ভায়োলেক। আওরংজেব বনাম শিবাদী।"

সৌম্য প্রতিবাদ করে না। গ্রামে গ্রামে ঘ্রে সেও আঁচতে পারছে হিন্দু ন্সলমানের জন্ধী মনোবৃত্তি। হিন্দুদের সংখ্যার গোর কম, তাই দাপট কম, নইলে তারা যে অহিংসার পূজারী তা নয়। সে সর্বপ্রকার যুদ্ধেন্ন বিরোধী। গৃহযুদ্ধের বিরোধী তো বটেই। কিন্তু আর-একটা যুদ্ধবিনোধী আন্দোলন করার মতো দম তার সহক্ষীদের নেই।

গৃহকর্তা ক্যাপটেন মৃত্যাফী বিতর্কে যোগ দেন। "এর কোনো সামরিক সমাধান নেই, মোহিনী। তোমরা নেতারা একটা রাজনৈতিক স্মাধান থুঁজে বার করে। ক্যাবিনেট । মুশনও তারই অন্বেশ করছে। আমার জামাতা স্কুমারের মূখে শুনেছি বিটিশ প্রধানমন্ত্রী অ্যাটলী স্বয়ং ভারত সম্পর্কে দিদ্ধান্তের ভার নিয়েছেন। ভারত সম্পর্কি ফাইল এখন তাঁর নিজের দেরাজে। কাউকে জানভেই দিচ্ছেন না বিটেন কী করবে না করবে। তবে

গ'ক্ষীকে তিনি পছন্দ করেন না, গত মহাযুদ্ধের সময় গান্ধী ইংরেজদের পিঠে ছোরা মেরেছিলেন। জিল্লাকেও তিনি আস্কারা দিতে চান না। জিলার অস্ত্র জেহাদ নয়, তীটো। দে অস্ত্র আাটলী সাহেব জিল্লার হাতে থাকতে দেবেন না। জিল্লাও কিছুদিন পরে টের পাবেন যে ইংরেজ তাঁর থেলা থেলবে না, তাঁকেই ইংরেজের থেলা থেলতে হবে। মান অভিযান বুথা।"

মোহিনীবার চোথ মিটমিট করে বলেন, "ছাখ, কালীক্লফ, তুমি ছাড়া আর কেউ আমাকে নেতা বলে লজ্জা দেয় না। আমার ক্বক প্রজা দল তো গোহারান হেরেছে। লোকের মজাজ এখন তিরিক্ষি হয়ে রয়েছে। যেখানে অবজেকটিভ চেগু সম্ভব নয়, সেথানে সাব্যেকটিভ চেগু দিয়ে প্রিস্থিতিকে শাস্ত করতে হয়। অবছেকটিভ চেও বলতে বুঝি ভূমিগীনকে ভূমিণান, কর্মহীনকে কর্মদান, মুদ্রাফ্রীতিরোধ, ধনিকদের উপর বাধত কর। ইংরেজ কর্তাদের দিয়ে এদব প্রয়োজনীয় বস্তগত পরিবর্তন হবে না, ওঁরা দেটা উপলব্ধি করেছেন। আর সাবজেকটিভ চেঞ্চ বলতে বোঝায় ক্ষমতার হস্তান্তর। ইংরেজরা এখন এর গুল্লে তৈরি। তারা গ্রানে এখন যদি যায় মানে মানে যাবে। দেবি করলে মারামারির মধ্যে ছড়িয়ে পড়বে। ছট খুলতে পারবে না। শত কলেক ইংরেজ প্রাণে মরতেও পারে। কিন্তু প্রশ্ন হলো এরিধা যেমন বলেছিলেন, কান্ত হেন গুণানধি কারে দিয়ে যাব ? ভারত হেন সামাজ্য কাকে দিয়ে যাব ? কংগ্রেদকে ? না, কংগ্রেদকে যোল আনা কিছুতেই নয়। মুস্লিম লীগতে ৷ না মুস্লিম লীগকে চিন্দুপ্রধান বা শিথপ্রধান অঞ্জ কথনো নহ। তা হলে কি পার্টিশন । পার্টিশন হলে কেবল ভারতের কেন । বাংলার নয় কেন ্ পাঞ্চাবের নয় কেন ্ দে রকম একটা শিদ্ধান্ত নেবার আগে হুই বা তিন পক্ষের সম্মতি নিতে হবে। উপর থেকে চাপিয়ে দিতে গেলে বিপত্তির অবধি থাকবে না। পক্ষপাতের অভিযোগ উঠবে। হিন্দু মুসলিম শিথ আলাদা আলাদা করে ইংরেল্পেরই পদাধাত করে ভাড়াবে। নেগোশিয়েশন ফেল করলে ইংরেজদের সর্বনাশ, অথচ কংগ্রেম ীগের পৌষমাস নয়। এই তুই দলের মধ্যে একটা বোঝাপড়া দরকার। ভার জত্তে যদি সালিশী করতে হয় এই অধমকে ডাকলে এই অধম দোরে দোরে গিয়ে পাবে ধরে দাধতে রাজী। শিখদের আমি চিনিনে। কিন্তু অতা হুই পক্ষকে চিনি। একদা কেন্দ্রীয় আইন্দভার দদস্য ছিলুম। িন্নার ইণ্ডিপেণ্ডেন্ট পাটিরি মেন্ব। দেদিনকার দেই প্রীতির সম্পর্ক আর নেই। তিনি দেই দল ভেঙে দিয়ে আইনসভায় মুসলিম লীগ দল গড়ায় আমিও ছিটকে পড়ি। কেন্দ্রে নয়, বাংলার আইনসভায় আমার দল হয় রুষক প্রজা দল। তবু পরিচয় দিলে দিরা নিশ্চয়ই চিনবেন। কংগ্রেসও এককালে ছিলুম। তার পর সি. আর. দাশের স্বরাজ পাটিতে। অনেক ঘাটের জল খাওয়া হয়েছে। কিন্ধু এখন আমি না ঘরকা না ঘাটকা। সকলের সঙ্গে কখা বললে তবেই তো ব্রাতে পারব কোন্ সমাধানটা সকলের গ্রহণযোগ্য হবে। একপক্ষ নিল, অপরপক্ষ নিল না, এমন যদি হয় তবে আমিও তো বার্থ।"

বাহ্নদেব হানদার হাসেন। "সকলের গ্রহণযোগ্য সমধান দেবা ন জানস্থি কুতো মন্থ্যাঃ। ইংরেজরা নি তার জন্তে অপেক্ষা করে তবে আরো অর্ধ শুজাদী অপেক্ষা করতে হবে। ততদিন অপেক্ষা করা ওদেরও মত নর, গামাদেরও মত নর। চেঞ্জ একটা চাইই চাই। তার জন্তে চাই একটা রাজনৈতিক সমাধান। সেটা যে আদর্শ সমাধান হবে এমন কোনো বাধ্য-বাধকতা নেই। নাই মামার চেয়ে কানা মামাও ভালো। বোল আনা কোনো পক্ষই পণ্রে না। লভাই করলেও না। বৃদ্ধিমানের কাজ গিভ আতি টেক। সেটা যেভাবেই হোক। ক্ষমতা ভাগও হতে পারে। দেশ ভাগও হতে পারে। প্রদেশ ভাগও হতে পারে।"

নৌমা প্রতিবাদ করে। "না না, দেশভাগ নয়। দিয়ু, গঙ্গা, ব্রহ্মপুত্র অবিভাজ্য। না, না, প্রদেশভাগ নয়। বাংলার ভাষা, বাংলার সঙ্গাঁত অবিভাজ্য। ক্ষমতা ভাগে আমার আপত্তি নেই। ক্ষমতা ভাগ কেন, ক্ষমতার সবটাই নিক না মুসলিম লীগ। ক্ষমতা মানেই দায়িত্ব। দায়িত্বকে ভাগ করতে পারা যায় না। মুসলিম লীগ এককভাবেই নিক বাংলাদেশে সরকার গঠি রে দায়িত্ব। অবিচার, অত্যাচার দেখলে আমরা সত্যাগ্রহ কয়য়। এমন ইস্কারে সভ্লাগ্রহ কয়য়। এমন ইস্কারে ভ্লানীতি বানচাল করে দেবে। আমার কাছে বিরোধিতা কয়ার অধিকারটাই গৌরবের। বিরোধিতা অবশ্য কথায় কথায় নয়। মূলনীতির প্রশ্নে। যেখানে সরকার গঠনের দায়িত্ব কংগ্রেস নিয়েছে সেখানে মূলনীতির প্রশ্নে সত্যাগ্রহ কয়ার অধিকার মুসলিম লীগেরও রয়েছে। আমিই তখন লীগের পঞ্চ নিয়ে সত্যাগ্রহে নামব। গণতন্ত্রে বিরোধী পক্ষেরও মর্যাদা অনেক। মূললিম লীগ সেই মর্যাদা লাভ করবে কেন্দ্রীয় আইনসভাল ও বহুসংখ্যক প্রাদেশিক আইনসভায়। তবে অলাক্য গণতান্ত্রিক ব্যবস্থার কয়েক বছর অন্তর অন্তর

পালাবদল হয়। বিরোধীপক্ষ হয় সরকারপক্ষ। সরকারপক্ষ হয় বিরোধীপক্ষ। ভাই তুই পক্ষেরই স্বার্থ গণভান্ত্রিক শাসনভন্তকে বলবং রাখা। আমাদের দেশে সেটা কিন্ধ ব্যাহত হয়েছে স্বতন্ত্র নির্বাচন পদ্ধতির বারা। তার বদলে যদি যৌথ নির্বাচন পদ্ধতি থাকত স্বতম্ত্র নির্বাচননির্ভর মুদলিম লীগ গড়ে না উঠে যৌথ নির্বাচননির্ভর ইউনিয়নিস্ট পার্টি গড়ে উঠত ও সে পার্টি একদিন কংগ্রেসের মতো হিন্দু মৃসলমানের মিশ্র ভোটে নির্বাচনে জিতে সরকার গঠন করত। কনষ্টিটয়েণ্ট অ্যাদেম্বলীর প্রথম কাজ হবে স্বতন্ত্র নির্বাচনের পরিবর্তে যৌগ নিৰ্বাচন প্ৰৰ্তন। তথন জিল্লা সাহেব আবার ইণ্ডিপেণ্ডেণ্ট পাটি র মতে। একটা মিশ্র দল পত্তন করবেন ও হিন্দু মুদলমান পার্শী গ্রীস্টানের ভোটে জিতে সরকার গঠন করবেন। কংগ্রেস কি চিরস্থায়ী ? এর উৎপত্তি হয়েছে ব্রিটিশ গভর মেন্টের অপোজিশন হিদাবে। ব্রিটিশ গভর মেন্ট মহাপ্রস্থানে গেলে কংগ্ৰেস্ও মহাগ্ৰন্থানে যাৰে। সঙ্গে সঙ্গে নয়, পাঁচ দুশ কি বিশ বছৰ বাদে। কংগ্রেস সরকারের বিরোধী পক্ষই কংগ্রেসের প্রাজয় ঘটিয়ে সরকার গঠন করবে। এমনও হতে পারে যে কংগ্রেসও হু'ভাগ হয়ে যাবে। দক্ষিণপন্থী বনাম বামপস্থী। গত কয়েক বছর হলো তার লক্ষণ দেখা যাচ্ছে। এই মুহুর্তে বামপন্থীরা দক্ষিণপন্থীদের চেয়ে তুর্বল, কিন্তু বুদ্ধদের মৃত্যু বা অবসরগ্রহণের পর বামপন্থীরাই প্রবল হবে। আমার তো বিশাস এই অধ্যায়ের শুক হণেছে স্বতম্ব নির্বাচন পদ্ধতি প্রবর্তনের পর থেকে। সেই স্বতন্ত্র নির্বাচন থেকেই ধাপে ধাপে এদেছে স্বতন্ত্র বাষ্ট্রেব পরিকল্পনা। তবে ইংরেছরা বোধ হয় ভাবতেই পারেনি যে তাদের ডিভাইড আণ্ড রুল নীতির পরিণাম হবে ডিভাইড আত্র কুঠট। তারা কুইট করতে চায় করুক, নগতো আরে। কিছুকাল থেকে আবার এক বিদ্যোহের সম্মুখীন হোক। কিন্তু ডিভাইড করতে হয় তো ওদের বিদায়ের পর আমরাই ভাইয়ে ভাইয়ে করব, ওরা নিরপেক্ষ সেজে পিঠে ভাগ করে দিয়ে যাবে কেন ? আমি বিশাস্ট করিনে যে ওরা ব্যালান্ম অভ্পাওয়ার নিজেদের হাতে রাথবে না। কংগ্রেম নেভাদের মধ্যে একটা দোনোমনো ভাব আছে। গান্ধী জী কিন্তু অটল ও অনড। পাকিস্তান দিতে হয় আমরাই দেব, ইংরেজরা নয়।\*

মোহিনীবাবৃকে দেশে মনে হচ্ছিল তিনি ঘুমিয়েই পড়েছেন। তা নয়। তিনি চাঙ্গা হয়ে বলেন, "জিল্লা মানুষটি যে কত বড়ো তুথোড় পলিটিসিয়ান তার ধারণাই নেই গান্ধী মহারাজের। হবে কী করে? তিনি কি সত্যাগ্রহ আর গঠনকর্ম ছাডা আর কোনো বিষয়ে মাথা খাটিযেছেন ? তিনি যেমন সত্যাগ্রহ ও গঠনকর্ম বিশেষজ্ঞ, জিল্লা তেমনি পাল নিদ্টারি ও কনষ্টিটিউশনাল স্পেশিয়ালিস্ট। তিনি এই নিয়ে লেগে আছেন প্রত্রেশ বছর ধরে। গান্ধী, বল্লভভাই, রাজেক্দপ্রসাদ, আজাদ, নেহক এ রা তার তুলনায় এমেচার। ধরো, মুদলিম লীগ যদি কনষ্টিট্য়েণ্ট আাদেম্বলী বয়কট করে তবে কংগ্রেদ কি মেজরিটির ভোটে দেপারেট ইলেকটোরেট তুলে দিয়ে জয়েণ্ট ইলেকটোরেট প্রবর্তন করতে সাহস পাবে? দেশময় দার্শাহাঙ্গানা বেধে যাবে না? কে থামাবে যদি ইংরেজরা না থামায় বা থামাবার শক্তি রাথে ? মুসলমানরা যেদিন একবাক্যে বলবে যে সভন্ত নির্বাচন চাইনে, যৌথ নির্বাচন চাই, সেদিন এ আপদ যাবে। কিন্তু দেটা হবে পাকিস্তান অর্জনের পর তার কুফল দেখে। তার আগে নয়। আপাতত মুদ্লিম লীগ যদি শাসনত্ব রচনায় সহযোগিতা না করে তবে শুধুমাত্র মেজরিটির ভোটে বিরাট কোনো পরিবর্তন আশা করা যায় না। কারণ কংগ্রেদের মেলরিটি হচ্ছে কলেকটি ব্যতিক্রম বাদে হিন্দু মেজরিটি: একটা সম্প্রদায় কথনো আবেকটা সম্প্রদায়ের নিয়তি নির্ধারণ করতে পারে না। করতে গেলে গৃহ্যুদ্ধ অবধারিত। তবে একবার পাকিন্তান স্বীকার করে নিলে তুই সম্প্রাণায়ে মিলে একটা আপদে পৌছতে পারে। জিলা বার বার সেই ক্রাই বলে আসছেন। আপস মানে কংগ্রেস লীগ কোয়ালিশন। কংগ্রেদের মন মেজাজ যতদ্র আমি বুবিা সে কারো দঙ্গে কোয়ালিশনে রাজী হবে না, যদি না কংগ্রেদ হাই কমাণ্ডের প্রামর্শ অনুসারে কোয়ালিশন সরকারের মন্ত্রীরা কাজ করেন। মুসলিম লীগেরও একটা হাই কমাও হয়েছে। দে ভাতে নারাজ। তুই হাই কমাণ্ডেব গুঁলোগুঁতি কোম: সিশন সরকার ছত্রভঙ্গ হবে। আর কোখায় না হোক বাংলাদেশে কংগ্রেদ লীঃ কোয়ালিশন গভন মেণ্ট গঠন করতে পারা যেত। কিন্তু পাবা যাবে না। সারণ কংগ্রেস হাই ক্যাণ্ড বা লীগ হাই ক্যাণ্ড কোনো পৃষ্ট তাঁদের কণ্টে লৈ ছাড়বেন না। এই অধ্যের উপর যদি ভার দেওয়া হতো এই অধ্য দালিশী করতে এগিয়ে যেত। কিন্তু এই অধম এথন সর্বদল পরিত্যক্ত। তবে আমি একবার চেমা করে দেখব কনপ্রিটিওয়েণ্ট আানেম্বরীর নির্বাচনে দাঁডালে কেউ আমাকে ভোট দিয়ে দেখানে পাঠায় কি না। জিল্লার দঙ্গে আমার যেমন যোগাযোগ বাংলাদেশে আর কারো তেমন নয়। আর জিলাই যে নাটের গুরু এটা তোমাকে স্বীকার করতেই হবে, সৌম্য। নাটের গুরু ভালোর জন্মেও বটে, মন্দের জন্মেও বটে।

দেবার লখনউতে কংগ্রেদ লীগ প্যাক্ট হয়েছিল টিলক আর জিয়ার মধ্যস্থতায়।
এবারও দেইরকম একটা প্যাক্ট হতে পারে রাজাজী আর জিয়ার মধ্যস্থতায়।
রাজাজীর সঙ্গেও এই অধ্যের প্রীতির সম্পর্ক। কিন্তু এখন তাঁর ত্দিন যাচেছ।
তিনি কুইট ইণ্ডিয়া আঁন্দোলনে যোগ দেননি বলে মাদ্রাজের প্রাদেশিক
গভন মেট গঠন করার সময় তাঁকে প্রধানমন্ত্রী করা হয়নি। অথচ তিনিই তো
সর্বপ্রথম পদত্যাগ করেছিলেন। কোথায় কৃতজ্ঞতা ? রাজনীতিতে কৃতজ্ঞতা
বলে কোনো পদার্থই নেই। মহাত্রারও একদিন সেই দশা হবে।"

সৌম্য বৈরাগ্যের সঙ্গে বলে, "তিনিং রাজক্ষমতা চাননি ও চান না।"

এতক্ষণ বাদে মৌনভঙ্গ করেন অধ্যাপক মাহমুদ শরীফ। "কাখদে আভম জিলাহ্ সাহেবও কি ক্ষমতা চেয়েছেন না চান । ডিনি চান সমতা। হিন্ মুদলমানের দমতা, কংগ্রেদ লীগের সমতা, হিন্দুখান পাকিস্তানের দমতা, গান্ধী জিলাহর সমতা। কংগ্রেস নেতাদের কাছে লিবাটি ই স্বচেয়ে কাম্য। লীগ নেতাদের কাছে ইকুয়ালিটিই সবচেয়ে কাম্য। এই যে পাকিস্তানের দাবা এটা প্রকৃতপক্ষে সমতার দাবা। স্বরাজের দাবা যেমন স্বাধীনতার পাকিভানের দাৰী তেমনি সমতার। ইংরেজরা বিধায় নিলে স্বাধীনতা আসবে, কিন্তু সমতা আস্বেনা, যদি না পাকিস্থানের রূপ ধরে আসে। তার মানে এক নেশন নয় হুই নেশন। সমতার প্রয়োজন আছে এটা যদি মেনে নেন তা হলে পাকিসানেরও প্রয়োজন আছে এটাও মেনে নিতে হবে। সমতার থাতিরেই বাংলাদেশকেও পাকিস্তানের সামিল করা হচ্ছে, বাংলাদেশ হবে পূর্ব পাকিস্তান, স্বতন্ত্র ও স্বাধীন বাঙ্গালীস্থান নয়। সমতার প্রয়োগ না থাকলে এর মতো ধেঁকাৰাজি আমরা সহু করতুম না। এখনো সময় আছে, এখনো দেশভাগ নিবারণ করা যায়, কিন্তু কংগ্রেসের নাছোড়বান্দা মনোভাব ও মুসলিম লাগের যুদ্ধং দেহি মনোবৃত্তির ফলে দেশ যদি স্তিয় স্তিয় ভাগ হয়ে যায় তবে স্বাধীনতাও আদলে, সমতাও আদৰে, কিন্তু আদৰে না মৈতা। সাম্য মৈতী স্বাধীনতার একটি ৰাদ প্রতবে। হিন্দু সুদল্মান প্রস্পরের বৈরী হয়েই কে জানে কতকাল কাটাবে ৷ দেশ একবার ভাগ হয়ে গেলে আবার একদিন স্থোভা লাগবে এটা একটা দিবাস্বপ্ন। একাকাব করার জন্তে একটা রাষ্ট্র ছাতিয়ার শানালে অধ্রটাও হাতিয়ার শানাবে। বলপ্রীক্ষায় হিন্দুখান জিতবে, পাকিস্থান হারবে, এমন সম্ভাবনা দেখলে ব্রিটেন ছুটে আসবে হস্তক্ষেপ করতে। পাকিতান একবার হলে বরাববের ছত্তেই হলো মনে রাথবেন।

তৃতীয় পক্ষ যতদিন থাকবে দেশভাগও ততদিন থাকবে। ভারত ছেড়ে যাওয়া মানে ছনিয়া ছেড়ে যাওয়া নয়। ইংরেজকে ছনিয়া ছাড়াতে পারে এত শক্তি কংগ্রেদের বা হিন্দুর বা হিন্দুস্থানের নেই। গান্ধীজী ও তাঁর অহিংসা দেশকে স্বাধীন করতে পারে, কিন্তু একাকার করতে পারে না। অন্তত এখনো তা পারেনি। একাকার যে এথনো রয়েছে এটা তৃতীয় পক্ষের কল্যাণে। তবে একাকার করাই যদি শ্রেয় হয় তবে কাফদে আজ্যের সঙ্গে সমানে সমানে এগ্রিমেণ্ট করতে হবে। একপক্ষ মেজরিটি অপরপক্ষ মাইনরিটি এটা এগ্রিমেণ্টের মূলস্থ্র নয়। আমরা আজকাল নিজেদের আর ইণ্ডিয়ান কাশনাল মাইনরিটি ্বলে ভাবিনে। আমরা পাকিতানী অশেনাল মেজরিটি। এটা একটা ঐতিহাসিক বিবর্তন। আপনারা এখনো ভাবছেন যে আপনারা ইণ্ডিয়ান ন্তাশনাল মেজরিটি। আপনাদের চিন্তার বিবর্তান হয়নি। প্যারিটিই হচ্ছে পাকিস্তানের বিকল্প। আমরা যদি সারা ভারতে প্যারিটি পাই তা হলে পাকিস্তানের জ্বের উদ্প্রীব হব না। পাকিস্তানে দারা ভারতের মুব নুদলমানের লাভ হবে না। যাবা হিন্দুখানে গাকতে চাইবে বা থাকতে বাধ্য হবে তাদের অপুরণীয় ক্ষতি হবে। আর আমরা বাঙালা ম্দলমানরাও যে অবাঙালা মুসলমানদের দর্ব ৮টে ্রথে স্থী হব তা নয়। আপিস মাদালত, দোকান বাজার, কল কারখানা, চায়ের জমি ভরে যাবে তাদের মাইগ্রেশনে। পাকিস্থানের পক্ষে তারা ভোট দিয়েছে, তাদের মাইগ্রেশনের অধিকার আছে। দব চেয়ে বড়ো বৈষম্য হবে যদি পূর্ব পাকিন্তান বলতে বোৱায় কেবল পূর্ব বন্ধ ও সীলেট। দেশভাগ চাইলেও প্রদেশ ভাগ আমরা চাইনে: আশা করি কংগ্রেসও চাইবে ন।। চাইলে কিন্তু বাঙালী হিন্দু : .র বাঙালী মুসলমান উভয়েরই ধর ভেঙে যাবে। বাঙালী জাতায়তার বনিয়াদ ধ্বদে যাবে I"

দিভিল দার্জন বীরেন্দ্রনারায়ণ নিয়োগী উত্তেজিত হয়ে বলেন, "আপনারা দেখছি গাছেরটাও থাবেন, তলারটাও কুড়োবেন। নুসলমান হিসাবে পাকিথান আর বাঙালী হিসাবে সমগ্র বাংলাদেশ। লর্ড কার্জনের বঙ্গভঙ্গ রন করার জল্মে কত লোক ফাঁদী গেল, আন্দামানে গেল, জেলে গেল, বেত থেল, জরিমানা দিল। তার ফলে বঙ্গভঙ্গ রন হলে। এখন সারা বাংলার তথ্তে আপনারাই রাজা হরে বসেছেন, তাতেও সম্ভষ্ট নন, গোটা বাংলাদেশকে স্টেণিং সেটান হরে পাকিথান নামক স্বতন্ত্র এক রাষ্ট্রেব দিংহাদনে আরোহণ

করতে চান। বঙ্গভঙ্গ রদ করে আমর। বিহারে ঠকে গেছি, ওড়িশায় ঠকে গেছি, আসামে ঠকে গেছি, বাংলাদেশেও ঠকে গেছি। কোনোখানেই একজন বাঙালী হিন্দু প্রধানমন্ত্রী নেই। বাঙালী হিন্দু অফিসার ক্লাস এখন অনাথ।"

মৃত্যাফী তাঁকে শাস্ত করে বলেন, "দেখুন, ডাক্তার সাহেব, বন্ধভদ রদ না হলে বাঙালী হিন্দু অন্থ দিক দিয়ে ঠকে যেত। বাঙালী জাতীয়তাবাদ বলে একটা মতবাদ গড়ে উঠত না। সাহিত্য, চিত্রকলা, কারুশির, ইণ্ডান্ত্রি, শিক্ষাদীক্ষা—কত দিক দিয়ে কত প্রগতি হয়েছে ভেবে দেখবেন। এই যে আজ বাঙালী মৃলনানের মৃথে বাঙালী জাতীয়তাবাদের তত্ত্ব শুনছেন এটাও সেই আন্দোলনের স্থালন। তবে এঁদের দোটানা এখনো যায়নি, এঁরা ইসলামের প্রতি আহুগত্য আরু মাতৃভূমির প্রতি আহুগত্য তুই আহুগত্যের মধ্যে দোল খাছেন। এটা একটা সাইকোলজিকাল কেস। এটাকে সংখ্যাধিক্য বা সংখ্যারতা দিয়ে বোঝানো যায় না। কিছুকাল পাকিন্তানে বাস করলে পরে এঁদের দোটানা কেটে যাবে। তখন দেখবে এঁরাও সমান বাঙালী জাতীয়তাবাদী। তৃ:থের বিষয় তার জন্মে হয়তো আবার বন্ধভন্ধের দরকার হবে। আমার মেয়ে মিলি এখন সেই সিদ্ধান্তে পৌছেছে।"

"মধুমালতীর পক্ষে ওটা একটা ডিফিট।" মোহিনীবাবু বলেন। "বাঙালী হিন্দুদের পক্ষেও, ওদের দাবা যদি হয় কার্জনের প্রেতকে জীয়ানো। হিন্দু মুসলমানের সম্পর্ক একটা পুরনো বোতল। এর মধ্যে একটা নতুন মদ এসে চুকেছে। ইণ্ডিয়াম ত্যাশনালিজম। ইণ্ডিয়ান ত্যাশনালিজরা যথন আট আটটা প্রদেশ সাধারণ নির্বাচনে জিতে মন্ত্রিত্ব নেয় তথনি আমার বুকটা ছাঁাৎ করে ওঠে। যেথানে নবাব বাদশারা রাজত্ব করেছেন দেখানে গোবিন্দবল্পভ পন্ত, শ্রীকৃষ্ণ সিংহ প্রধানমন্ত্রী। মুসলিম জনমত সহ্ করবে? এর পরের ধাপ তো দিল্লীর লাল কেলায় ত্রিবর্ণ পতাকা উত্তোলন। মুসলিম জনমত ফেটে পড়বে না ? সেটা বন্ধ নাকরতে পেরে তারা করবে স্বাধীনভাবে কলকার্তার ফোট উইলিয়ামে চাঁদ তারা মার্কা সবুজ নিশান উত্তোলন। তার জন্তে করতে হবে পাকিস্থান হাসিল। হয় কংগ্রেসের সঙ্গে চুক্তি করে, নয় ইংরেজের সঙ্গে যুক্তি করে, নয় গ্রামে গ্রামে শহরে শহরে রাস্থায় রাস্থায় লড়াই করে। ইংরেজ লেথক এডওয়ার্ড টমসনকে জিল্লা পাহের একখা বলেছেন। কথাটাকে হালকাভাবে নেওয়া উচিত নয়। ডিল্লা একজন তুথোড় পালটিসিয়ান।"

মৃত্যাফী হাত জোড় করে বলেন, "আপনারা কেউ না খেয়ে যাবেন না মিলির বন্ধু জুলির আজি রালার পরীকা। ওর মাদিমা ওকে শেখান।'

## ॥ ধোল ॥

যারা যাবার কথা ভাবছিলেন তাঁরা থাবার কথা ভেবে জাঁকিয়ে বদেন। ডাক্তার নিয়োগী অধ্যাপক শরীফের দিকে চেয়ে বলেন, ''হিন্ মুসলমানের সদ্ভাব কে না চায়? কিন্তু তার জত্তে হিন্দুকেই দাম দিতে হবে, মুদলিমকে নয়. এ কেমন কথা । প্যারিটি চ্যারিটি নয়। দরাদ্রির ব্যাপার। দরাদ্রির জত্তে সরাসরি কথাবার্তা চালাতে হয়। তৃতীয় পক্ষকে মাঝখানে রেখে সরাসরি কথাবার্তা হয় না। আর প্যারিটি বা চ্যারিটি সেই তৃতীয় পক্ষ অনিচ্ছুকের উপর চাপিয়ে দিতে পারে না। হিন্দুদের উপর জোর জুলুম করার সাধ ৰা সাধ্য কোনোটাই আজ ইংরেজদের নেই। তারা এখন চাচার মতো আপনা বাঁচাতেই ব্যস্ত। আর গ্রামে গ্রামে শহরে শহরে রান্তায় রান্তায় লডাই করার হুমকি যাঁরা দিচ্ছেন তারা যদি তুথোড় পলিটিসিয়ান হয়ে থাকেন তবে তাদের জানা উচিত যে শাশান ও গোরস্থানের মধ্যে প্যারিটি হলে ন'কোটি হিন্দু ও ন'কোটি মুদলমান ফৌত হবে। তার পরেও বাইশ কোটি হিন্দু বেঁচে থাকবে, কিন্তু একটিও মৃসলমান বেঁচে থাকবে না। যদি না ইংরেজ তাদের পক্ষ নেয়। কিন্তু পক্ষ নিলে ইংরেজও তো কয়েক হাজার মরবে। দে ম্পৃহা কি ভাদের কারো আছে ? হিন্দুরা ও শিথেরা ভাদের জ্বতো জার্মানদের সঙ্কে, ইটালিয়ানদের সঙ্গে লড়েছে। জাপানীদের সঙ্গে লড়তে গিয়ে বন্দী হয়েছে। আবার যদি মহাযুদ্ধ বাবে আবার হয়তে। ইংরেজদের পশ্তে লড়বে। তাদের শত্রু করে ইংরেজদের কী লাভ ? জিল্লা দাহেব যদি হুমকি দেবার সময় মনে মনে ধরে নিয়ে থাকেন ফে ইংরেজরা তাঁর হয়ে হিন্দু ও শিথদের সঙ্গে লড়ৰে তা হলে তিনি তাঁর বিজ খেলার পার্টনারের হাতে কী কী তাদ আছে তা না জেনে নিজের হাত দেখেই ওভারকল করছেন। যারা তুথোড় থেলোয়াড় তারা ওভারকল করে না। তিনি হয়তো এটাও ধরে নিয়েছেন যে অহিংসাবাদী গান্ধী অনশন টনশন করে হিংসাবাদী হিন্দুদের নিবৃত্ত করবেন। অমনি করে মৃথরক্ষা ও শেষরক্ষা হবে। কিন্তু জেহাদ যারা

ভক্ষ করবে তারা অত সহজে দেটা থামাতে পারবে না। হিটলার পারেনি, তোজো পারেনি। থামবে যথন তথন দেখা যাবে যে লক্ষ লক্ষ হিন্দু মৃদলমান শিখ নিহত হয়েছে। আরো বেশী প্রাণ নিয়ে পালিয়েছে। দর্বনাশের মুথে দাঁড়িয়ে একটা দীজ-ফায়ার হয়েছে। দীজ-ফায়ারের সময় যা হয়, এ পক্ষও কিছু রেখেছে, ও পক্ষও কিছু রেখেছে। দেই পর্যন্ত পাকিতানের দীমানা, হিন্দুখানের দীমানা। কোনো পক্ষই তাতে বিশেষ লাভবান হবে না। পরে আবার একহাত লড়বার জ্বো মনে মনে তৈরি হবে। দেটা আর যাই হোক অহিংস নয়। গান্ধীর দিন গেছে। জিল্লাকে মোকাবিলা কল্পতে হবে জ্বাহরলালের সঙ্গে।"

অধ্যাপক শরীফের মৃথ শুকিয়ে যায়। মৃতাফী বলেন, "ভাকার সাহেব, আপনি অত উত্তেজিত হচ্ছেন কেন ? ক্যাবিনেট মিশন এসেছেন তিন পক্ষের গ্রহণযোগ্য সমাধান বার করতে। সক্লের সঙ্গেই তারা কথা বলছেন। সকলেই চায় শান্তিপূর্ণভাবে ক্ষমতার হতান্তর। ইচ্ছা থাকলে উপায় থাকে। ইংরেজদের দিক থেকে আমি তো ইচ্ছার কোনো অভাব দেখছিনে। কংগ্রেস নেতারাও ইচ্ছুক। লাগ নেতারাও তাই। দেশের আবহাওয়া ইতিমধ্যেই অনেকটা ঠাণ্ডা হয়ে এসেছে। আরো কিছুদিন পরে আরো ঠাণ্ডা হবে। তবে পুরোপুরি নর্মাল হবে বলে মনে হয় না। অর্থনৈতিক কারণে মান্ত্র্য উদ্ভোক। কী হিন্দু, কী ন্সলমান।"

মোহিনীবাবু চোধ বুজে কী ভাবছিলেন। চোথ মেলে বলেন, ''জিল্লার সঙ্গে আমি কাজ করেছি। তাঁকে আমি ভালো করেই চিনি। পাকি প্রানের উদ্ভাবক চৌধুরা রহমৎ আলা লণ্ডনের এক রেস্টোরান্টে এক ভোজ দেন, তাতে যাঁরা উপস্থিত ছিলেন তাঁদের একজন হলেন ইকবাল, আরেকজন জিল্লা। পাকিপ্রানের প্রশুবি জিল্লা সরাসরি থারিজ করে দেন। ওটা অবাস্তব। তা হলে এমন কা ঘটল যে সেই জিল্লাই বছর পাচেক বাদে লাহোরে মৃসলিম লীগের অধিবেশনে মৃসলমানদের জন্মে স্বতন্ত্র বাসভূমির প্রস্থাব পাশ করিয়ে নিলেন? এর উত্তর নতুন ভারত শাসন আইন অফ্সারে প্রাদেশিক স্বায়ত্ত-শাসন প্রবর্তন করতে গিয়ে দেখা গেল কংগ্রেস ছয়টি প্রদেশে একক মেজরিটি প্রেরছে, আরো ছটি প্রদেশেও সে লীগকে সঙ্গে না নিয়েও মল্লিমণ্ডল গঠন করতে পারে। কোন্ ছঃথে সে লীগের সঙ্গে কোয়ালিশন করতে চাইবে প্রিটিশ সরকারের সঙ্গে মভবিরোধ হলে সে বরং পদ্ত্যাগ করে বনবাদে যাবে

তবু মুদলিম লীগের শর্তে রাজী হবে না। শাদনতন্ত্রের অন্তশাদন অন্ত্রারে প্রতি ক্ষেত্রে মাইনরিটিদের প্রতিনিধি থাকা আবশ্রক। জিলা আশা করেছিলেন যে মাইনরিটির প্রতিনিধি একমাত্র মুদলিম লীগ থেকেই নেওয়া হবে আর গভনরিরাও সেই নির্দেশ দেবেন। দেখা গেল কংগ্রেস তার নিজের দল থেকেই মুদলিম সম্প্রদায়ের প্রতিনিধি নিয়েছে। আর গভন ররাও কংগ্রেসকে চটাতে সাহস পাননি, পাছে সে মন্ত্রিছই গ্রহণ না করে। মাস ছয়েক ধরে গান্ধীজীর সঙ্গে বড়লাটের যে পত্রব্যবহার চলে তার নীট ফল হয় কংগ্রেদ হাই কমাণ্ডের বলবুদ্ধি ও লাটদাহেবদের বলক্ষয়। এদব দেখে ভনে জিলা দাহেব ফেডারেশনের উপরে বিশ্বাস হারান। রাজন্তরা যদি প্রতিনিধি মনোনয়ন না করেন, যদি তার পরিবর্তে নির্বাচিত প্রতিনিধি পাঠান, তা হলে কেন্দ্রীয় মন্ত্রিমণ্ডলও কংগ্রেদ এককভাবে গঠন করতে সমর্থ হবে, লীগের মুখাপেক্ষী হবে না। মুদলিম সম্প্রদায়ের প্রতিনিধি দে নিজের দল থেকেই আহরণ করবে, লীগ যদি মুদলমানদের একমাত্র দল বলে স্বীকৃত না হয়। যেমন করে হোক কংগ্রেদ একাধিপত্য বানচাল করতেই হবে। জিলা সাহেব তাই ফেডারেশন অগ্রাহ্য করে তার বদলে দাবী করেন হুই শ্বতম্ব রাষ্ট্র। একটা হিন্দুদের, অক্টা মুদলমানদের। এরাও মেজরিটি, ওরাও মেজরিটি। এরাও নেশন, ওরাও নেশন। তাঁর সমন্ত জীবনের চিন্তাধারা সহসা থাত বদলায়। তার মধ্যে একটা যুদ্ধং দেহি ভাবও আদে। টমদনের দক্ষে সাক্ষাংকারে সেই ভাবটাই ব্যক্ত হয়। ইংরেজ চলে গেলে কংগ্রে**স তার** একমাত্র উত্তরাধিকারী হবে অসহ, অসহ এই নিয়তি। অপর উত্তরাধিকারী হবে মুদলিম লীগ, প্রয়োজন হলে ওয়ার অভ্ দাকদেশন লড়বে। এই দিদ্ধান্তে উপনীত হতে তাঁর দীঘ কাল লেগেছে। ইতিমধ্যে কংগ্রেদ বা গানী তাঁর দিকে মিটমাটের হাত বাড়িয়ে দেননি। যুদ্ধের ইস্থাতে বনবাদে গিথে তাঁকে উপবাসী রাথেন। ভেবেছিলেন তাতে তাঁর বল কমে যাবে। বল কমে যাওয়া দূরে থাক, দব ক'টা প্রদেশেই বেড়েছে। কংগ্রেদ-মুদলিমরা এখন মৃষ্টিমেয় তার বল এতথানি বুদ্ধি পেয়েছে যে তিনি ইংরেজদের ডিকটেট করতে পারেন। কংগ্রেদকে তো গ্রাহাই করেন না। প্রয়োজন থাকলেও কোয়ালিশনের জত্তে কংগ্রেদের দিকে হাত বাড়িয়ে দেবেন না। পর্বতকেই মহমশ্মদের কাছে আগতে হবে।"

সৌম্যদা আর ছির থাকতে পারে না। ংলে, ''কংগ্রেদ-মুসলিমরা

শংখ্যায় মৃষ্টিমেয় হলেও ধর্মে মৃদলমান আর জন্মস্থতে ভারতীয়। ভারতের খাধীনতা সংগ্রামে তাঁদেরও ভূমিকা আছে, দে ভূমিকা এখনো শেষ হয়নি, যে কোনো দিন আবার তাঁদের ডাক পড়তে পারে। আমরা কি তাঁদের প্রতি বেইমানী করতে পারি? লীগ বললেও না। বড়লাট বললেও না। ইন্টারিম গভর্নমেন্টে এঁদের একজন না থাকলে কংগ্রেমণ্ড থাকবে না। মুসলিম লীগই গভন মেণ্ট চালাক। কংগ্রেদ আপদ করবে না, লড়াই করা তো দুরের কথা। গ্রামে গ্রামে শহরে শহরে রান্ডায় রান্ডায় যদি হাডাহাডি মারামারি খুনোখুনি বাধে কংগ্রেদ ভার মধ্যে থাকবে না, সেটা থামাবার দায় দায়িত্ব কংগ্রেসের নয়, তবে মানবভার খাতিরে গান্ধীপন্থীরা মাঝখানে দাঁড়িয়ে উভয় পক্ষকে ক্ষাস্ত হতে বলতে পারেন। শুধু গান্ধীপন্থীদের কেন, মামুষমাত্রের কর্তব্য মামুষকে গুগুার হাত থেকে রক্ষা করা। পুরুষমাত্রেরই কর্তব্য নারীকে ধর্ষকের হাত থেকে উদ্ধার করা। এক্ষেত্রে কে হিন্দু কে মুসলমান বাছবিচার করা অহচিত। এমন মুসলমান নিশ্চয়ই আছেন যিনি নিজের প্রাণ বিপন্ন করে হিন্দুর প্রাণ বাঁচাবেন। জিন্না সাহেবের থীসিসটা তো এই যে ইংরেজ রাজ চলে গেলে কংগ্রেস রাজ কায়েম হবে, স্থভরাং মারো শক্র পারো যে প্রকারে। থীসিদটাই ভুল। দেশ স্বাধীন হলে কংগ্রেসের অভিতের প্রয়োজন থাকবে না। কংগ্রেদ যদি থাকে মুসলিম লীগের সঙ্গে মিটমাট করেই থাকবে। মিটমাটের জত্যে কংগ্রেসের ত্যার সব সময়ই থোলা। তানা হলে গান্ধীজী জিলা সাহেবের হুয়ারে সতেরো দিন ধরে ধরনা দিতেন কেন ? কায়দে আজম যদি কংগ্রেদের সঙ্গে মিটমাট না করে ইংরেজের সঙ্গেই মিটমাট চান ভাতেও কংগ্রেদ রাজী হবে, যদি ভার মূলনীতিতে খা নাপড়ে। সেরপ ক্ষেত্রে কংগ্রেস নিজেকে সরিয়ে জেলখানায় ফিরে যাবে। কংগ্রেসকে নঙ্গে নিয়ে চলতে হলে কংগ্রেসের মূল নীতির সঙ্গেও পা মিলিয়ে নিতে হবে। কংগ্রেসের মেজরিটি হিন্দু মেজরিটি নয়, হিন্দু মুদলমান শিখ এটিটানের মিলিত মেজরিটি। সাম্প্রদায়িক মেজরিটি নয়, রাজনৈতিক মেজরিটি। তেমন মেজরিটি জাতীয়তাবিরুদ্ধ তো নয়ই, গণতম্ব বিরুদ্ধও নয়। আর কংগ্রেদের সংগ্রামকেও মাইনরিটিবিরুদ্ধ বলা যায় না। কংগ্রেসপদ্বীরা কথনো মুসলমানের গায়ে হাত দেয়নি, কখনো দেবেও না। কংগ্রেদ মন্ত্রীদের গদীচ্যুত করার জন্মে লীগপস্থীরা অনেক কিছু বানিয়েছেন। ভবিয়তেও বানাতে পারেন। উদ্দেশ্রটা কী ? কংগ্রেস মন্ত্রীদের আবার গদীচ্যুত করা ? তার জ্ঞে

তাঁরা প্রস্থত। তা না হয়ে উদ্দেশ্য যদি হয় ভদ্রভাবে মিটমাট তা হলে কোয়ালিশনের জন্মে আন্তরিকভাবে চেষ্টা করতে হবে, পাটিশিনের জন্মে ঝগড়াঝাটি নয়।"

শরীফ সাহেব তারিফ করেন। কোয়ালিশন লীগপন্থীরাও চায়। কিছ হিন্দ্র সঙ্গে, লীগবহিভূতি ম্সলমানের সঙ্গে নয়। ওরা স্ট্,জ, ওরা কুইসলিং। মওলানা আজাদই বলুন, থান আবত্ল গফ্ফার খানই বলুন, এঁরা কেউ সাচচা ম্সলমান নন। হিন্দ্র সঙ্গে মিটমাট একদিন না একদিন হবে, পাকিস্তানেও হিন্দু থাকবে, কিন্তু এঁদের সঙ্গে কোনোদিন নয়। যদি না এঁরা কংগ্রেস থেকে বেরিয়ে এসে লীগে যোগ দেন। ম্সলিম ইউনিটির থাতিরে সর্ব ম্সলমানকেই লীগের নিশানতলে সমবেত হতে হবে। তার পরে হবে কোয়ালিশন অথবা পাটিশিন।"

সৌম্য আর কথা বাড়াতে চায় না। এই ফ্যানাটিকদের দঙ্গে তর্ক রুথা। তথন রায় বাহাত্বর থেই হাতে নেন। ''শরীফ সাহেব, এটা কি আপনারা ভেবে দেখেননি ্ তারত ভেঙে ত্র'থানা হলে ভারতীয় নুদলিম সম্প্রদায়ও ভেঙে হ'থানা হবে 

তা যদি হয় তবে মুদলিম ইউনিটি যাকে বলছেন তাই হবে মুসলিম ডিস্ইউনিটির নিধান। ভারতের স্বনাশ তো হবেই। আপনাদের ভাতে কী এসে যাবে ? আপনারা তো ভারতীয় বন, আপনারা মুসলমান। কিন্তু ভারতের সঙ্গে সঙ্গে মুসলমানেরও সর্বনাশ হবে। সেটা নজরে পড়**ছে** না, হিন্দু আধিপতাকে থর্ব করাই একমাত্র লক্ষ্য। জিল্লা যেমন দৃঢ়প্রতিজ্ঞ পাকিস্তান তিনি আদায় করবেনই। তার জন্মে নিজের এজমালী ঘরে আগুন দিভেও তাঁর হাত কাঁপবে না। কিন্তু সারা ভারতের সব মৃদ- পন যদি পাকিতানে জড়ো না হয় তো যারা হিন্দুখানেই থেকে যাবে তাদের দশা কী হবে । পাকিস্তানে তারা হবে বিদেশী। হিন্দুখানে তারা হবে বিধর্মী। দর্বত্ত ক্লপার পাত্র। জিল্লা সাহেব পাকিস্তানে গিয়ে রাষ্ট্রপতি হতে পারেন, কিন্ত জ্ঞাতি গোষ্ঠী সুবাই কি সেখানে গিয়ে এখানকার ক্ষতিপূরণ পাবে ? ব্যবসায়ীরা পাবে ব্যবসায়, ব্যরিস্টারেরা পাবেন প্র্যাকটিস, শ্রমিকরা পাবে কলকারখানার কাজ, কুষ্করা পাবে কর্ষণের জমি । বিখাস হয় না. অধ্যাপক সাহেব। পর ভেবে দেখুন তৃই রাষ্ট্রের মধ্যে যদি কোনো কারণে যুদ্ধ বেধে যায় মৃসলম ননর বোমা পড়বে মুদলমানের মাথায়। ধর্মভাই বলে দে এহাই পাবে না। বোমা যে ফেলবে সে হিন্দু ম্সলমানে বাছবিচার করবে না। হিন্দু ম্সলমান একই মহলায় না

হোক একই শহরে বাদ করে। বোমা এত উপর থেকে ফেলা হয় যে তার লক্ষ্য ভধুমাত্র হিন্দু হতে পারে না। এমন একটিও শহর নেই যেটি মুসলিমবিহীন। আজকের মুসলিম ইউনিটি কালকের মুসলিম নিধনের পথ করে দেবে, যদি সেটা পার্টিশনের জন্মে আকাশ পৃথিবী ভোলপাড় করে। আজাদ ও আবত্ল গফ্ ফার থান মুসলমানদের প্রকৃত বন্ধু। কায়দে আজম জিনা মুসলমানের নন, মুসলিম লীগ নামক দলের শ্রেষ্ঠ নেতা।"

"ম্পলমানের প্রকৃত বন্ধু কে পে বিচার ম্পলমানের উপরেই ছেড়ে দিলে ভালো হয়, রায় বাহাত্র।" শরীফ উত্তপ্ত হয়ে বলেন। "আজাদ যা পেয়েছেন তা হিন্দুর কাছ থেকে পেয়েছেন। কংগ্রেস সভাপতি পদ। জিয়াহ্ যা পেয়েছেন তা ম্পলমানের কাছ থেকে পেয়েছেন। লীগসভাপতি পদ। বাদশাহ্ বাহাত্র শাহ্ আফরের পতন ও কায়দে আজম মহম্মদ আলী জিয়াহ্র উত্থান এর মধ্যবর্তী যুগটা আমাদের গৌরবের যুগ নয়, আপনাদেরই গৌরবের যুগ। এখন আমরা যে মওকা পেয়েছি তার সদ্ব্যবহার করলে ভারতের অর্ধেক অথবা পাকিস্তানের গোটা সিংহাসন আমাদের হবে। ম্পলমানের হাতে ম্পলমান হয়তো একদিন মরবে, কিছু ভয়ে পেছিয়ে গেলে চলবে না। লক্ষ্য হচ্ছে ম্পলিম রাছত্বের রেস্টোরেশন। আমাদের নিন্দাবাদ না করে বয়ং এই বলে ধলুবাদ দিন যে আমরা নিখিল ভারত দাবী করছিনে। রেস্টোরেশন চাইলেও পুরো মোগল সামাজ্যের নয়। আপনাদের সঙ্গে সদ্ভাবের থাতিরেই দিলী, আগ্রা, আজমীর, আলীগড় ত্যাগ শীকার করছি। কায়দে আজমের এই ত্যাগন্থীকার মহাত্মা গান্ধীর ত্যাগ শীকারের চেয়ে কৃম নয়। জেলে যাওয়াটাই কি ত্যাগন্থীকারের একমাত্র নিরিথ ?"

"এতই যথন ত্যাগ করছেন", ডাব্রুনার নিয়োগী রাগ চেপে বলেন, "তথন কলকাতাসমেত পশ্চিমবঙ্গও ত্যাগ করুন।"

শরীফ সাহেব কী বলতে যাচ্ছিলেন, মোহিনীবাবু কথা কেড়ে নিয়ে বলেন, "ওটা একটা আত্মবাতী প্রভাব। বাংলাদেশ ছ'ভাগ হলে পশ্চিম ভাগটা হবে হিন্দুছানের ল্যাক্ত আর পূর্ব ভাগটা পাকিন্তানের ল্যাক্ত। যে প্রদেশ সারা দেশের মাথা ছিল সে কোনো অংশেরই মাথা হবে না। বাঙালী জাতির গোড়া কেটে আগায় ফল দিলে সে কি দিন দিন ভকিয়ে যাবে না ? একেই বলে, রোগের চেয়ে দাওয়াই আরো ধারাপ। কার্জনের আমলেও এ দাওয়াই এতে থারাপ ছিল না, কারণ কেন্দ্র ছিল একটাই, ভার কাচে গিয়ে নালিশ

করতে পারা ষেত। এবার দেশ হুভাগ হয়ে ছুই কেন্দ্র হবে। পূর্বক্লের হিন্র উপরে অত্যাচার হলে সে হিনুমানের কর্ত্পক্ষের কাছে নালিণ করতে পারবে না, কারণ দে দেখানে এলিয়েন। পাকিন্তানের কর্তৃপক্ষ দেটাকে দেশদ্রোহিতা বলে গণ্য করবেন। পশ্চিমবঙ্গের হিন্দুও তাকে দাহায্য করবার জত্যে ছুটে আসবে না। ছুটবে পূর্ববঙ্গের হিন্দুই পশ্চিমবঙ্গের হিন্দুর কাছে সাহায্যের জন্তে। তথন আমরা কবির ভাষায় গাইব, এরে ভিথারী সাজায়ে কী রঙ্গ তুমি করিলে! না, ডাক্তার সাহেব, এ দাওগাই আপনার উপযুক্ত হয়নি, এটা একটা হাতুড়ে দাওয়াই। এর থেকে মালুম হচ্ছে বাঙালীর মন্তিম্ব এখন দেউলে। বাঙালী বলতে আমি বাঙালী মুসলমানকেও বোঝাতে চাই। পাকিস্তানের জন্মে অবাঙালী মুসলমানদের দঙ্গে গাঁটছড়া বেঁধে তারাও দেউলেপনার পরিচয় দিচ্ছেন। শরীফ সাহেব, আপনারা ভাবছেন আপনারা ওঁদের ব্যবহার করছেন। তা নয়। ওঁরাই আপনাদের ব্যবহার করছেন। আমি আবার বলি, জিল্লা সাহেব একজন তুখোড় পলিটিসিয়ান। তিনি আপনাদের এক হাটে কিনে আরেক হাটে বেচবেন। এর মধ্যেই তিনি বাঙালী মুদলমানের স্বতম্ব হোমল্যাণ্ডের প্রতিশ্রুতি ভূলে গেছেন ও ভূলিয়ে দিয়েছেন। ইতিমধ্যেই তিনি প্রস্তাবটার উপর কলমচালিয়ে দেশকে প্রদেশে পরিণত করেছেন। পাকিস্তানের অক্তম প্রদেশে। পাকিন্ডান হলে দেখানকার কেন্দ্র থেকে শাসক নিয়োগ হবে। শেশাসক বাঙালী না হতেও পারেন। হিন্দুখানের মুসালম অফিসারগণ দলে দলে চলে আদবেন পাকিন্তানে চাকরি করতে। আপনাদের সম্ভানরা তো হিন্দুস্থানে চাকরি করতে যেতে পারবেন না। একেই বলে এক হার্টে কিনে আরেক शांदि (वहा।"

"আপনি তা হলে আমাদের কা চাইতে পরামর্শ দেন ? ছই প্রাথে ্ই স্বতম্ব পাকিস্তান, মধ্যিখানে হিন্দুখান ? হিন্দুখান কি ছই পাকিস্তানকে ছই বগলে পুরবে না ? ছই পাকিস্তানের এক হওয়াই তো বাঞ্নীয়।" শরীফদাহেব বলেন।

"দেলফ ভিটারমিনেশনের অধিকার আপনাদের আছে। আপনারা দে অধিকার প্রয়োগ করতে পারেন। কিন্তু আমাদেরও কি সে অধিকার নেই? আমরাও কি সে অধিকার প্রয়োগ করতে পারব না । আপনারা ভারতে মাইনরিটি হতে রাজী না হলে আমরাও পাকিস্তানে মাইনরিটি হতে নারাজ হব, প্রোফেসর শরীফ। আমরা চাইব কলকাতা সমেত পশ্চিমবঙ্গ।" ডাক্তার সাহেব বলেন।

"তা হলে 'বন্দে মাতরম্' মিথ্যা? 'বঙ্গ আমার জননী আমার' মিথ্যা? 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাদি' মিথ্যা? বিজমচন্দ্র, বিজেন্দ্রলাল, রবীন্দ্রনাথ মিথ্যা লিখেছেন? তা নয়। আপনারাই ভূল করছেন। পাকিন্তানকে আপনারা অকারণে ভয় করছেন। পাকিন্তান হিন্দুর শক্র নয়। আপনাদের স্বার্থ অক্ষুপ্ত থাকবে। বেমন ছিল দিরাজউদ্দৌলার আমলে।"

তাপের মাত্রা বাড়ছে দেখে মুম্বাফী তর্কের মোড় ঘূরিয়ে দেন। সৌম্যর দিকে ফিরে জানতে চান গান্ধীজী আজকাল নীর্ব কেন।

"তিনি আছকাল সম্পূর্ণ নিঃসঙ্গ। এমন নিঃসঙ্গতা জীবনে অন্তভব করেননি। এমন এক দিন ছিল যেদিন সমগ্র দেশে কংগ্রেসের কোনো প্রতিশ্বন্দী ছিল না। দেদিন তিনি ভারতীয় প্রাণশক্তির একমাত্র প্রতিভূ হিদাবে ব্রিটিশ রাজপ্রতিনিধি আরউইনের সঙ্গে কথাবার্তা চালিয়েছিলেন। তেমন দিন আর ফিরল না। কংগ্রেদের ভিতরেই দেখা গেল তাঁর কথার দাম কমে গেছে। ভোট নিলে হয়তো তিনিই জিততেন। কিছ তেমন জয় তিনি চাননি। তিনি কংগ্রেদের চার আনার দদশুও থাকেন না। প্রতিনিধিত্বের দাবী দম্পূর্ণ পরিত্যাগ করেন। কংগ্রেদকে তিনি ছাডলেও কংগ্রেস কিন্তু তাঁকে ছাড়ে না। কমলি নেহি ছোড়তি। কংগ্রেস নেতারা বথনি তাঁর পরামর্শ নিতে যান তথনি তিনি তাঁর পরামর্শ দেন। কিন্তু নিতে বাধ্য করেন না। লোকে ভাবে তিনি একজন ডিকটেটর। কিন্তু ডিকটেটর যদি তিনি হয়ে থাকেন তবে সেটা নৈতিক বলে বলীয়ান মহাপুরুষের ডিকটেটরশিপ। সেটার পরিচয় মেলে শংগ্রামের সময়। তথন কংগ্রেস তাকে দেয় সেনাপতির ভূমিকা। শাস্তির সময় কিন্তু তিনি আর সেনাপতি নন। তিনি পরামর্শদাতা। কংগ্রেসের হয়ে কথা বলার দায় তাঁর নয়, কংগ্রেস সভাপতির। গত ছ'বছর ধরে মওলানা আজাদের। বড়লাট যদি কংগ্রেদের সঙ্গে কথাবার্ত। চালাতে চান ভবে আঞ্চাদকেই কংগ্রেদের প্রতিনিধিত্ব করতে হয়। এখন দেশে কংগ্রেদের বছ প্রতিবন্দী হয়েছে। কংগ্রেদের ভিতরেও কংগ্রেদ হাই কমাণ্ডের বছ-প্রতিবন্দী। স্বচেয়ে বড়ো কথা গান্ধীজীর সঙ্গেও কংগ্রেস নেতাদের পায়ে পা মিলছে না। ভারতের শাসনব্যবস্থার কংগ্রেস নেতারা **(कक्षीकद्र**ण। मूनलिम लैंश त्निष्ठांता हान बिरकक्षीकद्रण। आंत्र शांकी की हान বিকেন্দ্রীকরণ। যেথানে এতথানি মতভেদ আর সব ক'টা মতই নীতিগত

সেখানে অক্যান্ত নেতাদেরকে কথা বলতে দিয়ে নিজের সরে থাকাই শ্রেয়। সকলেই জানে তিনি কেন্দ্রের হাতে মাত্র তিনটি বিষয় রেখে দিয়ে আর সব বিষয় প্রদেশের হাতে ছেড়ে দেওয়ার পক্ষপাতী। ফলে প্রদেশের বল বাড়বে, কেন্দ্রের বল কমবে। কংগ্রেদ নেতাদের কিছু উন্টোমত। তাঁরা প্রদেশকে থবল না করে কেন্দ্রকে বলবান করতে চান। যেমন ব্রিটিশ আমলে। যেমন মোগল আমলে। শক্তিশালী কেন্দ্র না থাকলে ভারতের বলকামীকরণ হতে পারে। অথচ জিলা সাহেব পাকিস্তানের দাবী তুলে ভারতকে বলকানের অভিমুখে রওনা করে দিতে উত্তত। ভারত যদি ধর্মের নিরিখে ত্'ভাগ হয় ভাষার নিরিথে বহু ভাগ হবে না কেন ৷ একবার যদি ভাঙন শুরু হয় সেটা कि (मथाति शामात ? मिकिमानी (कक्त न) वाकरन तम कन्न जतक ताधित কে ? মুসলমানদের নিশ্চয়ই একটা বধরা দিতে হবে। কিন্তু দাবীদার তো একমাত্র মুদলমানরাই নন। এ এক জটিল দমস্তা। এর একটা শান্তিপূর্ণ মীমাংদা না হলে গোর অশান্তি। যে আগুন জলবে তাতে দ্বাই দ্ধ হবেন— গান্ধী, জিল্লা, আজাদ, তারা সিং, আমেদকর, সাভারকর, লর্ড ওয়েভেল। ব্রিটিশ গভন মেণ্ট সম্থ থাকতে তার প্রতিবিধান করতে চান বলেই ক্যাবিনেট মন্ত্রীত্রয়কে ভারতে পাঠিয়েছেন। পোথক-লরেন্স দীর্ঘকালের ভারতবন্ধ। ক্রিপসও তাই। শুন্হি তৃতীয়ঙ্গনের নাম আলেকজাগুার।''

"শান্তিপূর্ণ মীমাংসা আমরাও চাই, চৌধুরীজী। ক্যাবিনেট মিশন ব্যর্থ না হলে শান্তিপূর্ণ মীমাংসাই হবে। ইন্টারিম গভন মেণ্টে নেতারা সবাই থাকবেন, আজাদ সাহেব বাদে। দরাদরি সেইখানে বসেই চালাবেন। তার পর কন্টিটুয়েন্ট আ্যাসেম্বলীতে তাঁদের মিলিত সিদ্ধান্ত পেশ করবেন। সেখানে তা পাশহয়েও যাবে। কেন্দ্রীকরণ, বিকেন্দ্রীকরণ, বিকেন্দ্রীকরণ যেটাই হাক না কেন সর্বসম্মতিক্রমেই হবে। কিন্তু ব্রিটিশ পালামেন্টে যেমন অধিকাংশের ভোটে বিল পাশহয়, কখনো কখনো একটামাত্র ভোটের ব্যবধানে, ভারতের মতোবহুধর্মী, বহুভাষা দেশে দেটা অনুসরণ করা চলবে না। এই কথাটাই কায়দে আজম বলে আসহেন পঁচিশ বছর ধরে। মেজরিটি ভোট মাম্লী বিষয়ে প্রযোজ্য। কিন্তু যেমব প্রশ্নে গৃহযুদ্ধের আশক্ষা থাকে সেসব প্রশ্নে একারজনের মেজরিটি ভোটই যথেই নয়। অন্তত হই-তৃতীয়াংশ ভোট সংগ্রহ করতে হয়। এমন প্রশ্ন থাকতে পারে যার নিন্দন্তির জন্যে অন্তত্ব, সত্রের মতো। এথানে আবশ্রক হয়। ভারতে হিন্দুর সংখ্যামুপাত শতকর। সত্রের মতো। এথানে

ত্ই-তৃতীয়াংশ না হয়ে তিন-চতুর্থাংশ ভোটই মাইনরিটিদের পক্ষে নিরাপদ।
একটা উদাহরণ দিচ্ছি। কংগ্রেদ যদি বলে, ভারতের সরকারী ভাষা হবে
হিন্দী আর মুসলিম লীগ যদি বলে, উদ্, তা হলে সেটা শতকরা একারটা
ভোটে পাশ হলে গৃহযুদ্ধ বেধে যাবে। শতকরা সাতষ্টি হলেও মুসলিম লীগের
বিষম আপত্তি থাকবে। লীগ পক্ষে বছ হিন্দু শিখও ভোট দেবেন। তব্
নিরাপত্তার থাতিরে শতকরা পঁচাতরই বিধেয়। নয়তো হিন্দী উদ্ উভয়কেই
সরকারী ভাষা করতে হয়। বিটেনের মতো একমাত্র ইংরেজীকেই সকলের
ঘাড়ে চাপিয়ে দেওয়া উচিত নয়। হিন্দু মুসলিম বিরোধের তলে তলে কাজ
করছে হিন্দী উদ্ বিরোধ। এটা যুক্তপ্রদেশে ও বিহারে গত শতান্দীর শেষ
তিন দশক থেকে সক্রিয়। উদ্ কে আদালত থেকে হটানো মানে মুসলিম
রাজকর্মচারীদের হটানো। হিন্দীকে তার জায়গায় বৈঠানো মানে হিন্দু
রাজকর্মচারীদের বৈঠানো। সার দৈয়দ আহমদ আত্রিতে হন হিন্দীভক্তদের
উৎসাহ দেখে। তাঁর কংগ্রেসবিরাগের মূলে হিন্দুবিরাগ নয় হিন্দীবিরাগ।"
অধ্যাপফ শরীফ বিশ্লেষণ করেন।

রায় বাহাছর কটাক্ষ করেন, "সেই সঙ্গে বাঙালী উকীল ব্যারিস্টার শ্রেণীর প্রতি বিরাগ। এই শ্রেণীটাই নাকি ব্রিটিশ ইণ্ডিয়ান গভন মেন্টের অপোজিশন হিসাবে কংগ্রেস পরিচালনা করতে করতে একদিন সেই গভন মেন্টের উত্তরাধিকারী হবে। যে পদ্ধতিতে হবে সেটা গণতান্ত্রিক পদ্ধতি। সার সৈয়দের মতে সেটা ভারতের মতো দেশের অহুপযুক্ত। একই কথা শোনা যায়, শাসক শ্রেণীর মুখেও। কিন্তু একটু ঘ্রিয়ে। পদ্ধতিটা ভারতের অহুপযুক্ত তো বটেই, ভারতও পদ্ধতিটার অহুপযুক্ত। কিপলিং তো একটা কবিতাই লিথে ফেলেন, 'হারি চাণ্ডার মুকাজি ব্যারিস্টার অ্যাট লা'। হা হা

কেউ পড়েননি শুনে রায় বাহাত্র বলেন, "বাঙালী বাব্দের উপর সে কী গায়ের বাল ঝাড়া! উত্তর-পশ্চিম সীমাস্ত থেকে তুর্ধই ট্রাইবাল আক্রমণকারীর। এসে বাঙালী বাব্দের পার্লামেণ্টারি লীলাথেলা সাঙ্গ করে দেবে। তাঁদের প্রাণে বাঁচাই দায় হবে। জীবিত থাকলে কিপলিং সাহেবের চোথ কপালে উঠত যথন শুনতেন যে বাঙালী বাবু স্থভাষ চাঙার বোদ সেই সব ট্রাইবালদের এলাকা দিয়ে কাব্লে গিয়ে ব্রিটশবিরোধী সংগ্রামের ভোডজোড় করছেন। পার্লামেণ্টারি লীলাঝেলায় তাঁরও অনীহা।"

"পার্লামেন্টারি লীলাথেলায় আমাদেরও অনীহা।" দৌমা গান্ধীপদ্বীদের দিক থেকে জানায়। "দাধারণ নির্বাচনের পরে জনগণের সঙ্গে ভাদের নির্বাচিত প্রতিনিধিদের আর সংশ্রব থাকে না। তবু পরের বারের নির্বাচনে একটা জবাবদিহির দায় থাকে। যে দায় চার্চিলের মতো মহা প্রতাপশালী জননায়কের**ও ছিল। দাধার**ণ নির্বাচকরা তাঁকে ক্ষমতাচ্যুত করেছে। গান্ধী জীর মতো পাল নিমেণ্টারি লীলাথেলার উপর আহাহীন সংগ্রামীর উপরেও এই ঘটনার প্রভাব পড়েছে। পালামেণ্টারি পদ্বাকে তিনি এখন সত্যাগ্রহের মতোই গুরুত্ব দেন। ইংরেজরা যদি এখন হারি চাণ্ডার মৃকাজির সঙ্গে পার্লামেণ্টারি হারজিতের খেলায় যোগ দিতে সমত থাকেন তবে কেবল ষাটটি প্রদেশে কেন, কেন্দ্রীয় আইনসভাতেও কংগ্রেস প্রত্যেকবার জিভবে। হাার চাণ্ডারের দল একদিন মেজরিটি পাবেন দেই আশক্ষায় তাঁরা মুসলিম লীগের উৎপত্তি ঘটিয়েছেন, তাকে সেপারেট ইলেকটোরেটের মই ধরিয়ে দিয়েছেন, দে মই বেয়ে উপরে উঠেছে কংগ্রেদের মেজরিটিকে ভীটো দিয়ে চালমাৎ করতে। যেটা করতে বড়লাটেরও বাধে। আর কোনো উপায় পাওয়া যাচ্ছে না বনে ক্রেটাকেই ছ'লাগ করার প্রস্তাব উঠেছে। সেটা যে মুদলমান সম্প্রদায়ের স্বার্থে, ইংরেজদের স্বার্থে নয়, একথা বিশ্বাস করা স্বাধীনতা সংগ্রামীদের পক্ষে শক্ত। আমাদের সন্দেহ হয় এটা আমাদের সংগ্রামকে माञ्चाकावामविरताधी लका व्यक्त मिन् जान्छ कतात कन्मी। आमता है स्तरकत সঙ্গে না লড়ে মুসলমানদের সঙ্গে লড়ব। জনতার রোষ পড়বে জনতার উপরে, हिन्द्र त्राय मूननमात्नत छे पत्र, मूननमात्नत्रहे त्राय हिन्द्र छे पत्र। है १ त्र अत्राहे হবে তু'পক্ষের রক্ষক ও দালিশ। তাদের দালিশীতে একপক্ষ পাবে পাকিস্তান, অপর শক্ষ হিন্দুস্থান। যেন এইজন্তে এতকালের স্থা। উমেশ চালাজ থেকে যায় শুরু। স্থভায চাণ্ডার বোদেও যা শেষ নয়। এই মুহুতে আমাদের একমাত্র ভাবনা স্বাধীনতার জন্মে অধীর হয়ে গামরা যেন গৃহ কৈ জড়িয়ে না পড়ি। তা হলে স্বাধীনতা তো হবেই না, হিনু মুসলম।নের সম্পর্ক চিরকালের মতো বিষিয়ে যাবে। এটা আমাদের আত্মপরীক্ষার আর আত্মন্ডদির সময়। এথনকার পলিসির নাম মার্ক টাইম।"

দ্বাই শুদ্ধ হয়ে শোনে। এর পর অধ্যাপক শরীফ বলেন, "চৌধুরীজী, ইংলণ্ডের মতো দেশেও এককালে গৃহযুদ্ধ বেধেছিল। পিউরিটান বনাম অক্যান্তা। এ রকম বিরোধ কোথায়ই বা না বেধে ূ়ে ইংরেজরা আপনাদের হাতে ক্ষমতা হতান্তর করে গেলেও এ রকম বিরোধ বাধবে। ভারতবর্ষ কেবল হিন্দুর দেশ নয়, হিন্দু মুসলমান উভয়ের দেশ। তাকে যদি আপনারা মেজরিটির ভোটে আপনাদের মনোপলি করতে যান তো আমরাও ভোটের রাজনীতির উপর আছা হারিয়ে নেতাজী স্থভায় বোদের পছা অন্থসরণ করব। উদ্দেশ্য হোমল্যাও অর্জন। গান্ধীজীর মতো জিয়াহ্ সাহেবের ব্কের ভিতরেও একই আগুন জলছে। কিন্তু সেটা কেবল ব্রিটিশ শাসন থেকে মৃক্তির নয়, হিন্দু আধিপত্য থেকেও মৃক্তির । ইংরেজদের কথায় তিনি নাচছেন না। আটটা প্রদেশ কংগ্রেদ দখল করেছে বলেই নাচছেন। উপরস্ক নিয়েছে পাঞ্জাব মন্ত্রমণ্ডলেরও একাংশ। কংগ্রেদ এখন তার দখল পাকা করতে চায়। তার পলিদি কনসলিভেশন। তাই মার্ক টাইম। লীগ পলিদি তার বিপরীত। কায়েদে আজম বেশীদিন শবুর করবেন না। প্রলয় নাচন নাচবেন।"

## । সতেরো ॥

ভূরিভোজনের পর বিদায় নেবার পালা। মোহিনীবারু বলেন, ''ত্রেভাযুগে দ্রৌপদী এর চেয়ে এমন কী ভালো র ধতেন হে, বাস্থদেব ?''

''কথাটা ঠিক। তবে ত্রেভাযুগে নয়, **খা**পর যুগে।'' রায় বাহাত্র হাসেন।

''কিন্তু কোফতা আর কালিয়া কি দ্বাপরযুগেও ছিল '' শরীফ সাহেব তর্ক করেন। ''আমি ভাবছি চৌধুরানীজী কার কাছে এ বিছা শিথলেন।''

"কেন ? আমাদের বাড়ীর বাব্চির কাছে। মানে বাপের বাড়ীয়। পিণ্ডিতে যথন ছিলুম তথন থেকেই আবু তালিব আমাদের সঙ্গে আছে। বছর তেইশ চবিবশ।'' জুলির যতদূর মনে পড়ে।

''সে কী, আপনারা পশ্চিম পাকিন্তানে ছিলেন ?'' শরীফের তাক লাগে।
''এখনো তো দেশভাগ হয়নি। হবে না আশা করি। কিন্তু যদি হয়
ভবে আবুকে বিদেশী বলে তার বুড়ো বয়দে জবাব দিতে আমাদের ভীষণ কট হবে।" জুলি বলে। "কেন? বিদেশী বলে কেন?" শরীফ চমকে ওঠেন। 'পূর্ব পাকিন্তানও হবে তার স্বদেশ। আপনারও তাই।"

"কিন্তু আমরা যে কলকাতার মাহয়। কলকাতা কি পূর্ব পাকিন্তানের সামিল হবে ? যদি দেশভাগ হয়। হবে না আশা করি।' জুলির ধারণা।

কলকাতা বাদ দিয়ে কি পূর্ব পাকিন্তানের কথা ভাবা যায়? আপনার। ঠাওরেছেন পূর্ব পাকিন্তান মানে পূর্ববন্ধ। ভূল! ভূল! বিলকুল ভূল! গৃহযুদ্ধ এড়াবার জন্মে দিল্লী ছেড়ে দিচ্ছি, আগ্রা ছেড়ে দিচ্ছি। তার উপর কলকাতাও ছাড়ব! এ তো ভারী মজার কথা। শরীফ সাহেব বিদ্রূপ করেন।

ভাক্তার নিয়োগী আর সইতে পারেন না। বলেন, "দিরাজউদ্দৌলার কলকাতা অভিযান মনে পড়ে? কলকাতার গোরাদের তিনি মান্থয বলে গণ্য করেননি। পরিণাম পলাশীতে পরাজয় ও পতন। এবার কলকাতার হিন্দুদের মান্থয বলে গণ্য করা হবে না, যেন ভাদের সম্মতি অসম্মতির কোনো দাম নেই। মুসলিম লীগ চাইবে, ব্রিটিশ সরকার দেবেন। ব্যস্। অমনি কলকাতার হিন্দুরা ক্রীতদাসের মতো হস্তান্তরিত হবে।"

ক্যাপটেন মুন্তাফী উভয় পক্ষকে থামিয়ে দেন। "আর কটা দিন সব্র কফন। শোনা যাক ক্যাবিনেট মিশন কী নিম্পত্তি করেন। তারা এক এক করে গান্ধী, জিল্লা, নেকে, আজাদ প্রভৃতি বড়ো বড়ো নেতাদের সকলের সঙ্গেই আলোচনা করছেন। নিজেদের মন থোলা রেথেছেন। গান্ধীজী নাকি দেশভাগে রাজী হবেন জিল্লা সাহেব যদি হুই রাষ্ট্রের এক ডিফেন্স, এক ফরেন অ্যাফেয়ার্স, এক রেল পোন্ট অফিসে রাজী হন। কতকাতা তা হলে পূর্ব পাকিস্তানেই যাবে। কিন্তু কলকাতার লোক ইণ্ডিয়ান পাশপেন্টেই সর্বত্ত যেতে আসতে পারবে। আমরা যারা এথানে বাস করব তাদেরও েই একই পাশপোর্ট।"

শরীফ সন্তুষ্ট হন না। "গান্ধীজী এক হাতে যা দেবন আরেক হাতে তা ফিরিয়ে নেবেন। ঝান্থ পলিটিসিয়ান। কিন্তু জিন্না নাছেব কি ভুলবেন ? ভবী ভোলে না। বিকেন্দ্রীকরণ নয়, বিকেন্দ্রীকরণ তাঁর লক্ষ্য। কেউ তাঁকে লক্ষ্যভ্রষ্ট করতে পারবেন না। ক্যাবিনেট মিশনও না। তাঁর পেছনে ন'কোটি ম্সলমান। স্বাই লড়াকু। তবে গৃহ্যুগ্ধ এড়ানোই স্ব্রুদ্ধ। তার জব্যে ড্যাগম্বীকার করতে হবে উভয়কেই।"

মিলির মা বাবাকে, জুলি ও সৌম্যাকে ধন্যবাদ জানিয়ে অতিথিরা একে একে বিদায় নেন। তথন চাপা নিঃখাদ ছেড়ে মিদেদ মুস্তাফী বলেন, "ভগবান যা করেন মঞ্লের জন্যে।"

"কেন ওকথা মনে হলো, মাদিমা?" জুলি জিজ্ঞাদা করে।

"ওঁদের ওইদব কথাবার্তা তনে আমার ভয় হচ্ছে কলকাতা নিয়ে হিন্দু মুদলমানে কাড়াকাড়ি পড়ে যাবে। মিলি থাকলে ওই আগুনে ঝাঁপ দিত। ভাগ্যিদ্দে এখন নিরাপদ দূরত্বে। তার সঙ্গে রণও। ওদের আচমকা দেশ ছেড়ে যাওয়ায় শক পেয়েছিল্ম। জুলি এসে পড়ায় সামলে নিই। এখন দেখছি ওদের চলে যাওয়াই শাপে বর হয়েছে। বেঁচে থাকলে আবার কতবার দেখা হবে। মিলির যা স্বভাব। আগুন দেখলেই ও ঝাঁপ দেবেই।"

"সেটা তো আমারও স্বভাব, মাসিমা। কলকাতা জলছে শুনলে আমি
কি এখানে বদে বেহালা বাজাব নাকি ? আমার মা র্য়েছেন ওথানে। তা
ছাড়া আমার মুখের দিকে চেয়ে থাকবে জনতা। হিন্দুদের মুসলমানদের হাত
থেকে, মুসলমানদের হিন্দুদের হাত থেকে বাঁচাতে হবে। চার বছর আগে
ভারা স্বাই আমাকে ইংরেজদের হাত থেকে বাঁচিয়েছে। নইলে আমার তো
কোট মার্শাল হতো, মাসিমা।" জুলি মনে করিয়ে দেয়।

তোমাকে আমরা কলকাতা যেতে দেব না, জুলি। সৌম্যকেও না। সেটা শুধু তোমাদের নিরাপত্তার জন্তে নয়। আমাদের নিরাপত্তার জন্তেও। কলকাতার আগুনের ফুলকি এখানেও তো উড়ে আসতে পারে। হরুদ্দীনের দলবল কি আমাদের রেহাই দেবে । জরের যম জারমলান, হিন্দুর যম হরুদ্দীন। গায়ে কাঁটা দেয়। কেন যে তোমরা ইংরেজদের তাড়িয়ে দিতে চাও ব্বতে পারিনে। ওরা তো ঘরের ঢেঁকী কুমীর নয়, যেমন এরা।" মিলির মা অকপটে বলে যান।

"আমরা তো মনে মনে ঠিক করে রেথেছি যে এদিকে পাকিস্তান হলে ওদিকে কলকাতায় গিয়ে আশ্রয় নেব।" মৃত্যাফী প্রকাশ করেন। "কিন্ত কলকাতা নিয়ে যদি লড়াই বাধে তবে যেথানে আছি দেখানে থাকাই ভালো। এথানে আমাদের অসংখ্য পেদেন্ট। অধিকাংশই মুসলমান। গুরা যদি বাঁচতে চায় তো ওদের ডাক্রার পরিবারকেও বাঁচাবে। আর তোমরাও তো আশ্রমের মাধ্যমে জাতিধর্ম নিবিশেষে বহু লোককে জীবিকা জোগাছছ। ওরা বাঁচবে কী

করে তোমরাই যদি না বাঁচে। গাকে বাঁচাও সে বাঁচায়। মৃতাফী বিখাস করেন।

দৌম্য দেকথা সমর্থন করে। "আমি কাসাবিয়ান্তার মতো একঠাই দাঁড়িয়ে থাকব। দেটাই আমার পিতার আদেশ। মরতে হয় মরব। আমাদের উদ্দেশ্য অপর পক্ষের অন্তঃপরিবর্তন ঘটানো। ইংরেজদের বেলা সেটা অনেকদ্র সফল হয়েছে। কিন্তু লীগপস্থী মুসলমানদের বেলা আদে সফল হয়ন। কেমন করে হবে, কতদিনে হবে, এই এখন আমাদেং ভাবনা। মূলনীতি বিসর্জন না দিয়ে এটা যদি সম্ভব হয় তো গান্ধাজী বাঁচবেন। নয়তো তাঁর জীবন সংশয়। জীবস্ত ব্যবচ্ছেদের ভাবনা। জুলির জন্মে আমি চিন্তা করিনে। দে দ্রৌপদীর মতো রক্ষনের পরীক্ষায় পাস করেছে। প্রৌপদীর মতো বীরত্বের পরীক্ষায়ও পাস করেব।"

'তোমাকে একলা রেথে আমি কোখাও থেতে পারব না। তুমি যেথানে আমি দেখানে।'' জুলি বলে দৃঢ় স্বরে।

মৃস্তাফীরা তা ভনে আশন্ত হন। মিলির মা বলেন, "আমার মেয়ে নও বলে কি তৃমি আনার মেয়ের চেন্ম কম আপন? তোমাকে কি আমি বিপদের মূথে কলকাতায় ঠেলে দিতে পারি?"

মিলির বাবা বলেন, "আমার মনে হয় না ব্যাপার ততদ্র গড়াবে। গড়ালে ইংরেজরাই এদেশে অনিদিষ্টকাল আটকা পড়বে। বাটন সাহেব আমাকে বলে গেছেন সামনের জান্ত্রয়ারি মাসেই তিনি ইণ্ডিয়া কুইট করবেন। তবে যদি ক্ষতিপূরণের প্রতিশ্রুতি পান তা হলে আরো এক বছর দেরি করতে পারেন। একই মনোভাব আরো অনেক সাহেবেরই। এদেশ থেকে ওঁদের মন উঠে গেছে। দেশে ফিরে গেলে অন্ত কোনো চাকরির আশং আছে। কিন্তু বেশী দেরি করলে চাকরি বাকরি থালি থাকবে না। ক্যাবিনেট মিশন এটা বোঝেন। তাই একটা মিটমাটের জন্তে স্বতোভাবে চেষ্টা করনেন। তাথ, সৌম্য, তোমরা স্বীকার করো আর না করো মুসলিম লীগেরও একটা কেস্ আছে। বিলেতের গভর্নমেন্টে এক পার্টি যায়, আরেক পার্টি আসে। কনসারভেটিভের পর লিবারল, লিবারলের পর কনসারভেটিভ। ইদানীং লিবারলের জায়গায় লেবার। এর নাম রোটেশন। আমাদের দেশে কি রোটেশনের জো আছে গ কংগ্রেদের পর মুসলিম লীগ, মুসলিম লীগের পর কংগ্রেদ এ রকম পালাবদল কি সম্ভব গ দিল্লীতে মুস দম লাগ কোনো কালেই

মেজরিটি পাবে না। তা হলে কি সে কোনোদিনই ক্ষমভার মুখ দেখবে না? তার জন্তে কি তাকে কংগ্রেসের অহ্প্রহে কংগ্রেসের জ্নিয়র পার্টনার হতে হবে ? জিলা সাহেব কারো অহ্প্রহ চান না। না কংগ্রেসের, না ইংরেজের। সেইজন্তে তিনি একটা তৃতীয় বিকল্প বার করেছেন। ম্সলমানদের জন্তে পাকিস্তান। পাকিস্তান হলে দেখানে কংগ্রেসই তাঁর অহ্প্রহ্প্রার্থী হবে। তাঁর জ্নিয়র পার্টনার হতে পারবেন কংগ্রেস মন্ত্রীরা। যেমন এই বাংলাদেশে। কংগ্রেস ও লীগের মধ্যে একটা বোঝাপড়া একদিন না একদিন হবেই। কোথাও কংগ্রেস সিনিয়র ও লীগ জুনিয়র পার্টনার। কোথাও লীগ সিনিয়র ও কংগ্রেস জ্নিয়র পার্টনার। বলা বাছল্য এর জন্তে চাই তৃই পার্টির মধ্যে চুক্তি। আর সেই চুক্তি পাঁচ বছর অস্তর অস্তর রিনিউ করা চাই। কিন্তু তার গ্যারাণ্টি দেবে কে ? নতুন শাসনতন্ত্র কি গ্যারাণ্টি দিতে পারে ? নতুন শাসনতন্ত্র তৈরি করার অপূর্ব স্থ্যোগ এসেছে আমাদের জীবনে। আমরা যেন এর সদ্ব্যবহার করতে পারি।"

সৌম্যকে স্বীকার করতে হয় যে ইংলণ্ডের মতে। রোটেশন ভারতে চলবে না। কোয়ালিশনই শ্রেয়। কিন্তু সমমনস্ক পার্টি না হলে কোয়ালিশন মানে নিত্য বৈরথ। তা হলে কি তৃতীয় বিকল্প বলতে পার্টিশন । তৃই আমি, তৃই ফরেন অ্যাফেয়ার্স, তৃই রেলওয়ে সীফেম । এক রাষ্ট্রের নাগরিক অপর রাষ্ট্রে এলিয়েন । পাকিস্তানে গান্ধা, হিন্দুস্থানে জিলা । ইণ্ডিয়ান নেশন ত্'ভাগ । ভারতীয় মুসলিম সমাজ ত্'ভাগ । কোনো সুরেই ঐক্য থাকবে না । পা থেকে মাখা পর্যন্ত গ'চির । মোগল সম্রাট বা বিটিশ বড়লাট কেউ এমন বিচ্ছেদ কল্পনা করতে পারেননি। জিলাকে বড়লাট করলে যদি তাঁর অস্তঃপরিবর্তন ঘটত।

"আমাদের গণসংযোগ প্রোগ্রাম ব্যর্থ হয়েছে। তাই মধ্যবিত্ত শ্রেণীর হিন্দু ম্দলমানই পাঁউরুটি আর মাছ ভাগাভাগি করে নেবার জন্তে জনগণকে বিভাস্ত করছে। এর প্রতিকার ইংরেজের গদীত্যাগের দঙ্গে কংগ্রেসেরও গদীত্যাগ। অভাত্ত দল ম্দলিম লীগের দঙ্গে মিলে মিশে রাজত করুক। কিন্তু পার্টিশিন কদাচ নয়।" সৌম্য এই বলে শুভরাত্রি জানায়।

সৌম্যর 'সর্বোদর আশ্রম' ধর্মীয় আশ্রম নয়। তার বাইরের ফটকে উৎকীর্ণ: "শুনহ, মাহুধ ভাই। স্বার উপরে মাহুষ স্ত্য তাহার উপরে নাই!" ফটকের একপাশে বড়ো বড়ো অক্ষরে লেখা ছিল: "এখানে হিন্দু ম্দলমান, আফাণ হরিজন, উচ্চ নীচ, নরনারী ভেদ নাই। সকলেরই সমান অধিকার ও দায়িত।" আরে একপাশে: "শ্রমই এই আশ্রমের প্রাণ। শ্রমই জপ তপ উপাদনা ও আরাধনা।"

আশ্রমের কাজকর্ম সকাল ছ'টায় শুক, সন্ধা ছ'টায় শেষ। সে সময় সকলেই যে যার বাড়ী ফিরে যায়, থাকে কেবল চৌকিদার, মালী আর জনা কয়েক আবাদিক কর্মী, যাদের আর কোথাও থাকবার জায়গা নেই। তাদের আহারাদির ব্যবস্থা তারাই করে,। কিন্তু তুপুরবেল। সকলেই আশ্রমের লঙ্গরখানার অতিথি। সেথানে নিথরচায় ডাল, ভাত ও একটা কি তুটো সবজি থেতে দেওয়া হয়। পরিবেশন করে বান্ধণ হরিজন, হিন্দু ম্সলমান, নর নারী, যথন যাদের নাম লটারিতে ওঠে। আর রায়া করে যারা রন্ধননিপুণ। তাদের জাত বা ধর্ম দেথে নয়, গুণ ও কর্ম দেথে বাছাই করে আশ্রম কমিটি। তারাও পালা করে রাধাে। অন্য সময় করে যার যার নিজের কাজ। কামারের কাজ, কুমারের কাজ, ছুতোরের কাজ, দজির কাজ, তাঁতীর কাজ, কাট্নীর কাজ। এননি হরেক রকমের কাজ। ময়লা সাফাইয়ের কাজ নিয়মিত করেত থা ক্রমীদের নবাইকেই। বাসন মাজা, কাপড় কাচা যার যার নিজের।

দকলে এক সঙ্গে বসে থায়। কিন্তু মেয়েদের আলাদা পঙ্কি। রাজে মেয়েদের থাকতে দেওয়া হয় না। তবে যারা স্ত্রী নিয়ে থাকতে চায় তাদের জন্মে কয়েকটি স্বতন্ত্র কুটির আছে। তার জন্মে ভাড়া দিতে হয়। দেটা আদে উপার্জন থেকে। উৎপাদন অনুসারে উপার্জনের হিসাব হয়। উপার্জনে তারতম্য থাকে। আশ্রম কাউকে মজুরি দেয় না। নিজের থরচে থেলে আমিষ থেতে নিষেধ নেই, কিন্তু আশ্রমের থরচে থেলে নিরামিষ্ট বিধি। নইলে থরচ বাড়ে। আশ্রমের সাধ্যের বাইরে। এই আশ্রম একটা ট্রাফা। সৌম্যন্ত ট্রান্টিদের একজন। তার পৈত্রিক সম্পত্তির কতক অংশ ট্রাফের তহবিলে থয়রাত্ত করেছে। বাকী ত্'জন ট্রান্টা গুজরাটা। তাঁরা সৌম্যর উপরে আহ্বাবান। তাকে পরিচালনার স্বাধীনতা দিয়েছেন। সে নিয়মিত রিপোট পাঠায়।

রোজ আশ্রমে গিয়ে তার প্রথম কাজ ঝাড়ু আর বালতি হাতে সাফাইয়ের অভিযানে যোগ দেওয়া। এটাই আশ্রমিকদের সমবেত প্রার্থনা। শরীরকে শুচি রাখা যেমন প্রাথমিক কর্তব্য পরিবেশকে গাইজার রাখাও তেমনি প্রাথমিক কর্তব্য। অপরিষ্কার পরিবেশ থেকে কতরকম ব্যাধির উৎপত্তি
সভ্য জাতি বলে যাদের পরিচয় তারা পরিবেশ পরিষ্কার রাথে! আমরা কি
সভ্য জাতি? তা যদি হয়ে থাকি তবে আমাদের পরিবেশকেও নিজের
মতো সাফ স্থতরো রাখা চাই। ত্ঃথের বিষয় ঘত জন নিথরচায় আশ্রমের
ভাত থায় তত জন নিথরচায় আশ্রম সাফ রাখতে এগিয়ে আসে না। সৌম্য ধর্য ধরে সহ্য করে যায়। এর পেছনে বহু শতাব্দীর উচ্চ নীচ মনোভাব
আছে। আমরা উচ্চ বর্ণ, আমরা নীচ বর্ণের মতো ধাক্ষড়ের কাজ করব?
তা হলে করবেটা কে? যারা চিরকাল করেছে তারাই চিরকাল করবে।
পূর্বজন্মের কর্মফল। কত বড়ো বড়ো মহাপুরুষ এলেন আর গেলেন, কেউ কি
এ প্রথা বদলে দিতে পারলেন? মহাত্মা গান্ধা পারবেন? পাগলামি!
সৌম্য একটু একটু করে সাড়া পায়। জুলি ঝাডু দারনীর মতো গাছকোমর
বেধে সাথী হয়।

এখানকার কর্মীরা স্বাই স্বাইকে সাথী বলে। যেমন ক্মিউনিস্টরা পরস্পারকে বলে ক্মরেড। এটা ছোটখাটো একটা স্মাজ। অথচ ধর্মীয় স্মাজনয়। তাবলে ধর্মহীনও নয়। যে যার নিজের ধর্মে বিশ্বাস করে। কিন্তু যে প্রেরণা এদের চালিয়ে নিয়ে যাচ্ছে তা পুরাতন তাঁত চরকা ঘানি ইত্যাদি অবলম্বন করলেও নতুন এক আদর্শের প্রেরণা। সারা দিন তার। অক্রান্তভাবে কাজ করে।

"আমরা যদি মাহ্যবের হাদয় জয় করতে পারি তা হলে বিশ্ব জয় করতে চাইনে। বিশ্ব জয় করে কাঁ লাভ হবে, যদি নিজের আত্মাকেই হারাই ? ইউরোপ আমেরিকা ও জাপানের দিকে চেয়ে ভাথ। মিলিটারি ইণ্ডাপ্টিয়াল কমপ্লেরা তাদের মহন্তব্য ক্ষয় করছে। যার পরিণতি জার্মানদের গ্যাদ চেম্বারে ইন্থানিকের গণহত্যা আর মার্কিনদের পারমাণবিক বোমায় জাপানীদের গণবিনাশ। এ ছাড়া আর কোনো পরিণতি হতে পারত না ও পারবে না। অপর পক্ষে সোভিয়েট রাশিয়ার দিকে চেয়ে ভাখ। দেখানেও মিলিটারি ইণ্ডাপ্টিয়াল কমপ্লের। তফাওটা এই যে প্রাইভেট ক্যাপিটালিজমের স্থান নিয়েছে স্টেট ক্যাপিটালিজম। শ্রমিকদের ও ক্ষকদের তাদের ইচ্ছার বিক্ষদ্ধে থাটিয়ে নিয়ে ও নাগরিকদের তাদের ইচ্ছার বিক্ষদ্ধে দৈনিক বানিয়ে ওরা ভাবছে ওরা একটা নতুন শৃদ্ধলার প্রতিষ্ঠা করছে। একদিন উপলব্ধি কয়বে ওটা একটা নতুন শৃদ্ধলার প্রতিষ্ঠা করছে। একদিন উপলব্ধি

কেউ জীবিত থাকে। আমরা মহস্তাত্বের বিনাশের উপর নয়, বিকাশের উপরেই জার দিই। চরকা চিরকাল চরকা থাকবে না, তারও বিবর্তন হবে। কিন্ধু সে থাকবে কাটুনীর আয়তে। কাটুনী তার আয়তে নয়। মাহ্যবের জন্তেই যয়, যয়ের জন্তে মাহ্যব নয়। যয়েকে দিয়ে মাহ্যবের পরিশ্রম কমাতে গিয়ে যয় মাহ্যবেকই ছাটাই করছে, আর সেই ছাটাই মাহ্যযগুলিকে য়ৢজের ব্যবদায় লাগিয়ে দিয়ে মরণের মুখে পায়িয়ে দিছে। ভারতেও তাই হবে কংগ্রেদ নেতারা যদি গাজীজীর পয়া থেকে বিচ্যুত হন। যদি মিলিটারি ইগুাস্টিয়াল কমপ্লেয় গড়ে তোলেন। আধীনতা যতই নিকটতর হচ্ছে দত্য ও অহিংলা ততই দূরতের হচ্ছে।" সৌম্য তার প্রিয় সাথীকে শোনায়।

জুলি বিনা বাক্যে মেনে নেয়। কথনো ঝাডুদারনী হয়ে ঝাডু দেয়, কথনো টে কিশালে গিয়ে টে কিতে পাড় দেয়, কথনো তাঁতঘরে গিয়ে রাউসের কাপড় ব্নতে বদে, কথনো কাট্নীদের সঙ্গে বসে তার জন্মে স্ততো কাটে। বাগানে গিয়ে মাটি কোপায় কথনো। সারাদিন থেটে খুটে সন্ধ্যায় বাড়ী ফেরে যথন তথন তার শরীরময় ক্লান্তি শার ব্যথা। আহারের পর সকাল সকাল বিছানায় গা এলিয়ে শের : গ্মের ঘোরে দৌম্যকে লতার মতো জড়িয়ে ধরে। পাছে দেউঠে পালিয়ে যায়। যথন ঘুম ভাঙে তথন দেখে দে কখন থেকে জেগে আছে। জুলিকে জাগিয়ে না দিয়ে অপেকা করছে।

মনে মনে সে তার বান্ধবী বাবলীর সঙ্গে টক্কর দেয়। তোদের বিপ্লবের আগে আমাদের বিপ্লব হবে, আমরাই জনগণের হৃদয় জয় করব। একবার ওঁদের হৃদয় জয় করতে পারলে ওদের যা করতে বলব তাই করবে। না, আর ভাঙ চূর নয়। খুন থারাপি তো নয়ই। প্রত্যেকটি গ্রাম স্বাধীনতা ঘোষণা করবে ও বাইরে থেকে আক্রমণ এলে আত্মরক্ষা করবে। ভাত কাপড়ের জরত কারো ম্থাপেক্ষী হবে না। মোটা চাল মোটা কাপড় নিজেরাই উৎপন্ন করবে। হ্ননটাই যা হৃলভ। সেটাও লোনা জমিতে পাওয়া যায়। পঞ্চায়ৎই হবে সত্যিকার সোভিয়েট।

করে বে শানন্দিত হয়। কিন্তু একই কালে বাবলীর দকে টকর দেবার কথাও ভাবছে। এর জন্তে দে হঃথিত। জুলিকে বলে, "বাবলীদের দলেও ত্যাগী পুরুষ ও নারী আছেন। তাঁদের উদ্দেশ্য মহৎ। কিন্তু উপায় মহৎ নয়। আমরা যদি আমাদের উপায়ে দৃঢ় থাকি তা হলে একদিন জনগণ তুলনা করে

দেখবে কোন্টা শ্রেয় আর কোন্টা প্রেয়। আপাডত আমাদের নিজেদের মধ্যেই যথেষ্ট লোনোমনো। সভ্যিকার গান্ধীপন্থীর সংখ্যা এখন আঙ্লে গোনা যায়। পঁচিশ ৰছর আগে আরো অনেক ৰেশী ছিল। এইভাবে যদি চলতে থাকে পঁচিশ ৰছর বাদে একটি কি ছটিতে ঠেকবে। বাপু বলেন একজন সভাগ্রিহীই যথেষ্ট। হাা, একজন সভাগ্রিহীই প্রতিরোধের জন্মে যথেষ্ট। কিছ দেশের পুনর্গঠন বা সমাজের পুনবিক্যাসের জত্যে যথেষ্ট নয়। বাবলীদের সে সমস্তা নেই। তারা স্বাই একমত যে জমিদার, মহাজন আর পুঁজিপতিদের থতম করে সমন্ত অর্থনৈতিক ক্ষমতা রাষ্ট্রের হাতে তুলে দিলে আর রাষ্ট্রকে পার্টির হাতের মুঠোর মধ্যে আনলে আর পার্টিকে একজন প্রোলিটারিয়ান ডিকটেটরের আজ্ঞাবহ করলেই প্রগতির পরকাষ্ঠা হবে। ইতিহাস রুশদেশে ওদের একটা স্থযোগ দিয়েছে। তার থেকে ওদের ধারণা হয়েছে সব দেশে দেবে। আমাদের এদেশে দিলেও আশ্চর্য হবার কিছু নেই। ওদের দক্ষে টক্কর দিতে যাওয়া বুথা। ভুধু নিজের লক্ষ্যে আর নিজম্ব উপায়ে স্থির থাকতে হবে। তোমার আমার যদি দেই পরিমাণে বিশ্বাদের জোর না থাকে তবে আমরা ইতিহাদের দঙ্গে পালা দিয়ে পারব না। ইতিহাদ আমাদের পেছনে ফেলে এগিয়ে যাবে। তবে বাপুকে পেছনে ফেলার সাধ্য কারো নেই। তিনি হু'শো বছর এগিয়ে রয়েছেন। নৈতিক নেতৃত্ব ছাড়া মানব সভ্যতা বাঁচতেই পারে না, আর দে নেতৃত্ব তিনি ভিন্ন আর কে দিতে পারে ? তাঁর রাজনৈতিক নেতৃত্ব শেষ হয়ে গেলেও নৈতিক নেতৃত্ব বন্ধায় থাকবে। ঞ্বতারার মতো তিনি পথ দেখাতে থাকবেন। ইংরেজরা বলে, স্লো অ্যাও স্টেডি উইনদ ছ রেদ। তুমি যদি বাবলীর দঙ্গে দৌড়ে জিভতে চাও তবে তোমাকে ধীর স্থির আর তরিষ্ঠ হতে হবে।"

"তোমার কি মনে হয় বাপুর রাজনৈতিক নেতৃত্ব শেষ হয়ে যাবার সম্ভাবনা আছে ? কংগ্রেস কি তাঁর নেতৃত্ব মানবে না ।" জুলি জানতে চায়।

"কংগ্রেস নেতারা যদি একবাক্যে বলতেন যে ব্রিটিশ গভর্ন মেণ্টের সঙ্গে কংগ্রেসের তরফ থেকে একমাত্র গান্ধীন্দীই কথাবার্তা চালাবেন ও তাঁর যা সিন্ধান্ত কংগ্রেসেরও সেই সিন্ধান্ত তা হলে তিনি সরে দাঁড়াতেন না। কিন্তু নেতাদের মধ্যেই এখন একটা অধীর ভাব দেখা যাচ্ছে। তাঁরা ক্ষমতা হত্তান্তরের জন্মে যে কোনো দাম দিতে প্রস্তুত ! ওদিকে ব্রিটিশ গভর্ম মেণ্ট ও দিল্লীকা লাড্ডু খাবার জন্মে সাদরে ডাকছেন। যে খাবে সেও গশতাবে, যে

খাবে না দেও পশতাবে। কংগ্রেদের ভিতরে একটা খাই থাই ভাব আর ইংরেজের ভিতরে একটা যাই যাই ভাব লক্ষ করা যাচছে। ওরা আর থাকতে চায় না। কিন্তু ওদের শর্ত কংগ্রেদকে মৃদলিম লীগের দক্ষে ভাগ করে থেতে হবে। ভাগ করে থেতে গেলে ঝগড়া বাধবেই। দে ঝগড়া কতদ্র গড়াবে তা কেউ বলতে পারে না। আমাকে হয়তো শহীদ হতে হবে।" সৌম্য গজীর মুখে বলে।

"না, না। তা কিছুতেই হবে না।" জুলি চেঁচিলে ওঠে। কাজ নেই অমন লাড্ডুতে। বিনা শর্তে দিলে থাব, নয়তো থাব না। এই হবে কংগ্রেসের জ্বাব।"

"বিনা শতে দিলেও থাওয়া মৃশকিল হবে। মুসলিম লীগ এমন গণ্ডগোল বাধারে যে গিলতে পারা যাবে না, উগরে ফেলতে হবে। পদত্যাগ করে পালিয়ে আসতে হবে। তার চেয়ে ওরা ম্সলিম লীগকেই দিলীকা লাড্ডু দিক। ওরাই গ্রাস করুক। শিখদের সঙ্গে যখন বেধে যাবে তখন টের পাবে কেমন মজা। তখন হয়তো কংগ্রেসের দিকে মিটমাটের জ্বে হাত বাডাবে। মিটমাট হলে পার্টিশনের ভিত্তিতে নয়, বিকেন্দ্রীকরণের ভিত্তিতে।" বেদীমার মতে।

"যদি বিকেন্দ্রীকরণের ভিত্তিতে না হয় তা হলে ?" জুলি প্রশ্ন করে।

"তা হলে মিটমাট শ.ৰই না। শহীদ হবার জন্মে তৈরি থাকতে হবে। বাপুকেও। তিনি তৈরি।" দৌম্য ঠিক জানে।

জুলি কাঁদো কাঁদো ভাবে বলে, "তা হলে আমরা কেন বর বাঁধতে ঘাচ্ছি ? কুটির নির্মাণের কাজ বন্ধ করে দিই ১"

"না, বন্ধ করে দেব না। সব চেয়ে থারাপটা ধরে নেব কেন । সেটা না ঘটতেও পারে। ইংরেজদের মতো লীগপন্থী মুসলমানদেরও অন্তঃপার্যতান সম্ভবপর। বিকেন্দ্রীকরণে ওদেরও তো কিছু লাভ হবে। নিতান্ত ফ্যানাটিক না হলে তাতেই তারা রাজী হবে।"' সৌম্যর মনে হয়।

''নিতান্ত ফ্যানাটিক যদি হয় ?'' জুনি জেরা করে।

"তা হলে ত্রাশা।" সৌম্য হাল ছেড়ে দেয়।

"তা বলে তোমাকে আমি অনর্থক শহীদ হতে দেব না। বাপুকেও বারণ করব। আমরা বাঁচব ও বাঁচাব।" জুলি ভেবে চিস্তে বলে।

জ্লিদের গৃহপ্রবেশের আগের দিন মৃন্তাফীরা একটা পার্টি দেন।

বিশিষ্ট অতিথিদের মধ্যে ছিলেন মানসের বন্ধু ও দেই হতে সৌম্যর আলাপীঃ সভ্যভূষণ সমান্দার। মটিমারের স্বায়গায় নতুন জেলা জ্জ। মিদেস সমান্দারও ছিলেন।

মৃত্তাফী বলেন, "এরা ছটিতে ঘরকরা পাতছে বটে, কিছু কে জানে ক'দিনের জন্মে! হঠাৎ একদিন সভ্যাগ্রহের ডাক আসবে, অমনি এরা ঘর ছেড়ে পথে বেরিয়ে পড়বে।"

সমাদার তাঁর সঙ্গে একমত হতে পারেন না। বলেন, "সত্যাগ্রহ হবে কার বিরুদ্ধে ? ইংরেজরা তো ক্ষমতা হস্তাস্তর করে দিয়ে চলে যাবার তালে আছে। যারা আপনি চলে যাচ্ছে তাদের বিরুদ্ধে সত্যাগ্রহ কেনই বা দরকার হবে ? এক যদি কংগ্রেসের দাবী হয় ক্ষমতার হস্তাস্তর কালে তাকেই একমাত্র উত্তরাধিকারী করা। তেমন দাবী ইংরেজ মানবে কেন ? মানলে যে মৃসলিম লীগকে শত্রু করা হবে। তাতে ইংরেজের কী লাভ ? কংগ্রেস কি তার বিপদের দিন পাশে দাঁড়াবে ? পুরাতন শত্রুকে উত্তরাধিকারী করে পুরাতন মিত্রকে শত্রুক করা কি সক্ষত ? এটা ইংরেজ চরিত্র নয়। ইংরেজরা তেমন কাজ করতে গেলে মুসলিম লীগ জেহাদ ঘোষণা করবে। আর সেই জেহাদের লক্ষ্য কেবল ইংরেজ নয়, কংগ্রেসও হবে। মুসলিম লীগ ধর্মের নামে মাঠে নামলে যা হবে তা আর একটা কুরুক্ষেত্র। গান্ধীজী কি এটা বোঝেন না ?"

সৌম্য এর উত্তরে বলে, "কংগ্রেদ বলবে ম্দলিম লীগকে একমাত্র উত্তরাধিকারী করতে। তার জ্ঞো সভ্যাগ্রন্থ করতে হবে কেন ? পদভ্যাগ করলেই চলবে। পদভ্যাগের পর গঠনের কাজ নিয়ে ব্যাপৃত থাকলেই হলো।"

"বামপন্থীরা সে নির্দেশ মানলে তো ?" সমাদার সন্দেহ করেন।

সৌম্য মৌন থাকে। মৃন্তাফী বলেন, "বামপন্থীরা দ্রে থাক, দক্ষিণপন্থীরাও কি মানবে? সাড়ে ছ'বছর ধরে যারা অভ্নুক্ত রয়েছে ভারা এখন
থেতে বদেছে, লাটসাহেবরাও তাঁদের জামাই আদরে খাওয়াচ্ছেন। এবার
তো মৃদ্ধের অজুহাতে উপবাস করা যায় না, যুদ্ধ আবার কবে বাধবে ভারও
ঠিক ঠিকানা নেই। এখন যদি অকারণে বা তুচ্ছ কারণে উপবাস করেন তবে
ভবিষ্যুতে যখন সভ্যি সভ্যি বিশ্বযুদ্ধ বাধবে তখন করবেন কী? বামপন্থীরা
দিদি অব্বা হয় তবে তারাই দেশ শাসনের দায়িত নিক। মুসলিম লীগের
ছাতে ক্ষমতা তুলে দেওয়া কেন? ক্ষমতা বলতে দেশ ভাগ করার ক্ষমতাও

তো বোঝার। ক্ষমতার আসনে বলে যদি ওরা ওদের ইচ্ছামতো দেশভাগ করে তবে তো দারা বাংলাদেশ ওদেরি হবে। মার আসামও। এবার ইংরেজরা সভিয় সভিয় কুইট করছে, এবার প্রত্যাশা করতে পারা যাবে না যে তারাই কংগ্রেদের শৃত্য গদী আগলাবে। ইতিহাসের প্নরাবৃত্তি বিতীয়বার হবে না। এবারকার ইস্থা ইংরেজদের শৃত্য স্থান পূরণ করবে একমাত্র কংগ্রেস, না য্মাভাবে কংগ্রেস ও লীগ, না বিভক্ত ভাবে কংগ্রেস ও লীগ। ইংরেজও থাকবে না, কংগ্রেসও থাকবে না, মুসলিম লীগ যা খুশি তা করবে, আর কোথাও না কর্মক বাংলাদেশে তো করবেই। তাকে সংযত করবে কে? কী উপারে স্বভাগ্রহ কি সেই উপার স্ব

সৌম্য নিক্তর থাকে। জুলি বলে ওঠে, "সত্যাগ্রহ বিফল হলে গৃহযুদ্ধ।"

• "ছেলেমাছ্যি। মিলিও সেই কথা হলে। গৃহযুদ্ধ যদি সৈনিকে সৈনিকে হয় তা হলে হয়তো আমরা বেঁচে বতে থাকব, কিন্তু যদি জনতায় জনতায় হয় তবে সপরিবারে পরলোক যাত্রা করতে হবে। যাদের পরলোকে যেতে আপত্তি তারা পর প্রেদেশে যাত্রা করবে। যা পলায়তি স জীবতি।"
মুস্তাফী বলেন।

সমাদার আবার থেই হাতে নেন। "উপরের শ্রেণীর মৃসলমানরা প্রায় ছ'শো বছর ধরে অভ্কা একবার রক্তের যাদ পেলে ভারা পঞ্চাশ বছরের আগে গদী থেকে নামবেন না। ছলে বলে কৌশলে গদী আঁকড়ে থাকৰেন। তাঁদের কাছে গণভদ্মের কোনো মৃল্য নেই। সভ্যাগ্রহ বা গৃহযুদ্ধ কোনোটাই তাঁদের নড়াতে পারবে না। নিচের শ্রেণীর মৃসলমানরা যভদিন না সাম্প্রদায়িক চেতনা থেকে বিম্ক্ত হয়ে অর্থ নৈতিক চেতনায় উপনাত হয় ততদিন 'ই'দের টলাবে কে? বুথা অপেক্ষা। আপাতত আমাদের কর্তব্য ইংরেজদের সঙ্গে বোঝাপড়া হলে ইংরেজরাই মৃসলিম লীগের সঙ্গে বোঝাপড়ার পথ প্রশস্ত করে দেবে। কতকটা নিজেদের স্থার্থে, কতকটা ভারতের স্থার্থে। ভারতকে তুর্বল রেথে গেলে সোভিয়েট রাশিয়া এসে ঘাড় মটকাবে। ভারতরক্ষার দায়িত্ব গুরা বিভক্ত করতে চাইবে না। সেটা হবে যৌথ দায়িত্ব। তা হলে বিদেশ নীতিকেও যৌথ রাথতে হয়। যোগাযোগ ব্যবস্থাকেও। শুনতে পাছিত্ব ক্যাবিনেট মিশনও সেই মর্মে চিন্তা করছেন।"

সৌম্য এইবার মৃথ থোলে। "গান্ধীজীও সেই মর্মে চিন্তা করছেন।" প্রতিমা সমাদার জুলিকে একান্তে বলেন, "আপনাদের কুটির দেখতে যাব একদিন আমরা। আপনারাও আমাদের কৃটির দেখতে আসবেন একদিন।"

জুলি খুলি হয়ে ৰলে, "নিশ্চয়। কিন্তু আমাদের কুটিরটা বান্তবিকই কুটির। আপনাদের কুটিরটা কাল্পনিক।"

প্রতিমা সমাদার হেদে বলেন, "তা হোক। আসবেন কিন্ত।"

## ॥ আঠারে। ॥

স্থানদার বাড়ীর কাছাকাছি বাদ করেন যশোবিকাশ রায়। ত্রাহ্মণ তথা জমিদার তথা ব্যারিস্টার। এর জত্যে তাঁর গর্বের কারণ ছিল। কিন্তু বিধাতা তাঁর ম্বরক্ষা করেননি। পিতামহের অমতে বিলেত যাত্রার দময় অর্থাভাবে পিরালী বংশে বিবাহ করেন। ফলে পিরালী হন। বাদে ছুলে আঠারো ঘা। মে পিরালী হয় ভার ভাই বোন ছেলেমেয়েরাও পিরালী হয়। তাদের বিয়ের সময় মৃশকিলে পড়তে হয়। তাঁর একমাত্র কন্যা যশোধরাকে তিনি লোরেটোতে পড়িয়েছিলেন। সঙ্গে সংস্থান বাজনাও শিথিয়েছিলেন। দেখতেও ক্ষমরী। তথা। দীর্ঘালী। কিন্তু পিরালীদের মধ্যে ক্ষপাত্র পাওয়া হন্ধর। রক্ষণশীল ব্রাহ্মণ পাত্ররা গুরুজনের ভয়ে পেছিয়ে যায়। যদি বা কেউ রাজী হয় সে মোটা পণ চায়, দেটা ধরচ হবে তার বোনের বিয়েতে।

অসবর্ণ বিবাহ যদিও তাঁর অহকারে বাধে তবু তিনি মেয়ের মুখ চেয়ে তাতেও রাজী হন। হাতের কাছে পান অপনদাকে। তিনি তথন বিলেত থেকে ফিরে পবে প্র্যাকটিস শুরু করেছেন। রায় সাহেবেরই কাছে শিকানীশ। যাকে বলে ডেভিল। নিজের ডেভিলের সঙ্গে মেয়ের বিয়ে তো প্রায়ই হয়। প্রস্তাবটা করেন মেয়ের মা। কিন্তু বিলিতী কেতা অফ্সারে করতে হতো অপনদাকেই। বলতে হতো, "টুকটুক, তুমি কি আমার হবে?" অপনদা প্রেমের শিক্ষানবীশী করতে আসেননি, সে বিভাতিনি ছাত্রজীবনেই আয়ত্র করেছেন। প্রয়োগও করেছেন। ব্যর্থও হয়েছেন। বর্লেন, "আমাকে মাফ করবেন। আমার ভাঙা হদয় জোড়া দেবার ক্ষমতা একমাত্র তারই আছে যে ভেঙে দিয়েছে। তার জন্তেই আমি অপেকা করছি আরো কয়ের বছর কয়ব।"

স্থানদা জানতেন না যে টুকটুক দাকণ আঘাত পাৰে। বিভিন্ন পাত্রের বারা একটা না একটা অজুহাতে প্রত্যাখ্যাত হয়ে সে এক কাণ্ড করে ৰসে। বিলেত পালিয়ে গিয়ে এক মৃসলিম যুবককে বিয়ে করে। বাপ মা মাথায় হাত দিয়ে বসেন। সমাজে মুখ দেখাবেন কী করে ? যতদিন পারেন চাপা দেন। কিছ পরে জানাজানি হয়ে যায়। বনুরা রসিকতা করে বলেন, মৃসলমানদের উপর পিরালীদের একটা পতজের মতো আকর্ষণ আছে। কন্যার পিতা কৈফিছৎ দেন, "পাত্রটি তো ভালো। সহংশীয়। ওদের বংশের কে যেন নবাব ছিলেন। ওদের পূর্বপুক্ষ নাকি উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশের পার্যবর্তী সোয়াটের আখন ।" রেজা আলী আখনের সঙ্গে প্রথম আলাপের দিন স্থপন্য ইংরেজীতে ছভা কাটেন—

"Who, or why, or which, or what,

Is the Akond of Swat?"

ভদ্রলোক হকচকিয়ে যান। তাঁকে জিজ্ঞান্থ দেখে স্থপনদা বলেন, "ছড়াটা আমার নয় এ তথার্ড লীয়ারের। ইংরেজরা জানত না আকন্দ বলতে কীবোঝায়, কাকে বোঝায়, কেন বোঝায়। আমরাও কি বৃঝি । আমরা তো ভাবি আকন্দ ফুল। একজন আকন্দকে চাক্ষ্ম করে আমি ঠিক ব্ঝতে পারলুম। নিজেকে ধতা মনে করছি।"

বরটি উদার হলে কী হবে ? তাঁর গুরুজন খোর রক্ষণশীল। তাঁর বেগম পর্দা মানেন না, পিয়ানো বাজান, ক্যারল গান করেন, ছন্মনামে সিনেমায় অভিনয় করেন। আকন্দ পরিবারের মাথা হেঁট। ব্যারিস্টারি প্সারেও টান পড়ে। স্বামীস্ত্রীতে মনোমালিতা। তথন টুকটুক আবার এক কাণ্ড বাধায়। যুদ্ধের সময় যেসৰ মাকিন মিলিটারি অফিদার এসেছিলেন উ: দের একজনের সঙ্গে ইলোপ করে। স্বামী তালাক দেন।

কিছুদিন পরে খবর আদে টুকটুক আবার বিয়ে করেছে। বরের নাম জন শারম্যান উডরো। পূর্বপুরুষ দিভিল ওয়ারে নাম করেছিলেন। টুকটুকের মনোগত উদ্দেশ্য ছিল হলিউডে গিয়ে চিত্রতারকা হওয়া। শশুরবাড়ীর দেটা পছন্দ নয়। এ বাড়ীর মেয়েরা কেউ অভিনেত্রী হয় না। হলিউডের প্রযোজকরাও তাকে আমল দেন না। আজে বাজে ভূমিকা নিতে বলেন। সে রাজী হয় না। তার উদ্দেশ্য ব্যর্থ হয়। তড়দিন জনেরও ক্লান্তি এদেছে। টুকটুক ডিভোর্স চায় ও পায়। স্থানদা একদিন আইনের পরামর্শ নিতে গিয়ে দেখেন ব্যারিন্টার সাহেবের ম্থানা কালো। কেন জানতে চাওয়ার আগে তিনি কাতর স্বরে বলেন, "স্থান, টুকটুক আমার এক গালে কালি মাথিয়েছিল, এখন আরেক গালে চ্ণ মাথিয়েছে। আমি ম্থ দেখাৰ কার কাছে? মেয়ে দ্বিতীয়বার ডিভোর্স পেয়েছে।"

স্থপনদা দাভনার স্বরে বলে, "অফ্থী হওয়ার চেয়ে বিচ্ছিন্ন হওয়া শ্রেয়।"
মেয়ের মা জলে ওঠেন, "এর জত্যে তুমিই দান্নী। তুমি যদি ওকে বিয়ে
করতে ও স্থী হতো। এদব কেলেঙ্কারি করত না।"

"আমি কেমন করে জানব ? আমি কি সর্বজ্ঞ ?' স্বপনদা জবাবদিহি করেন।

"তোমার জানা উচিত ছিল যে তোমার নভেল পড়ে তরুণী মেয়ের। তোমাকেই তাদের রোমাণ্টিক নায়ক করতে চাইবে। আরো ক'জনের মাথা থেয়েছ কে জানে ? ওরাও হয়তো এমনি অস্থা।"

"গোটের 'ভরুণ ভেরটারের ছৃ:খ' পড়ে সেকালের তরুণদের মধ্যে আত্মহত্যার হিড়িক পড়ে যায়। তার জন্মে কি গোটে দায়ী ? এ কী সর্বনেশে কথা! ক'জন প্রেমিকাকে আমি বিয়ে করতে পারতুম ?'' স্থপনদা কপট ভয়ে ভীত।

যশোবিকাশ বলেন, ''আর্ট যেমন জীবনের অন্থসরণ করে জীবনও তেমনি আর্টের অন্থসরণ করে। কার উক্তি ? ওস্কার ওয়াইল্ডের না ?''

''আর কার ? যা চটকদার উক্তি।'' অপনদা বলেন।

"আমি ভাবছি ও মেয়ে ইবসেনের স্পষ্ট না চেখভের? তোমার নয়, তা এতদিনে বোঝা গেছে। তৃমি জানো কেমন করে দব দিক দামলাতে হয়। কিন্ধু বলতে পারো ওর ভবিগ্রাৎ কী? ও চায় স্বাধীন জীবিকা। দিনেমা লাইনই ওর পছন্দ। এদেশে তার কী রকম প্রস্পেক্ট?" জানতে চান যশোবিকাশ।

"উচ্চমান বিদর্জন দিলে অদীম পরিদর। কিন্তু টুকটুক আর টুকটুক থাকবে না। দেবিকারানী আর দেবিকারানী থাকতেন না। তিনি সময়মতো দরে যান। অবশ্র মনের মতো স্বামী পেয়ে। অতি উচ্চমনা পূক্ষ। টুকটুকের ভাগ্যে কী আছে কে বলতে পারে! আর একজন শ্বেভোলাভ রেরিধ্ই বাকোথায়?" স্বপনদা সহায়ভবী। "ভেমন একটি বর থোঁজা ৰাপ মায়ের দাধ্য নয়। আমরাই ৰা আর কদিন ? আমাদের পরে মেয়েটার ভার নেবে কে ? টাকার অভাব হবে না। কিছ তাই বা কেমন করে বলি ? পারমানেট দেটল্মেট রদ হয়ে মেতে পারে। এটা ইংরেজদেরই স্পষ্টি। ওরা চলে গেলে ব্যারিস্টারিও তো উঠে যেতে পারে। ব্যারিস্টাররাও ইংরেজদেরই স্পষ্টি। আমাদের কজি রোজগারের স্থ্র থাকবে না। তোমাকে ধরতে হবে বৈগুবৃত্তি। আমাকে যজমান বৃত্তি।" বশোবিকাশ হাছতাশ করেন।

क्रभनित (हरम बरलन, "भित्रमि मा लिथ, मा लिथ, हजूतानन।"

'হাদির কথা নয়, স্থপন। ইংরেজী এদেছিল ফার্দীর জায়গায়। এর পর হিন্দী আদবে ইংরেজীর জাঁয়গায়। পারবে তুমি হিন্দীতে আদালতের কাজ চালাতে ? আমি তো অক্ষম। এ বয়দে হামাগুড়ি দিতে নারাজ!'' মশোবিকাশ হাদেন না।

"হিন্দী কেন বলছেন ? উর্ছ তো হবে পাকিস্তানের আদালতের ভাষা। আর বাংলাদেশ তো পড়বে পাকিস্তানে।" স্বপনদা মনে করিয়ে দেন।

"ভাবনার কথা। ইংরেজরা আমাদের উপর শোধ তুলে যাবে। ক্লুদিরাম থেকে স্থা সেন পর্যস্ত সকলের সন্ত্রাসবাদী কাজকর্মের জন্তে প্রতিশোধ। তৃমি তো জানো আমরা মডারেটরা সন্ত্রাসবাদ সমর্থন করিনি। আমরা ছিলুম দুরদর্শী। আর একস্ত্রীমিস্টরা অদূরদর্শী। এখন ডে অভ্রেকনিং আসর। ইংরেজরা যদি গোটা বাংলাদেশটাই মুদলিম লীগকে দিয়ে যায় কংগ্রেদ বা মহাসভা সেটা থামাবে কী করে । এবারকার নির্বাচনে মুসলিম লীগেরই একাধিপত্য। স্বহরাবদী একজন বর্ণহিন্দুকেও তার মন্ত্রিমগুলীতে নেননি। আর তাঁরই বা কতটুকু স্বাধীনতা ? দাবার ঘুঁটি চালাচ্ছেন জিলা। কংগ্রেনকে জব্দ করাই তার পলিদি। কংগ্রেদ হয়তো ইংরেজের দলে আপদ করবে, কিছ লীগ কখনো কংগ্রেসের সঙ্গে আপদ করবে না। ইংরেজের দঙ্গে কংগ্রেসের আপদে বাধা দেবে। কৈকেয়ীর মডে। দশরথকে বলবে, তুমি আমাকে বর দেবে বলে প্রতিজ্ঞা করেছিলে। আমি চাই পাকিস্তান। যার সামিল হবে সারা বাংলা, সারা আসাম, সারা পাঞ্চাব। আমাকে আমার প্রাথিত বর না দিয়ে তুমি কেমন করে বনবাদে যাও, দেখব। তোমার বিপদের দিন কৌশল্যা কি ভোমার দেবা করেছিল ? ভোমাকে বাঁচিয়ে দিয়েছিল ? বুঝলে, খপন ? है राजका मुमनिय नी गरक जांत्र भाखना ना निरम्न हो । ना निरम

গেলে লীগপন্থীরা বিজ্ঞোহ করবে। গুলি করে হাজার হাজার ম্সলমান মারতে হবে। সম্ভব নয়।" যশোবিকাশ মাথা নাড়েন।

"ক্যাবিনেট মিশনের স্টেটমেণ্ট পড়েছেন? গ্রহা দাফ বলে দিয়েছেন যে ওঁরা পাকিন্তান দমর্থন করেন না। মুসলিম লীগ যদি নাছোড়বালা হর তবে অর্থেক বল, অর্থেক পাঞ্জাব ও আসামের সিলেট জেলা পাবে। তাছাড়া উত্তর-পশ্চিম দীমাল্প প্রদেশ, বেল্টিশ্বান ও সিন্ধুপ্রদেশ। যদি গোটা বাংলা, গোটা পাঞ্জাব ও গোটা আসামের জন্তে জেল ধরে তবে সোভরেনটি পাবে না। সৈক্তসামল্ভ, পররাট্রবিভাগ ও যোগাযোগ ব্যবদ্বা থাকবে অবিভক্ত ভারতের কেন্দ্রীয় সরকারের হাতে। মুসলিম লীগকে খুশি করার জন্তে তাঁরা কেন্দ্রীয় সরকারের অক্যাক্ত ক্ষমতা তিনটি গ্রুপের মধ্যে ভাগ করে দেবেন। হিন্দুপ্রধান প্রদেশগুলিকে নিয়ে একটা গ্রুপ, পশ্চিম প্রান্তের মুসলিমপ্রধান প্রদেশগুলিকে নিয়ে আর একটা গ্রুপ, বাংলাদেশ ও আসামকে নিয়ে আরো একটা গ্রুপ। শেবের গ্রুপটাতে মুসলমানদের সংখ্যা শতকরা বাহান্নর নিচে। অমুসলমানদের সংখ্যা শতকরা আটচন্ধিশের উপরে। প্রায় সমান সমান। গ্রুপদের নিজম্ব আইনসভা ও সরকার থাকবে। কোয়ালিশনের সম্ভাবনাই বেশী। এই হলো ভাবী শাসনতন্ত্রের রূপরেখা। সেটা কারও উপর চাপিয়ে দেওয়া হবে না। সেটা একটা গ্রাপ্তরার্ড নয়।" অপনদা সংক্ষেপে প্রস্থাবের মর্ম শোনান।

"কেন্দ্র ও প্রদেশের মাঝখানে আরো একটা তর ? গ্রুপ ? ছনিয়ার আর কোন শাসনতত্ত্ব কেউ দেখেছে ? ওটাকে চালু করে দেবার জন্তে ইংরেজদের আরো কিছুকাল থেকে থেতে হবে। নয়তো ছ'দিনেই ভেঙে পড়বে। কেন্দ্রক অমন করে কমজোরী করা বিজ্ঞতা নয়। মোগলরাও তা করেনি, ইংরেজরা নিজেরাও তা করেনি। কংগ্রেস তাতে রাজী হবে ? লীগ যদি রাজী হর তবে তা সেই মই বেয়ে গাছে ওঠার জন্তে। গ্রুপ থেকেই পৌছবে স্বাধীন পাকিস্তানে। সমগ্র বন্ধ, সমগ্র পালাব ও সমগ্র আসাম সমেত। ভাঙন ধরাবে কেন্দ্রীর সৈত্তদলে। কংগ্রেস লীগ আপস ছাড়া এ পরিকল্পনা কার্যকর হবে না। সে আপস ইংরেজের হাতে নেই। আছে ছই দলের দলপতিদের ছাতে। আমি তোমার মতো আশাবাদী নই, স্বপন।" যশোবিকাশ বলেন।

"আমিও কি অ'শাবাদী ? লক্ষণ যা দেখছি তা আপসের নয়, গৃহযুদ্ধের। ত্'পক্ষই তৈরি হচ্ছে। বিনা যুদ্ধে কেউ কাউকে স্চ্যগ্র মেদিনী দেবে না। আমি এতে এড়িয়ে পড়তে চাইনে। আমি দূরে সরে থাকতে চাই। কিন্তু

যাবই বা কোথায়? ইউরোপে যেতে ইচ্ছে করে, কিন্তু দীপিকা কলকাতা ছেড়ে কোথাও যাবে না। তার কুকুরই তার দর্বস্ব।" অপনদা বিলাপ করেন।

টুকটুকের মা মেধলা দেবী হেদে ওঠেন। "কুকুরই তার দর্বস্ব? স্বামী নম্ন? এই হচ্ছে তোমার শান্তি। টুকটুককে বিম্নে করলে দেখতে তুমিই হতে তার ঠাকুর। দে হতো ঠাকুরদর্বস্ব।"

দীপিকা যদি শোনে তবে রক্ষে থাকবে না। স্থপনদা কথাটা ঘ্রিয়ে নিয়ে বলেন, "তা নয়। দীপিকা কলকাতায় থাকতে চায় সম্পত্তি পাহারা দিতে। ইংরেজরা যদি সৈতা সামস্ত নিয়ে ভারত থেকে অপসরণ করে তবে তার পরে যেটা হবে দেটা জোর যার মূলুক তার। মালিক পালিয়ে গেলে সম্পত্তি লোগাট হয়। এটাই তো নিয়ম। আদালত কোথায় যে নালিশ করে কেরৎ পাবে। ওসব অচল হবে। লর্ড ওয়েভেল ইনটারিম গভন মেণ্টের জত্তে চেটা চালিয়ে যাছেন। যদি দফল হন তবে কংগ্রেস আর লীগ একসঙ্গে কাজ করতে করতে পরস্পরকে বিশাস করতে শিথবে। একটা মোডাস ভিভেণ্ডি গড়ে উঠনে। হিন্দু মুসলমান যদি এক না হয় ভারত এক হবে কোন্ মন্ত্রবলে ? ইংরেজরা ক্ষমতা হাতে দিয়ে গেছে বলে গ আমি চাই হিন্দু মুসলমানে কোলাকুলি। তুমি আমাকে কিছু দাও, আমি ভোমাকে কিছু দিই। গিভ আগেও টেক। কিছে ওরা তো কেউ কারো সঙ্গে কথাই বলছে না। প্রত্যেকেরই সম্পর্ক ইংরেজের সঙ্গে। অপর পক্ষের সঙ্গে নয়। কৌশল্যাতে কৈকেরীতে মুখ দেখাদেখি নেই।"

"তাথ, স্থপন, কংগ্রেদ আর লীগ যদি ম্সলিম নির্বাচন কেন্দ্রে পরস্পারকে অপোজ করে, যদি প্রাদেশিক আইনসভাগ্ন পরস্পারের িরোধী পক্ষ হয়, যদি কেন্দ্রীয় আইনসভাগ্ন পরস্পারের বিরুদ্ধতা করে, তবে বড়লাটের শাসন পরিষদে তারা মিলে মিশে শাসনকার্য চালাবে কী করে ? গিভ অ্যাণ্ড টেক সর্ব ক্ষেত্রেই করতে হবে। কেবলমাত্র শাসন পরিষদে নয়। গান্ধীন্ত্রী শুনেছি শুয়েভেল সাহেবকে পরামর্শ দিয়েছেন কংগ্রেদ বা লীগ এদের এক পক্ষের উপর গভর্ন মেন্ট ছেড়ে দিতে। লীগ যদি গভর্ন মেন্ট চালাগ্ন তাতে তাঁর আপত্তি নেই। কিন্তু তুই দলের যেমন সম্পর্ক তাতে শুদের মেলাতে গেলে বিক্ষোরণ ঘটবে।" যশোবিকাশ বলেন।

ব্যাণ্ডি এল। স্থপনদার দিকে বাণ্ডিয়ে দিয়ে যশোবিকাশ ৰলেন, "আমার বয়স হলো সভর। কোর্টে যাওয়া আসা করা আর চলবে না,

গাউটের মতো হয়েছে। বডদিন পারি চেম্বার প্র্যাকটিস চালিয়ে যাব, যদি ইংরেজী থাকে। এখন আমার প্রধান ভাবনা টুকটুকের কী হবে। ডোমার কি মনে হয় ও আবার বিয়ে করবে ?"

"কেমন করে জ্ঞানৰ ? স্তিয়াং চরিত্রং দেবা ন জানস্থি কুডো মহয়াঃ।"
যশোবিকাশ হাসেন, কিন্তু মেথলা দেবী চটে যান। "নারীজাতিকে অত
বড়ো অপমান আর কেউ করেনি। পচা রসিকভা।"

যশোবিকাশ তাঁর স্ত্রীকে প্রবোধ দেন। "হারা সীতা, সাবিত্রী, উমা হৈমবতীর চরিত্র এ কৈছেন তাঁরা নারীকে কত বড়ো আসন দিয়েছেন। সম্মানও তো আর কেউ তেমন করেনি।"

"টুকটুক আদছে কবে।" স্বপনদা জিজ্ঞাদা করেন।

থে কোনো দিন। আমাদের কাছেই থাকবে। বরাবর থাকলে তা আরো ভালো হয়। এ বয়দে আরু কে আমাদের দেখাশুনা করবে? ভাস্কর? ভাস্কর তো বৌ নিয়ে মিলিটারি ক্যানটনমেণ্টে। শুনছি ব্রিগেডিয়র হবে। ইংরেজরা এক এক করে উচ্চ পদ ছেড়ে দিচ্ছে। ওদের এখনকার পলিদি হলো আমিটাকে ওদের সাগরেদ দিয়ে ভরিয়ে দেওয়া। গোরা ইংরেজের জায়গায় কালা ইংরেজ। যাতে ব্রিটিশ ঐতিহ্যের সঙ্গে অম্বয় রক্ষা হয়। ভারতের স্বাধীনতায় ওদের আপত্তি নেই। যেটা অবশ্রম্ভাবী সেটাকে মেনে নেওয়াই তো বিজ্ঞতা। এবারকার যুদ্ধে এস্তার ছেলেকে কমিশন দেওয়া হয়েছে। তারা বেকার হলে তো শত্রুতা করবে। আর তাদের বহাল রাখতে গেলে নিজেদেরই হটতে হয়। দেটার জন্মে ওরা মনে মনে প্রস্তুত। তবে ওদের পেনসন ও ক্ষতিপুরণ দিতে হবে। সিভিলিয়ানদেরও ওই একই ৰ্যক্তৰ্য। কিছু দেবেটা কে ? হোম গভন মেণ্ট না ভারত গভন মেণ্ট? হোম গভন মেণ্ট দীর্ঘকাল ধরে পেনদন ও ক্ষতিপুরণের দায় বইতে রাজী হবে না। বইতে হবে ভারত সরকারকেই। কোন ভারত সরকারকে ? বারা বিদায় নিচ্ছে তাদের ভারত সরকার নয়। যারা ক্ষমতা বুঝে নিতে চায় তাদেরই সরকার। ক্ষমতার হস্তান্তর মানেই দায়িত্বের হস্তান্তর। ইন্টারিম গভন মেণ্ট গঠন করার জত্যে বড়লাট যে ব্যাকুল হয়েছেন তার কারণ এদেরই নিতে হবে পেনসন ও ক্তিপুরণ দেবার সিদ্ধান্ত। রাজী হলে মিটমাট, নার্মাঞ্চ হলে বিচ্ছেদ। কংগ্রেস বা লীগ কেউ ব্রিটেনের সঙ্গে विष्कृत होत्र ना। भक्कांत्र अधार्त्र भगाश हात्रहा भिक्कांत्र अधार्त्र आत्रह

হয়েছে। আমরা মডারেটরা এইটেই কয়না করেছিলুম। দাদাভাই নওরোজী, ফিরোজ শাহ মেহতা, ডব্লিউ সি বনাজি, স্থরেক্সনাথ ব্যানাজি, গোপাল রুফ গোথলে, লর্ড সিন্হা কেউ তাঁবেদার ছিলেন না। তথনকার দিনে মহম্মদ আলী জিল্লাও ছিলেন এঁদের সঙ্গে। তিনিও সমান স্বাধীনচেতা। পরিবর্তন তো মাহ্র্য মাত্রেরই হয়। তাঁরও হয়েছে। গোথলের শিষ্য গান্ধীরও। তৃঃথ এইথানে যে এঁদের মাঝথানে এখন দৃত্র ব্যবধান। গান্ধীজী যেমন বড়লাটের প্রতিপক্ষ জিল্লা সাহেব তেমনি গান্ধীজী প্রতিপক্ষ। বিরোধীপক্ষই তো অলটারনেটিভ গভন মেন্ট গঠন করে। গান্ধীজী একদিন তা করবেন, কিন্তু জিল্লা সাহেবের কী আশা। যদি না দেশ তৃ'ভাগ হয়। বাধা দিলে সিভিল ওয়ার। ফলাফল অনিশ্চিত। ইংরেজ তার আগেই কুইট করবে। শ্বাণোবিকাশ অনুমান করেন।

স্বপনদা জানতে চায়, "জিল্লাকে কি আপনি চিনতেন ?"

"চিনব না? তথনকার দিনে কংগ্রেস ছিল আমাদেরি হাতে গড়া। कनकाछ। राहेरकार्टित बाजिकोत, वार्टिन ख डेकीनतार निरम्पत मरधा আলোদনা করে স্থির করতেন কংগ্রেদের অধিবেশন কোথায় হবে, সভাপতি হবেন কে, পলিপি কী হবে। 'আমর। বিলেতফে তা ক'টাই দেশে কংগ্রেদ আদি ঘটাই।' বর্ণকুমারী দেবীর বামী জানকীনাথ ঘোষাল থাকতেন আমাদের এই পাড়ায়। কংগ্রেদের কাজ দেখাশুনা করতেন। গান্ধীজীর আত্মচরিতে যে ঘোষালবাবুর নাম আছে তিনি আর কেউ নন, জাদকীনাথ। হাা, তিনিও ব্যারিস্টার। দরলা দেবী তাঁরই কন্তা। কংগ্রেদের অধিবেশনে গান বাজনার ভার ছিল তাঁর উপরে। রবীন্দ্রনাথও গান গেয়ে শুনিয়েছেন। কংগ্রেস মুদলমানদেরও সভাপতি করত। মেম্বর তো ক্রেডই। জিল্লা ছিলেন আমাদের তুরুপের তাদ। ইংরেজদের বলতুম, এই দ্যাথ জিল্লা আছেন আমাদের দকে। ইংরেজ মহলে তিনি অপ্রিয় ছিলেন। প্রিয় মুসলমানর। ঢাকায় শিক্ষা সম্মেলন করতে গিয়ে শেষ মুহুর্তে একটা চমক দেন। মুসলিম লীগ ৰলে একটা প্রতিষ্ঠান পত্তন। খবরটা আসে রয়টারের মারফং লওন থেকে। ঢাকা থেকে দরাদরি নয়। তা হলে বোঝ কার কারদাজি। ওটা যে ত্রিটিশ গভর্ম মেণ্টের সেকেও ফ্রণ্ট এ বিষয়ে কারে। সন্দেহ ছিল না। वज़नां हे नर्ज शिल्हें। श्रें एन स्र भूथ निरंत्र वनिरंत्र तिन र्य भूननभानरमंत्र निरंज हरव সেপারেট ইলেকটোরেট। আমরা যে শাসনভ'ম্রিক পরিবর্তন দাবী করেছিল্ম

তার পরিণতি হয় নির্বাচনের সময় হিন্দু মুসলমানের পুথক ভোট। নির্বাচন জিতে त्रिक्षीय चार्रेनम्ভाय त्यर् हाल हिन्दू शार्थी मुन्निय ट्डांगात्रत बात्र हात्न ना, मुत्रनिय প্रार्थी हिन्तू श्रार्थीत चात्र हर्वन ना। य यात्र निष्कत मध्यमारात প্ৰতিনিধি হয়ে নিৰ্বাচিত হবেন। জিল্লাকে ৰাধ্য হয়ে মুগলিম নিৰ্বাচনকেন্দ্ৰে প্রার্থী হতে হয়। মুসলিম লীগের মেম্বর হতে হয়। তা হলে তিনি কংগ্রেস ত্যাগ করেন না। তিনি ছই নৌকায় পা রেখেছেন কেন এ প্রশ্নের উত্তরে তিনি ৰলেন, ভারতের জাতীয় স্বার্থে আমি কংগ্রেসে আছি। মুসলমানদের সাম্প্রদায়িক স্বার্থে মুসলিম লীগেও আছি ? তথনকার দিনে এটা নিষিদ্ধ ছিল না। ফলে জিলা ছিলেন বরের ঘরের পিদী ও কনের ঘরের মাদী। প্রথম মহাযুদ্ধের মাঝখানে লখনউতে যে কংগ্রেস লীগ প্যাকৃট স্বাক্ষরিত হয় সেটা ছিল টিলক ও জিলার যৌথ উলোগে। লখনউতে আমিও উপস্থিত ছিলুম। नीन मन्छता कः दर्शासत अधिरवन्त आस्मिन, आमता श्र बाहे नीन अधिरवन्त । টিলক বলেন, 'হিন্দু, মুদলমান ও ইংরেজের ত্রিকোণীয় সংগ্রাম চলতে দেওয়া উচিত নয়। সংগ্রাম হবে এখন থেকে বিপাক্ষিক। একপক্ষে হিন্দু মুসলমান। অপর পক্ষে ইংরেজ।, সেটা কংগ্রেস ও লীগ উভয়ের মনের কথা। সে সময় আমাদের লক্ষ্য ছিল প্রাদেশিক স্বায়ত্তশাসন। পরে যথন দেটা **হ**য় কেন্দ্রীয় স্বায়ত্তশাসন বা স্বরাজ তথন জিল্লা বলেন, 'তার আগে আরো একটা কংগ্রেস লীগ প্যাকৃট চাই।' টিলক জীবিত থাকলে সেটাই বোধ হয় পলিসি হতো। কিছু ইতিমধ্যে গান্ধীজী এসে কংগ্রেসের হাল ধরেছিলেন। তার লক্ষ্য ছিল একবছরের মধ্যে স্বরাজ। উপরম্ভ খেলাফং সমস্থার স্থমীমাংসা। তা ছাড়া পাঞ্চাবের অক্যায়ের স্থবিচার। তার উদ্দেশ্য সাধনের উপায় ছিল অহিংদ অসহযোগ। গণ দত্যাগ্রহ। তার জন্যে নির্বাচন বয়কট। আদালত বয়কট। আমি দেই সময় সরে পড়ি। জিলা সাহেবও। কংগ্রেস লীগ প্যাক্ট তে: পার্লামেণ্টরি রাজনীতির অঙ্গ। গান্ধীভী পার্লামেণ্টারি রাজনীতি বর্জন করেন। পরে দি আর দাশ ও মোতিলাল নেহকর থাতিরে ম্বরাজ দলের সঙ্গে আপস করেন, কিন্তু জিলার সঙ্গে নয়। সেই ইন্ডক গান্ধী জিলার মতভেদ ও পথভেদ বেড়েই চলেছে। জিলা দাবী করছেন যে মুদলিম লীগই মুদলমানদের একমাত্র প্রতিনিধিস্থানীয় প্রতিষ্ঠান, কংগ্রেদ মুদলিমরা লীগ মুসলিমদের সঙ্গে এক আসনে বসতে পারেন না, তাঁদের বিসর্জন না দিলে কোনো চুক্তিই শস্তব নয়, কোনো চুক্তি শস্তব না হলে ক্ষমতার

হস্তান্তর একই কেন্দ্রীয় সরকারের উপর বর্তান্তে পারে না, তার জল্মে চাই ত্টো কেন্দ্রীয় সরকার, একটা হিন্দু নেশনের হোমল্যাণ্ডের ও আরেকটা মুসলিম মেশনের হোমল্যাণ্ডের প্রতিনিধিদের নির্মে গঠিত। একটিমাত্র কেন্দ্রে কোয়ালিশন যদি একান্তই হয় তবে ছই পক্ষের প্যারিটি তার জল্মে অত্যাবশুক। কংগ্রেসকে সেটা মেনে নিতে হবে। নইলে লীগের সহযোগিতা পাওয়া যাবে না। সে সংঘর্ষের পথ ধরবে। সেই জিল্লা আর এই জিলা! চিনতেই পারা যায় না। ম্থের চেহারা একই রক্ম আছে, কিন্ধু মনের চেহারা বেবাক বদলে গেছে। টিলক মহারাজ যেটা বন্ধ করে দিয়েছিলেন সেইটেই আবার আমাদের সামনে—তিনকোণা সংগ্রাম। কিন্ধু ইংরেজ যদি স্বেচ্ছায় অপসরণ করে তা হলে আর তিনকোণা নয়, বিপাক্ষিক।" ম্বেণাবিকাশ তল্ময় হয়ে বলেন ও স্থানদা একাগ্র চিত্তে শোনেন।

এর পরে আর জমে না। যশোৰিকাশের হৃদয় ছিল ভারাক্রাস্ত। মেথলা দেবীরও। টুকটুকের ভৰিবাৎ কী হবে সেটাই প্রথম কথা। ভারতের ভবিয়ৎ কী হবে সেটা বিভীয়।

স্থপনদা সংক আইনের পরামর্শ চেয়ে তাঁকে বিব্রত করতে চান না। তিনিও কন্তার জন্মে চিস্তিত। দেদিন এই শেষ।

ওদিকে দীপিকাদি ক্যাবিনেট মিশনের পরিকল্পনা পড়ে নিশ্চিন্ত হয়েছেন।
তাঁর কাছে বড়ো বলা কলকাতার ভবিষ্যং। মুসলিম লীগ যদি স্বাধীন ও
সার্বভৌম পাকিসান চায় তবে তাকে কেবল হিন্দুপ্রধান প্রদেশগুলির নয়,
পাঞ্চাব, বন্ধ ও আদামের হিন্দুপ্রধান অঞ্চলগুলিরও মায়া কাটাতে হবে।
কলকাতা তথা পশ্চিমবন্ধ তার ভাগে পড়বে না। তবে দে যদি নিতান্তই
দেসব অঞ্চল হাতছাডা করতে না চায় তা হলে লাকে সার্বভৌমতার মায়া
কাটাতে হবে। সার্বভৌমতার প্রতীক ডিফেন্স, ফরেন এ্যাফেরার্সা ও
যোগাযোগ ব্যবস্থা। দেগুলি তুলে দিতে হবে এক যৌথ গভর্নমেন্ট াা অথরিটির
হাতে। দেটাও একপ্রকার কেন্দ্রীয় সরকার। হিন্দুস্থান ও পাকিস্তান তুই
উপরান্ত্রই তার অধীনস্থ। যেমন হায়দরাবাদ ও কাশ্মীর। অবিভক্ত ভারতই
অন্ত ভাবে বহাল থাকবে। সেই পরিপ্রেক্ষিতে বাংলাদেশ, পাঞ্চাব আর
আদামও থাকবে অবিভক্ত।

"লেবার যে আমাদের কত বড়ো শুভাম্ব্যায়ী এই পরিকল্পনাই তার প্রমাণ। মুদলিম লীগ কিছুতেই অত ছোট শাকিস্তান ও অত বড়ো হিন্দ্রানে রাজী হবে না। তা হলে ভারত ভাগের দাবী ত্যাগ করতে হয়। আর কলকাতার মায়া কাটানোও কি মুখের কথা? স্বহরাবদী কি পারবেন বাংলা ভাগে রাজী হতে? আমরা অনায়ালে ধরে নিতে পারি যে পাকিস্তান কলকাতা পাবে না। লড়াই করা বুথা। কলকাতা আমাদেরই থাকবে। আমুরাও কলকাতায় থাকব। দীপিকাদি বলেন।

হঁয়া, ঘাম দিয়ে জর ছাড়ল। আমাকে আর বন্ধভদ দর্শন করতে হবে না। এক জীবনে একবারই যথেষ্ট। ইংরেজদের উপর ভোমার অবিশাস জনোছিল। সেটা সেই কমিউনাল এ্যাওয়ার্ডের পর থেকে। এখন তুমি ব্বতে পারছ ওরা হিন্দুর উপর জাভকোধ নয়। কী ভোগানটাই ওদের ভোগানো হয়েছে ১৯৪২ সালের কুইট ইণ্ডিয়া আন্দোলনে! একদিকে জাপান, আরেক দিকে কংগ্রেদ। কিন্তু ভার জন্মে ওরা প্রতিশোধ নিতে চায় না। পেথিক-লরেন্স আর ক্রিপস গান্ধা ও নেহকর পুরাতন বন্ধ।" স্বপনদা বলেন।

"পেথিক-লরেন্সের মতো ফেমিনিস্ট কি আর আছে? স্ত্রীর পদবী বহন করে চলেছেন। ওর নিজের পদবী তো পেথিক। লরেন্স পদবীটা ওঁর স্ত্রীর। ই্যা, একেই বলে প্রেমের জন্মে ত্যাগন্ধীকার। স্ত্রীরাই তো স্বামীর পদবী বহন করে বেড়ায়, স্বামীরা স্ত্রীর পদবী বহন করা দ্রে থাক বিয়ের পরে রাথতেও দেয় না। যেমন তুমি।" দীপিকাদি খোঁটা দেন।

স্থানদা জানতেন যে দীপিকাদি কটর ফেমিনিস্ট। বাবলী যেমন কটুর কমিউনিস্ট। এ নিয়ে আগেও তর্কাতকি হয়ে গেছে। ইংরেজ মেয়েরা আজকাল স্থামীর পদবী ধারণ না করে পিতার পদবীই রক্ষা করে। দীপিকাদি ইচ্ছা করলে দীপিকা ঘাঁয় লিখতে পারেন। কিন্তু স্থানদাকে যদি বলেন গুপ্ত-ঘোষ লিখতে তা হলে দেটা হবে স্কুমার রায়ের হাঁসজাক বা হাতিমির মতো কিন্তুত। স্থামীর মতো স্থাও হাস্থাম্পদ হবেন। আসলে ফেমিনিজম তত্ত্বটাই স্থানদার পছন্দ নয়। এই যে মেয়েরা চাকরির জন্মে আজকাল ক্ষেপেছে এটা বিবাহের সঙ্গে বেখাণ্। টুকটুক তার নবতম নিদর্শন। স্থামী আর সন্তান নিয়েই মেয়েদের জীবন।

আৰু এ নিয়ে আর তর্ক না করে স্বপনদা বলেন, "পেথিক-লরেন্স ব্যারিস্টার, ক্রিপস ব্যারিস্টার, গান্ধী ব্যারিস্টার, নেহরু ব্যারিস্টার, পাটেল ব্যারিস্টার, জিল্লা ব্যরিস্টার, লিয়াকৎ আলী ব্যারিস্টার। ওদিকে ব্রিটিশ প্রধানমন্ত্রী অ্যাটলীও ব্যারিস্টার। এই ক'জন ব্যারিস্টারই ভারতের ভাগ্য নিয়ন্ত্রণ করছেন। ইতিহাসের নির্বন্ধ। অথও ভারত বা বিথও ভারত যেটাই হোক না কেন সিদ্ধান্তটো ব্যারিস্টারদের হাতে। নেহক ও পাটেলকে বাদ দিয়ে পাকিন্তান দিবে হিন্দুখান সক্ষার হয় না। জিল্লা আর লিয়াকৎকে বাদ দিয়ে পাকিন্তান সক্ষার হয় না। তোমাকে মানতেই হবে যে ব্যারিস্টোক্রাসীর যুগ যায়নি ও যাবে না। ডেমোক্রাসী, বুরোক্রাসী আর ব্যারিস্টোক্রাসী এই তিনটি যেন এক বৃত্তে তিনটি ফুল। যেমন বিলেতে।"

দীপিকাদি রিসিকতা করে বলেন, "এ যে দেখছি অষ্টবজ্ঞ সন্মিলন। এর ফল হবে বহুবারস্তে লঘু ক্রিয়া। কনিষ্ট মেন্ট আ্যানেম্বলী বসবে কি-না সন্দেহ। ইন্টারিম গভন মেন্ট গঠন করতে পারা যাবে কি-না সন্দেহ। ক্যাবিনেট মিশন সফল হবে কি-না সন্দেহ। গাছে কাঁঠাল গোঁফে তেল। ঘোরতর নৈরাজ্যের মধ্যে আইন আদালত টিকে থাকবে কি-না সন্দেহ। ঘোলা ভলে কমিউনিন্টরা মাছ ধরবে কি-না সন্দেহ। সারা জীবনের তপস্থা বার্থ হলে গান্ধীজা বেঁচে থাকবেন কি-না সন্দেহ। ন্টালিন তাঁর শ্রুতা পূরণ করতে ক্রিয়ে আদ্বেন কি-না সন্দেহ। ন্টালিন তাঁর শ্রুতা পূরণ করতে ক্রিয়ে আদ্বেন কি-না সন্দেহ। ন্টালিন এলে উ,মানও আদ্বেন নিঃসন্দেহ। ক্যাবিনেট মিশন প্রত্যাবর্তন করছেন। কিন্তু শিথদের তুই করবার জন্যে কী উপার করছেন প্রা কি সহু করবে প্র

## ॥ উনিশ ॥

দীপিকাদির মনে শান্তি, স্থপনদার অশান্তি। ক্যাবিনেট মিশং তৃতীয় কোনো বিকল্প রাথেননি। বাংলাদেশ ইচ্ছা করলে স্বাধীন ও সার্বভৌম হতে পারবে না। হিন্দুরা চাইবে তাকে হিন্দুশানের সামিল করতে, মুসলমানরা চাইবে পাকিস্তানের সামিল করতে। হিন্দুশান ও পাকিস্তান যদি একই কেন্দ্র মেনে নেয় তবে বাংলাদেশ অবিভক্ত থাকবে, কিন্তু জিলা যদি পাকিস্তানের জন্মেও প্যারিটি দাবী করেন তবে কংগ্রেস কিছুতেই রাজী হবে না। প্যারিটি মানে ব্যালান্স অভ পাওয়ার। ব্যালান্স অভ পাওয়ার কেউ কাউকে ছেড়ে দেয় না বলেই জার্মানী বিধাবিজ্ঞা। বালিন বিধাবিজ্ঞান শেষ পর্যন্ত বাংলাদেশও বিধা হবে। সাতার মতো স্থপনদাও পাতালপ্রবেশ করবেন। আর একটি

লাইনও লিথবেন না। কার জ্বেল্য লিথবেন ? বাঙালীর জ্বন্সেই লেখা, বাঙালীর ভাষাতেই লেখা। বাঙালী কোথায় ? তার ভাষা কোথায় ? এ কি দেই বাঙালী ? এ কি সেই ভাষা ? কলকাতা বালিনের মতো ভাগ হবে না। এই যা দান্ত্রনা। পূর্ব বৃদ্ধ ফি থেকে যাবে প্রহরীবেষ্টিত দীমাল্ডের ওপারে ?

পূর্ব বঙ্গের জন্যে দীপিকাদির মাথাব্যথা ছিল না। ওথানে যত মুদলমান আছে আরব উপদ্বীপে, তুরক্ষে বা ইরানেও তত নেই। ওরা যদি মনে করে ওরাও সেইরকম একটি নেশন তবে ওরাও একটি নেশন। নেশন শ্ব্দটার নির্দিষ্ট কোনো সংজ্ঞানাই। তা যদি থাকত ইছদীরা বলত না যে ওরাও একটি নেশন। े কথনো দেশ থেকে নেশন হয়, কথনো নেশন থেকে দেশ হয়। ইত্দীরা চলেছে দেশের সন্ধানে প্যালেস্টাইনে। ওদের প্রামর্শ দেওয়া হয়েছিল বিরলবদতি কোনো দ্বীপে গিয়ে উপনিবেশ স্থাপন করতে। ওরা কর্ণপাত করেনি। প্যানেস্টাইন ওদের পূর্বপুরুষের দেশ। সেইথানেই ওরা হোমল্যাণ্ড পুনকদ্বার করবে। ভারতের মুসলমানরাও সেই দৃষ্টান্ত অহুসরণ করছে। তারা পূর্বপুরুষের দেশে ফিরে যেতে পারছে না, কারণ দেশব দেশে তো একটি নয়, বহুসংখ্যক। কতক আবার সোভিয়েট ইউনিয়নের অন্তর্ভুক্ত। তাই তারা ভারতের ভিতরেই তাদের হোমল্যাণ্ড প্রতিষ্ঠা করবে। হিন্দুদের বেলা দেশ থেকে নেশন। মুদলমানদের বেলা নেশন থেকে দেশ। ইতিহাসে এর নজীর আছে। তুর্করা তোতুরস্কের আদি অধিবাদী ছিল না। তুরস্কও ছিল না তার নাম। মধ্য এশিয়ার তুর্করা সদলবলে গিগে বলপূর্বক সে দেশ অধিকার করে দেশের নাম তুরস্ক রেখেছে। হাদেরার নামকরণ হান বা হন থেকে। ভারাও গেছে এশিয়া থেকে।

. "ওর। যদি কলকাতা ছেড়ে দেয় আমিও ঢাকা চট্গ্রাম রাজশাহী যশোর ছেড়ে দিতে রাজী আছি। গৃহযুদ্ধ আমি এড়াতেই চাই। কিন্তু কলকাতা দাবী করলে যুদ্ধ দেহি। তোমাকে নোটিশ দিয়ে রাখলুম। না, বালিনের মতো কলকাতা ভাগ করতে দেব না। কিন্তু বাংলাদেশ ভাগ করতে দেব।" দীপিকাদি বলেন।

"দেটাও তো বাঙালী জাতির পক্ষে অগৌরবের বিষয়। যেমন জার্মান জাতির পক্ষে। শোমার রক্ত গরম হয়ে ওঠে না ? অগৌরবের বিষয় নিয়ে কি কোনো কালে কালজয়ী নাটক উপত্যাস লিখতে পারা যাবে ? উত্তর-পুরুষকে আমরা জগৎ কবিসভায় মাথা উঁচু করে দাঁড়াতে দেব কী করে ? কী সাহিত্যকীতি নিয়ে তারা ইউরোপের সঙ্গে পাল্লা দেবে। ব্যাভ বার্গেন। ভেরি ব্যাভ বার্গেন। এব চেয়ে চের ভালো স্বাধীন সার্বভৌম অবিভক্ত বাংলাদেশ।''

"তার মানে প্রকাশ্য পাকিস্তান নয়, প্রচ্ছর পাকিস্তান। মৃদলিম মেজরিটিই স্থির করবে ফরেন পলিদি, ওয়ার অ্যাণ্ড পীদ। হিন্দু মাইনরিট ভূলের মাণ্ডল দেবে। স্বাধীন বাংলাদেশ যদি বিটেনকে মিলিটারি বেদ দেয় তা হলে ফোর্ট উইলিয়ামে আবার গোরা ফৌজ মোতায়েন হবে। বিটেন যদি আবার যুদ্ধে জড়িয়ে পড়বে। সেটা মৃদলমানদের পক্ষেও থারাপ হবে। কিছু ওরাও পারবে না পলিদি বদল করতে। ওরা যদি স্বতন্ত্র স্বাধীনতা চায় তো পূর্ববৃদ্ধ নিয়েই সম্ভই হোক। আমরা ওদের দিকে তাকাব না। চোথ ফিরিয়ে নেব। ওরা যাকে খুশি তাকে খাল কেটে ঘরে ডেকে আনতে পারবে। পরে পশতাবে।" দীপিকাদি বলেন।

স্থানদাকে স্থীকার করতে হয় যে পাকিস্তানী মানসিকতা যেথানে এত ব্যাপক দেখানে বাঙালী মানসিকতা পাতা পাবে না। কিন্তু এর একটা ভালো দিকও আছে। উনবিংশ শতান্ধীর হিন্দুদের মনেও ধর্মকে অবলম্বন করে নেশনবাধ ছাগে। দেই নেশনবাধকে অবলম্বন করে দাহিত্যে ও জীবনে নব জাগরণ হয়। নেশনভাধ থাকলে ম্দলমানদের মধ্যেও দাহিত্যে জীবনে নব জাগরণ আদত। হিন্দুরা এখন আর ধর্মের কাছ থেকে প্রেরণা পায় না। পৌরাণিক নাটক দেখে না। পৌরাণিক কাব্য লেখে না। উপভাদেও ধর্মের প্রভাব ক্ষাণ। মুদলমানদেরও ধর্মের প্রভাব কাটিয়ে উঠতে হবে। নইলে তাদের কাব্য, উপভাদ, নাটক তাদের দেশের মাতুষ পছন্দ কর্মেন।"

''তোমার সংশে এখানে আমি একমত। তোমার মতো আমি ঐতিহাসিক নিয়তি মানিনে, কিন্তু ঐতিহাসিক বিবর্তন মানি। বিবর্তন বাঙা:লী হিল্ফে যে যুগে উপনীত করেছে বাঙালী মুদলমানকে সে যুগে উপনীত করেনি। অন্তত অর্ধ শতাব্দীর ব্যবধান। ইংরেজদের ভেদনীতির উপরেই আমরা এতদিন স্বটা দোষ চাপিয়েছি। সেটা পূর্ণ সত্য নয়, অর্ধসত্য। যে কোনো কারণেই হোক ওরা অর্ধ শতাব্দী ব্যবধানে রয়েছে। ধর্মের ব্যবধানই একমাত্র ব্যবধান নয়। যুগের ব্যবধানও একটা ব্যবধান ও আমার মতে আরো তৃত্তর ব্যবধান। কামাল পাশা তৃকদের আধুনিক যুগে পৌছে দিয়েদেন। তেরশো বছরের প্রনো খেলাফং থেকে মুক্ত করেছেন। সঙ্গে আঞা মুদলিম দেশ থেকেও

খেলাফৎ রহিত হয়েছে। কামাল তেমনি খদেশকে শরিয়তী আইন থেকেও

মৃক্ত করেছেন। দেটাও এক অর্থে যুগপরিবর্তন। প্রবর্তন করেছেন স্থইস

আইন। ফলে সমাজকেও তিনি মোলাদের শাসন থেকে মৃক্ত করেছেন।

পাকিস্তানেও তাঁর মতো মৃক্তিদাতার আবির্ভাব হবে। জিলা সাহেব

তাঁর জক্তে পথ তৈরি করে দিয়ে যাচ্ছেন। মৃক্তি বলতে তিনি বোঝেন

তাঁর এক নম্বর শত্রু গান্ধীর কবল থেকে মৃক্তি। গান্ধী যেমন বোঝেন

তাঁর এক নম্বর শত্রু বিটিশ গভন্মেণ্টের কবল থেকে মৃক্তি। তু'জনেরই

মনোবাঞ্ছা পূর্ণ হবে। তার লক্ষণ স্কুম্পাই। যদি না গৃহযুদ্ধ বেধে যায় ও ইংরেজ

আটকা পড়ে।'' দীপিকাদি বলেন।

"আমি কিন্তু অতথানি আশাবাদী নই। ক্যাবিনেট মিশনের স্থীম যদি খারিজ হয় তা হলে হয় পার্টিশন, নয় গৃহয়ুদ্ধ। অথবা একই সঙ্গে তৃই ন ইংরেজরা কি অনস্তকাল অপেক্ষা করবে ? কংগ্রেসকে ক্যাবিনেট মিশনের প্রতাব গ্রহণ করতেই হবে। কনষ্টিটুয়েট অ্যাসেম্বলীতে যোগ দিতেই হবে। ইন্টারিম গভন মেন্টেও অংশ নেওয়া চাই। গৃহয়ুদ্ধ বাধাবার সঙ্কেত কংগ্রেস খেন না দেয়। দিলে দেবে লীগ। কিন্তু সে-ই বা কেন দেবে ?" অপনদা অবিখাস করেন।

তৃ'জনেরই ভাবনা বাংলাদেশকে খিরে বা কলকাতাকে খিরে। আসামের দিক থেকে কেউ ভেবে দেখেননি। ওরা ওদিকে তার স্বরে চিংকার করছে যে আসাম গেল! আসামকে যদি বাংলাদেশের সঙ্গে বন্ধনীভূক্ত করে গ্রুপ গঠন করা হয় তবে দেই গ্রুপে তৃই প্রদেশের মৃসলমানসংখ্যা দাঁড়াবে একুনে শভকরা পঞ্চাশের উপর। তারাই তাদের ভোটাধিক্যে আসামের নিয়তি নিয়ন্ত্রণ করবে। কিংবা এমনও হতে পারে যে বাঙালী হিন্দু মৃসলমান একজাট হয়ে তাদের ভোটাধিক্যে আসামকে বানাবে বাঙালী হিন্দু ম্সলমানের উপনিবেশ। অসমীয়ারা যেমন ভয় করে বাঙালী মৃসসমানদের তেমনি ভয় করে বাঙালী হিন্দুদেরও। গ্রুপের হাতে ভাগ্য সমর্পণ যেন ডাইনীর হাতে সস্তান সমর্পণ। ওদের আপত্তি অহেতৃক নয়।

কংগ্রেসকে ওদের আপত্তি বিবেচনা করতে হয়। ক্যাবিনেট মিশন আশা দেন আসাম ইচ্ছা করলে পাঁচ বছর বাদে গ্রুপ থেকে বেরিয়ে যেতে পারবে; কিছ ইতিমধ্যে যদি গ্রুপ কনষ্টিটিউশন তৈরি হয়ে থাকে ও প্রাদেশিক কনষ্টিশন পালটে দেওয়া হয়ে থাকে তবে নবগঠিত আসাম গভন মেণ্ট বেরিয়ে বৈতে চাইবে না, চাইলেও গ্র্প গভর্ম মেন্ট বেরিয়ে যাবার ত্য়ার খোলা রাখবে না। কিন্তু এইটুকু কারণে কংগ্রেস ক্যাবিনেট মিশনের গোটা স্থীমটা বর্জন করতে চায় না। ব্যাপারটার চুলচেরা বিচারের জ্বেত্য কেডারল কোটে পাঠানো স্থির করে। কেননা মিশনের স্টেটমেন্টের ভাষায় কিছু ক্রটি ছিল। মিশন ষেভাবে ব্যাখ্যা করেছে তার থেকে অন্য ভাবেও ব্যাখ্যা করা যায়। অন্য ব্যাখ্যা অন্সারে আসাম আদৌ না চুকতেও পারে। না চুকলে তাকে বাধ্য করতে পারা যাবে না।

গান্ধান্দী তো আদাম কংগ্রেদ নেতাদের দরাদরি পরামর্শ দেন কংগ্রেদ ত্যাগ করতে। তা হলে কংগ্রেদ ওমার্কিং কমিটির নির্দেশ মানতে হবে না। আদাম গভর্ন মেণ্ট কংগ্রেদ দলের গভর্ন মেণ্ট। কংগ্রেদ ত্যাগ করলে কংগ্রেদ টিকিটে নির্বাচিত মন্ত্রীরা গভর্ন মেণ্ট ত্যাগ করতে দম্মানবদ্ধ। তা হলে তো উদ্দেশ্য দিদ্ধ হলো না। তাঁদের জায়গায় যাঁরা মন্ত্রা হবেন তাঁরা গ্র্পে চুকতে রাজী হতে পারেন। কয়েকটা ভোট ভাতিয়ে নিতে পারলে লীগ নেতা দাছ্ল্লা দাহেব গভর্ন মেণ্ট গঠন করতে পারবেন। গান্ধীন্ধা দেদিক থেকে ভাবেন নি। ওয়ার্কিং কমিটি কংগ্রেদ গভর্ন মেণ্ট ৰজায় রাথতে চান। মন্ত্রীরা কংগ্রেদ ত্যাগ করেন না। জনমতও তার পক্ষপাত্যী নয়।

ক্যাবিনেট মিশন ক্রেকে ডিফেন্স, ফরেন আফেয়ার্স ও যোগাযোগ ব্যবহা ব্যতীত আর সমস্ত বিষয় থেকে বঞ্চিত করতে চান। গান্ধী দাঁরও এতে সায় ছিল। তিনিই তো এর প্রথম প্রবক্তা। কংগ্রাসে নেতারা মনে করেন কেন্দ্রের হাতে আরো কয়েকটা বিষয় না থাকলে কেন্দ্র শক্ত সমর্থ হবে না। নিচের তলা থেকে সহযোগিতা না পেলে কেন্দ্র অচল হবে। শেষে ভেঙে পড়বে। জিলা ঠিক সেই ভাঙনটার জন্মে দশ বছর অপেক্ষা করবেন। আরো আগেও তাঁর উদ্দেশ্য সিদ্ধ হতে পারে। এটা একটা তুচ্ছ কারণ নয়, গুরুতর কারণ। এই কারণে কংগ্রেস স্থাকিং কমিটি ক্যাবিনেট মিশনের স্কীম বর্জন করতে উল্লাভ হয়েছিলেন, বিশ্ব গান্ধী দ্বী তাদের হাত চেপে ধরেন। ক্যাবিনেট মিশন বলেননি যে তাঁদের স্কীম গ্রহণ করতেই হবে। অগ্রাহ্য করার স্বাধীনতা কংগ্রেসের আছে। কিন্তু ক্রিপেসকে দ্বিতীয়বার থালি হাতে ঘ্রিয়ে দেওয়া যায় না। তাঁর মুখরক্ষা করতে হবে। কংগ্রেস ক্যাবিনেট মিশনের শাসনতন্ত্র প্রবাহ অগ্রাহ্য করে। এটা বড়লাটকে হতত্ব করে দেয়। লর্ড ওয়েভেল সম্পূর্ণ আন্তরিকভাবে ইন্টারিম গভর্ন মেন্টের জন্মে কংগ্রেস ও লীগ উভয়ের সঙ্গে কথাবার্তা চালিয়ে যাচ্ছিলেন। কালবিলম্ব না করে তিনি কেন্দ্রে রদবদল ঘটাতে উদ্প্রীব। যেটা চার বছর আগে সম্ভব ছিল না সেটা এবার সম্ভব হবে। জঙ্গীলাটকে বাদ দিয়ে ভারতীয়দের একজনকে ভিফেন্সের ভার দেওয়া হবে। তিনিই হবেন ভারতীয় ফোজের সর্বোচ্চ পরিচালক। ইংরেজ সেনাপতিদেরও উপরওয়ালা। এতেই স্থচনা করছে যে বিটিশ সৈত্য আচিরে ভারত ত্যাগ করবে। বাকী রইল বড়লাটের ভীটো দানের ক্ষমতা। সেটা তিনি আপাতত হতান্তর করবেন না। কিন্তু ক্ষমতা থাকলেও ক্ষমতা প্রযোগ করবেন না। তাঁর গভর্ন মেন্ট ব্রিটিশ পালামেন্টের কাছেই এখন যেমন দায়ী পরেও তেম্নি দায়ী থাকবে। কেন্দ্রায় আইনসভার কাচে নয়।

কংগ্রেস এ নিয়ে পীড়াপীড়ি করে না। কিন্তু বড়লাট যথন লীগের ম্থ চেয়ে পারিটির প্রস্থাব করেন তথন কংগ্রেস বেঁকে বসে। সমগ্র দেশে মুসলমান যতজন হিন্দু তার প্রায় তিন গুণ। কেন্দ্রীয় আইনসভায় মুসলিম লীগ সদস্য যতজন কংগ্রেস সদস্য তার ত্'গুণ। প্যারিটি কেমন করে মে:ন নেগুয়া যায়? কংগ্রেস নার'ড় হয়। তথন বড়লাট পাচজন ম্যলমান, পাঁচজন বর্ণ হিন্দু ও একজন তফসীলা হিন্দু নিয়ে সমস্রার মীমাংসাকরতে চান। ছিন্না সাহেব কী করবেন? মেনে নেন। নইলে তার সঙ্গে কথাবাতা এগোয় না। এগোয় কংগ্রেসের সঙ্গে।

ক্যাবিনেট মিশন পাকিন্তানের আজি থারিজ করেছেন বড়লাট প্যারিটির আজি। বাকী থাকে মুসলিম লীগের অসপত্ব মুসলিম প্রবিদ্ধের দাবী। কংগ্রেস যথন একজন মুসলমানকে কেন্দ্রার শাসন পরিষদে তার তত্তে নিদিষ্ট আসনগুলির একটি দিতে চায় জিল্লা তথন বাগের মতো ঝাঁপ দিয়ে বলেন, কিছুতেই না। কংগ্রেস হিন্দুদের দল, হিন্দুব জারগায় মুসলমান পাঠাতে পারে না। কংগ্রেস বলে, মুসলমান তো কংগ্রেসের আদিকাল থেকেই কংগ্রেসে আছেন। কেউ কেউ প্রেসিডেন্টও হয়েছেন। যেমন বদক্দীন তৈয়বজী, রহিমতুলা সাগানী, আবুল কালাম আলাদ, মহম্মদ আলা। মহম্মদ আলী জিল্লাও হতে পারতেন, যদি কংগ্রেস না ছাডতেন। এখনো একটা প্রদেশ, শাসন করছেন কংগ্রেস মুসলিম মন্ত্রীরা। কেন্দ্রে অনধিকারী হলে প্রদেশত তো তারা অনধিকারী হবেন। তবে কি তাঁদেরও গদী ছাড়তে হবে ?

কংগ্রেসের ভাগ থেকে একটি আসন যদি কংগ্রেস একজন মুসলমানকে দেয় লীগের ভাগ তো কমে না। বরং হিন্দু মুসলমান সমানসংখ্যক হয়। ইসলামের উপর আঘাত এলে সব মুসলমান একজোট হয়ে প্রতিরোধ করবেন।

বড়লাট কংগ্রেসকে অন্থরোধ উপরোধ করেন এই নিয়ে সে যেন পীড়াপীড়ি না করে। জিল্লা এক্ষেত্রে অটল অনড়। নিজের দলের একজন ম্সলমানকে মনোনখন করার অধিকার কংগ্রেসের আছে, কিন্তু এ ক্ষেত্রে অধিকার প্রয়োগ না করাই বিজ্ঞতা। অমন করলে ইণ্টারিম গভন মেণ্ট বিদলীয় হবে না, একদলীয় হবে। সেটা ছুর্ভাগ্যজনক হবে। গগুগোল বাধবে।

কংগ্রেস গুণাকিং কমিটি বড়লাটকে জানায় কংগ্রসের পক্ষে নিজের মৌল নীতি বিদর্জন দেওা। সঙ্গত নয়। অমন করলে প্রতিষ্ঠান ভেঙে যাবে। কংগ্রেস ভেঙে গেলে ক্ষমতা নিয়ে কী হবে । কংগ্রেস ইণ্টারিম গভর্মেণ্টে যোগ দেবে না।

তা হলে দাঁড়াল এই যে, ক্যাবিনে মিশনের মৃথ রক্ষার জন্তে কংগ্রেদ কনিউটুয়েই স্থানেগলীতে বসতে রাজী, কিন্তু ৰড়লাটের ম্থ রক্ষার জন্তে তাঁর শাসন পরিষদে বসতে রাজী নয়। কংগ্রেদ নেতারা না থাকলে পেনসন, ক্ষতিপূরণ ইত্যাদি বিষয়ক দিন্ধান্তগুলি একতর্কা গ্রহণ করা যাবে না। বিটিশ অণসরণের পর সিভিল ও মিলিটারি অফিসায়দের পেনসন ও ক্ষতিপূরণ বন্ধ হয়ে যেতে পারে। কংগ্রেদ নেতারা বলতে পারেন, মৃদলিম লীগ দিতে চায় দিক, কংগ্রেদ দেবে না। বড়লাট পড়ে যান বেকায়দায়। এখন যদি কংগ্রেদের সঙ্গেদ সমবোতা না হয় তবে পরে কখন হবে ? তখন কি কংগ্রেদ নেতারা ইন্টারিম গভর্নমেণ্টে যোগদানের জন্তে চঙা দর ইাকবেন না ? পাল্লা দিয়ে লীগ ইাকবে আরো চড়া দর। কোনো পক্ষকেই সন্তুট করতে পারা যাবে না। হয় নির্দলীয় সরকার চালাতে হবে, নয় একদলীয় সরকার চালাতে হবে, আর নয়তো এক একটি প্রদেশ এক একটি দলকে দিয়ে কেন্দ্রের স্থান্দানন্ত না করেই ভক্ক দিতে হবে।

জিলা সাহেব অধ'র হয়ে অপেকা করছিলেন কবে বড়লাটের আনন্ত্রণ আসবে, তিনি কংগ্রেস নেতাদের অবর্তমানে ইন্টারিম গভর্মেন্ট জুড়ে বসবেন। স্বচেয়ে গুরুত্বপূর্ণ পদগুলি তাঁর দলের ভাগেই পড়বে। কংগ্রেস যদি পরে আসে আর সব পাবে, কিন্তু সেগুলি নয়। তিনি যা ডিকটেট করবেন গুয়েভেল তাই শুনবেন। তাঁর নির্দেশে উত্তরপশ্চিম সীমান্তের কংগ্রেস মুসলিম গভন মেন্টের পতন হবে, তার পরে পাঞ্চাবের ইউনিয়নিট মুসলিম কোয়।লিশন গভন মেন্টের, পশ্চিম পাকিন্তানে লীগ গভন মেন্ট ভিন্ন আর কোনো গভন মেন্ট থাকবে না। আরো পরে আসামের কংগ্রেস কোয়ালিশন গভন মেন্ট থতম হবে, তার জায়গায় নেবে লীগ কোয়ালিশন গভন মেন্ট। অমনি করে প্র্পাকিন্তানেও মুসলিম লীগ নিস্কটক হবে। অবশেষে তুই পাকিন্তান মিলিয়ে এক পাকিন্তান। পাকিন্তানের সর্বেস্বা) হয়ে তিনি হিন্দুখানের কর্তাদের সঙ্গে বার্গেন করবেন। স্বত্ত কোয়ালিশন গভন মেন্ট হবে। কংগ্রেস মুসলিম বাদে।

বড়লাট জিল্পা সাহেবকে জানিয়ে দেন, আপাতত ইণ্টারিম গভন মেণ্ট গঠন করা সমীচীন হবে না। সমস্ত ব্যাপারটা নতুন করে তলিয়ে দেখতে হবে। সময় লাগবে। ইণ্টারিম গভন মেণ্টের বদলে গঠিত হবে কেয়ারটেকার গভন মেণ্ট। আকারে ছোট। সদস্তরা স্বাই স্রকারী কর্মচারী। পরে তাঁরা পদত্যাগ করবেন। এটা একটা সাময়িক ব্যবস্থা।

জিল্লা সাহেব তো ক্ষেপে লাল। বড়লাট তাঁকে কথা দিয়ে কথা রাখলেন না। কথা ছিল কংগ্রেস আহ্বক আর না আহ্বক লীগ আসবেই। তাহলে দেখা যাচ্ছে তাঁর কথার কোনো দাম নেই। তিনি কংগ্রেসের সহযোগিতা পাচ্ছেন না বলে লীগের সহযোগিতাও উপেক্ষা করবেন। অপেক্ষার অর্থ উপেক্ষা। তাঁর জীবনে রাজকুলের উপেক্ষা এই প্রথম। বড়লাটের সকাশে তিনি তাঁর তাঁর প্রতিবাদ জানান। যে পার্টি কন্তিটুয়েণ্ট অ্যাসেম্বলীতে যেতে রাজী হবে সেই পার্টি ইন্টারিম গভন মেন্ট যাবার ক্রকদার হবে, এই তো ছিল শর্ত। তিনি এ শর্ত পূরণ করেছেন, এর জন্মে পাকিস্তানের দাবী ত্যাগ করেছেন, প্যারিটির দাবী ত্যাগ করেছেন, আর কত ত্যাগ করবেন? অসপত্র মুসলিম প্রতিনিধিত্বের দাবী ত্যাগ করা অসম্ভব। সেই কারণে যদি কংগ্রেস বড়লাটের শাসন পরিষদে যোগদান না করে সেটা কার দোষ? কংগ্রেস তো এমনিতেই যোগদানের হকদার নয়, যেহেতু সে বঙ্গ ও আসামকে এক গ্র্পভুক্ত করতে বিধাষিভ। কংগ্রেসের দোষে কি লীগের সাজা হবে?

স্থানদার বন্ধু মীর আবত্ল লতিফ স্থানদাকে বলেন, "নেহরুও আসছেন না, জিল্লাও আসছেন না। বেসরকারী সদস্যদেরও বড়লাট বিদায় দিয়েছেন। কেয়ারটেকার হবেন জনা কয়েক বাছা বাছা সিভিলিয়ান। তাই এর নাম কেয়ারটেকার গভন মেণ্ট। এদিকে হিন্দু মুসললিম টেনসন বেডেই চলেছে। তবে ইন্ধ-ভারতীয় টেনসন কমেছে। গান্ধীন্ধী জয়প্রকাশ নারায়ণকে জেল থেকে ছাড়িয়ে এনে তাঁর নিজের কাছে টেনে নিয়েছেন। বামপন্থীরা শাস্ত। কংগ্রেসের দিক থেকে কোনো গোলমাল বাধবে না। গান্ধীন্ধী বাধতে দেবেন না। তিনি কংগ্রেস কর্মীদের বলেছেন কন্তিটুয়েণ্ট অ্যাসেম্বলী হচ্ছে গণ সত্যাগ্রহের পরিবর্ত। আপাতত বছর তুই নতুন শাসনছের রচনার কাজে মনোনিবেশ করা যাক। ইংরেজরা ত্'বছর সময় নিক। এর ত্যাৎপর্য ব্রতে পারছেন ?'

"না, মীর দাহেব। রাজনীতি আমি বুঝিনে। দেই জন্তেই তো আপনার কাছে শুনতে চাওয়া।" খাকার করেন স্থপন্য।

"গান্ধীজীর পরামর্শ হয় কংগ্রেসকে ইন্টারিম গভর্নমেন্টে নেওয়া হোক, নয় লীগকে। তুই সতীনকে একই বাড়ীতে রাখলে তারা বিজ্ঞোরণ ঘটাবে। কংগ্রেস ক্ষমতার জল্যে লালায়িত নয়, লীগ যদি উদ্গ্রীব হয়ে থাকে তবে লীগকেই আমন্ত্রণ করা হোক। বলা বাহুল্য, কেন্দ্রায় আইনসভায় কংগ্রেসেরই নিরস্থুণ মেন্দ্রিটি। অবশ্য মনোনীত সদস্তরা যদি নিরপেক থাকেন। বাজেট অধিবেশনে লীগ থেরে যাবে। বড়লাট বোধ হয় সেই আশস্ত্রায় জিন্না সাহেবকে আমন্ত্রণ করছেন না। আবার, কংগ্রেকে আমন্ত্রণ করতে তিনি পেছপাও। কংগ্রেণ যদি যায় একজন কংগ্রেস মুসলিমকেও সঙ্গে নেবে। জেল্যাত্রার দিন যারা সহ্যাত্রী রাজসভাযাত্রার দিন তারা বিবজিত, এ কী রকম বিচার । এ কি সেই পথি নারী বিবজিতা।" মীর সাহেব উচ্চহাস্থ করেন।

স্থপনদা বিস্মিত হয়ে বলেন, "তা হলে কি কেয়ারটেকার গভর্নমেণ্টই হু'বছর পায়চারি করবে ? থতদিন না নতুন শাদনতন্ত্র তৈরি হয়।'

শনা, না, কেয়ারটেকার গভর্নমেণ্ট কোথাও বেশী দিন আজ করে না।
এমন সৰ গুরুতর দিদ্ধান্ত নিতে হয় যা নেওয়া কেয়ারটেকারদের কর্ম নয়।
ওই ইণ্টারিম গভর্নমেণ্টই গঠন করতে হবে। সেটারই মেয়াদ হবে ছবছর
কি তিন বছর। কংগ্রেসকে বাদ দিলে মেজরিটিকে বাদ দেওয়া হবে।
আবার, মাইনরিটিকেও বাদ দেওয়া যায় না। মুসলিম, শিথ, গ্রীণ্টান এই
তিন মাইনরিটিই থাকবেন। উপরক্ত পার্শী। তাঁদের তো আর কোনো দেশ
নেই। আর তাঁরা গোড়া থেকেই কংগ্রেসে আছেন। দাদাভাই নওরোজী,
ফিরোক্ত শাহু মেহতা এরাই তো একদা কংগ্রেসের প্রাণপুক্তর ছিলেন।

'ষরাজ' আমাদের লক্ষ্য, কার কঠে এটা প্রথম উচ্চারিত হয় ? দাদাভাই নওরোজীর সভাপতির অভিভাষণে। চল্লিশ ৰছর পূর্বে। সেই রকম সময়ে মুসলিম লীগ প্রতিষ্ঠা। এতদিনে জল অনেকদ্র গড়িয়েছে। স্বরাজের পালটা লক্ষ্য হয়েছে পাকিস্তান। দাদাভাইয়ের রাজনৈতিক শিশু জিল্লার এই রূপান্তর। দাদাভাই যাকে স্বরাজ বলেন জিল্লা তাকে বলেন হোমকল। হোমকল লীগ বলে একটা প্রতিষ্ঠানের হন সভাপতি। গান্ধীজী তথন ছিলেন তার উপ্সভাপতি বা সেইরকম কিছু। তাই আজকের গান্ধীপ্রাধান্য তাঁর চন্দু,শুন।" মীর সাহেব বলেন।

"হোম ফল কথাটা এল কোন্থান থেকে পু আয়ারল্যাণ্ড থেকে। আইরিশ হোম ফল আন্দোলনের অমুসরণে ইণ্ডিয়ান হোম ফল আন্দোলন। মিসেস বেসান্ট ছিলেন অক্সতম নেত্রী। তাঁরও ছিল আর একটি হোম ফল লীগ। আইরিশরা হোম ফল প্রেড যাচ্ছে, ব্রিটেন দিতে ভৈরি, এমন সময় আলস্টারের প্রেটেন্টান্টরা পান্টা আন্দোলন শুরু করে দেন। তারা ক্যাথলিক মেজরিটির আদিপত্য মানবেন না, তাঁদের জন্মে চাই স্বতন্ত্র একটি খণ্ড। সেটা হবে বিটেনের সঙ্গে যুক্ত। কার্সন তার প্রবকা। বিখ্যাত ব্যারিস্টার। আমার মনে হয় জিল্লা সাহেব আইরিশ হোম কল চেয়েছিলেন, এখন হিন্দু আধিপত্যের ভয়ে কার্সনের অমুকরণে আলস্টার অর্থাৎ পাকিন্তান চাইছেন। আইরিশ হোম কলের নেতারা শেষ মুহুর্তে আপস করেন। আইরিশ ফ্রা সেটটের দোসর হয় নর্দার্ন আয়ারল্যাণ্ড। স্বাধীন নয়, স্বতন্ত্র। গ্রেট ব্রিটেনের সঙ্গে যুক্ত। পাকিস্তান ঘদি বিচ্ছিল হয় তবে ব্রিটেনের সঙ্গে যুক্ত হবে। আরো এক ডোমিনিয়ন।" স্বপনদার আন্দাজ।

মীর সাহেব এ লাইনে চিন্তা করেননি। মনের মধ্যে তলিয়ে যান। তার পরে বলেন, "সম্ভবত তাই হবে। ক্যাবিনেট মিশন স্ক্রীমে ক্ষুত্তর পাকিস্থানের আউটলাইন রয়েছে। জিল্লা যদি তাতেই তুই হন তবে তারই সম্ভাবনা আছে। বৃহত্তর পাকিস্থানের নয়। কলকাতা তাঁর নাগালের বাইরে থাকবে। কিন্তু পূর্ববঙ্গের মুসলমান কি সত্যি তাই চায় পু আমার সন্দেহ আছে। তার প্রগতি আবার এক পুরুষ পেছিয়ে যাবে।"

স্বপনদা তা শুনে ংলেন, "তাই যদি হয় তবে দেই ওদের ঐতিহাসিক নিয়তি। আমার স্থী কিন্তু আমার দক্ষে একমত নন। তাঁর মতে ঐতিহাসিক বিবর্তন।" "মাহ্য যেটা বেচ্ছায় বেছে নেয় দেটা তায় নিয়তি নয়। ওরা যদি বেচ্ছায় দেশের একভাগ ও প্রদেশের একভাগ বেছে নেয় তবে সেটা নিয়তি নয়, অপশন। এটা রেফারেগুাম করে অপশন দিতে হবে। জিল্লার উপরে যেন সেটা ছেড়ে দেওয়া না হয়। লাগের উপরেও না।" মার সাহেবের অভিমত।

"কেন । এবারকার নির্বাচন কী পাকিস্তান অর্জনের ম্যাণ্ডেট নয়। লীগ তো প্রায় সব ক'টা মুসলিম আসন জিতেছে। ক্রমক প্রজা দলের আসন সংখ্যা নগণ্য।" স্বপনদা বলেন।

''দেকথা ঠিক। কিন্তু পাকিস্তান কত বড়ো বা কত ছোট সেটা ভো ভোটারদের জানানো হয়নি। তারা ধরে নিয়েছে গোটা বাংলাদেশটাই থবে পাকিস্তানের সামিল। হিন্দুদের ভাগ দিতে হবে না। চোথ বুজে যারা ভোট দিয়েছে চোথ থোলা রেথে তারা ভোট দিক, তা হলেহ বোঝা যাবে তারা ছোট পাকিস্তান চায় না বড়ো পাকিস্তান। যার ডিফেন্স, ফরেন অ্যাফেয়ার্স ও যোগাযোগ ব্যবস্থা যৌথ।'' ম্বি সাহেব বিশদ করেন।

'তা হাল আবার সেই হিন্দু প্রাধান্য মেনে নিতে হলো। প্যারিটি তো হিন্দুপ্রবান গ্রুপের দক্ষে ম্পলিমপ্রধান তুই গ্রুপের হতে পারে না। ম্পলিম লীগ কি তাতে রাজী হবে । আমার মনে হয় বাঙালীর নিয়তি আগে থেকেই হির হয়ে রয়েছে। তা আমানদের মতো ভাগ হয়ে যাবেই। কলকাত। যাদ বালিনের মতো ভাগ না হয়ে যায় তবেই আমি বাঁচি।' স্থপনদা বলেন।

"দেখুন, গুপ্তসাহেব, আপনি ধরে নিয়েছেন যে ভারতবর্ষ হচ্ছে আর একটি ইউরোপ, বাংলাদেশ হচ্ছে তার জার্মানা আর কলকাতা হচ্ছে তার বালিন। এই ধারণাটাই ভূল। তাই আপান মনে মনে এমার গণছেন। সলমানরা হিন্দুদের মতোই ভারতময় ছঙানো। তারা কেউ মন থেকে পাকিস্তান বলে একটা পৃথক রাষ্ট্র চায় না, কারণ তা হলে তারা দিল্লা আতা লখনো, পাটনায় পরনেশী বনে যাবে। তারা বোধাই, মাদ্রাজ, দিল্লা থেকেও আতানা গুটোবে। অগচ বোঘাইতে জিলা সাহেবের বিরাট ভবন। সারা জাবনের সঞ্চয় দিয়ে তিনি ওই প্রাসাদ তৈরি করেছেন। না, ওটা প্রাণ ধরে ত্যাগ করবেন না। মেয়েকেও দেবেন না। তার সঙ্গে চিরবিছেদ। শুনেছেন বোধহয় তার মেয়ে যাকে বিয়ে করেছে সে পার্সী খ্রীন্টান। জবাহরলাল তার জামাতাকে গ্রহণ করেছেন, জিল্লা কিন্তু তাঁর জামাতাকে গ্রহণ করেছেন, জিল্লা কিন্তু তাঁর জামাতাকে গ্রহণ করেছেন।"

"জবাহরলাল তাঁর নেতৃত্ব হারাতেন না?" অপনদা অধান।

''হারাতেন, যদি গান্ধী জী ইন্দিরার বিবাহের বিপক্ষে দাঁড়াতেন। তিনি সায় দিয়েছেন। তিনি উপলব্ধি করেছেন যে হিন্দু মুসলমান পার্সী খ্রীস্টানকে জুড়ে জুড়ে এক নেশন গঠন করা যাবে না। পাতানো সম্পর্কই যথেষ্ট নয়। রক্ত সম্পর্কও অত্যাবশ্রক। জার্মানরা এটা মানতে চায়নি। ইছদীরাও কি মানতে চেয়েছে ? এই নিয়ে কত বড়ো অনর্থ ঘটে গেল হিটলারের আমলে। আকৰরের নীতি সফল হলে হিন্দু মুসলমানের জাতিবৈর এতদিনে মিতালীতে পরিণত হত। হিন্দু হিনুই থাকত, মুসলমান মুসলমানই থাকত, কিন্তু অসংখ্য পরিবার আত্মীয়তান্থত্রে আবদ্ধ হতে। অতীতের জন্মে আফদোদ করে ফল নেই। ভবিশ্ততের দিকেই দৃষ্টি রাখা যাক। যাবলছিলুম, মুসলমানরা মন থেকে হিন্দুদের সঙ্গে চিরবিচ্ছেণ কামনা করে না। জিলা সাহেবের কাছে পাকিস্তান হচ্ছে বার্গেনিং কাউটার। তিনি যদি সমান শতে পাটনারশিপ পান তবে পাটি শন মূলতাব রাথবেন। গান্ধীজী যদি সমান শতে পাটনারশিপে রাজী হন তা হলে ক্ষমতার হতান্তর কংগ্রেস ও লাগের যুক্ত হল্তে হবে। স্বাধীনতার আনন্দ হিন্দু মুদলমান সমানে উপভোগ করবে। আর নয়তো হিন্দুর কাছে যা স্বাধীনতা মুসলমানের কাছে তা নতুন এক পরাধীনতা। ওরা বিজ্ঞোহের নিশান তুলবে। সেটা নেবে গৃহযুদ্ধের আকার। জিল্লা দকে সকে পাকিস্তান দাবী করবেন। মূলতুবি রাথবেন না।' মার সাহেব ছংথিত।

"আপনারা ক্যাশনালিটা মুদলমানরাও তার শিবিরে যাবেন ? ইউনিয়নিটি মুদলিমরাও ?' অপনদা ঞেরা করেন।

"আমরা পড়ে যাব বিষম দোটানায়। দেটা পরিহার করাই কর্তব্য। আমরা চেষ্টা করছি যাতে আর কোথাও না হোক বাংলাদেশে একটা কোয়ালিশন গভন মেন্ট গড়ে ওঠে। কংগ্রেস লীগ কোয়ালিশন। শহাদও তাই চার, কিরণশকরও তাই। কিন্তু হুই হাই কমাও আনড় অটল। কংগ্রেসকে স্বীকার করতে হবে যে মুসলিম লাগই মুসলিম নেশনের একমাত্র প্রতিনিধি প্রতিষ্ঠান, কংগ্রেস শুধু হিন্দু নেশনের। মুসলিম নেশন আর হিন্দু নেশনের মধ্যে সমতা রক্ষা করাও চাঠ, কেউ কারো চেয়ে থাটো নয়। তাদের সম্পর্ক মেজরিটি মাইনরিটির নয়, হুই মেজরিটির। যে যার ক্ষেত্রে মেজরিটি। এসব ওত্ব যদি কোয়ালিশনের পূর্বশর্ত হয় তবে তো কোরালিশনের কোনো আশবাই থাকে না। আমরা ত্রতাবনায় পড়েছি।" মীর সাহেব বিমর্ব।

## ॥ विभ ॥

দীপিকাদি এতক্ষণ মৌন ছিলেন। এবার মুখ খোলেন। ''আমি কি কিছু বলতে পারি ১''

মীর সাহেব বলেন, ''সে কী কথা! আপনি হলেন গৃহের কর্ত্রী। আপনি বলবেন না তো কে বলবে p''

''আমি একজন দাধারণ নাগরিক। খবরের কাগজ খুললেই দেখতে পাই वाःलाভाষায় वाढानीक वाढानी এমন কদর্শভাবে গালমন করছে যে মেছুনীরাও লজ্জা পায়। এঞ্জেলরাও কাঁদে। কলম হাতে থাকতেই এই ! তলোয়ার হাতে পেলে তো এরা একে অপরের মাথা কাটবে। তুনিয়ার লোক দেখবে বাঙালী হিন্ খুন করতে বাঙালী মুদলমানকে, বাঙালী মুদলমান খুন করছে বাঙালী হিলুকে। কিন্তু কেন ? ঝগড়াটা তো হিলুর সঙ্গে মুসলমানের নয়। কংগ্রেস মুসলিমের সঙ্গে লীগ মুসলিমের। মওলানা আজাদের সঙ্গে কায়দে আজম জিলার । বছলাটের শাসনপরিষদে আজাদ যদি যান জিলা যাবেন না । জিলা না গেলে শাসনপরিষদ সর্বজনগ্রাহ্য হবে না, বড়লাট তাই কংগ্রেসকে অন্থরোধ করেন কংগ্রেস মুসলিম বাদ দিতে। কংগ্রেস তার উত্তরে বলে, কংগ্রেস মুসলিম বাদ গেলে কংগ্রেসও বাদ যাবে। বড়লাট ভাবতেই পারেননি যে কংগ্রেস এই ইস্ক্যুতে ব্যাক আউট করবে। জিনাকে তিনি বলেন সবুর করতে। যথাকালে তিনি ভাকবেন, এখন নয়। জিলা তো রেগে টং। আশনালিস্ট মুদলিমদের স্বীকৃতি দিলে তথাকথিত মুদলিম নেশনের সংহতি নষ্ট হয়। ইউনিয়নিট মুদলিমদের বেলাও দেই যুক্তি। দিমলা বৈঠকের সময় তিনি বড়লাটের মনোনীত একজন ইউনিয়নিস্ট মুদলিমকেও কেন্দ্রীয় শাদনপরিষদে আদতে দেবেন না, বড়লাটও ইউনিয়নিস্টদের যুদ্ধকালীন সহযোগিতার কথা স্মরণ করে তাঁদের একজনকে আনতে ভুলবেন না। শাসনপরিধদের রদবদলের প্রভাব ভেন্তে যায়। একই পরিস্থিতির উদ্ভব হুয়েছে এবারেও। বড়লাট যদি কংগ্রেসের দলে মিটমাট চান তো একজন কংগ্রেদ মুদলিম বা আশনালিস্ট মুদলিমকেও তাঁর শাসনপরিষদে না নিয়ে পারেন না। তা করতে গেলে কিন্তু জিলা সাহেবের সঙ্গে কথাবার্তায়

চেদ পড়বে। আর কায়দে আজমই তো আজকের ভারতে অধিকাংশ মুদলমানের মুকুটহীন বাদশাহ। বড়লাট কি তাদের বিদ্যোহের মুথে ঠেলে দেবেন ? তা হয় না। এখন বিটিশ প্রধানমন্ত্রী জ্যাটলী কী নির্দেশ দেন তারই অপেক্ষায় থাকবেন। এদিকে দেশ হয়েছে অগ্নিগর্ভ। একটা দেশলাইয়ের কাঠির শিথা থেকে যে কোনো দিন যে কোনো উপলক্ষে অগ্নিকাণ্ড ঘটে যেতে পারে।" দীপিকাদি আশক্ষা করেন।

মীর সাহেব একথা শুনে বলেন, ''আমরা সকলেই তার জন্মে উদ্বিগ্ন। কিন্তু কায়দে আজম কেন বুঝতে চাইছেন না যে মওলানা সাহেবকে আসতে দিলে তিনি যেতেন মুদলমান হিদাবে নয়, ভারতীয় হিদাবে। বদতেন কংগ্রেদের জত্যে নিৰ্দিষ্ট অন্তত্ম আদনে। কংগ্ৰেদ হাই কমাণ্ডের একজন দদস্ত হিদাবে রাজপ্রতিনিধির দঙ্গে তিনি কথাবার্তা চালাভেন ভারতের বুছত্তম দলের তরফ থেকে। তাঁকে দামনে রেথে যারা কুইট ইণ্ডিয়া আন্দোলন করেছে, তিন বছর যিনি বন্দিশালায় কাটিয়েছেন, কংগ্রেদ পলিসি যিনি প্রথম অক্ষর থেকে শেষ অক্ষর পর্যন্ত ভানেন তার অমুপস্থিতিতে কংগ্রেম প্রতিনিধিরা বড়ো বড়ো দিদ্ধান্ত নেবেন কী করে ? ইন্টারিম গভন মেন্ট তো শাসন্যন্ত্র চালাবার জন্তে নয়। দে কাজ কেয়ারটেকার গভন মেণ্টও করতে পারে। যেটা ইণ্টারিম গভন মেন্টের আসল কাজ দেটা ব্রিটিশ গভন মেন্টের সঙ্গে দ্ব ক্যাক্ষি। ছুংশো বছরের একটা সাম্রাজ্য গুটিয়ে নেওয়া হচ্ছে। তার অ্যাসেট্স কী, লায়াবিলিটিজ কী না জেনে চোথ বুজে তো গভন মেন্টের দায়দায়িত্ব ঘাড়ে তুলে নেওয়া যায় না। ক্ষমতার হতান্তর হচ্ছে দায়িজের হতান্তর। মওলানা সাহেব যাবেন কংগ্রেদ প্রতিনিধি হয়ে, তাঁর যাবার ফলে লীগ প্রতিনিধির সংখ্যা একটিও কমবে না, বরং মুসলমানের সংখ্যা একটি বাড়বে। তথাকথিত মুসলিম নেশন যদি এটা না বোঝে তবে দেই অবুঝাকে বড়লাট বোঝাৰেন। নয়তো তার বিদ্রে।হের ভয়ে ইণ্টারিম গভন মেণ্ট গঠন মূলতুবি থাকবে মাদের পর মাস, বছরের পর বছর। এর নাম প্রগতি নয়, গতিরোধ। এটাও একপ্রকার ভীটো। ব্রিটশ প্রধানমন্ত্রী অ্যাটলী তো পালামেণ্টে ঘোষণা করেছেন যে ভীটো দিয়ে প্রগতি বন্ধ রাখা চলবে না। তার সেই ঘোষণা কি মাঠে মারা যাবে ? জিল্লা সাহেব সদলবলে আহ্বন, পণ্ডিতজীকেও সদলচলে আসতে দিন। ঞ্জীফান, শিথ, পার্গী প্রতিনিধিও আহন। পরস্পর পরস্পরের হাত ধরে স্বাধীনতার পথে এগিয়ে চলুন। পরস্পারের দক্ষে সংঘর্ষের প্রয়োজন নেই, ব্রিটশ শাসকদের সক্ষেও না। ওঁরাও চান স্বাধীনতা দিতে। মিত্রতা করতে। ভারত যদি স্বেচ্ছায় কমনওয়েলথের মেম্বর হতে চায় তবে ব্রিটেন স্বাগত ভানাবে।"

দীপিকাদি প্রীত হয়ে বলেন, "আপনার সঙ্গে আমি একমত। এথন আমার প্রশ্ন হলো এই দক্ষটকণে আপনি ও আপনার মতো চিস্তাশীল মুসলমানরা নারব কেন ? আপনারা কি খবরের কাগজে লিখে অব্বাদের বোঝাতে পারতেন না ? এটা হিন্দের দ গ্রা নয়, হিন্দুরা লিখতে গেলে গুনবে ওরা মুদলমানের সংহতি পছনদ করে না। মুদলমানের সংহতির কমতি কোথায় ? ধর্মীয় ব্যাপারে তো ওরা স্বাই এককাটা। কিন্তু এটা হলো রাজনীতির ব্যাপার। এক্ষেত্রে মুসলমানরা কবে একাকাটা ছিল? মোগলরা এদে তুকী বা পাঠানদের হাত থেকে ক্ষমতা কেড়ে নেয়নি ? নাদির শাহ এদে মোগল বাদশাহের ময়ুর সিংহাদন ও কোহিত্বর হরণ করেননি ? কমিউনিন্ট পার্টিতেও নুসলমান আছে, কেবল কংগ্রেদ পার্টিতে নয়। কংগ্রেসের লক্ষ্য স্বাধানতা, কমিউনিস্টদের লক্ষ্য বিপ্লব। কথনো যদি কমিউনিস্ট পার্টির হাতে খনতা পড়ে তবে তাঁদের একজন মুসলিম কমরেডকেও তাঁরা ক্ষমতার আদনে বসাবেন। কংগ্রেস যে বড়লাটের অত্নগ্রহে প্রদেশে মন্ত্রিত্ব করছে তা নয়। কেন্দ্রেই বা কেন বড়লাটের অমুগ্রহনির্ভর হবে ? তার চেয়ে বাইরে পাকাই তাব পঞ্চে সম্মানজনক। তাই বলে সে এই কারণে বিদ্রোহ করবে কনষ্টিটুয়েণ্ট অ্যাদেঘলিতে গিয়ে শাসনতন্ত্র তৈরি করবে। মৃদলিম লীগও সেথানে গিয়ে সেই কাজে হাত লাগাতে পারে। মিলে মিশে কাজ করলে হিন্দু মূদলমান শিথ গ্রীন্টান দকলেরই স্বার্থ স্থরক্ষিত হবে। না হলে তথন না হয় বিদ্রোহ করতে পারে।"

মীর সাহেব বলেন, "ও কথা আমারও কথা, দিদি। আমি যে নীরব রয়েছি তা কিন্তু মানব না। আমি বোঝাতে চেষ্টা করেছি বিহার ও যুক্তপ্রদেশ ডিভিয়ে পাঞ্চাবের সঙ্গে বাংলাদেশকে জুড়ে দেওয়া একটা মিসজয়েওার। বাঙালী হিন্দু আর বাঙালী মৃসলমান মিশ থাবে। বাংলাদেশকে আলাদা একটা ঘাধীন রাষ্ট্র করলেই বরং উদেশুসিদ্ধি হয়, উদ্দেশ্য যদি হয়ে থাকে হিন্দু মেজরিটির হাত থেকে ম্সলমানদের আত্মরক্ষা। স্বাধীন বাংলাদেশে হিন্দুর সংখ্যা কম, কিন্তু প্রভাব বেশী। আমার সন্দেহ আসল উল্লেখ্য তা ৽য়, বিটিশ এয়াওয়ার্ড।"

"এ্যাওয়ার্ড"। স্থপনদা যেন বাকশক্তি ফিরে পান। 'এ্যাওয়ার্ড যদি লীগ নেতাদের অবিষ্ট হয় তবে দেটা ক্যাবিনেট মিশনের পরিকল্পনার ভিতরেই নিহিত রয়েছে। একটা নয়. ত্টোর একটা। ওঁরা যদি ছ'টা প্রদেশ চান তো ছ'টা প্রতি, ই পাবেন, মায় আসাম, যেখানে মুদলমানরা মেজরিটি নয়। কিন্তু যৌথ <sub>প</sub>নাভরেনটিতে রাজী হতে হবে। আর যদি তাঁরা একক সোভরেনটি চান তবৈ তাঁরা পাৰেন আসামের একাংশ, বাংলার আধ্থানা, পাঞ্চাবের আধ্যানা, সমগ্র দিরু, উত্তরপশ্চিম প্রদেশ ও বেলুচীম্বান। ইংরেজের হাত থেকে যদি পেতে হয় তো এইপর্যস্ত ওঁদের দৌড়। এর ১েয়ে বেশীদূর নয়। কিন্তু কায়দে আজমের সাঙ্গোপাঙ্গদের মধ্যে এমন উচ্চাভিলাষীও আছেন যারা দিল্লী আগ্রা ন। পেলে সম্ভট থবেন না। তারা চান গোটা মোগল সামাজ্য। কারণ তারা মোগল বংশধর। ইংরেজ যা দিতে পারে দিক। বাকীটা তাঁরা তলোমারের জোরে পুনরধিকার করবেন। স্থতরাং কংগ্রেসের সঙ্গে চুড়ান্ত মিট্মাটে সমত হবেন না ৷ আপাতত আপদ করবেন, যদি কংগ্রেস এ্যাওয়ার্ড মেনে নেয়। আরে। উচ্চাভিলাষী যাঁরা তাদের মতবাদ প্যান-ইদলামিজম। থেলাফতের পুন:প্রতিষ্ঠা। তাদের দামাজ্যের বিস্তার মরকো থেকে ইণ্ডানেশিয়া। সেটা অবশ্য সময়সাপেক্ষ। মোগল নামাজ্য পুনক্ষারের পর তারা বেরিয়ে পড়বেন তুকী নামাজ্য পুনক্ষারে। তার পরের ধাপ স্পেন পুনবিজয়। সোভিয়েট ইউনিয়নের সামিল হয়েছে যেসব মুসলিম অধ্যায়িত ভূথও দেশব ভূথওের উপরেও তাদের দাবা আছে। কিন্তু তার আগে তাঁদের আরে। বলসঞ্য করতে হবে। ইরান, ইরাক, শীরিয়া, তুরস্ক প্রভৃতিকে দলবদ্ধ করতে হবে। ই্যা, রোমানিয়া, বুলগারিয়া, গ্রীদ প্রভৃতিও তাদের চাই। মুদলিম অধ্যুষিত বলে নয়, পূর্বপুরুষের বিজিত বলে। আমি তোভেবে দেখছি জিল্লাই সৰ চেম্লে কম উচ্চাভিলাযী। স্বচেয়ে বেশী মডারেট। আফটার অল, তিনিও আমাদের মতো একজন ব্যারিস্টার।"

মীর সাহেব হো হো করে হাদেন। "সেইজন্তে যতরকম কুযুক্তি পেশ করে বড়লাটের কান ভারী করেছেন। একজন কংগ্রেস ম্পলিমকেও বড়লাটের সঙ্গে এক টেবিলে বসতে দেবেন না। পারতপক্ষে গভন রের সঙ্গেও না। ওঁদের স্থান জেলে। ওঁরা জেলেই ফিরে যান।"

"ওঁরা তো ইংরেজদের বোঝাচ্ছেন কংগ্রেদ মুসলিমরা হিন্দের স্ট্রজ। মুসলমান সেজে মুসলিম নেশনের শিবিরে চুকেছেন।" দীপিকাদি ছংখিত। "আর ওঁরা কার স্টুজ ? ইংরেজদের ? জিলা সাহেব নন, তিনি যথার্থই স্বাধীনচেতা। নাইটও নন, নবাৰও নন। জমিদারও নন, চাকরিও করেননি। নেতা হবার যোগা, সন্দেহ নেই। কিন্তু বাদের নেতা তারা ত্যাগের জোরে নয় কই স্বীকারের জোরে নয়, ধর্মপ্রাণ মুস্লমানদের ভোটের জোরে। ভোট তারা না ব্রেই দিয়েছে। যেদিন ওদের চোথ ফুটবে সেদিন এঁরা থাকবেন কোথায় ?' মীর সাহেব রহস্ত করেন।

''এঁদের চেরে আরো কট্র মৃদলিম রাজনীতিতে নামবে। আমি এঁদের দক্ষেই আপদের পক্ষপাতী। তার জত্যে যদি আজাদকে বিদর্জন দিতে হয় তাও না হয় দেওয়া যাবে। তাতে করে যদি গৃহযুদ্ধ এড়ানো যায়।'' বপনদার আশা।

"তাতে করেও গৃহযুদ্ধ এড়ানে। যাবে না, শুপু সাহেব। ওঁদের দাবীর ফিরিন্তি কি ওই একটিতে দীমাবদ্ধ?" মীর সাহেব এক কথায় হেসে উড়িয়ে দেন। "যেথানে ওঁরা মেজরিটি সেথানে ওঁরা চান মেজরিটির স্থান্থবিদা। যেথানে ওঁরা মাইনরিটি সেথানে ওঁরা চান মাইনরিটির সেফগার্ড। হেডেস্, আই উঠন। টেলস্, ইউ লুজ। কারণ ? কারণ তাঁরা মুসলমান।"

দ্যিপিকাদি স্থবান, "কিন্তু আগনিও তো মুদলমান।"

"আমি নিজের পারেই দাভিরেছি, মুসলমান হিসাবে দিছু চাইনি বা পাইনি। কংগ্রেসেব কাছেও না, ইংবেজের কাছেও না।" মীর সাহেব উত্তর দেন। "মুসলমান হিসাবে কিছু চাওয়। উচিত নয়, পাওয়া গৌরবের নয়। কিন্তু মুসলমান বলেই যদি একজন গুণী ব্যক্তিকে তার উচিত পাওনা থেকে বঞ্চিত করা হয় তবে আমি নিশ্চয়ই প্রতিবাদ করব, তাতে ফল না হলে প্রতিরোধ করব। কারো উপর যেন তার ধর্মের দক্ষন ভবিচার বা অত্যাচার করা না হয়। এক্ষেত্রে হিন্দুদেরও দোষ আছে। না থাকলে বাঙালীতে বাঙালীতে এমন মসীয়ুদ্ধ বেধে যেত না। কপোরেশনে, ইউনিভার্দিটিতে স্বরাজ বলতে বোঝায় হিন্দুরাজ। তাকে বর্ণ হিন্দুরাজ বললেও থ্ব বাড়িয়ে বলা হয় না। ওয়াকিং মডেল অভ্ স্বরাজ দেখে যদি মুসলমানদের মনে সংশয় জাগে যে সারা ভারতেও স্বরাজ বলতে বোঝাবে বর্ণ হিন্দুরাজ তা হলে তাদের সংশয় দূর করা সহজ নয়। তারা ভাবে ভাগ বাঁটোয়ারার পথই এর সমাধানের পথ। সেই পথ ধরে চললে সমাধানের চ্ড়ান্ত পর্যায় হচ্ছে দেশ ভাগ প্রদেশ ভাগ। কিন্তু পাকিন্তানেও কি মুসলমান

थोकरव ना ? य यात भाषना नांबी कत्रत्व ना ? ना भारत मा छ एवा छा छिवान করবে, তাতে ফল না হলে প্রতিরোধ করবে। হিন্দুরাজের পান্টা মুদলিম রাজ নয়। লোকে ৰলবে এর চেয়ে ব্রিটিশ রাজ ছিল ভালো। ওরাই মোটের উপর ন্থায়বিচার করত। এমন এক রাষ্ট্রের পত্তন করতে হবে যার হিন্দু মুদলমান ভেদবৃদ্ধি বা ভেদনীতি নেই, যে ধর্মনিরপেক্ষ বা সেকুলার। নামে নয়, কামে। ভারতের স্থাীঘ ইতিহাদে ইংরেজ আমলই তার অভিমুখে প্রথম পদক্ষেপ। ওরা গ্রীস্টান বলে এ দেশ শাসন করেনি, তা হলে তো আমরা বলতুম গ্রীস্টান चामन। करतरह हेश्त्रक वरन। अत्मत्र मरन विख्त हेहमी। रथाम वर्षनार्व লর্ড রেডিং। ওদের যেটা দোষ সেটা ধর্মগত নয়, চর্মগত। তুমি যদি নৈক্স খেতাৰ না হও তা হলে উচ্চতম পদ কোনোকালেই পাবে না, যতই যোগ্য হও না কেন। ওদের চোথে হিন্দু মুসলমান সমান কালো। ভারতীয় গ্রীস্টানও কম কালো নয়। ওদের দঙ্গে বিরোধটার মূলে বর্ণ বৈষম্য। এই কলকাতা শহরেই এমন কয়েকটা ক্লাব আছে যেখানে মেম্বর হতে হলে একজন দেশীয় গ্রীফীনেরও ধর্ম বথেষ্ট নয়, কর্ম যথেষ্ট নয়, চর্ম খেতবর্ণ হওয়া চাই। তবে তিনি বাব্চি খানদামা বেয়ারা হতে পারেন। ভাগ্যবান হলে অতিথিও হতে পারেন। দক্ষিণ আফ্রিকায় গান্ধীজী এই বৈষম্যের তীব্রতা দর্ব তরে অহভৰ করেন। তার প্রতিকার খুঁজতে গিয়েই তিনি হন সত্যাগ্রহী। সেইস্থেই তিনি ভারতের স্বাধীনতা সংগ্রামের অগ্রগণ্য নেতা হয়েছেন। ব্রিটশ শাসনের মনদ ছাড়া ভালো দেখছেন না। এটাও একটা পরিবধিত দক্ষিণ আফ্রিকা। ক্ষমতা কেন্দ্রভিত্ত হয়েছে একদল খেতাকের ম্ঠোয়। বিশেষ করে আমিতে। জার মতে দেটা আমি অভ্অকুণেশন। তাকে ঝেটিয়ে বিদায় করতে হবে। কিন্তু তাই ৰদি হয় তবে হিন্দু মুদলিম শিথ দৈন্যদের মধ্যে গৃহযুদ্ধ ৰেধে ৰাওয়া ৰিচিত্ৰ নয়।"

কংগ্রেস বেটি করবে লীগ তার উন্টোটি করবে। এটাই তো রেওয়াজ। কংগ্রেস কনন্তিটুয়েণ্ট অ্যাসেম্বলীতে বাচ্ছে, স্মৃতরাং লীগ যাচ্ছে না। যেহেতু কংগ্রেসের নতুন প্রেসিডেণ্ট নেহক জানান কংগ্রেস আগে থেকে কোনো স্কীম মেনে নেয়নি। কংগ্রেস ওয়াকিং কমিটি জানিয়েছেন যে নেহকর উক্তি তাঁদের বারা অসম্থিত। জিলা কিন্তু কংগ্রেসকেই দায়ী করেন।

কংগ্রেদ যথন ইন্টারিম গভন মেণ্টে যোগ দিচ্ছে না তথন উন্টোটি করার জন্মে লীগের তো যোগ দেওয়াই উচিত। লীগ যাবার জন্মে তৈরি, এমন শময় বড়লাট ইণ্টারিম গভর্ন মেণ্ট গঠন স্থপিত রেখে ক্ষেয়ারটেকার গভর্ন মেণ্ট গঠন করার দিদ্ধান্ত নেন। এটার অর্থ কংগ্রেস যদি না থাকে দীগও থাকবে না। কী অপমান! জিল্লা বলেন বড়লাট লীগকে কথা দিয়ে কথা রাখেননি। বড়লাট বলেন তিনি অমন কোনো কথা দেননি। দিল্লা তাঁর কথার ভূল অর্থ করেছেন। জিলা তা স্বীকার করেন না। তথন বড়লাটের সঙ্গে আড়ি।

কনিষ্টি ইয়েণ্ট অ্যাদেশ্বলীতে কংগ্রেশ যায়, যাক, থোলা মাঠে গোল করুক। কিন্তু লীগ যাবে না। আর ইণ্টারিম গভন মেণ্টে যাবার ইচ্ছা থাকলেও উপায় নেই। দেখানে যাবার প্রাই ওঠে না। লাগ তা হলে কী করবে ? ওয়েটিং ক্রমে বদে অপেক্ষা করবে, যতক্ষণ না ট্রেন আদে, কংগ্রেদ ওঠে, তার দঙ্গে একজন কংগ্রেদ মুদলিমও ওঠেন। হিন্দুর স্ট্রুছ। না, লাগ উঠবে না। ওয়েটিং ক্রমে বদে থাকা বুথা। বড়লাটকে বিশ্বাদ নেই, লেবার গভর্নমেণ্টকে বিশ্বাদ নেই। অদহযোগ। টাইটেল বর্জন। আরো অনেক কিছু।

মীর সাহেবের সঙ্গে আবার দেখা হয়। এবার তার ওখানেই।

"যা আশক্ষা করেছিলুম তাই হলো। লাহোর প্রতাবের পর বোষাই প্রতাব মুসলিম লীগের সবচেয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত। লাহোরে স্থির হয়ে যায় তার ডদ্বেশ্য পাকিস্তান অর্জন। বোষাইয়ে স্থির হলো উদ্বেশ্য সিদ্ধির উপায় ভাইরেক্ট অ্যাকশন। উদ্বেশ্য আর উপায় হুটোই স্থির।" তিনি বলেন।

"কাগজে পড়ে আপনার কাছে ছুটে এদেছি।" স্থপনদা জানতে চান, "কবে থেকে ভক্ত দিন ধার্য হয়েছে দু"

' শুনছি ১৬ই আগফ।'' মীর সাহেব যতদুর জানেন।

"আছে।, আপনার কি মনে হয় স্থহরাবদী সাহেব এসব বেআইনী কার্মকলাপ চলতে দেবেন ? আফটার অল, তিনি একজন ব্যারিফার।" স্থপনদা বলেন।

"হো হো! আপনি আবার দেই কথা বলছেন। ব্যারিস্টার তো জিয়া সাহেবও। শহীদ পড়ে গেছে দোটানায়। শ্রাম রাখি না কুল রাখি? লীগ রাখি না উজিরি রাখি? লীগ ছাড়লে উজিরীও ছাড়তে হয়। নয়তো পার্টিই ওকে ভাড়াবে। আর উজিরী ছাড়লে রাজনীতিও ছাড়তে হবে। সেটা ওর পক্ষে আত্মহত্যা।" মীর সাহেব গন্তীরভাবে বলেন। 'আর তাতে লাভটা কী হবে? শহীদের জায়গায় বড় উজীর হবেন সায় নাজিমউদ্দান। এখন মিস্টার নাজিমউদ্দান। তিনিও ভো ব্যারিস্টার। হাহা!"

খপনদা ভনে ব্যথিত হন যে প্রধানমন্ত্রীই বেআইনী কার্যকলাপ চলতে দেবেন সরকারী ছত্তাহায়ায়। যদিও তিনি একজন ব্যারিস্টার। অক্সফোর্ডে শিক্ষিত। দেখানে বেশ নাম করেছিলেন। প্রসিদ্ধ অভিজাত পরিবারে জন্ম। ''হ্যা, ব্যতে পারছি ওঁর দোটানার কারণ। এই সেদিন প্রথম বার প্রধান মন্ত্রী হয়েছেন। ভোগ যথেই হয়নি।'' খপনদা নরম হন।

বড়লাট এতদিন চিন্তা করছিলেন কী করে বন্ধ তালা থোলা যায়। তিনি নতুন এক প্রতাব পাঠান। কংগ্রেস যাকে চায় ডাকে বড়লাটের শাসন পরিষদের সদস্য মনোনয়ন করতে পারে. কংগ্রেসের সেই অধিকারে লীগ হস্তক্ষেপ করবে না। তেমনি, লীগ যাকে চায় তাকে সদস্য মনোনয়ন করতে পাবে, কংগ্রেসেও লাগের সেই অধিকারে হস্তক্ষেপ করতে পারবে না। আর লব আগের মতে। থাকবে।

কংগ্রেস দেই প্রস্থাৰ গ্রন্থ করে ও ইণ্টারিম গভর্নমেণ্টে যোগদানের সম্মতি জানায়। কিন্তু লীগ তার বিপরীতটি করে। জিলা বড়গাটকে জানিয়ে দেন যে কংগ্রেস যদি একজন মুসলিম মনোনহন করে তবে লীগ তার ইণ্টারিম গভন মেণ্টে যোগ দেবে না। বড়লাট আর অপেক্ষা করার প্রয়োজন দেথেন না। নেহককে আমহণ করে গভর্নমেণ্ট গঠনের ভার দেন। নেহক যাবেন প্রণ্মে জিলার কাছে যোগদানের অগুবোধ করতে। তাঁদের ত্'জনের মধ্যে বোঝাপড়া হয় তো দেই অলুদারে গভর্নমেণ্ট গঠিত হবে। নয়ভো লীগের ভত্তে কয়েকটা আদন শৃত্য রেখে নেহক তাঁর ইচ্চামতো গভন মেণ্ট গঠন করবেন।

নেহক জিলার দক্ষে দাক্ষাং করে তাঁকে অন্থরোধ করেন, কিন্তু তিনি অটল অন্ত। কংগ্রেদ মুদলিমকে নিলে লীগ মুদলিম আদবে না। লীগের দমতি পেতে হলে কংগ্রেদ মুদলিমকে ধর্জন করতে হবে। নেহক ব্যর্থ হয়ে ফিরে আদেন ও বড়লাটকে জানান। তথন কাকে কাকে নেভয়া হবে হিব করার জন্যে দময় নেন। ইতিমধ্যে ১৬ই আগগট এদে পড়ে। ডাইরেক্ট আ্যাকশন ডে।

মুসলিম লীগ এই দিবলটির জ্ঞাতে ভোড়ভোড় করছিল। নাজিমউদ্দীনের 'দ্যার অঙ্ ইণ্ডিয়া' দৈনিকপত্রে কলকাতার কর্মস্থচী প্রকাশ করা কয়েকদিন আগে থেকে শুরু হয়। মীর লাহেব একদিন একখানা কপি নিয়ে স্থপনদাকে দেখাতে যান। বলেন, "গুপু লাহেব, চার বছর বাদে হতে যাচ্ছে একটা স্পুত্ত অধ্যায়ের স্থচনা। এরা কেউ ইংরেজের গায়ে হাত দিতে সাহস পাবে

না, গুলীর ভয় আছে। কিংবা তার সম্পত্তির গায়ে হাত দিতে। জেলের ভয় আছে। হিন্দুর উপরেই, শিখের উপরেও। এঁরা ইণ্টারিম গভন মেণ্টে যাচ্ছেন। হিন্দু ও শিথ ঠাওরাবে সব মুসলমানই এর জত্মে দায়ী। কে যে লীগপস্থী, কে যে নয় তা গণনা করবে না। বহু নিরীহ মুদলমান মার খাবে, মরবে। শহীদকেও হিন্দুরা বিখাস করবে না। অর্থেক বাঙালীকে অর্থেক বাঙালীর গায়ে লেলিয়ে দিয়েছেন বলে তাঁর ৰদনাম হবে। তাঁর মানে মানে পদত্যাগ করা উচিত। নয়তো গভন র তাঁকে পদচ্যত করতে বাধ্য হবেন। গভর্ন শাসনভার স্বহন্তে নেবেন। সে এক কেলেঙ্কারি। নাজিমউদ্দীনের কী! তাঁর তো কিছু হারাবার নেই। গভর্মর যে তাঁকে ডেকে নিয়ে গদীতে যুসাবেন সেটা নির্বোধের প্রত্যাশা। যদি না তিনি এ আন্দোলন থামিয়ে দিতে পারেন। দেটুকু সংসাহস কি তাঁর আছে ? তিনি যে জিলা সাহেবের প্রম অনুগত দেবক। আমি যে অশান্তি বোধ করছি তাকী করে প্রকাশ করব 📍 হিন্দুরা হয়তো আমাকেও দোষ দেবেন, আমি কেন ডাইরেক্ট অনকশনবিরোধী স্টেটমেণ্ট দিয়ে মুসলমানদের নিরুত্ত করিনি। আমি কেন নীরব। ধরে নেবে মৌন সম্মতিলক্ষণ। কিন্তু তা হলে যে আমাকে ঘোর বিপদে পড়তে হবে। আমার পরিবারকেও। তাশনালিস্ট মুদলিমদের তু'দিক থেকেই বিপদ। হয় রামে মারথে, নয় রাবণে মারবে। আমরা মারাচ কুরজ।"

স্থপনদা তাঁকে অভয় দেন। "না, না, ইংরেজ থাকতে অমন কোনো মারামারি হতে দেবে না। গভন র আছেন কী করতে ? স্ডলাট আছেন কী করতে ? পুলিশের আফুগত্য তাঁদেরই কাছে। বেশী বাড়া ড়ি হলে আমি আসবে। আমির আফুগত্যও তাঁদেরই কাছে। জিল্লা, লিয়াকৎ, শহীদ, এ রা স্বাই ব্যারিস্টার। এ রা কখনো আইন হাতে নেবেন না।"

"কেন? গান্ধী, নেহক, পাটেলও কি ব্যারিস্টার নন? ওঁরাই তো পণ দেখিয়েছেন। জিলা দেখছেন কংগ্রেসকে অনুসরণ করলেই ডিনি তাঁর সাধের পাকিন্তান পাবেন। তবে তিনি অহিংসার ধার ধারেন না। মুসলিম লীগের গর্ব সে হিংসায় বিশ্বাস করে। জিলা বিপক্ষের স্বাইকেই শাসিয়েছেন যে তার হাতেও পিত্তল আছে। কথা হচ্ছে পিন্তল বলতে যদি ভায়োলেন্স বোঝায় আর বিপক্ষ বলতে যদি ব্রিটিশ সম্কার বোঝায় তবে তিত্মীরের এই অভিযান ব্যর্থ হবে। তবে কি হিন্দু বোঝায় ? সেইটেই আমার আশক্ষা। এটা নামে আইন অমাক্ত, অদলে মারদাঙ্গা। লড়কে লেঙ্গে পাকিস্তান। এই ওদের স্লোগান।"

দীপিকাদি ক্রুদ্ধ হয়ে বলেন, "ওরা ভেবেছে কী ? লড়াই কথনো একতরফা হয় ? আরো একটা তরফ থাকে। সেই আরেক তরফ যদি ইংরেজ হয়ে থাকে আমাদের কিছু বলবার নেই। ইংরেজকে যেই হোক একজন তাড়ালেই হলো। আমি বরং মনে মনে তিতৃ মীরের সাফল্য কামনা করব। কিছু তিনি যদি হিন্দুদের উপর বাঁপিয়ে পড়েন তবে হিন্দুরাও দেখিয়ে দেবে যে তাদের হাতে পিগুল নয় স্টেন গান আছে। ইংরেজ যদি নিরপেক থাকে তবে জিৎ হবে হিন্দুদেরই।"

মীর সাহেব একটু ক্ষুণ্ণ হয়ে বলেন, "সেটা তো যুদ্দক্ষেত্রে কথনো প্রমাণিত হয়নি। এবার হতেও পারে, না হতেও পারে। মুসলমানদের ধারণা এক একজন মুসলমান দৈনিক তিন তিনজন হিন্দু দৈনিকের সমান।"

দীপিকাদি গর্জে ওঠেন, "আরবরাও তো ভেবেছিল স্পেনে তাদের রাজত আনহানকাল বিভ্যান থাকবে। কিন্তু আটণো বছর রাজতের পরে তারা স্পেন থেবে নির্মূল হয়। পড়ে থাকে কয়েকটি অতি স্থলর শ্বতিচিহু। তাক্তমহলের মতোই অপূর্ব। আর মোতি মদজিদের মতোই অমূল্য। আমরা দেগুলি দবপ্রে রক্ষা করব। কিন্তু লড়াইতে জিতলে লীগপন্থী আরবদের আমাদের স্পেন থেকে দমূলে উচ্ছেদ করব।

মীর সাহেব ব্যথা পান। বলেন, "আর লড়াইতে হারলে ?"

"হারতেই পারিনে। হিন্দু আর শিথ শৈগুদংখ্যা মুদলিম দৈগুদংখ্যার চেয়ে বেশী। আমাদের দিকে শুর্থারাও থাকবে। তারা একাই একশো। জানেন ভিক্টোরিয়া ক্রন্স কারা দব চেয়ে বেশী পেয়েছে ? যারা জার্মানীতে গিয়ে জার্মানদের সঙ্গে লড়েছে, আফ্রিকায় গিয়ে ইটালিয়ানদের সঙ্গে লড়েছে, মেসোপোটেমিয়ায় গিয়ে তুর্কদের সঙ্গে লড়েছিল তারা পারবে না পাঞ্জাবী মুদলমানদের বংশে লড়তে ? তা ছাড়া পাঠানরা আমাদের বিপক্ষে নয়।"

মীর সাহেব ওঠেন। "এ লড়াই কিন্তু দৈনিকে সৈনিকে নয়। ইংরেজ সরকারের অফিলারদের ছকুম না পেলে ওরা লড়বে না। এ লড়াই গুণ্ডায় গুণ্ডায়। নিরীহ নিরস্ত্র মাহ্যবও তাদের হাতে মরবে। তবে ইংরেজ চলে গেলে দৈনিকে দৈনিকে বাধতে পারে। ফলাফল অনিশ্চিত। কংগ্রেস কিনে কুনি কেবে।"

দীপিকাদি বেশ উত্তেভিত অবস্থায় দেদিন শুতে যান। স্থপনদার দেদিকে নজর ছিলো না। তিনি কতকটা আপন মনে বলে যান, "মৃদলমানরা ফ্রেশ অভ মাই ফ্রেশ, রাড অভ মাই রাড। ওদের সঙ্গে কি আমি লড়তে পারি? আর ইংরেজদের সঙ্গে আমার অ্যাফিনিটি যে একজন প্রিয়জনের মতো। তাদের সঙ্গেও কি আমি বাগড়া করতে পারি? বিশেষত ওরা বথন আপনা থেকেই যাচেছ।"

দীপিকাদি ফেটে পড়েন। ''তুমিও একজন প্রচ্ছন মৃদলমান ও প্রচ্ছন্ন ইংরেজ। তোমার মতো শ্লেচ্ছ ও যবনের দঙ্গে শুলে আমার পাপ হবে। আমি ভারতীয় আর্য নারী। তোমাকে বিয়ে করা একটা হিমালয়ান ব্লাগ্রার। বিলকুল ভূল। চললুম আমি ও ঘরে শুড়ে।''

স্থপনদা তো হওভন্ব। বলেন, "যা বলবার তা বিশুদ্ধ বাংলাভাষায় ৰল। ইংরেজী আর ফার্সীর ফোড়ন দিচ্ছ কেন ? ওদৰ তো মেছ ও যবনদের বুলি।"

"তা হলে কী বলব ? হিমালয়সদৃশ প্রমাদ। সম্পূর্ণ ভ্রম।" দীপিকাদি একটু অপ্রস্তুত হয়ে আবার ভয়ে পড়েন।

"রাহ্ন, তুমি কি ভানো আমি কথনো স্বীকার করিনি যে, East is East and West is West and never the twain shall meet, প্রীচ্য ও প্রতীদ্যের মিলনই আমার ইস্ট ওয়েস্ট ক্লাব পত্তনের উদ্দেশ্য। দেই ক্লাবেই তোমার দক্ষে আমার চার চোথের মিলন। সেই স্থবাদে তোমার দক্ষে আমার জীবনের মিলন। তেমনি, আমি কখনো মেনে নিইনি যে, হিন্দু হচ্ছে হিন্দু আর ম্দলমান হচ্ছে ম্দলমান, কখনো এদের মিলন হবে না। তা হলে তো ভারতীয় জাতির জন্তিম্বই থাকে না। ভারতীয় জাতীয়তাবাদ একটা মাগা। আমরা মায়ায়গের পাশ্চাতে ছুটেছি। জিল্লাই ঠিক আর গান্ধী, নেহক ও স্থভাষ বেঠিক। আমার কথা যদি বল আমি প্রচ্ছের ম্দলমান, প্রচ্ছন্ন গ্রামীতথা প্রচ্ছন্ন হোমান। আমার বোমদের কথা দত্য হলে আমি এদেশের টুর্গেনিভ, তাই প্রচ্ছন্ন রাশিয়ান।" স্বপনদা বলেন আবেগভরে।

"ব্ঝেছি, তুমি একটি বছরপী। তুমি হিন্দুও নও, ভারতীয়ও নও তোমার দক্ষে শোওয়া আর নয়। তোমার তাতে কট্ট হবে না। তুমি স্বপ্নে বরনারী সৃষ্ণ পাবে। বরনারী কেন, পরনারী।" এই বলে দীপিকাদি ত্ম করে বিছানা থেকে নেমে দড়াম করে দরজা বন্ধ করেন। কুকুরটা

আটিকা পড়ে কুঁই কুঁই করে। তখন দরজা খুলে সেটাকেও নিয়ে যান। উর্বশীর মেয়

স্থানদা চেচিয়ে ৰলেন, "উর্বনী, উর্বনী, ফিরে এদ।" দীপিকাদি বলেন, "গুড নাইট। শুভরাতি। কাল দেখা হবে।"

পরের দিন থাবার দদ্ভাব। কিন্তু রাতের বিছানা যায় যার ঘরে।
দীপিকাদি শুভরাত্রি জানিয়ে বলেন, "অপনমোহন, তুমি তোমার স্থপন দেখ।
তেল আবে জল মিশ থেয়েছে। কালা আর ধলা ভেদ ভুলেছে। মায়ামৃগ ধরা
পড়েছে। ওদিকে একটা শো-ডাউনের তোড়জোড় চলেছে। আচ্ছা, শোডাউন কথাটার বাংলা কী ?"

স্থানদা রসিকতা করেন, "শো মানে শোও। ডাউন মানে নিচে। স্থারা স্থামীদের নিচে শোয়। প্রকৃতির বিধান।" দীপিকাদি রাঙা মুথে পালান।

## ॥ **একুশ** ॥

স্থার সপরিবারে বিলেত ফিরে যাবার দ্ময় যে চিঠি লিথেছিল তার জ্বাবে মানস বলেছিল, "ভালোই করেছ। দেশটা এখন একটা আয়েয়িরি। যে কোনো দিন লাভাবর্ষণ শুক্র হতে পারে। তার আগেই ইংরেজরা সরে পডবে মনে হচ্ছে। এই তো.সেদিন এই দেশনের শেষ ইংরেজটিও বদলী হয়ে গেলেন। পুলিশ সাহেব। তাঁর জায়গায় এলেন একজন মৃসলমান। পূর্বপরিচিত। অসাম্প্রদায়িক। জেলা ম্যাজিস্টেটও তেমনি অসাম্প্রদায়িক মৃসলমান। কিছু আমাদের সকলেরই অগ্নিপরীক্ষার দিন আসবে, যেদিন পলিটিসিয়ানদের বিরোধ সম্পূর্ণ অমীমাংশ্র হবে। এক উত্তরাধিকারী না ছই উত্তরাধিকারী এই প্রশ্নের উত্তর দেবার জন্তে অস্থশন্ত্রের প্ররোজন হবে। যাদের হাতে অস্থশন্ত্র তাদের ডাক দিলে কেউ হাঁক দেবে, 'আলা হো আকবর', কেউ হাঁক দেবে, 'সং শ্রী অকাল', আবার কেউ হাঁক দেবে, 'তুর্গামাতা কী জয়।' একজনও হাঁক দেবে না. 'বন্দে মাতরম্' বা 'ভারতমাতা কী জয়।' জানো তো, গতবার যুদ্ধে যাবার সময় এরা কেউ দেশের নামে প্রাণ দিতে যায়নি। রাজার নামেও নয়। রাজার প্রতি আয়ুগত্যের হান নিয়েছে ধর্মের প্রতি আয়ুগত্য। বিপ্লববাদিনী

মধুমালতী আর সব দিক থেকে নিরাশ হয়ে এখন সিপাহীদের উপর শেষ ভরসা রেখেছেন। কিন্তু ইংরেজরা চলে যাবার আগে যদি উত্তরাধিকারী কারা হবে এই প্রশ্নের সর্বস্থত মীমাংসা না করে যায় তবে ধর্ম অতুসারে বিভক্ত সিপাহারা পরস্পরের উপর অস্ত্র প্রয়োগ করে এর একটা ধর্মসন্মত মীমাংসা করেব। ভারত স্বাধীনও হবে. বিভক্তও হবে। মধুমালতী কি এ রকম একটা সমাধান চান ? কেন তবে সিপাহীবিদ্যোহের স্বপ্ন দেখছেন ? শুধু তিনি নন, বামপদ্বীদের অনেকেই। জনগণকে তাঁরা সঙ্গে নিতে পারেননি, সেই অভাব পূবণ করতে চাইছেন জওয়ানগণকে সঙ্গে নিয়ে। নৌদেনাবিদ্যোহ তারই প্রথম ধাপ। মধুমালতী ঘটনাচক্রে সেই ধাপে পা দেন। পা ভূল ভারগায় ফেলেভিলেন। ফিবে গিয়ে ভালোই করেছেন।

এর উত্তরে অকুমার এক লম। চিঠি লেখে। তার দক্ষে গোঁজা ছিল একটা ভোট চিঠি। মিলি লিথেছে যুথিকাকে। "ছ'বছর বিদেশে থাকার পর দেশে ফিরে দেখি আমি আর একটি রিপ ভ্যান উইঙ্কল। বিদেশই আমার কাছে দেশ, দেশ আমার কাছে বিদেশ। তুল ভ্রান্তি স্বাভাবিক। তবে একটা বিষয়ে আমি ভুল করিনি। লক্ষ করেছি ইংরেজরা ভারত ছাড়বে, তবু মুদলমানদের ছাডবে না। আর কংগ্রেদওয়ালারা গদী ছাড়বে, তবু মুসলমানদের ছাডবে না। কংগ্রেস নেতার: একজন মুসলিমকে দকে না নিয়ে ইণ্টারিম গভর্মেণ্টে আদবের না। বরং ওয়েভেলের আমন্ত্রণ প্রত্যাখ্যান করবেন। ওয়েভেলের এর পরে কর্তব্য কী । জিল্লাকে কথা দিয়ে কথা না রাথা ? জিলা দেই অভিযোগই করেছেন। কেয়ারটেকার গভন মেণ্ট গঠন করা । ওয়েভেল দেই পদ্বাই ধরেছেন। এটা তৃতীয় পদ্ধা কিন্তু এ সংখ কারো সক্তেই মিটমাট হতে পারে না। তালা যেমন বন্ধ ছিল তেমনি বন্ধই থাকবে। সকলেই বলাবলি করছে এবার কংগ্রেস করবে কী ? গণ সভ্যাগ্রহ ? লীগ করবে কী ? গণ হত্যাগ্রহ ? রাজদ্রোহ নয়। দেটা তার ইংরেজ মিভারা বরদান্ত করবেন না। বেড়াল তা হলে কোন্দিকে ঝাঁপ দেবে? জানো তো ভিতরের ধবর দিয়ো। জুলি তো তার বরকে। নয়ে মেতে আছে। তা ওরা স্থ্যী হোক। রণকে নিয়ে ভাবনায় পড়েছি। সে কেবল দাছ দিছুর কথাই বলছে। তাঁদের খুঁজছে।"

মিলির চিঠি ঘূথিকাকে দিয়ে মানদ স্থ, মারের চিঠি পড়তে বদে। স্কুমার লিথেছে, "জাহাজে এবার বিষম ভিড়। দাহেব মেমদাহেব বোঝাই। আমরা ক'জন কালা আদমী একেবারে কোণঠালা। আলাদা একটা ডাইনিং টেবিলে খীপাস্তরিত। আমাদের মুখোম্থি বাঁদের আদন তাঁরা এক গুজরাটী মুদলিম দম্পতি। স্থলেমান সোমজী ● আয়েশা সোমজী। আমরা তথন ধর্মনেচতন নই, চর্মনেচতন। ইংরেজীতেই কথাবার্তা চালাতে হয়, তাই বেপরোয়াভাবে সাহেবলোকের বর্ণবিদেষের নিন্দাবাদ করতে পারিনে। বয়ং একটু অম্বকম্পা বোধ করি। আহা, বেচারিরা ছ'লাত বছর পরে দেশে ফিরছে। ডেকে যথন বেড়াই একদক্ষে বেড়াই। সেইস্ক্তে মনের কথা খুলে বলি। ওরা মধ্যবয়দী। যাচ্ছেন চিকিৎসার জন্মে লওনে। মাদ ছয়েক থাকবেন। ভদ্রলোক একটা গুজরাটী প্রিকার সম্পাদক। সেটার কয়েব পাতা ইংরেজী।

ৰললেন, "গানীও গুৰুৱাটা, জিল্লাও গুৰুৱাটা, বল্লভভাইও গুৰুৱাটা, মুন্শীও গুজরাটী, আমিও গুজরাটী। আমরা পরস্পরের জ্ঞাতি। তাহলে ছই নেশন বলে দাবী করতে যাই কেন ? মেজরিটি মাইনরিটি কোন দেশে নেই ? তা বলে কি তারা হুই নেশন ? এটা যুক্তিসহ নয়। তবু অর্থবহ। আদলে যা হয়েছে তা এই যে বুদ্ধ বাদশাহ শাহ্ জাহান এখন মুমূর্। তাঁর পুত্রদের মধ্যে বেধে গেছে উত্তরাধিকার নিয়ে খন্দ। মোগলদের মধ্যে এমন কোনো নিয়ম ছিল না যে জ্যেষ্ঠপুত্রই হবে পিতার একমাত্র উত্তরাধিকারী, অক্তেরা হবে তাঁর অধীনত অন্ধিকারী। এই নিয়ে প্রত্যেকবারই গোলমাল বাধে। এর নিষ্পত্তি হয় গাল্পের জোরে। জোল যার মূলুক তার। শাহ্ জাহানের নিজের বেলাও তাই হয়েছিল। এখন আমাদের দামনেও আছে একই প্রশ্ন। বর্তমান শালনভল্লে এমন কোনো ব্যবস্থা নেই যে ইংরেজরা চলে যাবার সময় ক্ষমভার হস্তান্তর করে যাবে কেন্দ্রীয় আইনসভার মেজরিটির হাতে। মেজরিটি क्रम अकरो विदिन के करा कमा । अदिन प्राप्त प्राप्त था निर्धियक रश्नि। কংগ্রেদকে আমরা একমাত্র উত্তরাধিকারী বলে মেনে নিডে পারিনে। এ যুগের আওরংজেব এ যুগের দারাকে আপদে দিল্লী ছেড়ে দিতে রাজী, কিছ দারাকেও আপদে কলকাতা আর লাহোর ছেড়ে দিতে হবে।

তা শুনে আমি চমকে উঠি। বলি, জানেন না, কলকাতা হচ্ছে রয়াল বেঙ্গল টাইগারের ডেন। বাবের বাচ্চারা কেউ বা টেররিস্ট, কেউ বা কমিউনিস্ট। দার্রার কথায় আওরংজেবকে ওরা ওদের আন্ডানা ছেড়ে দেবে কেন? উনি বলেন, ইংরেজরা যদি যাবার আগে এয়াওয়ার্ড দিয়ে যায়? আমি বলি, তা হলে প্রথম কামড় বদবে ইংরেজদেরই ঘাড়ে। ওদের রাজত্ব তো যাবেই, বাণিজ্যও যাবে। ত্বিতীয় চোট পড়বে লীগপত্বী মুদলমানদের গায়ে। ওঁরা কেমন করে রাজত্ব করে দেখে নেবে বামপত্বীরা। তিনি বলেন, এ তো বড়ো অন্তায়! আমরা গুজরাটী মুদলমানরা রাজ্য চাইনে, বাণিজ্য চাই। বোদাই হাতছাড়া হলে কলকাতাই হতো আমাদের বাণিজ্যকেন্দ্র। কলকাতানা থাকলে পাকিস্তান কাণা হয়ে যাবে। আমি বলি, তা হলে পাটি শনের দাবী তুলে নিন। কোয়ালিশনের জন্তো চেষ্টা কক্ষন।

গুদিকে আয়েশা বেগমের দক্ষে মিলির খুব ভাব। বেগম বলছিলেন, লগুনে আমরা মহামাল আগা খানের অতিথি হব। তিনি আমাদের ধর্মগুরু। তাঁরে অসংখ্য হিন্দু শিল্প। তাদের কাছে তিনি বিষ্ণুর দশম অবতার। আমরা হিন্দুবিশ্বেধী নই।

লগুনে ফিরে আমার প্রথম কাজ হলো ক্যাবিনেট মিশনের ভারত রওনা হবার মুখে ক্রিপদের অন্তরক মহলে থেঁাজ থবর নেওয়া। ওঁরা কি কোনোরকম এ।। ওয়ার্ড হাতে করে নিয়ে যাচ্ছেন । তাই যদি হয় কলকাতা কার ভাগে পড়বে ? জানেন তো ওটা টেররিস্ট আর কমিউনিস্টদের আন্তানা। তারা স্বাই বাঙালী হিন্দু। ওঁরা আমাকে আখাস দিলেন মিশন এখনো মন:স্থির করেনান, বিভিন্ন পার্টির নেতাদের দঙ্গে কথাবার্তা বলে সব দিক বিৰেচনা করে তাঁদের এয়া ওয়ার্ড নয়, স্থপারিশ ঘোষণা করবেন। এখন থেকে ও এখান থেকে বলতে পারা যায় না কী কী স্থপারিশ। তবে ব্রিটিশ পলিসির সার কথা কী সেটা ৰলতে বাধা নেই। এককালে ব্ৰিটিশ পলিসি ছিল, ব্যালি ছ মভারেডটন। ভার পরে হয়, র্যালি ভ মুদলিমন। ুদ্ধের পর থেকে হয়েছে, র্যালি ত রাইটিস্ট্র। এখন দব চেয়ে বড়ো আপদ হয়েছে বামপদ্বীরা। চক্র বোদ নেই, কিন্তু জয়প্রকাশ নারায়ণ আছেন। তাঁর পেছনে আছেন পণ্ডিত নেহরু। নেহরুর পিঠে চেপে রয়েছেন দিন্ধবাদ নাবিকের দেই বুদ্ধ। ব্রিটিশ অফিসাররা কেউ আর কংগ্রেসের সঙ্গে লডতে চান না, অথচ ব্রিটেনের একমাত্র উত্তরাধিকারী বলে একমাত্র তারই হাতে ক্ষমতার হস্তাস্তর করতেও অনিচ্ছুক। শেষপর্যন্ত হয়তো তারা ক্ষমতার হতান্তর না করেই ভারত ত্যাগ করবেন। ভার পরে ভারত যদি এক থাকে তবে ভারত সরকারের সঙ্গে সন্ধি, যদি বিধা হয় তবে তুই সরকারের সঙ্গে সন্ধি, বদি তিন হয় তবে তিন সরকারের সঙ্গে সন্ধি। আমি বলি, তিন কেন ? এর উত্তরে তারা বলেন, শিখদেরও আলাদা একটা রাষ্ট্র থাকতে পারে। পাটিয়ালা, কাপুরথালা, নাভা প্রভৃতি শিথ রাজ্যের দকে ব্রিটিশ শাদিত জেলা জুড়ে জুড়ে শিথিম্বানও কি গড়ে উঠতে পারে না? শিথেরা পাকিস্তানের মাইনরিটি হতে চাইবে কেন? আমাকে আশাদ দেওয়া হয় যে বাঙালী, অসমীয়া ও পাঞ্চাবী হিলুকেও পাকিস্তানের মাইনরিটি হতে বাধ্য করা হবে না। এদব সমপ্রার মীমাংসার জন্মে কনিউটুয়েণ্ট আ্যাসেম্বলীর অধিবেশন ডাকা হবে। অ্যাসেম্বলীয় তৈরি শাসনজন্তই ব্রিটেন গ্রহণ করবে। যদি স্বস্থাত হয়। মেজরিটির ভোটে মাইনরিটির ভবিয়ৎ নির্ধারিত হবে না। তা সে শিথ মাইনরিটিই, হোক আর মুদলিম মাইনরিটিই হোক, আর হিলু মাইনরিটিই হোক।

স্কুমার আরো লিখেছে, ক্যাবিনেট মিশনের স্থপারিশ কংগ্রেদ তার আপতিসত্ত্বেও মেনে নিয়েছে দেখে প্রীত হয়েছি। এ না হলে কনপ্তিটুয়েণ্ট আ্যাদেম্বলীই বসত না। কিছু বড়লাটের আপ্রাণ প্রয়াসসত্ত্বেও কংগ্রেস তাঁর ইন্টারিম গভন মেটে যোগ দেবে না শুনে মর্মাহত হয়েছি। আমার বা প্রীর খোড়া তো নেহক। তিনি যদি প্রধানমন্ত্রী না হন তো আমিই বা কার ভ্রসায় চাকরির খোঁছে স্থদেশে ফিরব? একা ম্সলিম লীগ যোগ দিয়ে আথের গুছিয়ে নেবে: কিছু শুনে অবাক হয়েছি বে বড়লাট ইন্টারিম গভন মেন্ট গঠন স্থগিত রেখে কেয়ারটেকার গভন মেন্ট গঠন করছেন, ভাতে শুরু অফিসিয়ালরাই থাকছেন। খোঁজ নিয়ে শুনতে প্রান্থুই তিনি কিনাকে ডিকেন্স আর লিয়াকং আলী খান্কে হোম দিয়ে সম্ভুট করতে গিয়ে শিখদের ও কংগ্রেদ সদ্প্রদের খোগদানের পথ রুদ্ধ করবেন না। তাঁদের জল্পে ছ্যার খোলা রাখাই তাঁর পলিসি। জিন্না বলছেন, বড়লাট তাঁকে কথা দিয়ে কথার খেলাপ করেছেন। বলবেনই তো। পারফিডিয়াস আলবিয়ন বলে একটা প্রবাদ আছে না প্ এখন তিনি কী করবেন প্ বিদায় করেছ মানে নয়নজলে আবার ফিরাবে তারে কিদের ছুলে?

ইতিমধ্যে যম্না নদীর জন আনেক দ্ব গড়িয়েছে। জিলা সাহেব এক ঢিলে ছই পাথী মেরেছেন। কনষ্টিটুয়েট আাসেম্বলী ও ইণ্টারিম গভন মেন্ট। শুধু তাই নম, ডাইরেক্ট আাকশনের প্রস্তাব পাশ করিয়ে নিয়েছেন। আগস্ট মাসের ছ'দিন আগে হলেও এই তাঁর আগস্ট প্রস্তাব। গান্ধীজীর আগস্ট প্রস্তাবের মতো এটাও বোমাইতে গৃহীত। কিন্তু কী আশ্বর্ষ হৈউ তাঁকে বা তাঁর ওয়াকিং-কমিটির সদ্পাদের গ্রেফভার করে নজরবন্দী করেনি।

উন্টে বড়লাট তাঁকে আবার আমন্ত্রণ করেছেন, কিন্তু তাঁকে কংগ্রেস মুসলিমদের একজনকে বড়লাটের ক্যাবিনেটে নেওয়ার উপর ভীটো জারি করছে দেননি। এটা যে কেবল কংগ্রেসের উপরেই নিষেধাজ্ঞা তাই নয়, বড়লাটের উপরেও নিষেধাজ্ঞা। মুসলিম লীগ তাঁর আমন্ত্রণ প্রত্যাখ্যান করলেও কংগ্রেস হা করেনি। কংগ্রেস মুসলিম লীগের উপর কোনোরকম ভাটো জাবি করেনি। বডলাট কংগ্রেসের নতুন সভাপতি জবাহরলাল নেহককে ইন্টারিম গভন মেন্ট গঠনের ভার দেন, কিন্তু নিজে সাক্ষীগোপাল হতে নারাজ হন। তিনি ব্রিটিশ পাল মেন্টের কাছেই দায়ী থাকবেন, ভারতের কেন্দ্রীয় আইনসভার কাছে নয়। সে দায় কংগ্রেসের। লীগ থাকলে লীগেরও। মতবিরোধ বাধলে নেহরু সদলবলে পদত্যাগ করতে পারেন। বড়লাট তাঁকে ঢালা অন্মতি দিলেও জিন্নার সভন মেন্ট হবে। দেটাই বড়লাটের অন্নিষ্ট। আপাতত না হলেও পরে হয়তো দেটা সন্তব। তিনি চেষ্টা চালিয়ে যাবেন। তাই ডাইরেক্ট আ্যাক্ষণন শুকু করলেও মুসলিম লীগের সাত খুন মাফ।"

চিটি ঘুটো পড়ে যুথিকা বলে, "আমি তো দেখছি ইংরেজদের আর ভারতশাদনে কচি নেই। গুরা মানে মানে কমভার হস্তান্তর করে দেশে কিরে যেতে পারলে বাঁচে। তবে, ই্যা, ভারতের দক্ষে প্রীতিপূর্ণ সম্পর্ক পাতাতেও চায়। যাতে তাদের বাণিজ্যে হাজ না পড়ে, যাতে তাদের শত্রুরা ভারতে এনে তাদের স্থান না নেয়। তারা এতদিনে হদয়দ্দম করেছে যে কাম্ন বিনে গীত নেই, কংগ্রেদ বিনে কেন্দ্রীয় গভন মেণ্ট নেই। এককভাবে মুদলিম লীগের সে কর্ম নয়। তাই কংগ্রেদের অবর্তমানে মৃদলিম লীগকে গভন মেণ্টের দায়িত্ব দেয়নি। বাধ্য হয়ে কংগ্রেদকেই তারই শর্তে দিতে হয়েছে। তার ভাগ থেকে একটি আসন সে একজন মৃদলমানকে দিতে নারবে, বিশেষত যথন একটা প্রদেশ কংগ্রেদ মৃদলিমরাই শাদন করছেন। কেন্দ্রীয় সরকারে তাঁদের কি কোনো প্রতিনিধি থাকতে মানা । মানা করছেন যিনি জাঁরই তো অনধিকার।"

মানদ স্বীকাব করে। "কিন্ত জিলার ধারণা মৃদলিম ঐক্যের থাতিরে মৃদলিম লীগকেই একমাত্র মৃদলিম প্রতিনিধি বলে মেনে নিতে হবে। কংগ্রেদ মৃদলিমরা কুইদলিংএর অহুরূপ। এই মহান শত্টো চার্চিল হলে মেনে নিতেন, অ্যাটলী মানতে রাজী নন।

নেহককে বর্জণে পেতে হলে নেহকর বন্ধকেও বন্ধরণে পেতে হবে। মওলান আজাদও নেহরুর মতো যুদ্ধে নহযোগিতা করতে রাজী ছিলেন. যদি গান্ধী বিমুখ না হতেন। আর ইউনিয়নিটরা তো অকুণণ দহযোগিতা **ধরেছিলেন, তাঁদের কেমন** করে কুইদলিং বলে গণ্য করা যায় ? বড়লাট তাঁদের একজনকে একটা আদন দিতে উত্তত হয়েছিলেন, জিলার আপত্তি থাকায় তিনি পেছিয়ে যান। নইলে এক ৰছর আগেই ইণ্টারিম গভন মেণ্ট গঠন করা দত্তব হতো। ইংরেজদের দিক থেকে অনিচ্ছা ছিল না, কংগ্রেদের দিক থেকে অনিচ্ছা ছিল না, ইউনিয়নিস্ট মুসলিমদের দিক থেকে অনিচ্ছা ছিল না। একমাত্র মুদলিম লীগের দিক থেকেই ছিল অলিখিত এক ভীটো। লেবার গভন মেণ্ট অন্বীকার করেছেন। এইটেই ডাইরেকট অ্যাকশন প্রস্তাবের অন্তর্নিহিত কারণ। জিল্লার বোধ হয় ধারণা ছিল যে এবারেও তিনি বড়লাটকে নিবৃত্ত করতে পারবেন। কিন্তু ঘটনার গতি বড়লাটকেও ভাসিয়ে নিয়ে যেতে পারে। কেন্দ্রীয় সরকারের রদলবদল জরুরি। ইউরোপীয় অফিসাররা ছ'সাত বছর হলো দেশে কেরার অহুমতি পাননি। পাবেন পয়লা জাহুয়ারি থেকে। স্থীদের পাঠাতে আরম্ভ করেছেন, তাই কাহাজে এত ভিড়। ক্ষমতা হস্তাম্ভরের ভাষাছড়ে। ইউরোপীয়দের মধ্যেই বেশী। জিল্লা সাহেব ডাইরেকুট আকশনের ভ্মকি দিচ্ছেন, কিন্তু গান্ধীজী ভ্মকি না দিলেও সকলে জানে যে তিনি আৰার গণ সভ্যাগ্রহের াক দিতে পারেন। সেটা আরো মোক্ষম।''

যৃথিকা তা ভনে তর্ক করে। কিছ ইংরেজ যদি স্বেচ্ছায় ভারত ছাড়ে ত্বে আবার গণ সত্যাগ্রহের কী প্রয়োজন ? সন্দে সন্দে যদি গৃহযুদ্ধ বেধে যায় গণ সত্যাগ্রহ কোন কাজে লাগবে ? দেখতে দেখতে সেটা গণ হত্যাগ্রহে পরিণত হবে। তথন তাকে থামানোই দায়। তাতে মুসলিম লীগেরই স্থবিধে। হিন্দুদের হাতে সংখ্যালয় মুসলমানরা যদি মরে মুসলিম জ্পুয়ানরাও যুদ্ধে নামবে। শহরকে শহর লুট করবে, পুঞ্জিয়ে দেবে। সংখ্যালঘু হিন্দুরা প্রাণ নিয়ে পালাবে। তথন সেই সব ছেড়ে আসা জায়গা নিয়ে পাকিন্তান হবে। অহিংসা দিয়ে তা রোধ করতে পারা যাবে না। সারা দেশে একশো জন সভ্যিকার অহিংসাবাদী আছেন কি-মা সন্দেহ। সৌম্যদা পর্যন্ত ভাইনামাইট দিয়ে পুল উড়িয়েছেন। মাহ্য মরেনি, এই তাঁর সাফাই। যারা রেল স্টেশন পুড়িয়েছে তারাও তো সেই সাফাই দেবে। না, এক মুঠো সত্যিকার স্ত্যাগ্রহীকে নিয়ে গণ সভ্যাগ্রহ হয় না। ইপ্রিয়ান আমিকে ইংরেজদের হাত

থেকে নিজেদের হাতে নিতে হবে। ক্ষমতার হন্তান্তর বলতে এই বোঝায়।
মৃসলিম রেজিমেণ্টগুলো কংগ্রেদের হাতে পড়তে রাজী হবে না, তারা লীগকেই পছন্দ করবে। শিথ রেজিমেণ্টগুলোর বোধহয় শিথিস্থানের উপর ঝোঁক।
সময় এসেছে রিয়ালিন্ট হবার। ইংরেজের লঙ্গে আপদ করতেই হবে। কিন্তু
মানে মানে আপদ। আটিলী কংগ্রেদের মৃথ রেথেছেন, লীগের মৃথ রাথেননি।
তাই লীগ ক্ষেপেছে। কিন্তু ইল-কঙ্গ এক হলে রণে ভঙ্গ দেবে। কী ভাগ্য
লেবার ক্ষমতায় এসেছে। হুর্থের আলো থাকতে ঘর ছেয়ে নাও। চার্চিল
ফিরে এলে পশতাবে। পাঁচ বছর পরে লেবার থাকবে কি-না কে বলতে
পারে। আরো আগেই যাবে, যদি আবার যুদ্ধ বেধে যায়। বালিন নিয়ে
বাধতে পারে।

একেই বলে কাস্তাদমিত। মানস হাসে, "এই প্রথম শুনছি যে তুমি আপদের পক্ষপাতী। কিন্তু ইংরেজের সঙ্গে আপস তো মুসলিম লীগের সঙ্গেও আপস। লীগ মুখে যাই বলুক তার পিন্তল একজন ইংরেজেরও গায়ে লাগবে না। লাগলে লাগবে শত শত হিন্দুর গায়ে। ইঁয়া, জিলা বলছেন তাঁর হাতেও একটা পিন্তল আছে। তিনি আর কনষ্টিউশনাল উপায়ে আন্দোলন করবেন না। গৃহবুছ বাধাবেন। গৃহবুছ থামাবার জন্মে তাঁকে আপসে কতক জায়গাছেড়ে দিতেই হবে। আর নয়তো লিঙ্কনের মতো এস্পার কি ওস্পার না হওয়া পর্যান্ত হবে। বা দায়িত কংগ্রেস নেবে না। সে সত্যাগ্রহই শিথেছে, হত্যাগ্রহ শেখেনি। চরিত্রও হারাবে, যুদ্ধেও হারতে পারে। ওদেশ ছিল বাধীন দেশ, এদেশ তা নয় প্"

দিনকয়েক পর থাদি কর্মী ৰক্ষিম কর দেখা করতে আসেন। বলেন, "পৌম্যদার বার্তাবহ হয়ে এদেছি। গৃহপ্রবেশ উপলক্ষে ওদের ওখানে নিমন্ত্রণ ছিল। ও দফায় দফায় নিমন্ত্রণ করছে ওর প্রনো শক্মীদের। উদ্দেশ্য বৌদির সঙ্গে আলাপ পরিচয় করিয়ে দেওয়া। উনি ভো গান্ধীমার্গে নবীন আগন্তক। আমরা কারা, কী আমাদের লাধনা, কেন সত্যাগ্রহ, গঠনকর্মের সঙ্গে তার কী সম্পর্ক ইত্যাদি নিয়ে বৌদিকে খ্ব কম সময়ের মধ্যে তৈরি করে নিতে হচ্ছে। তাঁকে বোঝাতে হচ্ছে বীরম্বের আরো একরকম অর্থ আছে। অক্যায়ের যে প্রতিরোধ করে, অথচ করতে গিয়ে নিজে অত্যায় করে না, সেও একজন বীর পুরুষ বা বীরালনা। গত পচিশ বছরে আমি বছ দৃষ্টান্ত দেখেছি। এক এক করে বিবরণ দিই। কৌদি আগ্রহের সঙ্গে শোনেন। তার পর

সৌমাদার সক্ষেত্ত ভাত্তিক আলোচনা চলে। আমরাও একজাতের ভায়ালেকটিকদে বিশাস করি। ভায়ালেকটিকাল ননভায়োলেক। এইসব নিয়ে দিন সাতেক কেটে যায়। বাং! চিঠিথানাই দিতে ভূলে গেছি। এই নিন।''

মানস ১ঠিখান। খুলে পড়ে। সৌম্যদা লিখেতে, "আমাদের খবর বঙ্কিমের মুখে ভনবে। আমর। নতুন বাদার এদে নতুন করে জীবন আরম্ভ করেছি। কিন্তু সামনে আসছে এক প্রানাম্ভকর পরীক্ষা। এত বড়ো চ্যালেঞ্জ আমাদের জীবনে আর আদেনি। জিলা **সাহে**বের ডাইরেক্ট অ্যাকশনের কবা বলছি। উনি নাকি নিজেই বলেছেন যে ७ট। কেবল ইংরেজের বিরুদ্ধে নয়, কংগ্রেদেরও ৰিক্ষ। এ তো বড়োমগার ক্যা। কংগ্রেল কি জিলা সাহেবকে আশা দিয়ে আশাভদ করেছে ? কংগ্রেদ তো চায়নি যে বড়লাটের শাসন পরিয়দে মুদলিম লীগের দদ্দ্য দংখ্যা কমুক। তাদের সংখ্যা কমেওনি। নিজের সদস্যদের এক জন হিন্দু না হয়ে মুশলিম হোন এটাই ভার অহুরোধ। বড়লাট ভার অমুরোধ রক্ষা করেননি বলে কংগ্রেস ওঁর আমন্ত্রণ প্রভ্যাখ্যান করেছিল। কংগ্রেদ কী করে জানবে যে ব : লাট মুদলিম লীগকে গভন মেণ্ট গঠনের ভার না দিয়ে কেলারটেকার গভনমেণ্ট গঠন করণেন ? এটাই বা কী করে সে জানবে যে তার একজন মুসলিম কর্মীকে নিজেব ভাগের একটি আসন দেবার অধিকার ভার আছে এটা বড়লাট তাঁর প্রবর্তী প্রস্তাবে মেনে নেবেন ? এর ফলে বডলাটের শাসন পারিলে মুসলমান সংখ্যাই তো একটি বেড়ে গেল। হিন্দু সংখ্যা তো একটি কমে গেল। হিন্দু মুধলমানের সংখ্যা সমান সমান হলো। অক্টারটা হলো কোথায় ও কার প্রতি । মুদলমানরা সম্প্রদায়ই হোক আর নেশনই হোক ভাদের প্রতি বড়লাট বা কংগ্রেস কেউ কোনো অলাগ্র করেননি। কি**ন্ত মুদলিম** লীগ যদি বিমুখী ডাইরেক্ট আকশন চালায় তবে ইংরেজ ও হিন্দু উভয়েরই বিপদ। যদি না অহিংসা পালিত হয়। এঁরা যদি একই মুদ্রায় শোধ দেন তবে তুই পক্ষেই অত্যায় হবে। আমরা পড়ব মুশকিলে। স্ত্যাগ্রহ্ বলতে এত দিন আমরা বুবোছি একপক্ষে অন্তায় ও অপর পক্ষে ন্যায়। আমর। ন্যায়ের পক্ষ নিয়েছি। এবার দম্ভবত হবে তুই পক্ষেই অন্তায়। তুই পক্ষেই বছ নিরীহ মাত্র্য হতাহত হবে। আমরা তবে কোন পক্ষে দাড়াব ? কোনো পক্ষেই না। আমাদের কতব্য হবে মাঝথানে দাভিয়ে উভয়কে থামানোও থামাতে গিয়ে উভয়ের হাজে মার খাওয়া। হয়তো মার থেয়ে মরা। বলা বাছল্য আমরা আর ক'জন । এইটুকুতে কি গৃহযুদ্ধ থামবে । বেখানে ইংরেজরাও স্বীকার করছে যে কংগ্রেসের অধিকার আছে সেখানে স্থায় তো কংগ্রেসেরই পক্ষে। কিন্তু হিংসার ছুই বুত্তে জড়িয়ে পড়লে অস্থায় ছুই পক্ষেই হবে। হিংসার উত্তর অহিংসভাবেই দিতে হবে। সহিংসভাবে নয়। এ এক প্রাণাস্তকর পরীক্ষা। আমরা এ পরীক্ষায় সফল না হলে গান্ধীজীর শিক্ষা ব্যর্থ হবে। তিনি কি আর বাঁচতে চাইবেন ?''

চিঠিখানা যথিকার দিকে বাড়িয়ে দিয়ে মানস বঙ্কিমবাব্র সঙ্গে আলাপ করে। জিজ্ঞাসা করে জুলিকে তিনি কেমন দেখলেন।

শ্বি চাকর রাথেননি। নিজেই যাবতীয় গৃহকর্ম করেন। ঘর ঝাঁটি দেওয়া, মেজে নিকোনো, বাদন মাজা, কাপড় কাচা, তরকারি কোটা, রামাবামা করা দমন্তই তাঁর একার কাজ। আশ্রমের কর্মশালায় গিয়ে স্বতো কাটেন, কাপড় বোনেন, লঙ্গরখানায় গিয়ে পরিবেশন করেন, কারো অস্থ্য করলে সেবা করেন। আশ্রমে একটা লঙ্গরখানা আছে। নিথরচায় কর্মীরা স্বাই ছপুরবেলা থেতে পায়। ডাল, ভাত, একটা ছকা, ডার সঙ্গে চাটনি ও সালাও। পুরুষেরা স্বাই এক পঙ্কিতে। কী হিন্দু, কী মুসলমান। কী বাহ্মণ, কী হরিজন। তেমনি মেয়েদের স্বাই এক সারিতে। একটু ভফাতে। পরিবেশনটা মেয়েরাই করে। রামাটা পুরুষেরা। স্বাই স্বেছাসেবক ও সেবিকা। কামার আছে, কুমোর আছে, তাঁতী আছে, কাটুনী আছে, তেলী আছে। আর আছে ছুতোর মিস্ত্রি। ভবে সৌমাদার সহকর্মীরা অনেকে সরে পড়েছেন। তাঁদের কেউ বা এখন কমিউনিন্ট, কেউ বা নেতাজী ভক্ত, কেউ বা সাবারকর শিয়। কয়েকজন এখনো টিকে আছেন শত প্রলোভন ও নির্যাতন সত্বেও। আশ্রমের কাজকর্ম সন্থুচিত হয়ে:। কয়েকটা বিভাগ উঠে গেছে।" বল্পমবাৰু ছংখ করেন।

যুথিকা জানতে চায়, ''জুলি কি রাজনীতি ছেড়ে দিয়েছে ?''

"না, ছেড়ে দেননি। কিছ ওঁর স্বামীর দক্ষে পা মিলিয়ে নিচ্ছেন। হিংসা আর অহিংসা এদের মধ্যে মাত্র একটি অক্ষরের ব্যবধান। তবু তা গভীর ও ত্তর। উনি আন্তরেকভাবে চেষ্টা করছেন স্বামীর রাজনীতিকে নিজের রাজনীতি করতে। তবে ওঁর নিজেরও তো একটা সাধনা আছে। উনি চান একই পুরুষের বৌ হতে, বোন হতে, মা হতে, বাদ্ধবী হতে, প্রেমিকা হতে, সিদিনী হতে। অথচ বিপ্লবের ভূত ওঁর ঘাড় থেকে নামছে না। উনি চান

ওঁর বন্ধু বাবলীর সক্ষে পালা দিয়ে জনগণের সক্ষে একাত্ম হতে, চাধানীর সক্ষে চাধানী, মজুরনীর সক্ষে মজুরনী। অমনি করে শ্রেণীচ্যুত হয়ে বিপ্লব ঘটাতে। ওঁর মাথায় কি একটু ছিট আছে ?'' বিজিমবাৰু হাসতে হাসতে বলেন।

"শুধু ওর মাধায় কেন ? ওর পতিদেবতার মাধায় ও।" যুথিকা থিল থিল করে হাসে। "উনি ভেবেছেন শহীদিয়ানা দিয়ে উনি হিন্দু মুসলিম সমস্তার সমাধান করবেন। এদেশে চলিশ কোটি ভারতীয়, আর ইংরেজ মাত্র চ্য়ালিশ হাজার। চল্লিশ কোটি ইচ্ছা করলে চুয়াল্লিশ হাজারকে ফুঁ দিয়ে উড়িয়ে দিতে পারে। ইঙ্গ-ভারতীয় সমস্যা তো একটা সমস্যাই নয়। অপর পক্ষে হিন্দু মুদলিম সমদ্যা একটা অমীমাংস্থ সমদ্যা। আমরা ওদের তাড়িয়ে দিতেও পারিনে, আপনার করতেও পারিনে, রাজা করতেও পারিনে, প্রজা করতেও পারিনে। ওরাও আমাদের তাড়াতেও পারে না, কনভাট করতেও পারে না, রাজা করতেও পারে না, প্রজা করতেও পারে না। সেই যে আরব আর তার উট তারই মতো ব্যাপার। আরব ছিল তার তাঁবুতে। কাঁপতে কাঁপতে উট এসে আশ্রন্ন চায়! প্রথমে ঢোকায় মৃথ, তার পরে গলা, তার পরে সামনের হুটো পা, ভার পরে ধড়, ভার পরে পেছনের হুটো পা। আরব হি-ছি করে কাঁপতে কাঁপতে তাঁবু ছেড়ে আর কোথাও আশ্রয় খুঁজে বেড়ায়। তেমনি, এদেরও কি দাবীর অস্ত আছে? এক এক করে কত কানা পেয়েছে, এবার চায় পাকিন্তান। সেইথানেই কি ইতি ? না, পরে একদিন বলবে, 'হিনুস্থান হামারা। ভাগো হিয়াদে। ইংরেজদের মতো আমরাও তাড়া থেয়ে পালাৰ। কিন্তু কোথায় ? দেওয়ালে পিঠ রেথে লড়তেই হবে একদিন না একদিন। সেদিন ক'জন অহিংস থাকতে পারবে, শহীদ হতে পারৰে ?"

বিক্লমৰাবু নিৰুত্তর। চা শেষ করে বিদায় নেন।

জিয়ার দক্ষে জবাহরলালের সাক্ষাৎ নিক্ষল হয়। এখন যোলই আগদ্টের প্রতীক্ষা। তার ত্'দিন আগে দেবাদিদেব গুহ এদে গন্তীর মূখে কিছুক্ষণ বদেন। মূখ ফুটে একটি কথাও বলেন না। শুধু একখানা খবরের কাগন্ধ পড়তে দেন। তেরোই তারিখের 'দ্টার অভ্ ইণ্ডিয়া'। খাজা নাজিমউদ্দীনের দৈনিকপত্র। ভাতে ছিল 'ডাইরেক্ট অ্যাকশন ডে' কেমন ভাবে পালন করতে হবে তার নির্দেশ। শেষের দিকে কলকাতা কেলা মুসলিম লীগ সেকেটারির আবেদন: "I appeal to the Musalmans of Calcutta, Howrah, Hooghly, Matiaburz and 24-Parganas to rise to the occasion and make the rally a unique success. We are in midst of the rainy season and the month of Ramazan fasting. But this is a month of real Jehad of God's grace and blessings, spiritual armament, and the moral and physical purge of the nation. It is a supreme occasion of our trial. Let Muslims brave the rains and all difficuties and make the Direct Action Day meeting a historic mass mobilisation of the Millat.

Muslims must remember that it was in Ramazan that the Quran was revealed. It was in the Ramazan that the Battle of Badr, the first open conflict between Islam and Heathenism was fought and won by 313 Muslims and again it was in Ramazan that 10,000 under the Holy Prophet conquered Mecca and established the kingdom of Heaven and the commonwealth of Islam in Arabia. The Muslim League is fortunate that it is starting the action in this holy month."

মানসও গঞ্জীর মুখে কাগজখানা যুথিকার হাতে বাড়িয়ে দেয়। একটি কথাও বলেনা। যুথিকার মুখও গঞ্জীর। চারদিক নিঃশব্দ।

''তবে আসি।" গুহ গুঠেন। কাগজধানা ভাঁজ করে পকেটে ভরেন। অনেক সাধাসাধির পর এক পেয়ালা কফি থেয়ে যান।

মানস বলে যুথিকাকে, ''এর শুরু কোথায় ও কে তা তো জানা গেল। সারা কোথায় ও কৰে তা একমাত্র আলাহ্ই জানেন। জিলাহ্ও জানেন না। লক্ষ লক্ষ মাত্র্য মরবে, কিন্তু মীমাংসা এর ফলে হবে না। মীমাংসার পথ এ নয়।''

"মীমাংসা কি ওরা শত্যি দত্যি চায় যে মীমাংশা হবে ? ওরা চায় বল-পরীক্ষা। বেশ ভাই হোক। হিন্দুরা এ চ্যালেঞ্জ গ্রহণ করবে।" যুথিকা বলে দৃপ্ত কঠে।

## ॥ বাইশ ॥

মাদ মোবিলাইজেশন ? বদরের লড়াই ? মক্কার যুদ্ধ ? এ কি দেই ধরনের বৃদ্ধের উত্যোগপর্ব ? কার দক্ষে কার যুদ্ধ ? হীদেনের দক্ষে মুদলিমের ! হীদেন কার ? ইংরেজরা নয় নিশ্চয় । এমনিতেই তারা মুষ্টিমেয় । তাদের বিরুদ্ধে মাদ মোবিলাইজেশন যেন মশা মারতে কামান দাগা। তা ছাড়া তাদের হাতে যেদব মারাত্মক অন্ত্র আছে তা দিয়ে একশোটা জালিয়ানওয়ালা বাগ হত্যকাও ঘটানো যায় । মিঞা সাহেবরা পলাশীর পুনরাবৃত্তি চাইবেন না । তা হলে এটা হিন্দুদেরই উপর আক্রমণের তোড়জোড় । '

তাই যদি হয়ে থাকে বাংলার গভনরে কী মনে করে ঘোলই আগস্ট পাবলিক হলিভে ঘোষণা করলেন ? এটা হিন্দু, মুসলমান, গ্রীস্টানদের কারো পরব নয়। রাজার জন্মদিন বা ব্যাক্ষের হিসাবের দিনও নয়। মুসলিম লীগের ডাইরেক্ট অ্যাকশনের এমন কী গুরুত্ব ? ওরা হরতাল করতে চায় তো করুক। আর-কেউ হরভাল করবে কেন? কিন্তু পাবলিক হলিডে হলে শরকারী আপিস আদালতও বন্ধ থাকবে, সেটাও প্রকারান্তরে সর্বজনীন হরতাল। মানদের মতো অফিসারদেরও। দেদিনকার জ্ঞে যেদ্র মামলার ভনানি নির্দিষ্ট রয়েছে দেসব মূলতুবি রাথতে হবে। আরো একটা দিন খুঁজে ৰার করতে হবে। দায়রার মামলা দিনের পর দিন লাগাতর ভাবে চলে। শুক্র-বারের বকেয়া মামলা শনিবার শুনতে হবে, শনিবারের বকেয়া মামলা সোমবার ভনতে হবে। সোমবার থেকে তো অন্য এক মামলা। একটা শেষ না হলে তো আরেকটা শুরু হতে পারে না। একটা দিন হঠাৎ বন্ধ হলে কত লোকের ममग्र नहे, व्यर्थ नहे! माकी, वामामी, कृति। वामामी यिन निर्दाय हरा থাকে তবে কেনই বা বেচারা জেলে আরেকদিন আটক থাকবে ? জ্ররদের কি নিকেদের কাজকর্ম নেই ? আর দাক্ষীরা কোথায় রাত কাটাবে ? এ ছাড়া উকীলদেরও অস্থবিধে আছে।

গছর্ন রকে যথেষ্ট ক্ষমতা দেওয়া হয়েছে। তিনি মন্ত্রীদের প্রত্যেকটি পরামর্শ গ্রহণ করতে বাধ্য নন। তিনি পাবলিক ইণ্টারেস্ট দেখবেন। পাবলিক বলতে শুধু মৃদলিম পাবলিক বোঝায় না। এটা লীগ মন্ত্রীমণ্ডল। এঁদের ম্যাণ্ডেট পাকিন্তান হাদিল করা। আর পাকিন্তান মৃদলিম লীগ ভিন্ন আর কারো আর্থে নয়। অন্তত আর কেউ দেই দাবী নিয়ে নির্বাচনে নামে নি। গভন র হয়তো ইউরোপীয়দের নিরাপত্তার থাতিরে তাঁদেরই পরামর্শে পাবলিক হলিতে ঘোষণা করেছেন। এতে তাঁদের মৃথরক্ষা হয়। নয়তো আপিদে গেলে তাঁরাও মার থেতেন, দোকান খোলা রাখলে তাঁদেরও দোকান ল্ট হতো। ছিন্দু নেতারা মির্জাপুর পার্কে গভা করে জানিয়ে রেখেছেন যে হিন্দুরা নিজেদের ক্ষতি করে দোকানপাট বন্ধ রাখতে বাধ্য নয়। হরতাল যারা করতে চায় তারা করুক, কিন্তু বারা নারাজ তাদের উপর মেন জোর জুলুম না হয়। হলে নেতারা বাধা দেবেন। আইন তাঁদেরই পক্ষে। পাবলিক হলিভেতে প্রাইভেট দোকানপাট থোলা থাকা তো বেআইনী নয়। অন্যান্ত পাবলিক হলিভেতে প্রাইভেট দোকানপাট রেওয়াজ। সরকারী অফিদারদের উপরে নর। তারা কি তাজা যাচ কিনে থেতে পারেন, বেদরকারী দাধারণের উপরে নয়। তারা কি

মানদের গুন আদে না। দে অনেক রাত অবধি তার কুঠির দোতালার লম্বা বারান্দায় নিংশবেদ পায়চারি করে। মুদলিম লীগ তা হলে এমনি করে ওয়ার অভ্ নাক সেদন শুরু করে দিছে। পাল মিন্টারি ইলেকশন যথেষ্ট হলো না। কনস্টিটিউশনাল মীন্দ যথেষ্ট হলো না। জিল্লা দাহেব বলেছেন তাঁরও একটা পিশুল আছে। এবার তিনি পিশুল হাতে নিচ্ছেন। যোলই আগস্ট তাঁর দেনাবাহিনীর কুচকাওয়াজের দিন। বলা যেতে পারে দেটা তাদের D-Day. যেমন বিতীয় মহাযুদ্ধের সময় ইন্দ মার্কিন ফরাদী বাহিনীর নর্যাণ্ডির উপকূলে অবতরণের জন্যে নির্দিষ্ট দিবদ।

দেশের অবস্থা এখন অগ্নিগর্ভ। একটি দেশলাইয়ের কাঠিও একটা দাবানল স্পষ্ট করতে পারে। জিলা এ করছেন কী ! গোটা দেশটাই যদি পুড়ে ছাই হয়ে যায় তাঁর সাধের পাকিস্তান কি আন্ত থাকবে ? তিনি কি জানেন না যে শিখ বলেও একটি সম্প্রদায় আছে, তারও ধারণা সেও একটি নেশন, তারও একটা হোমল্যাও চাই। প্রত্যেক সম্প্রদায় যদি স্বতন্ত হোমল্যাও চায় তো দেশে ত্'ভাগ কেন বহু ভাগ হবে। আর নেশন কি কেবল ধর্ম অনুসারে হয়, ভাষা অনুসারে হয় না ? মলবাদ অনুসারে হয় না ? ইউরোপের ইতিহাল কী বলে ? ভারত যদি একবার ভাওতে আরম্ভ করে তো পাকিস্তানও

পরে একদিন ভাওতে পারে। তার আগে বাংলাদেশ যে অবিভক্ত থাকবে তা
নয়। পাঞ্জাবও না। এসব ৰদি হবার থাকে তো কনষ্টিটুয়েণ্ট আ্যাসেম্বলীতে
বলেই হোক। কেন ইংরেজদের সহায়তায় হতে চাওয়া ? তাদের রোয়েদাদ
যদি সবাই মেনে না নেয় ? তবে কি গৃহযুদ্ধের ভিতর দিয়েই যেতে হবে ? বেশ,
তাই সই। কিন্তু যোলই আগস্ট থেকেই তা শুরু হবে কেন ? তবে কি এটা
ইণ্টারিম গভন মেণ্ট ঠেকিয়ে রাখার জন্মে হচ্ছে ? অমন করে কি ব্রিটিশ
গভন মেউকে নিবৃত্ত করা যায় ? কিংবা কংগ্রেস হাই কমাগুকে ? ওয়েতেল
বার বার ওয়েতার করছেন, কিন্তু তিনিও উপলব্ধি করেছেন যে কেয়ারটেকার
গভন মেণ্ট দিয়ে আর চলছে না। বড়ো রক্ম রদবদল চাই। মেজরিটিকেই
তার উদ্যোগ নিতে হবে। মেজরিটি মাইনরিটিকে ডেকে আনবে। যেমন
অন্তর হয়ে থাকে।

কংগ্ৰেস ও লীগের বিৰাদটাই হিন্দু মুদলিম বিবাদে পরিণত হতে যাচ্ছে ! কিন্ত বিবাদটা আদলে কংগ্রেস-মুসলিমের দকে লীগ-মুসলিমের বিবাদ। হতে পারে কংগ্রেদ-মুদলিমরা দংখ্যায় কম, লীগ-মুদলিমরাই সংখ্যায় বেশী। তঃ ৰলে কি তাদের পক্ষে একবিন্দুও সত্য নেই ? এমন কথা কি বলতে পারা যায় যে উত্তর-পশ্চিম শীমান্ত প্রদেশের পাঠানদের ১৯৩০ সালের সত্যাগ্রহ মিথ্যা, ১৯৪১ দালের সভ্যাগ্রন্থ মিথ্যা 📍 ওরা গত নির্বাচনেও ভোটে জিতে মন্ত্রীমণ্ডল গঠন করেছে। তার মানে ওরা ভারতেই থাকতে চায়, পাকিস্তানে থাকতে চায় না। কংগ্রেদ তার মনোনীত একজন মুদলমানকে নিজের ভাগের একটি আসন দিতে বন্ধপরিকর। বড়লাট যদি কংগ্রেদের সঙ্গে মিটমাট আকাজ্ঞা করেন তো তাঁকে এ সত্য স্বীকার করতেই হবে। এ ছাডা তিনি আর কী করতে পারতেন ? কংগ্রেদ লীগের বিবাদের মূলে রয়েছে আরো এক কারণ। সেটা আরো ফাণ্ডামেণ্টাল। লীগ কংগ্রেসের সঙ্গে সমান আসন, সমানসংখ্যক পোর্টফোলিও, সমান গুরুত্বপূর্ণ পোর্টফোলিও, সমান মর্যাদা দাবী করে। যেন শে আইন সভায় মাইনরিটি নয়, সারা ভারতেও মাইনরিটি নয়। বড়লাট ওয়েভার করতে করতে শেষকালে এ দাবীটাও মেনে নিতে নারাজ হয়েছেন। নয়তো কংগ্রেদের দক্ষে মিটমাটের আশা ছাডতে হতো। লীগের শেষ তৃরুপের তাদ পাকিন্তান, বিকল্লে গ্রুপিং। বাংলাদেশের দঙ্গে আসামও গোষ্ঠীভুক্ত হবে। পাঞ্চাবের দক্ষে উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশও গোষ্ঠাভুক্ত হৰে। কে না জানে যে অসমীয়াতে বাঙালীতে আদায় কাঁচকলায় ? তেমনি,

পাঠানে ও পাঞ্জাৰীতে ভাষা নিয়ে, রেস নিয়ে রেষারেষি। প্রাদেশিক সরকার বন্ধনীভূক্ত হতে অনিচ্ছুক, তবু অনিচ্ছুকের উপর গ্রুপিং চাপিয়ে দিতে হবে। এই প্রশ্নে বড়লাট পুরোপুরি কংগ্রেসকে সমর্থন করতে পারছেন না, বিবাদটা ফেডারল কোর্টের ব্যাখ্যার জন্যে ঝুলে থাকছে। জিল্লা সাহেবের আশক্ষা—বড়লাটেরও আশক্ষা—ক্যাবিনেট মিশনের প্রস্তাবের ভাষায় গলদ আছে। কংগ্রেস তার হ্যোগ পাবে। কিন্তু কোর্টের বিচারের উপর কথা বলা চলে না। বড়লাট অপেক্ষা করবেন না, গভর্ন মেণ্ট ঢেলে সাজবেন। জিল্লা অপেক্ষা করবেন না, কংগ্রেস গদীতে বসার আগেই তিনি যুদ্দে নামবেন। যুদ্ধটা ব্রিটিশ রাজ্বের বিক্লন্ধেও বটে, কংগ্রেস মন্ত্রিত্বের বিক্লন্ধেও বটে। শ্বেতাক্ষদের গায়ে হাত দিতে সাহসে ক্লোবে না, হিন্দুদের মাথায়ই বাড়ি পড়বে, হিন্দুদের পিঠেই ছোরা বসবে।

মনটা খারাপ হয়ে যায়, উদ্বেগে ভরে যায়। এই কি ভারতের স্বাধীনতার মাশুল ? এই সাম্প্রদায়িক সংঘর্ষ ? জাতীয়তাবাদের কতটুকু এই অগ্রিপরীক্ষায় অক্ত থাকবে ? এটা কি কোনো মতেই এড়ানো যায় না ? থাকুক না ইংবেজরা আবো কয়েক বছর। কিন্তু তাতে কি সমাধান স্থাম হবে ? না লাম্প্রারিকতা আবো জোরদার হবে ? সময় কার পক্ষে ? কংগ্রেস-মুদলিমদের পক্ষে না লীগ-মুসলিমদের পক্ষে ? গত দশ বছর ধরে দেখা যাচ্ছে কংগ্রেস-মুদ্লিমদের জোর কমছে, লীগ-মুদ্লিমদের জোর বাড়ছে। কংগ্রেদে গুদ্লিম সদস্যসংখ্যা বাড়ছে না, কমছে। দশ বছর পরে কংগ্রেস সন্ত্যি সন্তিয় মুদলিম্বজিত দল হবে। प्र'জন কি তিনজনই ততদিন কংগ্রেদে থাকবেন। যদি ততদিন বাঁচেন। এটা এক নিদারুণ সভা যে ভারতীয় জাতীয়তাবাদ মুসলমানদের কাছে ততথানি আকর্ষণীয় না যতথানি পাকিল্ঞানী জাতীয়তাবাদ। সাম্প্রদায়িকতাবাদকেই ওরা জাভ এতাবাদ বলে ভ্রম করছে। এ ভ্রমটাতে মেজরিটি বনবার প্রত্যাশা। আজকাল দব রাষ্ট্রেই মেজরিটিই তো ক্ষমতাদীন। ডিকটেটবশাদিত রাষ্ট্র পর্যস্ত মেজরিটির মূথ চেয়ে কাজ করে। আমাদের মুশকিল এইথানে যে লোকে রাজনীতিক্ষেত্রেও ধর্মকে টেনে আনতে অভ্যন্ত। মুসলমান বলে বা শিথ বলে পরিচয় না দিলে নির্বাচনে নামতে দেওয়া হর না, নির্বাচনেকেন্দ্রেই ভেদবৃদ্ধি। চাকরির ক্ষেত্রেও তাই। সেকুলার স্টেট আমাদের কল্পনাতীত। সে রকম একটা রাষ্ট্রের কনষ্টিটিউশন রচনা করতে দিচ্ছে কে ? ধর্ষি সংখ্যালঘুরা একধার থেকে বাধা দেবে। িয়া এখন থেকেই কনষ্টিটুয়েণ্ট আাদেশলী বয়কট করছেন। কেবল ইণ্টারিম গভর্ন মেণ্ট নয়। দশ বছর সময় দিলে কি তাঁর সেকুলার স্টেটে কুচি হবে ? হবে না, কারণ ধর্মের উপরেই দাঁড়িয়ে আছে মুসলিম লীগের অন্তিত্ব। তাঁর দলের পক্ষে সেটা একটা জীবন মরণ প্রশ্ন, গান্ধী নেহরু আজাদের দলের পক্ষে নয়। মুসলিম লীগ যেমরণ কামড় দেবে এটাই গ্রুব। কালহরণ এক্ষেত্রে নিজ্ল।

किन्ना नारहरवत निर्दर्भ मुननिम नीन रा चाछन कानार यास्क म व्याखन त्नवात्नात मामर्था वा देव्हा देश्तबहातत त्नदे। छाता प्रम नो जि অবলম্বন না করে ভোষণ নাতিই অবলম্বন করবেন। তা হলে দমন নীতি অ্বলম্বন করবে কে ? আটটি প্রদেশের কংগ্রেদ গভর্মেণ্ট। পাঞ্জাবের ইউনিয়নিস্ট গভর্নমেন্ট। মুসলিম জনতা যদি বেপরোয়া হয়ে খুন জ্থম ঘর জালানে৷ ইত্যাদি অপরাধ করে তবে তাকে শায়েন্তা করা খুব সহজ ব্যাপার হবে না। অপোজিশনে থাকলে মুদলিম লীগ এতে উন্ধানি দেবেই। তার হারাবার কী আছে ? সে যদি জানত যে দেও একদিন গভর্মেট গঠন করবে বা কোয়ালিশনের পার্টনার হবে তা হলে দে সংযত হতো ও সংযম শেখাত। কংগ্রেস থাকতে তার কি দে রকম কোনো আশা ভরসা আছে ? কংগ্রেসও এটা বোঝে। সেও এটা এড়াবার জন্তে পদত্যাগ করে অপোজিশনে যেতে তৈরি। কিন্তু ইংরেজ থাকলে তো । কংগ্রেসের উৎপত্তি ইংরেজের অপোজিশন হিদাবে। সে চরিত্রভাষ্ট হয়ে মুদলিম লীগের অপোজিশন হলে লক্ষ্যভ্রষ্ট হবে। লক্ষ্য তার ভারতবর্ষের স্বরাজ। আর মুসলিম লীগের লক্ষ্য হয় কংগ্রেদের সঙ্গে কোয়ালিশন, নয় যেখানে সম্ভব দেখানে স্বতন্ত্র গভন মেণ্ট গঠন। এক এক করে পাঁচটি কি ছ'টি প্রদেশে। পরে হ'টি স্বতন্ত্র গ্রুপে। অবশেষে একটি স্বতন্ত্র রাষ্ট্রে। এক কথায়, মুদলিম লীগের লক্ষ্য হয় পার্টনারশিপ, নয় পার্টিশন। পার্টনারশিপ ইংরেজ থাকতে হয়নি, ইংরেজ গেলেও যে হবে তেমন অঙ্গীকার নেই, যেমন দেখা যাচ্ছে সে চিরকাল অপোদ্ধিশনেই থাকবে, কেন্দ্রে তো বটেই, অধিকাংশ প্রদেশে। তা হলে পার্টিশনই একমাত্র গতি। আর দেটা ইংরেজ থাকতেই সমাধা হোক।

এর প্রতিকার কি পান্টা পার্টিশন? বাংলা ভাগ? পাঞ্চাব ভাগ? আসাম ভাগ? মানস তা মনে করে না। বঙ্গভঙ্গের বিরুদ্ধে আন্দোলনে নেমে যারা প্রাণ দিয়েছে, ধন দিয়েছে, জীবিকা দিয়েছে, জেলে গেছে, আন্দামানে গেছে তাদের প্রতি বিশাস্ঘাতকতা হবে, তাদের উত্তরপুরুষ যদি আবার সেই বঙ্গভাবকেই সাদরে বরণ করে। কিন্তু ম্সলমানদের মনোভাব আঁচ করে সেগভীর বেদনা বোধ করছে। এরা কি পাকিন্তানী হতে চায়, না বাঙালী থাকতে চায় । এরা কি বুরতে পারছে না যে পাকিন্তান আর বাংলাদেশ সমার্থক নয় । বাংলাদেশ বাঙালীমাত্রের দেশ। একে কেবল ম্সলমানের দেশ করতে গেলে বিহার থেকে, যুক্তপ্রদেশ থেকে, মধ্যপ্রদেশ থেকে, ওড়িশা থেকে ম্সলমান এসে বাঙালী হিন্দুকে ভিটেছাড়া করবে। মানস ভাবতেই পারেনি যে পাকিন্তানের পক্ষে বাংলাদেশে এত বেশী ভোট পড়বে ও তার ফলে ম্সলিম লীগ একটি গভন মেন্ট গঠন করবে। সঙ্গে একজন ভফশীলি হিন্দু। পেছনে কয়েকজন ইউরোপীয় বণিক। বাঙালী হিন্দুরা এমনিতেই তাদের প্রাপ্য ক্ষমতার ভাগ থেকে বঞ্চিত, তার উপর তাদের পায়ের তলার মাটি পর্যন্ত তাদের দথলে না থাকার আশস্কা। এতদিন ইংরেজই ছিল তাদের একমাত্র বৈরী, এখন দেখছে ব্রিটিশ রাজ গেলে ম্সলিম রাজ হবে। ইসলামী স্বার্থ ছাড়া সে আর কিছু বোঝে না। বাংলাদেশ তার কাছে আর একটা আর কিছি বোঝে না। বাংলাদেশ তার কাছে আর একটা আর কিছি হবান কি জাফগানিস্থান।

হই নেশন তব অগত্য হলেও হুই রাষ্ট্র তব অগত্য নয়। অবিভক্ত ভারতে ন্সলিম লীগ চিরকাল অপোজিশনে থাকতে পারে না, তার পক্ষে যদি অধিকাংশ ম্সলমান ভোট দিয়ে থাকে তবে অধিকাংশ ম্সলমানও চিরকাল রাজনৈতিক ক্ষমতা থেকে বঞ্চিত হয়ে থাকতে পারে না। এরপ স্থলে কোয়ালিশনের ব্যবস্থা থাকা আবশ্যক। তা যদি অকেজো হয় তবে পার্টিশনের ব্যবস্থাও থাকা যুক্তিযুক্ত। মানস এইপর্যন্ত লীগপন্থীদের সক্ষে একমত হতে পারে, কিন্তু উদ্বেশসিদ্ধির জন্মে যে উপায় তারা অবলম্বন বতে যাচ্ছে তা কখনো সহা করা যায় না। সাধারণ ম্সলমানের সঙ্গে সাধারণ হিন্দুর সম্পর্ক অহিনকুল সম্পর্ক নয়। ঝগড়া মাঝে নাঝে বেধেছে, ঝগড়া মিটেও গেছে, তারপর ওরা একসঙ্গে বাস করেছে। একসঙ্গে চাষ করেছে। একসঙ্গে মাছ ধরেছে। একসঙ্গে বির্মাণ করেছে। এথন এমন কী হয়েছে যে ওরা বরাবরের মতো পরস্পারকে ছেড়ে ভিন্ন রাষ্ট্রে চলে যাবে। ম্সলিম ও হীদেন এই ভেদবৃদ্ধি কেন । হীদেনকে ম্সলিম করাই ছিল সেকালের নীতি। সেটা কি একালেও অহুস্ত হবে।

আর ওই যে মাস মোবিলাইজেশন ওর পারণাম তো মধ্যযুগের। ফ্রান্সের

শেষ্ট বার্থোলোমিউজ ডে। মুদলিম লীগের ডাইরেক্ট অ্যাকশন ডে মানসকে আতিক্ষিত করে। বাংলাদেশের হিন্দুরাও কি ফ্রান্সের প্রটেস্টান্টদের মডো বাড়ে মূলে দাবাড় হবে ? মাইনরিটি বলে যদি কারো অন্তিত্ব না থাকে তবে মাইনরিটি সমস্থা বলেও কোনো দমস্থাই থাকে না। আরবে ইরানে ত্রস্কেও নেই। ত্রস্ক থেকে আর্মেনিয়ানদের মূলোচ্ছেদ করা হয়েছে। গ্রীকদের থেদিয়ে দেওয়া হয়েছে। এবার হবে পাকিস্তান থেকে, যদি ডাইরেক্ট অ্যাকশন সফল হয়।

পরের দিন পনেরোয় আগস্ট। মানস কোটে গিয়ে কাজকর্মের মধ্যে তুবে থাকে। কাঁকতালে একদিন ছুটি পাচ্ছে বলে অনেকেই উৎফুল্ল। যারা রোজা রাখছে ডাদের তো কথাই নেই। কেউ বিশ্বাস করে না যে বোলই আগস্ট অঘটন কিছু ঘটবে। ঘটলে কলকাতায় ঘটবে, এ শহরে নয়। শহরে হিন্দুর সংখ্যাই বেশী। মুসলমানরাও শান্তিপ্রিয়। গ্রামে অবশ্য মুসলমানের সংখ্যাই বেশী, কিন্তু খুনোখুনি হরদম হলেও সম্প্রদায়ে সম্প্রদায় নয়। তবে ইদানীং একটি গল্পে হিন্দু ব্যবসায়ীদের দোকানপাট যারা লুট করে পুড়িয়ে দিয়েছে ভারা মুসলমান। কারণটা বোধহয় অর্থনৈতিক। পূর্ববঙ্গের মুসলমানরা যদি হিন্দুদের বিরুদ্ধে উত্তেজিত হয় তবে তার প্রধান হেতু অর্থনৈতিক। জমিদার, মহাজন, নায়েব, পেয়াদা কে না তাদের শোষণ করেছে ? কিন্তু শুধু কি তাদের ? হিন্দুদেবও কি নয় ?

কোট থেকে উঠে সে ঘথন চেমারে যায় তথন নাজির সাহেব এসে তাকে সেলাম করেন। বলেন, "সার, অমুমতি পাই তো একটা কথা নিবেদন করি। কালকের বাজারটা আজকেই করে রাথলে ভালো হয়। শুনছি হিন্দুরাও কাল হরতাল করবে। পাছে দোকান পাট লুট হয় কি পুড়ে যায়। সাবধানের মার নেই।"

মানদ মনে মনে চটে যায় বিলে, "কেন, ওরা কি মগের ম্লুকে বাদ করছে । দরকারকে ট্যাক্দ দেয় না । দরকার ওদের প্রোটেকশন দিতে বাধ্য নয় । ডি. এম. কী করছেন । এদ. পি. কী করছেন ।"

নাজির নিরুত্তর। তথন মানস টেলিফোন করে জেলা ম্যাজিস্টে ট তার নিজের সার্ভিসের বাঙালী সিনিয়র অফিসার মির্জা আফজল সিরাজীকে। "শুনছি কাল শহরস্থ সব দোকানপাট বন্ধ থাকবে। জেলা জজও শাক সবজি কিন্তে পার্বেন না। তাঁকেও কি স্পরিবারে রোজারাথতে হবে ?" সিরাজী লজ্জিত হয়ে, বলেন, "পাবলিক হলিডেতে আপিস আদালত বন্ধ হয়। হাটবাজার কথনো বন্ধ হয় না। আমিও শুনছি সে রকম কিছু হবে। এটা কিন্তু সরকারের হকুমে নয়, মলিক। হকুম যদি কেন্ট জারি করে থাকে তবে শে এথানকার মুসলিম লীগ জেলা কমিটির সেক্রেটারি শফিকুদীন। সে এবার জেলা স্কুল বোর্ডের চেয়ারম্যান হয়ে আঙুল ফুলে কলাগাছ হয়েছে। আমার সঙ্গে ভারিক্কি চালে কথা বলে। তা কাল সকালেই শাক সবজির বোঝা নিয়ে একজন ফেরিওয়ালী হাজির হবে। আপনারা যেটা খুশি কিনবেন। নো প্রয়েম। সপরিবারে রোজা রাখতে হবে কেন গ ইউ আয় নট আ মুবলিম। আমিও কি রাখছি নাকি গ রোজা রাখি তো অত থাটব কী করে?"

এর পরে মানস পুলিশম্যানকে ফোন করে। ইনি ওর পূর্ববর্তী কর্মন্থলে ওর প্রতিবেশী ছিলেন। টুর করে বেড়াচ্ছেন, বাড়ীতে জ্বার প্রস্ববর্ষা। অন্ত কোনো স্থীলোক নেই যে সাহায্য করে। জন্ধ গৃহিণী থবর পেয়ে ছুটে যান। রাত জেগে সেবা যত্র করেন। ডাক্তার ডাকতে হয় না। স্থপ্রস্ব হয়। সেই থেকে ওরা ঘনিষ্ঠ বন্ধ। প্রমোটেড অফিসার। পালাবা ম্সলমান। চিয়াং কাইশেক যথন এদেশে আসেন তথন তাঁর স্পেশাল ট্রেনের ডাইনিং কারের ওরেটার সেচ্ছেলিন ফিদা হোসেন খান্। রাজপুত বংশীয় বলে গৌরব বোধ করেন। বংশের একটি শাখা এখনো হিন্দ্। তুই শাখার মধ্যে বৈবাহিক আদান প্রদান চলে। কন্তা ধর্মান্তরিত হয় না। এটা নাকি ওই বংশেরই প্রথা। পাকিন্তান পছন্দ করেন না। তাঁর মতে জিল্লা নিজে সাচচা মুসলমান নন।

"হরতাল হবে, শুনছি। মীটিং, প্রোদেশন এ কছু হচ্ছে নাতো? আয়ত্তের বাইরে চলে গেলে কমিউনাল মোড় নিতে পারে, থান্। জানি, আপনি দব সময় সতর্ক। আপনাকে সতর্ক হতে বলা অনাবশ্যক। প্লীজ ডোন্ট মাইগু।" মানস তাঁকে টেলিফোন করে।

পুলিশ সাহেব তাকে আশাস দেন যে শাস্তিভঙ্গের বিন্দুমাত্র আশক্ষা নেই।
"আজ সন্ধ্যায় জেলা ম্যাজিস্টেটের কুঠিতে চ্ডান্ত দিদ্ধান্ত হবে প্রোসেসনের
অনুমতি দেওয়া হবে কি-না। দশ হাজার লোকের মিছিল যদি বেরোয়
আমার অত লোকৰল নেই যে সামলাতে পারব। ওরা যদি হাতিয়ার হাতে
নিয়ে বেরোয় তবে ওদের নিরস্ত্র করাও তো হুছর। তবে মিটিং-এর ঝুঁকি

নেওয়া থেতে পারে। ভাইরেক্ট আকশন নাকি ব্রিটিশ রাজের বিরুদ্ধে।
কিন্ধু রাজন্রোহের অপরাধে মামলা হলে জেলে যাওয়ার ম্রোদ একজনেরও
নেই। আর হিন্দ্বিরোধী আফালনে ম্সলমানের কতটুকু লাভ? নেহরু
বাচ্ছেন ইণ্টারিম গভর্নমেণ্টের প্রধান মেম্বর হয়ে। তিনি কি বেললের
হিন্দ্দের প্রোটেকশন দেবেন না? বড়লাটও দেবেন। গভর্নরও দেবেন।
দেথবেন কলকাভায় কাল নর্মাল থাকবে। গোলমাল বাধতেই দেওয়া হবে
না। বাধলে সঙ্গে সঙ্গে ঠাওা। তবে একটা খবর আপনাকে জানিয়ে রাখছি।
বাইরে থেকে এখানে হিন্দু এজেন্ট প্রোভোকেটর এসেছে। স্থানীয় হিন্দু
জ্বভাকে উস্কানি দিতে।"

পরের দিন যোলই আগস্ট। ভারতবর্ষের ইতিহাসে একটি দিক্নির্ণয়ক দিবদ। মুসলিম লীগের লক্ষ্য স্থির হয়ে যায় ছ'বছর আগে লাহোরে। আজ কলকাতায় স্থির হবে লক্ষ্যভেদের উপায়। গোলমাল হয়তো হবে না। না ছওয়ারই সম্ভাবনা বেশী। স্বয়ং গভর্নর রয়েছেন, ফোট উইলিয়ামে আমি রয়েছে, লালবাজারে পুলিশ রয়েছে। স্থরাবর্দী একজন স্থদক প্রশাসক। পরিস্থিতিকে তিনি আয়তে রাখতে পারবেন। তিনিও জানেন যে দিনকয়েক বাদে নেহক্ষ সদলবলে ক্ষমতায় আসছেন। জিয়ার রাজনৈতিক জীবনের সর্বপ্রথম ভূল ইন্টারিম গভর্নমেন্টে যোগ দেবার আমন্ত্রণ প্রত্যাখ্যান করা। তাঁর হাতের তাসের ট্রাম্প করার শক্তির অনুপাতে তিনি অত্যধিক 'কল্' দিয়েছেন। ব্রিজ থেলার পরিভাষায় একে বলে 'ওভারকল'।

কিন্তু মাদ মোবিলাইজেশন যদি হয় তার ফলাফল হবে স্বদ্রপ্রদারী।
কার দাধ্য কে সেই ধর্মোনাদ জনতাকে আয়ত্তে রাথবে? তারা মারবে,
মরবে, দামনে যাকে পাবে তাকেই। কী ইংরেজ, কী হিন্। গভর্নরের
প্রশ্রের স্বহরাবদী মন্ত্রীমণ্ডল যা করছেন তা আগুন নিয়ে থেলা। আজকের
এইদিনটা শান্তিতে কাটলেই রক্ষা। মানদ ও যুথিকার মনে একটা কী হয়
কী হয় ভাব। মানদ কিছু লিখতে চেষ্টা করে। কিন্তু দময় পেলেও মৃড পায়
না। দাত পাঁচ ভাবে।

টেনিসের সময় হলে সে ছটফট করে। খেলতে গিয়ে খেলবে কার সক্ষেণ্ট কেউ কি আজ আসবে গু খেলাভেই বা মন লাগবে কেন গু এমন দিনে কি খেলা যায় গু রেডিও খুলে বসে থাকে যদি কলকাভার কোনো খবর দেয়। তেমন কিছু পায় না। নো নিউজ ইজ গুড নিউজ। নেই খবর ভো ভালো খবর।

সন্ধ্যাবেলা পাবলিক প্রোসিকিউর রায় শরদিনু নিয়োগী বাহা 🕫 আসেন দেখা করতে। বলেন, "শুনলুম আপনি খুবই চিস্তিত। তাই জানাতে এলুম আজকের দিনটি শান্তিতে কেটেছে। হিন্দুরাও উৎসাহের সঙ্গে হরভাল পালন করেছে। জলে বাস করে কুমীরের সঙ্গে বিবাদ করা সাজে না। এখানে একজনও ইংরেজ অফিদার নেই, জেলা ম্যাজিস্ট্রেট আর পুলিশ দাহেব তু'জনেই মুসলমান। তু'জনেই প্রো-হিন্দু। ম্যাজিস্টেটের কুঠির সভায় আমাকেও ডাকা হয়। জিজ্ঞানা করা হয় মিছিল বেরোতে দেওয়া নমীচীন কি না। আমি বলি, আলবং। ভবে ভাকে কণ্টোলের মধ্যে রাখতে হবে। আমি থাকব মিছিলের সঙ্গে। হিন্দুরা যে যোগ দিচ্ছে এটা জানলে তাদের মনোভাব বদলাবে। হিন্দুরা পাকিন্তানের বিরোধী নয়। মোগল রাজত্বেরও বিরোধী ছিল না। তবে রাজপুতদের মতো তাদেরও বিশাস করতে হবে, বড়ো বড়ো পদ দিতে হবে, তাদের উপর জিজিয়া বদানো চলবে না। আমি আলাহো আকবরও বলেছি, পাকিন্তান জিন্দাবাদও বলেছি। মিছিল শহর ঘূরে আদে। কারে। উপরে হামলা করে না। মীটিংও হয়েছিল। সেখানেও আমি একজন বক্তা। শফিকুদীন ইংরেজদের বাঁচিয়ে বক্তা দেয়, জানে যে ইংরেজ চটলে গভন রদ রুল হবে, তথন আমিই ওঁকে প্রোদিকিউট করব। হিন্দুদের উপরেই গায়ের ঝাল ঝাড়ে। বিশেষত মহাত্মা গান্ধীর উপরে। কিন্তু শ্রোতারা ভারিফ করে না। আমার উকীল বত্ন আবু হেনা তরফদার উঠে দাঁড়িয়ে বলেন, গান্ধীজী কুইট ইণ্ডিয়ানা বললে কি কায়দে আজম ডিভাইড অ্যাণ্ড কুইট বলতেন ? ইংরেজরা কুইট না করলে কি মুসলমানরা পাকিস্তান পাবে ? সভার লোক ভনে শা**ন্ত হ**য়। আপনি নিশ্চি**ন্ত** থাকুন।"

"কলকাতার সংবাদ না পাওয়া পর্যন্ত আমি নিশ্চিত হতে পারছিনে, রায় বাহাতুর। তবু ভালো যে এখানকার সব খবর ভালো।" মানস এতে খুশি।

"কলকাতা আমার এলাকা নয়, তার জত্তে আমার কোনো নৈতিক দায়িত্ব নেই। সেটা বাঁদের এলাকা তাঁরাই ঈশরের কাছে দায়ী থাকবেন। আমরা কেন ধরে নেব যে কলকাতায় এমন কিছু ঘটবে যেটা ইতিহাসের স্রোত ঘূরিয়ে দেবে। বাংলাদেশ বাংলাদেশই থাকবে, যদিও এর নতুন নাম হয়তো হবে পূর্ব পাকিস্তান। হোক না, তাতে কী এদে যাবে। গোলাপকে আপনি যে নামেই ভাকুন সে গোলাপই থাকবে। হাজার বছর আগে আমাদের পূর্বপুক্ষদের নাম কি হিন্দু ছিল গ সংস্কৃত সাহিত্যে কে।থাও কি এর উল্লেখ আছে ? আমাদের বাসভূমির নাম কি হিন্দুখান ছিল ? প্রাচীন সাহিত্যে কোথাও পড়েছেন এ নাম। তা হলে পাকিস্তান আর পাকিস্তানীতে এত আপত্তি কেন ? পাকিস্তানের পাঁচটি কি ছ'টি প্রদেশের মধ্যে বেঙ্গল বা বাংলাদেশও থাকবে। অধিবাসীরা বাঙালীই থাকবে। আমরা হিন্দু মুসলমান মিলে তামাম পাকিস্তানে মেজরিটি হব। পশ্চিমারা যদি ডিভাইড অ্যাও রুল না করে তবে আমরাই কেন্দ্রীয় সরকার গঠন করব, প্রধানমন্ত্রী হব, প্রেসিডেণ্ট হব। মিলিটারি পাওয়ার হয়তো ওদের হাতে থাকবে, সিভিল পাওয়ার আমাদেরই হাতে। ঝগড়া যদি করতে হয় পশ্চিমা মুসলমানের সঙ্গে করব, বাঙালী মুসলমানের সঙ্গে কদাচ নয়। আমাদের হাতে যে তাস আছে সে তাস বৃদ্ধিমানের মতো থেললে পাকিস্তানের রাজধানী হবে কলকাতা। কিন্তু এক শ্রেণীর মুসলমান আছে তাঁরা বাঙালী বলে পরিচয় দিতে সঙ্কোচ বোধ করেন। পাছে কেউ মনে করে নেটিভ মুসলমান। ওঁদের মতে ওঁরা আরব ইরান আফগানিখান থেকে এনেছেন বিজয়ীর বেশে। চেহারাটা কিন্তু আমাদেরই মতো।" রায় বাহাত্র হাসেন।

যৃথিকার দক্ষে আলাপ করিয়ে দেয় মানস। তিনি বলেন, "আপনার ছেলে আর আমার নাতি একই স্কুলে ও একই ক্লাসে পড়ে। ওরা অন্তরক্ষ বন্ধ। একদিন আমাদের কুটিরে পায়ের ধূলো দিলে কুতার্থ হব।"

আপ্যায়নের পর তিনি বিদায় নেন।

় এখানে কোনো অনর্থ ঘটেনি জেনে মানস ও যথিকা স্বস্তির নিশ্বাস ছাড়ে। কিন্তু বাড়ের কেন্দ্র বা ভূমিকম্পের এপিসেন্টার তেঃ কলকাতা। কলকাতায় তুলকালাম কাণ্ড ঘটলে এথানেও তার প্রতিক্রিয়া হবে। তাই ভাবনা থেকে যায়।

রাত ন'টার রেডিওতে শোনায় কলকাতায় হাঙ্গামায় পাঁচ হাজার জন হতাহত। লুটপাট। অগ্নিদংযোগ। কারফিউ জারি হবে।

"St. Bartholomew's Day Massacre!" মান্দ বলে ওঠে।

যৃথিকার মৃথ চ্ণ। তার মা বাবা যদিও তাকে ত্যাজ্য কন্সা করেছেন তব্ সে তো তাঁদের ত্যাগ করেনি। তাঁরা অবসর নিয়ে কলকাতায় বাস করছেন। কে জানে তাঁদের কী অবস্থা। সে কালা চাপতে পারে না।

"ও কী। তুমি কাঁদছ কেন ? তুমি তো খুব শক্ত মেয়ে। কখনো কাঁদ না। ছি! কাঁদতে নেই। যাও, ভতে যাও।" মানস নিজে কিছ ভতে যায় না। অর্থেক রাত অবধি পায়চারি করতে করতে ভাবে ছিন্দু মৃসলমানের এই বন্দ কি একদিনেই থামবে ? গড়াবে অনেক দিন, যতদিন না একটা রাজনৈতিক সমাধান পাওয়া যায়। তুই পক্ষই দোষী, কোনো এক পক্ষকে নির্দোষ বলা যায় না। কিন্তু পে কি মহাযুদ্ধের মতো গৃহযুদ্ধের বেলাও নীরব সাক্ষী হবে ?

## ॥ তেইশ ॥

রাত তুটোর সময় শুতে গিয়ে সে দেখে যুথিক। তথনো জেগে আছে। ফুলিয়ে ফুলিয়ে কাঁদছে। চোথের জলে বিছানা ভিজে গেছে।

"ও কী। তুমি কাঁদছ এখনো ? এক গঙ্গা শশ্রধারায়ও হিন্দু ম্বলমানের রক্তের দাগ মৃছবে না। এ রক্ত বাঙালীর বুকের রক্ত। বাংলাদেশের কলিজার লত্।" মানস শাহ্বনা দিতে গিয়ে বলে।

যূথিকা মূথ ঘুরিয়ে নেয়। ''তোমার বক্তৃতা ভনতে ভনতে কান ঝালাপালা। তার উপর কাব্যি করা ভক্ত হলো।"

মানস ৰ্বাতে না পেরে বোৰা হয়ে থাকে। তথন যুথিকাই ম্থোম্থি হয়। কাদতে গাঁদতে ৰলে, "কালা পাচছে, ডাই কাঁদছি। পাঁচ হাজার হতাহত। আরো কত হবে কে জানে! মা ৰাবার কথা ভেবে কালা পাবে না ? ৰাড়ী কিনেছেন পার্ক সার্কাদে। চার দিকে ম্সলমান গিন্ধ গিজ করছে। ওরা ক্ষেপে না গেলে চমৎকার লোক। কিন্তু ক্ষেপে গেলে চণ্ডী।"

"না, না, কেউ ওঁদের গায়ে হাত দেবেন না। স্বর্গ কায়দে আজ্ঞারের সঙ্গে সিমলায় ওঁদের দহরম মহরম ছিল। দেখানকার ভাংসরিগাল লজে। জিল্লা সাহেবের নিশ্চয়ই সেসব দিনের কথা মতে পড়বে।" মানস তোক দেয়।

"তাঁকে জানাবার আগেই থা হবার তা হয়ে যাবে। তোমার যদি দয়ামায়া থাকে তুমি একবার ট্রাক্ত কল্ করে থবরটা নাও তাঁরা বেঁচে আছেন কি-না। বেঁচে থাকলে নিরাপদ স্থানে দরে গেছেন কি-না।" যুথিকা ব্যাকুলভাবে বলে।

সে এর আগে কথনো এমন কোনো স্ফুরোধ করেনি, পাছে মানস ভূল বোঝে। তার বাবা তার স্বামীকে অপমান করে তাড়িয়ে দিয়েছিলেন, জামাতা বলে স্বীকার করতেই রাজী হননি। তার মা তে। গয়না পর্যস্ত কেড়ে নিয়েছিলেন। সম্পর্ক যথন কেটে গেছেই তথন আবার জ্বোড়া দিতে যাওয়া কেন ?

মানদ বলে, "আচ্ছা, কাল স্কালেই আমি ট্রাঙ্ক কল্করে থবর নেব। কিন্তু আমার নয়, তোমার নামে।"

"না, না, আমার নামে নয়, আর কারো নামে। বিল অবশ্র আমরাই মেটাব।" যুথিকা ভেবে পায় না কার নামে।

মানস পরের দিন ট্রাঙ্ক কল্ বুক করতে গিয়ে শোনে কলকাতার লাইন থারাপ। শত থানেক কল্ জমে আছে। নতুন কল্ বুক করা বন্ধ। তথন একটা প্রি-পেড টেলিগ্রাম ডাকঘরে পাঠায়। চাপরাশি ফিরে এসে জানায় টেলিগ্রামও কলকাতায় যাচ্ছে না। লাইন থারাপ। অস্থমতি নিয়ে নাম ঠিকানা দিয়েছিল ক্লাবের অনরাবি সেক্রেটারি পরমেশ মিত্রের। তিনি ইম্পীরিয়াল ব্যাক্ষেরও এজেট। সর্বজনপ্রিয় পরোপকারী ভন্তলোক।

এখন কী,উপায় । মনে পড়ে যায় যে পুলিশ নাহেবের হেফাছতে পুলিশ ওয়ারলেদ আছে। দেখান থেকে কলকাতা ওয়ারলেদ মেদেজ পাঠানো দন্তব। কিন্তু দকলের পক্ষে নয়। কেবল জেলা ম্যাজিন্টেট ও জেলা পুলিশ হুপারিনটেওেন্টের পক্ষে। মানদ তখন ফিদা হোদেনকে অহুরোধ করে লালবাজারে ওয়ারলেদ করে ওয়ারলেদ উত্তর আনিয়ে নিতে। তিনি নিজের নামেই মেদেজ পাঠান, কিন্তু লালবাজার সাড়া দেয় না। বার বার তিনবার নিক্ষত্তর।

খবরের কাগজ আদেনি, আদবেও না। কলকাতা থেকে ট্রেন ছাড়েনি।
একই কারণে চিঠিপত্রও আদেনি, আদবেও না। যাত্রীরাও অদেনি, আদবেও
না। মুখে মুখে কতরকম গুজব রটে যায়। কোর্টে গেলে একজন উকীল
বলেন, "কলকাতায় কাল পঞ্চাশ হাজার জন মারা গেছে। তাদের মধ্যে
চল্লিশ হাজার হিন্দু।" আরেকজন উকীল এদে জানান, "যাট হাজার লোক
মারা গেছে, তাদের মধ্যে পয়তাল্লিশ হাজার ম্সলমান।" ঘণ্টার ঘণ্টায় গুজব
পল্লবিত হয়। কেউ বলে, "পাঁচটা মন্দিরে গোকর মাথা পাওয়া গেছে।" কেউ
বলে, "দশ্টা মসজিদে শ্রোর ঢুকেছে।" গির্জার কথা কিন্তু একজনও বলছে
না। যদিও বিটিশ বিরোধী প্রত্যক্ষ সংগ্রাম দিবস।

"रुषिम পেলে ?" यूथिका जिज्जामा करत । মানদকে ফিরতে দেখে।

"পুলিশমান নিজের নামে মেসেজ পাঠিয়েছেন তাঁর বৃদ্ধু শামস্থল ছদার নামে। তিনি ডেপুটি কমিশনার। থাকেনু পার্ক সার্কাদেই। তাঁর পক্ষে অস্পন্ধান সোজা। কিন্তু দান্ধাহাকামার সময় তো তাঁর চবিবশ ঘণ্টা ডিউটি। তাঁকে তাগাদা দিয়েও সাড়া মেলেনি। সব্র করো। ধৈর্য ধরো।" মানস কৈফিয়ৎ দেয়।

যুথিকা মুথ ভার করে থাকে। "মিসেদ দরকার কী করে খবর পেলেন ? খলে গেলেন দরকার পরিবারের দ্বাই নির; শদে আছে।"

"ওঁদের তো টাকার অভাব নেই। বোধ হয় রেভিও টান্সমিটার আছে। তা ছাড়া আর কোন স্থতে মিদেদ দরকার খবর পেলেন?" মানদ চিন্তা করে।

দিনের বেলা রেডিওতে যা শোনা যায় তা কতকটা স্থিতাবস্থার। রাভ ন'টায় জানায় বাইরে থেকে দৈন্য এদে শান্ধিরক্ষায় সাহায্য করছে। কিন্ধ ক'লন হতাহত তার উল্লেখ নেই।

''তার মানে অবস্থা আরো থারাপ।" যুথিকার কণ্ঠ অশ্রুক্তর।

নানস তাকে কী বলে সান্তনা দেবে ? সেও তো শক্তিত অপনদার জন্তে, বৌদির এতে। আঁদের বাড়ীর পেছনে মুসলমানদের বসতি। তাঁদের বাব্চি ও ড্রাইভার মুসলমান। বেয়ারা ও মেড হিন্দু। ঝিকে ওঁরা মেড বলেন। তার আরো কয়েকজন প্রিয় বন্ধুও তো কলকাতায় নিযুক্ত। একাশকরাও কলকাতানিবাসী।

কিংকর্তব্যবিমৃত হয়ে মানস রাত জেগে পায়চারি করে। ঈশরকে ধ্রুবাদ দের যে তার নিজের কর্মস্থলে তেমন কোনো বিপদ নেই। তবু বলা যায় না। গুছৰ যে ভাবে পল্লবিত হচ্ছে দেখানেও কলকাতার কাতিক্রিয়ায় মারামারি বেধে যেতে পারে। এক পক্ষ মার দিলে কি অপর পক্ষ নার শোধ দেবে না ?

তবে ভরদার কথা দিরাজী আর খান্। ত্'জনেই অদাম্প্রদায়িক প্রকৃতির অফিদার। তাদের কারো বিক্লান্ধ দাম্প্রদায়িকতার অভিযোগ শোনা যায় না। তবে মুদলিম লীগ মন্ত্রীমগুলের অধীনে গার। কাচ্চ করেন তাঁদের উপরে শফিকুদ্দীনের মতো মোড়লদের চাপ একেবারেই কি পদ্বে না?

কিন্তু এই ১৪ অভিজ্ঞ অফিসাবের নিশ্চয় খেয়াল আছে যে ইণ্টারিম গভন মেণ্ট আৰু বাদে কাল গঠিত হবে ও তাতে মৃদলিম লীগ থাকবে না, কংগ্রেদ থাকবে। কাজেই দিল্লী থেনে যে চাপ পড়বে নেটাই কলকাতার মন্ত্রীমণ্ডলকে ও তাঁদের স্থানীয় মোড়লদের অফিসারদের উপর চাপ দেওয়া থেকে নিবৃত্ত করবে। অফিসারুরা আইন মোডাবেক কর্তব্য করে গেলেই স্থাভাবিক অবস্থা ফিরে আসবে।

পরের দিনও থবরের কাগঞ্জ আদে না, টেন আদে না। রবিবার চিঠি আসার প্রশ্নই ওঠে না। টেলিগ্রাফ বন্ধ, টাক্ক টেলিফোন বন্ধ। পুলিস ওয়্যারলেস নিজ্তর। মানস কোটে যায় না, কিন্তু গুজ্ব তার কাছে পায়ে হেঁটে আসে। কলকাতায় নাকি দম্বরমতো যুদ্ধ চলছে। মৃসমানরা নাকা তলায়ার হাতে রান্ডায় বেরিয়ে পড়েছে। একহাতে তলায়ার, আরেক হাতে কোরান। ডাক ছাড়ছে, "আলাহো আকবর।" হিন্দুরা নাকি বোমা ফাটাছে। কারো কারো হাতে ফেনগান। হাঁক ছাড়ছে "জয় মা কালী কলকতাওয়ালী।" ওদিকে শিথেরাও কুপাণ হাতে ঝাঁপিয়ে পড়েছে। ভবানীপুরকে ওয়া মুসলিমম্কু করবে। গোরা সৈনিকরা চারদিকে পাহারা দিছে। কিন্তু গুলী গোলা এখনো চালায়নি। গোরা পুলিশও নিরপেক।

এদব গালগল্পের উৎদ কী । বারোজনের আড্ডা। না কোনো চোরাই রেডিও ট্রান্সমিটার । না লগুনের বি বি. দি. । মানদ এদব গুজবে কান দেয় না। যুথিকাকেও বলে কর্ণপাত না করতে। কিন্তু অঞ্পাত তা দত্বেও থামে না।

শেষকালে পুলিশ থেকে একজন কনস্টেবল মেসেজ নিয়ে এসে দেখায়। কলকাতা থেকে পুলিশ ওয়ারলেদে এসেছে। "রায়চৌধুরী পরিবার পুলিশের গাড়ীতে স্থানাস্তরিত হয়েছেন। নিরাপদে আছেন। হুদা।" পুলিশ সাহেব ভার উপরে লিখেছেন "শো জজ।"

মানস য্থিকাকে জড়িয়ে ধরে চুমু খায়। যথিকা হেদে বলে, 'ছাড়ো। ছাড়ো। দেখছে।' পুলিশের লোক পালায়। মুচকি হাদে।

দীপক আর মণি ছুটে আদে। কী হয়েছে? কী হয়েছে? তথন তাদের খুলে বলতে হয় যে তাদের দাদামশায় ও দিদিমা বেঁচে আছেন। তারা অবাক হয়। তাঁদের কথা তো মা কোনোদিন বলে না। প্রশ্ন করলে এড়িয়ে যায়। দীপকের বোঝবার বয়স হয়েছে যে বলবার মতো নয়। সে আর ও প্রশ্ন তোলে না। কিন্তু মণি মাঝে মাঝে বায়না ধরে। যুথিকা নিক্তর।

রেডিওতে দিনের বেলা যা বলে তা আশাপ্রাদ নয়। দাঙ্গা থামেনি। সরকার আরো কড়া ব্যবহা করেছেন। রাত ন'টায় শোনায় দাঙ্গা এবার णाँगित मूर्थ। किन्न रुणार एउत मर्था (मग्र ना। आत्र चर्तारे वा की रूट्य ? रिन् मूमनमार तत खाखि ना अर्ल हेरत कर्रित किरमत गत्र कि? रम राजा आरता मण विण वहत स्थ भतीरत अ वहान एविग्र ता ता क्ष कत्र एवं भागति । मार्था किम हिंदी किम

পরের দিনও থবরের কাগজ আদে না, চিঠিপত্র আদে না। ট্রাক্ষ কল বুক করে না, টেলিগ্রাম পাঠায় না। তেমনি অচল অবস্থা। তবে বিকেলের দিকে ত্'চার জন ব্যক্তি পায়ে হেঁটে কলকাতা থেকে পৌছয়। যত সব ভয়কর ভয়কর কাহিনী ছড়ায়। তাদেরই হাত থেকে কয়েকথানা তৃ'পাতার পত্রিকা ধার করে এনে নাজির দেখান মানসকে। হিন্দুদের কাগজে লিখেছে ম্সলমানরা হিন্দুদের ধরে নিয়ে গিয়ে নাথোদা মসজিদের প্রাঙ্গণে কোরবানী করেছে। আর হিন্দুরা মুসলমানদের ধরে নিয়ে গিয়ে কালাঘাটের কালীমন্দিরে

মানদ তো হাঁ! এ কি কখনো সম্ভব! বাঙালী হিন্দু মুদলমান কি এত নিচে নামতে পারে। বিশাদ হয় না। অথচ হয়ও। যুদ্ধে কী না সম্ভব? তিশ বছরে ব যুদ্ধে জার্মানীর ক্যাথলিক ও প্রটেন্টান্টরা নাকি মাহ্বের মাংদ খায়। সে ঐতিহ্য এখনো লুপ্ত হয়নি। গত মহাযুদ্ধে নাংদীরা লক্ষ লক্ষ ইহুদীকে গ্যাদ চেঘারে পুড়িয়ে মেরেছে, তবে খায়নি। হিন্দু ম্দলমান যদি এ গৃহযুদ্ধ এক্ষনি না থামায় তা হলে কার কপালে কী আছে তা কেউ জানে না। হার জিং তো দব যুদ্ধেই থাকে, কি এ এই যে ক্রটাল 'জেশন এর জন্তেও প্রস্তুত্ত থাকতে হবে। মানদ যুথিকাকে এদব কথা জানায় না। ছেলে-মেয়েকেও না।

পরের দিন 'স্টেটসম্যান' পায়, হেডলাইন হলো 'গ্রেট ক্যালকাটা কিলিং'। ভিতরে লিখেছে কলতাতায় যা ঘটে গেল তা ইউরোপের মধ্যযুগের মতো একটা 'ফিউরি' (Fary)। সীমাহীন উন্মন্ত ক্রোধ। আগুন এখনো নেবেনি। খামেনি। তলে তলে ধেঁায়াছে। 'অম্বৃতবান্ধার' গভীর পরিতাপ প্রকাশ করে হিন্দু ম্সলমান উভয়কে দোষ দিয়েছে। এ ডোমার এ আমার পাপ। এ রকম যদি চলে ত. ব স্বাধীনতা দূর অন্তঃ। সভ্যতাশ্ব আকে কি না সন্দেহ।

রান্তায় ঘাটে রাশি রাশি শব। বিশুর শব গন্ধায় নিক্ষেপ করা হয়েছে তাই সঠিক বলতে পারা যাচ্ছে না কত লোক মরেছে। হিন্দু কত, মুসলমান কত। লুটপাট অজ্জ হয়েছে। গৃহদাহের সংখ্যাও কম নয়। যুদ্ধক্ষেত্রের মতো দৃশ্য। শকুন উড়ে এদে মাংস ছিঁড়ে খাচ্ছে। সরকার ও মিউনিসিপাটি নাজেহাল। আমি এদে শব তুলে নিয়ে সংকার করছে। নইলে মড়ক।

মানস যুথিকাকে দেখাবে কি দেখাবে না ? সে তং পেতে থাকে, ছোঁ মেরে নিয়ে যায়। বিশিষ্ট ব্যক্তি কে কে নিহত তাঁদের নাম তর তর করে দেখে। না, ভার বাবা মার নাম নেই। বিশিষ্টরা গা বাঁচিয়েছেন, গরিবেরা মরেছে। বারা দিন আনে দিন খায়, পথে না বেরিয়ে পারে না। আর যারা বস্তিতে থাকে।

ওরা ত্'জনেই শ্বির করে যে একদিন অনশনে থেকে নিহতদের জন্যে শোক করবে। ছুটির দিন দেখে। দেদিন তাদের মোনিং ডেুদ।

এর পরে কাগঙ্গ খুললে যথারীতি গালাগালি বর্ষণ। যত দোয় স্থংরাবদী, যত দোষ বারোজ, যত দোষ জিলা, যত দোষ ওয়েভেল। গান্ধী নেহকও বাদ খান না। রোম পুডছে, নীরো বেহালা বান্ধাচ্ছেন। গান্ধী বাঙালীকে কোনোদিন ভালোবাদেননি, জবাহরলাল ভো বাঙালীকে ঘূণাই করেন।

"সভিয়, ৰাপু কেন একবার কলকাভায় এলেন না ?" যুথিকার ধারণা ভিনি এলেই স্বাই শাস্ত হভো।

"ওদিকে ওয়েভেল আবার ওয়েভার করছেন। শাস্তির জন্তে লীগকে কিছু কনসেন দিতে হবে। অর্থাং কংগ্রেস-মুসলিমদের তুবিয়ে দিতে হবে। নেছককে বল জোগাবার জন্তে বাপুকে থাকতে হচ্ছে দিল্লীতে। সেটাই তো প্রথম কর্তব্য। দেশের স্বাধীনভাই তো সকলের আগে।" মানস্যভদ্র বোরো।

মাসের শেষে হঠাৎ বাবলী আর তার বান্ধবী আদে দেখা করতে। তারা তেভাগা আন্দোলন উপলক্ষে এ জেলায় প্র্যটন করছে। কলকাতার অবস্থা কী রক্ম জানতে চাইলে বলে, "লড়কে লেঙ্গে পাকিস্তান। লড়াইরের ফলে কলকাতা এখন হিন্দুখান পাকিস্তান হয়ে গেছে। এক পক্ষ অপর পক্ষের এলাকায় পা দিতে ভয় পায়। আমরা তৃতীয় পক্ষ বলে নির্ভয়ে ঘুরে বেড়াভে পারি। আমাদের পাটি কার্ডই আমাদের পাশপোট।"

মানদ ও যুথিকা অধায়, "অপনদার খবর কী ? বৌদির কী খবর ?"

বাবলী উত্তর দেয়, "দেইকথাই তো বলতে এদেছি। ওঁরাই জানাওে বলেছেন। ওঁদের উপর দিয়ে একটা বাড় বয়ে গেছে। শিকড়স্থদ্ধ উপড়ে দিয়েছে। এখন ওঁরা হিন্দুছান পার্কে স্থবিনয় তালুকদারের অতিথি। ইচ্ছে ছিল দাত আটু দিনের মধ্যে অবস্থা শাস্ত হলে বালীগঞ্জ পার্কে ফিরবেন। কিন্তু মুদলিম লীগ গভন মেন্ট থাকতে হয় কোয়ালিশন, নয় গভন রদ কল হটোর একটা হলেই ওঁরা ফিরবেন, নয়তো অক্য কোগাও একটা থালি ক্যাট ভাড়া করবেন। পরের বাড়ীতে চাকব ও কুকুর নিয়ে থাকা যায় না, বানার উপরেও এক্টিয়ার নেই। কিছুদিন রাচীতে কি দেওঘরে গিয়ে থাকতে পারতেন, কিন্তু বৌদির ভয় বেওয়ারিদ পেয়ে বাড়ীটা বন্তির মুদলমানরাই বেদখল করে নেবে। ওদের জালাতেই আধ ঘণ্টার নোটদে বাড়ী থেকে পালাতে হলো।"

"দে কী কথা! আধ ঘণ্টার নোটিদে।" মানস ও য্থিকা হতবাক। "দংক্ষেপে বলি। উদূকে বাংলায় ভর্জমাকরে বলচি। যোল ভারিখ রাত্রে ওঁবা যথানিয়মে ভতে গ্রেছেন। ঘুমিয়েও পড়েছেন। হঠাং এলফের অবিরাম চীৎকার শুনে ওদের ঘুম ভেতে যায়। বেয়ারা ছুটে এদে বলে, ডাকাত পড়েছে। জানালায় মুখ গলিয়ে দেখেন মশাল আর নিশান হাতে বারো তেব্রাজন লুকী পরালোক চেঁচিয়ে বলছে, দরজা থোল। নইলে দরজা ভাঙব। স্বপনদা হু'তিনজনকে চিনতে পারেন। বন্তিতেই থাকে। মাঝে মাঝে চাঁদা নিভে আদে। আপদে বিপদে আইনের পরামর্শও চায়। ব্যাপার কী, চান মিঞা? এত রাতে কী মনে করে? অপনদা অধান। পালাম আলায়কুম, পাহেব। উত্তর কলকাতার হিন্দা মুসলমানদের মেয়ে খেদিয়ে দিয়েছে, কেটেও ফেলেছে কয়েক হাদারকে। দক্ষিণ কলকাতার তাদের জায়গা দিতে হলে হিন্দুদেরও মেরে খেদিয়ে দিতে হয়, দরকার হলে কেটেও ফেলতে হয়। আপনি আমাদের মুফব্বি, আপনাকে মারতেও পারিনে, কাটতেও পারিনে, থেদিয়ে দিতেও কি পারি ? না, দে রক্ম বেইমান আমরানই। কিন্তু মেহেরবানি করে বাড়ীটা আমাদের ছেড়ে দিতে হবে। আজকেই দমন্তটা নয়, ভাগু নিচের তলাটা। আপনারা তো দোতালাতেই গাকেন, আপনারা যেমন আছেন তেমনি থাকুন। কাল যেথানে পারেন চলে যাবেন। মালপত্তর, চাকরবাকর, কুকুত বেড়াল দব কিছু নিয়ে। আমরাই বয়ে নিয়ে ট্রাকে তলে দেব। দাদা দেখেন ভর্ক করা রুখা। ধাঁ করে টেলিফোনের ঘরে গিয়ে রিং করেন। কিন্তু লাইন এনগেজ্ড। পুলিশের শাশা ছেড়ে দিয়ে বৌদির দিকে অসহায় দৃষ্টিতে তাকান। বৌদি চেঁচিয়ে वरलन, तामहीन, वन्तुक निकाला। জानालाग्न मूथ शलिए बर्लन, शाली চলেগি। দো আদমীকো জান জায়েগা। ওরা বিশ্রী ভাষায় বৌদিকে যাচ্ছেভাই গালাগাল দেয়। শাসিয়ে যায় যে কাল আবার আসবে, সঙ্গে সব রকম অস্ত্রশস্ত আরো অনেক জন। লাট সাহেব ওদের পক্ষে, বড়া উজীর ওদের পক্ষে। গোলী চলেগি তো দোনো তরফদে চলেগি। দাদা ততক্ষণে ঠক ঠক করে কাঁপছেন। বৌদি দাপটের দঙ্গে বলেন, বভূলাট আমাদের পক্ষে, মিলিটারি আমাদের পক্ষে। ট্যাক্ষ চালিয়ে বণ্ডি বিলকুল সাফ করে দেবে। পরের দিন সকালে মীর সাহেব পুলিশের গাড়ী নিয়ে উপস্থিত। বলেন, যশোবিকাশ রায়কে নিরাপদ স্থানে পৌছে দেবার জভে বেরিয়েছি। তাঁর মেয়ে টুকটুক আমাকে খবর দিয়েছে যে আপনারাও বিপন্ন। আপনাদের বেয়ারা তার সঙ্গে দেখা করে কালকের ঘটনার বর্ণনা শুনিয়েছে। কী লজার বিষয়। শহীদকে রিং করতেই তিনি পুলিশের গাড়ী পাঠিয়ে দিয়েছেন। ছটি পরিবারের জন্যে জায়গা আছে। আধ ঘণ্টা সময় দিচ্ছি। জান বাঁচাভে চান তো অবিলয়ে তৈরি হোন। ইতিমধ্যে রায় পরিবারকে নিয়ে আসি। ওঁদেরও আধ ঘণ্টা সময় দিয়েছি। কোন ঠিকানায় যাবেন মন:ছির করুন। আগে থেকে টেলিফোনে থবর দিন। মনে কক্ষন এটা মিলিটারি ইভাকুয়েশন। সাত আট দিন পর বাড়ী ফিরবেন। যাবার সময়,বন্দোবত করে যান কে চার্জে থাকবে। গাড়ীতে চড়ে তিনি উধাও হন।" বাবলী বলে যায়।

"এ যে রীতিমতো নাটক।" মানস কৌতৃহলী হয়।

''উ:। কী ছ:থের। নিজ বাসভূমে পরবাসী !'' মুথিকা ব্যথিত হয়।

"টুকটুকের এটা নোবল রিভেঞ্জ, স্থপনদা বলেন। বৌদি শিউরে ওঠেন ডবল ডাইভোর্সীর সঙ্গে একগাড়ীতে যেতে হবে । আমার তো ভয় করছে ওর মতলব ভালো নয়। কিন্তু কী করা যায়! বিপাকে পড়লে বাঘে হরিবে এক ঘাটে জল খায়। বৌদি কী কী সঙ্গে নেবেন চট করে স্থির করে ফেলেন। স্থপনদা কোন্টা রেখে কোন্টা নেবেন ভেবে পান না। তাড়াতাড়ি যা হাডের কাছে পান ডাই নিয়ে গাড়াভে ওঠান। সব দরজা জানালা ভালো করে বন্ধ করা হয়। বেয়ারা থাকে চার্জে। বাব্রিকে ছুটি দেওয়া হয়। ডাইভারটিও মুললমান। তাকে নিলে অকারণে ঝুঁকি নেওয়া হয়। হিনুরা হয়তো মেরেই

क्लारत । तोनि निरक्ष गां को biनारक कारनन । किन्न कानुकनारतत अथारन গারাজ পাবেন কোথায় ? গাড়ী ও বাড়ী পাহারার বন্দোবন্ত করতে মীর সাহেবের সাহায্য চান। তিনি পুলিশের উপরে বরাত দেন। তালুকদারকে ফোন করা হয়। তিনি আশ্রেয় দিতে খুশি হয়ে রাজী হন। এল্ফকেও স্বাগত জানান। গুপ্তদের হিন্দুখানে পার্কে নামিয়ে দিয়ে রায়েরা চলে যান রিজেণ্টদ পার্কে। দেখানে দে পরিবারের অতিথি হবেন। দেখানেও গারাজ পাবেন না বলে নিজের গাড়ী বাড়ীতে রে ধ গেছেন। পুলিশের গাড়ীতে উঠে স্বর্ণনদা বলেন যশোবিকাশ রায়কে, আফটার অল, শহীদ ইজ আ ব্যারিস্টার আাও আান অকসোনিয়ান। ঘশোবিকাশ বলেন, ইয়েস। হী ইজ ওয়ান অভ আস আটি হাট। বৌদি আর টুকটুক ছ'জনেই ক্লেপে যান। বৌদি বলেন, গোরু মেরে জুতো দান। টুকটুক বলেন, অক্দফোর্ড ভ। হাসাহাসি পড়ে বায়। সেই থেকে ওঁরা হু'জনে হুই বান্ধবী। ট্কটুক আর প্রেমে পড়তে চান না, বিয়ে করতে চান না। নাচ গান নিয়ে বাকী জীবনটা কাটাতে চান। ক্রুলিণী দেবী আারাণ্ডেলের দক্ষে যোগ দেবার কথা ভাবছেন। আমি ভো জানতুম না যে স্বপনদার। বাড়ী বদল করেছেন। ওঁর ওথানে গিয়ে রামদীন বেয়ারার মুথে বুত্তান্ত শুনি। সে একপাল ভোজপুরীকে ডেকে এনে জাঁকিরে বদেছে। তাদের সকলের হাতে ইয়া ইয়া লাঠি। তারপর ভালুকদারদের ওথানে গিয়ে দেখা করি। উনি যথন শোনেন আমি তেভাগার তদারথ করতে মকঃস্থলে বেরোচ্ছি তথন আমাকে বলেন আপনাদের দক্ষে দেখা করে সব কথা শোনাতে। স্বপনদার এখন লিখতে হাত কাঁপে, হাঁটতে পা কাঁপে। ভাক্তাররা বলছেন ট্রাউমা (trauma) । বৌদি বিষম ভাবনায় भटफरहन । व्याच्हा, खेटा कि मादत ना ?" वावनी ाग्र।

মানস ভয় পায়, কিছু অভয় দিয়ে বলে, "দারে বইকি।"

বাবলী আরো বলে, "গুদিকে পুলিশের লোক গিয়ে রামদীনের কাছ থেকে সেরাত্তের ঘটনার বিবরণ শুনে লিখে নিয়ে গেছে। বস্তিতে হয়েছে ধরপাকড়। চাঁদ মিঞা এখন সদলবলে জেল হাজতে। মুসলিম লীগের উকীলরা ওদের জন্তে আদালতে জামিন প্রার্থনা করে বিফল হয়েছেন। গভর্নরের এখন টনক নড়েছে। তিনি ম্যাজিস্ট্রেট আর পুলিশের উপর কড়া ছকুম জারি করেছেন। মুসলিম লীগ গভর্ম মেণ্টে রয়েছে বলে গভর্মরের ছক্তছায়ায় থেকে আইন ও শৃঞ্জলা ভক্ক করবে এটা তিনি সক্ক করবেন না। যে কোনোদিন বর্থাও করবেন। নয়তো তার নিজের আসন টলমল। অবস্থার উন্নতি হচ্ছে বললে ভূল হবে না, আবার হচ্ছে বললেও ভূল হবে। হিন্দুরা এখন বরপোড়া গোরু। তারা সিঁতুরে মেঘ দেখলে ভরায়। মুসলমানদের মধ্যে যদিও বিহুর সজ্জন আছেন, তারা বছ হিন্দকে রক্ষাও করেছেন, আশ্রয়ও দিয়েছেন তবু মুসলমানদের কাউকেই হিন্দুরা অন্তর থেকে বিশাস করে না। নখী দন্তী শৃঙ্গীদের মতো মুসলমানদের থেকেও ওরা শত সহজ্র হন্ত দূরে থাকতে চায়। যারা পাড়া ছেড়ে পালিয়েছে তারা আর পাড়ায় ফিরতে রাজী নয়। এ সমস্তার সমাধান গভন রের হাতে নয়। তিনি তাই কোয়ালিশন গভন মেণ্টের পক্ষপার্তা। কিন্তু তার জ্বন্তে জিলার অনুমতি দরকার। জিলা সেটা কেন দেবেন যদি বড়লাট ও কংগ্রেস হাই কমাও তাঁর মুখ রক্ষা না করেন ? বড়লাট কংগ্রেদের দঙ্গে ঝগড়া করতে অনিচ্ছুক। ঝগড়া করতে হলে করতেন ব্রিটিশ স্বার্থে। কিন্তু মুসলিম লীগের স্বার্থে একটিও ইউরোপীয় জীবনকে তিনি বিপন্ন করবেন না। তিনি ভালো করেই জানেন ৰে কংগ্ৰেদ আরেক দফা আন্দোলন শুরু করলে বামপদ্বীরা গান্ধী, নেহরু কারে: তোয়াকা রাথবে না। ইউরোপীয়দের পিটিয়ে তাড়াবে। মুসলমানদের গায়ে হাত দেবে না। দেশ এখন আগুন হয়ে রয়েছে। বড়লাট মুসলিম লীণের স্বার্থে বড়ো জোর এইপর্যস্ত করতে পারেন যে নতুন গভর্ন মেন্টে মুসলিম লীগের জন্মে পাঁচটি আসন সংরক্ষিত থাকবে, কিন্তু ফংগ্রেসের জন্মে সংরক্ষিত আসন সে হিন্দুকে দেবে না মুসলমানকে দেবে সেটা কংগ্রেসের মজি। লীগের মঞ্চি নয়। আশ্চর্ধের বিষয় এই দামাত্ত পয়েণ্টটুকু মেনে নিতে তাঁর হু' হু' মাদ লাগল। ভনেছি কংগ্রেস হাই কমাও কংগ্রেস লীগ কোয়ালিশনের খাতিরে একজন কংগ্রেস-মুসলিমকে বাদ দিতে উত্তত হয়েছিলেন, মওলানা আজাদ পর্যস্ত অহ্যোদন করেছিলেন, কিন্তু গান্ধীজী বাধা দেন। কংগ্রেস-ম্পলিমদের স্বার্থত্যাগ কারে। চেয়ে কম নয়। ত্যাগের দিন গারা ত্যাগের সাথী ভোগের দিন তাঁরা ভোগের সাথী হবেন এটাই তো ন্যায়নীতি। তিনি বোধহয় অহমান করতে পারেননি তার পলিদির পরিণাম কী হবে। হয়েছে মুসলিম লীগের প্রত্যক্ষ সংগ্রাম দিবস। যার ভুক্তভোগী অসংখ্য নিরীহ হিন্দু মুসলমান। শতকরা পঁচানব্বই জন গরিব মাত্রষ, যারা দিন আনে দিন থায়। আমরা এ পলিসি কী ফরে সমর্থন করি ? এটা ক্যায়নীতি হতে পারে, রাজনীতি নয় ! যাই হোক, এতে আমাদেরই লাভ হয়েছে। আমরাই এখন তুই সম্প্রদায়ের মাঝখানে একমাত্র সেতৃবন্ধ। নির্ভয়ে বিচরণ করি। উভয় পক্ষকেই অভয় দিই। আমাদের উপর লোকের আছা বেড়েছে। আজ যে আমরা এই মৃদলিম-প্রধান জেলায় ঘূরে বেড়াচ্ছি এটা কি দম্ভব হতো যদি আমাদের পরিচয় হতো আমরা কংগ্রেসের লোক বা হিন্দু গান্ধীর শিশু ় জুলি কি সে রকম পরিচয় দিয়ে মৃদলমানদের মন পেতে পারছে ় দৌম্যদাও কি আজকের এই পরিছিতিতে সেতৃবন্ধন করতে পারছেন ? সেতৃভন্ধ তো চার বছর আগে ঢের করলেন।

যুথিকা স্থপনদার জন্মে উবিদ্ন। "ওঁর ভ্রো ঠিক আছে তো ?"

"যোল আনা ঠিক আছে। শকটা তো বেনে নয়। প্রাণে। ওই যার। র'তের মাঝথানে এসেছিল তাদের হাতে ভাগ্যিদ্ অস্ত্রশস্ত্র ছিল না। থাকলে বৌদির দোনলা বন্দুক কভটুকু কাজে লাগত ্ হিংলা পরান্ত হতো প্রবলভর হিংসার কাছে। বৌদির অপমানের দীমা থাকত না। আর দাদার তো প্রাণটাই যেত। কথাটা নির্জলা সত্য। আমিও চিস্তা করে দেখছি মুসলমানর৷ যে হিংসার মার্গ ধরেছে এই মার্গ যদি হিন্দুরাও ধরত তা হলে হিন্দুর সর্বনাশ যা হতো তার চেয়ে চার গুণ বেশী হতো মুসলমানের সর্বনাশ। ্মেড়া লড়ে খুটির জোরে। ওরা লড়ছে ইংরেজদের জোরে। দে খুটিও আর ব্দাগের মতো জোরদার নয়। তার পরীক্ষা হয়ে গেল এবার কলকাভায়। কলকাভাব ভিনদিনের দাঙ্গাহাঙ্গামাকে যদি ব্যাটল অভ, ক্যালকাটা বলেন জা হলে হিশুরাই জিতেছে, মৃদলমানরা হেরেছে। প্রত্যেকবারই এ রকম হবে। এটা একটা ডিসাইসিভ ইভেন্ট। যেমন ব্যাটল অভ্প্ল্যাসী। আমার খুব থারাপ লাগছে একথা ভাবতে যে হিন্দুরা মৃদলমানদের চেয়েও হিংল্ড হয়েছে। ওরা ছিল মাইলড হিন্দু। হয়েছে এয়াইল্ড হিন্দু। বর্বরতার প্রতিযোগিতার ওরাই পর্যলা নম্বর। ওদের হাতে মুখল ভারত সঁপে দিয়ে যাবে কেন ইংরেজ ? মুসলমানদের নিরাপতার ছত্তে ৬ বরও একভাগ দিয়ে যাবে। এটা একরকম নিশ্চিত হয়ে গেল। তবে এটাও নিশ্চিত যে কলকাতা পাকি সানের ভাগে পড়বে না।" বাবলীর দিদ্ধান্ত।

মানস গভীরভাবে বিচলিত হয়। তার তাংপর্য কী বোঝো, বোন বাবলী ? ভারতীয় জাতীয়তাবাদীদের তিন পুরুষের তপস্তা ব্যর্থ হবে। আরে তাঁদের মধ্যে যাঁরা গান্ধীপন্থী তাঁদের এক পুরুষের সাধনা মুছে যাবে। সৌম্যাদা তার শাহাদাত দিয়ে কী করে এ তরক রোধ করবে? আরে তার বাপুর যা হবে তা কি বিয়োগাস্ত নাটকের শেষে যা হয়। "

যুথিকা বেদনা বোধ করলেও হাসির ভাণ দিয়ে ঢেকে দেয়। "ভোমরা থাকতে আমাদের ভাবনা কী । একটা বিপ্লব টিপ্লব কিছু ঘটাও। মাসুষের মনটা এই মধাযুগের মিথ্যা ঘল্ব থেকে মুক্ত হোক। এরাও বুর্জোয়া, ওরাও বুর্জোয়া। বাহা কংগ্রেস তাঁহা ম্সলীম লীগ। বুর্জোয়াতে বুর্জোরাতে এক মুহুর্তেই কোলাকুলি হবে, যেই দেখবে লাল কেলার মাথায় লাল ঝাওা উড়ছে। প্রতিবিপ্লবের জন্মে ওরা হিন্দু মুসলমান নিবিশেষে এককাটা হবে। আজকের নেতাদের দিন ফুরিয়ে এসেছে। কী বল, ভাই । ভোমার নামটি কী ।"

"মাধুরী হোম। আমি এই শহরেরই মেয়ে। গাইড হয়ে এদেছি। কমরেড নই। রাজনীতি বৃঝিনে। মেয়েদের স্কুলে পড়াই।" বান্ধবী বলে।

"ও:। আমার ধারণা ছিল তুমিও ঘরদংসার ফেলে বিপ্লব করে বেড়াচছ। এসো একটু থাবার টেবিলে বসা যাক। আচ্ছা, বাবলী, বৌদিকে কেমন দেখলে বললে না তো। আর তাঁর এলফকে।"

"বৌদি হোমসিক। আর এল্ফ পরের বাড়ীতে এসে প্রতিক্ষণে অক্তব করছে সে আর স্থানীন নয়। তার ম্থেরা নেই। দেখে মায়া হয়। স্থানদা তো বলছেন আর ওম্থো হবেন না। ওইসব লোকের ম্থ দর্শন করবেন না। শেষে কি স্বামীস্থীতে ছাড়াছাড়ি হযে যাবে । কলকাতার দালায় ওঁদের সোনার সংসার ছারথার হবে । এটাও কি কম ট্যাজিক ।" বাবলী জিজাসা করে। জিজাসার ভিতরেই উত্তর।

## ॥ চবিশ ॥

ভোজনের মাঝথানে মানস বলে, "বোন বাবলী, ভোমার কাছে আমার একটি অফ্রোধ আছে। তৃমি সোজা পথে কলকাতা ফিরে না গিয়ে বাঁকা পথে যুরে যেতে পারবে ?"

"কেন পারব না ? তবে পার্টির কর্মীদের দক্ষে পরামর্শ করতে হবে। জানো তো, পার্টি ফাস্ট । কিন্তু ব্যাপার কী, বলো তো ?" বাবলী বিশ্বিত।

তুমি অপনদাদের থবরটা জুলিদের একবার শুনিয়ে গেলে ভালো করতে। সেইসকে জুলির মায়ের থবরটাও।" মানস উত্তর দেয়। "নিশ্চয়। আমি কালকেই রওনা হয়ে যাব। তার আগে একটা টেলিগ্রাম করে দিয়ো। জুলিটাকে দেখতে এত ইচ্ছে করে। দেখা হলে খুব ঝগড়া করব ওর সঙ্গে। লড়াই টড়াই ছেড়ে কেমন বর নিয়ে ঘরসংসার করছে।" বাবলী হাসে।

সবাই হাসাহাদি করে। যুথিকা বলে, "তা তোমাকেই বা মানা করছে কে ? পার্টিভেও তো স্থপাত্তের অভাব নেই। বিয়ের নজীরও তো রয়েছে।"

"আচ্ছা. যুগীদি, তুমি কি এদেশের মেয়ে নও । তুমি কি জানো না যে খণ্ডর শান্তভীর মত না থাকলে বিয়ে স্থের হয় না । জুলির খণ্ডর শান্তভী থাকলে বিয়েই হতো না। তার বদলে বিপ্লব হতো।" বাবলী রসিকতা করে।

"থাক, বোন বাবলী। কেঁচো খুঁড়তে সাপ বেরিয়ে পড়বে। ও প্রসঙ্গ থাক। এখন শোন। ভোমার হাতে আমি একথানা চিঠি দিতে চাই। সেটা সৌম্যানার জন্মে। ওর মাথায় একটা ভূত চেপে রয়েছে, শাহানাং! ও শহীদ হবে। তুমি কি ওকে ব্ঝিয়ে বলতে পারবে যে বিয়ের পরে শহীদ হওয়ার অধীনতা ওর নেই? শহীদই যদি হবে তো বিয়ে কর্মে গেল কেন? অমনবৌ বহু ভাগ্যে মেলে। ও বেচারি শবরীর মতো কতকাল প্রতীক্ষা করেছে। ওর কি আর কারো সঙ্গে বিয়ে হতো না? পাত্র তো বিলেত থেকে বার বার ধাওয়া করে এসেছিল। ওই, যার সঙ্গে মিলির বিয়ে হলো।" মানস বলে।

"ওমা, তাই নাকি। মিলির বর জুলিকে বিয়ে করতে এসেছিল? কাব সঙ্গে কার বিয়ে হয় প্রজাপতিই জানেন '' বাবলী যেমন শুনেছে।

শিত্যি। আমিই কি জানতুম যে এই বরটির সঙ্গে আমার থিয়ে হবে? ইনিও সৌমাদার দোসর। ইনি নীবব দর্শক হয়ের যা। যুদ্ধের সময় যুদ্ধক্ষেত্রে যাবেন। কলকাতার দাঙ্গার থবর শুনে ছটফট রছিলেন, দাঙ্গাটাও তো একরকম যুদ্ধ। ইনি বলেন উত্তরাধিকারের যুদ্ধ। পদত্যাগের কথা তো হামেশাই বলেন। তা তৃমি সৌমাদাকে বৃঝিয়ে বলবে যে দেশ তাঁর কাছে শহীদিয়ানা চায় না। ইংরেজরা এখন যাবার মুখে, তারাই ডেকে নিয়ে কংগ্রেসকে তাদের সিংহাসনে বসিয়ে দিছে। পরশু জবাহরলালের অভিষেব। কৈকেয়ী বাগড়া দিতে চেষ্টা কবেছিলেন, বার্থ হয়েছেন। কলকাতা ছাড়া আর কোথাও বিশেষ কোনো কাওকারখানা হয়নি। আর কলকাতায় যা হয়েছে তা তো ইংরেজের বিরুদ্ধে বিশেষ কর্ম, ইংরেজদের সঙ্গে যারা এতকাল

লড়াই করে এসেছে দেই হিন্দের উপরেই অ্যাচিত আক্রমণ। গদ্ধনীর মাহ্ম্দের মতো। ইতিহাসের পুনরাবৃত্তি কিন্তু অত সহদ্ধ নয়। ওদের গদ্ধনীতেই ফিরে বেতে হবে। ইংরেজরা যাচ্ছে, ওরাও যাক।" যুথিকা উত্তেজিত হয়ে বলে।

মানস মৃত্ হেসে বলে, "গঞ্জনীতে ফিরে যেতে চাইলেও পাশপোট লাগবে। ভিসা লাগবে। যতজন এসেছিল তাদের সংখ্যা নগণ্য। বাড়তে বাড়তে যজন হয়েছে তাদের সংখ্যা আফগানিস্থানের মোট জনসংখ্যাকেও ছাড়িয়ে যায়। তা হলে আফগানরা যাবে কোথায় ? একই কথা মোগল বংশধরদের বেলাও। তা ছাড়া ন'কোটি মুসলমানের দবই তো আরব, ইরানী, তুর্ক, আফগান, মোগল বংশর নয়। তারা খীকার না করলেও তাদের চেহারা. তাদের ভাষা ধরিয়ে দেয় যে তারা ভারতীয় বংশধর। ধর্মান্তর বংশান্তর নয়। এখন এদের পা কী স্থানে যাবে ? এই প্রশ্নের উত্তব তোমরা কেউ দিতে পারে। ?"

"পাকিন্তানে।" ঘৃথিকা, বাবলী, মাধুরী একসঙ্গে বলে ওঠে।

তথন মানদ বলে, "কেউ ওদের যেতে বাধ্য করছে না। ওরাই পা তুলে বদে আছে। ইংরেজ যাচ্ছে, হুতরাং ওরাও যাবে। ইংরেজ যাবে তার হোমে, ষ্মতএব ওরাও যাবে ওদের হোমল্যাণ্ডে। যাওয়াটা ছ'দশবছর পরে হলে চলবে না। একই সঙ্গে, একই সময়ে। বরং একদিন আগে। হিন্দু নেটিভদের আওতায় বা অধীনে একটা দিনও নয়। সেই হুর্ভাগ্য এড়ানোর ক্ষরে ওরা প্রত্যক্ষ সংগ্রাম বাধিয়ে দেবে। সে সংগ্রাম অন্ত্রশস্ত্র ও মশাল নিয়ে। হিন্রা যদি সমান সহিংস হয় তবে যা হবে তা সাধারণ দালা নয়, মধ্যযুগের ইউরোপে যাকে বলা হতো 'ফিউরি'। অন্ধ আক্রোশে পরস্পরের উপর ঝাঁপিয়ে পড়ে বক্ত পশুর চেয়েও নৃশংস হওয়া। জিলা সাহেব বছর পাঁচ ছয় আগে এড ওয়ার্ড টমসনকে বলেছিলেন, পাকিস্থানের জ্বল্যে লড়াই বাধ্বে প্রামে গ্রামে গঞ্জে শহরে শহরে মহলায় মহলায়। টমসন চমকে ওঠেন। এটা কি কথনো সম্ভব ? জিলা সাহেব দেখিয়ে দিলেন যে সম্ভব। আপাতত কলকাতায়। মুদলমানরা যদি জেতে তবে তো পাকিন্তান আদায় হবেই, যদি হারে তা হলেও পাকিন্তানের কেন মজবুত হবে। ন্যাটের দ্রবারে হিন্দ্রের অত্যাচারের দোহাই দিয়ে পাকিন্তান প্রার্থনা করা হবে। দে প্রার্থনা মঞ্জুর हरवं । हिन्तु मुनलभारनं र नर्भक राम नर्भान । जारला-जाकमरनं मण्यक ।

তেমনি পুরাতন। তেমনি অবিচ্ছেত। কে যে নর্মান, কে যে আ্যাংলো
স্যাক্ষন তা কি এখন জাের করে বলবার উপায় আছে ? একই রকম পােশাক

পরলে, দাড়ি গােঁফ কামালে কেউ কি ব্রতে পারে কে ম্দলমান, কে হিন্দু ?

হিন্দুরাও চােন্ড উত্বিলে, ম্দলমানরাও থাঁটি ভাজপুরী। মেয়েদের বেলা তাে
কথাই নেই। গ্রামে গ্রামে যখন লড়াই বাধবে তখন দেখবে রাতারাতি সবাই
ভাল পালটেছে বা সদলবলে পালিয়েছে। এখন আমার ভাবনা কলকাতার

মহামারী যেন পুর বাংলায় সংক্রামিত না হয়। আমাদের ম্যাজিস্টেট ও পুলিশ

সাহেব ম্দলমান হলেও কমিউনাল নন। তাঁরা শান্তিরকা করতে দ্চপ্রতিজ্ঞ।

আমিও তাই। কিন্তু আমরা আর ক'জন। তবে আমাদের বিশাস অধিকাংশ
অধিবাসীই শান্তিপ্রিয়। তারা সহযোগিতা করবে।''

এর পর ওদের গল্প করতে বলে মানস চলে যায় ওর লেখার টেবিলে! চিঠি লেখে সৌম্যদাকে ও স্বপন্দাকে। চিঠি ছটে। বাবলীর হাতেই পাঠাবে। বাবলীকে অন্তরোধ করবে সৌম্য ও জুলির সঙ্গে দেখা করে কলকাতা ফিরতে।

শৌমাকে লেখে, "ফেট্ট্নমান যাকে বলছে গ্রেট ক্যালকাটা কিলিং আমি ডাকে বলব সেণ্ট বার্থোলোমিউজ ডে ম্যাদাকার। প্যারিদে যা ঘটেছিল আয় চার শতান্দী পূর্বে। রাজমাতার প্ররোচনায় ক্যাথলিকরা প্রটেটাণ্টদের সদল্বলে নিপাত কিংবা বিতাড়ন করে। বিতাড়িত প্রটেস্টার ইংলেণ্ডে গিয়ে রানী এলিজাবেথকে জানায়। এলিজাবেথের প্রতিবাদে ক্যাথারিন ডি মেডিসি উত্তর দেন, তোমার যদি ইচ্ছে হয় তুমিও তোমার প্রটেন্টাণ্টদের নিপাত কিংবা বিভাতন করতে পারো। তাই হয়। এখন আমার আশক্ষা এদেশেও সেইরকম কিছু নাঘটে: অহিংসাবাদীন অভা রকম উত্তর খুঁছে বার করতে হবে। যাতে হিন্তু বাঁচে আর স্বস্থানে বাদ করে। মুদলমানও বাঁচে আর স্বন্ধানে বাস কবে। বাপু বোধ হা এটাকে সাধারণ লৈ আ্যাণ্ড অর্ডারে'র প্রশ্ন মনে করে ব্রিটিপ-শাসকদের উপর ছেড়ে দিয়ে নিশ্চিম্ভ আছেন। কিন্তু তিনি কি জানেন না যে এটা তার চেয়েও সীরিয়াস ? এটা একপ্রকার গৃহযুদ্ধ। কলকাতার ঘটনার বিবরণ 📆 শুনছি ও পড়ছি ভাতে মনে হয় হিন্দু মুসলমানের ক্রোধ এত প্রচণ্ড যে তারা বন্দুক বেয়োনেট হাতে পেলে তাও ব্যবহার করত। ডাইনামাইট হাতে পেলে তাও। দল্বের এক निक हिन्तुरम्त कृष्ठे **रमक्षतिष्ठि। 'शक्रमिक म्**मलमानरम् व कृष्ठे रकार्म। अत

কোনো সামরিক সমাধান নেই। রাজনৈতিক সমাধানই ভেবে বার করতে হবে। বাপুথাকতে আর কে সে কাজ করতে পারেন? আমরা যারা ল আও অর্ডার' বজায় রাখতে নিযুক্ত তাদের দৌড় ততদ্র নয়। আর আমরাও তো হিন্দু মুসলমানে বিভক্ত। হিন্দু যদি বাঁকে বাঁকে মরে আমিও কি উত্তেজিত না হয়ে পারি? তেমনি, মুসলমান যদি কাতারে কাতারে মরে কোন্ মুসলিম অফিসার মাথা ঠাণ্ডা রেখে মন দিয়ে হিন্দু রক্ষা করতে পারবেন? বলা বাহুল্য ইউরোপীয় অফিসার এখানে একজনও নেই, থাকলেও তিনি হয়তো কলকাতার গোরা পুলিশের মতো নিরপেক ও নিজ্ঞিয় থাকতেন। যতদ্র ভনেছি। বাত্তবিক, তাঁরা তো যাবার মুখে। তাঁদের কী স্বার্থ, কেন তাঁরা হিন্দুর দিকে বা মুসলমানের দিকে ঝুঁকতে চাইবেন? ঝুঁকলে সমতা রাথবেন। সেটাই তাঁদের পলিদি। বেশী হিন্দু বা বেশী মুসলমান ধরলে বা মারলে পক্ষপাতিত্বের অভিযোগ উঠবে। তুঁরা ত্'পক্ষেরই গুড়উইল চান। কোনো একপক্ষের নয়।"

স্বপনদাকে যা লেখে তা কতকটা একই প্রকার। তার সঙ্গে যোগ করে দেয়, "তুমি ফরাসী মান্থয। তুমি কী না দেখেছ ? চারশো বছর আগে দেউ বার্থোলোমিউজ ডে ম্যাসাকার। জনগণ দারুণ কমিউনাল ও মধ্যযুগীয়। তার ত্ব'শো বছর বাদে তাদের উত্তরপুরুষরা আশ্চর্যরকম সেকুলার ও আধুনিক। রাজমাতার উত্তরনারী রাজরানী মারী আঁতোয়ানেতকেই তারা গিলোটিনে নিপাত করে। রাজস্বকেও উচ্ছেদ করে। ক্যাথলিক চার্চের সম্পত্তি রাষ্ট্রায়ত্ত করে। চার্চের উপর থেকে পোপের আধিপত্য রহিত করে। চার্চের হাত থেকে শিক্ষাযুবস্থা কৈড়ে নেয়। আইনকাহন বদলে দেয়। সব মিলিয়ে যা হয় তাকেই বলে ফরাসীবিপ্লব। অপেক্ষা করো আর ছাঝো। এইটুকুকেই তোমার হাত পা কাঁপছে। আরো কত কী দেখতে হবে, তথন তো হংকম্প ছবে। যদি না নিজেকে সামলাতে সমর্থ হও। বৌদিই ভোমাকে সামলাবেন। তিনি শক্তিমতী।

তোমার কর্তব্য দেশের লোককৈ বৃহত্তর ও মহত্তর ভূমিকার জন্মে প্রস্তৃত্ত করা। ভলতেয়ারের মতো, কশোর মতো, দিদেরোর মতো। এনসাইক্লো-পীডিস্টদের মতো। হাত গুটিয়ে বদে না থাকলেই হাতের কাঁপুনি থেমে যাবে। পায়ের কাঁপুনিও থামবে সভায় সমিতিতে গেলে। উঠে দাঁড়াস্, উঠে দাঁড়াস্, ভেঙে পড়িস্ না রে।"

চিঠিখানা বাবলীর হাতে দেবার আগে মানস স্বাইকে পড়ে শোনায়। বাবলী বলে, "যদি কিছু না মনে কর, মানসদা, তোমার থীদিদের বিদমিল্লাতেই গলদ। কংগ্রেদ নেতার। তো বড়লাটের আহ্বানে ইণ্টারিম গভন মেণ্টে त्यांग मिट्ड भा वांकित्य्रिहित्ननहे व्याकाम्दक वाम मिट्य । किन्न गान्नीकीव्र ধহুর্ভন্ন পণ আজাদকে বা অব্য একজন আশনালিস্ট মুসলমানকে দকে নিয়ে **८यए इटर । नग्रह्मा यांच्या हलार ना । धिमिरक जिल्ला नाटश्यव्य जनमनीय জেদ লীগপন্থী ভিন্ন অন্ত কোনো মুদলমান গেলে লীগ নেতারা যোগ দেবেন** না। বড়লাট একপক্ষকে তুষ্ট করতে গিয়ে খারেক পক্ষকে রুষ্ট করতে চান না। তাই কেয়ারটেকার গভন মেণ্ট গঠন করেন। সেটা নিতাভই ঠিকা বন্দোবস্ত। শেষে মনাম্বির করেন যে কংগ্রেদের শর্তে রাজী হবেন, একজন ন্তাশনালিস্ট মুসলমানকে কংগ্রেসের জন্তে নিদিষ্ট আদনের একটা দেবেন। ভার মানে গান্ধীর পণই বহাল রইল, জিলার জেদ থারিজ হলো। জিলার রাগটা পড়ল ইংরেজ ও কংগ্রেস উভয়ের উপরেই। রাগের মাথায় তিনি ডাইরেকট অ্যাকশনের প্রস্তাব পাশ করিয়ে নিলেন ও ঘোষণার দিন ধার্য করলেন। ব্যদ, অমনি বেধে গেল ভারতের বিভিন্ন স্থানে দান্ধা। অক্সান্ত খানে সে আংগুন সংশে সংক নিবিয়ে ফেলা হয় কিংবা জলতেই দেওয়া হয় না। ইংরেজ ও কংগ্রেস উভয়েরই পলিসি এক। ব্যতিক্রম একমাত্র কলকাতা। আর দে কী বিফোরক ব্যতিক্রম! এটা বিলেতের লেবার গভন মেণ্ট প্রদুদ করেননি, ভারতের বড়ল।টও না। বাংলার গভন রও যে করেছেন তাও না। স্বহরাবদীকে বিশাস করতে গিয়েই এ ব্যাপার ঘটেছে। তুমি নিশ্চিত্ত থাকতে পারো বাংলাদেশের আর কোনোখানেই হিন্দু মুসলমানের দাঙ্গা বাধবে না। মুসলিম লীগের ডাইরেক্ট আাকশন একটা কাঁকা আওয়ান্দ। कः राज्यम अकब्बन का मिना निष्ठे मुमलमानरक निराय हे छोत्रिय न स्मर्पे या एक । তবে ওটাও প্রোভিজনাল গভন মেণ্ট নয়। ওটাও কাঁকি। ওয়েভেলের নায়েব হয়ে নেহেরু ইংরেজের জমিদারি চালাবেন। স্বাধীনতা না হাতী। विश्वत । विश्वत हाजा माळा माजानी रूट शादा ना। विना विश्वत चाजानी बूढ़े। आजामी। এই হলো यथार्थ शीमिम। आत তোমার धरे कतामी विश्ववस সেকেলে বিপ্লব। একেলে বিপ্লব হচ্ছে রুশ বিপ্লব। তার জন্যে দেশকে তৈরি করতে হলে ফশো, ভলতেয়ার কোনো কর্মের নয়। মার্কদ, এছেলদ, লেনিন, স্টালিন পড়তে হবে, গণনাট্য অভিনয় করতে হবে। অমনি করে হবে গণ- জাগরণ ও রণ আয়োজন। অহিংসা! হাহা! হোহো! হি হি! সৌম্যাদার যা হাস্তক্র উপায়। এটা একটা মীথ। মানে মিথা।"

মানস চুপ করে থাকে। যুথিকা মুখ খোলে। "তোমরা কবে একেলে বিপ্লব ঘটাবে ততদিন ঘটনার স্রোত অপেক্ষা করবে না। ইনিশিয়েটিভ এতকাল গান্ধীজীর হাতেই ছিল, এখন জিলা সাহেবের হাতে চলে গেছে। এই নির্মম সত্যকে বাপু কী ভাবে গ্রহণ করেন, কী ভাবে এর সঙ্গে মোকাবিলা করেন তার উপর নির্ভর করছে ভারতের ভবিয়াৎ।"

বাবলী বিদায় নিয়ে পরের দিন সৌম্যর কর্মন্থলের অভিমুখে রওনা হয় ও সেইদিনই পৌছয়। দৌম্য তথন তার আশ্রমে উপস্থিত ছিল না। জুলি তার কুটিরের মেজের উপর আলপনা আঁকছিল। দিলীতে আজ প্রোভিজনাল গভর্নমেন্ট। কী আনন্দ। কী আনন্দ। কী আনন্দ।

জুলির সরল বেশ, সরল ভ্যা, গৃহকর্ম নিপুণতা দেখে বাবলা রসিকতা করে, "তুই যে পুরোদম্ভর কম্ভরবা বনে গেলি রে! তোকে দেখে বিশাস হয় না যে তুই জুলি। পতিব্রতা বলে এতখানি পতিব্রতা! তুই যে সীতা, সাবিত্রী, সতা, দমরন্তী, শৈব্যা প্রভৃতির একজন হয়ে গেলি রে! চিরম্ভনী ভারত নারী। পরে যথন মা হবি তথন উমা হৈমবতী। অবাক করলি, জুলি।"

কলকাতার প্রদঙ্গ ওঠে। বাবলী স্থপনদাদের হুর্ভোগের কাহিনী বিস্তারিত ভাবে শোনায়। এলুফের কথাও ভোলে না।

"আমার মা কেমন আছেন ? অনেকদিন থবর পাইনি।" জুলি স্থায়। "দেখা হয়নি। খোঁজও নিতে পারিনি। তবে ও পাডাটা এখনো পাকিস্তান হয়নি। স্বাই নিরাপদ।" বাবলী অভয় দেয়।

এর পরে অনেক স্থত্থের কথা। জুলিকে মিলি ত্'চক্ষে দেখতে পারে না। গুর মা বাবার ভালোবাসার টানে সে ওঁদের গুখানে এতদিন ছিল, এখন গুর নিজের কুটিরে উঠে এসে হাঁফ ছেড়ে বেঁচেছে। কিন্তু এদিকেও নিন্দুকের টিটকারী শুনতে হচ্ছে। দিশী কুঁড়ে ঘরে বাস করে, বিলিতী টয়লেটে মাৎ করে।

"ওদের চুকলিতে কান দিতে নেই, ভাই। গাঁয়ে গাঁয়ে বেড়াতে গিয়ে আমারও কি কম অস্থবিধে হচ্ছে? তা বলে তো কমোড আশা করতে পারিনে। তুই বোধহয় গ্রাম অঞ্জে যাস্নি। শহরে বসেই গ্রাম উলয়ন করছিন। আজ হোক, কাল হোক তোকেও গ্রামে গ্রামে ঘুরতে হবে। যদি সত্যি কপ্তরবা হয়ে থাকিন। ওইটেই অ্যাসিড টেণ্ট।" বাবলী থিল থিল করে হাসে।

শ্রামে যাইনি তা নর।" জুলি সংস্কাচের সঙ্গে বলে। "দিনের বেলা চেপে রেখেছি। রাতের অন্ধকারে মাঠে দক্ষলে গেছি। এখন ব্বাতে পারি কেন এত নারীহরণ হয়। স্বরাজ তো হলো। এবার এর একটা স্থায়ী প্রতিকার চাই।"

"স্বরাজ তো হলো!" বাদ করে বাবলী। "রক্তবর্ণ শূগাল ওই জবাহরলাল নেহরু। বিপ্লবন্ত করেননি, জারকেও তাড়াননি, জারের অনুপ্রহে তাঁর শাসনপরিবদের পারিষদ হয়ে বলছেন ওটাই নাকি প্রোভিজনাল গভর্নমেট! ছ'দিন বাদে লাখি মেরে বিদায় করে দেবে, অ-পদস্থ হয়ে জেলে ফিরে যাবেন, ম্নলমানরা এমনি আনন্দের সঙ্গে 'মৃক্তি দিবস' পালন করবে। আর জিলা শাসাবেন, কংগ্রেস গদীতে ফিরে এলে আবার তুলকালাম কাণ্ড করব। লেনিনের ভাষায় কথা বললে কী হবে ? লেনিন তো নন। গান্ধীও নন। আসলে উনি একজন ফেবিয়ান। লেবার গভন মেণ্টের বেশীর ভাগ সদ্স্তই ফেবিয়ান সোসাইটির শদ্স্য। ওঁরাও যে শক্ত হয়ে গদীতে বদতে পারবেন ভাও নয়। রাজতরের ছত্রছায়ায় স্মাজতর প্রতিষ্ঠা করতে যাওয়া এক দিবাম্বর।"

এমন স্বায় সীম্যর প্রবেশ। হাতে সাজিভরা লাল পদা। বাবলী উঠে দাঁডায়। কামনে করে আভূমি প্রণত হয়।

পোম্য চমকে ওঠে! "ও কী! কমিউনিন্টরাও প্রণাম করে নাকি!"

"তোমার কাছে আমি কমিউনিফ নই, আমি ছোট বোন। ভা ছাড়া তুমি একজন দাধু দন্ত। মাধা আপনি নত হয়ে আদে।"

আচার্য প্রফুলচন্দ্রের মতো ওর পিঠে একটা কিল ২ য়ে দেয় সৌম্য। বলে, "এই যে কুটিরট। দেখছ এটা আচার্য প্রফুলচন্দ্রের আত্রাইঘাটের কুটিরের অনুকরণে তৈরি হয়েছে। সাজানো হয়েছে। সিলিং থেকে শিকেয় করে ঝুলছে হাঁড়ি পাতিল। তাতে চিঁড়ে, মুড়ি, খই, পাটালি, বাতাসা, ছধ, দই, ছানা, চা, চিনি। দড়ি ধরে টান দিলে স্কড় স্কড় করে নেমে আদে। কোন্টা খাবে, বলো।"

বাবলী ইতন্তত করে। সৌম্য তখন ওর দক্ষিনীর দিকে তাকায়। দেও প্রণাম করেছিল। "তোমার পরিচয় তো দিলে না।" "মুরলারানী সরখেল। আমি এইখানকারই মেয়ে। বেছলাদির গাইড হয়ে এসেছি। কিন্তু কমিউনিস্ট নই।" মেয়েটি বলে।

"বেছলাদি! বেছলাদিটি কে?" সৌম্য বাবলীর দিকে তাকায়।

"ও:। তোমরা জানো না যে আমাদের একটা ছদ্মনামও থাকে। পুলিশের চোথে ধূলো দিতে হলে ও ছাড়া আর উপায় কী। লেনিন, দ্টালিন, টুটস্কি, গকি এসব ছদ্মনাম ছাড়া আর কিছু নয়। আমারও তেমনি ছদ্মনাম বেছলা। হিন্দুদের কাছে বেছলা দেবী। মুসলমানদের কাছে বেছলা বিবি। কিন্তু যতই যাই করি না কেন পুলিশ সব থবর রাথে।" বাবলী হাসে।

সৌম্য শিউরে ওঠে। "তুমি কি বোঝাতে চাও আমাদের আশ্রমেও?"

"হাা, তোমাদের আশ্রমেও। তেমনি, পুলিশেও আমাদের লোক আছে। কোথায় নেই Y প্রত্যেকটি আপিদেই। প্রত্যেকটি স্কুল ও কলেজেই। এই যুদ্ধের স্কুযোগ নিয়ে আমরা সর্বত্য চুকেছি।" বাবলী হাসিমুথে বলে।

জুলি কৌতৃহলী হয়ে স্থায় লখিন্দর বলে কেউ আছে কি-না। বাবলী হেসে উড়িয়ে দেয়। 'কোন সাহসে লখিন্দর হবে । সাপের কামড়ে মরবে না । তখন ওকে বাঁচাবার জন্তে আমাকে ভেলায় করে ভাসতে হবে নাকি ।''

দড়ি টেনে একে একে নামানো হয় হাঁড়ি পাতিল। যে যার পছন্দ মতে। খায় যেটা খুশি।

''তোরা আজ এইথানেই ভাত থেয়ে যাবি। সবাই মিলে একটু গল্প গুজব করা যাবে। রাজনীতি নয়।' জুলি নিমন্ত্রণ জানায়।

বাবলী রাজী হয়। তথন জুলি রালাধরে গিয়ে রালার উভোগ করে। মুরলা তার সাথী হয়। কুটিরে আর একটি মেয়েও ছিল। আশ্রমিকা। কালী।

বাবলী সৌম্যকে স্বপনদার কাহিনী শোনায়। সেটা শোনানোর জ্ঞেই এখানে আসা। মানসের অন্থরোধে। স্বপনদা নিজে ভো লিখবেন না, হাত কাঁপে।

"স্বপনদা তো বৌদির মতে প্রচ্ছন্ন ম্সলমান। ওঁর মাতুল বংশ মোগল আমলের রইস। তাঁদের লাইবেরীতে এনতার ফার্সী কেতাব। আদৰ কায়দাও অনেকটা অভিজাত ম্সলমানদের মতো। তাঁদেরি মতো সেই দোষ ত্টোও ছিল। ত্রাও পাকী। ওঁরা লখনউ থেকে, বেনারস থেকে বাঈজাদের আনিয়ে পান শুনতেন, নাচ দেখতেন। স্বপনদার শৈশ্বটা তো মৃশিদাবাদের নবাবী আবহাওয়াতেই কেটেছে। সেই মাসুধকে যে মুসলমানরাই ঘরছাড়া

করবে এটা কি কখনো ভাবা যায় ? এর অভাবনীয়তাই তাঁকে বিহবল করেছে। বৌদিকে নয়।" বাবলী বিবরণ দিয়ে বলে।

সৌম্য তৃ:খ প্রকাশ করে। "ভগু প্রচ্ছন্ন মুদলমানর। কেন, প্রকাশ্য মুদলমানরাও আজ দারুণ এক বিভীষিকার রাজতে বাদ করছেন। ইংরেজ থাকতেই এই ৷ ইংরেজ চলে গেলে মুদলিম লীগ যে কী না করবে তাই ভেবে মুদলমানরাও আতঙ্কিত। মৌলানা ইদমাইল হোদেন জালালাবাদীর নাম শুনেছ ? থেলাফৎ আন্দোলনে তিনি ও আমি জেলবন্দী ছিলুম। সেদিনকার অনেকেই মুদলিম লীগে যোগ দিয়ে ঘোরতর কমিউনাল হয়েছেন। কিন্তু মৌলানা পাহেব এখনো থাদি পরেন, চরকা কার্টেন, গঠনের কাজে আমার ম্পে সহযোগিতা করেন। যদিও গান্ধীজীর মতো কংগ্রেস ছেড়ে দিয়েছেন। এমন মাহুষের উপরেও লীগপন্থীদের রোষ। কেন তিনি পাকিন্তান সমর্থন করেন না ? কেন তিনি ডাইরেক্ট অ্যাকশন দিবসের অন্প্রানে যোগ দেননি ? তাঁর নাম এখন হয়েছে কালো ভেড়া। মুদলমানরা আর দ্বাই শাদা ভেড়া। ওরা ইংরেজ সরকারের বিরুদ্ধে নামকা ওয়ান্তে একটা প্রস্তাব পাশ করেছে বলে ওর। নাকে লয়ালিক মর। ওরাই খাটি আশনালিক। মুসলিম আশনালিক। আর মৌলানা সাহেব নাকি লয়ালিস্ট। তাঁকে ওরা একথরে করেছে। পারলে ঘরছাড়া করবে। দিল্লীতে আজ যে রদবদল হচ্ছে ভাতে থাকছেন আজাদের বদলে আসফ ালী। তিনি কি মুসলমান নন ? আর গাকছেন আলী জহীয় ও শাফাৎ আহমদ খান্। এ রাও কি মুসলমান নন ? শাফাৎ আহমদকে বার বার ছোরা মেরেছে এক লীগপন্থী মুদলমান যুবক। ভদ্রলোকের প্রাণ নিয়ে টানটোনি। অপুন্দার তো প্রাণ নিয়ে টানাটানি নয়। প্রকাশ মুসলমান হলে সেই আশক্ষা ছিল।"

বাবলী বীকার করে যে লীগপছাদের পয়লা নম্বর শক্র এখন পাকিতানবিমুধ অন্ত দলের মুসলমানরাই। তবে কামউনিস্ট মুসলমানদের কথা আলাদা।
তাঁরা পাকিতানের জন্তে মন থোলা রেখেছেন। হয় ভালো, না হয় ভালো।
হলে তাঁরা পাকিতানেও থাকবেন, হিনুছানেও থাকবেন। কংগ্রেসীদের মতো
পাকিতান ছাড়বেন না। এটা স্থবিধাবাদ নয়, এটাই বাস্তব্বাদ।

জুলি আঁতিকে ওঠে। ''তুই কি বলতে চাদ্ পাকিন্তান হলে আমাকেও এই আশ্রম, এই কুটির ছাড়তে হবে ?''

''যদি কংগ্রেসে থাকিস তা হলে ছাড়তে হবে। নিছক গঠনের কাজ নিয়ে

থাকলে কেউ তোকে আশ্রম ছাড়তে, কুটির ছাড়তে বলবে না। কিন্তু তুই কি রাজনীতি ভুলতে পারবি ?" বাবলী সন্দেহ করে।

সৌম্য নীরব থেকে কী যেন চিন্তা করে। তারপরে বলে, "না, বাবলী, আমি ভুলতে পারব না যে আমি একজন সত্যাগ্রহী। পাকিন্তান যদি যুদ্ধে জড়িয়ে পড়ে আমাকে প্রমাণ করতে হবে যে যুদ্ধের নৈতিক বিকল্ল হচ্ছে সত্যাগ্রহ। সঙ্গে আর কেউ না থাকলেও আমি সত্যাগ্রহ করব। সত্যাগ্রহী যে হবে তাকে শহীদ হবার জন্মে প্রস্তুত থাকতে হবে। জুলি একথা জানে, বিয়ের আগেই ওকে জানিয়েছি। তবে এইটুকু আমি বলতে পারি যে প্রাণটা আমি সন্থায় বিকিয়ে দেব না। এর জন্মে প্রভূত মূল্য নেব। দেশের স্বাধীনতা বা বিশ্বের শান্তি বা হিন্দু মূললমানের নিঃশর্জ মৈর্জ্রা বা শ্রেণীতে শ্রেণীতে

জুলি এতক্ষণ মানদের চিঠিখানা দেয়নি। মনে পড়তেই জিব কেটে বলে, "ভূলে গেছলুম।"

সৌম্য মন দিয়ে পড়ে। তার পর ভাঁজ করে রেথে দেয়। বলে, 'ভেঁ।
এথানেও কলকাতার পুনরাবৃত্তি হতে পারে। সতর্ক থাকতে বলেছে। হিন্দুরা
সকলেই সতর্ক রয়েছেন। সেইজত্যে আজ তাঁদের একজনও আনন্দ প্রকাশ
করছেন না। ম্সলমানদের মতো তাঁরাও শোকদিবস পালন করছেন।
আমাদের এই ঘরোয়া আয়োজনেও আমরা আশ্রমের লোককে ডাকিনি।
নিজেরাই যৎসামান্য আনন্দ করছি। জানি এটা পূর্ণ স্বাধীনতা নয়। এমন
কী আধ্রধানা স্বাধীনতাও নয়। এর মহত্ব এইথানে যে ইংরেজে কংগ্রেসে
বৈরীভাব দ্র হয়েছে। ওদের করমর্দন আন্তরিক। আমাদের করম্বনও
আন্তরিক।

"কিন্তু ইংরেজে কংগ্রেসে বৈরীভাব দ্র হলেই কি ইংরেজে মুসলিম লীগে মিত্রভাব দ্র হবে? ওরা তু'পক্ষের মিত্র হয়ে তুই বেড়ালের মধ্যে পিঠে ভাগ করে দেবে। নিজেদের জন্মও কিছু রাখবে। এ ছাড়া আর কী হতে পারে, সৌম্যদা? তুমি নৈতিক বিকল্পের কথা না ভেবে রাজনৈতিক সমাধানের কথা চিস্তা করো। কলকাভার গণহত্যার পর অনেকেই বলাবলি করছেন যে এর চেমে দেশভাগ ভালো, সেইদলে প্রদেশভাগও। সেটা ইংরেজরাই করে দিয়ে যাক। ওরা ছাড়া আর কেউ করতে পারবে না। কংগ্রেসেরও সাধ্য নয়, লীগেরও অসাধ্য। জানিনে এ ছাড়া আর কোনো রাজনৈতিক

সমাধান সম্ভব কি-না। ক্যাবিনেট মিশনের স্থারিশ মুসলিম লীগ থারিজ করেছে। কংগ্রেসও যে সেটা মন খুলে গ্রহণ করেছে তা নয়। দেশের অবস্থা দিন দিন অগ্নিগর্ভ হচ্ছে। যে কোনো প্রদেশে, যে কোনো অঞ্চলে অগ্নিকাণ্ড ঘটতে পারে।" বাবলী হঁশিয়ারি দেয়।

"তা বলে আমি বেঠিককে সমর্থন করব না। দেশভাগ বেঠিক। তার উত্তরে প্রদেশভাগও তেমনি বেঠিক, হুটো বেঠিক মিলে একটা ঠিক হয় না। ইংরেজদের কী? গুরা হুই বেড়ালের মধ্যে পিঠে ভাগ করে দিয়ে যাবে, হুটোকেই পোভরেন ও স্বাধীন বলে স্বীকৃতি .দবে, হুই রাষ্ট্রেই বাণিজ্যিক স্থবিধা পাবে। কতক লোকের লাভ হবে নিশ্চরাই, কিন্তু জনগণের হুংথের বোঝা বাড়বে। তথন আমি স্বাধীনভাবে স্ত্যাগ্রহও করতে পারব না। ফিলুন্থানের নাগরিক হয়ে পাকিস্থানে বা পাকিস্তানের নাগরিক হয়ে হিন্দুন্থানে সভ্যাগ্রহ করা চলবে না।"

বাবলী আবেগের সঞ্চে বলে, "এই যে কতক লোকের মনে আনন্দ আর কতক লোকের মনে নিরানন্দ আজ আমরা দেখছি এর শেষ কোথায়? তুমি কি ব্রাতে পারছ না, সৌমাদা, যে যথন তথন যত্র তত্র দালা বাধবে আর তাবদ্ধ করতে গিয়ে প্রালশ হিমশিম থাবে? পুলিশ একদিন হাল ছেড়ে দিয়ে বলবে, আমাদেব ধারা কবে না, আমিকে ভাকুন। আমিও কি দালা বন্ধ করতে পারণ্যং ক'টা ায়গায় পারবে? আমিও হাল ছেড়ে দিয়ে বলবে, আমাদের ধারা হবে না, সভ্যাগ্রহীদের ভাকুন। তথন পারবে তোমরা দলে দলে শহীদ হয়ে দালাহালামা বন্ধ করতে? তোমার যদি বাস্তববোধ থাকে তুমি সময় থাকতে মানবে যে দেশের অবন্ধা সভ্যাগ্রহীরাও শান্ত করতে পারবেন না। তার জন্মে চাই রাজনৈতিক দমাধান। দে সমাধান মুসলিম লীগের সঙ্গে ক্ষমতা ভাগাভাগি। সেটা কার্যকর না হলে দেশ ভাগাভাগি। প্রতাক্ষমতা ভাগাভাগি। সেটা কার্যকর না হলে দেশ ভাগাভাগি। প্রতাক্ষমতা ভাগাভাগি। সিক না বেঠিক। তবু শান্তির জন্মে একান্ত আবশ্রত।

সৌমা তর্ক করে না। স্বচক্ষেই তো দেখতে গাঁচছে ঘরে ঘরে নিরানন্দ। যেন স্বদেশী শাসন নয়, নতুন এক বিদেশী শাসন। জুলিকে বলে, "সন্ধ্যায় আজ দীপাবলা হবে না। শুধু প্রার্থনা সভা হবে।"

যাবার সময় বাবলী সৌম্যকে চুপি চুপি বলে যায়, "লক্ষণ যা দেখছি জুলি বোধহয় মা হবার পথে। শহীদ হতে গিয়ে ওকে তুমি পথে ৰসিয়ো না। তোমার ভাবী সন্ধানের থাতিরেও তোমাকে বাঁচতে হবে। শহীদ যদি কেউ হয় তো দে আমার মতো ভাগ্যবিভৃষিতা। সেটা কিছ বিপ্লবের দিন, বিপ্লবের প্রয়োজনে। সেদিন দেখবে হিন্দু মুসলমান এক হয়ে গেছে। কেউ কারো গলা কাটছে না। বরং গলায় মালা দিছে। হাসছ যে । আসিবে সেদিন, আসিবে। তোমরাও সেদিন দেখবে সকলের মনে আনন্দ, নিরানন্দ কারো মনে নয়। যাদের মনে নিরানন্দ ভারা পা দিয়ে ভোট দেবে।"

## ।। পঁচিশ।।

স্কুমার লণ্ডনে এই দিনটির প্রতীক্ষায় ছিল। বি বি. দিতে জবাহরলালের অভিষেকের বার্তা শুনে লাফ দিয়ে ওঠে। মিলিকে ধলে, "একটা দিনও দেরি করা উচিত নয়। আমি কালকেই প্লেন ধরে রগুনা হচ্ছি। তোমরা জাহাজে করে ধীরে স্কুস্থে এসো। এখন চলি মেননের সঞ্চেদেখা করতে। নেহরু তাঁর স্থপারিশ উপেক্ষা করতে পারবেন না।"

জবাহরলাল ইতিমধ্যেই কর্মপ্রার্থীদের জালায় অস্থির হয়ে উঠেচিলেন। স্পারিশ থারা করেছিলেন তাঁরাও এক একজন দিক্পাল বা দিক্পালিকা। কাশ্মীরী ব্রহ্মণদের তালিকাটিও ছোট নয়। তিনি নিজেও জানেন না তাঁর স্থায়িত্ব কতদিন। কংগ্রেস হাই কমাণ্ডের মতিগতি তিনি কংগ্রেস প্রেসিডেণ্ট হয়েও জানেন না। আর গান্ধীজীর মতিগতি বল্লভভাই, রাভেন্দ্র-প্রসাদ ও আবুল কালাম আজাদ হাই কমাণ্ডের triumvir হয়েও কতটুকু জানেন। পাকা ঘুটি কাঁচিয়ে দিতে ওই বুছটি সিদ্ধহন্ত।

নেহরু কাউকেই কথা দেন না, স্বাইকেই স্বুর করতে বলেন। থারা গোড়া থেকেই এদেশে রয়েছেন তাঁদের দাবীই অগ্রগণ্য। থারা বিদেশে থেকে মদত গিয়েছেন তাঁদের দাবী তার পরে। স্বুনার তবু নাছোড্যান্দা। সে দিল্লীতেই ধর্না দিয়ে পড়ে থাকে। গান্ধীজীর প্রার্থনা সভাতেও নিয়মিত যায়। একবার যদি গান্ধীজীর দৃত হয়ে একথানা চিঠি নিয়ে বড়লাটের সঙ্গে সাক্ষাৎ করতে পারে তবে কাগজে নাম উঠবে। সঙ্গে সঙ্গে একজন গণ্যমান্ত ব্যক্তি হবে। ওদিকে মিলিও অন্থির বোধ করছিল। বিলেত তার আর একট্ও ভালো লাগছিল না। বৃদ্ধকালীন দে প্রেরণা আর নেই। যুদ্ধান্তমের দলে যে একতা দেখে দে মৃদ্ধ হয়েছিল দে একতাও আর নেই। রণের শিক্ষা দমস্থা মেটেনি, তাই দেও আর অপেক্ষা করতে পারে না। আবার আকাশপথেই ফেরে। দলে রণ। কিন্তু বিলেতের ঘরকন্না গুটিয়ে নেয় না। দেশে কাজকর্ম না জুটলে ফিরতে হতে পারে। সুকুমারও চাকরি ছাড়েনি। ছুটি নিয়েছে।

মৃত্যাফীরা একদিন সৌম্যকে ও জুলিকে নিমন্ত্রণ করে এই স্থলমাচার শুনিয়ে দেন। তাঁদের মুখে আফলাদ ধরে না। জুলি কিন্তু পুলকিত হয় না। কার্চ হাসি হাসে। সৌম্য কৃটনীতিবিদের মতো ছুটি একটি কথা বলে। "তা আপনাদের তো সঙ্গ দরকার। নাতিকে নিয়ে খেলা করবার বয়স তো হলো। মিলিকে নিয়েই ভাবনা। সে বোধ হয় দিলী চলে যাবে।"

"স্কুমার যদি কাজ পায়।" মৃত্যাফী বলেন, "নেহরু কি আর সেই নেহরু? বুন্দাবনের ক্রফ এখন মগুরার ক্রফ। রাখাল বলুদের যিনি চিনতে পারেন না।"

মিলির মা বলেন, ''বেশ তো ! মিলি এই সেবা প্রতিষ্ঠানেরই ভার নেবে। ভোমারও উচিত জামাইকে বদিয়ে দিয়ে অবদর নেওয়া। কেন ওরা হিল্লা দিলী করবে.? লণ্ডনে থাকারও কোনো মানে হয় না।''

জুলি শেমাদ গণে। মিলি আর স্তকুমার যদি এথানেই গুছিয়ে বদে তা হলে আবার না ত্রিকোণ সম্পর্কের স্ত্রপাত হয়। সে মৃথ ফুটে কিছু বলে না। সৌমার মুখের দিকে তাকায়।

''ওরা কি পাকিস্তানে থাকতে রাজাঁ হবে, যদি পাকিস্তান হয়।'' সৌম্য বলে।

বোমা পড়ার আগুয়াজ হয়। মুস্তাফী বলেন, "ভু তো গান্ধীজীর কাছের লোক বলেই শুনি। তোমার কি মনে হয় তিনি কংগ্রেসকে পার্টিশন মেনে নিতে দেবেন পু পার্টিশন কি ডিভিসেকশন নয় ধু'

'যা বলেছেন, মেসোমশায়। তিনি বেঁচে থাকতে মেনে নিতে দেবেন না। কিন্তু যেমন দেখছি মুদলিম লীগ কিছুতেই কংগ্রেদকে একমাত্র উত্তরাধিকারী বলে স্বীকার করবে না। এমন অনথ বাধাবে যে ইংরেজকেই অনস্ককাল থেকে যেতে হবে। এত বড়ো একটা মহাদেশের মতো দেশকে তো অরাজকতার কবলে ফেলে রেথে যাওয়া চলে ন!। তাদেরও তো বাণিজ্যিক স্বার্থ ব্যাহত হবে। যে কারণে তারা রাজনৈতিক ক্ষমতা হাতে নিয়েছিল সেই কারণেই হাতে রাথতে চাইবে। কংগ্রেস জেলে ফিরে গিয়ে ক'বছর অপেক্ষা করবে ? আরো ছ'বছর ? জেল থেকে বেরিয়ে কি দেখবে ম্দলিম লীগের চিতাবাঘ তার দাগ মৃছে ফেলেছে? পলিসি বদলেছে? নির্বাচনের সময় পাকিস্থানের জিগীর তুলে কংগ্রেসী মুসলিমদের ভোটে হারাচ্ছে না ? তাঁদের অন্তিত্র মেনে নিয়ে নিছক অর্থনৈতিক কর্মস্থচীর জোরে মুসলিম ভোট পাচ্ছে ৷ অত দূর যেতে হবে কেন, দামনেই তো নতুন শাসনতম্ব প্রণয়নের জত্যে কনষ্টিট্য়েন্ট আাদেশ্বলীর অধিবেশন। ওরা যদি যোগ না দেয় অক্টের তৈরি শাসনতম্ব কি ওরা গ্রহণ করবে ৷ ওরা চায় আলাদা একটা কন উট্য়েণ্ট আাদেমলী। আলাদা এক শাসনতম। তার তাৎপর্য আলাদা এক রাষ্ট্র। অধিকাংশ মুদলমানেরও যদি সেই দাবী হয় তবে তো ভিভিসেকশন অনিবার্ষ। কে ওদের উপর গায়ের জোর থাটাবে ? গান্ধীবাদীরা তো গায়ের জোরে বিশ্বাসই করেন না। জাতীয়তাবাদীরা করেন, কিন্তু কোথায় তাঁদের গায়ের জোর ? কামান বন্দুক তো উভয় পক্ষেরই আছে। দৈনিক আছে উভয় পক্ষের। আহক মিলি। দেথুক এদে সিপাহী বিলোহের মর্ম কী। সিপাহীর বিরুদ্ধে সিপাহীর বিদ্রোহও কি সম্ভবপর নয় "' সৌমা উচ্চ স্বরে চিন্তা করে।

"ব্বোভি তৃমি কী বলতে চাও, সৌম্য। নেহরুর সরকারের সৈক্সদের মধ্যেই অন্তবিত্রে: ।" মুম্ভাফী বোঝোন।

"জিয়া সাহেবকে সরকার গঠনের ভার দিলেও একই কথা। জিয়া সরকারের দৈন্ত মধ্যেও অন্তবিদ্রোহ দেখা দিতে পারে। নেহরু বেলা হিন্দু-শিথের বিরুদ্ধে মৃদলিম। জিয়ার বেলা মৃদলিমের বিরুদ্ধে হিন্দু-শিথ। এক্ষেত্রে কোয়ালিশন গভন মেউই ডিভিদেকশন এড়াবার একমাত্র উপায়। বডলাট সেই চেষ্টাই এতদিন করেছেন, কিন্তু জিয়ার নাছোড়বালা মনোভাবের জল্মে সফল হননি। উল্টে কংগ্রেদকেই দোষ দিছেল জিয়া। কংগ্রেদ কেন গ্রুপিং সম্বন্ধে ক্যাবিনেট মিশনের স্থপারিশ স্বান্ত্যকরণে গ্রহণ করছে না ? কেন তার ব্যাঝার জল্মে ফেডারল কোটে আবেদন করছে ? পলিটিকাল ব্যালান্সের কি কোটে মীমাংসা হতে পারে ? তাঁর মতে আসামকে নিজির পাল্লায় না চাপালে ব্যালান্স সমান হবে না। সভ্যের থাতিরে আমাকেও স্বীকার করতে হছেছ যে মৃসলিম লীগের সঙ্গে মিটমাট চাই তো এক পক্ষের পাল্লা

ভারী হলে মিটমাট হবে না। উভয় পক্ষের পাল্লাই সমান ভারী হওয়া দরকার। এটা জরুরিও বটে। আসামের মায়া না কাটালে পার্টিশন অবশস্ভাবী। তা নয় তো সিভিল ওয়ার। সিভিল ডিসওবিয়েন্সে কাজ হবে না। শহীদ হয়ে আমি কীই বা করতে পারব ? বাপুই বা কী করতে পারবেন ?"

"শহীদ হবে কে । তুমি । পাগল । তোমাব এই সেদিন বিয়ে হয়েছে। সম্ভানেব স্চনাও লক্ষ করছি।" ন্তাফী কানে তুলতে চান না। তাঁর স্বীও না।

এতক্ষণে জুলির ম্থ ফোটে। "এই, বাবলীকে তুমি দেদিন যা বলেছিলে তার সঙ্গে তোমার আজকের বক্তব্যের মিল কোথায়?"

সৌম্য একটু ভেবে নিয়ে বলে, "আমি চোখ কান খোলা রেথেছি। নানা রনের সঙ্গে মিশ্রছি। বিভিন্ন সম্প্রপ্রায়ের সঙ্গে আমার কারবার। তাই আমি আগে যা ভেবেছিল্ম তার সঙ্গে এখন যা ভাবছি তার মিল থাকছে না। ক্রমে ক্রমে উপলব্ধি কর্ছি যে দেশের স্বাধীনতা একপ্রের ইচ্ছাতেই সম্ভব হতে বাবে কিন্তু রাষ্ট্রের একত্ব অপরপক্ষের ইচ্ছাদাপেক্ষ। আমাদের পক্ষে যেসব মুদল্যান ছি. বন তারাভ কলকাতার দাঙ্গার পর আমাদের ছেড়ে গেছেন বা যাচ্ছেন। অধিকাংশ মুদলমানের ইচ্ছার বিরুদ্ধে ভারতরাষ্ট্রের অথগুতা কিদের ্লারে টিক ব টংরেজনের বেয়োনেটের জোরে ? হিন্দু-শিথ তলোয়ারের জোরে ? তা হনে অহিংদার মর্যাদা রইল কোথায় ? অহিংদার ভবিয়াং কী ? বাপু বলবেন, মুসলিম লাগকে শিংহাসন ছেড়ে দিয়ে তোমরা রামচন্দ্রের মতো বনবাদে যাও। বনবাদে যেতে আমরা রাজী আছি, কিন্তু সামাজ্যবাদের জায়গায় সাম্প্রদায়িকভাবাদকে বসিয়ে দিলে জাতীয়তাবাং ব মর্যাদা থাকে না। মহিংদাবাদ হয়তো রক্ষা পেল, কিন্তু জাতীয়তাবাদ ্রের গেল। যারা ইংরেজের সঙ্গে লড়াই করে হার মানেনি তারা মুসলিম লীগপন্থীদের সঙ্গে লড়াই ন। কবেই যুদ্ধক্ষেত্র থেকে অপদরণ করবে। ওরা ভাববে আমরা ভূর্বল, আমরা ভীরু, তাই রণছে;ড। বলবে, দেখলে তো, ডাইরেক্ট অ্যাকশনের হাতে হাতে ফল। মুসলিম লীগ সিংহাসন জুড়ে বসে দেশের সর্বসাধারণের স্বার্থে শাসন পরিচালনা করবে না, করবে নিজের সম্প্রদায়ের স্বার্থে। তার মিত্র হবে রক্ষণশীল ইংরেজ আর প্রগতিবিমূথ আরব, ইরান, আফগানিস্থান প্রভৃতি রাজ্য। গণতন্ত্র মেনে চললে অধিকাংশ প্রজার ভোটে আইন পাশ করাতে হবে, ট্যাক্স ধার্য করতে হবে। সেসব কি সে করবে । আইনসভা ডাকবেই না, কনষ্টিটেশন তৈরি করবেই না। গণতদ্ধের মর্যাদা রাথবে না। ভারতের এক্য নিশ্চয়ই মহামূল্য, কিন্তু জাতীয়তাবাদেরও তো মূল্য আছে, গণভৱেরও তো মূল্য কম নয়। অহিংদ নীতি নিশ্চয়ই মহামূল্য, কিন্তু স্বাধীনতার এই পরিণাম দেখে ক'জন অহিংসবাদী অহিংসার ভবিয়তে বিশ্বাস রাথবে ? আর আমি কি ভগু অহিংসাবাদী ? সেইসঙ্গে জাতীয়তাবাদীও নই ? গণতন্ত্রেও আস্থাবান নই ? দেশ থণ্ড থণ্ড হবে, দেই আশঙ্কায় কি আমি নিজের অস্তরাত্মাকে থণ্ড থণ্ড হতে দেব। বহু ত্যাগমীকারের ফলে আমর। দিল্লীতে প্রোভিজনাল গভন মেন্ট লাভ করেছি, বড়লাটের সঙ্গে সরাসরি কথাবার্ডা চালাবার এমন স্থযোগ এর আগে পাইনি, কথাবার্তা নিক্ষল না হলে আমরা ইংরেজ রাজত্বের শেষ দিনটি পর্যস্ত থাকব। তার পরের দিন থেকে উত্তরাধিকারী হব। নিক্ষল হলে অবশ্য গদী ছেডে ইংরেজের বিরুদ্ধেই লড়ব। মুদলিম লীগের বিরুদ্ধে নয়। ইতিমধ্যে মুদলিম লীগকেও ক্ষমতার ভাগ দিতে হবে। তাতে ওদের মন না ভরলে রাজ্যের ভাগ দিতে হবে! হয়তো প্রদেশেরও ভাগ। যেসব অঞ্চলে মুসলিম মেজরিটি সেসব অঞ্চলের মায়া কাটাতে হবে। নিরুপায়।"

"নে কী?" জুলি আঁতকে ওঠে! "দীমান্ত গান্ধীকে নেকড়ের মূথে ঠেলে দেবে? মহাত্মা গান্ধী রাজী হবেন?"

"আটকাচ্ছে তো দেইখানেই। পাঞ্জাবকে আত্মনিয়ন্ত্রণের অধিকার দিলে সে যদি বিচ্ছিন্ন হয়ে যায় তবে উত্তর-পশ্চিম দীমান্ত প্রদেশণ্ড সঙ্গে দক্ষে বিচ্ছিন্ন হয়ে যায়। নেহক ও পাটেল এতে রাজী হলে বাপু নিজের মত চাপিয়ে দেবেন না। সাধারণ অবস্থায় তিনি শুধু পরামর্শদাতা। অসাধারণ অবস্থায় দেনাণতি।' সৌম্য যত্ন করে বোঝায়।

মৃত্যাফী মন্তব্য করেন, "কংগ্রেদ তো আর ম্দলিম লীগ নয় যার এক হাতে পুলিশের ব্যাটন, আরেক হাতে গুণ্ডার ছোরা। কে কাকে ঠেকাবে ? আমাদের কপালে কা আছে ভেবে ভয়ে ভয়ে রয়েছি। কংগ্রেদ দিল্লীর মদনদে বদেছে বলেই এখনো এখানে বাদ করছি, কংগ্রেদ যদি মদনদ ছাড়ে আমরাও পূর্বক ছাড়ব। আশা করি কলকাতা অপেক্ষাক্কত নিরাপদ। দেখানে আমাদের একটা আতানা আছে, জানো। কলকাতা যদি গুণ্ডাদের রাজধানী হয় তবে আমরা লণ্ডনে গিয়ে স্কুমারের আন্তানায় মাথা গুঁজব।"

দিন কয়েক পরে স্থকুমার এসে দশরীরে উপস্থিত। সঙ্গে মিলি আর রণ। ওদের কলকাতায় রিসিভ করেছে স্থকুমার।

ওরা একদিন কুটির দেখতে আদে। মিলি জুলিকে তুই হাতে জড়িয়ে চুমূর পর চুম্ থায়। ''এই চমংকার ইভেন্টটি কবে নাগাদ ঘটবে রে, মেয়ে ? আহা, ব্রহ্মচর্যের কিবা মহিমা! ভাজিন বার্থ নয়তো?''

জুলি ওর ছই গালে ছই চড় ক্ষিয়ে দেয়। "নিজের কথা ভেবে ছাথ। কোথায় তোর চিরকুমারী ব্রত ?"

ত্ব'জনেই হাসাহাসি করে লুটোপুটি খান। তার পর জুলি রণকে আদর করতে বসে। মিলি ঘুরে ফিরে দেখে। টয়লেট দেখে বলে, "বিলেতের কটেজেও এমনটি দেখা যায় না।"

ওর বাড়া দার্টিফিকেট আর কী হতে পারে ? জুলি ধন্ত হয়ে যায়।

ওদিকে স্থক্মার বলছিল সৌম্যকে, 'না, ভাই, চাকরি জোটাতে পারিনি। মোগল যুগের দরবার। সব ধরাধরির ব্যাপার। কাকে ধরলে কী মেলে তা জানতে হলে আরো কয়েক মাস দিল্লীতে থাকতে হয়। ততদিন কংগ্রেস পরিচালিত গভর্নমেন্টটাই থাকবে কি-না সন্দেহ। নেহক এথন পরম অস্বস্থিতে দিন কাটাচ্ছেন। বড়লাট রোজ মনে করিয়ে দিচ্ছেন মুস্লিম লীগকে বথরা না দিলে ওরা জেহাদ ঘোষণা করবে। মুস্লিম রেজিমেন্টগুলো কন্ট্রোলের বাইরে চলে যাবে। দিল্লীর ভিতরের থবর মুস্লিম লীগ ইন্টারিম গতন মেন্টে আসহে। ওরা এলে ওরাও চাকরির বথরা চাইবে। আমার কতটুকু আশা। গু''

সৌম্য আখাদ দেয়, ''চাকরির দরকার কী? তোমার খণ্ডরের প্রতিষ্ঠান তোমরাই চালাবে। তুমি হবে দেক্রেটারি, মিলি হবে ডাইরেক্টর, কিংবা মিলি হবে দেক্রেটারি, তুমি হবে ডাইরেক্টর। পালিখমিক যা পাবে ভাতেই ডোমাদের চলে যাবে। একটিই তো দস্তান।"

"হঁ। প্রস্তাবটা নতুন নয়। কিন্তু এই অধ্যেরও আত্মর্যাদা বলে কিছু থাকতে পারে। সে ঘরজামাই হতে যাবে কোন হৃংথে। লগুনে তার নিজস্ব আস্তানা রয়েছে। উপার্জন আছে। ক্রিপদ থেকে আরম্ভ করে অনেকেই তাকে এক ডাকে চেনেন। ফ্রাশনাল লিবারল ক্লাবের দে মেম্বর। ফেবিয়ান সোদাইটিতেও তাঁর যাতায়াত আছে। ইণ্ডিয়া অফিদ আর ইণ্ডিয়া হাউদ হুই জায়গাতেই তার কনট্যাক্ট রয়েছে। সে বিশ্বত্ত স্থ্রে অবগত হয়েছে ক্যাবিনেট মিশন স্কীম যদি উভয় পক্ষ মেনে না নেয় তবে পূর্বান্ধ পাকিস্থানেরই

ভাগে পড়বে। তাই এথানকার সম্পত্তির উপরে তার একরত্তিও লোভ নেই।
মিলি যদি রাথতে চায় রাথবে। বেচতে চায় বেচবে। আর মেসোমশায়ের
সেবা প্রতিষ্ঠান তো কারো ব্যক্তিগত সম্পত্তি নয়। এটা একটা পাবলিক
টাটে। টাখীরা মেসোমশয়ের অবর্তমানে মিলিকে বা আমাকে সেকেটারি
বা ডাইরেক্টর পদে বহাল রাথবেন কি না তার নিশ্চয়তা কোথায় ? বিশেষ
পাকিন্তানী আমলে। আর সব প্রতিষ্ঠানের মতো ওটাকেও ওরা ইসলামাইজ
করবে। পাকিন্তান মানেই তো ম্সলিমদেব জল্যে ম্সলিমদের ধারা শাসিত
ম্সলিমদের রাষ্ট্র। স্থানীয় হিন্দু প্রধানরা এখন পেকেই কলকাতায় বাসা
খুঁজছেন। তাঁদের আশক্ষা এবার ঢাকাব বা চটগ্রামে হাস্থামা বাধবে।"
স্কুমার এক নিংখাদে বলে যায়।

খাতে না বাধে তার জন্তেও স্থানীয় অফিসাররা স্থাগ রয়েছেন। ডাইরেক্ট আকশন ডে এখানে শান্তিপূর্ণ ছিল। দোসরা সেপ্টেম্বরের শোকদিবস্থ শান্তিতে কেটেছে। তার। স্বাই চান কংগ্রেসের সঙ্গে আপ্স। কর্টর লীগপন্থীদের আপস্বিরোধী পলিসি তারা স্মর্থন করেন না। ছিল্ ম্সলমান বরাবর একসঙ্গে বাস করেছে, নরাবব একসঙ্গে বাস করে। এটা যেমন আমাদের কথা, তেমনি ওদেরও কথা। কট্র ম্সলিমদের নিয়ে ওদেব যেমন নশকিল কট্র হিন্দুদের নিয়ে আমদেরও তেমনি ম্শকিল। এক হাতে তালি বাজে না। আরেক পক্ষ পান্টা না দিলে দান্ধা জমে না। পূর্ববঙ্গে দান্ধা বাধলে হিন্দুর পক্ষে শোচনীয় হবে, তাই হিন্দুকেই হতে হবে যথাসম্ভব অহিংস। রামকে রহিম মারলে রাম রহিমকে আত্মরক্ষার জন্তে যতটুকু দরকাব তেটুকু মারতে পারে, কিন্তু প্রতিশোধ নেবার জন্তে করিমকে বা আবহুলকে থারনে না। নির্দোধ ম্পলমানকে মারার মধ্যে বিন্দুখাত্র পৌক্ষব নেই। তেমনি ক্রিয় হিন্দুকেও। 'শোমা হিংসার সীমা বেঁধে দেয়।

কুষ্ণ মেননকে জ্বাহরলাল তাঁর পর্যটক প্রতিনিধি করে নিউ ইয়র্ক ও মস্কো পাঠাতে চান। তার পরে চান লগুনে ভারতের হাই কমিশনার করতে। বিশ্বস্ত স্থেত্র এই থবরটা পেয়ে স্থকুমার সঙ্গে সঙ্গেই লগুনে উড়ে যায়। মিলিকে ও রণকে মৃস্যাফীদের হেফাজতে রেখে। মৃক্তবিব না থাকলে বা লবিতে না ভিডলে দিল্লীতে কিছুই হ্বার জো নেই। হ্বার থাকলে হাই কমিশনারের ব্যক্তিগত জান্ধরোধে হবে। নয়তো ইণ্ডিয়া হাউদেই মেনন ওকে কোনো এক চেয়ারে বিসিয়ে দেবেন। ইণ্ডিয়া আফিসের সঙ্গে লিয়াজ রক্ষা করতে। মিলি এর পর থেকে জুলির দক্ষে ঘন ঘন দেখা করে। তু'জনায় গলালি ভাব। একদা ওদের স্বপ্ন ছিল স্বাধীন ভারত, স্বথী ভারত। যার জন্যে ওরা জীবন পণ কবেছিল। দে স্বপ্নের কতটুকু বাস্তব হয়েছে গ স্বাধীনতা যতই নিকটতর হচ্ছে পারস্পরিক হিংসা স্বেম তত্তই বেডে যাচ্ছে। দেশ বোধহয় অথও থাকবে না, প্রদেশও থণ্ডিত হবে বোধ হয়। আর স্ব্যুণ একজনও কি আছে যাকে স্বথী বলতে পারা যায়ণ সর্বস্পণ ভয়। মিলির মা বাবা ভয়ে ভয়ে আছেন, প্রতিষ্ঠান ভয়ে ভয়ে চলছে। মিলি যদি এখানেই থেকে যাম ভয় নিয়েই ঘর ক্রবে। জুনিই বা নির্ভাগে গাকবে কী কবে বান মোমাগালীতে কী হয়েছে শোননি প

নোয়াখালীর বিবরণ খবরের কাগজে ফলাও করে ছাপা হবার আগেই খুব সংক্ষিপ্ত আকারে সৌম্যর কানে আদে। সে সঙ্গে সঙ্গে রিলিফ নিয়ে নোয়াখালী অভিমূখে রওনা হয়ে যায়। সেখানকার গান্দীবাদী কর্মীদেব সঙ্গে ভার আগে খেকেই যোগাযোগ ছিল। বিবরণটা ভারাই পাঠিষেছিলেন।

কলকাতার কাগজে লিথেছে পাঁচ হাজার হিন্দু খুন হয়েছে, তাদের ক্রেনাদান। গেশ্ছ জরু লট হথেছে, বাড়াগর পোড়ানো হয়েছে। যারা প্রাণ হারায়নি তারা ধর্ম হারিয়েছে। ধর্মস্থান হাবিথেছে। পালিয়ে বেঁচেছে ও দর্ম বাঁচিয়েছে বিশ হাজার কি জিল হাজার। সম্পত্তির ক্ষতি অপরিমেয়। প্রমি বেদং হয়েছে। হিন্দুদের সমূলে উৎপাটন করাই পলিসি। এটা বেশ অপরিকল্পিত ভাবেই সাধিত হয়েছে। সহসা ঘটে গেছে তা নয়। পেছনে মাথা আছে। অথচ মুদলিম লীগ থেকে খোনণা করা হয়েছে যে এসব ওঁদের কাজ নয়, ওঁদের কোনো শক্রুর কাজ। তার জ্যে তাকে শান্তি দেওয়া হবে।

সৌম্য এ বিষয়ে মৌন অবস্থন করেছে। াউকে দোষ দেয়নি।
ম্সলিম লীগকেও না, তার তথাকথিত শত্রুকেও না। সে সরেজমিনে তদস্থ
করবে ও তার তদস্তের ফল সরাদতি দিল্লীতে বাপুকে জানাবে। তিনি যদি
ইচ্ছা করেন ঘটনাস্থলে এফে অবস্থা পর্যবেক্ষণ করতে পারেন। তার পর
বিটিশ গভন মেন্টের গোচরে আনতে পারেন। বিটিশ শাসন তো এখনো
হস্তান্তর হয়নি।

বাপু যে এতদিন দিল্লীতে আটক রয়েছেন এটার কারণ মুদলিম লীগকে ইন্টারিম গভন মেন্টের ভিতরে আনার জত্যে বড়লাটও দচেষ্ট, কংগ্রেসও দচেষ্ট, গান্ধীজীও দচেষ্ট। লীগের দিক েকেও দাড়া পাওয়া গেছে, কিন্তু শর্তে

বনছে না। সেইজন্তে দেরি হচ্ছে। লীগ যেদিন গভর্ন মেন্টে যোগ দেবে ৰাপু ভার পরের দিনই নামাথালী অভিমৃথে রগুনা হবেন। ইতিমধ্যে লীগ একটা চমক দিয়েছে। তার জন্তে বরাদ্ধ একটা আসন সে একজন হরিজনকে দিতে চেয়েছে। কংগ্রেস যদি একজন মুসলমানকে নিজের আসনগুলোর থেকে একটা দিতে পারে লীগণ্ড কেন একজন হরিজনকে নিজের আসমগুলোর থেকে একটা দিতে পারবে না ? জিলা সাহেব স্বয়ং যোগ দিতে চান মা। বড়লাট তৃঃথিত।

মোহিনীবাবুর মুখে মোনা লিসার হাসি। সৌম্মুস্থাম, "এর অর্থ কী, কাকা ? হর্ষ নাবিযাদ ?"

তিনি চোথ বুজে বলেন, "একই দক্ষে তুই। গত তু'শ বছরের মধ্যে ভারতের কেন্দ্রীয় সরকার এই প্রথম পুরোপুরি ভারতীয়দের দ্বারা গঠিত হচ্ছে। বভলাটকে বাদ দিলে দব ক'জন ক্যাবিনেট মেম্বরই ভারতীয়। জন্সলাটেরও আসন নেই। তার উপরওয়ালা সর্দার বলদেও সিং। এই পরিবর্তনটি সাত বছর আগে ঘটলে ইংরেজদের সঙ্গে আমাদের সম্পর্ক কত মধুর হতো! এটা বিস্ময়কর অগ্রগতি, যদিও বিলম্বিত। এখন গভন মৈণ্ট অভ ইণ্ডিয়। বলতে বোঝায় গভর্মেণ্ট অভ ইণ্ডিয়ান্স। ব্রিটিশ আমলের পূর্বে যে আমল ছিল দে আমলের পাচশো বছরের মধ্যে হিন্দুখানের কেন্দ্রীয় সরকারে হিন্দুদেরই স্থান ছিল না। আকবরের রাজত্বই বোধহয় একমাত্র ব্যতিক্রম। তবে ভাহাকীরের দরবারেও হিন্দের প্রতিপত্তি ছিল। এথন হিন্দু মুসলমান শিথ খ্রীন্টান পার্শী স্বাইকে নিয়ে কেন্দ্রীয় স্রকাব গঠিত হয়েছে। স্বাই যদি ট্যাকৃষ দেয় তো সবাই পাবে ট্যাকৃষ ধার্য করার অধিকার। এরই নাম জাতীয় স্বাধীনতা। কর্ত বড়ো পরিবর্তন ! তার পর এটাও মনে রেখো। মুসলমানী আমলের আগে যতবার কেন্দ্রীয় সরকার গঠিত হয়েছে ততবার ভুধু উত্তর ভারতীসদের নিডেই। দক্ষিণের লোকের তাতে কোনো অংশ ছিল না। তা হলে দেখছ আড়াই হাজার বছরে এই প্রথম উত্তর-দক্ষিণবাদীরা পাশাপাশি বদে ভারত শাসন করছে। তার পর আরো আশ-চর্যের কথা, আর্যশাসিত ভারতে ক্ষত্রিয় রাজন্তরা অনার্য বা অস্পৃষ্ঠদের পায়ের তলাতেই রাথতেন। এখন তু'জন অস্পুতা গণীতে চড়ে বদেছেন। তিন হাজার বছরের ইতিহাসে এই প্রথম এমন অলৌকিক ঘটনা ঘটল।''

সৌম্য স্থীকার করে। "তা হলে বিষাদ কেন ?"
মোহিনীবাবু চোথ মিটমিট করে বলেন, 'ভাখো, সৌম্য, সরকার গঠন করা

যত না কঠিন তার চেয়েও কঠিন তাকে টিকিয়ে রাখা। সমবেত দায়িছ ছাড়া সরকার টেকে না। ঘোড়ার গাড়ীতে চারটে ঘোড়া ছুততে পারা যায় কিন্তু চার ঘোড়া যদি চার দিকে দৌড়য় তবে গাড়ী ভেঙে থান থান হয়। মুসলিম লীগ কেন্দ্রীয় সরকার চালাবার জত্যে যোগ দেয়নি, বানচাল করবার জত্যেই চুকেছে। চালাবার উদ্দেশ্য থাকলে জিল্লাকে পাঠাত, নাজিমউদ্দীনকে পাঠাত। তাদের বদলে পাঠিয়েছে রাদ্দ মালকে। তা দেখে বড়লাট পর্যন্ত গান্তত। তিনি বিশ্বাস করতে পারছেন না য ভারতীয় মুসলমানদের মধ্যে স্বদক্ষ রাজনীতিক বা প্রশাসক নেই। এক ালয়াবৎ আলী থান বাদে।

নোয়াথালী ঘুরে এদে দৌম্য বলে জুলিকে, 'যত রটেছে তত ঘটেনি। অতিরঞ্জিত বিধরণ পড়ে বিহারী হিন্দুরা অতিমাত্রায় প্রতিশোধ নিয়েছে। কী করি, বলো তো ? আমার বাড়ী বিহারের দেহাতে। আমার মৃদলমান ভাইবোনদের প্রতি আমার কি কোনো কর্তব্য নেই ? কী তাদের অপরাধ ? উদোর পিণ্ডি কেন বুধোর ঘাড়ে পড়বে ? ভাবছি বিহারে গিয়ে দেখি কী করতে পারি। তোমার আপত্তি নেই তো, লক্ষ্মীট ?"

শে কী কথা। তুমি বিহারের অন্নজনে মান্ত্য হয়েছ। ভোমার প্রাথমিক কওবা বিহারে গিয়ে হিন্দুদের শান্ত করা, মৃদলমানদের অভর দেওয়া। নোয়াথালীর প্রতিশোধ বিহারী হিন্দুরা নিয়েছে, যেমন কলকাতার প্রতিশোধ নিয়েছে নোয়াথালীর ন্দলমানরা। এর পর কি পাঞ্চাবের মৃদলমানরা নেবে বিহারের প্রতিশোধ? এই হিংদা প্রতিহিংদার কি দামা আছে না শেয আছে? বাপু এ বয়দে কটা জায়গায় যাবেন? কটা দিক দামলাবেন? তিনি বুড়ো হয়েছেন। তোমরা তাঁর জোয়ান ছেলের।ই তো ছোটাছুটি করবে। পারলে আমিও তোমার দঙ্গে যেতুম। কিছু নে পারছিনে তা তুমি জানো। যেটি আদছে ছোটাছুটি করে সেটিকে অকাতে, হারাতে চাইনে। আপত্তি নয়, অন্বরোধ, আমাকে তুমি এথানে এ চলা ফেলে যেয়ো না, কলকাতায় মার কাছে রেথে থেয়ো।" জুলি বলে।

সৌম্য রাজী হয়। থবরটা শুনে মিলি ছুটে আসে বাগড়া করতে। "এই মেয়ে, তুই তো আমার মায়ের কাছেই অনায়াসে থাকতে পারতিস্। সেবা প্রতিষ্ঠান রয়েছে তোর মতো মেয়েদের সেবা করতে। আমি রয়েছি তোকে সন্ধৃদিতে। না, আমি লণ্ডনে ফিরে যাচ্ছিনে। দেশের স্বাধীনতা আমি প্রত্যক্ষ করতে চাই। দান্ধাহান্ধামাই তো শেষ কথা নয়। স্বাধীনতাই শেষ কথা। এর পরে যথন বিলেত যাব তথন স্বাধীন দেশের নাগরিক রূপেই যাব। ত্রিটিশ প্রজা রূপে নয়।"

"আমি, ভাই, ওসব এখন ভাবতেই পারছিনে। আমার বরের সঙ্গে এই প্রথম আমার ছাড়াছাড়ি হচ্ছে। পারলে ওর সঙ্গে আমিও বিহারে যেতুম। দেশের মারুষকে আগে প্রাণে বাঁচতে দে। বেঁচে থাকলে ভো স্বাধীনতার ম্থ দেখবে। প্রাণের সঙ্গে মানও বাঁচাতে হবে। আচ্ছা, ভাই, মেয়েগুলোর কী অপরাধ ? ওদের কেন ধরে নিয়ে যায় ? যেমন নোয়াখালীতে তেমনি বিহারে। আমি ভোলজ্জায় মরে যাচ্ছি। ক্রোধে জলে উঠতে পারছিনে। কেন তা তুই ভানিস। এ অবস্থায় জলে ওঠা কি ভালো ?" জুলি ব্যাকুলভাবে হধায়।

"না, ভালো নয়। সাবধানে থাকিস্ ও রাথিস্। শোন, আমি যা দেখেছি তা তৃই দেখিস্ নি। মহাযুদ্ধ। এ যা দেখছিস্ তা মহাযুদ্ধ নয়, ছি চকে যুদ্ধ। তব্ যুদ্ধ তো। যুদ্ধ কী না হয়। অল ইজ ফেয়ার ইন লাভ্ আাও ওয়ার। খুন জ্থম, লুটভরাজ, ঘর জালানো, নারীহরণ। সেকালে সীতাকেই উল্টে সাজা দেওয়া হয়েছে। একালে আমরা বিপ্লবী কলারা সে অবিচার উল্টে দিভে চাই। বিপ্লব বলতে বোঝায় ওলট পালট। অযোধ্যার লোকের লাম অলায় বোধের ওলট পালট ঘটাতে হবে। উদ্ধারের পর সীতাদের কলঙ্ক মৃছে ফেলতে হবে। কাউকে কোনো প্রশ্ন করা হবে না। অয়িপরীক্ষা তো দ্রের কলা। বনবাস তো কিছুতেই না। সস্মানে পরিবারে ও সমাজে পুনংপ্রতিষ্ঠা করতে হবে। যাস্নে, জুলি। তুই গেলে আমি কার কাছে বল পাব ? মিলি ওকে বুকে জড়িয়ে ধরে।

## ॥ তৃতীয় পর্ব সমাপ্ত ॥